

**বিবেকানন্দ
চরিত**

বিবেকানন্দ চরিত

শ্রীসত্যেন্দ্রনাথ মজুমদার

শ্রীসুবোধচন্দ্র মজুমদার

শ্রীগোবাল প্রেস লিঃ

আনন্দ-হিন্দুস্থান প্রকাশনী

প্রকাশক শ্রীসুৱেশচন্দ্র মজুমদার
মুদ্রাকর শ্রীপ্রভাতচন্দ্র রায়
শ্রীগোবাল প্রেস লিমিটেড
& চিত্তামণি দাস লেন
কলিকাতা-৯

১৩২৬

মূল্য পাঁচ টাকা

সর্বস্বত্ত্ব সংরক্ষিত

প্রথম সংস্করণের ভূমিকা

•

কোন গ্রন্থ যদি নিজগুণে পাঠকসমাজে প্রতিষ্ঠালাভ করিতে না-পারে, তবে অন্য কোনরূপ কৌশলেই তাহা সম্ভবপর নয়। অনেক নামজাদা বড়লোক ভূমিকা লিখিয়া দিয়াছেন এমন গ্রন্থও বাজারে চলিল না, ইহা নিত্য দেখা যাইতেছে। ইহা জানিয়াও এই নবীন গ্রন্থকার আমার মত খ্যাতিহীন ব্যক্তিকে কেন যে এই কার্যে ব্রতী হইবার জন্য উপযুপরি উৎসাহিত করিলেন তাহা তিনিই জানেন।

গ্রন্থকার আমার বন্ধু। আমবা একসঙ্গে স্বামী বিবেকানন্দের বিষয় কতদিন আলোচনা করিয়াছি—কতদিন তিনি আমার নিকট স্বামিজীর জীবন সম্বন্ধে সামান্য একটা নূতন ঘটনা হয়তো বা কোন পুস্তকে কিম্বা স্বামিজীর কোন সত্যার্থ গুরুভাই অথবা শিষ্যের মূখে শুনিয়া ছুটিয়া আসিয়া আমাকে জানাইয়াছেন, অথচ জীবন-চরিত লেখার পক্ষে যে সে তথ্যটি একেবারে অপরিহার্য এমনও নহে তথাপি একদিন অপেক্ষাও তাঁহার সহ্য হইত না। স্বামিজীর জীবনের অতি অকিঞ্চিৎকর ঘটনা-গুলিও তিনি এমন উৎসাহ ও আবেগের সহিত বলিয়া যাইতেন এবং তৎসংশ্লিষ্ট প্রাসঙ্গিক অপ্ৰাসঙ্গিক এমন অনেক কথা তাঁহার মূখ হইতে সতেজে নিগত হইত, সে অনেক সময় আমার আশঙ্কা হইত, কি জানি বা, এ সমস্তই তিনি জীবন-চরিতে লিখিয়া বসেন। কিন্তু গ্রন্থখানি আদ্যোপান্ত পড়িয়া দেখিলাম, আমার আশঙ্কা নিতান্ত অমূলক, কেননা গ্রন্থকার একজন প্রকৃত শিল্পী এবং তাঁহার বচনাও সেইজন্য একটা সৃষ্টি।

জীবন-চরিত লিখিবার অনেক বকম নমুনা গ্রন্থকারের সম্মুখে ছিল, তাহা আমি জানি। কিন্তু কোন নমুনাকে তিনি অবিকল অনুসরণ কবেন নাই, ইহা আমি স্পষ্ট দেখিতেছি, সুতরাং তাঁহার এই বচনার দোষ ও গুণের জন্য আমবা নিঃসন্দেহে তাঁহাকে দায়ী করিতে পারি। আজকাল বাঙলা-সাহিত্যে যে কোন গ্রন্থকারের পক্ষে ইহা কম গৌরবের কথা নয়।

জীবন-চরিত বিভাগে বাঙলা-সাহিত্য খুব সমৃদ্ধিশালী এমন কথা বলা যায় না। ঊনবিংশ শতাব্দীর ধর্ম ও সমাজ সংস্কারক অথবা কবি কিম্বা কোন নিকর্ম ধনী-লোকের যে সমস্ত জীবন-চরিত আমরা দেখি, তাহার বিশেষত্ব এত অল্প, অসংগতি এত বেশী যে, এই গ্রন্থগুলি জীবন-চরিত বিভাগের গোবর কি কলঙ্ক, তাহা ভাবিয়া উঠা শক্ত। গ্রন্থটি সকল গ্রন্থেই কিছু না কিছু থাকে, তথাপি বর্তমান গ্রন্থখানি জীবন-চরিত বিভাগে যে নূতন করিয়া কোন কলঙ্কের ভাগ বণ্ঠি করিবে না, একথা

আমি নিঃসন্দেহে বলিতে পারি। তার বেশীও পারিতাম, কিন্তু নাই বা বলিলাম। কেননা আশা আছে, পাঠকগণ প্রথমতঃ লেখকের খাতিরে না হইলেও অন্ততঃ স্বামী বিবেকানন্দের খাতিরে এই গ্রন্থখানি অবশ্য একবার পাঠ করিয়া দেখিবেন।

এই গ্রন্থের অধ্যায়গুলি একেব পর আর যেভাবে সন্নিবেশিত হইয়াছে, তাহাতে আলোচ্য মহাপুরুষের জীবন-নাট্য প্রথম হইতে শেষ পর্যন্ত নাটকীয় আলোচ্যের মত অপূৰ্ব বৈচিত্র্যে ফুটিয়া উঠিয়াছে। অথচ সর্বত্রই ইহা সুসংবদ্ধ দৃঢ় ও সুগঠিত। বিলাপ বা প্রলাপ ইহাতে আদৌ নাই।

বালক বিবেকানন্দ উদ্যতফণা সপেঁব সম্মুখে মূর্খিত নেত্রে ধ্যানস্থ, এই ছবি হইতে আরম্ভ করিয়া তাহার ছাত্র-জীবনের বিপুল অধ্যবসায় তাহার ব্রাহ্ম-সমাজে যাতায়াত, যুক্তিপন্থী তবণ যুবকের মনে ব্রাহ্ম-সমাজ-কথিত ঈশ্বরের অস্তিত্বে সন্দেহ—ধর্মপিপাসায় দীর্ঘদিনে অন্বেষণ পবনহংসদেবের সহিত সাক্ষাৎ, পবন-হংসদেব সম্বন্ধেও তাহার বিস্তারিত সন্দেহ ও পরীক্ষা, তাবপব পিতৃব্যবোধে দাবিদ্রাব সহিত হৃদয়ের রক্ত মোক্ষণ করিতে কবিত্তে বুদ্ধিকৃত যুবকের এক দাবণ সংগ্রাম পরমহংসদেবের দেহত্যাগের পর সম্যাসীযুবকের ভাবত ভ্রমণ, কত বাজা মহারাজাব আসিয়া শিষ্য গ্রহণ, তারপর আমেরিকা গমন, কত প্রতিকূল অবস্থার মধ্যে জীবন সংশয়াপন্ন করিয়া কপর্দকহীন নিঃসম্বল সম্যাসী অপ্রত্যাশিত অভূতদয় বিজয়ী বীরের ইয়োরোপীয় শিষ্য ও শিষ্যাগণ সম্ভাব্যাহারে ভারতে প্রত্যাগমন, বেলুডে মঠ স্থাপন, তারপর ভারতে প্রচাৰ, ক্ষীর-ভবানীর মন্দিরের অশুভ দৈববাণী পর হইতে এক আশ্চর্য পরিবর্তন, দ্বিতীয়বার ইয়োরোপ গমন, পুনরায় ইটালী একদিন বাত্রে বেলুডে প্রত্যাবর্তন, পূর্ববঙ্গে প্রচাৰ, স্বাস্থ্যভঙ্গ ও শেষে একদিন সেই দীক্ষণেশ্ববেব দিকে মৃদু কবিতা অনন্ত শয়ন—এই সমস্তই এমন নিপুণভাবে অধ্যায়ের পর অধ্যায়ে ফুটিয়া উঠিয়াছে যে ইহাতে একদিকে প্রত্যেক অধ্যায়টি যেমন মনোরম হইয়াছে তেমনি অন্যদিকে সমগ্র জীবনের একটা ধাবাবাহিক বিকাশের চিত্রটিও পাঠকের সম্মুখে উন্মোচিত হইয়াছে।

জীবনের ঘটনাবলী শৈলস্তূপ একস্থানে আনিয়া সংগ্রহ করিতে পারিলেই জীবন-চরিত লেখা হয় না। গ্রন্থকাব তাহা করেন নাই। তিনি স্বামী বিবেকানন্দের জীবনের বিবিধ ঘটনাবলী একটা জীবনপ্রোতবে উপর ভাসাইয়া বিবিধ তরঙ্গভঙ্গীতে সেগুলিকে পাঠকের সম্মুখে তুলিয়া ধরিয়াজেন, ইহা কম লিপিতাত্ত্বের পরিচয় নহে। কেবল ঘটনার পর ঘটনা আসিয়া জীবনকে আবর্জনায ঢাকিয়া ফেলে নাই আবার জীবনের প্রকৃত ঘটনার সহিত সম্পর্কশূন্য এক বস্তৃতন্তুহীন কাল্পনিক জীবনের নিরর্থক অতি সুস্মৃতিসুস্কম দার্শনিক বিতন্ডার অবতারণা ইহা সত্য হইতেও ভ্রষ্ট হয় নাই। স্কুলপাঠ্য পুস্তকে যে নীতির “ক্যাটিগরী” ছাত্রেরা মৃদুস্থ

করেন, সেই সমগ্র মামুলী ক্যাটিগবীর মধ্যেও জীবনকে আনিষা পাটের বস্তার মত বাঁধিয়া বাঁধবার চেষ্টা কবা হয় নাই। জীবনের উদ্দেশ্য, এমন কি উচ্ছৃঙ্খল স্বাধীনতার গাভিকে সহজ ও স্বাভাবিক বিকাশের পথে ছাড়িয়া দিয়া শিল্পী তাহার নিপুণ তুলিকা সাহায্যে সেই জীবনকে চিত্রিত করিয়াছেন। এজন্য তাহাকে আমি দঃসাহসিক বলিব এবং সর্বত্রই সফলকাম না হইলেও—এই দঃসাহসের জন্য তাহাকে নিঃসন্দেহে প্রশংসা করিব।

বস্তুতঃই জীবনের আলেখ্য লেখনীর মূখে ফুটাইয়া তোলা অত্যন্ত কঠিন। এই কঠিন কার্য বাঙলা-সাহিত্যে আরো কঠিন। কেননা, বাঙলাদেশে সংবাদপত্র আছে বহুতা আছে, তৎসংশ্লিষ্ট ধর্ম ও সমাজ সংস্কার আছে, ধ্বংসের আছে, তাহার অভিনেতা ও অভিনেত্রী আছে,—কিন্তু জীবন নাই। যাহা নাই, তাহাই লিখিতে হইবে, কোন দেশের সাহিত্যিকের কপালে এত বড় দাবুণ অভিশাপ বোধ হয় বিধাতাও কল্পনা করেন নাই। এমন দৃঢ়চাঞ্চল্য আত্মজীবনী আমাব জীবন বা জীবনস্মৃতি আমাদেব চক্ষে পড়িয়াছে যে তাহা আত্ম বা আমাব হইতে পারে, তাহা স্মৃতিও হইতে পারে কিন্তু তাহা জীবন নহে।

এই জীবনহীন মূর্তেব দেশে সত্যই স্বামী বিবেকানন্দ একটা জীবন লইয়া আসিয়াছিলেন। সুতরাং তাহার জীবন-চরিত লিখবার জন্য বাঙলা-সাহিত্য নিঃসন্দেহে এক অতি গুরুতব দায়িত্ব অনুভব করিবে। এই দায়িত্ববোধ হইতেই গ্রন্থকার যে এই জীবন-চরিতখানি লিখিয়াছেন তাহা স্পষ্টই বুদ্ধিতে পারা যায়।

ভূমিকা সমালোচনা নহে। তথ্যপ হযতো সমালোচনা হইয়া পড়িয়াছে। অভ্যাস-দোষ বড় দোষ। গ্রন্থকার হযতো আশা করিয়াছিলেন যে, আমি তাহার গ্রন্থখানিকে পাঠকের নিকট ভালবকম পরিচয় করাইয়া দিব। তাহা আমি পারি না, কেননা তাহা আমার সাধ্যাতীত। এই গ্রন্থ লিখিবাব দঃসাহস যাঁহার আছে, সেই দঃসাহসই তাঁহাব পরিচয়। * আর এই গ্রন্থ লিখিয়া তিনি যাঁহাকে পরিচয় করিয়া দিবার ভার লইয়াছেন তাঁহাকে লেখক যত জানেন আমি তত জানি না।

১৯শে আষাঢ় ১৩২৬ সাল }
ভবানীপুর, কলিকাতা।

শ্রীগিরিজাশঙ্কর রায়চৌধুরী

গ্রন্থকারের নিবেদন

বাংলালী পাঠক-পাঠিকাগণ জানিয়া আনন্দিত হইবেন, বিবেকানন্দ চর্চিত-এর হিন্দী ও মারাঠী অনুবাদ নাগপুত্র ধনতলীৰ শ্রীৰামকৃষ্ণ আশ্রম হইতে প্রকাশিত হইয়াছে। হিন্দীৰ দ্বিতীয় সংস্করণ নিঃশেষিত হইয়াছে। বাংলা হইতে হিন্দী ও মারাঠী ভাষায় যাহারা যথেষ্ট অনুবাদ করিয়াছেন এবং প্রকাশক স্বামী ১৫ই আষাঢ়, ভাস্করেশ্বরানন্দকে এই অবসরে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। ইতি—

ওবি সদানন্দ বোড,
কলিকাতা ২৬
১৫ই আষাঢ়

শ্রীসত্যেন্দ্রনাথ মজুমদার



শ্রীশ্রীৰামকৃষ্ণ-লীলা-সহচর
শ্রীমৎ স্বামী প্রমোদনন্দ মহারাজের
পদ্যসম্ভাতির উদ্দেশে
এই গ্রন্থখানি উৎসর্গ করিলাম

সেবক
শ্রীসত্যেন্দ্রনাথ মজুমদার

সূচীপত্র

বিষয়		পত্রাঙ্ক
১। বালক বিবেকানন্দ	(১৮৬৩—১৮৮০)	১—২১
২। সংস্কার যুগ	(১৮০০—১৮৮০)	২২—৪৫
৩। সাধক বিবেকানন্দ	(১৮৮০—১৮৮৬)	৪৬—৭৯
৪। পবিব্রাজক বিবেকানন্দ	(১৮৮৬—১৮৯২)	৮০—১৩৩
৫। আচার্য বিবেকানন্দ	(১৮৯৩—১৮৯৬)	১৩৪—১৯৯
৬। যুগ-প্রবর্তক বিবেকানন্দ	(১৮৯৭—১৮৯৯)	২০০—২৮৪
৭। মানবমিত্র বিবেকানন্দ	(১৮৯৯—১৯০২)	২৮৫—৩৫২
৮। পবিশিষ্ট—স্বামী বিবেকানন্দের প্রথম বক্তৃতা		৩৫৩—৩৫৪

অধ্যায়

বালক বিবেকানন্দ

(১৮৬৩—১৮৮০)

ওঁ নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-বেদান্তম্বজ ভাস্করম্ ।
নমামি যুগকর্তাবৎ আত্মনাথং বীবেশ্বরম্ ॥

ভগবান শ্রীশ্রীবামকৃষ্ণ পবনহংসেব মঙ্গলাশিস মস্তকে ধারণ করিয়া যে মহাপুরুষ এই উল্ভার্গগামী, পবনকরণমোহাচ্ছন্ন আত্মবিস্মৃত জাতির মধ্যে দণ্ডায়মান হইয়া অশ্বৈতসিংহনাদে সনাতন ধর্ম পুনঃ প্রচার কবিয়াছেন—যাঁহার সমাধিপুত্র অপূর্ব জ্ঞান তপঃসম্ভূত অমিত তেজেব দীপ্ত প্রভা বিকীর্ণ কবিয়া দশবর্ষকাল মধ্যাহ্নসূর্যেব মত সমগ্র জগতে কিরণ বর্ষণ কবিয়াছে—যাঁহার অক্লান্ত চেষ্টা, নিভীক আত্মোৎসর্গ ভাবতেব এক গৌরবময় ভবিষ্যতেব সূচনা করিয়া দিয়াছে—কেবল ভাবত কেন—যিনি বিশ্বমানবেব কল্যাণ কামনায মহান্ যুগাদর্শকে স্বীয় জীবনে প্রকটিত কবিয়া অবতীর্ণ হইয়াছিলেন, সেই জগদ্গুরু, আচার্য শ্রীমৎ বিবেকানন্দ স্বামিজীর আবির্ভাব ও তিবোভাব দুই-ই আজ অতীতের ঘটনা।

ভাবতবর্ষেব ইতিহাসেব এক স্পষ্টকটময় সন্নিহিত এই পরশাসিত পতিত জাতিব অধঃপতনেব চরম অবস্থায,—সম্যাসের মহাবীৰ্যকে আশ্রয় করিয়া যে মহাপুরুষ ধর্ম সমাজে বাঞ্ছিত সমীকৃত-মুক্তিব মহান্ আদর্শ প্রচার কবিয়া গিয়াছেন, তাঁহার জীবন ও উপদেশেব ঐতিহাসিক গুরুত্ব এত অল্পকালেব ব্যবধানে পবিস্কারবূপে হৃদয়ঙ্গম কবা অতি কঠিন ব্যাপার। সমাজেব শ্রেণীবিন্যাসে উচ্চনীচ ভেদ যখন মর্মান্তিক হইয়া উঠে, রাজদণ্ড যখন অনাযারূপে দুর্বলকে অথবা নিপীড়িত করে, মনুষ্য-সমাজে যখন ধর্মের গ্লানি প্রকট হয়, অত্যাচারের অধীনে সর্বপ্রকার দনীর্থে সহস্র শির লইয়া দেখা দেয়, ধনুস যখন অনিবার্য ও আসন্ন তখন পুরাতনেব জীর্ণ মৃতভার শ্মশান-চুল্লীতে ভস্মীভূত কবিয়া সেই ভগ্নস্তূপের বেদীৰ উপব নতন স্ফুর্লিঙ্গ লইয়া আবার নতন সৃষ্টির সূত্রপাত দেখা দেয়। মনুষ্য-সমাজকে মাঝে মাঝে ঢালিয়া সাজিবার প্রয়োজন হয়। সেই প্রয়োজনে স্বামী বিবেকানন্দেব ন্যায় মানুষ মাঝে মাঝে আসিয়া দেখা দেন।

একদিন ভাবতবৰ্ষে স্ত্ৰী শব্দ ও ব্ৰাহ্মণেৰ ভেদ ঐকান্তিক হইয়া উঠিবাছিল,— অশ্বমেধ, গোমেধ, নৰমেধ যজ্ঞাডম্বৰে ভাবতভূমি বৃধিবাঞ্ছ হইয়া উঠিহৈছিল, বাজচক্ৰবৰ্তী সন্ন্যাসী সন্ন্যাসী-শক্তিৰ কবন্ধেৰ উপৰ তাঁহাৰ বিজয়ী বঞ্চচক্ৰ ঘৰ্ঘৰ শব্দে চালনা কৰিহৈছিল, প্ৰজাশক্তি পৰ্য্যদস্ত হইহৈছিল। বেদ ও শাস্ত্ৰজ্ঞান কেবল ব্ৰাহ্মণেৰ শ্ৰেণীতে আবদ্ধ ছিল। সভ্যতা কৃত্ৰিম হইয়া উঠিহৈছিল, ইহাৰ প্ৰতিক্ৰিয়া-স্বৰূপ ভগবান বৃন্দেৰ আসিয়া অবতীৰ্ণ হইলেন। বেদ অস্বীকৃত হইল ব্ৰাহ্মণ দ্বেৰে সৰিয়া গেল, স্ত্ৰী, শব্দ ধৰ্মেৰ নামে সংঘবন্ধ হইল, বাজচক্ৰবৰ্তী সন্ন্যাসী সিংহাসন ও বাজদণ্ড ভূমিতে নিষ্কেপ কৰিয়া সমান্য ভিক্ষুকেৰ বেশে ভাবতবৰ্ষেৰ পথে পথে ভগবান বৃন্দেৰেৰ চৰণচিহ্ন অনুসৰণ কৰিয়া জীৱন-সন্ধ্যাৰ ভ্ৰমণ কৰিয়া গেলেন। সভ্যতাৰ কৃত্ৰিম আবৰ্জনা দ্বেৰে অপসৰিত হইল আপামৰ সাধাৰণেৰ মধ্যে জ্ঞানবৰ্শি ছড়াইয়া পড়িল, ভাবতবৰ্ষেৰ মানুহ এক অভুলনীয় সামান্যদেৰ আদৰ্শে অনুপ্ৰাণিত হইয়া ধৰ্ম ও সমাজকে নতুন কৰিয়া গঢ়িয়া লইল। বাস্তৱক্ষেত্ৰে এই সামান্যদেৰ প্ৰভাৱ বিস্তাৰ কৰিল।

ইউৰোপেৰ বংগ-মণ্ডেও একদিন এইবৃপ এক অভিনয় হইয়া গিয়াছে। বোম-সাম্ৰাজ্যে যখন উচ্চনীচেৰ ভেদ প্ৰবল হইল, বিলাস ব্যাভাৱ স্ৰোত্ৰেৰ মত প্ৰবাহিত হইল, বোমক সন্ন্যাসী যখন সাম্ৰাজ্যেৰ মধ্যে শাসনেৰ নামে পীড়ন আবদ্ধ কৰিলেন, দুৰ্বল যখন নিষ্পেষিত আৰ্ত্ত ভীত মূৰ্খৰূ, ধৰ্মেৰ যখন অভ্যন্ত গ্লানি, বোমক প্ৰধান্যেৰ যখন ইন্দ্ৰিয়পবতন্ত্ৰ ও ভোগবাদী, তখন সভ্যতাৰ সেই কৃত্ৰিমতাৰ বিবৃদ্ধি, সেই অধৰ্মেৰ বিবৃদ্ধি দুৰ্বলেৰ বক্ষাকলেপ প্ৰতিক্ৰিয়াৰ ফলে আব-এক শক্তিৰ স্ফূৰণ হইল। এক দীন দৰিদ্ৰ মূৰ্খ সত্যেৰেৰ পুত্ৰ ইউৰোপেৰ ইতিহাস অগ্নিদলী হৈলেনে পৰিবৰ্তন কৰিয়া দিয়া গেলেন। গ্ৰীস ও বোমেৰ সভ্যতাৰ পৰা ইউৰোপ যখন বৰবৰ্তাৰ প্লাবনে ভাসিয়া যাইবাৰ উপক্ৰম কৰিহৈছিল তখন সেই প্ৰলম্ব-পৰোক্ষ হইতে মহাত্মা যীশু ইউৰোপকে তুলিয়া ধৰিয়া বক্ষা কৰিয়া গেলেন।

আমবা স্বামী বিবেকানন্দেৰ শ্ৰীমুখে শুনিয়াছি,—“এবাৰ কেন্দ্ৰ ভাবতবৰ্ষ”, আবও শুনিয়াছি, “হে মানব, মতেৰ পূজা হইতে আমবা তোমাংগিকে জীৱন্তেৰ পূজাৰ আহ্বান কৰিহৈছি। গতানুশোচনা হইতে বৰ্তমান প্ৰযত্নে আহ্বান কৰিহৈছি। লুপ্ত-পন্থাৰ পুনৰুদ্ধাৰে বৃথা শক্তিক্ষয় হইতে সদ্যোনিৰ্মিত বিশাল ও সন্নিকট পাথ আহ্বান কৰিহৈছি, বৃদ্ধিমান বৃদ্ধিৰা লও। যে শক্তিৰ উন্মেষমায়ে দিগদগন্তব্যাপী প্ৰতিধ্বনি জাগৰিত হইয়াছে, তাহাৰ পূৰ্ণাৱস্থা কল্পনাৰ অনুভব কৰ এবং বৃথা সন্দেহ, দুৰ্বলতা ও দাসজাতিসুলভ ঈৰ্ষা-শ্বেষ ত্যাগ কৰিয়া এই মহাষুগচক্ৰ পৰিবৰ্তনেৰ সহায়তা কৰ।”

বিবেকানন্দের চিন্তা ও চিত্ত মানব-সভ্যতাব বৃদ্ধান্তবের ইতিহাসের পাবস্পর্শ বক্ষা কবিষাই একেব পব আব স্তবে স্তবে বিকশিত হইয়াছে। সেই বিকাশেব বৈচিত্র্য-জটিল ধাবাগ্গুলিব সামঞ্জস্য বক্ষা কবিষা সংগৃহীত উপাদানগুলিব যথাযথ বিন্যাসে হযতো সকল স্থানেই আমি কৃতকাৰ্য হইতে পাৰি নাই। তথাপি “লোকোত্তৰ চিত্ত মহা-পদ্বৰ্গগণেব পবিত্র জীবনকথা আলোচনা কবিলে আমাদেব প্রভূত কল্যাণই হইযা থাকে”—এই মহাপদ্বৰ্গব্যাক্যে শ্রাস্তাসম্পন্ন হইযাই এমন দৃঃসাহসিক কাৰ্যে অগ্রসব হইযাছি।

কলিকাতা নগৰীৰ উত্তৰাংশে শিমুলিয়া পল্লীৰ গোবমোহন মদুখাজী ষ্ট্রীটে দত্তবংশেব বিশাল ভবনেব এক জীর্ণ ভোষণস্বাব এখনো অতীত বৈভবেব সাক্ষ্যস্বৰূপ দাঁড়াইযা আছে। দত্তবংশেব ঐশ্বৰ্য ও খ্যাতি বার মাসে তেৰ পার্বণেৰ আডব্বৰ একবালে কলিকাতাব ধনীসমাজেব ঈৰ্ষা উৎপাদন কবিত। কলিকাতা স্দুপ্রীম কোর্টেব প্রতিষ্ঠাবান ব্যবহাবাজীৰী বামমোহন দত্তেব আমলে সহবে শিমুলিয়াব দত্তৰা প্রচুব প্রতিপত্তি লাভ কবিযাছিলেন। বামমোহনেব পুত্র দুর্গাচবণ তৎকালীন প্রথায সংস্কৃত ও পাৰসী ভাষা শিক্ষালাভ কবিষা এবং কাজ চালাইবাব মত ইংবাজী ভাষা আয়ত্ত কবিষা তব্দণ বযসেই আইন ব্যবসায অবলম্বন কবেন। কিন্তু বামমোহনেব বিবয়ালিন্সা ও অর্থোপাজনেব প্রবৃত্তি তাঁহাব ছিল না। তৎকালীন ধনী সন্তানদেৰ মত নবনাগবিক সভ্যতাব ইন্দ্রিয়ভোগমূলক বিলাস তাঁহাকে আকর্ষণ কৰিতে পাৰিল না। এই ধৰ্মানুগামী যুবক অবসব ও স্দুযোগ মত ধৰ্মশাস্ত্র চৰ্চা কবিতেন, সাধুসঙ্গ কবিতেন। উত্তৰ-পশ্চিম দেশাগত হিন্দুস্থানী বৈদান্তিক সাধুদেব ভাবে অনুপ্রাণিত হইযা তিনি পশ্চিম বংসব বযসেই সমস্ত ঐশ্বৰ্য ও পার্থিব প্রতিষ্ঠা-লোভ পবিত্যাগ কবিষা সন্ন্যাস গ্রহণ কবেন গৃহে বাখিযা যান, চিববিবাহিণী ধৰ্মপত্নী ও একমাত্র শিশুপুত্র। কথিত আছে, বাবাণসীধামে দুর্গাচবণ-পত্নী একবাব বিশেষবরজীৰ মন্দিবস্বাবে চকিতে পতিকে দর্শন কবেন। সন্ন্যাসীদেব নিযমানুসাৰে স্বাদশবর্ষ পবে দুর্গাচবণ একবাব স্বীয় জন্মস্থান দর্শন কবিতে আসিযাছিলেন এবং বালকপুত্র বিশ্বনাথকে আশীৰ্বদ কবিযাছিলেন। তাহার পব তাঁহাকে আর কেহ দেখে নাই। পিতাব আগমনেব একবৎসব পুৰ্বেই বিশ্বনাথ জাননীকেও হাবাইযাছিলেন। সন্ন্যাসীৰ পুত্র বিশ্বনাথ দত্তই বিশ্ববিখ্যাত সন্ন্যাসী বিবেকানন্দেব জনক।

বিশ্বনাথ বামমোহনেব ধাবা বজায বাখিযা আইন ব্যবসায অবলম্বন কবেন। বিশ্বনাথ প্রতিভাশালী পদ্বৰ্গ ছিলেন, আইন ব্যবসায় লিস্ত থাকিলেও তাঁহাব প্রবল পাঠানুবাগ ছিল। তিনি পাৰসী ভাষা শিক্ষা কবিযাছিলেন, হাফেজেব কবিতা

তাঁহার বিশেষ প্রিয় ছিল। ইংরাজী সাহিত্য, ইতিহাস ইত্যাদি পাঠেব ফলে, গোঁড়া-হিন্দুয়ানী তাঁহার ছিল না। অনেক অভিজাত মুসলমান তাঁহার মল্লেল ছিলেন এবং লক্ষ্মী, এলাহাবাদ, দিল্লী, লাহোর প্রভৃতি অঞ্চলে ভ্রমণ করিয়া তিনি তৎকালীন বহু অভিজাত মুসলমান পরিবারেব ঘনিষ্ঠ সংস্পর্শে আসিয়াছিলেন। ফলে আহাবে বিহারে তিনি মুসলমানী আদব কাষদা অনুকরণ করিতেন। অথচ ধর্ম বিষয়ে বাইবেল পাঠ করিয়া তিনি খৃষ্টধর্মের অনুবাগী ছিলেন। মোটকথা, ধর্ম ঈশ্বর প্রভৃতি লইয়া তিনি বড় একটা মাথা ঘামাইতেন না। অর্থোপার্জন করা এবং জীবনটাকে ভোগ করার একটা সাধাষণ আদর্শে তিনি চলিতেন। যেমন উপার্জন করিতেন তেমনি ব্যয় করিতেন। আত্মীয়স্বজন বন্ধুবান্ধবেব নিত্য সমাগম, প্রযোজনেব অতিবিত্ত দাস দাসী, গাড়ি ঘোড়া লইয়া বিশ্বনাথ দত্ত বেশ জাঁকজমকেব সহিত বাস করিতে ভালবাসিতেন। স্বাধীনচেতা, উদার, বন্ধুবৎসল, আশ্রিতপ্রতিপালক বিশ্বনাথের ধনজনপূর্ণ বিশাল ভবনে কোন পার্থিব স্নুখেব অভাব ছিল না।

কিন্তু স্বামিসৌভাগ্যবিতা ভুবনেশ্বরী দেবী ছিলেন প্রাচীনপন্থী হিন্দু মহিলা। বৃন্দামতী কর্মকুশলা গৃহকর্ত্রী বন্ধু ও শাসনে এই সদৃশ পবিবাবেব সমস্ত কার্য অতি শৃঙ্খলাব সহিত নির্বাহ হইত। তিনি বাঙ্গলা লেখাপড়া ভালই জানিতেন। রামায়ণ, মহাভারত, বিবিধ পুঁরাণ নিয়মিতরূপে পাঠ করিতেন, অন্যাদিকে স্বামী এবং পববতীকালে পুঁত্রদেব সহিত আলোচনায আধুনিক ভাবধাবাব সহিত পবিচিঁতা ছিলেন। তাঁহার তেজস্বী চরিত্রে আভিজাত্যেব একটা সহজ গোবব ছিল, যাহা অনায়াসেই প্রতিবেশিনীদের শ্রদ্ধা আকর্ষণ করিত। তিনি মধুবভাষিণী অথচ গম্ভীরা ছিলেন, তাঁহার সম্মুখে কোন বমণী প্রগল্ভা হইবাব সাহস পাইতেন না। সর্বোপরি, তিনি ধর্মপরাগণা ছিলেন এবং প্রতাহ স্বহস্তে শিল্পপূজা করিতেন। তাঁহার ইচ্চানিষ্ঠা দেখিয়া পরিবারস্থ অন্যান্য মহিলারাও সংযত ধর্মজীবন যাপন করিতেন।

দেবী ভুবনেশ্বরী চিত্তে এক স্কাভ ছিল—পুঁত্রাভাবে তিনি মাঝে মাঝে অত্যন্ত ক্লিষমানা হইয়া পড়িতেন। ক্রমে পুঁত্রমুখ দর্শনাভিলাষ তাঁহাকে নিবতিশয ব্যাকুল করিয়া তুলিল। তিনি প্রতিদিন সকাল সম্মায শিবমন্দিবে পুঁত্র-কামনায কাতব প্রার্থনা নিবেদন করিতে লাগিলেন। সবল ভক্তি ও সহজ বিশ্বাসে দেবাদিদেবেব তুষ্টিব জন্য কঠোর কৃচ্চরত আচরণ করিতে লাগিলেন, কিন্তু তথাপি তাঁহার চিত্ত শান্ত হইল না। দত্ত পরিবারের জনৈকা বৃন্দা মহিলা সেই সময় কাশী বাস করিতেন। ভুবনেশ্বরী তাঁহার নিকট স্বীয় মানসিক অবস্থা বর্ণনা করিয়া এক সদৃশ পুঁত্র

লিখিয়া অনবোধ করিলেন, তিনি যেন তাঁহার হইয়া প্রত্যহ শ্রীশ্রীবিশেষব সমীপে পুত্র-সন্তান-কামনায পূজা ও হোমাদিব ব্যবস্থা করেন। তাঁহার অভিপ্রায় মত কার্য হইতেছে, এই সংবাদ পাইয়া জননী আনন্দিতা ও আশ্বস্তা হইলেন। তাঁহার শ্রদ্ধামুগ্ধ আশা-উন্মুখ হৃদয় দেবাদিদেব মহাদেবের চিন্তায় বিভোর হইয়া উঠিল। গৃহকর্ম অপেক্ষা গৃহদেবতাব মন্দিরেই তিনি অধিকাংশ সময় শিবপূজায় নিযুক্তা থাকিতেন।

একদিন প্রভাতে শিবপূজান্তে দেবী ভুবনেশ্বরী ধ্যানস্থ হইলেন। মধ্যাহ্ন অতীত হইয়া সূর্য পশ্চিমে ঢলিয়া পড়িল। দেবী যেন বাহ্যজ্ঞান হাবাইয়াছেন, তাঁহার সমস্ত সত্তা শিবভাবনায় তন্ময়। ক্রমে সন্ধ্যার ধূসর আলোক তাঁহার তপঃক্লিষ্ট সংযমপূর্ণোজ্জ্বল বদনখানি স্বর্ণাশ্রিত বিভাষিত করিয়া ধীরে ধীরে মিলাইয়া গেল। গভীর বজনীতে শান্তদেহা জননী নিদ্রিতা হইয়া পড়িলেন। বহুদিনের ঈর্ষাস্ত আকাঙ্ক্ষা যেন পূর্ণ হইল। ভুবনেশ্বরী স্বপ্নে দেখিলেন—তুষার ধবল বজ্রতুধরকান্তি কৈলাসেশ্বর তাঁহার সম্মুখে দাঁড়াইয়া। ধীরে ধীরে দৃশ্য পরিবর্তিত হইল, ভক্তের বিশ্বাসমুগ্ধ হৃদয় অপূর্ণ আনন্দে পবিত্রত করিয়া তিনি ক্ষুদ্র শিশুমূর্তি ধারণ করিয়া জননীকে কোড়ে আশ্রয় গ্রহণ করিলেন।

দিব্যানন্দ কণ্ঠীকিত দেহে নিদ্রাভঙ্গে জননী যখন ভূমিশয়া ত্যাগ করিলেন, তখন উগ্র উজ্জ্বল বোদ্রালোকে চবাচব ভবিষ্য গিয়াছে। “হে শিব—হে শঙ্কর—হে কবচাময়”—বলিতে বলিতে সতী ভক্তিভাবে ভূম্যবলুপ্তিত হইয়া পুনঃ পুনঃ প্রণাম করিতে লাগিলেন।

১৮৬৩ সালের ১২ই জানুয়ারী। কুম্ভটিকাবৃত্ত হিমমলিন পৌষ সংক্রান্তির পূর্ণাষাঢ়ে দলে দলে নবনারী গ্রস্তপদে, স্পন্দিত দেহে মকবসস্তমী স্নানের জন্য ভাগীবথী অভিমুখে ধাবিত। এমন সময়ে, সূর্যোদয়ের ৬ মিনিট পূর্বে, ৬টা ৩৩ মিনিট ৩৩ সেকেন্ডে দেবী ভুবনেশ্বরী বিশ্ববিজয়ী পুত্র প্রসব করিলেন। পূলকোচ্ছল হর্ষকোলাহলে দগুগৃহ মুখবিত হইয়া উঠিল। পূর্বনারীরা মণ্ডলশঙ্খ বাজাইয়া হুল্লুধ্বনি দিতে লাগিলেন। বণ্ণের ঘবে ঘবে শৌষ পার্বণের আনন্দোৎসব। যেন নবজাত শিশুকে সাদব অভ্যর্থনা করিবার জন্য লক্ষ লক্ষ বালক-বালিকার হর্ষ-বহুল কলববে দানী বংগজননী প্রাতি গৃহপ্রাঙ্গণ মুখবিত হইয়া উঠিল।

ক্রমে নামকরণের দিবস উপস্থিত হইল। বালকের আকৃতি অনেকটা তাহার সন্ন্যাসী পিতামহের মত দেখিয়া পরিবারস্থ কেহ কেহ নবজাত শিশুর নাম ‘দুর্গাদাস’ রাখিতে চাহিলেন। কিন্তু জননী স্বীয় স্বপ্ন স্মরণ করিয়া কহিলেন, “উহার নাম বীরেশ্বর বাখা হউক।” আত্মীয় স্বজনবর্গ উক্ত নামকে সংক্ষিপ্ত করিয়া ‘বিলে’ বলিয়া

সম্বোধন করিতেন। অবশেষে শ্রুত অন্নপ্রাশনের সময় বালকের নাম রাখা হইল শ্রীনবেন্দ্রনাথ। প্রত্যেক হিন্দু সন্তানেরই দুইটি করিয়া নাম থাকে, একটি বাশিনাম—অপবীত সুধাবর্ণে প্রচলিত নাম। সেই কাবণে শিশু উত্তরকালে শ্রীনবেন্দ্রনাথ নামেই সর্বসাধারণে সুপরিচিত হইয়াছিলেন।

অশান্ত নবেন্দ্রনাথ বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে দুর্দান্ত হইয়া উঠিলেন। স্বেচ্ছাচারী বালকের অশিষ্ট আচরণে প্রত্যেকেই উত্তম্বিত হইতেন। শাসন-বাধ্য প্রয়োগ, ভয় প্রদর্শন ইত্যাদি কিছুতেই জননী উদ্ভট সন্তানকে সংযত করিতে না পারিয়া এক অদ্ভুত উপায় আবিষ্কার করিলেন। শিব শিব বলিতে বলিতে মস্তকে কিছু জল ঢালিয়া দিলেই মন্ত্রমুগ্ধ মর্পেব ন্যায় বালক নবেন্দ্র শান্তভাবে অবলম্বন করিতেন। আশ্রুতোষ সলিল ধাবায় অভিষিক্ত হইলেই তৃপ্ত হন এই বিশ্বাসেই জননী যে এই অভিনব কৌশল আবিষ্কার করিয়াছিলেন, তাহাতে আব সন্দেহ নাই। বালকের যে শিবাংশে জন্ম ইহা তাঁহার দৃঢ় বিশ্বাস থাকিলেও বুদ্ধিমত্তী জননী কাহাণ্ড নিবট উহা প্রকাশ করিতেন না। একদিন বালকের ঔন্মত্ত্যে সম্মুখি বিচলিত হইয়া বলিয়া ফেলিয়াছিলেন, “মহাদেব নিজে না এসে কোথেকে একটা ভূত পাঠিয়েছেন। ইচ্ছামত কার্য করিতে বাধ্যপ্রাপ্ত হইয়া বালক এক এক সময়ে এমন বিবম ক্রন্দন জড়িয়া দিতেন যে, বাড়িশুদ্ধ লোক অস্থির হইয়া উঠিত তখন জননী যদি বিবস্ত্র হইয়া বলিতেন, দ্যাখ্ বিলে, অমন ধাৰা দুষ্টুদমি কব্লে মহাদেব তোকে কৈলাসে প্রবেশ কব্লে দেবেন না।’ বালক সভয় দৃষ্টিতে জননীর দিকে চাহিয়া তৎক্ষণাৎ স্তম্ভ হইতেন।

বিবস্ত্রকর বালকের যন্ত্রণায় তিষ্ঠিতে না পারিয়া সময় সময় তাঁহার জ্যেষ্ঠা ভগ্নীম্বয় প্রহাৰ করিবাব জন্য ধাবিত হইতেন। চতুৰ বালক দ্রুতপদে নন্দমায নামিয়া সৰ্বাঙ্গে কাদা মাখিয়া দাঁড়ইয়া থাকিতেন। অপবিত্র হইবাব ভয়ে তাহাবা যখন বিফলমনোবথ হইয়া ফিবিয়া যাইতেন, শূচি-অশূচিজ্ঞানহীন বালক বিজয়গৰ্বে কলহাস্যে কবতালি দিয়া বলিতেন, “কৈ আমায় ধব দিকি?”

বালক নরেন্দ্র গাড়িতে চাড়িয়া ভ্রমণ করিতে পারিলে অতীব আনন্দিত হইতেন। মাড়ক্কোডে উপবেশন করিয়া গাড়ি হইতে উভয় পার্শ্বস্থ বিবিধ বস্তু দর্শনে প্রশ্নের পর প্রশ্ন জিজ্ঞাসা করিয়া জননীকে বিব্রত করিয়া তুলিতেন। গাড়ি তিনি এত ভালবাসিতেন যে, প্রত্যহ বাড়ির সম্মুখে বসিয়া প্রত্যেকখানি গাড়ি লক্ষ্য করিতেন। একদিন তাঁহার পিতা প্রশ্ন করিলেন, “নবেন, তুই বড় হলে কি হবি বল দিকি?” নবেন্দ্র মাথা নাড়িয়া গম্ভীরভাবে উত্তর করিলেন, “ঘোড়ার সিঁহস কি কোচোষান

হব।' কোচোয়ানেব স্ফীতবক্ষে উপবেশন ভঙ্গী, তেজস্বী অম্ব বশ্ম আকর্ষণে সংযত কবিয়া পবিচালন-বৌশল, বিশেষত্বজ্ঞাপক পোষাক পুবিচ্ছদ, চাপবাস্, জবীর পাগুড়ী ইত্যাদি বালকেব মনে যে বিশেষ প্রভাব বিস্তার কবিবে ইহাতে আব বিচিত্র কি? কোচোয়ান হইবাব আশায় বালক পিতাব বৃন্দ শকটচালকেব সহিত বন্ধুত্ব স্থাপন কবিয়া লইয়াছিলেন এবং সন্মোগ পাইলেই অম্বশালাষ উপস্থিত হইয়া সঁহিস ও কোচোয়ানগণেব কার্যপ্রণালী দর্শন কবিভেন।

রামায়ণ ও মহাভাবতেব উপাখ্যানগুলি জননীব নিবট শ্রবণ কবিতে নবেন্দ্রনাথ বড়ই ভালবাসিতেন। ভুবনেশ্বরী নয়নানন্দ পুত্রকে ক্রোড়ে বসাইয়া সীতারামেব কাহিনী শুনাইয়া অবসরকাল যাপন কবিভেন। দত্তভবনে প্রায় প্রত্যহই মধ্যাহ্নকালে বামায়ণ ও মহাভাবত পাঠ হইত। জনৈকা বৃন্দা মহিলা পাঠ কবিভেন—কখনও বা ভুবনেশ্বরী স্বয়ং পাঠ কবিভেন—গৃহকার্য সমাপন কবিয়া অপবাপব মহিলাবৃন্দ পাঠিকাকে ঘিবিয়া বসিতেন। এই ক্ষুদ্র মহিলাসভায় দুর্দান্ত নবেন্দ্রকে শান্ত-শিষ্টভাবে বসিয়া থাকিতে দেখা যাইত। পুত্রব্যাগে উপাখ্যানাবলী বালকেব মনে বিশেষ প্রভাব বিস্তার কবিয়াছিল, সন্দেহ অতীত যুগেব ধর্মবীর্যগণেব পুত্র চৰিতাবলী শ্রবণ কবিয়া তাঁহাব শিশুহৃদয়ে না জানি কি ভাবতবগ্ন উঠিত, যাহাতে তিনি স্বভাব-সুলভ চঞ্চলতা পবিভ্যাগ কবিয়া দণ্ডেব পব দণ্ড মৃদু হইয়া থাকিতেন।

বামায়ণ শ্রবণ কবিতে কবিতে সবল শিশুহৃদয় ভক্তিতে পূর্ণ হইয়া উঠিত। একদিন জনৈক খেলাব সাথী সম্ভবিয়াহাবে তিনি বাজাব হইতে খ্রীষ্টীসীতারামেব একটি যুগল প্রতিমূর্তি ক্রয় কবিয়া আনিলেন। বাটীব ছাদেব উপব একটি নিজ্জন কক্ষে উহা স্থাপন কবিয়া বালক মূর্তিটিব সম্মুখে ধ্যানস্থবৎ বসিয়া থাকিতেন। বালকেব সীতাব্যুমে প্রীতি তাঁহাব হৃদস্থানী কোচোয়ান বন্ধুটিকে অতীব আনন্দ প্রদান কবিত। শিশুহৃদয়েব যে কোন সমস্যা, যে কোন প্রশ্ন মীমাংসা কবিয়া দিতে সে বিরক্তি বা অবসাদ বোধ কবিত না। একদিন কথাপ্রসঙ্গে বিবাহেব কথা উঠিল। কোচোয়ান কোন অজ্ঞাত কারণে বিবাহেব উপব বিবস্ত ছিল, কাজেই সে বিবাহিত জীবনেব অশান্তিসঙ্কুলতাব এমন একটি জীবন্ত চিত্র বর্ণন কবে যে, বালক নরেন্দ্রনাথেব স্নেহমুখ চিন্তে তাহা গভীরভাবে অঙ্কিত হইয়া গেল। নানা চিন্তায আকুল হইয়া নবেন্দ্র অশ্রুপূর্ণ লোচনে জননীব নিকট ঘিবিয়া আসিলেন। তাঁহার চক্ষে জল দেখিয়া জননী কাবণ জানিবাব জন্য ব্যগ্রভাবে প্রশ্ন কবিতে লাগিলেন। নরেন্দ্র ক্রন্দন-কম্পিত কণ্ঠে কোচোয়ানেব নিকট যাহা যাহা শুনিয়াছিলেন বিস্তারিত ব্যক্ত কবিয়া বলিলেন, “মা, আমি সীতারামেব পুত্রো কেমন কবে কব্বো—সীতা, রামেব

বৌ ছিল যে?”—স্নেহবিকলা জননী প্রিয়তম পুত্রকে বক্ষে তুলিয়া লইয়া মুখচুম্বন কৰিয়া কহিলেন, “সীতাবামেব পূজা নাই কব্লে, কাল থেকে শিবপূজা কৰো বাবা।”

জননীকে কাৰ্য্যান্তৰে ব্যাপৃত দেখিয়া বালক ধীৰে ধীৰে কক্ষ পৰিত্যাগ কৰিলেন। প্রিয়তম শ্ৰীশ্ৰীসীতাবামের মূৰ্তিটি লইয়া অপবের অঙ্গাভাসারে ছাদের উপর উপনীত হইলেন। সন্ধ্যাব অন্ধকার তখন ক্রমে নিবিড় হইয়া আসিতেছে—উৰ্ধ্ব—দ্রাম্যমাণ অসংখ্য উজ্জ্বল জ্যোতিষ্কমণ্ডলী পৰিশোভিত ধূসর আকাশ—নিম্নে আদর্শ দাম্পত্যপ্রেমের সর্বশ্রেষ্ঠ আদর্শখানি উভয় হস্তে ধারণ কৰিয়া সংশয়সঙ্কুল-চিত্তে ভাবী সন্ধ্যাসী বিবেকানন্দ। একদিকে গভীর সীতাবাম-ভক্তি, অপব দিকে তীব্র বিবাহবিভূষণ—বালকের ক্ষুদ্র হৃদয় আলোড়িত হইল। আব না—বিবাহিত জীবন উন্নত—যত পবিত্র হউক না কেন, তাঁহাব আদর্শ নহে। প্রতিমূৰ্তিখানি উৰ্ধ্ব হইতে রাজপথে নিষ্কণ্টক হইয়া শতধা চূর্ণ হইয়া গেল। বিজয়ী বীবেব মত গৰ্বিত পদক্ষেপে বীরেশ্বব ভবনশিখব পৰিত্যাগ কৰিলেন।

শৈশবকাল হইতেই নবেন্দ্র হিন্দুগৃহে চিরাচরিত দেশাচার ও লোকাচাবসম্মত ক্ষুদ্র ক্ষুদ্র আচাব নিয়মগুলি মানিয়া চলিতেন না। তন্জন্য জননী শাসন কৰিলে নৱেন্দ্র তৎক্ষণাৎ ঐগুলিব কারণ জিজ্ঞাসা কৰিতেন। “ভাতেব থালা ছুঁয়ে গায়ে হাত দিলে কি হয়?” ‘বাঁ হাতে কবে গেলাস তুলে জল খেয়ে হাত ধোষ কেন? হাতে তো এটো লাগে নি?”—ইত্যাদি প্রশ্নেব যুক্তিপূৰ্ণ উত্তব দিতে গিয়া জননী বিরত হইয়া পড়িতেন। সন্তোষজনক উত্তব না পাইলেই নবেন্দ্রব অনাচাবেব মাত্ৰা বিবগুণ বৃদ্ধি পাইত।

বিশ্বনাথবাবুব জনৈক পেশোয়াবী মুসলমান মক্কেল ছিলেন। এই ভদ্রলোক নৱেন্দ্রকে অত্যন্ত স্নেহ কৰিতেন। তিনি আসিয়াছেন জানিতে পাবিলেই নবেন্দ্র তাঁহাব নিকটে উপস্থিত হইতেন এবং তাঁহাব ক্ৰোড়ে বসিয়া হস্তিপৃষ্ঠে ও উষ্ট্রপৃষ্ঠে পাঞ্জাব ও আফগানিস্থানেব অপূৰ্ব ভ্রমণকাহিনীসমূহ মৃদুহৃদয়ে শ্রবণ কৰিতেন। এক এক দিন বালক নবেন্দ্র তাঁহাব সহিত উক্ত প্রদেশে ভ্রমণ কৰিবাব জন্য অনুরোধ কৰিয়া বসিতেন। ভদ্রলোকটি হাসিয়া বলিতেন, “তুমি আব দ্ৰু’ আগুদল বড হ’লেই তোমাকে একবাব নিয়ে যাব।” আকাঙ্ক্ষার আতিশয্যে বালক হয় তো পৰ্বদিনই বলিয়া বসিতেন, “আজ বাদ্ৰে আমি দ্ৰু’ আগুদল বড হ’য়ে গেছি, অতএব আমাষ নিয়ে চলুন।” ফলতঃ নবেন্দ্র তাঁহাব এত অনুবৃত্ত হইয়া পড়িলেন যে, তাঁহাব হস্ত হইতে সন্দেশ, ফল ইত্যাদি খাদ্যদ্রব্য গ্রহণ কৰিতে কিছুমাত্ৰ ইতস্ততঃ কৰিতেন না। ইহা লইয়া পরিজনবৰ্গ তুমুল আন্দোলন উপস্থিত কৰিলেন। বিশ্বনাথবাবু গোড়া

হিন্দু ছিলেন না, সকল জাতিব লোকই তাঁহাব সমান প্রীতি ও শ্রদ্ধাব পাত্র ছিলেন, সুতবাং পুত্ৰেব এই “জাতনাশা কদাচাব” তাঁহাব দৃষ্টিতে শাস্ত্ৰযোগ্য বলিযা বিবেচিত হইত না বরং হাস্য সহকাৰে উপেক্ষা কৰিতেন।

বিভিন্ন জাতিব মল্লেলগণ মোকদ্দমা উপলক্ষে তাঁহাব পিতৃভবনে সমাগত হইতেন, কাজেই তৎকালিক বীতানুযায়ী বৈঠকখানাব একপার্শ্ব কতকগুলি বোঁপ্যমণ্ডিত হুঁকা সাজানো থাকিত। মুসলমান ভদ্ৰলোকটিব হস্ত হইতে সন্দেহ ভঞ্জন কৰিযা নৱেন্দ্ৰ পৰিজনবৰ্গ কতৃক তীব্রভাবে ভৎসিত হইয়াছিল। সেইদিন হইতে জাতিভেদ তাঁহাব নিকট একটা বিশেষ সমস্যাব বিষয় হইয়া দাঁড়াইল। কেন একজন মানুৰ আব একজনেব হাতে খাইবে না? যদি কেহ ভিন্ন জাতিৰ হাতে খায়, তাহা হইলে তাহাব কি হইবে? তাহাব মাথায় কি ঘবের ছাদ ভাঙিয়া পড়িবে? সে কি মৰিযা যাইবে? ইত্যাদি ভাবিতে ভাবিতে নবেন্দ্ৰ বৈঠকখানায় প্ৰবেশ কৰিলেন। অপব কেহ উপস্থিত নাই দেখিয়া তিনি সাহস সহকাৰে একে একে হুঁকাগুলি টানিতে লাগিলেন। কৈ তাঁহাব তো কোন পৰিবৰ্তন হইল না? আগে যেমন ছিলেন তেমনি তো আছেন। এমন সময় সহসা বিশ্বনাথ আসিয়া পুত্ৰকে তদবস্থায় দেখিয়া প্ৰশ্ন কৰিলেন, “কি কব্‌ছিচ্‌ বে বিলে?” নৱেন্দ্ৰ তৎক্ষণাৎ উত্তৰ কৰিলেন, ‘যদি জাতিভেদ না মানি, তাহলে আমার কি হবে—তাই পরীক্ষা কৰ্‌ছিলাম্‌।’ পিতা হাসিয়া কব্‌ণাদ্ৰ্‌নয়নে পুত্ৰেব প্ৰতি চাহিয়া চিন্তিতভাবে স্বীয় পাঠাগাৰে চলিযা গেলেন।

নবেন্দ্ৰ, খ্ৰীসীতাবামেব মূৰ্তিটি ভাঙিয়া ফেলিযা পৰ্বদিনই তৎস্থানে একটি শিবমূৰ্তি স্থাপন কৰিযাছিল। মাতাব অনুকৰণ কৰিযা প্ৰত্যহ শিবপূজা কৰিতেন, কখনও বা পশ্চাত্তানে ধ্যানে বসিতেন, কখনও খেলাব সাথীদিগকে ডাকিয়া সকলে মিলিয়া শিবমূৰ্তিটি ঘৰিযা ধ্যান কৰিতে বসিতেন। এই খেলাটি তাঁহাৰ বড়ই ভাল লাগিত। এইব্দে ধ্যানে বসিযা বালক নৱেন্দ্ৰ কি ভাবিতেন, তাহা তিনিই জানেন। পববৰ্তীকালে একদিন কথাপ্ৰসঙ্গে বলিযাছিলেন, ঐ সময়ে একদিন ধ্যান কৰিতে কৰিতে তাঁহাব জননীৰ কথা মনে পড়িল। তিনি দূৰ্গতভাবে ভাবিতে লাগিলেন, সতাই কি আমি দৃষ্ট বলিযা শিব আমাকে তাঁহাব নিকট হইতে সন্নিহিত দিয়াছেন? চিন্তামগ্ন বালক বিষণ্ণচিত্তে মাতাব নিকট ফিৰিযা আসিয়া বলিলেন, ‘মা, আমি যদি সাধু হই তাহলে শিব আমাকে তাঁৰ কাছে ফিৰে যেতে দেবেন না?’ জননী সান্ত্বনা দিয়া বলিলেন, “হাঁ দেবেন বৈকি?” কথাটা অজ্ঞাতসাবে বলিযা ফোলাযা সহসা একটা ‘আশঙ্কায় জননীৰ হৃদয় কাঁপিয়া উঠিল। পিতা

পদাঙ্ক অনুসৰণ কৰিয়া নবেনও যদি সংসার ত্যাগ কৰিয়া যায়! সৰ্বদা ভাবগোপনে অভ্যস্তা, দঢ়হৃদয়া ভূৱনেশ্বৰী শিব স্মৰণ কৰিয়া ক্ষণিক স্নেহেৰ দৌৰল্যা হৃদয় হইতে দৃব কৰিয়া দিলেন। ভাবিলেন, ভগবানের যাহা ইচ্ছা তাহাই হইবে, আমি বাধা দিবাব কে?

একদিন সন্ধ্যাব কিছু পূৰ্বে সিংগগণসহ নবেন্দু তাঁহাব খেলাঘবে উপস্থিত হইলেন। তাঁহাব দেখাদেখি বালকগণ সকলেই অগ্ৰে ছাই মাখিয়া ধ্যানে বসিল। এমন সময় একটি বালক চক্ষু মেলিয়া দেখে সন্মুখে একটি প্ৰকাণ্ড সৰ্প! ভীত বালক 'সাপ সাপ' বলিয়া চীৎকাব কৰিয়া উঠিল। বালকগণ ব্যস্ততাব সহিত ছুটিয়া কক্ষ হইতে নিষ্কান্ত হইল। নবেন্দু বাহ্যজ্ঞানশূন্য—চীৎকাব, কোলাহল, আহবান কিছুই তাঁহাব কৰ্ণে প্ৰবেশ কৰিল না। বালকগণ তাতাতাডি নামিয়া সবলকে সংবাদ প্ৰদান কৰিল। নবেন্দুৰ জনক, জননী ও অন্যান্য সকলেই ছুটিয়া ছাদেব উপব আসিলেন। তখন আকাশে চাঁদ উঠিয়াছে।

নবেন্দুনাথেব কৈশোৰলাবণ্যস্নিগ্ধ তবুগসুন্দৰ মৃদুস্বৰে মৃদু চন্দ্ৰবৰ্ষি প্ৰতিফলিত হইয়া স্বৰ্গীয় বিভা বিকীৰ্ণ কৰিয়াছে—দেহ স্পন্দহীন, কুমাৰ যোগী পামাসনে ধ্যানমগ্ন—সন্মুখে বিষব সৰ্প ভীষণ ফণা বিস্তাব কৰিয়া মন্ত্ৰমুগ্ধবৎ নিশ্চল। এ ভীষণ মৰুত্ব দৃশ্যেব সন্মুখে আচম্বিতে উপস্থিত দৰ্শকবৃন্দও শঙ্কাস্তম্ভিত হৃদয়ে কিংকৰ্তব্যবিমূঢ়বৎ দণ্ডায়মান হইলেন। কিয়ৎকাল পৰ সৰ্প ফণা গুটাইয়া অন্তৰ্হিত হইল, অন্বেষণ কাৰিয়াও সৰ্পটিকে আব দেখিতে পাওগা গেল না। নবেন্দু ধ্যানভঞ্জে নয়ন উন্মীলন কৰিয়া পৰিবাববৰ্গকে তদবস্থা দেখিয়া বিস্মিত হইলেন। সৰ্পেব কথা শুনিয়া বালক বিস্মিতভাবে উত্তৰ কৰিলেন 'আমি সাপেব কথা কিছুই জানি না আমি এক অপূৰ্ব আনন্দ উপভোগ কৰিতেছিলাম।'

এ ঘটনা অদ্ভুত বটে। কিন্তু সদাচণ্ডল ক্ৰীড়াপ্ৰিয় নৰেন্দ্ৰনাথ ধ্যানে বসিয়া চক্ষু মূৰ্ছিত কৰিবাব সঞ্চে সঞ্চেই বাহ্যজগৎ বিস্মৃত হইতেন—আহবান দ্বে থাকক, অনেক সময়ে অগ্ৰে হস্তাৰ্পণ কৰিলেও টেব পাইতেন না। সংযতমনা যোগীৰ বহুবৰ্ষ সাধনাব ফল বালক কেমন কৰিয়া লাভ কৰিলেন? এব্দপ প্ৰশ্ন মনে উদয় হওয়া স্বাভাবিক।

স্বৰ্ণাভীত শৈশবকাল হইতেই নবেন্দ্ৰনাথ নেত্ৰব্দয় মূৰ্ছিত কৰিবামাত্ৰ ভ্ৰম্ৰব্দয় মধ্যে এক গোলাকাব দিবা জ্যোতিঃপিণ্ড দৰ্শন কৰিতেন। শয়নেব সময় চক্ষু মূৰ্ছিত কৰিবাব সঞ্চে সঞ্চে ঐ জ্যোতিঃগোলক তাঁহাব ভ্ৰম্ৰমধ্যে উল্লাসিত হইয়া উঠিত এবং ব্ৰহ্মে বিস্তৃত হইয়া তাঁহাৰ সমস্ত দেহ আচ্ছন্ন কৰিত। চিন্ময় জ্যোতিঃসাগরে

তাঁহার আমিষ ডুবিয়া যাইত—বালক* নিদ্রিত হইয়া পড়িতেন। এইৰূপ ঘটনা প্রত্যহই ঘটিত—কাজেই ইহা অসাধারণ বলিয়া তাঁহার মনে কোন প্রশ্ন আইসে নাই। দশ বৎসর বয়সের সময়েও তাঁহার ধারণা ছিল যে, প্রত্যেকেবই বুঝি নিদ্রা যাইবাব প্রাক্কালে ঐৰূপ ঘটনা থাকে। এই অদ্ভুত জ্যোতিঃগোলক সহায়ে তাঁহার মন স্বতঃই একাগ্র হইয়া পড়িত—কাজেই মনের সহিত বাসনার সহিত যুদ্ধ কবিয়া তাঁহাকে কোন দিন ব্যান্ধ হইবাব জন্য প্রবল চেষ্টা কবিতে হয় নাই।

বাল্যকাল হইতেই নবেন্দ্র সাধু সন্ন্যাসী দোঁশলেই আনিন্দিত হইতেন। তাঁহাদের প্রার্থনা পূরণ কবিতে নবেন্দ্র সৰ্বদাই মূক্তহস্ত। কখনও কখনও উলঙ্গ হইয়া স্বীয় পৰিধেয় বস্ত্র পর্যন্ত দান কবিয়া ফেলিতেন। গৃহস্থালীবি নিত্য আবশ্যক-দ্রব্যাদি দান কবিয়া সময় সময় লাঞ্ছিত হইলেও কাৰ্য্যকালে বালকেষ তাহা মনে থাকিত না। কখনও বা পৰিধেয় বস্ত্র ছিন্ন কবিয়া কোঁপীন ধারণ কৰতঃ সূতাম নবেন্দ্র 'শিব' 'শিব' বলিয়া কবতালি দিতে দিতে প্রাঙ্গণে নৃত্য কবিতেন—সে অদ্ভুত নৃত্য, হাস্যপ্রফুল্ল কমনীয় মৃদুস্বৰ, বিভূতি-ভূষিত বালসন্ন্যাসীকে অতৃপ্ত নয়নে দেখিতে দেখিতে স্নেহমুগ্ধা জননী শাসন কবিবাব কথা সম্পূর্ণ বিস্মৃত হইতেন।

শৈশবকাল হইতে বামাচরণ ও মহাভাবত ক্রমাগত শ্রবণ কবিতে কবিতে অধিকাংশ স্থানই তাঁহার মৃদুস্বৰ হইয়া গিয়াছিল। বালক সুললিত কণ্ঠে সময় সময় উহা আবৃত্তি কবিয়া শ্রোতৃবৃন্দকে মোহিত কবিতেন। কখনও বা ভিক্ষুক গায়কগণের নিকট শিক্ষাপ্রাপ্ত বাবাৰুক্ষ বা সীতাবাম লীলাবিষয়ক সংগীত বা সংগীতাংশ মধুর কণ্ঠে গাহিয়া পৰিজনবর্গের এবং পিতৃবৃন্দগণের চিত্তবিনোদন কবিতেন। সদা-প্রফুল্ল নবেন্দ্র সকলেবই প্রিয়পাত্র ছিলেন। আদর-সোহাগে বর্ধিত বালক স্বেচ্ছাচাৰী ও স্বাধীনতাপ্রিয় হইলেও পিতামাতার বিবিধ সদৃগ্ধাবলী তাঁহার কৈশোৰ-চরিত্রে স্থানলাভ কবিয়াছিল। পদে পদে নীতিশাস্ত্রের বৃঢ় অনুশাসনে প্রতিহত না হওয়ায় তাঁহার চরিত্র লোকলোচনের অন্তবালে আপন মাধুর্য্যে স্বাভাবিক ভাবেই ফুটিয়া উঠিতেছিল।

শ্রীবামকারণে উৎসর্গীকৃত জীবন বীৰভক্ত হনুমানের অলৌকিক কাৰ্য্যবলী শ্রবণ কবিতে বালক বড়ই ভালবাসিতেন। জননীবি নিকট তিনি শুনিলেন যে, হনুমান অমব, এখনও জীবিত আছেন। তদবধি তাঁহাকে দর্শন কবিবাব জন্য নবেন্দ্রের প্রাণ ব্যাকুল হইয়া উঠিল। একদিন নবেন্দ্র কথকতা শ্রবণ করিতে গিয়াছেন, কথকঠাকুর নানাপ্রকার অলঙ্কারমাণ্ডিত কবিয়া হাস্যবসেব সহিত হনুমানের

চৰিত্ৰ বৰ্ণন কৰিতেছেন, এমন সময় নৱেন্দ্ৰ ধীৰে ধীৰে তাঁহাৰ সমীপস্থ হইয়া জিজ্ঞাসা কৰিলেন, ‘মহাশয় আপনি যে বলিলেন হনুমান কলা খাইতে ভালবাসেন এবং কলাবাগানেই থাকেন, আমি তথায় গেলো কি তাঁহাকে দেখিতে পাইব?’ কি গভীৰ বিশ্বাস—কি পবিত্ৰ আন্তৰিকতাৰ সহিত যে বালক প্ৰশ্ন কৰিল, তাহা বুদ্ধিবাব মত অবসৰ ও শক্তি কথক মহাশয়েৰ ছিল না। তিনি বহু কবিতা বলিলেন, “হাঁ থোকা, তুমি কলাবাগানে খুঁজিলে তাঁহাকে পাইতে পাব।”

নবেন্দ্ৰ আৰু বাঢ়িতে ফিৰিলেন না। সত্য সত্যই বাটীৰ পাশ্বৰ্শ্বস্থ বাগানে প্ৰবেশ কৰিয়া কদলীবৃক্ষেৰ নিম্নে বসিয়া হনুমানৰ প্ৰতীক্ষা কৰিতে লাগিলেন। বহুক্ষণ কাটিয়া গেল, তথাপি হনুমান আসিলেন না, অগত্যা গভীৰ বাত্ৰে ভগ্নহৃদয়ে তিনি বাটীতে ফিৰিয়া আসিলেন। অভিমানে জননীৰ নিকট সমস্ত খুলিয়া বলিয়া কাৰণ জিজ্ঞাসা কৰিলেন। বালকেৰ বিশ্বাসেৰ মূলে আঘাত কৰা বুদ্ধিমতী জননী সঙ্গত মনে কৰিলেন না, তাঁহাৰ বিষাদব্লিষ্ট মূৰ্খখানি চুস্বন কৰিয়া বলিলেন “তুমি দৃষ্টি কৰিও না, আজ হুতো হনুমান বামকাৰ্ঘ্যে অন্যত্ৰ গিয়াছেন, আৰু এক দিন দেখা হইবে।” আশামুগ্ধ বালক শান্ত হইলেন—তাঁহাৰ মূৰ্খে আৰাৰ হাসি ফুটিয়া উঠিল। ইহাৰ পৰ বালক আৰু কখনও ঐ ভাবে হনুমান দৰ্শনেৰ জন্য চেষ্টা কৰিয়াছিলেন কি না, তাহা আমবা অবগত নহি, কিন্তু হনুমানৰ প্ৰতি গভীৰ শ্ৰদ্ধা তাঁহাৰ হৃদয় হইতে মুছিয়া যায় নাই, ইহা নিশ্চয়। উত্তৰকালে স্বামী বিবেকানন্দ, ব্ৰহ্মচৰ্যব্ৰতগ্ৰহণাভিলাষী যুবক মাগকেই মহাবীৰেৰ চৰিত্ৰ আদৰ্শৰূপে গ্ৰহণ কৰিতে বলিতেন। পৰাৰ্থে আত্মত্যাগে কৃতসংকল্প শিষ্যবৃন্দকে দাস্যভাৱে জীবন্তবিগ্ৰহ হনুমানৰ কথা বলিতে বলিতে তাঁহাৰ মুখমণ্ডল দীপ্ত আবেগে বিন্ধিত হইয়া উঠিত, সিংহগৰ্জনে বলিয়া উঠিতেন, ‘দে দিক্ দেশে মহাবীৰ হনুমানৰ পূজা চলিছে। দুৰ্বল বাঙালী জাতিৰ সম্মুখে এই মহাবীৰেৰ আদৰ্শ ধৰ। দেহে বল নেই, হৃদয়ে সাহস নেই—কি হবে এই সব জড়পিণ্ডগুনো দিহে। আমবা ইচ্ছে ঘবে ঘবে মহাবীৰেৰ পূজো হোক।’ একদা তিনি বেলুডমঠে মহাবীৰজীৰ একাটি প্ৰস্তৰ মূৰ্তি প্ৰতিষ্ঠাৰ সংকল্প কৰেন, কিন্তু সম্পন্ন কৰিয়া যাইতে পাবেন নাই।

এদিকে পঞ্চমবৰ্ষ বয়ঃক্ৰম পূৰ্ণ হইবাৰ পৰাই ষথানিষমে নবেন্দ্ৰনাথৰ বিদ্যাব্যভ হইয়াছিল। নবেন্দ্ৰনাথৰ গৃহশিক্ষক ‘গুৰু মহাশয়’ এই ছাত্ৰটিকে লইয়া বড়ই বিব্ৰত হইয়া পঢ়িয়াছিল। মাৰিয়া ধৰিয়া পড়া শিখাইবাৰ যে সনাতন নীতি তিনি অবাধে তাঁহাৰ ছাত্ৰদিগেৰ উপৰ প্ৰয়োগ কৰিয়া আসিয়াছেন, তাহাতে কিছুমাত্ৰ

সুফল ফলিল না। গুরুমহাশয় অগ্নিশর্মা হইলে নরেন্দ্রনাথ একেবারে বাকিয়া বসিতেন। অগত্যা গুরুমহাশয়কে সনাতন প্রথা ছাড়িয়া এই ক্ষুদ্র ছাত্রটিকে মিষ্ট কথায় তুষ্ট করিতে হইত। এইরূপে প্রাথমিক শিক্ষা সমাপ্ত হইলে নবেন্দ্র মেট্রোপলিটান ইন্সটিটিউসানে প্রেবিত হইলেন। সমবয়স্ক সহপাঠিবৃন্দের সঙ্গলাভ করিয়া নবেন্দ্রের আনন্দের পবিসীমা বাহিল না। নূতন খেলার সাথীদের লইয়া নবেন্দ্রের নেতৃত্বে শীঘ্রই একটি ক্ষুদ্র দল গড়িয়া উঠিল। প্রভাতে ও অপরাহ্নে ক্রীড়ামত্ত বালকগণের কৌতুক-কোলাহলে দত্ত-ভবনের সুবিস্তীর্ণ অঙ্গন মুখরিত থাকিত।

অপবাদিকে, স্কুলে গিয়া প্রথম প্রথম নবেন্দ্রনাথ বড়ই বিপদে পড়িলেন। পদে পদে তাঁহার স্বাধীনতা সংকুচিত হইতে লাগিল। একভাবে তিনি বহুক্ষণ বসিয়া থাকিতে পারিতেন না। কখনও দাঁড়াইতেন, কখনও বসিতেন, কখনও বা অকাবণে কক্ষ হইতে ছুটিয়া বাহিরে আসিতেন, কখনও বা করিবার কিছু না পাইয়া স্বীয় পবিধেয় বস্ত্র অথবা পুস্তক ছিন্ন করিতেন। সময় সময় তাঁহার পিতামাতার মত শিক্ষকগণও বিরত হইয়া উঠিতেন এবং শাসনবাক্যে সংযত হইবার পাত্র নরেন্দ্রনাথ নহেন, ইহা বুঝিতে পারিয়া মিষ্ট কথায় তাঁহাকে শান্ত করিতেন, চঞ্চল প্রকৃতির বালক হইলেও তাঁহার চরিত্রে বাল্যকাল হইতেই সাধারণ বালকগণ অপেক্ষা বহু স্বাভাব্য পবিলক্ষিত হইত। খেলিবার সময়ে সামান্য সামান্য বিষয় লইয়া কেহ বিবাদবত হইলে তিনি মহা বিরক্ত হইতেন, এবং স্বয়ং অগ্রসর হইয়া মীমাংসা করিয়া দিতেন। যদি তাঁহার উপদেশ অগ্রাহ্য করিয়া বালকগণ পবস্পবকে প্রহার করিতে উদ্যত হইত, নরেন্দ্রনাথ নিভীকভাবে তাহাদের মধ্যে দাঁড়াইয়া তাহাদিগকে নিরস্ত করিতেন। শাবীক শক্তিতে নবেন্দ্রনাথ কাহাবও অপেক্ষা ন্যূন ছিলেন না। ববং তাঁহার অসম সাহসিকতা দর্শনে অনেকেই চমৎকৃত হইতেন। ঘৃষি চালাইতে সিদ্ধহস্ত নরেন্দ্র অনেক দুষ্ট বালকের ভীতিব পাত্র ছিলেন। ন্যায্যবিচারক, উদার, ক্ষমাশীল, শক্তিমান প্রতিভাশালী নবেন্দ্রনাথকে সহপাঠীগণ স্বতঃপ্রবৃত্ত হইয়াই নেতার আসন ছাড়িয়া দিয়াছিলেন।

বাল্যকাল হইতে ভয় কাহাকে বলে তাহা তিনি জানিতেন না। যখন তাঁহার বয়স ছয় বৎসর মাত্র তখন তিনি একদিন সঙ্গগণ সমভিব্যাহারে চড়কের মেলা দেখিতে গিয়াছিলেন। মহাদেবের কতকগুলি মূর্তিকানিমিত্ত প্রতিমূর্তি ক্রয় করিয়া তাঁহারা ফিঁরিয়া আসিতেছেন এমন সময় একটি ক্ষুদ্র বালক দলদ্রষ্ট হইয়া ফুটপাথ হইতে বাস্তাঘ পড়িল। ঠিক সেই সময় সম্মুখে একখানি গাড়ি দেখিয়া

হৃতভঙ্গ্য বালক কি কবিবে ভাবিয়া পাইল না। পথিকগণ বিপদের গুরুত্ব বুদ্ধিতে পারিয়া চীৎকার কবিয়া উঠিল। গোলমাল শুনিয়া পিছনে দৃষ্টিপাত কবিরামাত্র নবেন্দ্র আসন্ন বিপদ বুদ্ধিতে পারিলেন। তিলমাত্র বিলম্ব না কবিয়া মহাদেবের মূর্তিটি বগলে ফেলিয়া দ্রুতবেগে প্রায় অশ্ব-পদতল হইতে বালকটিকে টানিয়া বাহির করিলেন। মূহূর্তকাল বিলম্ব হইলেই বালকেব অস্থি-মঞ্জা চূর্ণ হইয়া যাইত সন্দেহ নাই। ক্ষুদ্র বালকেব এই নিভীক কার্য দর্শনে সকলেই মুগ্ধকণ্ঠে সাধুবাদ প্রদান কবিতে লাগিলেন। কেহ কেহ ভাবেব আতিশয্যে তাঁহাব মস্তকে হস্তপ্রদান কবিয়া আনন্দোচ্ছল কণ্ঠে আশীর্বাদ কবিতে লাগিলেন। জননী সমস্ত ঘটনা অবগত হইয়া অগ্নলে আনন্দপ্রদ মূর্ছিতে মূর্ছিতে সন্তানকে ক্রোড়ে কবিয়া বাষ্পবিকৃত কণ্ঠে বলিলেন, ‘সব সময় এই বকম মানুষেব মত কাজ কবিও বাবা।’ কি কবিয়া সন্তানকে মানুষ কবিয়া গঠন কবিতে হয় তাহা তিনি জানিতেন। এই মহীয়সী মহিলাব নিজ হস্তে গাড়িয়া তোলা নবেন্দ্র, মহেন্দ্র, ভূপেন্দ্র নামক পুত্রত্রয়ের যশোবাসি বাঙ্গালীভ জাতীয় ইতিহাসেব এক গৌরবময় পৃষ্ঠা! একদিন বাল্যকালের বিষয় কোন শিষ্যকে বলিতে বলিতে স্বামিজী বলিয়াছিলেন,—‘ছোট বেলা খেবেই একটা একগুয়ে দানা ছিলুম আর কি? নৈলে কি আর কপর্দকশূন্য অবস্থায় সমস্ত দুনিয়াটা ঘুরে আসতে পারতুম বে?’

যে সমস্ত বালক জুজু, ভূত ইত্যাদি শুনিলে ভয়ে আড়ষ্ট না হইয়া ভূত দেখিতে চাষ নরেন্দ্রনাথ সেই শ্রেণীর বালক ছিলেন। ভয় দেখাইয়া নবেন্দ্রকে নিবস্ত কবা অসম্ভব ছিল। নবেন্দ্রদেব প্রতিবেশী এক খেলাব সাথীব বাড়িতে একটি চাঁপা ফুলের গাছ ছিল। ঐ গাছের ডালে পা বাধাইয়া মাথা ও হাত ঝুলাইয়া দোল খাওয়া নবেন্দ্রেব একটা প্রিয় খেলা ছিল। বাড়িব বৃদ্ধা-কর্তা একদিন নবেন্দ্রকে উঁচু ডালে ঐবৃপ দোল খাইতে দেখিয়া ভীত হইলেন—বিশেষতঃ নবেন্দ্রের উৎপাতে গাছটিও ভাঙ্গিবাব যথেষ্ট আশঙ্কা ছিল। তিনি নরেন্দ্রের স্বভাব জানিতেন, ধমক দিলে বিপরীত ফল হইবে। কাজেই মিষ্ট কথায় বলিলেন, ‘ছিঃ ও গাছটায় উঠো না।’ নরেন্দ্র জিজ্ঞাসা কবিল, ‘কেন, এ গাছটায় উঠলে কি হয়?’ বৃদ্ধ বলিলেন, ‘ও গাছে একটা ব্রহ্মদৈত্য থাকেন।’ এই বলিয়া বৃদ্ধ ব্রহ্মদৈত্যেব বিকট আকৃতি বর্ণনা করিলেন এবং তাঁহাব আশ্রিত বৃক্ষেব অপমান যে ব্রহ্মদৈত্য কিছুর্তেই ক্ষমা করিবেন না, তাহা দু’ একটা দৃষ্টান্তসহ বুঝাইয়া দিলেন। নরেন্দ্রকে নিবস্তর দেখিয়া বৃদ্ধ মনে করিলেন, তাঁহার উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে। বৃদ্ধ প্রস্থান কবিরামাত্র নরেন্দ্র পুনরায় গাছের ডালে উঠিয়া বসিলেন। মনে মনে ভাবিতে লাগিলেন,

ব্রহ্মদৈত্য মশাইকে একবার দেখতে পৈলে হয়। নবেন্দ্রের খেলাব সাথী যথেষ্ট ভীত হইয়াছিল, সে কাতবক্ণে বলিল, “না ভাই, অপদেবতার কথা বলা যায় না, কৌন্দিক থেকে কখন যে ঘাড় মটকে দেবে তার ঠিক নেই।” নবেন্দ্র হাসিয়া বলিলেন, “তুই একটা আস্ত বোকা। তোর ঠাকুবদাদা ভয় দেখাবার জন্য বানান গল্প বলে গেলেন। যদি সত্যি সত্যি এই গাছে ব্রহ্মদৈত্য থাকত, তা হলে সে এতদিন নিশ্চয় আমার ঘাড় মটকে দিত।”

লোকমুখে শুনিয়া যাহা তাহা বিশ্বাস করা নবেন্দ্রনাথের প্রকৃতিবিরুদ্ধ ছিল। বাল্যকাল হইতেই কোন কথা তিনি প্রত্যক্ষ প্রমাণ ব্যতীত বিশ্বাস করিতে চাহিতেন না। যৌবনে ঐ ভাবের প্রেরণাতেই নরেন্দ্রনাথ পুণ্ড্রিগত দার্শনিক তত্ত্বগুলির আলোচনা তত না হইয়া সত্যাভিলাষ করিবার জন্য সাধনায় প্রবৃত্ত হইয়াছিলেন।

চতুর্দশ বৎসর বয়সের সময় নবেন্দ্রনাথ উদরাময় বোগে আক্রান্ত হন। ক্রমাগত বহুদিনের বোগে ভুগিয়া তাঁহাব দেহ অস্থিচর্মসাব হইল। তখন বিশ্বনাথ কর্মোপলক্ষে মধ্যপ্রদেশে অন্তর্গত বাঘপুরে অবস্থান করিতেন। বাঘপুরিবর্তনে স্বাস্থ্যের উন্নতি হইবে অনুমান করিয়া তিনি পবিত্রবর্গ বাঘপুরে লইয়া আসিলেন। ১৮৭৭ খৃষ্টাব্দে নবেন্দ্র বাঘপুরে পিতার নিকট গমন করেন।

মধ্যপ্রদেশের সর্বত্র তখনো বেললাইন হয় নাই। এলাহাবাদ ও জম্মলপুর হইয়া নাগপুর পর্যন্ত বেলে যাওয়া চলিত। নাগপুর হইতে বাঘপুর যাইতে হইলে প্রায় পঞ্চাধিককাল গো-শকটে যাইতে হইত। সদৃশ পথ ঘূরিয়া অর্থ ভাবতবর্ষ অতিক্রমেব ফলে নরেন্দ্রনাথের তবদ্বয় মনে দেশ-জননীর বিচিত্র রূপ এক মোহময় ইন্দ্রজাল বিস্তার করিল। বিশ্বপ্রকৃতির অনন্ত রূপের ভাণ্ডার আজ তাঁহাব সম্মুখে কে যেন থরে থরে সাজাইয়া দিল। কিশোর কবি-হৃদয়ের প্রথম জাগ্রত সৌন্দর্যভূষণ অনন্ত অফুরন্তের মধ্যে তৃপ্তির আনন্দে ডুবিয়া গেল। এই দিব্যানুভূতির কথা নবেন্দ্রনাথ জীবনে বিস্মৃত হন নাই। তাঁহাব গুরুদ্বাদা পূজনীয় স্বামী সারদানন্দজী, বিবেকানন্দের নিকট ঐ কথা ঘেরূপ শুনিয়াছিলেন, তাহা ‘লীলাপ্রসঙ্গে’ লিপিবদ্ধ করিয়াছেন।

“তিনি বলিতেন, ‘বনমধ্যগত পথ দিয়া যাইতে যাইতে ঐ কালে যাহা দেখিয়াছি ও অনুভব করিয়াছি, তাহা স্মৃতির পথে চিরকালের জন্য দৃঢ় মুদ্রিত হইয়া গিয়াছে। বিশেষতঃ একদিনের কথা। উন্নতশীর্ষ বিশ্বাগিরির পাদদেশ দিয়া সৌন্দর্য আশ্রয়গকে যাইতে হইতেছিল। পথের দুই পার্শ্বেই গিরিশৃঙ্গসকল গগনস্পর্শ করিয়া দাড়ায়মান, নানাজাতীয়

বৃক্ষ-লতা ফল-পুষ্প-সম্ভারে অবনত হইয়া পর্বতপৃষ্ঠের অপূর্ব শোভা সম্পাদন করিয়া রহিয়াছে। মধুর কাকলীতে দিক্ পূর্ণ করিয়া নানাবর্ণের বিহগকুল কুঞ্জ হইতে কুজান্তরে গমন অথবা আহার অব্যবশ্যে কখনো কখনো ছুটিতে অবতরণ করিতেছে। ঐ সকল বিষয় দেখিতে দেখিতে মনে একটা অপূর্ব শান্তি অনুভব করিতেছিলাম। ধীর-মন্থর গতিতে চলিতে চলিতে গো-যান সকল ক্রমে ক্রমে এমন একস্থলে উপস্থিত হইল, যেখানে পর্বত-শৃঙ্গম্বয় যেন প্রেমে অগ্রসর হইয়া বনপথকে এককালে স্পর্শ করিয়া রহিয়াছে। তখন তাহাদিগের পৃষ্ঠদেশ বিশেষভাবে নিরীক্ষণ করিয়া দেখি, এক পাম্বের পর্বতগাত্রে মস্তক হইতে পাদদেশ পর্যন্ত বিস্তৃত একটি সুবৃহৎ ফাট রহিয়াছে এবং ঐ অন্তবালকে পূর্ণ কবিতা মক্ষিকাকুলের যুগযুগান্তব পরিপ্রভের নিদর্শনস্বরূপ একখানি প্রকাণ্ড মধুচক্র লম্বিত রহিয়াছে। তখন বিস্ময়ে মগ্ন হইয়া সেই মক্ষিকারাজ্যের আদি অন্তের কথা ভাবিতে ভাবিতে মন গ্রিজগৎনিষলতা ঈশ্বরের অনন্ত উপলব্ধিতে এমনভাবে তলাইয়া গেল যে, কিছু-কালের নিমিত্ত বাহ্যসংজ্ঞার এককালে লোপ হইল। কতক্ষণ ঐ ভাবে গো-যানে পড়িয়াছিলাম, স্মরণ হয় না। যখন পুনরায় চেতনা হইল তখন দেখিলাম, উক্ত স্থান অতিক্রম করিয়া অনেকদূরে আসিয়া পড়িয়াছি। গো-যানে একাকী ছিলাম বলিয়া ঐ কথা কেহ জানিতে পারে নাই।’ প্রবল কল্পনা সহায়ে ধ্যানরাজ্যে আরুঢ় হইয়া এককালে তন্ময় হইয়া যাওয়া নবোন্মদনাথের জীবনে বোধ হয় ইহাই প্রথম।”

রায়পুরে তখন স্কুল ছিল না, বিশ্বনাথ স্বয়ং পুত্রকে শিক্ষা দিতে লাগিলেন। মামলা-মোকদ্দমা লইয়া মাথা ঘামাইতে ও আদালতে ছুটাছুটি করিতে হইত না বলিয়া তিনি প্রচুর অবসর পাইতেন। পুত্রের প্রতিভা তাঁহার অবিদিত ছিল না, নিয়মিত স্কুলপাঠ্য পুস্তক ছাড়াও ইতিহাস, দর্শন ও সাহিত্য সম্বন্ধে নানাবিধ পুস্তক পুত্রকে পড়াইতে লাগিলেন, তাঁহার ভবনে প্রত্যহ অপরাহ্নে রায়পুরের শিক্ষিত ব্যক্তিগণ আসিতেন। প্রায় অধিকাংশ সময়েই নরেন্দ্র উপস্থিত থাকিয়া সাহিত্য, দর্শন ইত্যাদি আলোচনা মনোযোগ দিয়া শুনিতেন। কখনও কখনও বিশ্বনাথ পুত্রকে আলোচনায় যোগদান কবিতা মতামত প্রকাশ করিতে আদেশ করিতেন। বয়সে নিতান্ত বালক হইলেও প্রবীণগণ অনেক সময় তাঁহার যুক্তিপূর্ণ মন্তব্যগুলি শুনিয়া আনন্দিত হইতেন। পুত্রের যোগ্যতা দেখিয়া বিশ্বনাথও আনন্দের সহিত তাঁহাকে আলোচনায় উৎসাহ দিতেন। একদিন তাঁহার পিতৃবন্ধু জনৈক খ্যাতনামা লেখক বাঙলা-সাহিত্য সম্বন্ধে আলোচনা করিতেছিলেন, নরেন্দ্রনাথও পিতার ইঙ্গিতে আলোচনায় যোগদান করিলেন। সাহিত্যিকপ্রবর কিছুক্ষণ পরেই যুদ্ধিতে পারিলেন, অধিকাংশ প্রসিদ্ধ লেখকের গ্রন্থই বালক অধ্যয়ন করিয়াছেন। তিনি বিস্ময়ে ও আনন্দে নরেন্দ্রকে

বলিলেন, ‘বৎস আশা করি একদিন তুমি আমার স্বাভাষা গৌরবান্বিত হইবে।’ স্বামী বিবেকানন্দ লিখিত “বর্তমান ভারত”, “পবিত্রজ্ঞক”, “ভাবাব কথন”, “প্রাচ্য ও পাশ্চাত্য” ইত্যাদি পুস্তক তাঁহার ভবিষ্যৎবাণীকে সফল করিয়াছে সন্দেহ নাই।

পুত্রের বিকাশোন্মুখ বৃদ্ধি ও প্রতিভার সহিত সম্যক পরিচয়ের ফলে বিশ্বনাথ নরেন্দ্রের শিক্ষার ধাৰা কিঞ্চিৎ পরিবর্তন করিয়া লইলেন। পুত্রিগত বিদ্যার ভারে পুত্রের প্রথর স্মৃতিশক্তিকে ক্লান্ত না করিয়া তিনি পুত্রের সহিত নানা বিষয়ে তর্কের অবতারণা করিতেন এবং নরেন্দ্রকে স্বাধীনভাবে স্বয়ং প্রকাশ করিবার সুযোগ দিতেন। অপরদিকে নরেন্দ্রনাথও পিতার জ্ঞানগরিমার গভীরতার মুগ্ধ হইলেন। শ্রম্ভাবান জগতে চিরদিনই ঈশ্বরে বস্তু লাভ করিয়া থাকেন। মুগ্ধহৃদয়, দয়ালু, পরদুঃখ-কাতব বিশ্বনাথ পার্থিব সম্পদ দুঃহাতে বিলাইয়া গিয়াছেন। তাঁহার বহু কষ্টার্জিত জ্ঞানসম্পদ অজস্র ধারায় যোগ্য পুত্রকে দান করিয়া কৃতার্থ হইয়াছিলেন। নরেন্দ্রনাথ দীর্ঘ দুই বৎসর ধরিয়া পিতার নিকট কেবল জ্ঞান লাভই করেন নাই, তাঁহার কিশোর চরিত্রের উপর পিতার মহত্বের ছাপ গভীর ভাবে ফুটিয়া উঠিয়াছিল। তেজস্বিতা, পরদুঃখকাতরতা, আপদ-বিপদে ধৈর্য না হারাওয়া অনর্দমস্বর্নাচিতে ধীরভাবে কার্য করিয়া যাওয়া, নরেন্দ্র পিতার নিকট হইতেই শিক্ষা লাভ করিয়াছিলেন। শিক্ষার সঙ্গে সঙ্গে পিতার চরিত্রগত বৈশিষ্ট্যগুলিও ধীরে ধীরে নরেন্দ্রনাথ আশ্রয় করিয়া লইলেন। বিশ্বনাথ অমিতব্যয়ী ছিলেন, কিছুই সঞ্চয় করিতে পারিতেন না। নরেন্দ্রের যে বয়স তাহাতে ভবিষ্যতের কথা তাহার মনে উদয় হওয়া সম্ভব নহে। হযত কোন আত্মীয় বা স্বজনের পরামর্শে নরেন্দ্র একদিন পিতাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, “বাবা, আপনি আমাদের জন্য কি বাখিতেছেন?” এই প্রশ্ন শুনিলেই বিশ্বনাথ কক্ষগাত্র-বিলম্বিত সুবৃহৎ দর্পণের প্রতি অঙ্গুলি নির্দেশ করিয়া বলিলেন,— “যা আশিতে নিজের চেহারাটা দেখে আয়, তাহলেই বুঝিবে, তোকে আমি কি দিয়েছি।” বৃদ্ধিমান কিশোর বালক বুঝিয়া লইলেন। পুত্রদিগকে শিক্ষা দেওয়ার, তাহাদের মধ্যে আত্মবিশ্বাস উৎপাদন করিবার জন্য বিশ্বনাথ কখনো তিরস্কার করিতেন না, কটুবাক্য বলিতেন না। দৃষ্টান্তস্বরূপ আর একটা কথা বলা যায়। একদিন বালকসদৃশ চপলতাবশতঃ নরেন্দ্র জননীর প্রতি কটুবাক্য প্রয়োগ করিয়াছিলেন। বিশ্বনাথ এজন্য পুত্রকে তিরস্কার না করিয়া যে ঘরে নরেন্দ্র সহপাঠী ও বন্ধুবান্ধবদের লইয়া গল্পগজব ও পড়াশুনা করিতেন, সেই ঘরের দেওয়ালে কমলা দিয়া বড় বড় হরপে লিখিয়া রাখিলেন, “নরেন্দ্রবাবু তাঁহার মাতাকে এই সকল কটুবাক্য বলিয়াছেন।” ইহাতে নরেন্দ্রনাথ যে লজ্জা ও মনস্তাপ ভোগ করিয়াছিলেন

তাহা তাঁহার আজীবন মনে ছিল। আমি পূর্বেই বলিয়াছি, দত্ত-ভবনে বহু দূর-সম্পর্কীয় আত্মীয় ও অনাত্মীয় স্থায়ীভাবে আস্তানা ফেলিয়া অনবস্থ সমস্যার সমাধান করিয়াছিল, ইহার মধ্যে আবার কয়েকটি ব্যক্তিকে নিয়মিত মাদক দ্রব্য সেবনের ব্যয়ও বিম্বনাথকে দিতে হইত। অলস ও নেশাখোবদিগকে এ ভাবে প্রশ্রয় দেওয়ার বিরুদ্ধে পিতার নিকট একদিন নরেন্দ্র অভিযোগ করিয়াছিলেন, বিম্বনাথ সন্মুখে পুত্রকে বাহুডোরে বাঁধিয়া গদগদস্বরে বলিলেন, “জীবন যে কত দুঃখের তা তুমি এখন কি বুঝি। যখন বড় হবি, তখন দেখিবি, কি গভীর দুঃখের হাত থেকে, জীবনের শূন্যময় ব্যর্থতার স্তানির হাত থেকে ক্ষণিক নিষ্কৃতির জন্য তারা নেশা ভাঙ্গ করে, আর এ যখন জানিবি তখন তাদের উপর তোরও দয়া হবে।”

এইরূপ শিক্ষার মধ্য দিয়া নরেন্দ্রের চিন্তে পিতাব প্রতি এক গভীর প্রশ্রয় সঞ্চার হইয়াছিল। সময় সময় তিনি বন্ধুবর্গের নিকট জনকের গুণাবলী কীর্তন করিয়া গৌরব অনুভব করিতেন। আমি একজন মহৎ ব্যক্তির পুত্র, ইহা তিনি দম্ভের সহিত ঘোষণা করিতেন এবং এই কারণেই একটা প্রবল আত্মাভিমান তাঁহার প্রত্যেক বাক্য ও আচরণে সুস্পষ্ট হইয়া উঠিত। কেহ বালক বলিয়া তাঁহাকে অবজ্ঞা করিলে অত্যন্ত চট্টিয়া উঠিতেন। তাঁহার ঔষ্মত্য ও অহঙ্কারের মধ্যে ঈর্ষাস্বেষ ছিল না—ধনী-দরিদ্র, উচ্চ-নীচ সকল শ্রেণীর প্রতিবেশীগণই তাঁহার সমান প্রীতি ও প্রশ্রাব পাত্ৰ ছিলেন। সত্যবাক্য, সত্যাবহাব তাঁহার জীবনের মূলমন্ত্র ছিল—কিছুকালেই অপ্রিয় সত্য লোকের মূখের উপর স্বেচ্ছাহীন চিন্তে বলিয়া ফেলিতেন। সেজন্য সময় সময় শাসিত হইতেন বটে, কিন্তু তথাপি সত্য গোপন করিতে পারিতেন না।

কৈশোবে নিজেকে শক্তিশালী ও বুদ্ধিমান বলিয়া পরিচয় দিতে তিনি সর্বদাই চেষ্টা করিতেন। কেহ তাঁহার যুক্তিপূর্ণ কথা বালকের ধূর্ততা জ্ঞানে উপেক্ষা করিলে নরেন্দ্রনাথ ক্রুদ্ধ হইতেন। তকের সময়ে তাঁহার গুরুদলঘ্ন জ্ঞান থাকিত না। এমন কি, অবজ্ঞাত হইলে বালকের কঠোর সমালোচনা হইতে তাঁহার পিতৃবন্ধুগণ পর্যন্ত নিষ্কৃতি পাইতেন না। অবশ্য বিজ্ঞ ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিগণকে জন্ম কবিতা আত্মপ্রসাদ লাভ করিবার মত হীনতা তাঁহার ছিল না। গভীর আঘাত না পাইলে তিনি স্বমত প্রতিষ্ঠা করিতে অগ্রসর হইতেন না। তাঁহার এই সমস্ত ঔষ্মত্য বিম্বনাথ মার্জনা করিতেন না, বরং ষথায়থ শাসন করিতেন এবং ভবিষ্যতের জন্য সাবধান করিয়া দিতেন বটে, কিন্তু পুত্রের প্রবল আত্মনিষ্ঠা দেখিয়া অন্তরে অন্তরে হৃষ্ট হইতেন।

কয়েক মাসের মধ্যেই নরেন্দ্র পূর্ব স্বাস্থ্য ফিরিয়া পাইয়াছিলেন। ষোল বৎসর বয়সে তাঁহার দীর্ঘ বলিষ্ঠ দেহখানি দেখিয়া তাঁহার বয়স অনেকেই বিশ বৎসর অনুমান করিতেন। নিয়মিতভাবে শরীর চালনার জন্য কুস্তি ইত্যাদিতে তিনি ব্যালাকাল হইতেই অভ্যস্ত ছিলেন। তৎকালে হিন্দুমেলা প্রবর্তক নবগোপাল মিত্র মহাশয় শিমলা-পল্লীতে কণ্ঠওয়ালিশ স্ট্রীটের উপর একটি ব্যায়ামশালা প্রতিষ্ঠা করিয়াছিলেন। নরেন্দ্রনাথ এই আখড়াতে নিয়মিতরূপে ব্যায়াম করিতেন। প্রথম যৌবনে তিনি একবার ‘ব্লিং’ খেলায় সর্বপ্রথম হইয়া একটি রৌপ্যান্মিত প্রজাপতি উপহার পাইয়াছিলেন। তৎকালীন ছাত্রসমাজে উত্তম ক্রিকেট খেলোয়াড় বলিয়াও তাঁহার যথেষ্ট সুনাম ছিল।

বিশ্বনাথ উত্তম রন্ধন করিতে পারিতেন। নরেন্দ্র রাষপুত্রের অবস্থানকালীন পিতাব নিকট নানাবিধ সুখাদ্য প্রস্তুত করিতে শিক্ষা করেন। কলেজে পাঠকালীন তিনি সময় সময় বন্ধুবর্গকে নিমন্ত্রণ করিয়া স্বহস্তে রন্ধন করিয়া আহার করাইতেন। নবেন্দ্র আজীবন রন্ধনপ্রিয় ছিলেন। বিশ্ববিখ্যাত স্বামী বিবেকানন্দ হইয়াও তিনি এই রন্ধনপ্রিয়তা পবিত্যাগ করিতে পাবেন নাই। প্রায়ই বিবিধপ্রকার ব্যঞ্জন প্রস্তুত করিয়া শিষ্যবর্গকে যজ্ঞের সহিত স্বহস্তে পরিবেশন করিয়া আনন্দানুভব করিতেন।

প্রায় দুই বৎসর পর প্রিয়দর্শন নরেন্দ্রনাথ শারীরিক ও মানসিক বিচিত্র পরিবর্তন লইয়া বাষপুত্র হইতে বন্ধুবর্গের মধ্যে ফিবিয়া আসিলেন। বহুদিন পর তাঁহাকে পাইয়া সকলের আনন্দের পরিসীমা রহিল না। প্রায় দুই বৎসর অনুপস্থিত থাকার দরুণ তাঁহাকে প্রবেশিকা শ্রেণীতে ভর্তি হইতে কিঞ্চিৎ বেগ পাইতে হইল। অবশেষে তাঁহার গুরুদ্বন্দ্ব শিষ্যকগণ কর্তৃপক্ষের নিকট বিশেষভাবে অনুমতি লইয়া তাঁহাকে গ্রহণ করিলেন। তিনি দুই বৎসরের পাঠ্যপুস্তক কঠোর পরিশ্রমের সহিত এক বৎসরেই আয়ত্ত করিয়া প্রবেশিকা পরীক্ষার জন্য প্রস্তুত হইলেন এবং প্রশংসার সহিত প্রথম বিভাগে উত্তীর্ণ হইলেন। স্কুলের কর্তৃপক্ষ নবেন্দ্রের কৃতকার্যতা সমধিক প্রীতিলাভ করিলেন, কারণ সেবার একমাত্র তিনিই প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়া স্কুলের গোবব বক্ষা করিয়াছিলেন।

মেট্রোপলিটান ইন্সটিটিউশনে অধ্যয়নকালীন একজন পুত্রোত্তম সন্দর্শক শিক্ষক কর্ম হইতে অবসর গ্রহণ করিবেন শ্রুতিয়া নরেন্দ্রনাথ প্রমুখ কয়েকজন উদ্যোগী ছাত্র তাঁহাকে বিদ্যাবিভিনন্দন দিবার জন্য প্রস্তুত হন। আগামী পুরস্কার-বিতরণী সভায় তাঁহার শিক্ষক মহাশয়কে অভিনন্দিত করিবেন স্থির হইল। দেশবিখ্যাত বাস্মপ্রবর সন্দেহনাথ বন্দ্যোপাধ্যায় কথিত সভার সভাপতি ছিলেন। তাঁহার সম্মুখে দাঁড়াইয়া কে বক্তৃতা করিবে ভাবিয়া লাজকুণ্ঠিত বালকগণ আকুল হইল। অবশেষে সকলের

অনুরোধে নরেন্দ্রনাথই বস্ত্রারূপে নির্বাচিত হইলেন। নরেন্দ্র সভামঞ্চে দাঁড়াইয়া প্রায় অধঃপাশ্বে স্বীয় স্বভাবমুদ্রকণ্ঠে সুললিত ইংরাজীতে উক্ত শিক্ষক মহাশয়ের গুণাবলী বর্ণনা করিলেন। তিনি বক্তৃতা শেষ করিলে সুরেন্দ্রনাথ উঠিয়া গভীর প্রীতির সহিত নরেন্দ্রের বক্তৃতার প্রশংসা করিলেন। সেকালে যোড়শ কি সপ্তদশবর্ষীয় কিশোর বালকের পক্ষে জননেতা সুরেন্দ্রনাথের সম্মুখে দাঁড়াইয়া বক্তৃতা করা কম দৃঢ়তা ও আত্মনির্ভরতার পরিচায়ক নহে।

যে সমস্ত মহাপুরুষ যুগে যুগে জন্মগ্রহণ করিয়া জগতের চিন্তা-বাজ্যে পরিবর্তন আনিয়াছেন, দেশের ও দশের কল্যাণকামনায অমিত বর্ষ লইয়া অক্লান্ত পরিশ্রমে কর্ম করিয়াছেন, তাঁহারা প্রত্যেকে বাল্যকাল হইতেই স্বীয় অসাধারণ স্বর্ণপরিমিতব অনুরূপ করিয়াছেন। নরেন্দ্রনাথেরও যে সময় সময় ঐরূপ চিন্তা না আসিত এমন নহে, পারিপার্শ্বিক অবস্থা ও অন্যান্য বালকগণের সহিত তুলনায় অনেক সময় নিজের প্রেরণ উপলব্ধি করিতেন। সেইজন্যই তাঁহার আত্মনিষ্ঠা ও দৃঢ়তা সাধারণের দৃষ্টিতে অহঙ্কার বলিয়া মনে হইত। অহঙ্কার হইলেও উহা পরপীড়ক ছিল না—তাহা হইলে তিনি সহপাঠী এবং প্রতিবেশী আবাল-বৃদ্ধ-বনিতার হৃদয় আকর্ষণ করিতে কখনও সমর্থ হইতেন না।

নরেন্দ্রনাথের চরিত্রে যাহা কিছু মহৎ, যাহা কিছু সুন্দর, সমস্তই তাঁহার সুদীক্ষিত মার্জিতরুচি জননীর সুদীক্ষা ও যত্নের ফল। সন্তানগণের চরিত্রে যাহাতে কোনপ্রকার নীচতা স্থান না পায়, সেজন্য তিনি সর্বদা সাবধানে থাকিতেন। মাতৃভক্ত নরেন্দ্র কোনদিন জননীর আদেশ লঙ্ঘন করিতেন না। সন্তানকে মানুষের মত মানুষ দেখিবার জন্য কোন জননী না আগ্রহ হইবে? কিন্তু সকলে কেমন করিয়া মানুষ গড়িয়া তুলিতে হয় জানেন না। আধুনিক বঙ্গজননিগণ পারিবারিক স্বন্দ-কলহে লিপ্ত হইয়া যখন অজ্ঞাতসারে দুঃখপোষ্য শিশুদিগের হৃদয় ঈর্ষা-বিষে কলুষিত করিয়া তুলিতে থাকেন, তখন তাঁহারা ভাবিবার অবসর পান না যে, দৈবক্স কথিত “অসাধাবণ লক্ষণাক্রান্ত” বালক ভবিষ্যতে একজন পরপ্রীকাতব, সক্ষীর্ণচেতা, হীন বিলাসী “বাবু”তে পরিণত হইবে মাত্র। (বাংলার জনকজননী সন্তান উৎপাদন করিতে ও প্রসব করিতে সুদক্ষ, কিন্তু কেমন করিয়া মানুষ গড়িয়া তুলিতে হয় জানেন না, শিখেন না, ভাবেনও না।) গতানুগতিকভাবে তিনবেলা আহার করাইয়া বিশ্বসংসারে পরের এটোপাত হইতে দুঃখমুক্তো খুঁটিয়া খাইবার জন্য সন্তানগণকে ছাড়িয়া দেন—ফলে দেশে বাঙালীর সংখ্যা বৃদ্ধি পাইতেছে সত্য, কিন্তু “মানুষ” ক্রমেই বিরল হইয়া আসিতেছে।

জননী ভুবনেশ্বরী সিংহিনী ছিলেন বলিষাই না নরেন্দ্রনাথের মত পুরুষসিংহ প্রসব কবিষাছিলেন। নারীসুলভ কোমলতার অন্তবালে তাঁহার চরিত্রে এমন একটা দৃঢ়তা ছিল, যাহা অন্যায, অসত্য ও অবিচারের বিরুদ্ধে সর্বদা সদর্পে ঠগের উন্নত করিয়া দণ্ডাযমান হইত। স্বামী বিবেকানন্দ দেহত্যাগ কবিবার পবও এই মহিমময়ী মহিলা নয় বৎসরকাল জীবিতা ছিলেন। তিনি তাঁহার আদরের পুত্র নরেন্দ্রনাথকে জগন্মিথ্যাত স্বামী বিবেকানন্দে পরিবর্তিত হইতে দেখিয়াছিলেন। জগৎ মৃৎ-বিস্ময়ে দেখিয়াছে, এই তেজস্বিনী রমণী, পুত্র ভাগীরথী-তীরে স্থায় পুত্রের চিতা-পার্শ্বে দাঁড়াইয়া অকম্পিতপদে শেষ প্রার্থনায় যোগদান কবিষাছেন। তিনি বিবেকানন্দের জননী, এ গোরব-গর্ব তাঁহাব সংযম-সাধন-ক্লিষ্ট সৌম্যমুখমণ্ডলে সর্বদা জাগ্রত থাকিষা, সাধাবণের শ্রদ্ধাবিষ্মিত্র সম্ভ্রম-দৃষ্টি আকর্ষণ কবিত। ১৯১১ খৃষ্টাব্দের ২৫শে জানুয়ারী তাঁহার দেহান্ত হয়।

পিতা ও মাতার স্নেহ-কোড়ে প্রাচুর্যের মধ্যে নরেন্দ্রনাথের শৈশব ও কৈশোর-জীবন হাসি, আনন্দ, খেলাধুলায় কাটিয়াছে। তাঁহার বাল্যজীবন অলৌকিক বা অসাধারণ না হইলেও অনুপম। ষোল বৎসর বয়সেই তিনি যেরূপ তীক্ষ্ণ বুদ্ধি, প্রবল আত্মনিষ্ঠা ও জ্ঞানার্জনের প্রবল আগ্রহ দেখাইয়াছেন, তাহা দুর্লভ। পিতার নিকট তিনি বাল্যকাল হইতেই সঙ্গীত শিক্ষা করিয়াছিলেন এবং গীতবাদ্যেও তাঁহার অধিকার ঐ কালে নিতান্ত কম ছিল না। এই মেধাবী, তেজস্বী, চঞ্চল-চপল-বালক, একদিকে যেমন পরিহাস-রসিক, ক্রীড়াপ্রিয়, উগ্রস্বভাব ছিলেন, অপর দিকে তেমনি গভীর চিন্তাশীল, দযালু, বন্ধুবৎসলও ছিলেন। তাঁহার ভাবভঙ্গীর মধ্যে এমন একটা অকপট সারল্য ফুটিয়া উঠিত, যাহাতে তিনি আত্মীয়স্বজন, বন্ধুবান্ধবের নিকট প্রিয় হইতেও প্রকৃতর হইয়া উঠিয়াছিলেন। প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কলেজে প্রবেশ কবিবার পর হইতেই ঘটনার ঘাত-প্রতিঘাতে নবোন্মের সহজ ও স্বাভাবিক জীবনের এক বিচিত্র বহস্য-জটিল অধ্যায় আরম্ভ হইল।

দ্বিতীয় অধ্যায়

সংস্কার যুগ

(১৮০০—১৮৮০)

“সংস্কারকেরা বিফল-মনোরথ হইয়াছেন। ইহাব কাৰণ কি? কারণ, তাঁহাদের মধ্যে অতি অল্পসংখ্যক ব্যক্তিই তাঁহাদের নিজের ধর্ম উত্তমরূপে অধ্যয়ন ও আলোচনা করিয়াছেন, আর তাঁহাদের একজনও “সকল ধর্মের প্রসূতিকে” বৃষ্টিবার জন্য যে সাধনের প্রয়োজন, সেই সাধনের মধ্য দিয়া যান নাই। ঈশ্ববেচ্ছায় আমি এই সমস্যা মীমাংসা করিয়াছি বলিয়া দাবী করি।”

—বিবেকানন্দ

অষ্টাদশ শতাব্দীর ভারতবর্ষে আদর্শভ্রষ্ট আত্মবিস্মৃত দুইটি মহাজাতিব বংশধবগণ নিশ্চয়ই ধর্মে, সমাজে ও বাণ্টে অধঃপতনের শেষ সীমায় আসিয়া পৌঁছিয়াছিল। বিধাতার অলক্ষ্য বিধানে এই দৌর্বল্য ও জডত্বের শাস্তি অতি নিদারুণ হইয়া দেখা দিল। মোগল-সাম্রাজ্যের সুপ্রতিষ্ঠিত ময়ূব-সিংহাসন দস্যু কতৃক নুদীত হইল, নববল-দ্যুত মহারাজ্য জাতির গৌরবময় অভ্যুত্থানের উন্নত মস্তক ইতিহাসের নিম্নম বজ্রদণ্ডে চূর্ণ হইয়া গেল, বণিক ইংরাজের মানদণ্ড সহসা ভারতবাসীর মস্তকের উপর রাজদণ্ড হইয়া দেখা দিল, শিখ-গরিমা-সূর্য উদযাচল-শিখরেই নিভিয়া গেল। ষোড়শ শতাব্দীর ভারতবর্ষে যেমন নিঃসহায়ভাবে হিন্দু ও বৌদ্ধ একসঙ্গে নতশিরে ইসলাম রাজশক্তির সম্মুখে দাঁড়াইয়াছিল, অষ্টাদশ শতাব্দীতে ঠিক তেমনিভাবে হিন্দু ও মুসলমান—দুই নিব্দপায় সম্প্রদায় একরূপ অপ্রতিবাদেই ইংরাজের পদানত হইয়া পড়িল। এই অভিনব রাজনৈতিক পরিবর্তনে পশ্চিমদেশাগত বণিক-ব্যাধ-নিকরের সুলভ-মৃগযাক্ষেত্রে পরিণত ভারতবর্ষের দৈন্য ও দৌর্বল্যের প্রাথমিক্ত আরম্ভ হইল ঊনবিংশ শতাব্দীতে।

আদর্শভ্রষ্ট ছত্রভঙ্গ হিন্দুজাতি সমগ্র মুসলমান-যুগেও প্রাণপণ বলে জাতীয় স্বাভাব্য ও বৈশিষ্ট্য বহুল পরিমাণে অব্যাহত রাখিয়া আত্মরক্ষা করিতে সক্ষম হইয়াছিল। কিন্তু ব্রিটিশ যুগে এক বিপরীত শিক্ষা ও সভ্যতার সংঘাতে প্রাচীন সমাজের পুরাতন রক্ষণশীলতা কোনই কাজে আসিল না। মুসলমান-শিক্ষা ও সভ্যতার

প্রভাব হইতে আত্মরক্ষা করিতে যে কৌশল অবলম্বিত হইয়াছিল, সেইগুলির বিচারহীন অনুকরণ এই অভিনব শিক্ষা ও সভ্যতার প্রভাবকে বাধা দিতে পারিল না। কাল ও অবস্থাভেদে আত্মরক্ষা ও আত্মপ্রতিষ্ঠার নব নব ব্যবস্থা করিতে একান্ত অপারগ হিন্দু-সমাজ বহু শতাব্দী-সঞ্চিত কুসংস্কারের ভারে প্রায় সকল দিক দিয়াই পঙ্গু হইয়া পড়িয়াছিল। বিজিত জাতি সহজেই বিজয়ী জাতির গুণ-গরিমাষ অভিভূত হইয়া পড়ে। কয়েক শতাব্দীর পরাধীনতার ফলে আত্মবিস্মৃত হিন্দুজাতির সম্মুখে পাশ্চাত্যের শিক্ষা ও সভ্যতা যোদিন মরু-মরীচিকার সম্মোহিনী শক্তি লইয়া সুরঞ্জিত ইন্দ্রধনুৰ ন্যায় বিবিধ বৈচিত্র্যময় দৃশ্যে উদ্ভাসিত হইয়া উঠিল, সেদিন ভাবতের ইতিহাসে—বিশেষতঃ বাঙ্গালীর ইতিহাসে এক নবীন অধ্যায় আবিস্কৃত হইল। বিশেষ করিয়া বাঙ্গালীর কথা বলিবার উদ্দেশ্য এই যে, এ জাতির উচ্চশ্রেণীর মত ভারতের অন্য কোন প্রদেশবাসী এত অসংযতভাবে প্রতীচী-সভ্যতা-স্রোতে ভাসিয়া যাইবার চেষ্টা কবে নাই। ফলে পাশ্চাত্য আদর্শের সহিত প্রাচ্যের সংঘর্ষণে যে ক্রিয়া-প্রতিক্রিয়া আবিস্কৃত হইল, দাসসুলভ পবনুকরণ-প্রবৃত্তির চাপলা সমাজ-জীবনে যে চাপল্যের সৃষ্টি করিল, তাহা বাঙ্গলাদেশেই প্রবলাকার ধারণ করিল, আর এই আন্দোলনসমূহের কেন্দ্রস্থল হইল—ভারতের নব প্রতিষ্ঠিত রাজধানী কলিকাতা-নগরী।

এদেশে ইংবেজ রাজত্ব সুপ্রতিষ্ঠিত হইবার সঙ্গে সঙ্গে খৃষ্টান মিশনারীরা নিরদ্বৈবেগে হিহদেনদিগকে অন্ধকার হইতে আলোকে আনিবার জন্য উঠিয়া-পড়িয়া লাগিলেন, দলে দলে মিশনারী আসিতে লাগিলেন। ধর্মপ্রচার করিতে আসিয়া প্রথমেই তাঁহাদিগকে বঙ্গভাষা শিক্ষা করিতে হইত। ক্রমে ধর্মপ্রচারের বাধাগুলি চিন্তা করিয়া তাঁহারা স্থির করিয়াছিলেন যে, শিক্ষাবিস্তারের সঙ্গে সঙ্গে খৃষ্টধর্ম প্রচার করিতে আরম্ভ করিলে প্রচুরকার্য অপেক্ষাকৃত উত্তমরূপে চলিবে। এইরূপে তাঁহারা স্থানে স্থানে বিদ্যালয় খুলিতে লাগিলেন এবং শিক্ষার ভিতর দিয়া কোমলমতি বালক ও তরলমতি যুবকবৃন্দের চিত্তে প্রাণপণে খৃষ্টধর্মের মহিমা মূদ্রিত করিতে প্রয়াসী হইলেন। অবশ্য কোন কোন উদারহৃদয় মিশনারী বা ইংরেজ যে কেবলমাত্র শিক্ষাবিস্তারের জন্যই শিক্ষাপ্রদান করিতে উদ্যত হইয়াছিলেন এবং বাধা ও বিপত্তির সহিত যথেষ্ট যুদ্ধ করিয়াছিলেন, বাঙ্গালীজাতি এত অকৃতজ্ঞ নহে যে, তাঁহাদের পদাশ্রয়িত সহজে জাতীয় ইতিহাস হইতে মুছিয়া ফেলিবে।

১৮০০ খৃষ্টাব্দে প্রথম কলিকাতা সহবে ফোর্ট উইলিয়ম কলেজ স্থাপিত হয়। ঠিক সেই বৎসর আধুনিক শিক্ষার অন্যতম জনক ডেভিড হেয়ার বাঙ্গলা দেশে আগমন করিলেন। এই মহাপুরুষ নাস্তিক নীতিপরায়ণ ও মানবহিতৈষী ছিলেন।

কিছুদিন পর ইনি বিষয়কর্ম ছাড়িয়া একমাত্র শিক্ষাপ্রচাবকল্পেই আত্মনিয়োগ করিলেন।

খৃষ্টান মিশনরীগণ রাজশক্তির আনুকূল্যে ক্রমে সাহস পাইয়া হিন্দুধর্ম-বিস্ফেব-বিষ উদ্গীরণ কবিতো লাগিলেন। প্রাচীন স্থবিব জড়পিণ্ডবৎ হিন্দুসমাজ কান পাতিয়া শুনিল যে, তাহাদের আচার-ব্যবহার, বীতি-নীতি সমস্তই মন্দ, ভয়াবহ পৈশাচিকতা-পূর্ণ। ইহার ফলে তাহাবা ইহলোকে সর্বপ্রকার ভোগ-সুখ হইতে বঞ্চিত এবং পরলোকে অনন্ত নরকে যাইবে। যত প্রকারে নিন্দা করা যাইতে পারে, মিশনরীগণ তাহার কোনটিই বাকী রাখিলেন না। জনৈকা ইংরাজ মহিলা-মিশনবী হিন্দুধর্মকে গালাগালি ও অভিশাপ দিবার জন্য ভাষা খুঁজিয়া না পাইয়া অবশেষে প্রাণেব জ্বালা মিটাইবার জন্য অনেক গবেষণা করিয়া স্থির করিলেন,— “Crystallized immorality and Hinduism are same thing ” অর্থাৎ স্ফটিকাকারে ঘনীভূত অপবিত্রতা ও হিন্দুধর্ম একই জিনিস।

প্রাচীন রক্ষণশীল হিন্দুসমাজ এই অভিনব আক্রমণ প্রতিরোধ করিবার কোন চেষ্টাই কবিল না। পাঠান ও মুঘল-যুগে ইসলাম ধর্ম প্রচারকদিগকে রাজনৈতিক কারণে বাধা দেওয়া ব্রাহ্মণগণের পক্ষে অসাধ্য ছিল। এক্ষেত্রেও তাঁহাবা হযতো ভাবিয়াছিলেন, পাদ্রীগণের প্রচাবকার্যের প্রকাশ্য প্রতিবাদ করিলে খৃষ্টান রাজশক্তিব কোপে পড়িতে হইবে। আরো একটা প্রধান কাবণ, ইসলাম অথবা খৃষ্টধর্মের মত হিন্দুধর্ম প্রচাবশীল ছিল না। হিন্দুসমাজ কৃত্রিম জাতিভেদ প্রথার জন্য ক্ষুদ্র ক্ষুদ্র শ্রেণীতে বিভক্ত ও বিভিন্ন বলিয়া ধর্ম, নীতি, সদাচার প্রভৃতি সর্বস্তবে সমান নহে এবং পরস্পরের প্রতি ঘৃণা ও অবজ্ঞাও প্রচুর। সমাজেব এই অবস্থায়, সমগ্রের জন্য মমত্ববোধ সমাজ-জীবন হইতে লুপ্ত হইয়াছিল। গত দুই তিন শতাব্দীতে বাঙ্গলা-দেশে সহস্র সহস্র পরিবার মুসলমানধর্ম গ্রহণ কবার ফলে যেমন হিন্দুসমাজ উৎকণ্ঠিত হয় নাই তেমনি পাদ্রীদের আক্রমণেও তাহাবা বিচলিত হইল না। গতনুগতিক হিন্দুসমাজ সেকেলে কতকগুলি প্রথা নিষেধ মানিয়া চলা, বার মাসে তের পার্বণ, তীর্থযাত্রা, গঙ্গাস্নান, ব্রাহ্মণ বৈষ্ণবকে দান, অন্নপানীয়ের আদান-প্রদানের কতকগুলি নিয়মকে মানিয়া চলাই ধর্ম বলিয়া মনে করিতেন। ব্রাহ্মণদেব মধ্যে অল্পসংখ্যক ন্যাযশাস্ত্র ও স্মৃতিশাস্ত্রের চর্চা করিতেন মাত্র, বেদ ও বেদান্ত আলোচনা বাঙ্গলা দেশে প্রায় বিলুপ্ত হইয়াছিল। ধনী ও বড়লোকদের ধর্মকর্মের নামে শোষণ এবং তাহাদের গুণকীর্তন করিয়া অর্থোপার্জন, মন্ত্র দিয়া শিষ্যবৃত্ত অপহরণ, দেশাচার, লোকাচার, স্ত্রী-আচার পালন, সামাজিক দলাদলি লইয়া ব্রাহ্মণগণ নিশ্চিন্ত ছিলেন। সর্বসাধারণ

2011



হিন্দুদের মধ্যে জ্ঞানবিদ্যা আলোচনার কোন চেষ্টা ছিল না। আরবী পাশা পড়িয়া চাকুবী অথবা বিষয়কার্য চালাইবার মত পত্রলেখা ও হিসাব-বাখিতে পারাই শিক্ষার চরম আদর্শ ছিল। ইংরাজ বাজস্বের প্রাবল্যে ধনী ও বাবু বাঙ্গালীদের চবিত্ত নানাদিকে দ্রষ্ট হইয়া পড়িয়াছিল, অর্থ থাকিলে পঙ্কী বা পঙ্কীদের গোচরেই অনেকে উপপঙ্কী বাখিতেন, বিদ্যাসুন্দর, কবি ও তর্জার লড়াইএর অশ্লীল ও কুর্বাচিপূর্ণ সংগীত অভিনয়ে তৃপ্ত হইতেন। কলিকাতার বাবুরা বুলবুলি ও ঘুড়ির খেলা, বারবানিতা লইয়া বাগানবাড়িতে আমোদ, বেশভূষা প্রভৃতিতেও মগ্ন থাকিতেন। এই সময় সহসা এক মেধাবী মহাপুরুষ কলিকাতা সহবে আবির্ভূত হইলেন, তন্মাত্রাঙ্গ বাঙ্গালী জাতি এক বৃট্ট আঘাতে চৈতন্য পাইয়া দেখিল, মহা মনীষী বাজা বামমোহন বাঘ (১৭৭২—১৮৩৩)। বামমোহনের ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলনে কলিকাতা নগরী বিক্ষুব্ধ হইল—বাঙ্গালার সর্বত্র আলোচনার তরঙ্গ ছড়াইয়া পড়িল। “বাবুদিগের বৈঠকখানা, ভট্টাচার্যের চতুষ্পাঠীতে, পল্লীগামের চণ্ডীমন্ডপে যেখানে সেখানে বামমোহনের কথা। অন্তঃপুরের মধ্যেও আন্দোলনের স্রোত প্রবাহিত হইতে অবশিষ্ট থাকিল না।”

রামমোহন ধনী ও অভিজাত ব্রাহ্মণ বংশে জন্মগ্রহণ করেন। বাল্যকালে পাটনায় তিনি আরবী ও পাশা ভাষা শিক্ষা করেন এবং ঐ ভাষায় কোরান, ইউক্লিড ও আরিস্টটলের গ্রন্থাদি পাঠ করেন। পরে কাশীতে গিয়া সংস্কৃত ও বেদান্ত অধ্যয়ন করেন। বেদান্ত ও কোরান পাঠ করিবার কালে তিনি মূর্তিপূজাবিোধী ও একেশ্বরবাদী হইয়া উঠেন। প্রচলিত ধর্মের নিন্দা করিয়া আরবী ভাষায় একখানি গ্রন্থ রচনা করেন। ইহাব ফলে তিনি পিতা ও আত্মীয়বর্গ কর্তৃক পরিত্যক্ত হন। পরে কলিকাতায় আমিয়া ইংবাজী, ল্যাটিন ও হিব্রু ভাষা শিক্ষা করিয়া বাইবেল ইত্যাদি পাঠ করেন। বহুভাষাবিদ এবং বিভিন্ন ধর্মের তত্ত্বজ্ঞ বামমোহনই সর্বপ্রথম বিভিন্ন ধর্মমতের তুলনামূলক আলোচনার সূত্রপাত করেন। ইতিপূর্বে পাশ্চাত্যদেশেও কোন পণ্ডিত এইরূপ যুক্তিবাদ সহজে বিভিন্ন ধর্মমতের তুলনামূলক আলোচনায় হস্তক্ষেপ করেন নাই। যাহা হউক, পিতার মৃত্যুর পর ১৮০৩ সালে রামমোহন পুনর্বার পরিবারবর্গের সহিত মিলিত হন এবং ১৮০৫ হইতে ১৮১৫ পর্যন্ত বিভিন্ন স্থানে কলেজের সেবেস্তাদারী করেন। রংপুরে (১৮০৯-১৪) থাকার সময়ই বামমোহন বেদান্ত আলোচনার সূত্রপাত করেন এবং উপনিষদের অনুবাদকার্যে হস্তক্ষেপ করেন। পরে চাকুরী ছাড়িয়া ১৮১৪ সালে কলিকাতায় আসিয়া “আত্মীয়সভা বলিয়া একটি সমিতি প্রতিষ্ঠা করিলেন এবং অনুবাদগী ব্যক্তিবর্গকে লইয়া বহুদিন

বিলম্বিতপ্রায় উপনিষদ প্রচার এবং সঙ্গে সঙ্গে মূর্তিপূজা ও প্রচলিত পৌৰাণিক হিন্দুধর্মের বিবন্ধে আন্দোলন আবশ্য কবিলেন। কেবল হিন্দুধর্মের কুসংস্কার ও অর্থোক্তিক মতবাদ নহে খৃষ্টানধর্ম বিশেষভাবে মিশনরী প্রচারিত মতবাদের অসারতাও প্রমাণ কবিয়া তিনি প্রবন্ধ ও পুস্তিকাদি প্রচার করিতে লাগিলেন। ফলে প্রাচীন-পন্থী হিন্দুসমাজ এবং মিশনবীৰ্য্যদ অসহিষ্ণু হইয়া উঠিলেন। ১৮২১ সালে উইলিয়ম আডাম নামক জনৈক মিশনবী বারমোহনেব পদাঙ্ক অনুসরণ কবিয়া খৃষ্টীয় গ্রন্থবাদ পবিত্যাগ পূর্বক একেশ্বরবাদ গ্রহণ কবিলেন। এই ব্যাপার লইয়া মিশনবী সমাজেও একটা উত্তেজনার সৃষ্টি হইল। মিশনবীগণ দেখিলেন, ‘পৌত্তলিকতা’ বা তথাকথিত আচার-ব্যবহাবেব উপব হিন্দুধর্ম প্রতিষ্ঠিত নহে, উহাব মূল ভিত্তি হইতেছে বেদান্ত-দর্শন। ম্যাসম্যান, কেবী প্রভৃতি খ্রীবামপদ্বস্থ মিশনরী-গণ বেদান্তদর্শনকে আক্রমণ কবিলেন। বারমোহনও প্রস্তুত ছিলেন। তিনি ধীবভাবে তাঁহাদের অর্থোক্তিক মতগুণি একে একে খণ্ডন কবিতে লাগিলেন। এই বিখ্যাত বেদান্তযুদ্ধ একটা ঐতিহাসিক ঘটনা। মিশনরীগণের বাঙ্গালীকে খৃষ্টান করিবার প্রাণপণ চেষ্টাব বিবন্ধে বাজা বারমোহন একক দাঁড়াইয়াছিলেন। বলা বাহুল্য, সেদিন তাঁহার পার্শ্বে দাঁড়ান তো দূবেব কথা, হিন্দুসমাজ ববং তাঁহার বিবন্ধাচরণ কবিয়াছিল। একদিকে স্বজাতিব শতাব্দী সঞ্চিত কুসংস্কার, অপবদিকে খৃষ্টানী ধর্মালম্বিতাপ্রসূত হিন্দুধর্ম ও দর্শনের দ্রান্ত-ব্যাখ্যা—এই উভয়ের বিবন্ধে যুগপৎ বারমোহনকে শাস্ত্র ও যুক্তি প্রয়োগ করিতে হইয়াছে।

উনিবংশ শতাব্দীর প্রথম ভাগে অসীমশক্তিশালী বারমোহনেব চিন্তা ও চরিত্র সমাজেব অভ্যস্ত জড়ত্বের উপর পুনঃ পুনঃ আঘাত কবিয়া এক নবজীবনের চাঞ্চল্য জাগ্রত করিল। ধর্ম, সমাজে, রাষ্ট্রে অধঃপতিত জাতিকে হীনতার পক্ষশয্যা হইতে টানিয়া তুলিবার জন্য রাজা সমস্ত প্রতিকূল শক্তির বিরুদ্ধে একক দাঁড়াইয়া যে কি অসাধ্য সাধনের চেষ্টা করিয়াছিলেন, শতাব্দীর ব্যবধানে নানা কারণে আজ তাহা ধারণা করা কঠিন। রবীন্দ্রনাথের ভাষায় বলিতে হয়, “তিনি কি না কবিয়াছিলেন ? শিক্ষা বল, রাজনীতি বল, বঙ্গভাষা বল, বঙ্গসাহিত্য বল, সমাজ বল, ধর্ম বল, বঙ্গ-সমাজেব যে কোন বিভাগে উত্তরোত্তর যতই উন্নতি হইতেছে, সে কেবল তাঁহারই হস্তাক্ষর নতুন নতুন পৃষ্ঠায় উত্তরোত্তর পরিষ্কৃতিত হইয়া উঠিতেছে মাত্র।”

তৎকালীন বঙ্গ-সমাজে বারমোহন রাযেব প্রতিভা, সঙ্গভীর স্বদেশপ্রেম উপলব্ধি করিবার মত লোক অতি অল্পই ছিল। সেই অল্পসংখ্যক সহচর লইয়া তিনি কুসংস্কার, অর্থহীন প্রথা, প্রাণহীন আচার প্রভৃতিব বিরুদ্ধে নির্মম হইয়া সংগ্রামেব

সূচনা করিয়াছিলেন। মূর্তিপূজার বা জাতিভেদের বিবন্ধে রাজার আন্দোলন অপেক্ষা, সহমরণ-প্রথার কদর্য নিষ্ঠুরতার বিরুদ্ধে তাঁহার আন্দোলন, রক্ষণশীল সমাজকে অত্যন্ত চঞ্চল করিয়া তুলিয়াছিল। শোকার্তা সদ্যবিধবাকে ছলে কৌশলে এবং বলপূর্বক প্রকাশ্য দিবালোকে মৃত পতির সহিত দাহ করাকে মহাপুণ্য কার্য বলিয়া সমর্থন করিবার লোকের অভাব ছিল না। প্রথার এমনি প্রভাব। সাধারণতঃ দয়ালু ন্যায়পবায়ণ ব্যক্তিরাত্তি প্রথার মোহে হিতাহিত জ্ঞানশূন্য হইয়া নিষ্ঠুর আচরণ করিতে গ্লানিবোধ করিতেন না। সেইজন্যই আমরা দেখিতে পাই, রক্ষণশীলদল রাজা স্যার রাধাকান্তদেবের নেতৃত্বে এক ‘ধর্মসভা’ প্রতিষ্ঠা করিয়া ‘সতীদাহ’ প্রথা সমর্থন করিতে লাগিলেন। যদিও তাঁহারা জানিতেন যে, কদাচিত্ত কোন নারী স্বেচ্ছায় সহমৃতা হয়। অধিকাংশস্থলেই সম্পত্তি ও বিত্তের লোভে, উপবাসিক্রুশ্টা শোকার্তা বিধবাকে ভাঙ্গ-ধ্বংসুরাদি খাওয়াইয়া সহমরণের সম্মতি লওয়া হইত এবং বিধবাকে চিতাব সহিত বান্ধিয়া বাঁশ দিয়া চাপিয়া ধরিয়া দাহ করা হইত। তথাপি সত্যের অপলাপ করিয়া তাঁহারা যুক্তিহীন জিদ প্রদর্শন করিতে লাগিলেন। যাহা হউক, ইতিপূর্বে অনেক ইংরাজ শাসক ঐ কুপ্রথা দূর করিবার জন্য চেষ্টা করিলেও রামমোহনের দীর্ঘ স্বাদশ-বর্ষব্যাপী আন্দোলনের ফলে ১৮২৯এর ৪ঠা ডিসেম্বর সতীদাহ-প্রথা নিবারণ করিয়া আইন বিধিবদ্ধ হইল। লর্ড উইলিয়ম বেন্টিনক রামমোহনের যুক্তির সারবস্তা অনুভব করিলেন। রাজার পরামর্শে গবর্ণর জেনারেল গঙ্গাসাগরে সন্তান নিক্ষেপ প্রথাও আইন দ্বারা নিবারণ করিলেন। প্রাচীন সমাজ সদ্যবিধবাদগকে জীষন্তে পোড়াইয়া মারিবার সুযোগ হারাইয়া ‘হিন্দুর ধর্ম নষ্ট হইল’ বলিয়া চীৎকার করিতে লাগিলেন। হিন্দুজাতির ললাট হইতে রামমোহনের চেষ্টায় দুইটি দূষণনৈষ কলঙ্করেখা মুছিয়া গেল। স্যার রাধাকান্তের দল ব্যর্থকাম হইয়া রামমোহনের মূর্তিপূজা অস্বীকার ও বেদান্ত আন্দোলনকে প্রতিবাদ করিতে লাগিলেন। এই বাদানুবাদের মধ্যে কুরূচি, ঈর্ষা প্রভৃতি যথেষ্টই ছিল, কিন্তু ইহার ভাল ফল হইল এই যে, বিস্মৃতপ্রায় প্রাচীন শাস্ত্রগুরু শিক্তবর্গের মধ্যে আলোচিত হইতে লাগিল এবং রক্ষণশীল সমাজের মধ্যেও সংস্কারকের দল জাগ্রত হইল। এমন কি রামমোহন-প্রতিস্বল্পী স্যার রাধাকান্তই তৎকালে স্ত্রী-শিক্ষা বিষয়ক আন্দোলন উপস্থাপিত করিয়াছিলেন।

পাশ্চাত্য প্রণালীতে এবং ইংরাজী ভাষার সাহায্যে শিক্ষাদানকল্পে বিদ্যালয়াদি স্থাপনের জন্য আন্দোলন আরম্ভ করিয়া রাজা তৎকালীন রাজপুত্রবর্গের আনুকূল্য এবং সহানুভূতি লাভ করিয়াছিলেন, স্বদেশীয় কতিপয় মহানুভব ব্যক্তিও রামমোহনকে যথোচিত সাহায্য করিয়াছিলেন। তাহার ফলস্বরূপ, ১৮১৭ সালে যখন

তাঁহাবই চেষ্টায় হিন্দু কলেজ স্থাপিত হইল তখন প্রাচীনপন্থীগণ রামমোহনকে উহাৰ মেম্বৰ করিতে অস্বীকৃত হইলেন। মহানুভব রাজা অশ্বানবদনে দেশের মুখ চাহিয়া সে অপমান সহ্য করিলেন। তিনি কেবল বলিলেন, “সেকি কথা? আমার নাম থাকা কি এতবড় কথা যে, সেজন্য একটা ভাল কাজ নষ্ট করিতে হইবে?” ইংবেজী শিক্ষা প্রচলন হওয়ার বিরুদ্ধেও অনেকে আন্দোলন উপস্থিত করিলেন বটে, কিন্তু তাহা টিকিল না।

কালক্রমে হিন্দু কলেজের ছাত্রবৃন্দ পাশ্চাত্য-শিক্ষা-দীক্ষায় স্বেচ্ছাচারী হইয়া উঠিলেন, স্বাধীনতার নামে উচ্ছৃঙ্খলতা আরম্ভ হইল। অধ্যাপকগণ, সুব্যাপান, প্রকাশ্য স্থানে মুসলমানের দোকান হইতে গোমাংসাদি ক্রয় করিয়া আহার করা ইত্যাদি সংসাহসের কার্য বলিয়া বিবেচিত হইতে লাগিল। কলিকাতা সহরের এই ক্ষুদ্র সমাজ-বিশ্ববিটর সহায়ক হইলেন কলেজের খুঁটান অধ্যাপকবৃন্দ। এই সময় অষ্টাদশ শতাব্দীর ফরাসী-বিশ্বব-সাগরমুখিত অমৃত ও গবল লইয়া আসিলেন, প্রতিভাশালী শিক্ষক ডিরোজিও (Derozio)। ইনি ইউরোপীয়ান। ধৰ্মে যে কি ছিলেন তাহা বলা বা নির্বাচন করা সুকঠিন। অপ্রতিহত ব্যক্তিগত স্বাধীনতা সর্বতোভাবে উপভোগ করিতে হইবে—ইহাই তাঁহার মূলমন্ত্র ছিল।

দুঃস্থ শক্তিশালী শিক্ষক ডিরোজিওকে নেতৃত্বে পাইয়া হিন্দু কলেজের ছাত্রবৃন্দ উৎসাহে অধীৰ হইলেন। ইহাদের আচাৰ-ব্যবহাৰ ক্রমে সমাজের সকল শ্রেণীবই অসহনীয় হইয়া উঠিল। যাহা কিছু হিন্দু বা হিন্দু তাহাই কুসংস্কার, এই অশুভ ধারণা লইয়া তাঁহারা “কুসংস্কার ভঞ্জন ও চরিত্রের উন্নতি সাধনের এক প্রধান উপায় মনে করিয়া” অবাধ সুব্যাপানের স্রোতে গা ঢালিয়া দিলেন। হিন্দু কলেজের কৃতবিদ্যা ছাত্রগণ ক্রমে বঙ্গেব বিভিন্ন নগরীতে গিয়া তাঁহাদের আদর্শ প্রচাৰ করিতে লাগিলেন। ইহাদিগের হঠকারিতা ও উচ্ছৃঙ্খলতা ক্রমে ধীবতার সীমা অতিক্রম করিল। ইতিমধ্যে ১৮৩০ সালে পাদ্রী আলেকজান্ডার ডফ্ কলিকাতায় আসিলেন। রামমোহন ইহাকে একটি স্কুল করিয়া দিলেন। ইতিপূর্বে রামমোহনের বন্ধু আডাম সাহেবও একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করিয়াছিলেন। হিন্দু কলেজে ধর্মশিক্ষা দেওয়া হইত না, ছাত্রগণের নৈতিক চরিত্রের মেরুদণ্ড ভাঙিয়া যাইতেছে, এই দুঃবস্থা দেখিয়াই সাহায্যে শিক্ষা ধর্মানুগত হয়, সেজন্য রামমোহন চেষ্টিত হইলেন। এই সময় রামমোহনকে বিবিধ কার্যের জন্য বিলাত যাইতে হইল। ভারতবর্ষ হইতে সর্বপ্রথম হিন্দুসন্তান রামমোহন বিলাত গমন করিলেন—ইহা একটি ইতিহাস-প্রসিদ্ধ ঘটনা এবং ইহাতেও রামমোহনের দুঃসাহসের অন্ত ছিল না।

হিন্দু কলেজের ছাত্রগণের উচ্ছৃঙ্খলতা—তাহার বড় আদরের পাশ্চাত্য শিক্ষার বিষয় বিকৃত ফল দেখিয়া রামমোহন ব্যথিত হইলেন। তাহার জীবনচরিতকার লিখিয়াছেন,*—

অর্থাৎ—তিনি (রামমোহন) প্রথম জীবনে স্বদেশবাসিগণের অত্যধিক বিশ্বাস-প্রবণতা দেখিয়া হৃদয়ে গভীর বেদনানুভব করিতেন। এবং ইহার বিবন্ধে স্বীয় সমৃদ্ধ শক্তি নিয়োজিত করিয়াছিলেন। কিন্তু পরবর্তী কালে তিনি বৃদ্ধিতে লাগিলেন যে, তত সাংঘাতিক না হইলেও অত্যন্ত বিশ্বাস ও বিপজ্জনক। কলিকাতায় বিশেষ-ভাবে যুবকগণের দ্বারা গঠিত একটি দলের কথা তিনি প্রায়ই স্কেভের সহিত উল্লেখ করিতেন। এই যুবকগণের মধ্যে কেহ কেহ বৃদ্ধিমানও ছিলেন এবং সর্বতোভাবে সন্দেহবাদী হইয়া উঠিয়াছিলেন। তিনি বলিতেন, এই দল হিন্দু ও ফিরিঙ্গী যুবকগণের সমাবেশে গঠিত হইয়াছিল, ইহারা অভিনব শিক্ষাপ্রণালীর প্রভাবে স্বীয় ধর্মমত পরিবর্তন করিতেন, কিন্তু অন্য কোন ধর্মমতাবলম্বী হইতেন না। এইরূপ কোন ধর্ম আস্থাহীন অবস্থা, একজন কুসংস্কারাচ্ছন্ন হিন্দুর অবস্থা হইতেও শোচনীয়তর এবং তাহাদের মতবাদ সর্বপ্রকার নৈতিক উন্নতির পরিপন্থী। (রাজা রামমোহন বাঘের জীবন-চরিত। লন্ডন—১৮৩৩-৩৪)

পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতার প্রচণ্ড তরঙ্গাভিঘাতে এক সুপ্রাচীন সভ্যতার বংশধরগণ একেবারে অসহায়ভাবে ভাসিয়া না যায়, যাহাতে অহারা যুগোপযোগী উপায় অবলম্বনে জাতীয় জীবনাদর্শ বক্ষা করিয়া জীবন-সংগ্রামে টিকিয়া থাকিতে পারে, এই মহাভাবের প্রেরণায় রাজা রামমোহন ধর্ম ও সমাজ-সংস্কারে ব্রতী হইয়াছিলেন। কিন্তু তাহার আরম্ভ কার্যকে তিনি প্রতিষ্ঠিত করিবার অবসর পান নাই, তাহার অদর্শ সেই কারণে সম্যক্রূপে পরিষ্কৃত হয় নাই। দেশের দুর্ভাগ্য তিনি ইংলন্ড হইতে আর ফিরিয়া আসিতে পারিলেন না। ১৮৩৩এর ২৭শে

* "In his younger years, his mind had been deeply struck with the evils of believing too much, and against that he directed all his energies, but, in his latter days, he began to feel, that there was as much, if not greater, danger in the tendency to believe too little. He often deplored the existence of a party which had sprung up in Calcutta, composed principally of imprudent young men, some of them possessing talent, who had avowed themselves septs in the widest sense of the term. He described it as partly composed of East Indians, partly of the Hindu youths who, from education had learnt to reject their own faith without substituting any other, these he thought more debased than the most bigoted Hindu, and their principles the bane of all morality."

—*Biography of Raja Ram Mohon Roy* London 1333-34

সেপ্টেম্বর তাঁহার দেহান্ত হইল। তাঁহার প্রতিষ্ঠিত “ব্রহ্মসভা” আচার্য্য রামচন্দ্র বিদ্যাবাগীশের চেষ্টায় কোন প্রকারে জীবনধারণ কবিয়া রহিল মাত্র। যাহাযা তৎকালে রাজার সহকর্মী ছিলেন তাঁহারা কেহই এই প্রচণ্ড ভাবধারাকে বহন করিবার জন্য তেমন ভাবে অগ্রসর হন নাই। স্বামী বিবেকানন্দ রামমোহনের শিক্ষার তিনটি মূল-সূত্র বলিয়া নির্দেশ করিতেন,—তাঁহাব বেদান্ত-গ্রহণ, স্বদেশ-প্রেম প্রচাৰ এবং হিন্দু-মুসলমানকে সমভাবে ভালবাসা। এই সকল বিষয়ে রাজা রামমোহন রাযের উদাবতা ও ভবিষ্যদর্শিতা যে কাৰ্য্যপ্রণালীর সূচনা কবিয়াছিল, তিনি নিজে মাত্র তাহাই অবলম্বন করিয়া অগ্রসর হইয়াছেন বলিয়া দাবী কবিতেন।

হিন্দুধর্ম-সংস্কারে প্রবৃত্ত হইয়া বামমোহন শাস্ত্র-অশ্বৈতবাদেব ভিত্তিৰ উপর দাঁড়াইয়াছিলেন। উপনিষদ্ ও তন্ত্রাদি শাস্ত্রেব প্রামাণ্যকে যে ভাবে গ্রহণ করিয়া বেদকে যে ভাবে মৰ্যাদা দিয়া বামমোহন হিন্দুধর্মের ব্যাখ্যা কবিয়া গিয়াছেন, তৎসম্বন্ধে নানারূপ মতাবিরোধ থাকা সত্ত্বেও একথা অত্যন্ত দৃঃখের সহিত বলিতে হয়, তাঁহার সিদ্ধান্ত তাঁহার অনুবর্তিগণ ঠিক ঠিক গ্রহণ করেন নাই, অথবা কবিত্তে পারেন নাই। অথচ হিন্দুধর্ম সম্বন্ধে বামমোহন যে সকল দিক দিয়া অদ্রান্ত সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন, এমন কথাও সাহস করিয়া বলা যায় না। তাঁহার রচিত গ্রন্থাবলীর প্রায় এক-তৃতীয়াংশ একেবারে বিলুপ্ত হইয়া গিয়াছে, যোগদলি অদ্যাপি আছে, তাহা নিবপেক্ষভাবে আলোচনা করিলে অর্থাৎ পরবর্তী ব্রাহ্ম-সংস্কারকগণের চক্ষু দিয়া না দেখিলে, মোটামুটি বোঝা যায়,—

(১) বাঙলার শাস্ত্র ও বৈষ্ণব এই দুই প্রধান সম্প্রদায় কালবশে নানাভাগে বিচ্ছিন্ন ও বিভক্ত হইয়া বিকৃত হইয়া পড়িয়াছিল, দেশের জনসাধারণ ধর্ম বলিতে কতকগুলি প্রথা ও নিয়মের বিচাবহীন অনুসরণই বুদ্ধিত। ইহার উপব ক্ষুদ্র ক্ষুদ্র সম্প্রদায়গুলিৰ মধ্যে পবম্পবের প্রতি বিবোধ ও বিম্বেষেবও অন্ত ছিল না। বেদান্ত অবলম্বনে তিনি এই বিভক্ত বিচ্ছিন্ন সম্প্রদায়গুলিকে এক ঐক্যমূলক দার্শনিক ভিত্তির উপর আনিবাব চেষ্টা করিয়াছিলেন। কিন্তু এই চেষ্টায় বামমোহন শাস্ত্র ও বৈষ্ণবের ইতিহাস, সাহিত্য, দর্শন, গদ্য ও অবতারবাদ, মন্ত্র, সাধনা ও সিদ্ধির প্রতি সুবিচার করিতে পাবেন নাই। বৈষ্ণব আদর্শকে তিনি অশ্লীল বলিয়া এক প্রকার উপেক্ষাই করিয়াছেন। স্বয়ং তন্ত্রের প্রতি বিশেষ অনুবৃত্ত হইয়াও, তান্ত্রিক সাধকের শিষ্য হইয়াও এবং তন্ত্রোক্ত চক্রের সাধনায শক্তি গ্রহণ ও শৈব বিবাহ সমর্থন করিয়াও তিনি তন্ত্রের মাতৃভাব পরিহার করিয়াছেন।

(২) হিন্দুশাস্ত্ররাশি আলোচনা করিয়া রাজা এই সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন

যে, হিন্দুরা এমতত্ত্ব নিরূপণে উন্নতির চরম শিখরে আরোহণ করিলেও নীতির দিক দিয়া অত্যন্ত অবনত। হিন্দুর ধর্মনীতি অপেক্ষা খৃষ্টানী ধর্মনীতি তাহার নিকট উৎকৃষ্ট বিবেচিত হইয়াছিল এবং হিন্দুজাতির পুনরুত্থানকল্পে খৃষ্টানী নীতি-মার্গের পথিক হওয়া ব্যতীত উপায়ান্তর নাই, ইহা রাজা মন্তকণ্ঠে প্রচার করিতেন।

(৩) বেদান্তোক্ত নিরাকার নিগূণ ব্রাহ্মোপাসনা প্রচার করিয়া রামমোহন হিন্দুর সাম্প্রদায়িক বিরোধ নিবসন করিতে চেষ্টা করিয়াছিলেন।

(৪) জাতিভেদ, মাংসাহারে অনিচ্ছা, বাল্যবিবাহ, বহুবিবাহ, মূর্তিপূজা, বিদেশ-গমনে অনিচ্ছা, সমুদ্রযাত্রায় পাপবোধ ইত্যাদি রাজার মতে আমাদের জাতীয় অবনতির কারণ এবং এই সমস্ত প্রথার বিরুদ্ধে তিনি তীব্রভাবে লেখনী চালনা করিতে কোন প্রতিকূল সমালোচনাতেই ভীত হন নাই।

(৫) রাজা দেশে স্বাধীন চিন্তা ও বিচাববৃদ্ধির উল্লেখকল্পে ইংরাজী শিক্ষা প্রচলনে প্রাণপণে চেষ্টা করিয়াছিলেন। শিক্ষার মধ্য দিয়া তিনি সংস্কারের পক্ষপাতী ছিলেন। গণিত, পদার্থবিদ্যা, রসায়নশাস্ত্র, শারীর-বিজ্ঞান ইত্যাদি বিষয় যাহাতে এদেশে নবপ্রতিষ্ঠিত শিক্ষালয়গুলিতে শিক্ষা প্রদান করা যায়, তাহার জন্য চেষ্টা করিয়াছিলেন। বাঙ্গলা গদ্য বচনায় উৎকৃষ্ট প্রণালী অবলম্বনে মাতৃভাষার উন্নতি সাধনে রামমোহনের উদ্যমও সামান্য নহে।

রামমোহনের সর্বতোমুখী প্রতিভার প্রথর দৃষ্টি জাতীয়-জীবনের সকল বিভাগেই পতিত হইয়াছিল। স্বধর্মানুগামী, জাতীয়তাবোধের প্রথম পুরোহিত রাজা রামমোহনই সর্বপ্রথম নব জাগরণের ভেরী-নির্নাদে দেশকে জাগ্রত হইবার জন্য আবাহন করিয়াছিলেন। অথচ এই মহাপুরুষের চিন্তা ও চর্চায় নিবপেক্ষভাবে এ পর্যন্ত আলোচনা হয় নাই। আমি সাহস কবিয়া বলিব, ব্রাহ্ম-সংস্কারকগণ সাম্প্রদায়িক সঙ্কীর্ণতাবশতঃ রামমোহনের উদ্যব সার্বভৌমিক আদর্শ সম্বন্ধে এত দ্রাস্ত ধারণা করিবার সূযোগ দিয়াছেন যে, আজ বাঙ্গালী জাতির এই মহাপুরুষকে না জানার দূর্ভাগ্য অপেক্ষা ভুল কবিয়া জানাব দূর্ভাগ্যই অধিক।

‘আত্মা ও পরমাত্মার অভেদ চিন্তনরূপ মূখ্য উপাসনাকে ভিত্তি করিয়া রামমোহন ধর্ম ও সমাজ-সংস্কারে প্রবৃত্ত হইয়াছিলেন। নানা চর্চা-বিচারের মধ্য দিয়াও রামমোহন ভাবতের সনাতন সাধনা ও সভ্যতার মর্ম উপলব্ধি করিতে সক্ষম হইয়াছিলেন বলিয়াই কতকগুলি প্রচলিত লোকাচার এবং ক্রিয়াকাণ্ডের প্রতিবাদ করিয়াও কোন নূতন ধর্ম বা সম্প্রদায়ের প্রতিষ্ঠা করেন নাই। যে ‘ব্রাহ্মধর্ম’ রামমোহনের

নামের ছাপ লইয়া এতাবৎকাল চলিয়া আসিতেছে, তাহার প্রণেতা মহর্ষি দেবেন্দ্রনাথ (১৮১৭—১৯০৫), রাজা রামমোহন নহেন। দেশে এখনো অনেকের রামমোহনই ব্রাহ্মধর্ম-প্রবর্তক ইত্যাকার ভ্রান্ত ধারণা আছে, সেই জন্য এ বিষয়ে সংক্ষেপে কিঞ্চিৎ আলোচনা করা আবশ্যিক।

১৮৪০-এর ৭ই পৌষ মহর্ষি দেবেন্দ্রনাথ বিশজন বন্ধুসহ ‘ব্রাহ্মধর্মে’ দীক্ষাগ্রহণ করেন। ‘ব্রাহ্মধর্ম’ রামমোহনের ঈঙ্গিত পথে বিকশিত হয় নাই। ব্রাহ্মসমাজের অন্যতম প্রচারক মনীষী স্বর্গীয় বিপিনচন্দ্র পাল মহাশয় রাজার আদর্শ ও মহর্ষির আদর্শ আলোচনা করিয়া নিম্ন-সিদ্ধান্তে উপনীত হইয়াছেন,—

“ * রাজা একান্তভাবে শাস্ত্রপ্রামাণ্য বর্জন করেন নাই। মহর্ষি দেবেন্দ্রনাথ বেদকে প্রামাণ্য-মর্যাদাদ্রষ্ট করিয়া শূন্য ব্যক্তিগত বিচারবুদ্ধির উপরেই ঐকান্তিকভাবে সত্যাসত্য ও ধর্মধর্ম মীমাংসার ভার অপণ করেন। রাজা ধর্মসাধনে যে গুরুদ্বয়ও একটা বিশেষ স্থান আছে, ইহা কখনো অস্বীকার করেন নাই। মহর্ষি দেবেন্দ্রনাথ যেমন শাস্ত্র, সেইরূপ গুরুকেও বর্জন করিয়া, প্রত্যক্ষ আত্মশক্তি ও অপ্রত্যক্ষ ব্রহ্ম-রূপার উপরেই সাধনে যথাযোগ্য সিদ্ধিলাভের সম্ভাবনাকে প্রতিষ্ঠিত করেন। রাজা কি তত্ত্বাণে, কি সাধনাগে ধর্মের কোন অংশেই, স্বদেশের সনাতন সাধনাব সংগে আপনার ধর্মসম্ভারের প্রাদুর্ভাব যোগ নষ্ট করেন নাই। মহর্ষি এক প্রকারের স্বাদেশিকতার একান্ত অনুরাগী হইয়াও প্রকৃতপক্ষে এই যোগ রক্ষা করেন নাই, করিতে চেষ্টাও করেন নাই। রাজা বেদান্তের উপরেই আপনার তত্ত্বসিদ্ধান্তের প্রতিষ্ঠা করেন। মহর্ষি প্রকৃতপক্ষে অষ্টাদশ শতাব্দীর ইউরোপীয় যুক্তবাদের উপরেই তাহার ব্রাহ্মধর্মকে গড়িয়া তুলেন। রাজা বেদান্ত-প্রতিপাদ্য ধর্মকেই ব্রাহ্মধর্ম বলিয়া প্রচার করেন। মহর্ষি তাহার আপনার আত্মপ্রত্যয় বা স্বানুভূতি-প্রতিপাদ্য ধর্মকেই ব্রাহ্মধর্ম বলিয়া প্রতিষ্ঠিত করেন।

“ * * মহর্ষির ব্রাহ্মধর্মগ্রন্থে কেবল উপনিষদের উপদেশই উদ্ভূত ও ব্যাখ্যাত হইয়াছে সত্য, কিন্তু এ সকল উদ্ভূত উপদেশের প্রামাণ্য-মর্যাদা শ্রুতি-প্রতিষ্ঠিত নহে, মহর্ষির আপনার স্বানুভূতি-প্রতিষ্ঠিত মাত্র, উপনিষদের যে সকল শ্রুতি মহর্ষির নিকট সত্য বলিয়া বোধ হইয়াছে, তিনি সেগুলিকে বাছিবা বাছিয়া আপনার ব্রাহ্মধর্মগ্রন্থে নিবন্ধ করেন— ঋষিরা কি সত্য বলিয়া দেখিয়াছিলেন বা জানিয়াছিলেন, তাহার সম্বন্ধ তিনি করেন নাই। কোন শ্রুতির বা উত্তরার্থ কোনওটির বা অপরার্থ, যার যতটুকু তাঁর নিজের মনোমত পাইয়াছেন, তাহাই কাটিয়া ছাঁটিয়া আপনার ব্রাহ্মধর্মগ্রন্থে গাথিয়া দিয়াছেন। অতএব মহর্ষির ব্রাহ্মধর্মগ্রন্থে বিস্তারিত শ্রুতি উদ্ভূত হইলেও, এ গ্রন্থ তাহার নিজের, ইহার মতামত তাহার, প্রাচীন ঋষিদিগের নহে। সংস্কৃত শ্লোক উদ্ধার না করিয়া কেবল বাঙ্গলাভাষায় এ সকল মতামত লিপিবদ্ধ করিলেও তার যতটুকু মর্যাদা থাকিত, উপনিষদের বৃক্ণী

দেওয়াতে ইহা তদপেক্ষা বেশী মৰ্যাদা লাভ করে নাই।” (“পণ্ডিত শিবনাথ শাস্ত্রী ও ব্রাহ্ম-সমাজ” হইতে উদ্ধৃত)

স্বাধা হউক, রাজার আদর্শের সহিত প্রভূত অনৈক্য সত্ত্বেও ‘ব্যক্তিগতমানসী য়ুরোপীয় যুক্তবাদের উপর প্রতিষ্ঠিত ব্রাহ্ম-ধর্মকে’ প্রতিষ্ঠা ও প্রচার করিবার জন্য মহর্ষি সমস্ত শক্তি নিয়োজিত করিলেন। এই কার্যে তাঁহার সহায় হইলেন বিখ্যাত সাহিত্যিক বঙ্গভাষার অন্যতম স্রষ্টা অক্ষয়কুমার দত্ত এবং মনীষী রাজনারায়ণ বসু।

মহর্ষি দেবেন্দ্রনাথ প্রিন্স স্মারকানাথ ঠাকুরের পুত্র। জোড়াসাঁকোর ঠাকুর-পরিবাবে কলিকাতার ধনী-সমাজে সুপ্রতিষ্ঠিত আভিজাত্য-মৰ্যাদা ছিল। ঋণমুক্ত হইলে তিনি পুত্ররায় কলিকাতার ধনী-সমাজের অগ্রণী হইয়া উঠেন এবং তাঁহার অর্থানুকূল্যে ও সর্বশেষ চেষ্টায় ব্রাহ্মধর্ম-প্রচারকার্য চলিতে থাকে। মহর্ষির ধনবল ও জনবলের সহায়েই ব্রাহ্মসমাজ অল্পকালেই শিক্ষিত সম্প্রদায়ের দৃষ্টি আকর্ষণ করিতে সক্ষম হইয়াছিল।

প্রতিমা-পূজাদি ক্রিয়াকাণ্ড বর্জন করিলেও মহর্ষি প্রকৃত প্রস্তাবে সমাজসংস্কারে প্রবৃত্ত হন নাই বরং হিন্দু-সমাজের সহিত আপোষের ভাব রক্ষা করিয়াই রক্ষণশীল দেবেন্দ্রনাথ তাঁহার অভিনব ধর্ম-প্রচারে রত হইয়াছিলেন।

পাদ্রী আলেক্সেণ্ডার ডফের অক্লান্ত চেষ্টায় হিন্দু কলেজের ছাত্রবৃন্দের মধ্যে নাস্তিকতার ভাব ক্রমশঃ কমিয়া আসিতেছিল। তিনি আশা করিয়াছিলেন যে, এইবার শিক্ষিত বাঙালীগণকে তাঁহা বা খৃষ্টান ধর্মে দীক্ষিত করিতে সমর্থ হইবেন; এমন সময় তাঁহার সঙ্কল্পসিঁদ্বির পথে প্রবল অন্তরাবম্বব্দুপ দাঁড়াইল—মহর্ষি-প্রচারিত ব্রাহ্ম-ধর্ম। পাদ্রী ডফের চেষ্টায় ইতিপূর্বেই ডিরোজিওর শিষ্যগণের মধ্যে মহেশচন্দ্র ঘোষ, কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, জ্ঞানেন্দ্রমোহন ঠাকুর প্রভৃতি খৃষ্টান হইয়াছিলেন—তাঁহাদের পদাঙ্ক অনুসরণ করিয়া অনেকে খৃষ্টান হইলেন, কেহ কেহ হইবার সঙ্কল্প করিতেছিলেন—এমন সময় “যীশুর স্বর্গারাজ্য আনয়নের” স্মারকোৎসব করিতে উদ্যত হইলেন—ব্রাহ্মসমাজ। আবার বেদান্তবুদ্ধির সূত্রপাত হইল। বেদান্ত-পক্ষ সমর্থন করিয়া মহর্ষি-প্রতিষ্ঠিত “তত্ত্ববোধিনী” পত্রিকা প্রবন্ধ প্রকাশিত হইতে লাগিল, ডফ সাহেবও প্রাণপণে সদলবলে বেদান্তকে আক্রমণ করিলেন। এ আন্দোলনে কলিকাতানগরীর ‘হিন্দু-বর্গ’ উত্তেজিত হইয়া উঠিল। ডফ সাহেবকে হিন্দু-ধর্ম ও ‘সমাজের প্রতি কটুক্তি বর্ষণ কবিতে দেখিয়া হিন্দু কলেজের নেতৃবৃন্দ, ছাত্রগণকে ডফ ও ডিয়েলিংটনের বক্তৃতা শুনিতে নিষেধ করিলেন। কারণ-পরম্পরায়

কালের গতিরোধ করিতে অক্ষম হইয়া পাদ্রী ডব্লিউ ডব্লিউ হুদয়ে ১৮৬৩ সালে স্বদেশে ফিরিয়া গেলেন।

১৮৫০ সালে অক্ষয়কুমার ও রাজনারায়ণের পরামর্শে মহর্ষি বাধ্য হইয়া বেদেব অপৌরুষেয়তা ও অদ্রান্ততা ব্রাহ্মসমাজ হইতে পবিত্যাগ করিলেন। ফলে চিরদিনেব মত ব্রাহ্মসমাজ হিন্দুধর্ম হইতে পৃথক হইয়া গেল। যাহা হউক, ইহাদের অক্লান্ত চেষ্টায় বাংলার বিভিন্ন স্থানেও ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হইল, সমাজের কার্য বহু বিস্তৃত হইয়া পড়িল।

এই সময় আর এক শক্তিশালী পুরুষ বাংগালী সমাজে আবির্ভূত হইলেন, ইনি বীবিসিংহ গ্রামের সিংহাশিশু পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। একদিকে পরান্দ-করণ মোহ, আব অন্য দিকে আত্মবিস্মরণ, দক্ষিণে ও বামে রাখিয়া বাংগালী-দুর্লভ বিবিধ সদৃশপণ্ডিত এই চিরস্মরণীয় চরিত্রে মনুষ্যত্বের এক অত্যাশ্চর্য মূর্তি অতি আশ্চর্য রকমে আত্মপ্রকাশ করিল। বঙ্গভাষার স্রষ্টা ও পালয়িতা বিদ্যাসাগর, শিক্ষাপ্রচারে ব্রতী বিদ্যাসাগর, দীন দরিদ্র দুঃখী আতের সেবায় আত্মোৎসর্গকারী বিদ্যাসাগর, সর্বোপরি স্বদেশী সমাজের দৃষ্টি ও দর্শনীয় পবিত্র কবাইতে ব্রতী বিদ্যাসাগরের অতুলনীয় কীর্তিকাহিনী নব্য বাংগালার ইতিহাসের অক্ষয় সম্পদ।

বিদ্যাসাগর লিখিয়াছেন, “বিধবাবিবাহ প্রবর্তন আমার জীবনের সর্বপ্রধান সংকল্প, জন্মে ইহাপ্রবন্ধী অধিক আব কোন সংকল্প করিতে পারিব তাহার সম্ভাবনা নাই, এ বিষয়ের জন্য সর্বস্বান্ত করিয়াছি এবং আবশ্যক হইলে প্রাণান্ত স্বীকাণেও পরামর্শ নহি।”

বাল-বিধবার ব্রহ্মচর্য এবং নারীর সতী-ধর্মের মহিমা কীর্তনে মূখ্যবিত্ত ভাবভূমিতে, হতভাগ্য অবলাজাতির উপর যুগান্ত-সঞ্চিত অতি পৈশাচিক অত্যাচারের বিরুদ্ধে যোদিন বিদ্যাসাগর দণ্ডাধম্বন হইলেন, “সেদিন দেশের পুরুষেরা বিদ্যাসাগরের প্রাণসংহারের জন্য গোপন আয়োজন করিতেছিল এবং দেশের পণ্ডিতবর্গ শাস্ত্র মন্তন করিয়া কুশ্রুতি এবং ভাষা মন্তন করিয়া কটুক্তি বিদ্যাসাগরের মস্তকে উপর বর্ষণ করিতেছিল।” কিন্তু মাতৃপদমূল ও আশীর্বাদ শিরে লইয়া পৌরুষের প্রচণ্ড অবতার বিদ্যাসাগর বাল-বিধবার দুঃখমোচন ব্রত গ্রহণ করিয়াছিলেন। তিনি বিচলিত হইলেন না, ক্ষুব্ধ হইলেন না—‘সংস্কৃত শ্লেষ এবং বাংগালি গালি মিশ্রিত ডুমুরী কলকোলাহল’ খণ্ডন করিয়া ব্রাহ্মণবীর বিজয়ী হইয়া বিধবাবিবাহ শাস্ত্র-সম্মত প্রমাণ করিলেন এবং তাহারই ঐকান্তিক চেষ্টায় ফলে বিধবাবিবাহ আইন রাজস্বারে বিধিবদ্ধ হইল।

বিগত শতাব্দীর মধ্যভাগে প্রচণ্ড মার্টিনেডের ন্যায় এই একক নিঃসঙ্গ মহাপুরুষ আলোক ও উত্তাপ বিকীর্ণ করিয়া, সমগ্র সমাজের অজ্ঞতা, গোঁড়ামি ও কুসংস্কারের সহিত অবিশ্রান্ত সংগ্রাম করিয়া, ক্ষুধিত দৃষ্টি বোগীর অশ্রু মদ্যাইয়া, অকৃতজ্ঞগণের সকল ঔষ্মত্যা মার্জনা করিয়া ‘আপন পদ্পকোমল ও বজ্রকঠিন বক্ষে দৃঃসহ বেদনা-শল্য বহন করিয়া, আপন আত্মনির্ভরপর উন্নতবলিষ্ঠ চরিত্রের মহান্ আদর্শ বাঙালী জাতির মনে চিরায়িক্ত করিয়া দিয়া ১২৯৮ সালের ১৩ই শ্রাবণ রাতে ইহলোক হইতে অপসৃত হইয়া গেলেন।’

“হা ভারতবর্ষীয় মানবগণ! অভ্যাস দোষে তোমাদের বুদ্ধিবৃত্তি ও ধর্মপ্রবৃত্তি-সকল এতদূপ কলুষিত হইয়া গিয়াছে ও অভিভূত হইয়া রহিয়াছে যে, হতভাগ্য বিধবাদের দুরবস্থা দর্শনে তোমাদের চিরশূন্য হৃদয়ে কাবণ্যরসের সঞ্চার হওয়া কঠিন এবং ব্যাভিচার দোষে ও প্রুণহত্যা পাপের প্রবল স্রোতে দেশ উচ্ছলিত হইতে দেখিয়াও মনে ঘৃণার উদয় হওয়া অসম্ভাবিত। * * * তোমরা মনে কর, পতি-বিয়োগ হইলেই স্ত্রীজাতির শবীর পাষণময় হইয়া যায়, দৃঃখ আব দৃঃখ বলিয়া বোধ হয় না, যন্ত্রণা আব যন্ত্রণা বলিয়া বোধ হয় না। * * * হায় কি পবিত্রতাপের বিষয়। যে দেশে পুরুষজাতির দবা নাই, ধর্ম নাই, ন্যায় অন্যান্য বিচার নাই, হিতাহিত বোধ নাই, সদসম্বিবেচনা নাই, কেবল লৌকিক রক্ষাই প্রধান কর্ম ও পরম ধর্ম, আব যেন সে দেশে হতভাগা অবলাজাতি জন্মগ্রহণ না করে।”

বিধবার দৃঃখে এতবড় মহত্ব ও পৌরুষের বাণী বাংলাদেশে আর গর্জে নাই। একদিন অকস্মাৎ যেমন হরজটাঙ্গাল-নির্মুক্ত ভুবনপাবন ভাগীরথী মর্ত্যে ঝরিয়া পড়িয়া অজ্ঞপ্র ধাবায় মদ্রুতি বহন করিয়া আনিয়াছিল তেমনি একদিন ভাবতেব অভিগন্ত নাবীজুতি ও বিধবাব অপমান ও দৃঃখের উপর বাঙালী বিদ্যাসাগরের বলিষ্ঠ দবার অভয় আশীর্বাদ করুণাবিগলিত ভাবধারায় ঝরিয়া পড়িয়াছিল। ‘ঈশ্বরচন্দ্রের হৃদয় লইয়া আমরা সকলেই কিছু ধরাতলে অবতীর্ণ হই নাই। বালবিধবার অশ্রুজলে আমাদের পাষণ-হৃদয়ে বেখাঞ্জন করে না, তাই আমরা ভণ্ড প্রুণচর্কের মলিন পাংশু বিক্ষেপে সেই অশ্রুজল মদ্রুতিতে চাই। ঈশ্বরচন্দ্রের বীষ বিষবার সৃঃখ মোচনে সমর্থ হয় নাই। দেশাচারের জয়লাভ ঘটিলে সত্য কথা, কিন্তু ইহাই প্রকৃতির নিবন্ধ। স্বাভাবিক, সরল, ছন্দবেশহীন মনুষ্য ইহাতে স্থিযমান হইবে সন্দেহ নাই, কিন্তু দৃঃখপ্রকাশ নিষ্ফল, কেন না ইহা বিধিলিপি”—১৩০০ সালের ভাদ্র মাসে, বাংলার অন্যতম মনীষী সন্তান আচার্য রামেন্দ্রসুন্দরের এই মর্মভেদী বিলাপও এই প্রসঙ্গে স্মরণে আসিতেছে।

বাংলার নবযুগের সাধনা ও সিদ্ধির মূর্তিবিগ্রহ ঠাকুর শ্রীরামকৃষ্ণ একদিন বিদ্যাসাগরের সমীপে আসিয়া বলিয়াছিলেন,—“এতদিন খাল ডোবা পুকুর দেখিয়াছি, আজ সমুদ্র দেখিলাম।” সত্যই বিদ্যাসাগর মনুষ্যত্বের মহাপারাবার ছিলেন। কবিগুরু রবীন্দ্রনাথের ভাষায়, “তাঁহার মত লোক পারমার্থিকতাপ্রস্তুত বঙ্গদেশে জন্মিয়াছিলেন বলিয়া, চতুর্দিকের নিঃসাড়তার পাষণথন্ডে বারংবার আহত-প্রতিহত হইয়াছিলেন বলিয়া, বিদ্যাসাগর তাঁহার কর্মসঙ্কুল জীবন যেন চিরদিন ব্যাখ্যাত ক্ষুণ্ণভাবে যাপন করিয়াছেন। তিনি যেন সৈন্যহীন বিদ্রোহীর মত তাঁহার চতুর্দিককে অবগ্ৰা করিয়া জীবন রংগভূমির প্রান্ত পর্যন্ত জয়ধ্বজা নিজের স্কন্ধে একাকী বহন করিয়া লইয়া গেছেন। তিনি কাহাকেও ডাকেন নাই, তিনি কাহারো সাড়া পান নাই, অথচ বাধা ছিল পদে পদে। * * * তিনি যে শব-সাধনায় প্রবৃত্ত ছিলেন, তাহাব উত্তর-সাধকও ছিলেন তিনি নিজে।”

১৮৫৯ সালে কেশবচন্দ্র সেন (১৮৩৮-৮৪) ব্রাহ্মসমাজে যোগদান করিলেন। সংস্কারযুগের এক অভিনব অধ্যায় আবম্ভ হইল। দেবেন্দ্রনাথের পুত্র সত্যেন্দ্রনাথ ঠাকুর ছিলেন কেশবের সহপাঠী, তিনিই কেশবকে ব্রাহ্মসমাজে লইয়া আসেন। প্রথর প্রতিভা ও বাস্মিত্য, এই একবিংশতিবর্ষীয় যুবক, অতি সহজেই নবীন ব্রাহ্মদের নেতৃত্ব লাভ করিলেন। এই সময় হিমালয় হইতে মহর্ষি দেবেন্দ্রনাথ ফিবিয়া আসিলে গুরু-শিষ্যে মিলন (১৮৬৩) হইল। ‘ব্রহ্মানন্দ’ উপাধি দিয়া মহর্ষি কেশবচন্দ্রকে স্বীয় সহকর্মী, পুত্র এবং প্রিয়তম শিষ্যরূপে বরণ করিলেন।

আভিজাত্য ও কাম্পন-কৌলিন্যে কেশবচন্দ্র, রামমোহন অথবা দেবেন্দ্রনাথ হইতে পৃথক। ইংরাজ আমলে, ইংরাজী-শিক্ষাকৃষ্ট অভিনব শিক্ষিত মধ্যশ্রেণীর সন্তান কেশবচন্দ্রের চিন্তা চরিত বদ্বি এই পূর্বগামীর সহিত তুলনায় সম্পূর্ণ পৃথক। ষোড়শ বৎসর বয়সে রামমোহন ইসলাম ধর্মানুপ্রাণিত হইয়া হিন্দু মূর্তিপূজাকে আক্রমণ করিয়াছিলেন, আর তরুণ কেশবচন্দ্র খৃষ্টধর্ম ও পাশ্চাত্য শিক্ষা-সভ্যতাব আদর্শ ও ভাবধারায় অনুপ্রাণিত হইয়া ব্রাহ্মধর্ম ও সমাজকে সেই আদর্শাভিমুখী করিতে প্রস্তুত হইলেন। রামমোহন তো দূরের কথা, এমন কি দেবেন্দ্রনাথের ন্যায়ও সংস্কৃত ভাষা তিনি জানিতেন না, বেদ-বেদান্ত অথবা শাস্ত্রাদির সহিত তৎকালে তিনি একান্ত অপরিচিত ছিলেন। মহর্ষি দেবেন্দ্রনাথ তাঁহাকে বরণ করিয়া আনিলেন তাঁহাকে স্বীয় ভাবে অনুপ্রাণিত করিতে পারিলেন না। মনীষী বিপিনচন্দ্র বলেন, “শাস্ত্রের প্রাচীন অধিকারের বিরুদ্ধে ব্যক্তিগত বিচার-বিবেচনার স্বত্ব-প্রতিষ্ঠা, গুরুদ্বারা প্রাচীন অধিকারের বিরুদ্ধে অসংস্কৃত ও অসিদ্ধ স্বাভিমতের স্বত্ব-প্রতিষ্ঠা, সমাজের

বিধি-নিষেধাদির বিরুদ্ধে ব্যক্তিগত রুচি ও প্রবৃত্তির স্বত্ব-প্রতিষ্ঠা,—ইহাই কেশব-চন্দ্রের প্রথম জীবনে কর্মক্ষেত্রের মূলসূত্র ছিল।”

মহর্ষি দেবেন্দ্রনাথের আত্মপ্রত্যয় ও সহজজ্ঞানের উপর প্রতিষ্ঠিত ব্রাহ্মধর্মের সাধনা এবং সমাজ-সংস্কাৰে ডেভিড্ হেয়ার ও ডিরোজিওর অষ্টাদশ শতাব্দীর পাশ্চাত্য অন্য-নিবপেক্ষ ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ—এই উভয় ধারাকে আত্মসাৎ করিয়া কেশব ও তৎসঙ্গীগণ ব্রাহ্মসমাজকে খৃষ্টানসমাজের আদর্শে গড়িয়া তুলিতে চেষ্টা করিলেন। ব্রাহ্মসমাজের নেতা রক্ষণশীল ও মধ্যপন্থী দেবেন্দ্রনাথ, কেশব এবং কেশবগণকে সংঘত করিবার নিষ্ফল চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু এই কালে কেশবচন্দ্রের প্রভাব ও প্রতিপত্তি কেবল ব্রাহ্মসমাজেই আবদ্ধ রহিল না। তৎকালীন ইংবাজী শিক্ষিত ‘উদার’ হিন্দু এবং বিশেষভাবে কলেজের ছাত্রমণ্ডলী তাঁহার অনুগত হইয়া পড়িলেন। কেশবের ছিল অনুগত বাগ্‌বিভূতি। ইংবাজী ভাষায় বক্তৃতা করিতে তৎকালে তাঁহার সমকক্ষ কেহ ছিল না। তাঁহার বক্তৃতা শুনিয়া উচ্চপদস্থ ইংরাজগণ পর্যন্ত তাঁহার প্রশংসা করিতেন। সেকালে ইংবাজগণ যাঁহার প্রশংসা করিতেন, সমাদর করিতেন, লোক-সমাজে তাঁহার খ্যাতি ও সম্মানের অন্ত ছিল না। কলিকাতার ইংবাজী-শিক্ষিত সমাজের উপর বাম্মী কেশবচন্দ্রের অসামান্য প্রভাব বিস্তারিত হইয়া কাণ। বাম্মিশ্রেষ্ঠ কেশবের বক্তৃতার বাতায়তরগে কলিকাতানগরী বিক্ষুব্ধ হইল। কৃষ্ণনগরে তাহার প্রতিধ্বনি ছুটিল। তাঁহার প্রতিভা প্রভাবান্বিত হন নাই, এমন শিক্ষিত যুবক কলিকাতায় অতি অল্পই ছিলেন। ইহাদের মধ্যে অনেকে প্রকাশ্যে ব্রাহ্মসমাজে যোগদান করিলেন, অনেকে অল্পবিস্তর ব্রাহ্মভাবাপন্ন হইলেন।

স্বাধীনতা, অসবর্ণ বিবাহ, পানভোজনে প্রাচীন বিধি-নিষেধ লঙ্ঘন, উপবীতহীন এবং অরাজক আচার্যগণ দ্বারা ব্রাহ্মসমাজের উপাসনা প্রভৃতি সংস্কার প্রস্তাবগুলির সহিত অতিমাত্রায় খৃষ্টপ্রীতি ও খৃষ্টীয় নীতিবাদের প্রতি আকর্ষণ মিলিত হইয়া কেশবচন্দ্রের ব্রাহ্মদল যে পথে চলিতে চাহিলেন, সামাজিক ব্যাপারে রক্ষণশীল দেবেন্দ্রনাথের পক্ষে তাহাদের সহিত সমান তালে পা ফেলিয়া চলা অসম্ভব হইয়া উঠিল, বিদ্রোহী পদপ্রতিম কেশবচন্দ্রের যুক্তির শরবর্ষণ সংঘর্ষেই সহ্য করিয়া মহর্ষি অটল রহিলেন। এই বিচ্ছেদ সম্পর্কে ববীন্দ্রনাথ বলেন,—

“প্রত্যেক লোক যখন আপনার প্রকৃতি অনুসারে পরিপূর্ণ উৎকর্ষ লাভ করে, তখন সে মনুষ্য লাভ করে—সাধারণ মনুষ্য ব্যক্তিগত বিশেষত্বের ভিত্তি উপর প্রতিষ্ঠিত।

মন্ডুয়াত হিন্দুর মধ্যে, খৃষ্টানের মধ্যে বস্তুতঃ একই, তথাপি হিন্দু-বিশেষতঃ মন্ডুয়াতের এক বিশেষ সম্পদ এবং খৃষ্টান-বিশেষতঃ মন্ডুয়াতের একটি বিশেষ লাভ, তাহার কোনটা সম্পূর্ণ বর্জন করিলে মন্ডুয়াত দৈন্যপ্রাপ্ত হয়। ভারতবর্ষের যাহা শ্রেষ্ঠ ধন তাহাও সার্বভৌমিক, যুরোপের যাহা শ্রেষ্ঠ ধন তাহাও সার্বভৌমিক, তথাপি ভারতবর্ষীয়তা এবং যুরোপীয়তা উভয়ের স্বতন্ত্র সার্থকতা আছে বলিয়া উভয়কে একাকার কবিয়া দেওয়া যায় না। * * * তদুপ্য ব্রাহ্মসমাজ যখন পাশ্চাত্য শিক্ষার প্রভাবে এই কথা ভুলিয়াছিল, যখন ধর্মের স্বদেশীয় রূপ রক্ষা করাকে সে সৎকীর্ত্তা বলিয়া জ্ঞান কবিত, যখন সে মনে করিয়াছিল, বিদেশীয় ইতিহাসের ফল ভারতবর্ষীয় লোকের ফলাইয়া তোলা সম্ভবপর এবং সেই চেষ্টাতেই স্বার্থ ওদার্থ রক্ষা হয়, তখন পিতৃদেব (মহর্ষি) সার্বভৌমিক ধর্মের স্বদেশীয় প্রকৃতিকে একটা বিমিশ্রিত একাকারত্বের মধ্যে বিসর্জন দিতে অস্বীকার করিলেন—ইহাতে তাহার অনুবর্তী অসামান্য প্রতিভাশালী ধর্মোৎসাহী অনেক তেজস্বী যুবকের সহিত তাহার বিচ্ছেদ ঘটিল।”

আমি পূর্বেই বলিয়াছি, মহর্ষির সহিত কেশবচন্দ্রের শিক্ষা ও প্রকৃতির প্রচুর পার্থক্য ছিল,—ঘাতসংঘাতে এই পার্থক্যই পরিণতির মধ্যে বিচ্ছেদরূপে দেখা দিল এবং একটা সামান্য ব্যাপার উপলক্ষ্য করিয়া, অর্থাৎ মহর্ষি পৈতাধারী আচার্যদিগকে বেদীর কার্য হইতে তাড়াইয়া দিতে অস্বীকার করায় গুরুদেবের্দুনাথকে উপেক্ষা করিয়াই ব্রহ্মানন্দ কেশবচন্দ্র স্বতন্ত্র দল গাড়িলেন, ১৮৬৬ সালে ব্রাহ্মসমাজ প্ৰতিষ্ঠা বিভক্ত হইল। মহর্ষির সমাজ হইল, “আদিসমাজ”, আর কেশব বিজয়কৃষ্ণ শিবনাথ প্রভৃতি যে নূতন সমাজ প্রতিষ্ঠা করিলেন, তাহার নাম হইল “ভারতবর্ষীয় ব্রাহ্ম-সমাজ”। এই নূতন সমাজ যুরোপীয় খৃষ্টানী ডোলে সমাজজীবন গঠন করিতে গিয়া জাতিভেদ প্রথা তুলিয়া দিলেন, অসবর্ণ বিবাহ প্রথা প্রবর্তন কবিলেন, এই শ্রেণীর বিবাহ আইনমত যাহাতে সিদ্ধ হয় তৎজন্য তুমুল আন্দোলন তুলিলেন। ১৮৭২ সালে তিন আইন মতে এক প্রকার অসবর্ণ বিবাহ রাজস্বারে বিধিবদ্ধ হইল। কেশবচন্দ্র এই নূতন সমাজ সংস্কার আন্দোলনের ব্রাহ্মপ্রচারকগণ, রক্ষণশীল প্রাচীন সমাজকে আক্রমণ করিয়া বক্তৃতা দিতে লাগিলেন। অন্যাদিকে ব্রাহ্মসমাজের ধর্মসাধনাও রূপান্তরিত হইল। কেশবের খৃষ্টধর্মপ্রীতি হইতে পাপবোধ, পাপ-ভীতি, অনুতাপ, ভাবাবেশে ক্রন্দন ইত্যাদি ব্রাহ্মসাধকগণ আধ্যাত্মিক উন্নতির সহায়ক বলিয়া গ্রহণ করিতে লাগিলেন।

এই নিরাকার ও একাকারের বিলাতী ঢংএর নকল করিয়া প্রাচীনগম্ভীর ‘হরিসভা’ ‘ধর্মসভা’ প্রভৃতি স্থাপন করিয়া হিন্দুমানী রক্ষার জন্য চেষ্টিত হইলেন। এই

হিন্দু-আন্দোলনের পশ্চাতে কোন আন্তরিক আবেগ ছিল না। ভূরিভোজন, সঙ্কীর্তন, দান, পরস্যা দিয়া বস্তা আনিয়া কতকগুলি বস্তুতা—আর কি, ধর্মের চূড়ান্ত হইয়া গেল। বার বৎসরের শিশুও হরিসভার বেদী হইতে হরিভক্তির মহিমা সম্বন্ধে বক্তৃতা দিত এবং দর্শকগণ করতালি দিয়া তাহাকে মাতাইয়া তুলিত। একদিকে ব্রাহ্মসমাজের বেদী হইতে আচার্য ও উপাচার্যগণ হিন্দুধর্ম ও সমাজের মস্তকে অগ্নিময় অভিশাপ বর্ষণ করিতে লাগিলেন, অন্যদিকে গোড়ার দল, অতি অশ্লীল ছড়া কাটিয়া, নক্সা, গল্প লিখিয়া ব্রাহ্মসমাজের ভণ্ডামিগুলির অতি কদর্য ভাষায় প্রতিবাদ করিতে লাগিলেন। এই বাদপ্রতিবাদের ফলে একশ্রেণীর জঘন্য কুরুচিপূর্ণ সাহিত্য সৃষ্টি হইল, যাহা বঙ্গ-সাহিত্যের অঙ্গে এক দূরপন্থের কলঙ্ক।

নবনাগরিক সভ্যতার কেন্দ্রভূমি কলিকাতা সহর যখন এই সমস্ত সংস্কার আন্দোলনের ক্রিয়া-প্রতিক্রিয়ায় বিক্ষুব্ধ এবং সমস্ত বাঙালাদেশ বিহবল তখন এই সহরের উপকণ্ঠে, দক্ষিণেশ্বরে বাসমণির দেবালয়ে, এক অখ্যাত অজ্ঞাত পুজারী ব্রাহ্মণ, ভারতের সর্বলোক-কল্যাণকর পারমার্থিক আদর্শকে বিকৃতি ও বিস্মৃতি হইতে উদ্ধার করিবার সাধনায় আত্মনিয়োগ করিয়াছিলেন, ইনি শ্রীশ্রীরামকৃষ্ণ পবনহংস। (১৮০৬-৮৬)। হুগলী জিলার সুন্দুর পল্লীগ্রাম কামারপুকুরে, দরিদ্র ব্রাহ্মণকুলে ১৮০৬এর ১৭ই ফেব্রুয়ারী তিনি জন্মগ্রহণ করেন। পিতৃবিয়োগের পর তিনি তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতার সহিত কলিকাতায় চলিয়া আইসেন, উদ্দেশ্য, কিছ্র লেখাপড়া শিখিয়া জীবিকার্জনের চেষ্টা করা। জ্যেষ্ঠভ্রাতার একটি টোল ছিল—তিনি সুপাণ্ডিত ও উন্নতমনা ব্রাহ্মণ ছিলেন। বিদ্যাভ্যাসে প্রবৃত্ত হইয়া সহসা বালক রামকৃষ্ণের মনে হইল, এই লৌকিক বিদ্যার প্রয়োজন কি? সাংসারিক উন্নতি? প্রাচীনযুগের ঋষিদের ন্যায় তিনি ভাবিলেন, যাহা অমৃত নহে, তাহা লইয়া আমি কি করিব? তিনি লেখাপড়া ছাড়িলেন এবং পরাজ্ঞানলাভের উপায় অন্বেষণ করিতে লাগিলেন। এই কালে কলিকাতার ধনী ও ধর্মপ্রাণা মহিলা রাণী রাসমণি বহু অর্থব্যয়ে দক্ষিণেশ্বরে মন্দির প্রতিষ্ঠা করেন। উদরাসের জন্য ভ্রাতার নির্দেশে শ্রীরামকৃষ্ণ মাতা আনন্দময়ীর পুজারীর পদ গ্রহণ করেন। সরলহৃদয় তবণ পুরোহিত দৈনন্দিন পূজা যথানিয়মে নির্বাহ করিতেন আর ভাবিতেন, সত্যই কি জগন্মাতা আছেন? সত্যই কি তিনি বিশ্বব্রহ্মাণ্ড নিয়ন্ত্রিত করিতেছেন? জগন্মাতার প্রত্যক্ষ উপলব্ধির আশায় তন্ময় সাধক বাহ্যজগৎ ভুলিলেন,—দিন গেল, মাস গেল, বৎসরও কতবার ঘুরিয়া গেল অর্ধোন্মাদ ঠাকুর দিবাভাবে বিভোর। গঙ্গার পশ্চিমপারে অস্তগামী লোহিত সূর্যের পানে চাহিয়া তিনি কাতরকণ্ঠে

বলিতেছেন, মা, আর একটা দিনও তো বৃথা হইল,—তোমার দেখা মিলিল না। ধীরে ধীরে মন্মথী দেবী চিন্ময়ী হইয়া দেখা দিলেন। আবার মাঘের নির্দেশে সন্তানের সাধনা চলিল। দক্ষিণেশ্বরে সমাগত সকল মতের, সকল পথের সাধকগণ, সিংহ-মহাপদ্রুর্গণ আসিয়া তাহার সহিত মিলিত হইলেন। ভৈরবী ব্রাহ্মণী আসিয়া তন্ত্রোক্ত সাধনা করাইলেন, তোতাপদ্রুী আসিয়া বেদান্তের অম্বেত ব্রহ্মতত্ত্ব শিক্ষা দিলেন, লোকদল্লভ নির্বিকল্প সমাধি হইতে বদ্ব্যখিত রামকৃষ্ণ পরমহংস সত্যলভ করিয়া সত্যপ্রচারের জন্য সকলকে আহ্বান করিতে লাগিলেন,—“ওবে তোবা কে কোথায় আছিস, আয়।”

অবশেষে একদিন সংস্কারযুগের নেতা কেশবচন্দ্রের সহিত রামকৃষ্ণের সাক্ষাৎ হইল। এক অভাবনীয় ঘটনা ঘটিল, মূর্তিপূজা-বিবোধী কেশব মূর্তিপূজক ব্রাহ্মণের উপদেশবাণী প্রচার করিয়া তাহার কাগজে লিখিতে লাগিলেন, যদি শান্তি চাও, দক্ষিণেশ্বরের মহাপদ্রুবে পদতলে উপবেশন করিয়া ধন্য হও। ইহা আশ্চর্য, কিন্তু সত্য। কেশবচন্দ্র, প্রতাপচন্দ্র মজুমদার, বিজয়কৃষ্ণ প্রভৃতি ব্রাহ্ম-বোধিবৃন্দ এই মহাপদ্রুকের প্রভাবে প্রভাবান্বিত হইয়া পড়িলেন এবং ইহাদেব প্রচাবে ফলেই কলিকাতার শিক্ষিত সমাজ শ্রীরামকৃষ্ণ পরমহংসের বিষয় জানিতে পারিল।

১৮৭৯ সালে Theistic Quarterly Reviewএর অক্টোবর সংখ্যায় নববিধান সমাজের প্রচারক বেঃ প্রতাপচন্দ্র মজুমদার মহাশয় শ্রীরামকৃষ্ণ সন্দর্ভীয় প্রবন্ধে লিখিয়াছিলেন,—

“আমার মন এখনও এক উজ্জ্বল জ্যোতির্ময় রাজ্যে বিচরণ করিতেছে, যাহা সেই রহস্যময় পদ্রুকে দেখানে যান, সেইখানেই তাহার চতুর্দিকে বিকীর্ণ করেন। যখনই তাহার সহিত দেখা হয়, তখনই তিনি যে অনির্বচনীয়, রহস্যপূর্ণ ভাবনিচরে আমার হৃদয় পূর্ণ করিয়া দেন, তাহার প্রভাব হইতে আমার মন এ পর্যন্ত মুক্ত হইতে পারে নাই।

“তাঁহার এবং আমার মধ্যে সাদৃশ্য কি? আমি—ইউরোপীয় ভাবাপন্ন, সভ্য, আত্মাভিমানী, অধঃস্লেহবাদী, তথাকথিত শিক্ষিত যুক্তিবাদী এবং তিনি—দরিদ্র, বর্ণজ্ঞানহীন, অমার্জিত-রুচি, অধঃপৌত্তলিক, বন্দুহীন হিন্দু ভক্ত। কেন আমি তাঁহার কথা শ্রবণ করিবার জন্য বহুকাল বসিয়া থাকি? আমি—যে, ডেস্‌রাইল, ফসেট, স্টেনলী, ম্যাক্সমলর এবং পাশ্চাত্য-জগতের সমুদয় মনীষী ও ধর্মপ্রচারকগণেব উপদেশ শ্রবণ করিয়াছি, আমি—যে, খ্রীষ্টধর্মের একজন একান্ত ভক্ত ও অনুচর উদারহৃদয় খ্রীষ্টান মিশনারিগণের বন্দু ও সমর্থক, যুক্তিপন্থী ব্রাহ্মসমাজের অনঙ্গত ভক্ত ও কর্মী, কেন আমি তাঁহার বাক্য শ্রবণকালে মগ্নমুগ্ধ হইয়া বাই? এবং একা আমিই নই, আমার মত বহুব্যাঙই এইরূপ হইয়া থাকেন। * * *

“কিন্তু যতাদিন তিনি আমাদের নিকট জীবিত আছেন, আমরা আনন্দের সহিত তাঁহার চরণতলে উপবেশন করিয়া তাঁহার নিকট হইতে পবিত্রতা, বৈরাগ্য, সংসার-অনাসক্তি, আধ্যাত্মিকতা এবং ভগবৎ-প্রেমোন্মত্ততা সম্বন্ধীয় অত্যাচ্ছ উপদেশ শিক্ষা করিব।”

মজুমদার মহাশয় উপরোক্ত মন্তব্যে আত্মপরিচয় দিতে গিয়া সরলভাবে যে মত ব্যক্ত করিয়াছেন, তাহা পাঠ করিলে ব্রাহ্মসমাজ যে কতদূর পাশ্চাত্যভাবে ভাবিত ও অনুপ্রাণিত হইয়াছিল, তাহা বৃদ্ধিতে অধিক বিলম্ব হয় না এবং সেই কারণেই শ্রীবামকৃষ্ণের চরিত্র ও সাধনার প্রভাব প্রথমে ব্রাহ্মসমাজেব উপর পতিত হইয়া, পবান্দ্রকরণ মোহ অনেকাংশে দূর করিতে চেষ্টা পাইয়াছিল।

একটা জীবন্ত, জাগ্রত জাতির যুগযুগান্তরের চিরপোষিত আশা, আদর্শসমূহের জীবন্ত-ঘন-বিগ্রহবদূপে—তৎকালীন বাঙ্গালী সমাজ বিস্ময়ে চাহিয়া দেখিল—দক্ষিণেশ্বর কালীবাড়িতে, ভাগীরথী তীরে পশুবটীমূলে উপবিষ্ট শক্তিসাধক, নির্বিকল্প-সমাধিস্থ মহাযোগী, ভক্ত-চুড়ামণি, বৈষ্ণব, শাক্ত, খৃষ্টান, ম্নসলমান বিভিন্ন প্রকাব ধর্মসাধনে সিদ্ধপুরুষ শ্রীশ্রীরামকৃষ্ণ পবমহংস। যাহার সম্বন্ধে উত্তরকালে বিবেকানন্দ বলিয়াছেন,—

“কালবশে সদাচারদ্রষ্ট, বৈবাগ্যবিহীন, একমাত্র লোকাচারনিষ্ঠ ও ক্ষীণবুদ্ধি আর্মসন্তান, * * * স্থলভাবে বৈদান্তিকসূক্ষ্মতত্ত্বের প্রচারকারী পুরাণাদি তন্ত্রেরও মর্মগ্রহে অসমর্থ হইয়া, অনন্তভাব-সমষ্টি অখণ্ড সনাতন ধর্মকে বহুখণ্ডে বিভক্ত করিয়া, সাম্প্রদায়িক ঈর্ষা ও ক্রোধ প্রজ্জ্বলিত করিয়া তন্মধ্যে পরস্পরকে আহুতি দিবার জন্য সতত চেষ্টিত থাকিয়া, যখন এই ধর্মভূমি ভারতবর্ষকে প্রায় নরকভূমিতে পরিণত করিয়াছেন—তখন আর্মজাতির প্রকৃত ধর্ম কি এবং সততবিবদমান, আপাতপ্রতীকমান বহুধাবিভক্ত, সর্বথা-বিপরীত-আচার-সঙ্কুল সম্প্রদায়ে সমাজ্জন, স্বদেশীর দ্রাবিড়স্থান ও বিদেশীর ঘৃণাস্পদ হিন্দুধর্ম নামক যুগযুগান্তরব্যাপী বিখণ্ডিত ও দেশকালযোগে ইতস্ততঃ বিক্ষিপ্ত ধর্মখণ্ড-সমষ্টির মধ্যে যথার্থ একতা কোথায়, তাহা দেখাইতে—এবং কালবশে নষ্ট এই সনাতন ধর্মের সার্বলৌকিক ও সার্বদেশিক স্বরূপ স্বীয় জীবনে নিহিত করিয়া সনাতন ধর্মের জীবন্ত উদাহরণস্বরূপ হইয়া লোকহিতায় সর্বসমক্ষে নিজ জীবন প্রদর্শন করিবার জন্য শ্রীভগবান্ রামকৃষ্ণ অবতীর্ণ হইয়াছেন।”

১৮৭৫ সালের প্রথম ভাগে শ্রীরামকৃষ্ণের সহিত কেশবের সাক্ষাৎ হয়। ভক্ত কেশবচন্দ্র তাঁহাকে দেখিয়াই প্রমথাসম্পন্ন হইয়া পড়িলেন এবং তাঁহার ধর্মজীবনে এক বিচিত্র পরিবর্তন উপস্থিত হইল। খৃষ্ট-মহিমা কীর্তনকারী কেশবচন্দ্র, ভাবতীয়

বৈরাগ্যমূলক সাধনার প্রতি আকৃষ্ট হইলেন, দৈহিক কঠোরতা, স্বপাক ভোজন প্রভৃতি আরম্ভ করিলেন, এমন কি হিন্দু দেবদেবীর আধ্যাত্মিক ও রূপক ব্যাখ্যা করিয়া বক্তৃতাও দিতে লাগিলেন। যুক্তিপন্থী ব্রাহ্মগণ, কেশবচন্দ্রের ভক্তির আতিশয্য, অত্যধিক খৃষ্টপ্রীতি বিশেষ সাধনভঞ্জন যোগাধ্যান ইত্যাদি পছন্দ করিতেন না। তাহার উপর ঈশ্বরের প্রত্যাশে অনুসারে তিনি যখন নববিধান প্রচার করিতে লাগিলেন, তখন চরমপন্থী ব্রাহ্মরা কেশবেব অনুগত্য রক্ষা করিতে পারিলেন না, ‘ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজে’ গৃহবিবাদের সূত্রপাত হইল। ১৮৭৮ সালে কেশবের নাবালাকা কন্যার সহিত কোচবেহারের মহারাজার বিবাহ হয়। উক্ত বিবাহোপলক্ষে কেশব ব্রাহ্মসমাজের স্বরচিত নিয়মাবলীর মর্যাদা রক্ষা করিতে পারিলেন না। বিশেষতঃ কেশবকে বাধ্য হইয়া হিন্দুধর্মে কন্যা সম্প্রদান করিতে হইয়াছিল। ইহাতে ব্রাহ্মসমাজে তুমুল আন্দোলন উপস্থিত হইল, একদল ব্রাহ্ম কেশবচন্দ্রকে আচার্যের ও সম্পাদকের পদ হইতে অপসৃত করিবার জন্য চেষ্টা করিত হইলেন। এই বিবাদে লজ্জাকর আত্মদৌর্বল্য প্রকট করিয়া পুনরায় ব্রাহ্মসমাজ স্থিতিবিভক্ত হইল; প্রতিবাদকাবী ব্রাহ্মগণ বিজয়কৃষ্ণ, শিবনাথ প্রমুখ নেতৃবৃন্দকে পুরোভাগে স্থাপন করিয়া “সাধারণ ব্রাহ্মসমাজ” প্রতিষ্ঠা করিলেন।

সাধারণ ব্রাহ্মসমাজের দলপতিরা কেশবের দ্রুত পরিবর্তিত ধর্মমতের তীব্র সমালোচনা করিতে লাগিলেন। গৃহস্বশ্বে ক্ষত বিক্ষত হইয়াও কেশব তাহার “নববিধান” প্রচার করিতে লাগিলেন। শ্রীরামকৃষ্ণ কথিত ‘সকল ধর্মই সত্য’ এবং ‘যত মত তত পথ’ ইত্যাদি আংশিকভাবে উপলব্ধি করিয়া হিন্দু, খৃষ্টান, বৌদ্ধ প্রভৃতি ধর্মশাস্ত্র অবলম্বনে স্বীয় শিষ্য ও অনুগতবর্গকে নূতন নূতন সাধন পথ প্রদর্শন করিতে লাগিলেন।

“নববিধান” সমাজে কেশব পরমহংসদেবের আদর্শে “মা” নাম চালাইয়া দিলেন; নিজেও মাতৃভাবে ভগবানের সাধনায অগ্রসর হইলেন। মাতৃভাবে ভগবানের উপাসনা কেশববাবু যে পরমহংসদেবের নিকট প্রাপ্ত হইয়াছিলেন, ইহা বহুদিনস পরে উক্ত সমাজের প্রচারকগণ অস্বীকার করিয়া প্রবন্ধাদি লিখিয়াছিলেন। অধ্যাপক ম্যাক্সমুলার প্রণীত রামকৃষ্ণজীবনীতে কেশবের ধর্মজীবনের পরিবর্তন, উন্নতি, সাধনাকাঙ্ক্ষার প্রধান কারণ উক্ত মহাপুরুষ বলিয়া উল্লিখিত হওয়ায় তাঁহাদের “আচার্য” ছোট হইয়া গেলেন, এই এক ধারণা লইয়া তাঁহারা বিশ্ববিবর্তিত প্রবন্ধ ও পুস্তিকা লিখিয়া প্রচার করিতে লাগিলেন যে, রামকৃষ্ণ পরমহংসই কেশবের শিষ্য গ্রহণ করিয়া ধর্ম-জীবনে উন্নতি করিতে সমর্থ হইয়াছিলেন, ইত্যাদি ইত্যাদি। পরবর্তী কেশব-

শিষ্যগণ বোধ হয় অবগত নহেন, তাঁহাদেরই মধ্যে একজন, নববিধান চার্চের অন্যতম মিশনরী বাবু গিরিশচন্দ্র সেন মহাশয় বহু পূর্বে লিখিয়াছেন,—

“ভগবানেব মাতৃভাব সম্বন্ধীয় ভাব ব্রাহ্মসমাজ পরমহংসের জীবন হইতে প্রাপ্ত হন। বিশেষভাবে আমাদিগের আচার্য (কেশবচন্দ্র সেন) তাঁহার নিকট হইতে ঈশ্বরকে “মা” বলিয়া ডাকিতে এবং শিশুর সরলতা ও অভিমান লইয়া আশ্রয় করিয়া প্রার্থনা করিতে শিক্ষা করেন। ইতিপূর্বে ব্রাহ্মধর্ম জ্ঞানপ্রধান এবং শুদ্ধ তর্কবুদ্ধিতে পূর্ণ ছিল। পরমহংসের জীবনাদর্শ ব্রাহ্মধর্ম হইতে শুদ্ধতা দূর করিয়া উহাকে অধিক প্রিয়তর এবং ভিত্তিময় করিয়া তুলিল।” (ধর্মতত্ত্ব—১লা আশ্বিন, ১৮০৯ শক)

উদারভাব, সর্বজনীন ধর্ম ইত্যাদির দোহাই দিয়া ব্রাহ্মসমাজে যে লজ্জাকর দলাদলি আরম্ভ হইল—তাহাতে ব্রাহ্মধর্মের প্রভাব অতিমাত্রায় খর্ব হইয়া পড়িল।

অপরদিকে ১৮৭০ সাল হইতে ব্রাহ্মসমাজের বিরুদ্ধে সনাতনপন্থীগণের আন্দোলন ফলপ্রসূ হইতে লাগিল। ইহার মধ্যে প্রচারক শ্রীকৃষ্ণপ্রসন্ন সেন মহোদয়ের চেষ্টা, বক্তৃতাশক্তি এবং কর্মোৎসাহ বিশেষভাবে উল্লেখযোগ্য। নগরে নগরে ভ্রমণ করিয়া এই পরিব্রাজক সম্রাসী সনাতনধর্ম প্রচার করিয়া ব্রাহ্মভাবাপন্ন শিক্ষিত ব্যক্তিদিগকে পুনরায় স্বমতে আনয়ন করিতে লাগিলেন দৈনিক্যে ব্রাহ্মপ্রচারকগণ ভ্রমোৎসাহ হইয়া পড়িলেন। পণ্ডিত শশধর তর্কচূড়ামণির হিন্দুশাস্ত্র ব্যাখ্যাও কলিকাতা সহরে কম চাঞ্চল্যের সৃষ্টি করে নাই। ইতিপূর্বে শোভাবাজারের রাজা কমলকৃষ্ণ প্রতিষ্ঠিত “সনাতনধর্ম-রক্ষণী” সভাও নূতন শক্তি লইয়া মাথা তুলিয়া দাঁড়াইয়াছিল। প্রাচীন শাস্ত্রব্যাখ্যা, সাহিত্যচাচার প্রতিষ্ঠা ও হিন্দুধর্মের শ্রেষ্ঠতা সম্বন্ধে বক্তৃতা, আলোচনা ও প্রবন্ধাদি পাঠ চলিতে লাগিল। এই সময় হইতেই দেশের শিক্ষিত-সমাজের উপর ব্রাহ্মসমাজের প্রভাব হ্রাস হইতে আরম্ভ হইল। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও আনন্দমোহন বসুর চেষ্টায় রাজনৈতিক আন্দোলন বেশ জাঁকিয়া উঠার কেশবের ১৮৬০-৬৬ সালের “ইয়ং বেঙ্গল” সেই দিকে ঝুঁকিয়া পড়িলেন। তথাকথিত ধর্ম ও সমাজসংস্কারের মধ্য দিয়া জাতীয় জীবন-সমস্যার মীমাংসা খুঁজিয়া না পাইয়া শিক্ষিত ব্যক্তিগণ রাজনীতি-সহায়ে উহা মীমাংসা করিতে উদ্যত হইলেন।

এমন সময়ে—“উনবিংশ শতাব্দীর শেষভাগে—যখন আমরা সংস্কারের আবর্তে পড়িয়া কোন পথে বাইব বুদ্ধিমা উঠিতে পারি নাই, পাশ্চাত্যের প্রথর বিদ্যুতের আলোকে যখন আমাদের চক্ষু প্রতিহত হইতেছিল, সমগ্র জাতির যখন প্রায় দিগ্ভ্রম

হইবাব উপক্ৰম, জাতিব সম্মুখে প্রশ্নের পর প্রশ্ন, সন্দেহের পরে সন্দেহ যখন ক্রমেই পুঞ্জীভূত হইয়া উঠিতেছিল, বিজ্ঞাতীষ পথে স্বজাতির সংস্কাররথ যখন আর চলিতে না পারিয়া প্রায় থামিয়া যাইতেছিল, দীর্ঘ এক শতাব্দীর সংস্কাবফল চিন্তা করিয়া যখন আমরা একরূপ হতাশভাবে বসিয়া পড়িতেছিলাম, কিন্তু কি কবিব ভাবিয়া উঠিতে পারি নাই, তখন সেই সংস্কারেব ঝড়ে আলোড়িত ও মথিত বাঙ্গালী-সমাজের জঠর হইতে আবির্ভূত হইলেন—স্বামী বিবেকানন্দ।”

সংস্কার-যুগপ্রবর্তক রামমোহনের কথা ছাড়িয়া দিলে, একাল পর্যন্ত তাঁহার পরবর্তী সংস্কারকগণ ধ্বংসনীতিব অনুসরণ করিয়া এত অধিক শক্তিক্ষয় করিলেন যে, গড়িয়া তোলা তাঁহাদের পক্ষে অসম্ভব ও অসাধ্য হইয়া উঠিল, এমন কি, অবশেষে তাঁহারা ভাঙ্গিবার প্রবলতম আগ্রহে আত্মশরীর পর্যন্ত গ্রিধা বিভক্ত কবিয়া শক্তিহীন ও দুর্বল হইয়া পড়িলেন। অনুদাব ধর্মমত প্রচাব, পাশ্চাত্যসভ্যতাব অন্ধ অনুকরণ, আব প্রাচীন সমাজেব ও ধর্মের মস্তকে অকাবণ অভিশাপ বর্ষণ—পরবর্তীকালেব শক্তিহীন দুর্বল সংস্কারকগণের একমাত্র পেশা হইয়া পড়িল। অন্য গদ্যবৃত্তব কাবণেব সাহিত্য, বিশেষতঃ এই সমস্ত কারণের সঙ্গোব বিজয়কৃষ্ণ গোস্বামী “গন্দী” ছাড়িয়া বিশ্ববৈকুণ্ঠের পথে বাহির হইয়া পড়িলেন। ব্রাহ্মসমাজ অনেক ভাবিয়া চিন্তিয়া তাঁহার নাম কাটিয়া দিল।

বিগত শতাব্দীর সংস্কাবকগণেব মধ্যে কোন কোন ব্যক্তির প্রতি শ্রদ্ধাপ্রদর্শন করিলেও মোটের উপব সংস্কাবযুগকে বিবেকানন্দ বিশেষ শ্রদ্ধার দৃষ্টিতে দৈকিতে পারেন নাই। বিবেকানন্দ ধ্বংসের বিবোধী ছিলেন। তাঁহার মূলমন্ত্র ছিল—সংগঠন। অথচ সংস্কাবকদিগের আদর্শে যে গঠনের প্রস্তাব একেবাবেই ছিল না, একথা বলিলে তাঁহাদের প্রতি অবিচাব কবা হইবে এবং বিবেকানন্দের আদর্শ ও কার্যপ্রণালীতে যে আবর্জনাযে পরিহারেব চেষ্টা ছিল না—একথা বলিলেও মিথ্যা বলা হইবে। তথাপি স্বামী বিবেকানন্দ ব্রাহ্ম সংস্কারযুগেব বিরুদ্ধে এক ভীষ প্রতীবাদস্বরূপ দণ্ডায়মান হইয়াছিলেন। কে বলিবে যে, এই প্রতীবাদেব আবশ্যক ছিল না? যাহাকে প্রতীবাদ কবা যায়, তাহার সম্বন্ধে মানদুষ বিশেষরূপেই সজাগ থাকে। সেই হিসাবে ব্রাহ্মযুগ সম্বন্ধে বিবেকানন্দ বিশেষরূপেই সচেতন ছিলেন এবং তাহা ছিলেন বলিযাই একদিকে রামমোহন, বিদ্যাসাগর, কেশবচন্দ্রের সংস্কাবেব প্রভাব ও প্রতীবাদ যেমন তাঁহার মধ্যে দেখা দিয়াছে, তেমনি অন্যদিকে বাজনাবাষণ, বীক্ষম ও ভূদেবের চিন্তাও সাহিত্যের মধ্য দিয়া তাঁহার মধ্যে সংক্রমিত হইয়াছে। অথচ সমস্ত দিক হইতেই তাঁহার ব্যক্তিত্ব ও স্বাতন্ত্র্য অত্যন্ত প্রখরভাবেই ফুটিয়া

উঠিয়াছে,—এক অতি অনন্দপম ভাস্কর দীপ্তিতে ইতিহাস আলোকিত করিয়া গিয়াছে। তাঁহার মানসিক বিকাশের ইতিহাসে আমরা দেখিতে পাই যে, তিনি তাঁহার পূর্বগামী সংস্কারযুগকে সম্পূর্ণরূপে গ্রাস করিয়া অগ্রসর হইয়াছেন। প্রত্যেক পরবর্তী যুগপ্রবর্তককেই তাহা করিতে হইবে।



তৃতীয় অধ্যায়

সাধক বিবেকানন্দ

(১৮৮০-১৮৮৬)

“আজকাল ইহা একটী চলিত কথায় দাঁড়াইয়াছে, আর সকলেই বিনা আপত্তিতে এটী স্বীকার করিয়া থাকেন যে, পৌত্তলিকতা দোষ। আমিও এক সময়ে এইরূপ ভাবিতাম, আর ইহার শাস্তিস্বরূপ আমাকে এমন এক ব্যক্তিব পদতলে বসিয়া শিক্ষালাভ করিতে হইয়াছিল, যিনি পদতুলপূজা হইতেই সব পাইয়াছিলেন।”

—বিবেকানন্দ

১৮৭৯ সালে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া নবেন্দ্রনাথ যখন কলেজে প্রবিষ্ট হইলেন, তখন তিনি অষ্টাদশবর্ষীয় বালকমাত্র। পবীক্ষার জন্য প্রস্তুত হইবাব কালে তিন বৎসরের পাঠ্য বিষয় এক বৎসরে শেষ করিতে গিয়া নবেন্দ্রনাথকে গদ্বতর মানসিক পরিশ্রম করিতে হইয়াছিল। তিনি প্রেসিডেন্সী কলেজে অধ্যয়ন করিতে লাগিলেন বটে, কিন্তু ম্যালেরিয়া জ্বরে আক্রান্ত হইয়া সে বৎসরের মত তাঁহাকে কলেজ পরিত্যাগ করিতে হইল। পব বৎসর তিনি জেনাবেল এসেম্বলী ইনস্টিটিউশানে যোগ দিয়া এফ এ পাড়িতে লাগিলেন।

প্রথর ব্যক্তিত্বশালী নবেন্দ্রনাথ অতি সহজেই সহপাঠিগণের মধ্যে নিজেকে প্রতিষ্ঠিত করিয়াছিলেন। নিজের শরীর উপর গভীর বিশ্বাসপ্রসূত শ্রেষ্ঠত্বের অভিমানে তাঁহার চরিত্রের এক দেদীপ্যমান বৈশিষ্ট্যরূপে সমভাবে সহপাঠী ও অধ্যাপকবৃন্দের দৃষ্টি আকর্ষণ করিত। কলেজে নরেন্দ্রের বন্ধু ও অনুবক্ত ভক্ত জুটিয়াছিল প্রচুর। তাঁহার যে কেবলমাত্র তাঁহার প্রতিভা ও সূক্ষ্মবুদ্ধি দেখিয়া আকৃষ্ট হইতেন, এমন কথা বলা যায় না। প্রতিভা, পার্শ্বেত্য, তর্কশক্তি ইত্যাদি মানসিক গুণাবলী অপেক্ষা নরেন্দ্রের মধুর সঙ্গীতের মোহিনী-শক্তি এবং দৃঢ়-সবল ন্যাতদীর্ঘ সূতাম দেহধানি সহজেই ভাবপ্রবণ বাঙ্গালী-যুবকহৃদয় আকর্ষণ করিয়া লইত। লোকমুখে শুনানিয়াছি, তাঁহার পৌরুষ-দস্ত মধুমন্ডলের স্নিগ্ধ-সৌন্দর্য এবং সর্বোপরি উজ্জ্বল মর্মভেদী দৃষ্টিপূর্ণ বিশাল নেত্রম্বয় দেখিয়া মূগ্ধ হইত না, এমন ছাত্র কলেজে অতি অল্পই ছিল।

নরেন্দ্র কোনাদিনই শাস্ত-শিষ্ট ছিলেন না। লোক-ব্যবহারে, তৎকাল-প্রচলিত খৃষ্টানী-কাম-ব্রাহ্ম-নীতিমার্গের পথিকও ছিলেন না। জীবনু তাঁহার নিকট ছিল—এক স্বচ্ছন্দ অবিরাম প্রবাহ, তথাকথিত নীতিশাস্ত্রের বিধি-নিষেধের বাঁধন জড়াইয়া পণ্ডা হইয়া ‘ভালমানুষ’ সাজিবার গতানুগতিকতা তাঁহার জীবনের সহজ-প্রবল গতিমুখে কোন বাধা দান করিতে পারে নাই। তিনি পরচর্চা করিতে কুণ্ঠাবোধ করিতেন না, কিন্তু কখনো কাহারও অসাক্ষাতে কোন কথা বলিতেন না। যাহাকে যাহা বলিবার আবশ্যক হইত, নির্বিচারে মূখের উপর বলিয়া দিতেন। বাল-সুদলভ সরলতার সহিত তিনি যখন ব্যক্তি-বিশেষের চরিত্র-সমালোচনায় অগ্রসর হইয়া তীর শ্লেষবাক্যে তাহাব অন্তর জর্জরিত করিয়া তুলিতেন, তখন বন্ধুবর্গের সম্মুখে অপ্রতিভ হইয়া উক্ত ব্যক্তি সাময়িক তাঁহার প্রতি অসন্তুষ্ট হইলেও পরক্ষণেই তাহা তুলিয়া যাইতেন। কারণ ঐ প্রকাব সমালোচনা কঠোর ও নির্ভীক হইলেও তাহার মধ্যে ঈর্ষা বা অন্য কোন নীচ অভিসন্ধি থাকিত না। যদ্বক বা বালকবৃন্দের একটি অপরাধ নরেন্দ্রের দৃষ্টিতে অমার্জনীয় ছিল,—অপাঙ্গদৃষ্টিতে চাওয়া, মৃদুহাস্য সহকাবে ললিত-ভঙ্গীতে কথোপকথন, দৃষ্টি মিলিত হইবামাত্র লজ্জায় নতনের হওয়া, কোমল অঙ্গভঙ্গী, মস্তনগমন ইত্যাদি অভ্যাস করিয়া পদব্দ চেষ্টা করিয়া স্ত্রীলোক হইবে, ইহা তাঁহার অসহ্য ছিল। তাহার উপর যদি কোন ছাত্র, অনাবশ্যক বিলাস-দ্রব্যাদি ব্যবহার করিতেন, তাহা হইলে তাঁহাকে নরেন্দ্রের কঠোর সমালোচনার তীক্ষ্ণবাক্যে মস্তক অবনত করিয়া স্বীয় চুটী স্বীকার করা ব্যতীত গতান্তর থাকিত না।

ডন, কুস্তি, ক্রিকেট খেলা ইত্যাদিতে তাঁহার সমধিক আগ্রহ পরিলাক্ষিত হইত। দৈহিক শক্তিতে নরেন্দ্রনাথ সমবয়স্কদিগের মধ্যে অন্য বালক অপেক্ষা ন্যূন ছিলেন না। নরেন্দ্রনাথ পাঠশ্রান্ত মস্তিস্ককে বিশ্রাম প্রদান করিবার জন্য সময় সময় বন্ধুবর্গের সহিত রঙ্গপরিহাসে যোগদান করিতেন। আমোদ-প্রমোদ করিবার নব নব উপায় উদ্ভাবন করিতে তিনি সিন্ধহস্ত ছিলেন। তাঁহার এই সমস্ত ব্যবহার ও সাময়িক উচ্ছ্বলবৎ আচরণের কারণ বৃদ্ধিতে না পারিয়া অনেকে নানাপ্রকার ধারণা করিয়া বসিতেন, কেহ বা তিস্ত মন্তব্যও প্রকাশ করিতেন। তেজস্বী, স্বাধীনচেতা নরেন্দ্র নিন্দা শ্রবণ কবিতা কখনও বিচলিত হইতেন না, এমন কি, অবজ্ঞাহাস্যে উড়াইয়া দেওয়া ব্যতীত কখনও কোনপ্রকার প্রতিবাদ করিতে অগ্রসর হইতেন না। তীক্ষ্ণবুদ্ধি নরেন্দ্রনাথ স্বল্পকাল মধ্যেই নির্দিষ্ট পাঠ প্রস্তুত করিতে পারিতেন বলিয়া সঙ্গীত, হাস্য, পরিহাস ইত্যাদি করিবার জন্য প্রচুর অবসর পাইতেন, অনেক হীনবুদ্ধি বালক

তাহার অনুকরণ করিতে গিয়া স্বীয় সর্বনাশ ডাকিয়া আনিত। চপল-চট্টল-বাক্য-বিন্যাস-পটু সদৃশিক নরেন্দ্রনাথকে বাহ্য আচরণ দিয়া বিচার করিয়া এইকালে যাহারা কোন সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, বলা বাহুল্য, তাহারা এই অশুভ যুবকেব প্রকৃত পরিচয়, অতি সন্নিকটে থাকিয়াও অতি অল্পই পাইয়াছেন।

কবির উদ্দাম কল্পনা-প্রবণ অধীর প্রতিভা লইয়া নরেন্দ্রনাথ যখন নির্বিষ্ট মনে দর্শনশাস্ত্র বা উচ্চাঙ্গের সাহিত্যবিষয়ক গ্রন্থাদি পাঠে নিযুক্ত থাকিতেন, তখন তিনি এক স্বতন্ত্র মানুষ বলিয়া প্রতিভাত হইতেন। এফ এ পরীক্ষার পূর্বেই তিনি মিল প্রমুখ পাশ্চাত্য নৈয়ায়িকগণের মতবাদেব সহিত পরিচিত হইয়াছিলেন এবং হিউম ও হাববার্ট স্পেন্সরের দার্শনিক গ্রন্থসমূহ পড়িতে আবশ্য করবেন।

জেনারেল এসেম্বলী কলেজের অধ্যক্ষ উইলিম হেষ্টি সাহেব একাধারে সদৃশীভূত, কবি ও দার্শনিক ছিলেন। নরেন্দ্র, ডাঃ রজেন্দ্রনাথ শীল প্রভৃতি কয়েকজন প্রতিভাশালী ছাত্র তাহার সমধিক প্রিয়তর ছিলেন। ইহারা তাহার নিকট নিয়মিতভাবে দর্শনশাস্ত্র অধ্যয়ন করিতেন। হেষ্টি সাহেব নরেন্দ্রকে এত অধিক স্নেহ করিতেন যে, একদিন উক্ত কলেজের “আলোচনা সভা” নরেন্দ্রের দার্শনিক মতবিশেষের বিশ্লেষণে সমধিক সন্তুষ্ট হইয়া মন্তব্য প্রকাশ করিয়াছিলেন,—
 “He is an excellent philosophical student In all the German and English Universities there is not one student so brilliant as he is ”

পাশ্চাত্য বিজ্ঞান এবং দর্শনশাস্ত্রসমূহের আলোচনা তাহার হৃদয়ে এক তুমুল ঝড় তুলিয়া দিল। তাহার জন্মগত সংস্কার ও মর্মগত বিশ্বাস চারিদিকের পারিপার্শ্বিক অবস্থার সহিত সঙ্গর্ষে আসিয়া বিচলিতপ্রায় হইয়া উঠিল। ভিতরের মানুষটির অন্তর্নিহিত ভাবনিচয়ের সহিত এ প্রবল সচেতন যুদ্ধ শ্বূলদৃষ্টি ছাত্রবৃন্দের ধারণারও অতীত ছিল। ডাঃ রজেন্দ্রনাথ শীল প্রমুখ কয়েকজন অন্তরঙ্গ বন্ধুই উহা বিশেষভাবে অবগত ছিলেন।

ডেকার্টের অহংবাদ, হিউম এবং বেনের নাস্তিকতা, ডারউইনের অভিযান্ত্রিকবাদ—সর্বোপরি স্পেন্সরের অজ্ঞেয়বাদ ইত্যাদি বিভিন্ন দার্শনিকের চিন্তারণে পথহারা হইয়া নরেন্দ্রনাথ প্রকৃত সত্যলাভের জন্য ব্যাকুল হইলেন। রজেন্দ্রবাবু তাহার প্রথম বন্ধুর এই কালের মানসিক অবস্থা বর্ণন করিয়া ১৯০৭ সালে “প্রবন্ধ ভারত” পত্রিকায় যে প্রবন্ধ লিখিয়াছেন, উহা পাঠ করিলে নরেন্দ্রনাথের মানসিক অশান্তি ও বিশ্লবের বেশ একটা স্ফুটপূর্ণ বিবরণ পাওয়া যায়। রজেন্দ্রবাবু তাঁহাকে শেলীর

কবিতা, হেগেলের দর্শন এবং ফরাসী বিপ্লবের ইতিহাস ইত্যাদি পাঠ করিতে। পরামর্শ দিলেন। ক্রমবর্ধমান জ্ঞানপিপাসা লইয়া নরেন্দ্র যতই অগ্রসর হইতে লাগিলেন, ততই তিনি দেখিলেন যে, চরম সত্যলাভ কবিতে হইলে কেবলমাত্র বদ্বিষি বিচার-সহায়ে দার্শনিক সূক্ষ্মতত্ত্ব মীমাংসায় ব্যাপৃত থাকিলে চলিবে না। কিন্তু উপায় কি?

এই পণ্ডেন্দ্রিয়গ্রাহ্য জড়-জগতের অন্তরালে এমন কোন শক্তিমান পুরুষ আছেন কি না, বাঁহার ইপিগতে এই জড়সমষ্টি পরিচালিত হইতেছে? এই মানবজীবনের উদ্দেশ্য কি? এবশ্বিধ অতীন্দ্রিয়রাজ্যের রহস্যপূর্ণ প্রশ্নসকল পর্যায়ক্রমে তাঁহার মানস-পটে উদ্ভূত হইয়া তাঁহাকে বিচলিত করিয়া তুলিল। তিনি বদ্বিষিতে পারিলেন, পাশ্চাত্য-বিজ্ঞান ও দর্শনশাস্ত্রসমূহ, যুক্তি ও বিচার সাহায্যে তত্ত্ব-নিরূপণ করিতে গিয়া অথবা সমস্যার মীমাংসা কবিতে গিয়া, উহাকে অধিকতর জটিল করিয়াছে মাত্র। কাজেই স্বীয় সত্যানুসন্ধানসু প্রবৃত্তিকে কেবলমাত্র দর্শন, সাহিত্য, বিজ্ঞান ও ইতিহাসের আলোচনায় নিষ্কৃত না রাখিয়া বহিজগতে জীবন্ত আদর্শের অনুসন্ধান করিতে প্রবৃত্ত হইলেন। যখনই কোন ধর্মপ্রচারক ধর্ম বা ঈশ্বর সম্বন্ধে বক্তৃতা করিতেন, নরেন্দ্রনাথ তাঁহাব অশান্ত হৃদয়ের ব্যাকুলতা ঢালিয়া প্রশ্ন করিয়া বসিতেন, ‘মহাশয়! আপনি কি ঈশ্বর দর্শন কবিয়াছেন?’

আধ্যাত্মিক-তত্ত্ব-ব্যাখ্যা প্রচাবক এই অশ্রুত প্রশ্নকর্তার উদ্গ্রীব মূখমণ্ডলের দিকে চাহিয়া “হাঁ” বা “না” এতদুভয়ের কোনটিই উচ্চারণ করিতে পারিতেন না, নানাপ্রকার প্রবোধ বাক্যে তাঁহাকে পরিতৃপ্ত করিতে প্রয়াসী হইতেন। ফলে, বহু চেষ্টা করিয়াও তিনি একজনও প্রত্যক্ষদর্শীর সম্মান পাইলেন না, কেবল পৃথিগত বিদ্যার আবৃত্তিকারী অথবা পরধর্মহিন্দ্রাবেষী জনকতক ব্যক্তির দর্শনলাভ করিলেন মাত্র। ধর্মপ্রচারকগণের সম্প্রদায়গত বাঁধা বদ্বিষি শূন্যতা শূন্যতা তিনি প্রবল সন্দেহবাদী হইয়া উঠিলেন, কিন্তু ধর্মপ্রচারকগণের অন্তঃসারশূন্যতা ও পাশ্চাত্য জড়বিজ্ঞান ও দর্শনের প্রবল যুক্তিসমূহ কিছতেই তাঁহার সত্যলাভের আকাঙ্ক্ষাকে উন্মূলিত করিতে পারিল না। তিনি প্রাণে প্রাণে বদ্বিষিলেন:—

“অবিদ্যাব্যামন্তরে বর্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ

দন্দুমায়াণাঃ পরিবলিত মূঢ়া অশ্বেনৈব নীযমানা যথান্থাঃ।”

মূঢ় বিদ্যা অভিমানী, অবিদ্যার মাঝে জ্ঞানী, ভাবে আপনায়।

অসার জ্ঞানের গর্বে অশ্বনীর অশ্বসম দ্রাম্যমাণ হাব!

সত্যলাভের প্রেরণাই তাঁহাকে ব্রাহ্মসমাজে লইয়া গিয়াছিল। এই যুক্তিপন্থী, সন্দেহবাদী অথচ সত্যকাম যুবক, আগ্রহসহকারে ব্রাহ্ম-আচার্যগণের উপদেশ গ্রহণ

করিতেন। অবশেষে কতিপয় বন্ধু সমীর্ষব্যাহারে সাধারণ ব্রাহ্মসমাজের সভ্য হন। কিন্তু কতকগুলি ধরাবধি মতবাদ এবং প্রণালীবদ্ধ উপাসনা ইত্যাদিতে তাঁহার অন্তর্ভূত আধ্যাত্মিক পিপাসা তৃপ্ত হইল না।

ব্রাহ্মসমাজে যোগদান করিবার পূর্বেই নরেন্দ্রনাথ রাজা রামমোহন রায়ের লিখিত পুস্তক ও প্রবন্ধসমূহের সহিত বিশেষভাবে পরিচিত হইয়াছিলেন। সাধারণ ব্রাহ্ম-সমাজের সভ্য হইয়াও তিনি মহর্ষি দেবেন্দ্রনাথ ও কেশববাবুর নিকট তত্ত্বালোচনার জন্য গমনাগমন করিতেন। অম্বিতীয় বক্তা ও শক্তিশালী পুরুষ কেশবচন্দ্রের অনুপ্রাণিত হইয়াও, নবপ্রতিষ্ঠিত নববিধান সমাজে যোগদান না করিয়া, তিনি কেন সাধারণ ব্রাহ্মসমাজে যোগদান করিলেন, আমবা তৎসম্বন্ধে চারিটি প্রধান কারণ দেখিতে পাই।

১। বাল্যকাল হইতেই তিনি জাতিগত অধিকার বৈষম্যকে ঘৃণা করিতেন। সাধারণ ব্রাহ্মসমাজের প্রচারকবৃন্দ এই কালে জাতিভেদ-প্রথাব উচ্ছেদসাধনকল্পে প্রাণপণে চেষ্টা করিতেছিলেন, ইহাতে তাঁহার পূর্ণ সম্মতি ছিল।

২। নারীগণকে ধর্মকারণে ও সমাজ-জীবনে পুরুষের সমান অধিকার প্রদান-পূর্বক সৃষ্টিশক্তি করিয়া তোলাব সঙ্কল্পও তাঁহার হৃদয়গ্রাহী হইয়াছিল।

৩। নববিধান সমাজে ব্রাহ্মগণের ভাবাবেশ, ক্রন্দন ও ভক্তির আতিশয্যে কেশবকে প্রেরিত পুরুষ ইত্যাদি বলা তাঁহার ভাল বোধ হয় নাই।

৪। রাজা রামমোহনের আদর্শের সহিত ব্রাহ্মসমাজের কথঞ্চিৎ যোগ থাকিলেও, উহা যে রাজার ঈর্ষাসত পথে বিকশিত হয় নাই, ইহা তিনি স্পষ্ট বুদ্ধিমা কোন বিশেষ সমাজের পূর্ণ আনুগত্য স্বীকার করেন নাই।

ব্রাহ্মসমাজে যোগদান করিয়াও তিনি উপাসনা বিষয়ে সমাজস্থ অন্যান্য সভ্যগণের সহিত একমত হইতে পারেন নাই। মেধাবী, দৃঢ়চেতা নরেন্দ্রনাথ অপরের মতামত নির্বিচারে গিলিয়া ফেলিবার মত ছেলে ছিলেন না, কাজেই কেহ তাঁহাকে স্বমতে আনয়ন করিবার জন্য তর্ক উপস্থিত করিলে তিনি পাশ্চাত্য সংশয়বাদী দার্শনিকগণের বুদ্ধিসমূহকে স্বীয় অসাধারণ প্রতিভাবলে এমনভাবে প্রকাশ করিতেন যে, প্রতিপক্ষকে নিরস্ত হইতে হইত। নির্ভীক ও কঠোর সমালোচক হইলেও ব্রাহ্মসমাজের নেতৃবৃন্দ তাঁহাকে সমধিক স্নেহ করিতেন। নরেন্দ্রনাথ রবিবারসরীষ উপাসনা কালে মধুরকণ্ঠে ব্রহ্মসংগীত গাইয়া সভ্যগণের চিত্তবিনোদন করিতেন এবং উপাসনার যোগ দিতেন, কিন্তু তাঁহার “স্বাভাবিক বৈরাগ্যপ্রবণ মন, ত্যাগের ও জ্বলন্ত ধর্মবুদ্ধির অভাববোধে ব্রাহ্মসমাজের প্রণালীবদ্ধ উপাসনার তৃপ্তিলাভ করিত না।”

বাল্যকাল হইতেই নরেন্দ্রনাথ ধ্যানানন্দি তন্ময় হইয়া যাইতেন। মনঃসংযম তাঁহাকে চেষ্টা করিয়া করিতে হইত না। একদিন মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর নরেন্দ্রকে ধ্যান করিবার উপদেশ দিলেন। বলিলেন, তোমার অবয়বে যোগিজ্ঞানোচিত চিহ্ন বিদ্যমান। তুমি ধ্যান করিলেই শান্তি ও সত্যলাভ করিবে। পুত্ৰচারিত মহর্ষির প্রতি নরেন্দ্রনাথ শ্রদ্ধাবান ও ভক্তিমান ছিলেন। কাজেই তাঁহার কথাষ নরেন্দ্রের অনুরাগ স্বিগুণিত হইল। কেবল তাহাই নহে, তিনি কঠোর ব্রহ্মচর্য-পালনেও অগ্রসর হইলেন। নিরামিষ ও পরিমিত আহার, ভূমিশয্যা শয়ন, সাদা ধূতি ও চাদর পরিধান ইত্যাদি বাহ্য কঠোরতাও অবলম্বন করিলেন। নরেন্দ্রনাথ, স্বীয় বাটীর সন্নিকটে মাতামহীর ভাড়াটিয়া বাটীর একটি কক্ষে থাকিতেন। এইখানে কোলাহলহীন নির্জনতায় মধ্যে তাঁহার সাধন-ভজনের সুবিধা হইত। বাড়ির লোকেরা মনে করিতেন, হট্টগোলে পড়ার ব্যাঘাত হইবে বলিয়াই নরেন্দ্রনাথ বাড়িতে থাকিতে চাহেন না। পুত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করিতে অনিচ্ছুক বিশ্বনাথবাবুও এজন্য কোনদিন কিছ্ বলেন নাই, কাজেই নরেন্দ্রনাথ একান্তে পড়া-শুনা, সঙ্গীত-চর্চা ইত্যাদি করিয়া অবশিষ্ট সময় সাধন-ভজনে ব্যয় করিতেন।

এইরূপে যতই দিন যাইতে লাগিল, তাঁহার সত্য জ্ঞানবাব ইচ্ছা তো তৃপ্ত হইলই না, বরং উত্তবোত্তর বর্ধিত হইতে লাগিল। ক্রমে তিনি বুঝিলেন যে, অতীন্দ্রিয় সত্য প্রত্যক্ষ করিতে হইলে এমন এক ব্যক্তির চরণতলে বসিয়া শিক্ষা লাভ করিবার প্রয়োজন, যিনি ঐ সত্য সাক্ষাৎকার করিয়াছেন। তিনি ইহাও প্রাণে প্রাণে বুঝিলেন যে, এ জীবনে সত্যলাভ করিতে হইবে, নয় সেই-চেষ্টায় প্রাণ দিতে হইবে, নতুবা এ অশান্তি-সঙ্কুল জীবন ধারণ করিয়া লাভ কি? পারিপার্শ্বিক প্রভাবের মধ্যে আকণ্ঠ নিমজ্জিত হইয়াও, পাশ্চাত্য দার্শনিকগণের চিন্তারশ্মির দ্বারা আলোড়িত হইয়াও এবং যুক্তিপন্থী ব্রাহ্ম হইয়াও তিনি সংস্কারলাভের জন্য ব্যাকুল হইলেন। এক মহৎ আধ্যাত্মিক ক্ষুধার আবেশে দিবারাত্র ভাবিতে লাগিলেন, কে তাঁহাকে বলিয়া দিবে, কোথায় শান্তি!—

“কস্মিন্দ্র ভগবন্ বিজ্ঞাতে সর্বমিদং বিজ্ঞাতং ভবতীতি?”

কিন্তু কোথায় তিনি এমন তত্ত্বদর্শী মহাপুরুষের সাক্ষাৎ পাইবেন, যিনি স্বীয় জীবনের ও জগতের সমস্যা মীমাংসা করিয়াছেন, যিনি জগৎধারণ সেই ভূমাকে জ্ঞানিয়াছেন, বাঁহার জ্ঞান-পিপাসা তৃপ্ত হইয়াছে এবং যিনি অপরকেও তৃপ্ত করিতে সক্ষম?

“কলিকাতাস্থ শিমলাপল্লীর ‘নরেন্দ্রনাথ মিত্র মহাশয় একদিন স্কুলে

শ্রীরামকৃষ্ণদেবকে লইয়া আসেন এবং একটি আনন্দোৎসবের আয়োজন করেন। সুকণ্ঠ গায়কের অভাব হওয়ায় স্বীয় প্রতিবেশী নরেন্দ্রনাথকে আহ্বান করেন। ১৮৮০ সালের নুভেম্বর মাসে ঠাকুরের সহিত নরেন্দ্রনাথের এই প্রথম পরিচয়। ঠাকুর নরেন্দ্রনাথের সঙ্গীত-প্রবণে সমধিক প্রীত হইয়াছিলেন ও পদ্যানুপদ্যরূপে আগ্রহের সহিত তাঁহার পরিচয় গ্রহণ করিয়াছিলেন এবং বিদায়কালে নরেন্দ্রনাথকে একদিবস দক্ষিণেশ্বরে যাইবার জন্য অনুরোধ করিয়া যান।

ইতিমধ্যে এফ এ পরীক্ষার জন্য ব্যস্ত থাকায় নরেন্দ্রনাথ দক্ষিণেশ্বরে যাওয়ার কথা প্রায় ভুলিয়া গিয়াছিলেন। পরীক্ষা হইয়া গেলে তাঁহার পিতা, বিবাহের জন্য পীড়াপীড়ি আরম্ভ করিলেন, কারণ তাঁহার সঙ্গীতপন্ন ভাবী বৈবাহিক মৌতুকস্বরূপ নগদ দশসহস্র টাকা দিবেন বলিয়া প্রতিশ্রুত হইয়াছিলেন। আজন্ম বিবাহ-বিতৃষ্ণ নরেন্দ্র বিষম আপত্তি উত্থাপন করিলেন। কাহাবও ব্যক্তিগত স্বাধীনতায় হস্তক্ষেপ করা বিশ্বনাথবাবুর প্রকৃতিবিরুদ্ধ ছিল, কিন্তু তিনি স্বয়ং পুত্রকে অনুরোধ না করিলেও অন্যান্য আত্মীয়গণকে নরেন্দ্রকে সম্মত করিবার জন্য চেষ্টা করিতে বলিলেন। শ্রীরামকৃষ্ণদেবের গৃহী ভক্তগণের অন্যতম প্রসিদ্ধ ডাক্তার 'রামচন্দ্র দত্ত বিশ্বনাথবাবুর গৃহেই প্রতিপালিত হইয়াছিলেন এবং দূরসম্পর্কীয় আত্মীয় ছিলেন। একদিন বিবাহের প্রসঙ্গের আলোচনায় নরেন্দ্র তাঁহাকে স্বীয় অন্তরের অশান্তিগুণি খুলিয়া বলিয়া বিবাহের অন্তরায়গুণি বুঝাইয়া দিলেন। তিনি নরেন্দ্রনাথের যুক্তিগুণি শুনিয়া অবশেষে বলিলেন, “যদি প্রকৃত সত্যলাভ করাই তোমার অভিপ্রেত হয়, তাহা হইলে ব্রাহ্ম-সমাজ ইত্যাদি স্থানে না ঘুরিয়া দক্ষিণেশ্বরে পরমহংসদেবের নিকটে চল।” নরেন্দ্রনাথ কি ভাবিয়া সম্মত হইলেন এবং কয়দিন পর দুই চারিজন বন্ধুর সহিত দক্ষিণেশ্বরে উপনীত হইলেন।

নরেন্দ্রনাথকে দেখিবারাত্র ঠাকুর তাঁহার সহিত চিরপরিচিতির মত সরলভাবে আলাপ করিতে লাগিলেন। সঙ্গীত, কথোপকথন সমাপ্ত হইলে, সহসা ঠাকুর তাঁহাকে আহ্বান করিয়া একান্তে লইয়া গেলেন। ভাবে বিভোর হইয়া তিনি নরেন্দ্রের হস্তধারণ করিয়া স্নেহদগদগদস্বরে বলিতে লাগিলেন, “তুই এতদিন কেমন করে আমায় ভুলে ছিলি। তুই আসি বলি আমি কতদিন ধরে পথপানে চেয়ে আছি। বিষয়ী লোকের সঙ্গের কথা কয়ে কবে আমার মন পড়ে গেছে, আজ থেকে তোর মত যথার্থ ত্যাগীর সঙ্গের কথা কয়ে শান্তি পাব।” বলিতে বলিতে তাঁহার চক্ষুস্বয় অশ্রুসিক্ত হইল। বিস্ময়-বিমিশ্র বিহবল-দৃষ্টিতে নরেন্দ্রনাথ এই অদ্ভুত সম্মানসীর দিকে চাহিয়া রহিলেন, কি বলিবেন, ভাবিয়া পাইলেন না।

দেখিতে দেখিতে পরমহংস কৃতাজ্জলি হইয়া সসম্ভ্রমে তাঁহাকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন, “আমি জানি, তুমি সন্ততির্ষমন্ডলের ঋষি, নররূপী নারায়ণ, জীবের কল্যাণ-কামনায় দেহধারণ করিয়াছ” ইত্যাদি ইত্যাদি।

একি অদ্ভুত উন্মত্ততা! আমি বিশ্বনাথ দত্তের পুত্র নরেন্দ্র, এসব কি কথা! তাবপব যখন ঠাকুর পুনবায় ভক্তবৃন্দের মধ্যে ফিরিয়া আসিয়া সহজভাবে আলাপাদি করিতে প্রবৃত্ত হইলেন, তখন নরেন্দ্র বিশেষভাবে পবীক্ষা করিয়া দেখিলেন, তাঁহার হাব-ভাব, চাল-চলনের মধ্যে কোনপ্রকার উন্মত্ততার লেশমাত্র নাই। ঠাকুরের কথাগুলি অসম্বন্ধ-প্রলাপোক্তি বলিয়া উড়াইয়া দেওয়া সহজ নহে, কিন্তু উহার মধ্যে কি গভীর রহস্য নিহিত আছে, তাহাই ভাবিতে ভাবিতে তিনি বাটীতে প্রত্যাবৃত্ত হইলেন।

স্বামী সারদানন্দ “শ্রীশ্রীবামকৃষ্ণ লীলাপ্রসঙ্গে” নরেন্দ্রের দক্ষিণেশ্বরে আগমনের বহুপূর্বে ঠাকুরের এক দিব্যদর্শনের কথা লিপিবদ্ধ করিয়াছেন, ঠাকুর বলিয়াছিলেন,—

“একদিন দেখিতেছি, মন সমাধিপথে জ্যোতির্ময় বস্তু উচ্চে উঠিয়া যাইতেছে। চন্দ্র সূর্য তারকামণ্ডিত শ্বেতলজ্জগৎ সহজে অতিক্রম করিয়া উহা প্রথমে স্ফুট-ভাবজগতে প্রবিষ্ট হইল। ঐ রাজ্যের উচ্চ উচ্চতর স্তরসমূহে উহা যতই আরোহণ করিতে লাগিল, ততই নানা দেবদেবীর ভাবধন বিচিত্র মূর্তিসমূহ পথের দুই পার্শ্বে অবস্থিত দেখিতে পাইলাম। উক্ত রাজ্যের চরম সীমায় উহা আসিয়া উপস্থিত হইল। সেখানে দেখিলাম, এক জ্যোতির্ময় ব্যবধান (বেড়া) প্রসারিত থাকিয়া খণ্ড ও অখণ্ডের রাজ্যকে পৃথক করিয়া রাখিয়াছে। উক্ত ব্যবধান উল্লঙ্ঘন করিয়া মন ক্রমে অখণ্ডের রাজ্যে প্রবেশ করিল, দেখিলাম—সেখানে মূর্তিবিগ্নষ্ট কেহ বা কিছুই আর নাই, দিব্যদেহধারী দেবদেবী সকল পৰ্যন্ত যেন এখানে প্রবেশ করিতে শঙ্কিত হইয়া বহুদূর নিম্নে নিজ নিজ অধিকার বিস্তৃত করিয়া রহিয়াছেন। কিন্তু পরক্ষণেই দেখিতে পাইলাম, দিব্যজ্যোতিঃ ঘনতনু সাতজন প্রবীণ ঋষি সেখানে সমাধিবস্থ হইয়া বসিয়া আছেন। বদ্বিলাম, জ্ঞান ও পুণ্যে, ত্যাগ ও প্রেমে ইহারা মানব তো দূরের কথা দেবদেবীদিগকে পৰ্যন্ত অতিক্রম করিয়াছেন। বিস্মিত হইয়া ইহাদিগের মহত্ত্বের বিষয় চিন্তা করিতেছি, এমন সময় দেখি, সম্মুখে অবস্থিত অখণ্ডের ঘরের ভেদমাত্র বিরহিত, সমগ্রস জ্যোতির্মন্ডলের একাংশ ঘনীভূত হইয়া দিব্য শিশুর আকারে পরিণত হইল। ঐ দেবশিশু ইহাদিগের অন্যতমের নিকটে অবতরণপূর্বক নিজ অপূর্ব সুললিত বাহুদ্বয়গলের দ্বারা তাঁহার কণ্ঠদেশে প্রেমে ধারণ করিল। পরে বীণানিন্দিত নিজ অমৃতমখী বাণীদ্বারা সাদরে আহ্বানপূর্বক

সমাধি হইতে তাঁহাকে প্রবৃদ্ধ করিতে অশেষ প্রয়াস করিতে লাগিল। সুকোমল প্রেমস্পর্শে ঋষি সমাধি হইতে বৃদ্ধিত হইলেন এবং অর্ধশতাব্দী নিৰ্নিমেষ লোচনে সেই অপূৰ্ণ বালককে নিরীক্ষণ করিতে লাগিলেন। তাঁহার মূখের প্রসম্মোজ্জ্বল ভাব দেখিয়া মনে হইল, বালক যেন তাঁহার বহুকালের পূৰ্বপরিচিত হৃদয়ের ধন। অশ্রুত দেবশিশু তখন অসীম আনন্দ প্রকাশ পূৰ্বক তাঁহাকে বলিতে লাগিল,— ‘আমি ষাইতেছি, তোমাকে ষাইতে হইবে।’ ঋষি তাহাব ঐরূপ অনুরোধে কোন কথা না বলিলেও তাঁহার প্রেমপূর্ণ নয়ন তাঁহার অন্তরেব সম্মতি ব্যক্ত করিল। পরে ঐরূপ সেপ্রেম দৃষ্টিতে বালককে কিছুরূপ দেখিতে দেখিতে তিনি পুনরায় সমাধিস্থ হইয়া পড়িলেন। তখন বিস্মিত হইয়া দেখি, তাঁহারই শরীর মনের একাংশ উজ্জ্বল জ্যোতিঃর আকারে পরিণত হইয়া বিলোমমার্গে ধ্বাধামে অবতরণ করিতেছে। নরেন্দ্রকে দেখিবামাত্র বৃদ্ধিযাছিলাম, এই সেই ব্যক্তি।”

নরেন্দ্রের বিচারসক্ষম সূক্ষ্মবুদ্ধি, এই অলৌকিক দেব-মানবের চরিত্র-বিশ্লেষণ করিতে গিয়া পবাক্ত হইল। ষাঁহার পবিত্র সঙ্গো কেশববাবু, বিজয় গোস্বামী প্রভৃতি শক্তিমান্ আচার্যগণের ধর্ম-জীবনে অশ্রুত পরিবর্তন উপস্থিত হইয়াছে, তাঁহাকে একজন উন্মাদ বলিয়া স্থির করাটাও নিবৃদ্ধিতার পরিচায়ক। বিষম সমস্যায় পতিত হইয়া নরেন্দ্রনাথ সহসা কোন সিদ্ধান্তে উপনীত না হইতে পারিয়া মনে মনে সঙ্কল্প করিলেন, ইহাকে ভালরূপে পৰীক্ষা না করিয়া কখনও ঈশ্বরদর্শী মহাপুরুষ বলিয়া মানিয়া লইব না। কিন্তু প্রথম সাক্ষাতের পর হইতেই তিনি এমন প্রবল আকর্ষণ অনুভব করিতেন, ষাহাতে মধ্যে মধ্যে বাধ্য হইয়া তাঁহাকে দক্ষিণেশ্বরের পাগল পুজারীর পদপ্রান্তে উপস্থিত হইতে হইত। ঠাকুরের অপূৰ্ণ ভাগ্য, শিশুর মত অভিমানশূন্য সরল ব্যবহার, বিনয়-নম্র মধুর বাক্য, সর্বোপরি রহস্যময় নিষ্কাম ভালবাসা, নরেন্দ্রনাথের হৃদয়ে অম্পাদিনের মধ্যেই যথেষ্ট প্রভাব বিস্তার করিল। নরেন্দ্র লক্ষ্য করিলেন, এই দেব-মানবের কৃপায় বহু ব্যক্তির জীবন কৃতার্থ ও ধন্য হইয়াছে, কিন্তু তথাপি সহসা তিনি এই “পাগলকে” জীবনাদর্শরূপে গ্রহণ করিতে পারিলেন না। এমন কি, ক্রমাগত তিন বৎসরকাল তাঁহাকে নানারূপে পরীক্ষা করিয়া অবশেষে সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করিয়াছিলেন।

সেইজন্য আমরা দেখিতে পাই, ঠাকুরের নিকট যাতায়াত কালেও নরেন্দ্রনাথ ব্রাহ্ম-সমাজের নিষিদ্ধ উপাসনা ইত্যাদিতে যোগদান করিতেন। ব্রাহ্মচন্দ্র ঘোষ (পরে স্বামী ব্রহ্মানন্দ) নরেন্দ্রের সহিত একযোগে ব্রাহ্ম-সমাজের সভ্য হইয়াছিলেন। ইনি নরেন্দ্রনাথের ক্রিয়াদিবস পূৰ্ব হইতে দক্ষিণেশ্বরে যাতায়াত আরম্ভ করিয়া-

ছিলেন। ঠাকুর ইহাকে পুত্রবৎ স্নেহ করিতেন এবং সর্বদা কাছে কাছে রাখিতেন। একদিন নরেন্দ্র, রাখালকে ঠাকুরের পশ্চাৎ পশ্চাৎ দেবমন্দিরে গিয়া প্রতিমা প্রণাম করিতে দেখিয়া বিষম ক্রুদ্ধ হইলেন এবং ঠাকুরের সমক্ষেই তাঁহাকে “মিথ্যাচারী” ইত্যাদি বলিয়া ভৎসনা করিতে লাগিলেন। কাষণ রাখালও “একমাত্র নিরাকার ব্রহ্মের উপাসনা করিব”—এই মর্মে সমাজেব প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়াছিলেন। অপ্রতিভ রাখালকে লজ্জায় অধোবদন হইতে দেখিয়া ঠাকুর তাঁহার পক্ষসমর্থন করিয়া বলিলেন, “ওর যদি সাকারে ভক্তি হয়, তা’ হ’লে ও কি কব্বে? তোমার ভাল না লাগে তুমি করো না। তা’ বলে অপরের ভাব নষ্ট কববার তোমার কি অধিকার আছে?” নরেন্দ্র চিন্তিতভাবে নিরস্ত হইলেন, কিন্তু এই ঘটনায় বৃদ্ধা যাম, তখনও নরেন্দ্রনাথের ব্রাহ্ম-সমাজের উপাসনা-প্রণালীর প্রতি গভীর শ্রদ্ধা ছিল।

- নিরাকার-ধ্যানই নরেন্দ্রের ভাল লাগিত। ঠাকুর তাঁহাকে সেই ভাবেই উপদেশ দিতেন। কখনও জোর করিয়া তাঁহাকে সাকারে বিশ্বাস করিবার জন্য অনুরোধ করিতেন না, এমন কি, তিনি কোনদিন নরেন্দ্রনাথকে ব্রাহ্ম-সমাজে যাইতে নিষেধও করেন নাই। তিনি কখনও কাহারও স্বাধীন ধর্মচরণে হস্তক্ষেপ করিতেন না। অন্তর্দ্বন্দ্বিসম্পন্ন মহাপুরুষ, দর্শনমাত্রেই কাহার ভিতরে কি আছে বুদ্ধিয়া লইতেন এবং স্ব স্ব ভাবানুযায়ী বিশেষ বিশেষ সাধন-প্রণালী অবলম্বন করিতে উপদেশ দিতেন। জোর করিয়া কাহারও ভাব নষ্ট করা তাঁহার অভিপ্রেত ছিল না।

ঠাকুর প্রথম হইতেই বুদ্ধিতে পারিয়াছিলেন যে, এই যুবককে কালে জগতের শত শত ধর্মপিপাসু নরনারীর আধ্যাত্মিক ক্ষুধা মিটাইতে হইবে, লুপ্তপ্রায় সনাতন পথে, পাশ্চাত্য সভ্যতার অনুকরণগর্বে অন্ধ স্বদেশবাসীকে ফিরিয়া আসিবার জন্য আহ্বান করিতে হইবে, সর্বোপরি নিজ জীবনে প্রকটিত “যত মত তত পথ” রূপ সার্বভৌমিক আদর্শ প্রচারকার্যে নরেন্দ্রনাথই সমধিক উপযুক্ত অধিকারী। ভবিষ্যৎ বুদ্ধিয়া ঠাকুর তাঁহাকে সর্বমতগ্রাসী বেদান্তোক্ত সাধনমার্গে পরিচালিত করিতে প্রয়াসী হইলেন বটে, কিন্তু নরেন্দ্রনাথ সগুণ নিরাকার ধ্যানে নিমগ্ন ছিলেন বলিয়া অশ্বৈতবাদ অনেক বিলম্বে গ্রহণ করিয়াছিলেন। ব্রাহ্ম-সমাজের ধর্মমতানুসারে তিনি ঠাকুরের কথার প্রতিবাদ করিয়া বলিতেন, “আমিই ব্রহ্ম একথা বলার মত পাপ আর কিছু নেই।”

পুনঃ পুনঃ শ্রবণ করিয়াও নরেন্দ্রনাথ যে আধিকারিক পুরুষ এবং জগদম্বার বিশেষ কার্যসাধনোদ্দেশ্যে অবতীর্ণ হইয়াছেন ইহা তিনি নিজে বিশ্বাস করিতেন না। একদিন দক্ষিণেশ্বরে কেশব, বিজয় প্রভৃতি ব্রাহ্ম-নেতৃবৃন্দ উপবিষ্ট আছেন,

নরেন্দ্রও তখন উপস্থিত ছিলেন। ঠাকুর ভাবস্থ হইয়া তাঁহাদিগকে দর্শন করিতে লাগিলেন, অবশেষে কেশব ও বিজয় বিদায় গ্রহণ করিলে পর ভক্তবৃন্দকে সম্বোধন করিয়া কহিলেন, “ভাবে দেখলাম, কেশব যে শক্তিবলে প্রতিষ্ঠালাভ করেছে, নরেন্দ্রের মধ্যে অমন আঠারোটা শক্তি রয়েছে। কেশব ও বিজয়ের মধ্যে জ্ঞানের প্রদীপ জ্বলছে, ওব মধ্যে জ্ঞানসূর্য রয়েছে।”

এইরূপ অবাচিত প্রশংসায় সাধারণ মানব অহঙ্কারে ক্ষীণবশ হইয়া উঠিত সন্দেহ নাই, কিন্তু নরেন্দ্রনাথ তৎক্ষণাৎ প্রতিবাদ করিয়া বলিলেন, “বলেন কি মশাই। কোথায় জগন্মখ্যাত কেশব সেন, আর কোথায় একটা নগণ্য স্কুলেব ছোঁড়া নরেন্দ্র, লোকে শুনলে আপনাকে পাগল বলবে।” ঠাকুর ঈষৎ হাসিয়া সরলভাবে উত্তর করিলেন, “তা’ কি করবো বল, মা দেখিয়ে দিলেন, তাই বলছি।”

জগন্মাতার দোহাই দিয়াও ঠাকুর নরেন্দ্রনাথের সমালোচনার হস্ত হইতে নিষ্কৃতি পাইলেন না, কাবণ নরেন্দ্রনাথ ঠাকুরের ঐ সমস্ত অশ্রুত দর্শন ইত্যাদির প্রতি বিশেষ শ্রদ্ধাবান হইতে তখনও পারেন নাই, তিনি সন্দেহভাবে বলিলেন, “মা দেখিয়ে দিলেন, না আপনার মাথায় খেয়াল কেমন করে বদ্ব্যবস্থা? আমাব তো মশাই ওরকম হ’লে, খেয়াল দেখেছি বলেই বিশ্বাস হ’ত।”

পাশ্চাত্য দার্শনিকগণের স্বাধীন চিন্তার পরিপোষক মতসমূহের সহিত ঘনিষ্ঠ পরিচয় থাকা নিবন্ধন তিনি প্রথম প্রথম ঠাকুরের জগন্মাতাব সহিত বাক্যালাপ ঈশ্বরীয় রূপ দর্শন প্রভৃতিকে মস্তিস্কেব ভুল বলিয়া উল্লেখ কবায় অন্যান্য ভক্তবৃন্দ তাঁহার সহিত তর্কে প্রবৃত্ত হইতেন। এইরূপ তর্কে অনেকেই তাঁহার তীক্ষ্ণ বুদ্ধিবে সম্মুখে নিরস্ত হইয়া মনঃক্ষুন্ন হইতেন।

ভারতবর্ষীয় ব্রাহ্ম-সমাজের কেশব, প্রতাপবাবু, চিরঞ্জীববাবু প্রভৃতি নেতৃবৃন্দের ঠাকুরের সঙ্গগুণে ভাবান্তরের কথা আমরা ইতোপূর্বে উল্লেখ করিয়াছি। ব্রাহ্ম-সমাজের অন্যান্য ভক্তবৃন্দও ঠাকুরের নিকট ধর্মতত্ত্ব শ্রবণ করিবার অভিলাষে যাতায়াত করিতেন, কিন্তু যখন বিজয় গোস্বামী স্বীয় ধর্মমতের পরিবর্তন হওয়া সাধারণ সমাজের সহিত সম্বন্ধ ছিন্ন করিলেন, তখন শিবনাথ প্রমুখ কয়েকজন ব্রাহ্ম-নেতা শ্রীরামকৃষ্ণের নিকট গমনাগমন ছাড়িয়া দিলেন। তাঁহাদের ভয় হইল, যদি তাঁহারাও শ্রীরামকৃষ্ণের প্রভাবে ধর্মমতের পরিবর্তন করিয়া বসেন। শিবনাথ, ব্রাহ্মগণকে শ্রীরামকৃষ্ণের নিকট গমন করিতে নিষেধ করিতে লাগিলেন। নরেন্দ্রনাথও যে শ্রীরামকৃষ্ণের নিকট গমনাগমন করিতেন, তাহা শিবনাথবাবুর অবিদিত ছিল না। তিনি নরেন্দ্রকে দক্ষিণেশ্বরে বাইতে নিষেধ করিয়াছিলেন এবং বলিয়াছিলেন, “ওসব

সমাধি, ভাব বা' কিছুর দেখ, স্নানাবিক দৌর্বল্যমাত্র, অত্যধিক শারীরিক কঠোরতা অভ্যাস করিবার ফলে পরমহংসের মস্তিষ্ক-বিকৃতি ঘটিয়াছে।"

নরেন্দ্র নিরন্তরে শিবনাথবাবুর উপদেশ শ্রবণ করিলেন। তাঁহার অন্তরে তখন যে কি ঝড় বাহিতোছিল। ঐ ত্যাগ-কুল-চুড়ামণি, সরল, উদার, প্রেমিকপুরুষ বিকৃতমস্তিষ্ক? কিন্তু তিনি কি? তিনি কে? কেন তিনি আমার মত ক্ষুদ্র মানবেব জন্য সর্বদা চিন্তিত থাকেন? ঠাকুরেব অশ্লুত নিক্কাম ভালবাসার কারণ অনুসন্ধান করিতে গিয়া তিনি কোন যুক্তি খুঁজিয়া পাইলেন না। ঐকি রহস্যময় সমস্যা। নরেন্দ্র সংশয়-স্বন্দ্বালোড়িত চিত্তে গভীর চিন্তামগ্ন হইলেন।

তিনি ব্রাহ্ম-সমাজের অধিকাংশ নেতাব সহিত পরিচিত ছিলেন এবং তাঁহাদের চরিত্রের দৃঢ়তা, পান্ডিত্য প্রভৃতি সন্দর্শনে অকপটভাবে প্রশংসাও করিতেন, কিন্তু এতদিন ব্রাহ্ম-সমাজে ইহাদের সহিত একত্রে উপাসনা প্রার্থনা ইত্যাদি করিয়াও তাঁহার হৃদয় প্রশান্ত হইল না কেন?

একদিন ঈশ্বরলাভের জন্য তাঁর ব্যাকুলতায় নরেন্দ্র গৃহ হইতে ছুটিয়া বাহির হইলেন। মহর্ষি তখন গঙ্গাবক্ষে একখানি বোটে বাস করিতেন। নরেন্দ্র গঙ্গাতীরে উপনীত হইয়া দ্রুতপদে বোটে আরোহণ করিলেন। তাঁহাব বলিষ্ঠ করাঘাতে কক্ষম্বাৰ উন্মত্ত হইল। মহর্ষি তখন ধ্যানমগ্ন ছিলেন, সহসা শব্দে চমকিয়া চাহিয়া দেখেন, সম্মুখে উন্মাদবৎ তীব্রদৃষ্টি নিক্ষেপ করিয়া নরেন্দ্রনাথ দণ্ডায়মান। মহর্ষিকে ক্ষণকাল চিন্তা বা প্রশ্ন করিবার অবসর না দিয়াই তিনি আবেগাকুলিত-কণ্ঠে বলিয়া উঠিলেন, "মহাশয়, আপনি কি ঈশ্বর দর্শন করিয়াছেন?" বিস্ময়-স্তম্ভিত মহর্ষি কি যেন একটা উত্তর দিবার জন্য দুইবার চেষ্টা করিলেন, কিন্তু বাক্যানিঃসরণ হইল না। অবশেষে তিনি বলিয়া উঠিলেন, "নরেন্দ্র, তোমাব চক্ষু দেখিয়া বুদ্ধিভেদে, তুমি যোগী।" তিনি নরেন্দ্রকে বিবিধপ্রকার আশ্বাস প্রদান করিয়া বলিলেন যে, তিনি যদি নিষমিতরূপে ধ্যানাভ্যাস করিতে থাকেন, তাহা হইলে ব্রহ্ম-জ্ঞানের অধিকারী হইবেন, ইত্যাদি।

নরেন্দ্র প্রশ্নের সদৃশ্তর না পাইয়া ভ্রমহৃদয়ে বাটীতে প্রত্যাবর্তন করিলেন। যদি মহর্ষির মত ভক্তমান্ ঈশ্বরপ্রেমিক এ পর্যন্ত ভগবদ্দর্শন না করিয়া থাকেন, তাহা হইলে তিনি কাহার নিকট যাইবেন? তবে কি এ মিথ্যা? ধর্ম, ঈশ্বর ইত্যাদি মানবের কল্পনাসৃষ্ট আকাশকুসুমবৎ অলীক?

গৃহে প্রত্যাবৃত্ত হইয়া নরেন্দ্রনাথ দর্শনশাস্ত্র ও ধর্মসম্বন্ধীয় পুস্তকাবলী দূরে নিক্ষেপ করিলেন। যদি উহা তাঁহার ঈশ্বর-লাভের সহায়তা না করিতে পারিল, তবে

অনর্থক ঐগুদলি পাঠ করিয়া ফল কি? বিনীতনয়নে নরেন্দ্রনাথ কত কথাই ভাবিতে লাগিলেন। সহসা তাঁহার মনে পড়িল, দক্ষিণেশ্বরের সেই অশুভ প্রেমিকের কথা। সমগ্র রজনী অসহনীয় উৎকণ্ঠায় যাপন করিয়া নরেন্দ্র প্রভাতে দক্ষিণেশ্বরভিমুখে ধাবিত হইলেন। শ্রীশ্রীগুরুবর পদপ্রান্তে উপনীত হইয়া দেখিলেন, সদানন্দমথ পদ্রুপে ভক্তবন্দ পরিবৃত্ত হইয়া অমৃত-মধুর উপদেশ প্রদান করিতেছেন।

নরেন্দ্রের হৃদয়ে সমদ্রমল্লখন আরম্ভ হইল। যদি ইনিও “না” বলিয়া বসেন তাহা হইলে কি উপায় হইবে? আর কাহার কাছে যাইবেন? অন্তঃপ্রকৃতির সহিত যথেষ্ট সংগ্রাম করিয়া অবশেষে তিনি যে প্রশ্ন বহু ধর্ম্যাচার্যকে জিজ্ঞাসা করিয়াছিলেন, কিন্তু এ পর্যন্ত কেহই যে প্রশ্নের সন্তোষজনক উত্তর প্রদান করিতে সমর্থ হন নাই, সেই প্রশ্নের পুনরাবৃত্তি করিয়া কহিলেন, “মহাশয়! আপনি কি ঈশ্বর দর্শন করিয়াছেন?”

মৃদুহাস্য-রঞ্জিত মহাপুরুষের প্রশান্ত বদনমণ্ডল অপূর্ব শান্তি ও পূর্ণ্যবিভাষ উদ্ভাসিত হইয়া উঠিল। তিনি কিছুমাত্র ইতস্ততঃ না করিয়া উত্তর করিলেন, “বৎস! আমি ঈশ্বর দর্শন কবিয়াছি। তোমাকে যেরূপ প্রত্যক্ষ দেখিতেছি, ইহা অপেক্ষাও স্পষ্টতররূপে দেখিয়াছি।” নরেন্দ্রের বিস্ময় শতগুণ বর্ধিত করিয়া তিনি পুনরায় বলিলেন, “তুমি দেখিতে চাও? তোমাকেও দেখাইতে পারি, যদি তুমি আমি যাহা বলি তদ্রূপ আচরণ কর।”

শ্রীরামকৃষ্ণের অপূর্ব বাণী শুনিয়া তাঁহাব উন্মেষিত আনন্দ মূহূর্তকাল পরেই সন্দেহের অন্ধকারে বিলয়প্রাপ্ত হইল। শ্রীরামকৃষ্ণের বাণীর মধ্য দিয়া তিনি যে পন্থার ইঙ্গিত পাইলেন, তাহা কুসুমাবৃত্ত নহে। এই অর্থোন্মাদ ব্যক্তির চরণে পূর্ণভাবে আত্মসমর্পণ করিয়া কঠোর সাধনায় অগ্রসর হইতে হইবে। ব্রাহ্ম-সমাজের আদর্শে অনুপ্রাণিত নরেন্দ্রনাথ সহসা ঠাকুরকে গুরুপদে বরণ করিতে পারিলেন না, কিন্তু কিছুদিন পরে এক বিশেষ ঘটনায় তিনি ব্রাহ্ম-সমাজের সহিত সম্পর্ক ছিন্ন করিতে বাধ্য হইয়াছিলেন।

অনেকদিন নরেন্দ্র দক্ষিণেশ্বরে যান নাই। ঠাকুর তাঁহাকে দেখিবার জন্য ব্যাকুল হইয়াছেন। সেদিন রবিবার, ব্রাহ্ম-সমাজে গেলে নিশ্চয়ই নরেন্দ্রকে দেখিতে পাইবেন, এই আশায় ঠাকুর সন্ধ্যাকালে সাধারণ সমাজের উপাসনায় উপস্থিত হইলেন। আচার্য তখন বেদী হইতে বক্তৃতা করিতেছিলেন। ঈশ্বরীয় কথা শ্রবণে ভাবোন্মত্ত ঠাকুর অজ্ঞাতসারেই বেদীর সমীপবর্তী হইলেন। নরেন্দ্র ঠাকুরের আগমনের কারণ অনুমান করিয়া তাঁহার পার্শ্বে আসিয়া পতনোন্মত্ত ভাবময় দেহখানি ধারণ করিলেন, কিন্তু

দেখিয়া আশ্চর্য হইলেন, পরমহংসকে সম্মুখে দেখিয়া বেদীতে উপবিষ্ট আচার্য গাছোত্থান করা তো দূরের কথা, তিনি এবং অন্যান্য ব্রাহ্মগণ তাঁহাকে সম্ভাষণও করিলেন না এবং সাধারণ ভদ্রতাসূচক শিষ্টাচারও প্রদর্শন কবিলেন না। অনেকের মূখে অবজ্ঞাবিমিশ্র বিরক্তির চিহ্নই স্পষ্ট হইয়া উঠিল। ইতোমধ্যে ঠাকুর সমাধিস্থ হইলেন। ঠাকুরকে দেখিবার জন্য অনেকেই আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন, ফলে উপাসনালয়ে বিশৃঙ্খল কোলাহল দেখিয়া কড়পক্ষ গ্যাসালোকগুণি নিবাহী দিলেন। নরেন্দ্র বহুকণ্ঠে মন্দিরের পশ্চাম্ভার দিয়া ঠাকুরকে বাহিরে আনিলেন এবং দক্ষিণেশ্বরে পাঠাইয়া দিলেন। ঠাকুরের প্রতি ব্রাহ্মগণের এইব্দ ব্যবহারে তিনি হৃদয়ে গভীর আঘাত পাইলেন এবং তাঁহারই জন্য ঠাকুর এইভাবে লাঞ্ছিত হইলেন দেখিয়া ক্ষুব্ধ ও ব্যাখ্যত নরেন্দ্র আর কখনও ব্রাহ্ম-সমাজে যান নাই।

সূক্ষ্ম যোগজদৃষ্টি-সহায়ে ঠাকুর, নরেন্দ্রের মহিমাসমৃদ্ধ দর্শন করিয়াই তাঁহার প্রতি আকৃষ্ট হইয়াছিলেন, নরেন্দ্রও তাঁহার অসীম নিষ্ঠা, জগজ্জননীর উপর পূর্ণ নির্ভরতা, ত্যাগপূত পবিত্র জীবন ইত্যাদি দর্শন করিয়া একরকম অজ্ঞাতসারেই তাঁহার পদে আত্মসমর্পণ করিয়াছিলেন, কিন্তু অন্যান্য রামকৃষ্ণভক্তবৃন্দ প্রথম প্রথম নরেন্দ্রকে ততটা শ্রদ্ধার দৃষ্টিতে দেখিতে পারেন নাই। তাঁহার জন্য ঠাকুরের তীব্র ব্যাকুলতা অনেকের নিকটেই রহস্যময় বোধ হইত। প্রবল আত্মবিশ্বাসের দিক হইতে নরেন্দ্রনাথের অকপট নির্ভীক আচরণগুণি সাধারণের শ্রদ্ধাদৃষ্টিতে দম্ভ ও ঔষ্মত্য বলিয়া প্রতিভাত হইত। বিশেষতঃ, ভক্তবৃন্দের ভাবাবেশে ক্রন্দন, কথায় কথায় দয়াময় ভগবানের কৃপা প্রার্থনা, নিজেকে কীটাদিকীটতুল্য হেয়জ্ঞান করিয়া আত্মনিন্দা ইত্যাদির তিনি কঠোবভাবে সমালোচনা করিতেন। পুরুষ পুরুষের মতই শির উন্নত করিয়া, দৃঢ় উদ্যম ও অটুট সঙ্কল্প লইয়া ভগবানের আরাধনা করিবে, ইহাই তিনি সমীচীন মনে করিতেন, কাজেই অনেক ভক্ত নরেন্দ্রের মধুর সমালোচনায় নিরন্তর হইয়া মনঃক্ষুব্ধ হইতেন। সর্ববিষয়ে নিঃসঙ্কোচ স্বাধীন ব্যবহার, স্পষ্টবাদিতা ইত্যাদির জন্য তিনি অনেকের অপ্রিয় হইলেও তাঁহার উদাসীন প্রকৃতি লোকের নিন্দা-প্রশংসার বিষয় ভাবিবার অবসর পাইত না। সাধারণ মানব তাঁহাকে যাহাই ভাবুক না কেন, ঠাকুর জানিতেন, নরেন্দ্র নির্ভীক সত্যবাদী, তাঁহার বাক্য ও কার্যে কোথাও বিন্দুমাত্র “ভাবের ঘরে চুরি” নাই।

বাল্যকাল হইতেই নরেন্দ্রনাথের হৃদয়ে কোন সংশয় উপস্থিত হইলেই তাহা মীমাংসা না করা পর্যন্ত শান্তিলাভ করিতে পারিতেন না। অহোরাত্র চিন্তা করিয়াও তিনি শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে কোন প্রকার সিদ্ধান্তে উপনীত হইতে না পারিয়া অস্থির

হইয়া উঠিলেন এবং এই অশ্বিনরতা হইতেই তিনি দৃঢ়তা ও সতর্কতার সহিত ঠাকুরের নিকট গমনাগমন, এমন কি, তাঁহাকে পরীক্ষা করিবার নিমিত্ত দক্ষিণেশ্বরে রাতিবাস পর্যন্ত করিতে লাগিলেন।

ঠাকুরকে পরীক্ষা করা, তাঁহার কথা হাসিয়া উড়াইয়া দেওয়া ইত্যাদি বাহ্য আচরণের মধ্য দিয়া নরেন্দ্রের যে অনমনীয় ব্যক্তিস্বাতন্ত্র্য ফুটিয়া উঠিত, তাহাকে দম্ব মনে কবিয়া ঠাকুরের অনেক ভক্ত বিরক্ত হইতেন, কিন্তু ষাঁহারা ঘনিষ্ঠ পরিচয়ের ফলে নরেন্দ্রের গভীর ‘অন্তস্তলেব খবর’ বাঁখতেন, তাঁহারা জ্ঞানতেন, ঠাকুরের প্রতি তাঁহার শ্রদ্ধা, ভক্তি কি অপবিসীম। যে ঠাকুরের কণামাত্র করুণা-লাভ করিলে অনেক ভক্ত উচ্ছ্বাসিত আনন্দে আত্মহারা হইয়া পড়িতেন, সেই করুণা-মন্দাকিনীধারা নরেন্দ্র অটলভাবে দাঁড়াইয়া মাথা পাতিয়া লইয়াছিলেন। স্বার্থলেশশূন্য এ অপূর্ব আধ্যাত্মিক প্রেমসম্বন্ধ বর্ণনা করি, এমন সাধ্য আমার নাই। একদিন কথাপ্রসঙ্গে ঠাকুর হঠাৎ বলিয়া উঠিলেন, “তুই যদি আমার কথা না শুনবি তাহলে এখানে আসিস্ কেন?” তিনি তৎক্ষণাৎ উত্তর দিলেন, “আপনাকে ভালবাসি তাই দেখতে আসি, কথা শুনতে নয়!” উত্তর শুনিয়া ঠাকুর ভাবানন্দে গদগদ হইলেন, ‘মনের গোপন কথা প্রকাশ হইয়া পড়াষা অপ্ৰতিভ নরেন্দ্র মরমে মরিয়া গেলেন।

শ্রীরামকৃষ্ণ নরেন্দ্রের প্রতি মেরুপ স্নেহ প্রদর্শন করিতেন, তাহা দেখিয়া একদিন তিনি রহস্য কবিয়া বলিয়াছিলেন, “পুরাণে আছে, ভরতরাজা ‘হরিণ’ ভাবিতে ভাবিতে মৃত্যুর পর হরিণ হইয়াছিলেন, আপনি আমার জন্য যে রকম করেন, তাহাতে আপনারও ঐ দশা হইবে।” এই কথা শুনিয়া বালকের ন্যায় সরল ঠাকুর চিন্তিত হইয়া বলিয়াছিলেন, “তাইতো-রে, তাহলে কি হবে, আমি যে তোকে না দেখে থাকতে পারিনে।” সন্দেহের উদয় হইবামাত্র ঠাকুর কালীঘরে মল্ল কাছে ছুটিয়া গেলেন, কিছুক্ষণ পরে হাসিতে হাসিতে ফিরিয়া আসিয়া বলিলেন, “বা শালা, আমি তোরা কথা শুনবো না, মা বললেন, তুই ওকে (নরেন্দ্রকে) সাক্ষাৎ নারাষণ বলে জানিস্, তাই ‘ভালবাসিস্, যেদিন ওর ভিতর নারাষণকে না দেখতে পারি, সেদিন ওর মদ্য দেখতে পারি না।”

ঠাকুর নরেন্দ্রকে দেখিবামাত্রই তাঁহাকে উচ্চ-অধিকারী ও দৈবশক্তিসম্পন্ন বিশুদ্ধাচিত্র সাধক বলিয়া বুঝিতে পারিয়াছিলেন, তাই স্বীয় অহেতুক প্রেম অজস্র খারান ঢালিয়া দিয়া উচ্চতম আধ্যাত্মিক অনুভূতির পথে পরিচালিত করিয়াছিলেন।

একদিন নরেন্দ্রনাথ, ঠাকুরের সম্মুখে ভক্তবৃন্দের মধ্যে উপবিষ্ট রহিষাছেন, এমন সময় ঠাকুর প্রসঙ্গক্রমে বলিলেন, “এর (স্বদেহের) ভিতরে যেটা রয়েছে সেটা

শক্তি, ওর (নরেন্দ্রের) ভিতরে যেটা আছে, সেটা পদ্রুপ, ও আমার শব্দরূপ।” এ সমস্ত কথা শুনিয়ে নরেন্দ্র মৃদুহাস্য করিলেন। মনে মনে ভাবিলেন, আবার পাগলামী আরম্ভ হইল।

ভক্তবৃন্দ ঈশ্বরবিষয়ক সংগীত ও পরমার্থচর্চায় প্রবৃত্ত ছিলেন, ক্রমে দিব্যবাসনাপ্রায় দেখিয়া সকলে নিস্ততস্ব হইলেন। সম্মুখে স্দাবিস্তৃত গগ্ণাবক্ষে লহরী-মালার শীর্ষে দিগন্তের পীতাভ লোহিত রশ্মিমালা নৃত্য করিয়া ক্রমে অদৃশ্য হইল, সন্ধ্যার ধূসর ছায়া, পরপারস্ব সৌধশিখর ও বৃক্ষশীর্ষগুলািকে অস্পষ্ট করিয়া তুলিতে লাগিল, তখনও দেবালয়ে সন্ধ্যাব্যতিব কাসর-ষষ্ঠা বাজিয়া উঠে নাই, ঠাকুর একদৃষ্টে নরেন্দ্রনাথের প্রতি চাহিয়া থাকিতে থাকিতে সহসা আসন হইতে উঠিয়া দক্ষিণ চরণ তাহার শ্বক্বে স্থাপন করিলেন। তৎক্ষণাৎ তাহার অপূর্ব ভাবান্তর উপস্থিত হইল। তিনি অনূভব কবিলেন, যেন তাহার আশে পাশে দৃশ্যমান পদার্থ-নিচয় এক অনন্তসত্তায় বিলীন হইয়া গিয়াছে, কেবল তিনি একা, অবশেষে তাহার ‘আমিহু’ও বিলীন হইবার উপক্রম হইল, তিনি ভষে, বিস্ময়ে চীৎকার করিয়া বলিয়া উঠিলেন, “ওগো, তুমি আমায় এঁকি কবলে, আমার যে বাপ-মা আছেন।”

ঠাকুর তাহার বক্ষে হস্তার্পণ করিবামাত্র তিনি পদনবাস স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইয়া দেখেন, অস্তিত্ব দেব-মানব তাহার সম্মুখে দাঁড়াইয়া হাস্য করিতেছেন। চিরকাল দৃঢ়হৃদয় বলিয়া নরেন্দ্রনাথের যে গর্ব ছিল, আজ তাহা সমুদ্রে চূর্ণ হইয়া গেল। পিতৃমাতৃ-মমতায় অন্ধ হইয়া, নাম-রূপের গন্ডী ভেদ করিয়া তিনি তো যোগজ্ঞান-বাস্ত্বিত চিদানন্দসাগরে ঝাঁপ দিতে পারিলেন না।

যে মহাপদ্রুপ কেবলমাত্র স্পর্শ করিয়া একজন সাধারণ ব্যক্তিকে বহুজন্মান্বর্জিত সাধনার ফলস্বরূপ সর্বশ্রেষ্ঠ আধ্যাত্মিক সম্পদ সমাধি-ধনেব অধিকারী করিয়া দিতে পাবেন, তিনি কখনও উল্লসিত নহেন। আবার ভাবিলেন, ইহা সম্বোহন (Hypnotism) নহে তো? নরেন্দ্রনাথ, যাহাতে ঠাকুর ভবিষ্যতে তাহার উপর স্বীয় প্রভাব বিস্তার করিয়া ঐ প্রকার ভাবান্তর ঘটাইতে না পারেন, তন্মিষয়ে সাবধান হইলেন।

এদিকে বি এ পড়িবার সঙ্গে সঙ্গে নরেন্দ্র, পিতার আদেশানুসারে স্দুপ্রসিদ্ধ এটর্নীর নিমাইচরণ বসুদেব নিকট এটর্নীর ব্যবসায় শিখিতে লাগিলেন। পুত্রকে সংসারী করিবার জন্য বিশ্বনাথবাবু বিবাহেব উদ্যোগ করিতে লাগিলেন। নরেন্দ্র যে দক্ষিণেশ্বরে পরমহংসের নিকট যাতায়াত করিয়া থাকে, ইহা তাহার আবিদিত ছিল না, কিন্তু উহা তিনি ততটা গ্রাহ্যের মধ্যে আনিতে ন। বিশেষতঃ, বি এ পড়িবার সময় নরেন্দ্র

রামতনু বসু লেনে স্বীয় মাতামহীর ঔবনে তাঁহার পাঠগৃহ নির্দিষ্ট করিয়া লইয়াছিলেন। আত্মীয়, পবিত্র ও অন্যান্য লোকের সমাগমে পিতৃভবন সর্বদা কলরবে মধুরিত থাকিত বলিয়া তাঁহার পড়াশুনার বিশেষ ব্যাঘাত উপস্থিত হইত। এই কক্ষে ধনীর সন্তান হইয়াও নরেন্দ্রনাথের সামান্য শয্যায় কতকগুলি পাঠ্যপুস্তক, একটি তানপুরা ও তামাক খাইবার সরঞ্জাম ব্যতীত অন্য কোন তৈজসপত্র ছিল না। নির্জনবাস, ধ্যান, দৈহিক কঠোরতা, সংযম-অভ্যাস ইত্যাদি সহকারে তিনি প্রকৃত ব্রহ্মচারীর মত জীবনযাপন করিতে লাগিলেন। কখন কখন দক্ষিণেশ্বর হইতে ঠাকুব তথায় আগমন করিয়া তাঁহাকে সাধন-ভজন সম্বন্ধে নানাপ্রকার উপদেশ প্রদান করিতেন। নরেন্দ্রনাথের সহিত শ্রীরামকৃষ্ণের এত ঘনিষ্ঠতা তাঁহার পরিজনবর্গের ততটা প্রীতিকর ছিল না, কিন্তু কেহই প্রতিবাদ করিতে সাহসী হইতেন না। স্বাধীনচেতা নরেন্দ্রকে নিষেধ করিয়া নিবৃত্ত করা অসম্ভব, তাহা সকলেই জানিতেন। তাঁহার বিবাহিত জীবনের উপর প্রবল বিতৃষ্ণা, সংসারের প্রতি অনাসক্ত ভাব প্রভৃতি দর্শন করিয়া পরিজন ও বন্ধুবর্গ সকলেই শঙ্কিত হইলেন।

বি এ পরীক্ষার বেশী বিলম্ব নাই। সংখ্যা উত্তীর্ণপ্রায় দেখিয়া নরেন্দ্র পাঠ্যপুস্তকে মনোনিবেশ করিতে চেষ্টা করিতেছেন, এমন সময় তাঁহার জনৈক সহাধ্যায়ী বন্ধু তথায় উপস্থিত হইলেন এবং গম্ভীরভাবে নরেন্দ্রকে নানাপ্রকার উপদেশ দিতে লাগিলেন। দর্শনশাস্ত্র আলোচনা, সাধুসঙ্গ, ধর্মালোচনা ইত্যাদি পাগলামীগুণি পবিত্রাণ করিয়া বাহাতে সাংসারিক “সুখ-সুবিধা” হয়, তজ্জন্য চেষ্টা করাই কর্তব্য—ইহাই তাঁহার বক্তব্য বিষয় ছিল। কিছুদিন হইতে তথাকথিত সাংসারিক বিজ্ঞ ব্যক্তিগণের নিকট নরেন্দ্র এই প্রকার উপদেশ শুনিতেন, সহৃদয় বন্ধুর মুখেও ঐ প্রকার উপদেশ শুনিয়া তিনি ব্যথিতহৃদয়ে স্বীয় মানসিক অশান্তির বিষয় বর্ণন করিয়া কাহিলেন, “আমার মনে হয়, সম্যাসই মানবজীবনের সর্বোচ্চ আদর্শ হওয়া উচিত। নিম্নত পরিবর্তনশীল অনিত্য সংসারের পশ্চাতে সুখ-লালসায় ইতস্ততঃ ধাবমান হওয়ার চেয়ে, সেই অপরিবর্তনীয় ‘সত্য’ শিবং সুন্দরম্’কে পাইবার জন্য প্রাণপণে চেষ্টা করা শতগুণে শ্রেষ্ঠতর।”

বৈরাগ্যপ্রবণ নরেন্দ্রনাথ উৎসাহের সহিত ত্যাগের মহিমা বর্ণন করিতে প্রবৃত্ত হইলে তাঁহার বন্ধুর সহিত তর্ক উপস্থিত হইল। ক্রমে উত্তেজিত হইয়া তাঁহার বন্ধু বলিলেন, “দেখ নরেন, তোমার যে প্রকার বৃষ্টি ও প্রতিভা ছিল, তুমি জীবনে অনেক উন্নতি করিতে পারিতে, কিন্তু দক্ষিণেশ্বরের পরমহংস তোমার মাথা খাইয়াছেন। যদি ভাল চাও, তাহা হইলে ঐ পাগলের সঙ্গ পরিত্যাগ কর নতুবা তোমার সর্বনাশ হইবে।”

নরেন্দ্র নারীব হইলেন। বন্ধুটি শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে নানাপ্রকার প্রশ্ন করিতে লাগিলেন। অবশেষে নরেন্দ্র গাঢ়োত্থান করিয়া কক্ষমধ্যে পদচারণা করিতে লাগিলেন, তাঁহার ব্যথিত মৃদুমুণ্ডল গম্ভীর হইয়া উঠিল। অনেকক্ষণ পর তিনি মৌনভঙ্গ্য করিয়া বলিলেন, “ভাই, তুমি শ্রীরামকৃষ্ণদেবকে বুঝিতে পারিতেছ না, আর বলিব কি, আমি নিজেও তাঁহাকে সম্যক বুঝিয়া উঠিতে পারি নাই। তবু ঐ সরল, সৌম্যকান্তি মহাপুরুষকে আমি ভালবাসি কেন, তাহা বলিতে পারি না।”

পরমহংসের “সঙ্গদোষে” নরেন্দ্রের মস্তিষ্ক বিকৃত হইয়াছে, এইরূপ অনুমান করিয়া উক্ত বন্ধু দুর্দৈর্ঘ্যতান্ত্রিকরূপে প্রস্থান করিলেন।

নরেন্দ্রনাথ নানাপ্রকার প্রতিকূল সমালোচনা অগ্রাহ্য কবিয়া স্বনির্দিষ্ট পথেই অগ্রসর হইতে লাগিলেন। বি এ পরীক্ষা হইয়া গেল। বি এ পরীক্ষায় প্রস্তুত হইবার জন্য তাঁহাকে কঠোর মানসিক পরিশ্রম করিতে হইয়াছিল। শ্রমক্রান্তি অপনোদনের জন্য তিনি মধ্যে মধ্যে সমপাঠী বন্ধুবর্গের সহিত সঙ্গীত, হাস্য-পরিহাস ইত্যাদি আমোদ-প্রমোদে যোগদান করিতেন। নরেন্দ্রকে বাধ্য হইয়াই বন্ধুবর্গের আনন্দোৎসবে যোগদান করিতে হইত, কারণ তাঁহারা একরকম জোর করিয়াই তাঁহাকে লইয়া যাইতেন।

ইতোমধ্যে একদিন তিনি নির্মলিত হইয়া বরাহনগবে জনৈক বন্ধুর আলয়ে উপস্থিত হইলেন। বাহ্যিতে বয়সাগণসহ তিনি সঙ্গীত-আলোচনা ইত্যাদিতে রত আছেন, এমন সময় হাস্য-কলরব-মুখরিত কক্ষে এক ব্যক্তি প্রবেশ করিয়া সংবাদ দিলেন, নরেন্দ্রনাথের পিতা সহসা হৃদরোগে প্রাণত্যাগ করিয়াছেন। উজ্জ্বল-আলোকিত কক্ষে নরেন্দ্রনাথ চারিদিক অন্ধকার দেখিলেন, দ্রুতপদে উন্মত্তের ন্যায় বাটীতে উপস্থিত হইয়া নরেন্দ্রনাথ দেখিলেন, তাঁহার গৌরব-গর্বের হিমাচলসদৃশ পিতার মূর্তিদেহ বেষ্ঠন করিয়া জননী ও ভ্রাতা-ভগিনীগণ বিলাপ করিতেছেন। নরেন্দ্রের দৃঢ় হৃদয় বিচলিত হইল, পিতৃশোকে অধীর হইয়া তিনি অশ্রুবিসর্জন করিতে লাগিলেন।

লম্বপ্রতিষ্ঠ উকীল বিশ্বনাথ দত্ত যথেষ্ট অর্থ উপার্জন করিতেন বটে, কিন্তু উদার ও মত্তহস্ত ছিলেন বলিয়া ভবিষ্যতের জন্য কিছুই সঞ্চয় করিয়া যাইতে পারেন নাই। যে সংসারের মাসিক ব্যয় সহস্রাধিক মূদ্রা সে সংসার চলিবে কিরূপে? সদ্যবিধবা জননী ও সন্তান-সন্ততি-পরিজনবর্গকে লইয়া দশদিক অন্ধকার দেখিলেন। সংসার-সম্পর্কে উদাসীন নরেন্দ্রনাথ সহসা দারিদ্র্যের কঠোর স্পর্শে চমকিয়া উঠিলেন। চিরদিন আদরে-স্নেহে, প্রাচুর্যের মধ্যে লালিত-পালিত ভাইবোনদের এক

মৃষ্টি অমের জন্য লালায়িত দেখিয়া ঠাঁহার হৃদয় ভাঙ্গিয়া যাইতে লাগিল। সম্পদকালে তাঁহারা পরমবন্দু ছিলেন সংসারের চিরপ্রচলিত প্রধানদ্বারে তাঁহারা বিপদকালে সরিয়া পড়িলেন। তীক্ষ্ণবুদ্ধি নরেন্দ্রনাথ সমস্তই বুদ্ধিতে পারিলেন, কিন্তু আত্মহারা হইলেন না। তিনি সহিষ্ণুধৈর্যে নীরবে দৈন্যের পীড়ন সহ্য করিতে লাগিলেন, বন্ধুবর্গকে সাংসারিক শোচনীয় অবস্থার কথা জানিতে দিলেন না। একদিকে আইন পরীক্ষার জন্য প্রস্তুত হইতে লাগিলেন, অপরদিকে কাজকর্মের চেষ্টা করিতে লাগিলেন। তিন চারি মাস অতীত হইলে তিনি কোন সুবিধাই করিয়া উঠিতে পারিলেন না। অম্মাভাবনিবন্ধন কোন কোন দিন পরিবারবর্গের আহার জটিলতা উঠিত না। আহাৰদ্রব্যের অপ্রাচুর্যের বিষয় গোপন-অনুস্থানে অবগত হইয়া নরেন্দ্রনাথ মাতাকে, বাহিরে নিমন্ত্ৰণ আছে বলিয়া বাটীতে আহাৰ করিতেন না, একরকম উপবাস বা সামান্য কিছু খাইয়া দিন কাটাতে লাগিলেন। ক্রমাগত উপবাসে তাঁহার শরীর শীর্ণ ও দুর্বল হইয়া পড়িল, এমনকি, কোন কোন দিন প্রবল ক্ষুধার তাড়নায় মৃচ্ছিতবৎ পড়িয়া থাকিতেন। কতিপয় সহৃদয় বন্ধু অবশ্য এ বিপদে তাঁহাকে অর্থসাহায্য করিতে উদ্যত হইয়াছিলেন, কিন্তু আজন্ম আত্মনির্ভরশীল নরেন্দ্রনাথ বিনীতভাবে ঐ সকল সাহায্য প্রত্যাখ্যান করিতেন। উদয়ের তাড়নায় তিনি ভিক্ষা গ্রহণ করিবেন, এ চিন্তা তাঁহার অসহনীয় ছিল। কথিত বন্ধুবর্গ নরেন্দ্রনাথের স্বেচ্ছাভীর আত্মমর্যাদাস্জ্ঞানের বিষয় অবগত ছিলেন, কাজেই প্রত্যক্ষভাবে সাহায্য করিতে অসমর্থ হইয়া তাঁহারা তাহাকে মাঝে মাঝে আহাৰ করিবার জন্য নিমন্ত্ৰণ করিতেন। তিনি কোনদিন বিশেষ কার্যের ভান করিয়া নিমন্ত্ৰণ গ্রহণ কবিতেন অসমর্থতা জানাইতেন, কোনদিন বা প্রফুল্লতার ভান করিয়া পূর্বের ন্যায় উৎসাহ ও আনন্দের সহিত আমোদ-প্রমোদে যোগদান করিতেন, কিন্তু তাঁহাকে আহাৰ কবিতেন অনুরোধ করিবারাত্র তাঁহার হাস্যপ্রফুল্ল মুখমণ্ডল গম্ভীর হইয়া উঠিত, তাঁহার ব্যথিত মানসপটে সংসারের দারিদ্র্যদুঃখগুলি একে একে ফুটিয়া উঠিত। মনে পড়িত, প্রাণাধিক প্রিয়তম ভ্রাতাভগিনীগণের অনশনক্লিষ্ট মলিন মুখাচ্ছবিগুলি, তাহাদিগকে ফেলিয়া তিনি কেমন করিয়া সুস্বাদু খাদ্যদ্রব্যসমূহ গ্রহণ করিবেন।

ভাগ্যচক্রে সহসা-বিবর্তনে বাঁহারা কৈশোর-বৌবনের সন্ধিস্থানে পিছুহীন হইয়া কপদকশূন্য অবস্থায় পরিজনবর্গের ভরণপোষণের দায়িত্ব স্বেচ্ছা লইয়া জীবন-সংগ্রামে অগ্রসর হইয়াছেন, তাঁহারা নরেন্দ্রনাথের বর্তমান অবস্থা সম্যক্‌রূপে হৃদয়ঙ্গম করিতে সমর্থ হইবেন। ভাগ্য-বিপর্ষয়ে বিমুগ্ধ পিতৃবন্ধুগণের আচরণ দেখিয়া নরেন্দ্র বিস্মিত হইলেন। সংসারের শোচনীয় কৃতঘ্নতার কদম্বমূর্তি দেখিয়া

তাহার চিন্তা বিদ্রোহী হইয়া উঠিল। অহিত আত্মাভিমানকে অবিচলিত ধৈর্যে সংযত করিয়া বদ্ধুক্ষু যুবক নগ্নপদে নগ্নমস্তকে প্রত্যন্ত মধ্যাহ্নে কলিকাতার রাজপথে চাকুরীর সম্মানে ইতস্ততঃ পরিভ্রমণ করিতেন, সন্ধ্যাব পর অবসন্নদেহে ব্যর্থ-চেষ্টার শ্রম-ক্লান্ত লইয়া গৃহে প্রত্যাবৃত্ত হইতেন, এইরূপে দিন অতিবাহিত হইতে লাগিল। ইতোমধ্যে তাহার দঃখে পূর্ণ পরিপূর্ণ করিয়া তুলিবার জন্য আর এক নতুন বিপদ উপস্থিত হইল। তাহার জনৈক জ্ঞাতি, তাহাদিগকে গৃহচ্যুত করিবার সঙ্কল্প করিয়া এক মোকদ্দমা উপস্থিত করিলেন।

একদিন প্রভাতে নরেন্দ্রনাথ শ্রীভগবন্মায় উচ্চারণ পূর্বক শয্যাভ্যাগ করিতেছেন, এমন সময় শুনিতে পাইলেন, তাহার মাতা বলিতেছেন, “চুপ্ কর্ ছোঁড়া, ছেলেবেলা থেকে কেবল ভগবান্ ভগবান্। ভগবান্ তো সব কল্লেন।”

কথা কয়েকটি নির্মমভাবে তাহার ব্যথিতহৃদয়ে বিম্ব হইয়া প্রচণ্ড অভিমান জাগ্রত করিয়া তুলিল। বাস্তবিকই কি ভগবান্ দ্বিধের কাতর-ক্লন্দন শুনিতে পান না, অথবা শুনিতে চাহেন না? তিনি কি কেবল নিশ্চল নির্বিকারভাবে হাত গুটাইয়া এই নিষ্ঠুর সৃষ্টিব দানবী-লীলা দেখিতেছেন? যে ভগবান্ ইহলোকে বদ্ধুক্ষুকে এক টুকরা রুটি দিয়া বাঁচাইয়া রাখিতে পারেন না, তিনি পরকালে অক্ষয় স্বর্গে অনন্ত সুখের অধিকারী কবিবেন, ইহা কি সম্ভব? তবে কি ঈশ্বর বলিয়া কিছু নাই? হ্যাঁ, আছেন। তবে তিনি মঙ্গলময় বা দয়াময় নহেন, তিনি নির্বিকার। দঃখীর ক্লন্দনে তাহার হৃদয় আদ্র হয় না—তিনি হৃদয়হীন।

বন্ধুবর্গের নিকটে নরেন্দ্র সময় সময় তাহার ঈশ্বর সম্বন্ধীয় অভিনব ধারণার কথা প্রকাশ করিয়া ফেলিতেন। কি মর্মস্তুদ দঃখের সহিত তিনি ব্যক্তিবিশেষ ঈশ্বরের চিরপ্রতিষ্ঠিত প্রভুত্বকে দঃসহ অভিমানে প্রত্যাখ্যান করিতেন, তাহা সাধারণ মানব কেমন করিয়া বুঝিবে? অনেকেই স্থির করিয়া ফেলিলেন যে, নরেন্দ্রনাথ নাস্তিক হইয়া গিয়াছেন। পূর্বদৃষ্টি-সহায়ে ঈশ্ববেব বিবদ্ষে দঃডায়মান হইবার পশ্চাতে যে গর্বদস্ত আত্মশক্তির প্রেরণা, যে মহিমাসমৃদ্ধজল ত্যাগের বিকাশ, দৃঢ়-বিশ্বাসী ভক্তবে অসীম অনুরাগ, তাহা সাধারণ মানবের দৃষ্টিতে পড়িতে পারে না।

সে কেবল বুঝিয়াছিলেন, শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংস। বিষয়কর্মে জড়িত থাকিয়া নরেন্দ্রনাথ দক্ষিণেশ্বরে যাইতে পারেন নাই, ঠাকুর তাহাকে দেখিবার জন্য ব্যাকুল হইয়া অন্যান্য ভক্তবৃন্দকে নরেন্দ্রনাথকে দক্ষিণেশ্বরে আনিবার জন্য অনুরোধ করিতেন। কলিকাতার ভক্তবৃন্দ শুনিয়াছিলেন যে, অসৎসঙ্গে মিশিয়া নরেন্দ্রনাথের চারিট খারাপ হইয়া গিয়াছে, পূর্বের ন্যায় আর ধর্মভাব নাই। এই সমস্ত মিথ্যা নিন্দাবাদ প্রবণে

সন্দিহান হইয়া ভক্তগণ অনেকে নরেন্দ্রনাথকে পরীক্ষা করিতে আসিলেন। তাঁহাদের বাক্যালাপের মধ্যে সন্দেহের পরিচয় পাইয়া নরেন্দ্রনাথের রুদ্ধ অভিমান জাগিয়া উঠিল। কি আশ্চর্য! বাহিরের লোকে যাহা রটায়, ইংহারা পর্যন্ত তাহা বিশ্বাস করিয়াছেন। হয়তো ঠাকুরও ঐরূপ মিথ্যা দূর্নাম বিশ্বাস করিয়াই পরীক্ষার্থ ইংহাদিগকে পাঠাইয়া থাকিবেন, মনে মনে এইরূপ চিন্তাব উদয় হইবামাত্র ভক্তের হৃদয়ে সূত্রীয় অভিমান জাগিয়া উঠিল। তাঁহার তিস্ত উত্তরসমূহ শুনিয়া কোন কোন ভক্ত ঠাকুরের নিকট গিয়া জানাইলেন, নরেন্দ্রব যে অধঃপতন হইয়াছে তন্নিষে কোন সন্দেহ নাই। ঠাকুর প্রাণাধিক নরেন্দ্রব সাংসারিক বিপদ ইত্যাদির কথা ইতোপূর্বেই জানিতে পারিয়া যথেষ্ট মনোকষ্ট পাইতেছিলেন, তাহাব উপর নরেন্দ্রনাথের স্বভাব-পরিচয় চরিত্রে নানারূপ কলঙ্ক আরোপিত হইতে চলিয়াছে শুনিয়া ভক্তবৃন্দকে বলিলেন, “চূপ্ কর্ শালারা, মা বলিয়াছেন, সে কখনও ঐরূপ হইতে পারে না, আর কখনও এসব কথা বলিলে তোদের মূখদর্শন কর্বে না।”

নরেন্দ্রের উপরে ঠাকুরের কতখানি প্রস্থামিশ্রিত বিশ্বাস ছিল, তাহার ইয়ত্তা করা দুঃসাধ্য। একদিন প্রসিদ্ধ ডাক্তার বাবু মহেন্দ্রলাল সরকার মহাশয় নরেন্দ্রের প্রশংসা করিয়া ঠাকুরকে বলিয়াছিলেন, “এরকম বুদ্ধিমান্ ছেলে আমি খুব কম দেখেছি, এই বয়সে এত পাণ্ডিত্য অথচ কি নম্রতা। এ সমস্ত ছেলে যদি ধর্মের জন্য অগ্রসব হয় তো দেশের অনেক কল্যাণ হবে।” নরেন্দ্রনাথের প্রশংসা শুনিয়া ঠাকুর বিহবল-হৃদয়ে অজ্ঞাতসারে বলিয়া ফেলিয়াছিলেন, “তা’ হবে না কেন গো? ওর জন্যই তো এবাব এখানকার (নিজের দেহ দেখাইয়া) আসা।”

দুর্দমনীয় অভিমানে যদিও নরেন্দ্রনাথ দীক্ষণেশ্বরে গেলেন না, কিন্তু চিবকাল দুঃহৃদয় বলিয়া তাঁহার যে অহংকার ছিল, তাহাও নিঃশেষে চূর্ণ হইয়া গেল। তিনি প্রাণপণে চেষ্টা করিয়াও হৃদয় হইতে শ্রীরামকৃষ্ণের স্মৃতি মূছিয়া ফেলিতে পারিলেন না। ঐ মহাপুরুষের কৃপায় তিনি যে অদ্ভুত আধ্যাত্মিক অনদৃতিসমূহ লাভ করিয়াছিলেন, সেগুলি পুনঃ পুনঃ মানসপটে উদ্ভূত হইয়া তাঁহার মনঃকল্পিত নাস্তিকতা দূর করিয়া দিল। তিনি বিশ্বাস-বিমূঢ়াচক্ষে ভাবিতে লাগিলেন, আমি করিতেছি কি?

অর্থোপার্জন ও পরিবার-প্রতিপালন করিয়া কায়ক্ৰেশে কোনমতে গতানুগতিক-ভাবে জীবনযাপন করিবার জন্য তাঁহার জন্ম হয় নাই। তাঁহার জীবনের উদ্দেশ্য মহান, তাঁহার লক্ষ্য যে অখণ্ড সচ্চিদানন্দলাভ। দিন স্থির করিয়া নরেন্দ্রনাথ সংসার ত্যাগ করিবার জন্য গোপনে প্রস্তুত হইতে লাগিলেন।

সেদিন ঠাকুর কলিকাতাস্থ কোন ভক্তের আলয়ে শ্রদ্ধা পদার্পণ করিয়াছিলেন, নরেন্দ্রনাথ সংবাদ পাইয়া তথায় উপনীত হইলেন, ইচ্ছা, গৃহত্যাগ করিবার প্রাক্কালে শ্রীগুরুচরণ বন্দনা করিয়া সংসার হইতে চিরবিদায় গ্রহণ করিবেন, কিন্তু তাহা হইল না। ঠাকুরের ব্যাকুল অনুরোধ এড়াইতে না পারিয়া তাহাকে দক্ষিণেশ্বরে যাইতে হইল।

ঠাকুর ভাবাবিষ্ট, নির্নিমেষে নরেন্দ্রের প্রতি চাহিয়া আছেন, বিশাল নয়নম্বরে দরবিগলিত অশ্রুধাবা। বিহবল নরেন্দ্রনাথের হৃদয়ের নিহিত ব্যথা গলিষা নয়নপথে নির্গত হইল। তাঁহার বিদ্রোহী মনের উপর এ কি রহস্যময় প্রাণময় প্রেরণা! উভয়ে নির্বাক্। উপস্থিত অন্যান্য ভক্তবৃন্দ বিস্ময়-স্তম্ভিত। বহুক্ষণ পর ঠাকুর উঠিয়া দাঁড়াইলেন, সক্রোধে নৈবেদ্য নরেন্দ্রনাথের প্রতি চাহিয়া স্নেহ-স্নানম্বরে বলিলেন, “বাবা, কামিনী-কাণ্ডে ত্যাগ না হলে কিছু হবে না।” ঠাকুরের ভয়, পাছে নরেন্দ্রনাথ সংসারে জড়াইয়া পড়েন। উভয়ে নির্বাক্, অথচ নয়নে অশ্রু—এ অশ্রুত ব্যাপারের রহস্য জানিবার জন্য জনৈক ভক্ত কৌতূহলবশে প্রশ্ন করায়, ঠাকুর মৃদুহাস্যে উত্তর করিলেন, “আমাদের একটা হয়ে গেল।” ব্যথিতে নরেন্দ্রকে নির্জনে লইয়া ঠাকুর নানাপ্রকার সামর্থ্য ও উপদেশ দিয়া বলিলেন যে, যতদিন তাঁহার দেহ আছে ততদিন সংসারে থাকিতে হইবে এবং তিনি যে বিশেষ কার্যসাধনের জন্য জন্মগ্রহণ করিয়াছেন, তাহাও পূর্ণঃ পূর্ণঃ বলিতে লাগিলেন। পরদিন প্রভাতে যখন নরেন্দ্রনাথ দক্ষিণেশ্বর হইতে বাড়িতে ফিরিয়া আসিলেন, একটা অভূতপূর্ব আনন্দের ও আশার বাণী যেন তাঁহার হৃদয়ের পর্বতপাশে ভার সরাইয়া দিয়াছে। এখন আর ঠাকুর তাঁহার নিকট রহস্যময় উদ্ভাস নহেন, তাঁহার জীবনের চরমাদর্শ, গুরু, পিতা—সর্বস্ব।

নাবালক ও বিধবার সম্পত্তি-গ্রাসের চেষ্টা আমাদের দেশে প্রাশঃ ঘটিয়া থাকে। জ্ঞাতদেব ষড়যন্ত্রমূলক মোকদ্দমাব জন্য নরেন্দ্রনাথ প্রস্তুত হইলেন। তাহারা বাড়ি ভাগ করিয়া লইবার জন্য আদালতের সাহায্যপ্রার্থী হইয়াছিল। বাড়ির ভাল অংশটা যাহাতে তাহারা পায়, এই ছিল তাহাদের উদ্দেশ্য। জননী ভুবনেশ্বরী দিশাহারা হইলেন। বিপদের পর বিপদের আঘাতে মর্মান্বিত সিংহের ন্যায় নরেন্দ্রনাথ অন্তিমবলে বিপক্ষকে আক্রমণ করিবার জন্য প্রস্তুত হইলেন। অন্যায় অসত্যের নিকট কিছুতেই মাথা নত করিবেন না, ইহাই ছিল তাঁহার পণ। আদালতে মামলা চলিতে লাগিল। নরেন্দ্রের পিতৃবন্ধু বিখ্যাত ব্যারিস্টার *উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (W C Banerjee) স্বতঃপ্রবৃত্ত হইয়া মামলা চালাইবার ভাব গ্রহণ করিলেন। এই মামলা উপলক্ষে কতকগুলি ঘটনায় নরেন্দ্রের উপস্থিতবুদ্ধি, চরিত্রের দৃঢ়তা ইত্যাদির পরিচয় পাওয়া গিয়াছিল। বিপক্ষপক্ষের উকীল নরেন্দ্রনাথকে জেরা করিবার কালে নরেন্দ্রনাথের

নিভীক স্পষ্ট ধীর-গম্ভীর উত্তর শুনিয়া এবং তিনি আইন পড়িতেছেন জানিয়া, জজ সাহেব সানন্দে বলিয়া উঠিলেন, ‘যুবক, কালে তুমি একজন ভাল উকীল হইবে’। জজ সাহেব সমস্ত অবস্থা বদলিয়া নরেন্দ্রের পক্ষেই মামলার বায দিলেন। জজের সংবাদ পাইবামাত্র নরেন্দ্রনাথ আনন্দে আদালত হইতে জননীর নিকট ছুটিয়া চলিয়াছেন, এমন সময় বিপক্ষের এটর্নী তাঁহার হাত ধবিয়া নিবারণ করিলেন এবং সানন্দে বলিলেন, “জজ সাহেবের সহিত আমিও একমত। আইনই আপনার যোগ্য ক্ষেত্র, আমি আপনার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করিতেছি।”

নরেন্দ্র উদ্ভবসে ছুটিয়া আসিয়া জননীকে বলিলেন, ‘মা বাড়ি বাঁচিয়াছে’। ভুবনেশ্বরী আনন্দে আত্মহাবা হইয়া বিজয়ী সন্তানকে বদকে জড়াইয়া ধরিলেন। দুঃখের মধ্যেও ভগবান এমনি করিয়া অতি কঠিন আনন্দের দৃশ্য ফুটাইয়া তোলেন—ইহাই সংসার।

দিনের পব দিন চলিয়া যাইতে লাগিল, সাংসারিক দিক দিয়া বিশেষ কোন সন্নিবিধা হইল না। একদিন নরেন্দ্রনাথ ভাবিলেন, হযতো ঠাকুরের কৃপায় ইহার একটা সন্নিবিধা হইতেও পারে। মনে ইহা উদয় হইবামাত্র তিনি দক্ষিণেশ্বরে উপনীত হইলেন। নয়নের মণি নরেন্দ্রকে পাইয়া ঠাকুর আনন্দে বিহবল, কিন্তু নরেন্দ্রনাথের প্রার্থনা শুনিয়া তাঁহার মৃদুমন্ডল গম্ভীর হইল। অগাধ বিশ্বাস লইয়া তিনি ঠাকুরকে বলিলেন, “মহাশয়! বাহাতে আমাব মাতা ও ভাই-ভগিনীদের দুটি খাওয়ার একটু উপায় হয়, সে সম্বন্ধে আপনার মাকে অনুরোধ করিতে হইবে।” ঠাকুর বলিলেন, “ওরে, আমি কোনদিন মার কাছে কিছু চাই নাই, তবে তোদের যাতে একটু সন্নিবিধা হয়, সেজন্য অনুরোধ করিয়াছিলাম। কিন্তু তুই তো মাকে মানিস না, তাই মা তোর কথায় কান দেয় না।”

কঠোর নিরাকারবাদী নরেন্দ্রের সাকারে বিন্দুমাত্র নিষ্ঠা ছিল না। মর্তি-পূজা-বিরোধী নরেন্দ্রনাথ কি করিবেন? অবিশ্বাস? সেদিন চলিয়া গিয়াছে। বিশ্বাস! বিনা প্রমাণে? কেমন করিয়া সম্ভব? নরেন্দ্রনাথ নতমস্তকে রহিলেন।

কিন্তু ঠাকুর তাঁহার জন্য কি না করিতে পারেন? যিনি তাঁহার দুঃখকষ্টের বিষয় অবগত হইয়া স্বয়ং ভিক্ষার্থ বহির্গত হইবার সঙ্কল্প করিয়াছিলেন, তিনি কি সেই নরেন্দ্রের অনুরোধ উপেক্ষা করিতে পারেন? কিন্তু লীলাময় ঠাকুরও ছাড়িবার পাঠ নহেন, তিনি শিষ্যকে পরীক্ষা করিবার জন্য বারংবার বলিতে লাগিলেন, মাযের কৃপা ছাড়া কিছু হবে না। নরেন্দ্রকে নিরন্তর দেখিয়া ঠাকুর বলিলেন, “আচ্ছা, আজ

মঙ্গলবার, আমি বলছি, আজ রাতে কালীঘরে গিষে মাকে প্রণাম করে তুই বা' চাইবি, মা তোকে তাই দিবেন।"

বিশ্বাস থাক আব নাই থাক, ঠাকুরের প্রস্তরময়ী জগন্মাতিটি কি পদার্থ তাহাকে পরীক্ষা করিয়া দেখিতে হইবে।

দিনান্তের রক্তরশ্মিমালা ইত্যন্ততঃ বিক্ষিপ্ত লঘুমেঘখণ্ডগুলির নিকষে কনকবেধা অঙ্কিত করিয়া ধীরে ধীরে মিলাইয়া গেল। দেবালয়ে সম্মুখের আরতিবাদ্য মৃদু-গম্ভীররোলে উথিত হইয়া কর্মপ্রান্ত চিস্তের উপর অপূর্ব প্রশান্তি বর্ষণ করিতে লাগিল। ঠাকুর তখন বারান্দায় পদচারণা করিয়া মধুর কণ্ঠে ভগবন্মাম কীর্তন করিতে লাগিলেন। দীর্ঘসমুদয়তদেহ, আজান্দলিম্বিতবাহুদ্ব্যঙ্গল, প্রশস্ত ললাটে মহিমার বিচ্ছুরিত দ্যুতি, নেত্রে শান্তোজ্জ্বল করুণা, নরেন্দ্রনাথের মৃদুদৃষ্টি নিম্পলক হইল। তিনি কি ভাবিতেছিলেন, ঈশ্বরের চিরজাগ্রত মহিমাঘ ঘনীভূত মূর্তিস্বরূপ এই অদ্ভুত দেব-মানব কি তাহার দুর্বল কল্পনা হইতে উৎপন্ন, অতি উৎপন্ন, যেখানে তাহার বিচার-বুদ্ধির হাস্যকর মৃদুতা অগ্রসর হইতে পারে না?

রাতি এক প্রহর অতীত হইল। নরেন্দ্রনাথ সংশয়স্বন্দ্বালোড়িত চিত্তে "কালীঘর" অভিমুখে চলিলেন। আজ ঠাকুরের কৃপায় সংসারের দুঃখ-দারিদ্র্যের অবসান হইবে, উৎকর্ষিত-উল্লাসে তাহার বক্ষ ভরিয়া উঠিল।

তিনি দেখিলেন, জগদম্বাব ভুবনমোহনরূপে শ্রীমন্দির আলোকিত। প্রস্তরমূর্তি নয়, "মূল্য আধারে চিন্ময়ী প্রতিমা," বরাভয় কর বিস্তার করিয়া অসীম অনুকম্পা-ভরে স্নেহকব্জ হাঙ্গ করিতেছেন। তাবপর কি দেখিলেন, কি বুঝিলেন, তাহা তিনিই জানেন, আর জানেন তাহাব অদ্ভুত গুরু পবনহংসদেব। ফলকথা, নরেন্দ্র সব ভুলিয়া গেলেন। ভক্তি-বিহবল-চিত্তে প্রার্থনা করিয়া বসিলেন, "মা, বিবেক, বৈরাগ্য, জ্ঞান, ভক্তি দাও! যেন তোমার কৃপায় সর্বদাই তোমাকে দেখিতে পাই মা।"

নরেন্দ্র ফিরিয়া আসিলেন, ঠাকুর জিজ্ঞাসা করিলেন, কি চাইলি? তাহার পূর্বসংস্কল্প স্মৃতিপথে উদিত হইল। তাইতো তিনি করিয়াছেন কি? ঠাকুরের আদেশে তিনি পুনরায় মন্দিরে গেলেন, দ্বিতীয়, তৃতীয় বারেও তিনি মৃদু ফুটিয়া মায়ের চরণে সংসারের স্বাচ্ছন্দ্য কামনা করিতে পারিলেন না। তাহার আজন্ম বৈরাগ্যপ্রবণ মন, সময়ে সময়ে জাগতিক দুঃখকষ্টে বিচলিত হইলেও, পার্থিব ভোগ-সুখের কামনার ক্ষুদ্র হয় নাই, তিনি কেমন করিয়া অন্ন-বস্ত্রের জন্য প্রার্থনা করিবেন! কম্পতরুতলে গমন করিয়া, একান্ত দুঃখ ব্যতীত আর কে অমৃতফল ছাড়িয়া লাউ কুমড়া কামনা করে?

অবশেষে ঠাকুর নরেন্দ্রনাথের নিবন্ধার্থীশষে তাঁহাকে আশ্বাস দিয়া বলিলেন,—“তুই যখন চাইতে পারবি না, তখন ভাব অদৃষ্টে সংসারসুখ নেই, তবে তাদের মোটা ভাত-কাপড়ের কখন অভাব হবে না।” নরেন্দ্র আশ্বস্ত হইলেন, তাঁহার নিজের ‘সংসার-সুখের’ প্রয়োজন নাই।

সেইদিন হইতে নরেন্দ্রের জীবনের এক নতুন অধ্যায় আরম্ভ হইল। এ অধ্যায় রহস্য-জটিল, সাধারণ মানববুদ্ধির ধাবণাতীত। লোক-লোচনের অন্তরালে কি অদৃশ্য কৌশলে যে ঠাকুর, স্বামী বিবেকানন্দকে গড়িতেছিলেন তাহা বর্ণনা করিবার শক্তি লেখকের নাই। আশ্চর্য ত্যাগ-কুল-চুড়ামণি সাধক, ততোধিক আশ্চর্য তাঁহার আচার্যদেব!

শ্রীগুরু-কৃপায় নরেন্দ্রনাথের সাংসারিক অভাব অনেকাংশে দূরীভূত হইল। নরেন্দ্র এটর্নি আফিসে কাজ করিয়া এবং কয়েকখানি পুস্তকেব অনূবাদের দ্বারা কিছু কিছু অর্থোপার্জন করিতে লাগিলেন, অবশেষে স্থায়ীরূপে বিদ্যাসাগর মহাশয়ের স্কুলে শিক্ষকতা কার্য গ্রহণ করিলেন।

১৮৮৩ হইতে ১৮৮৪ সাল। শ্রীরামকৃষ্ণ কলিকাতাব আবাল-বৃদ্ধ-বনিতার সুপরিচিত হইয়া উঠিয়াছেন। দলে দলে নরনারী তাঁহার দর্শনার্থ, শ্রীমুখের বালবোধ্য সরলমুখের উপদেশবাণী শুনিবার জন্য দীক্ষণেশ্বরে যাতায়াত করিতে লাগিল। কিশিবিদ্যালয়ের শ্রেষ্ঠতম কয়েকটি অর্ধস্কল্ট কুসুম চষন করিয়া ঠাকুর এক গগ্নীনোপম-উদার আদর্শ ধর্ম-সম্ব গড়িতে লাগিলেন। স্বাদশ বৎসবব্যাপী কি গভীর সুদৃষ্টতর তপস্যা ও সাধনার মধ্য দিয়া জগদম্বা এই অভিনব আদর্শ-পুরুষকে গঠন করিয়াছেন, তাহার ইয়ত্তা অল্পবুদ্ধি মানব কেমন করিয়া করিবে। বাঁহার ইচ্ছামাত্রে নর-পশু পলকের মধ্যে দেবত্ব প্রাপ্ত হইত, বাঁহাব স্পর্শমাত্রে একজন সাধনহীন মানব অনায়াসে সমাধিগত হইয়া সচ্চিদানন্দ উপলব্ধি করিত, বাঁহার কৃপা-কটাক্ষে এক মুহূর্তে ইষ্ট-দর্শন হইত, অথচ যিনি অপূর্ব বিনীত-সারল্যের সহিত নিজেকে দীনাতদীন বলিয়া কীর্তন করিতেন, যিনি পঞ্চমবর্ষীয় বালকের মত মাতৃ-নির্ভরতা লইয়া প্রতিটি বাক্য ও কর্মে জগদম্বার হৃদয়ের পানে চাহিয়া থাকিতেন, যিনি নিখিল আধ্যাত্মিক অনদ্বীতসমূহের সমষ্টি-স্বরূপ, সকল ধর্মের, সকল মতের ধর্মপিতামহ চিত্তে শান্তি প্রদান করিতেন, তাঁহার ইয়ত্তা অল্পবুদ্ধি মানব কেমন করিয়া করিবে।

এই বিংশ শতাব্দীর সভ্যতা-গর্বিত, সিন্ধি-চিন্ত, আর্থ-ধর্ম-দ্রষ্ট, ভোগৈকমানস, মোহাম্মদগণের পরিচালনের জন্ম-মহান্ আদর্শের প্রয়োজন হইয়াছিল, তাহারই পরিপূর্ণ প্রকাশ—শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেব। তাই বিবেকানন্দ একদিন গৈরিক-

উকীষ-মণ্ডিত শির উর্ধ্বে তুলিয়া সমগ্র জাতিকে মেঘমন্ডে শুনাইয়াছেন, “যদি তোমাদের চক্ষু থাকে, তবেই তোমরা উহা দেখিবে, যদি তোমাদের হৃদয়ের স্ফার উন্মুক্ত থাকে, তবেই তোমরা উহার সম্মান পাইবে। অন্ধ—সে অতি অন্ধ, যে সময়ের চিহ্ন না দেখিতেছে, না বুদ্ধিতেছে। দেখিতেছ না, দারিদ্র ব্রাহ্মণ পিতামাতার স্নেহের গ্রাম-জাত এই সন্তান এক্ষণে সেই সকল দেশে সত্য সত্যই পূজিত হইতেছেন, যাহাবা বহু শতাব্দী ধরিয়া পৌত্তলিক উপাসনার বিরুদ্ধে চীৎকার করিয়া আসিতেছে।”

১৮৮৫ সালের মধ্যভাগে ঠাকুরের গলরোগ ক্রমশঃ বৃদ্ধি পাইতে লাগিল দেখিয়া ভক্তগণ চিন্তিত হইলেন। অবশেষে চিকিৎসার্থ ঠাকুর কলিকাতায় আনীত হইলেন। সহরে থাকা অসুবিধাজনক দেখিয়া, ভক্তগণ কলিকাতার উত্তরাংশে অবস্থিত কাশীপুরে একটি বাগান-বাটী ভাড়া লইয়া ঠাকুরকে তথায় লইয়া গেলেন। রাখাল, বাবুদাস, শরণ, শশী, কালী, তারক, লাটু প্রভৃতি বালক-ভক্তগণ সেবায় রত হইলেন। বলরাম, রামচন্দ্র, গিরিশ, ঈশান প্রভৃতি গৃহী ভক্তবৃন্দ তত্ত্বাবধান করিতে লাগিলেন। সদাসর্বদা ঠাকুরের খোঁজ লওয়া এবং সেবা-শুশ্রূষার বন্দোবস্ত প্রভৃতি করার জন্য নরেন্দ্রনাথ আগস্ট মাসেই শিক্ষকতা-কার্য পবিত্যাগ করিলেন। ঠাকুর কাশীপুরের বাড়িতে থাকাকালীন তিনিও বাড়ি পরিত্যাগ করিয়া তথায় আগমন করিলেন।

শ্রীশ্রীঠাকুরের বালক-ভক্তগণ প্রযোজনের গুরুত্ব বুদ্ধিযা একে একে কাশীপুরের বাগানে আসিয়া গুরুসেবায় নিযুক্ত হইলেন। ক্রমে তাঁহারা কলেজ ছাড়িলেন, এমন কি, বাটীতে যে দুইবেলা আহাব করিতে যাইতেন, তাহা পর্যন্ত বন্ধ করিয়া দিলেন। অনেকের অভিভাবকগণ ইহাতে শঙ্কিত হইয়া মধ্যে মধ্যে তাঁহাদিগকে গৃহে ফিরাইয়া লইবার জন্য অ্যুগমন করিতে লাগিলেন। বালকগণকে অভয় দিয়া নরেন্দ্রনাথ তাঁহাদিগকে নিবারণ করিবার ভার লইলেন। তাঁহার মূখের সামনে কেহ আঁটিয়া উঠিতে পারিতেন না, ফলে তাঁহাদের চেষ্টা সফল হইতে পারিল না। -

ঔষধ-পত্র, চিকিৎসা, সেবা-শুশ্রূষার চুটী নাই, অথচ রোগ ক্রমে ক্রমে প্রবলাকার ধারণ করিতে লাগিল। নিজ শক্তি শিষ্যগণের মধ্যে সঞ্চারিত করিয়া দিয়া ঠাকুর যে লীলা সাঙ্গ করিবার আয়োজন করিতেছেন, অনেকেই তাহা বুদ্ধিতে পারিলেন। তবুও আশা-মুগ্ধ-হৃদয়ে সমস্ত অমঙ্গল-চিন্তা সরাইয়া রাখিয়া ভক্তগণ প্রাণপণে চেষ্টা করিতে লাগিলেন।

গুরু ও শিষ্যের মধ্যে কি অপরিপূর্ণ সম্বন্ধ ~~হইত~~ তাহা ঠাকুরই জানেন। তিনি নরেন্দ্রের কোনপ্রকার সেবা গ্রহণ করিতেন না, করিতে পারিতেন না। প্রত্যক্ষভাবে

গুরুসেবার অধিকার হইতে বঞ্চিত নরেন্দ্রনাথকে বাধ্য হইয়াই কেবল পৰ্ববেষ্কণ কাষেই সন্তুষ্ট থাকিতে হইল।

কাশীপুরের বাগানবাটী কেবল রোগীনিবাস ও শূদ্রশ্রমিকাগার নহে, একাধারে মঠ ও বিশ্ববিদ্যালয় হইয়া উঠিল। ভক্তগণ সাধন-ভজন করিতেছেন, কখনও বিভিন্ন প্রকার শাস্ত্রপাঠ, ইতিহাস, দর্শন, বিজ্ঞান প্রভৃতির আলোচনা চলিতেছে। শ্রীশ্রীরামকৃষ্ণের প্রেম-মদিরাপানে উন্মত্ত প্রেমিকপুরুষগণের জীবনের সর্বশ্রেষ্ঠ আনন্দময় দিনগুলি এই পুণ্যতীর্থেই অতিবাহিত হইয়াছিল।

নরেন্দ্রনাথ অনন্যচিত্ত হইয়া শ্রীগুরু-প্রদর্শিত পন্থাবলম্বনে সাধন পথে দ্রুত উন্নতিলাভ করিতে লাগিলেন। সে প্রবল উৎসাহ, কঠোর ইন্দ্রিয়-নিগ্রহ, পবিত্র বিশ্বাসের সহিত সত্যলাভ করিবার জন্য প্রাণপণ চেষ্টা বর্ণনাতীত। কোন কোন দিন তিনি রজনীযোগে দক্ষিণেশ্বরে গিয়া পঞ্চবটীমূলে ধ্যান করিতেন। নরেন্দ্রনাথের তাঁর অনুরাগ দর্শন করিয়া ঠাকুর আনন্দিত হইতেন, একদিন নবেন্দ্রকে ডাকিয়া বলিলেন, “দেখ, সাধনকালে আমার অষ্টশ্রবণ লাভ হইয়াছিল, তা’ কোন কাজে লাগিল, তুই নে, কালে তোর অনেক কাজে লাগবে।”

নরেন্দ্র প্রশ্ন করিলেন, “মশায়, ওতে ভগবান্ লাভ করবার কোন সুবিধে হবে কি?”

ঠাকুর উত্তর করিলেন, “না, তা’ হবে না বটে, কিন্তু ঐহিকের কোন বাসনাই অপূর্ণ থাকবে না।”

কিছুমাত্র চিন্তা না করিয়া ত্যাগিশ্রেষ্ঠ নবেন্দ্র উত্তর করিলেন, “তবে মশায়, ওতে আমার প্রয়োজন নেই।” বাস্তবিকই এই কালে নরেন্দ্রনাথ শ্রীশ্রীঠাকুরের পবিত্র সংগে যেন স্বতন্ত্র মানুষ হইয়া গিয়াছিলেন। দিবা-রাত্র কেবল ভগবাক্সিতা, সত্যলাভের জন্য তাঁর ব্যাকুলতা! তাঁহাকে দেখিলেই বোধ হইত, পিঞ্জরাবন্ধ সিংহ যেন কাবাগার ভাঙিয়া বহির্গত হইবার অসীম আগ্রহে ছটফট করিতেছে।

ত্যাগে পবিত্র, চরিত্রে উন্নত, সঙ্কল্পে অটল, তরুণ যুবকগণ শ্রীশ্রীরামকৃষ্ণকে আদর্শ করিয়া কাশীপুরের বাগান-বাটীতে সুদৃশ্য তপস্যায় ব্রতী হইয়াছিলেন। শ্রীশ্রীরামকৃষ্ণের সেবা-উপলক্ষে গৃহ-পরিজন-ত্যাগী বালকগণ একত্র বসবাসের ফলে এক অপূর্ণ আধ্যাত্মিক প্রেমসম্বন্ধে পরস্পরের সহিত আবদ্ধ হইয়া পড়িলেন। এইখানেই ভাবী রামকৃষ্ণ-সম্বন্ধের পত্তন হইল। এই সময় একদিন শ্রীরামকৃষ্ণ তাঁহার কুমার শিষ্যদিগকে সম্মান দিবার সঙ্কল্প করিলেন। শূভদিনে শিষ্যগণকে স্বহস্তে গৌরব দান করিয়া ঠাকুর নেতা নরেন্দ্রনাথকে ডাকিয়া কহিলেন, “তোমরা সম্পূর্ণ নিরীভমান

হইয়া ভিক্ষার বদলি স্বল্পে রাজপথে ভিক্ষা করিতে পারিবে কি ?” তাঁহারা শ্রীগুরুদেবের আদেশে তৎক্ষণাৎ ভিক্ষায় বহির্গত হইলেন এবং ভিক্ষালব্ধ দ্রব্যাদি রন্ধন করিয়া ঠাকুরের সম্মুখে আনয়ন করিয়া প্রসাদ গ্রহণ করিলেন। সেদিন ঠাকুরের কি আনন্দ! উচ্চাশ্রিত ও আভিজাত্যের গৌরব-বৃদ্ধি-বর্জিত বালসম্মাসিগণের তীব্র বৈরাগ্যদর্শনে ঠাকুর আনন্দে আত্মহারা হইলেন।

সম্মাসগ্রহণের পর অতীতযুগের যুগপ্রবর্তক সম্মাসীদের জীবন ও উপদেশ আলোচনাই নরেন্দ্রের লক্ষ্য হইয়া উঠিল। ধ্যানভ্যাসের ফলে একাগ্রমানস নরেন্দ্র যখন যে বিষয় আরম্ভ করিতেন, তাহা লইয়াই মাতিয়া উঠিতেন। ভগবান্ বৃন্দদেবের অপূর্ণ ত্যাগ, অলৌকিক সাধনা ও অসীম করুণা, নিশিদিন নরেন্দ্রের আলোচনার বিষয় হইয়া উঠিল। জন্ম, জরা, মৃত্যু, ব্যাধির নির্মম পেষণে প্রবৃত্ত-তাড়িত জীব-কুলের কাতর হাহাকারে, করুণা-বিগলিত বাজপুত্রের বিশাল হৃদয়ের বেদনা বর্ণনা করিতে করিতে নরেন্দ্রের চক্ষে জল আসিত। বৃন্দদেবের ধ্যানে বিভোর নরেন্দ্রনাথ গোপনে দুইজন গুরুদ্রোহকে সপ্নে লইয়া বৃন্দগয়ায় যাইবার জন্য প্রস্তুত হইলেন। রজনীযোগে গায়োত্থান করিয়া নিঃশব্দে নরেন্দ্র, তারক (স্বামী শিবানন্দ) ও কালী (স্বামী অভেদানন্দ) গঙ্গাপার হইয়া বালী স্টেশনে আসিয়া ট্রেনে উঠিলেন।

১৮৮৬ সালের এপ্রিল মাস, তরুণ সম্মাসীরা গয়ায় পবিত্র ফল্গুনদীতে স্নান করিয়া ভক্তভরে ৮ মাইল দূরবর্তী বোধিসত্ত্বের মন্দিরাভিমুখে যাত্রা করিলেন। এদিকে প্রভাতে নরেন্দ্রনাথকে না দেখিয়া ভক্তগণ চিন্তিত হইলেন। চাষীদিকে অনুসন্ধান করা হইল, নরেন্দ্রের কোন সন্ধান পাওয়া গেল না। ঠাকুরের নিকট ভক্তবৃন্দ ঐ বিষয় নিবেদন করিতে তিনি মৃদুহাস্যে বলিলেন, “তোমরা ব্যস্ত হইও না, সে ফিরে এলো বলে, তার কি এ জামগা ছেড়ে থাকবার জো আছে!”

বৃন্দগয়ায় উপনীত হইয়া নরেন্দ্র বোধিসত্ত্বের মন্দির দর্শন করিলেন। এই সেই স্থান যেখানে ভগবান্ বৃন্দদেব জন্ম-জরা-ব্যাধি-মরণক্রিষ্ট জীবগণের দুঃখনিবারকল্পে সমাধিস্থ হইয়া বোধি লাভ করিয়াছিলেন। বোধিদ্রুমমূলে পবিত্র প্রস্তরাসনে নরেন্দ্রনাথ ধ্যানস্থ হইলেন। তাঁহার গুরুদ্রোহাত্মক ধ্যানভঙ্গে চাহিয়া দেখেন, নরেন্দ্র পাষাণবৎ নিঃশব্দ, দেহ স্পন্দনহীন। বহুক্ষণ অতীত হইলে তিনি একবার অর্ধ-বাহ্যজ্ঞান প্রাপ্ত হইয়া ক্রন্দন করিয়া উঠিলেন, পরক্ষণেই আবার ধ্যানস্থ হইয়া পড়িলেন। তাঁহার ধ্যান-স্ফীতিমতেন্দ্রে সত্যের বিমল জ্যোতিঃ ফুটিয়া উঠিল, তিনি কি দেখিলেন, কি বুঝিলেন, তাহা গুরুদ্রোহাত্মক নিকট প্রকাশ করিলেন না। ক্রমাগত তিন দিবস কঠোর তপস্যায় যাপন করিয়া তাঁহারা বৃন্দগয়া হইতে কাশীপুরের বাগান-

বাটীতে ফিরিয়া আসিলেন। ভক্তবৃন্দ তাঁহাদিগের প্রাণস্বরূপ নরেন্দ্রনাথকে পাইয়া আনন্দসাগরে মগ্ন হইলেন।

বদ্ব্যগম্য হইতে ফিরিয়া আসিয়া নরেন্দ্রনাথ যেন বদ্ব্যধিতে পারিলেন, যে অতীত পিপাসায় কাতর হইয়া তিনি উদ্ভ্রান্তভাবে ছুটাছুটি করিতেছেন, সে পিপাসা একমাত্র ঠাকুরের কৃপা ব্যতীত তৃপ্ত হইতে পারে না। নরেন্দ্র সম্পূর্ণ স্থির কবিতা লইলেন, কিন্তু অপরাপর ভক্তগণের ন্যায় বিশ্বাস-সহকারে শ্রীগুরুর চরণে আত্মসমর্পণ করিতে পারিলেন না। তিনি চাহেন, সত্য উপলব্ধি করিতে। নরেন্দ্র তাঁর তপশ্চর্য্য রত হইলেন। সে প্রবল উৎসাহ, কঠোর ইন্দ্রিয়-নিগ্রহ, দৈহিক ভোগ-বিলাস বর্জন করিয়া অনন্যমনসে আত্মদর্শন কবিবার প্রাণপণ চেষ্টা বর্ণনাতীত।

পূর্ব্বগ মহাপুরুষচারিতসমূহ আলোচনা করিলে আমরা দেখিতে পাই যে, তাঁহার দেশ-কাল-পাত্র বিবেচনা করিয়া মনুষ্যের নব নব পন্থা আবিষ্কার কবিয়াছেন, কাম-কাণ্ডনের প্রবল আকর্ষণে অবিচলিত থাকিয়া স্ব স্ব কার্য সম্পাদন করিয়াছেন। তাঁহাদের জপ, তপ, সাধন, ভজন, যা'-কিছু সবই পরহিতায়, নিজের মনুষ্য কিস্বা অপর কিছুর কামনায় নহে। ঠাকুর নরেন্দ্রকে তাই বিভিন্ন প্রকার সাধনা ও আধ্যাত্মিক অবস্থার মধ্য দিয়া ধর্মজীবনের চরমাদর্শের অভিমুখী কবিতা দিতে লাগিলেন। ঠাকুরের নিজ জীবনের অনুভূত আধ্যাত্মিক সত্যগুলির সহিত প্রত্যক্ষভাবে পরিচিত হইবার পূর্বে, নরেন্দ্র কিছতেই ঐ সমস্তের প্রতি আশ্রয়ান্বিত হন নাই।

একদিন কাশীপুরের বাগানবাটীতে প্রজ্বলিত অগ্নিকুণ্ডেব সম্মুখে নরেন্দ্রনাথ ধ্যানমগ্ন। এমন সময়ে তিনি অনুভব করিলেন যে, স্পর্শমাত্রে অপরের মনোরাজ্যে আমূল পরিবর্তন আনিয়া ধর্মভাববিশেষ সঞ্চার করিবার শক্তি তাঁহাতে উদ্ভূত হইয়াছে। শ্রীশ্রীঠাকুরকে স্পর্শ দ্বারা ঐরূপ করিতে তিনি বহুবার প্রত্যক্ষ করিয়াছেন। একি সেই শক্তি? বাল-সুলভ কোতূহলবশতঃ অগ্রপশ্চাৎ না ভাবিয়া তিনি পার্শ্ব ধ্যানমগ্ন জনৈক গুরুভাইয়ের উপর উহা পরীক্ষা করিতে গিয়া, তাঁহার ধর্মজীবনে আমূল পরিবর্তন আনিয়া দিলেন। বৈতণ্ড্যবাদী, সগুণ সাকার ঈশ্বরে বিশ্বাসী ভক্ত মদহর্ত মধোই অশ্বৈতবাদী ও জ্ঞানযোগী হইলেন। ঠাকুর ঐ বিষয় অবগত হইয়া নরেন্দ্রকে ডাকিয়া কহিলেন, “না জন্মেই খরচ? আজ ওরু কি অনিশ্চয়তা করুক বল দিক?” পরে ঐ শক্তি কিরূপে প্রয়োগ করিতে হয়, তাহা বিশেষরূপে বদ্ব্যধিয়া দিলেন।

সে দিন চলিয়া গিয়াছে। সেই দার্শনিক, তাত্ত্বিক, উদ্ভূত নরেন্দ্রনাথ আজ গুরুভক্ত সাধক। পাশ্চাত্যদর্শনের যুক্তিজাল, ব্রাহ্ম-সমাজের প্রভাব তাঁহার চিন্তকে যে আবরণ

দিয়াছিল, তাহা খসিয়া গিয়াছে। ঠাকুরের আদেশে এখন তাহার পাঠ্যপুস্তক কেবল পাশ্চাত্য দর্শন বিজ্ঞান নহে, তিনি গভীর শ্রম্ভার সহিত উপনিষদ্, সংহিতা, পণ্ডদশী, বিবেক-চুড়ামণি প্রভৃতি গ্রন্থ পাঠ করিতেছেন। স্বীয় সমস্ত বিদ্যার অভিমানে হেয়জ্ঞান করিয়া পরিপূর্ণ নিষ্ঠার সহিত ঠাকুরের অপূর্ব বাণীসমূহের মধ্য দিয়া অভিনব, শ্রেষ্ঠতব শিক্ষালাভ কবিতেছেন। আহাৰ-নিদ্রাদি জৈবিক-ধর্ম-বিবর্জিত নবোদ্ভূতনাথের কঠোর তপস্যা উপস্থিত অন্যান্য বালক-ভক্তমণ্ডলীর আদর্শস্বরূপ হইল। যাহাকে দেখিবার জন্য ঠাকুর উন্মত্তবৎ হইয়া উঠেন, যাহার কণ্ঠের সূক্ষ্মধ্বনি সঙ্গীত কর্ণে প্রবেশ করিবার্য তিনি নির্বিকল্প সমাধিতে আত্মহারা হন, যাহার প্রশংসা কবিতে গিয়া ভাষা খুঁজিয়া না পাইয়া ঠাকুর বলেন, “ও সাক্ষাৎ নাবাযণ—জীবোন্মথারের জন্য দেহধাবণ করেছে,” তাহাকেও যদি এত কঠোর সাধন করিতে হয়, তাহা হইলে অন্যেব আব কথা কি। সাধনপথে বহুদূর্ব-অগ্রসর নবোদ্ভূতনাথ অবশেষে বদ্বিধিতে পারিলেন, নির্বিকল্প সমাধিলাভ ব্যতীত তাহার এ বিশ্বেশেষী আধ্যাত্মিক পিপাসা পরিভূত হইবে না, কিন্তু দিনেব পর দিন চলিয়া যাঁতে লাগিল, পরিপূর্ণ উদ্যমের সহিত চেষ্টা করিয়াও ঐ বিষয়ে সফলকাম হইতে পাবিলেন না।

নীরব গভীর রাত্রি। কাশীপুরের উদ্যান-বাটিকার ম্বিতলের কক্ষে ঠাকুর রোগশয্যায শায়িত। পার্শ্ব দাঁড়াইয়া নরেন্দ্রনাথ। কক্ষে অপব কেহ নাই। আজ নরেন্দ্রনাথ সঙ্কল্প করিয়া আসিয়াছেন, যে-কোন উপায়ে ইউক নির্বিকল্প সমাধিলাভ করিবেন। চিরদিন পুরুষকারের উপাসক আজ কৃপাভিক্ষা করিতে আসিয়াছেন, ভয়ে, বিস্ময়ে, সম্ভ্রমে তাহার বাক্যনিঃসরণ হইল না। অন্তর্ধামী পুরুষ, শিষ্যের মনোভাব বদ্বিলেন। কয় বৎসর পূর্বে যে নরেন্দ্রনাথ বেদান্তশাস্ত্র অধ্যয়ন করিতে অস্বীকার করিয়া বলিয়াছিলেন, “যে বইএ মানুকে ভগবান্ বলতে শিক্ষা দেয়, সে বই পড়বার কোন প্রয়োজন নেই। নিজেকে ভগবান্ বলার (সোহং) চেষ্টে আব পাপ নাই।” আজ তিনিই বেদান্তান্ত সর্বোচ্চ অনুভূতি লাভের জন্য লালায়িত! সূদীর্ঘ ছয় বৎসর কাল তিনি গুরুদ্ব সাহিত, নিজের অন্তঃপ্রকৃতির সহিত কি বিরামহীন সংগ্রামই না করিয়াছেন।

ঠাকুর সন্মহে তাহার প্রতি চাহিয়া বলিলেন, “নরেন, তুই কি চাস্?” সূযোগ বদ্বিধা নরেন্দ্রনাথ উত্তর কবিলেন। “শুকদেবের মত সর্বদা নির্বিকল্প সমাধিযোগে সচ্চিদানন্দ-সাগরে ডুবিয়া থাকিতে চাই।”

শ্রীশ্রীরামকৃষ্ণের নেত্রপ্রাস্তে ঈষৎ অধীরতা প্রকাশ পাইল। তিনি বলিলেন, “বার বার ঐ কথা বলিতে তোর লজ্জা করে না। কোথায় কালে বটগাছের মত

বার্ধত হ'বে শত শত লোককে শান্তিছায়া দিবি, তা' না তুই নিজের মৃত্তির জন্য বাস্ত হ'য়ে উঠেছিস্, এত ক্ষুদ্র আদর্শ তোর।”

নরেন্দ্রের বিশাল নেত্রম্বয় অশ্রুজলে ভরিয়া উঠিল। তিনি অভিমানভরে বলিতে লাগিলেন, “নির্বিকল্প সমাধি না হওয়া পর্যন্ত আমার মন কিছুতেই শান্ত হ'বে না, আর যদি তা' না হয়, তবে আমি ওসব কিছুই করতে পারবো না।”

“তুই কি ইচ্ছা কর'বি, জগদম্বা তোর ঘাড় ধরে করিয়ে নেবেন। তুই না করিস্, তোর হাড় কর'বে।”

নরেন্দ্রের ব্যাকুল অনুরোধ উপেক্ষা করিতে না পারিয়া ঠাকুর অবশেষে বলিলেন, “আচ্ছা যা, নির্বিকল্প সমাধি হ'বে।”

একদিন সম্ম্যাবেলা ধ্যান করিতে করিতে নবেন্দ্রনাথ অপ্ৰত্যাশিতভাবে নির্বিকল্প সমাধিতে ডুবিয়া গেলেন। ইন্দ্রিয়-প্রত্যক্ষ আপেক্ষিক জড়পুঞ্জ যেন মহাশূন্যে মিলাইয়া গেল, দেশকাল-নিমিত্তের পরপারে অবস্থিত নিজবোধস্বরূপ আত্মা স্বমহিমায় বিরাজ করিতে লাগিলেন। এ যে কি অবস্থা, তাহা মানবীয় ভাষায় ব্যক্ত হয় নাই, হইতে পারে না।

বহুক্ষণ পর তাঁহার সমাধি ভঙ্গ হইল। তিনি অনুভব করিলেন, তাঁহার মন ঐ অবস্থায় সম্পূর্ণরূপে কামনাশূন্য হইলেও একটা অলৌকিক শক্তি তাঁহাকে ইচ্ছার বিরুদ্ধে জোর কবিশা পণ্ডেন্দ্রিয়-গ্রাহ্য বাহ্যজগতে নামাইয়া লইয়া আসিতেছে। অনুভব করিলেন, “বহুজনহিতায় বহুজনসুখায় কর্ম করিব, অপরোক্ষানুভূতি লব্ধ সত্য প্রচার করিব”—এই মহতী কামনার সূত্র ধরিয়া তাঁহার মন নির্বিকল্প অবস্থা হইতে প্রত্যাবৃত্ত হইল। অনুভব করিলেন, জগতের দুঃখদৈন্যপ্রপীড়িত মোহদ্রান্ত জীবকুলকে, স্বয়ং জ্ঞানামৃত পূর্ণিত হইয়া উক্ত অমৃত পান করাইবার জন্য ভাবতেব অতীত যুগের মন্ত্রদ্রষ্টা ঋষিকুলেব ন্যায় তাঁহাকেও জলদমন্দে ডাকিতে হইবে—

“শব্দন্তু বিশ্বে অমৃতস্য পদ্বা
আবে ধামানি দিব্যানি তস্মদঃ॥

পূরুষং মহান্তম্,
বর্ণং তমসঃ পরস্তাৎ,
তমেব বিদিত্বাতিমৃত্যুমোহিত,
নান্যঃ পঞ্চা বিদ্যতেহ্যনায় ॥”

আজ নরেন্দ্রের হৃদয়ের সমস্ত অশান্তি ও আকাঙ্ক্ষার অবসান হইয়াছে, ব্রহ্মবিদের ন্যায্য দিব্যজ্যোতিঃ-উদ্ভাসিত বদন লইয়া, আশুতকাম সম্রাসী আসিয়া শ্রীগুরু-চরণে প্রণত হইলেন। ঠাকুর সহাস্যে বলিলেন, “এখনকার মত তবে চাৰি দেওয়া রইল, চাৰি আমার হাতে, কাজ শেষ হ’লে তবে খুলে দেওয়া হ’বে।”

সেদিন নবেন্দ্রগত-প্রাণ বালক-ভক্তগণের আনন্দ দেখে কে? অহর্নিশ ভজন-গান চলিতে লাগিল। নবেন্দ্র ভাবোন্মত্ত হইয়া রাখাক্ষ, সীতারাম ও চৈতন্যলীলা বিষয়ক সংগীত গাহিয়া ভক্তবৃন্দের হৃদয়ে পলকবহুল উদ্দীপনা আনিয়া দিতে লাগিলেন। এদিকে ঠাকুর জগজ্জননীর নিকট কাতরভাবে প্রার্থনা করিতে লাগিলেন, “মা, ওর (নরেন্দ্রের) অশেষত-অনুচ্ছৃতি তোর মায়াশক্তি দিবে আবরণ ক’বে রাখ মা, আমার ওকে দিবে যে অনেক কাজ করিবে নিতে হ’বে।”

যে সমস্ত ঐশীশক্তি সম্পন্ন মহাপুরুষ মানবজাতির কল্যাণ-কামনায নিঃস্বার্থ-ভাবে আত্মোৎসর্গ করিয়া জগৎস্বার্থ হইয়াছেন, তাহাদের প্রত্যেকেরই মধ্যে কিছ্র না কিছ্র আশ্রয়ের অহঙ্কার ছিল। তাই ঠাকুর বলিতেন, “খাদ না দিলে গডন হয় না।” অবশ্য এ “আমিছ্র” “কাঁচা আমি” নয়, “এ পাকা আমি”, আমি প্রভু দাস, তাহার লীলার সহায়ক।

নবেন্দ্রনাথের সম্বন্ধে ঠাকুর যে সকল বহুসাময় ভবিষ্যদ্বাণী করিয়াছিলেন, তাহা আমরা ইতোপূর্বে স্থানে স্থানে উল্লেখ করিয়াছি। একদিন, নবেন্দ্রকে দেখাইয়া উপস্থিত ব্যক্তিবর্গকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন, “এই যে ছেলোটিকে দেখছো, এ জন্ম থেকেই ব্রহ্মজ্ঞানী, এর মত ছেলেবা নিত্যসিদ্ধের ধাক। এরা কখনও কামিনী-কাঞ্চনের মায়ায় বদ্ধ হয় না।” আবার কখনও বা “শুকদেব,” কখনও বা “শঙ্কর,” “নারায়ণ ঋষি” ইত্যাদি বিভিন্ন নামে অভিহিত করিতেন। ঠাকুরের এই আপাতবিবৃদ্ধি উক্তিগুলি কি সাময়িক স্নেহের উচ্ছ্বাস! মূলতঃ দেখিতে গেলে তাহাই অনুমান হয় বটে এবং সাধারণ মানবের পক্ষে ঐগুলির সত্যতা সম্বন্ধে সন্দেহান হওয়াও বিচিত্র নহে। আজন্ম সত্যবাদী ঠাকুর, যিনি পরিহাসচ্ছলেও কখনও মিথ্যা কথা বলেন নাই, যিনি জগন্মাতার পদতলে সর্বস্ব উৎসর্গ করিতে গিয়া “এই নে মা তোর মিথ্যা”—পর্যন্ত বলিয়াই স্তম্ভ হইয়াছেন, “এই নে মা তোব সত্য” বলিতে পারেন নাই, তিনি কি ইতব সাধারণের মত স্নেহে মগ্ন হইয়া প্রথমতঃ শিষ্যকে লোকচক্ষু বড় করিবার জন্য ঐ সব কথা বলিয়াছেন? তাহাই বা কিরূপে সম্ভবে? “অভিমানং সুরাপানং, গৌরবং ঘোর বৌরবং, প্রতিষ্ঠা শূকরী-বিষ্ঠা”—ইহাই যে তাহার মূলমন্ত্র ছিল। এ সম্বন্ধে পূজনীয় শ্রীমৎ যোগানন্দ স্বামিজী একদা বলিয়াছিলেন,

“স্বামীজীর মধ্যে ঋষির সমাধিত্ব, শূদ্রের মাযারাহিত্য, শঙ্করের জ্ঞান ও নারদের ভক্তি একত্র মিলিত হইয়াছিল, তাই ঠাকুর তাঁহার বিভিন্ন ভাব লক্ষ্য করিয়া এক এক বার এক এক নামে অভিহিত করিতেন।” এই মীমাংসাই আমাদের সর্বাপেক্ষা যুক্তিপূর্ণ ও সমীচীন মনে হয়।

১৮৮৬ সাল, জুলাই মাসের শেষ ভাগ। ঠাকুরের গলরোগ ক্রমশঃ ভীষণভাবে ধারণ করিল। মৃদুস্বরে ফিস্ ফিস্ করিয়া কোনমতে দুই চারিটি কথা কহিতে পারেন মাত্র, আহা! জল-বালি, তাহাও গিলিতে পারেন না। তথাপি মহাপুরুষের কৃপার অবধি নাই, সদাসর্বদা বালক ভক্তগণকে উপদেশ দিতেছেন, কখনও বা নরেন্দ্রকে ডাকিয়া বলিতেছেন, “নরেন্, আমাব এই সব ছেলেরা বহিল, তুই সকলের চেয়ে বুদ্ধিমান, শক্তিমান, ওদের বক্ষা করিস্, সৎপথে চালাস্, আমি শীগ্গীর্বেই দেহত্যাগ করবো।”

আর একদিন বাত্রে নরেন্দ্রের দিকে সজ্জল-নয়নে চাহিয়া বলিলেন, “বাবা! আজ তোকে সর্বস্ব দিবে ফকীর হলাম।” নরেন্দ্র বুদ্ধিলেন, ঠাকুরের লীলাবসানকাল আসন্নপ্রায, তিনি বালকের মত ক্রন্দন কবিতো লাগিলেন, তাঁহার বিবহে কেমন করিয়া জীবনধারণ করিবেন ভাবিয়া আকুল হইলেন, ভাবাবেগ দমন করিতে অসমর্থ হইয়া নরেন্দ্রনাথ কক্ষ পরিত্যাগ করিলেন।

অবশেষে সত্য সত্যই সে ভীষণ দিন উপস্থিত হইল। ১৫ই আগস্ট, রবিবার। মহাপুরুষের শয্যা ঘিরিয়া ভক্ত শিষ্যবৃন্দ শোকভারাক্রান্ত স্তম্ভিতহৃদয়ে মহাসমাধিব প্রতীক্ষা করিতেছেন। তাঁহাদিগের ব্যথিত অন্তরে কি ভাবের প্রবাহ খেলিতোছিল তাঁহারাই জানেন।

নরেন্দ্রনাথ ভাবিতোছিলেন, রামচন্দ্র, গিরিশ প্রমুখ ভক্তগণ যে ঠাকুরকে স্বয়ং ভগবান্ বলিয়া বিশ্বাস করেন, সে কথা কি সত্য! এই একটি সমস্যা এখনও তো অমীমাংসিত রহিয়াছে। এখন যদি ঠাকুর স্বয়ং এ সমস্যা ভজন করিয়া দেন, তবেই বিশ্বাস করিব, নচেৎ নহে। যে শক্তি যুগে যুগে ধর্মস্থাপনের জন্য করুণায় অবতীর্ণ হন, শ্রীরামকৃষ্ণ কি তাঁহার সমষ্টিস্বরূপ? সত্যই কি শ্রীরামকৃষ্ণ যুগধর্ম-প্রবর্তক অবতার পুরুষ? অন্তর্ধর্মী ভগবান্ চক্ষু মেলিয়া পূর্ণদৃষ্টিতে নরেন্দ্রের প্রতি চাহিয়া বলিলেন, “কি নরেন, এখনও তোর বিশ্বাস হয় নাই? যে রাম, যে কৃষ্ণ, সে-ই এবার একাধারে রামকৃষ্ণ—কিন্তু তোর বেদান্তের দিক্ দিগে নয়।”

সহসা যদি কক্ষ মধ্যে বজ্রপতন হইত তাহা হইলেও নরেন্দ্র বোধ হয় অতর্কিত চমকিয়া উঠিতেন না!

ক্রমে রজনী গভীর হইতে গভীরতরী হইল। উপাখান আগ্রযে ঠাকুরের কৃশ-
তনুখানি মৃদু কাঁপিতেছে, জীর্ণ-পঞ্জর-পঞ্জর ছাড়িয়া মহান্ আত্মা মহাকাশে
বিলীন হইবাব জন্য যেন পাখা মেলিয়াছে। নাসাগ্র-নিবন্ধ দৃষ্টি স্থির, বদন মুদুহাস্যে
অনুর্জিত, এমন সময় তিনবার কালীনাম উচ্চারণ করিয়া, শ্রীরামকৃষ্ণ মহাসমাধিযোগে
নশ্বর দেহ ত্যাগ করিলেন।

তাঁহার সেই অন্তিম বাণী নরেন্দ্রের হৃদয়ে দৃঢ়াঙ্কিত হইয়া রহিল। তাই আমরা
অশ্বৈতবাদী সম্যাসীকেও জলদানির্ঘোষে বলিতে শুনিয়াছিঃ—

“প্রাস্তং যশ্বে কনাদিনিধনং বেদোদধিঃ মিথিত্বা
দন্তঃ যস্য প্রকবণে হবিহবরহ্মাদি-দেবৈবলম্।
পদর্গং যন্তু প্রাণসাবেভীমনারায়ণানাম্,
রামকৃষ্ণতনুং ধন্তে ভৎপদর্গ-পাত্রমিদং ভোঃ॥”

চতুর্থ অধ্যায় পরিব্রাজক বিবেকানন্দ

(১৮৮৬—১৮৯২)

কচিন্দ্রটো বিম্বান্ কচিদপি মহারাজ্জবিভবঃ
কচিদ্রান্নতঃ সোম্যঃ কচিদজ্জগবাচারকালিতঃ।
কচিৎ পাত্নীভূতঃ কচিদ্রবমতঃ কাপ্যবিদিত
শ্চবতোবং প্রাজ্ঞঃ সততপরমানন্দসুখিতঃ ॥—
বিবেকচূড়ামণি ॥

শ্রীরামকৃষ্ণদেব অপ্রকট হইবার কয়েকদিন পবই কাশীপুর্ব্বের বাগানবাটী ছাড়িয়া দিতে হইল। কিন্তু নবেন্দ্র দেখিলেন, বালসন্ন্যাসীরা যদি চারিদিকে বিচ্ছিন্ন হইয়া চলিয়া যায়, তাহা হইলে সেই মহাপুর্ব্বুষের আদর্শ প্রচারের পথে বিঘ্ন ঘটিবে। তাঁহারা শ্রীগুরুদেব নিকট প্রত্যেকে পৃথকভাবে যে সাধনা, যে আদর্শ লাভ করিয়াছেন, তাহা কেন্দ্রসংহত করিতে হইবে। কতিপয় গৃহী ভক্ত নবেন্দ্রের এই মত সমর্থন করিলেন। এই সকল বৈবাগ্য-প্রবণ তব্দগ-সন্ন্যাসী আশ্রয়হীন হইয়া ঘুরিয়া বেড়াইবে, ইহা তাঁহাদের মনঃপূত হইল না। গুরুদেবপ্রাণ উদাবহৃদয় সুরেন্দ্রনাথ মিত্র ববাহনগবে একটি বাড়ি ভাড়া করিয়া দিলেন। ঠাকুরের দেহত্যাগের কয়েকদিন পবই, তাঁহাব দেহাবশিষ্ট ভস্মাশ্মিপূর্ণ তান্ত্রকলসী মস্তকে লইয়া, বালসন্ন্যাসীগণ শোকান্ত্র মোচন করিতে করিতে পুণ্যালীলার বহু পবিত্র স্মৃতিবিজড়িত কাশীপুর্ব্বের বাগানবাটী ত্যাগ করিলেন।

ঠাকুরের সেবা উপলক্ষ করিয়া দীর্ঘকাল একত্ৰ বাস, সাধন-ভজন ইত্যাদি স্বাবা পরস্পর যে প্রীতির বন্ধনে আবদ্ধ হইয়াছিলেন, তাহা ছিন্ন হইবার নহে। বিশেষ শ্রীগুরুদেব আদর্শ রক্ষা করিবার জন্য নরেন্দ্র সঙ্ঘবন্ধ্য হওয়া বিশেষ প্রয়োজন বোধ করিয়া বালকগণকে সর্বদা উৎসাহ প্রদান করিতে লাগিলেন। কোন কোন গৃহী ভক্ত,



তাহাদিগকে পুনরায় সংসারে ফিরিয়া 'ষাইবার জন্য পরামর্শ' দিতে লাগিলেন। কয়েকজন বালক পরীক্ষা ইত্যাদির জন্য অভিভাবকগণের অনুরোধে পুনরায় বাটীতে ফিরিয়া যািতে বাধ্য হইলেন। নরেন্দ্রনাথ তখনও সাংসারিক বিষয়েব সুবুদ্ধিবাস্তব করিয়া উঠিতে পারেন নাই, কাজেই সর্বদা মঠে থাকিবার সুযোগ পাইতেন না। তাহাদের বাড়িখানি লইয়া যে মোকদ্দমা আরম্ভ হইয়াছিল, তাহার জেব তখনও শেষ হয় নাই, কাজেই নবেন্দ্রকে বাধ্য হইয়া বাটীতে থাকিতে হইত। নরেন্দ্রের অনুপস্থিতি-কালে অভিভাবকগণ বালকগণকে তাহার দৃষ্টান্ত দেখাইয়া সংসারে ফিরাইবার জন্য পীড়াপীড়ি করিতে লাগিলেন। নরেন্দ্র নিজে সংসারের তত্ত্বাবধান করিতেছেন, কাজেই ততটা জোরের সহিত প্রতিবাদ করিতে পারিলেন না।

ইতোমধ্যে এক নতুন বিপদ আসিয়া উপস্থিত হইল। মহাত্মা রামচন্দ্র দত্ত প্রমুখ কয়েকজন ভক্ত প্রস্তাব করিলেন যে, "তোমরা সাধু-সন্ন্যাসী মানুষ, কখন কোথায় থাকিবে, তাহার স্থিরতা নাই। শ্রীগুরুদেব দেহাবশেষ আমাদিগকে প্রদান কর, আমরা উহা যথাস্থানে সমাহিত করিয়া তদুপরি মন্দির নির্মাণ করিব।" রামবাবু স্বীয় কাঁকুডগাছির বাগানবাটীখানি শ্রীগুরুদেব চরণে উৎসর্গ করিতে কৃতসঙ্কল্প হইলেন, কিন্তু সন্ন্যাসীভক্তগণ কিছুতেই শ্রীগুরুদেব দেহাবশেষ গৃহী ভক্তগণের হস্তে প্রদান করিতে সম্মত হইলেন না। ফলে তুমুল ম্বল্ল উপস্থিত হইল। শশী ও নিরঞ্জন উক্ত তাম্রধারেব বন্ধক ছিলেন, তাহারা কিছুতেই উহা হস্তান্তর করিতে সম্মত হইলেন না। রামবাবুও উহা পাইবার জন্য সদলবলে প্রাণপণে চেষ্টা করিতে লাগিলেন। আসন্ন দ্রাঘিচ্ছদেব সম্ভাবনা দেখিয়া বৃদ্ধমান নরেন্দ্র, স্বীয় গুরু-দ্রাঘাদিগকে ডাকিয়া বলিলেন, 'মহাপুরুষগণের দেহাবশেষ লইয়া শিষ্যগণের বিবাদ ধর্মজগতে বহুবাবুঘটিয়াছে সত্য, কিন্তু তাই বলিয়া আমাদেরও সেই পন্থার অনুসরণ করা কর্তব্য নহে। আমরা সন্ন্যাসী, ঠাকুরের পবিত্রতম জীবন হইতে যে মহানাদর্শ পাইয়াছি, সেই আদর্শ সম্মুখে রাখিয়া জীবন গঠন করাই আপাততঃ আমাদের প্রধান কর্তব্য এবং উহাই আমাদের সর্বশ্রেষ্ঠ সম্পদ। শ্রীরামকৃষ্ণের শিষ্যগণ দেহাবশেষ লইয়া কলহ করিয়াছেন, এরূপ একটা লজ্জাকর ব্যাপারের স্মৃতি ভবিষ্যৎবংশধরগণের জন্য বাখিয়া যাওয়া অতীব অসঙ্গত, অতএব উহাদের ইচ্ছামত কার্যই হউক। আমরা যদি তাহাব আদর্শ কার্যে পরিণত করিতে পারি, তাহা হইলে দেখিবে সমগ্র জগৎ আমাদের পদতলে আসিবে।"

শশী মহারাজ নরেন্দ্রের কথার প্রতিবাদ করিলেন না। দেহাবশিষ্ট ভস্মাশ্মির কিয়দংশ রাখিয়া অবশিষ্ট ভাগ তাম্রকলসীসহ প্রত্যর্পণ করিতে স্বীকৃত হইলেন।

অবশেষে শ্রদ্ধাধীন দেখিয়া শ্রীরামকৃষ্ণের গৃহীণী সম্মাসী ভক্তগণ একত্র মিলিত হইয়া কাঁকড়াগাছি “যোগোদ্যান” পবিত্র তান্ত্রাধার সমাহিত করিলেন। গুরুদ্রাভাগণের মধ্যে যে মনোমালিন্যের সূত্রপাত হইতেন, নরেন্দ্রনাথ তাহা অশ্রুবেই বিনষ্ট করিলেন।

একটি গুরুতর বিরোধ দূর কবিষা নরেন্দ্রনাথ কথঞ্চিৎ নিশ্চিন্ত হইলেন। নরেন্দ্রনাথ সাংসারিক অভাব-অভিযোগের জন্য বাধ্য হইয়া বাটীতে থাকিতেন বটে, কিন্তু রাগিতে, এমন কি, অধিকাংশ দিবসই ববাহনগব মঠে যাপন করিতে লাগিলেন। কলিকাতাতেও নরেন্দ্রনাথ কেবল সাংসারিক ব্যাপাবে লিপ্ত থাকিতেন না, যে সমস্ত সম্মাসী বালক, অভিভাবকগণের তাড়নায় বাড়িতে গিয়া আত্মীয়-স্বজনগণের সহিত বাস করিতেছিলেন এবং পরীক্ষার জন্য প্রস্তুত হইতেন, অবসর পাইলেই তাঁহাদিগের সহিত তিনি দেখা কবিতেন এবং সংসারের সহিত সমস্ত প্রকার সম্বন্ধ ছিন্ন করিবার জন্য পবামর্শ দিতেন। নরেন্দ্রনাথের “দৌবাঘো” অভিভাবকগণ চিন্তিত ও অস্থির হইয়া উঠিলেন। ভয়প্রদর্শন, তাড়না ইত্যাদির দ্বারা তাঁহারা নরেন্দ্রনাথকে নিরস্ত করিতে পারিলেন না। তাঁহার উৎসাহে ও আদর্শে অনুপ্রাণিত হইয়া যুবকগণ পুনরায় একে একে মঠে ফিবিয়া আসিলেন। নরেন্দ্র ও যথাসম্ভব তৎপরতার সহিত সংসারের বন্দাবস্ত করিতে লাগিলেন। বাটীর অধিকার লইয়া তাঁহার জ্ঞাতগণ যে মোকদ্দমা উপস্থিত কবিয়াছিলেন, তাহা আমরা ইতোপূর্বেই উল্লেখ করিয়াছি, উক্ত মোকদ্দমার আপীলেও নরেন্দ্রনাথ জয়ী হইলেন। ডিসেম্বর মাসের প্রথমভাগে সংসারের সহিত সমস্ত সম্বন্ধ ছিন্ন কবিয়া তিনি স্থায়ীভাবে মঠে আসিয়া বাস কবিতেন লাগিলেন। বলবাম বসু, গিরিশচন্দ্র ঘোষ, সর্বোপরি নরেন্দ্রনাথ মিত্র মহাশয় প্রাণপণে তব্ধন সম্মাসিবৃন্দকে সাহায্য ও উৎসাহ প্রদান করিতে লাগিলেন।

আহার নাই, নিদ্রা নাই, দৈহিক সর্বপ্রকার স্বাচ্ছন্দ্যব প্রতি দ্রুতপন্থী দিব্যভাবে বিভোব কুমারসম্মাসিগণ, শ্রীগুরুদেব পবিত্র চরিত্র ও উপদেশের আলোচনা, দর্শনশাস্ত্র, বেদান্ত, পদ্য, ভাগবত পাঠ, ধ্যান, জপ, কঠোর তপস্যা ইত্যাদিতে বৃত্ত হইলেন। নরেন্দ্রনাথ শ্রীগুরুদেব অদর্শনে ব্যাখ্যাত ভক্তগণের একমাত্র আশা-ভরসা স্থল।

ধন্য গুরুভক্তির জীবন্ত আদর্শ শ্রীমৎ স্বামী বামকৃষ্ণানন্দ (শশী)। যিনি কেবলমাত্র ঠাকুরের পূজা, আরতি এবং গুরুদ্রাভাগণের সেবাকারেই জীবন উৎসর্গ করিয়াছিলেন। নবপ্রতিষ্ঠিত মঠের মাতা, পিতা, রক্ষক, ভৃত্য, পাচক সবই একাধারে শশী মহারাজ। কখনও ধর্মালোচনায় মগ্ন দ্রাভাগকে ভয় দেখাইয়া আহার করিতে

বাধ্য করিতেছেন, কাহাকেও বা জোর করিয়া স্নান করাইতেছেন, আবার ক্রমাগত রাতিজাগরণরত ধ্যানস্থ কোন সম্যাসীকে বলপূর্বক ধরিয়া আনিয়া শয্যাশয়ন করাইয়া দিতেছেন। যদি তিনি ঐরূপভাবে প্রত্যেকের প্রতি লক্ষ্য না রাখিতেন, তাহা হইলে যে সমস্ত মহাপুরুষের নিষ্কাম কর্ম, অক্লান্ত জনহিতৈষণা ও অপূর্ব ত্যাগশক্তিতে আজ জগৎ শ্রীরামকৃষ্ণের মহিমা উপলব্ধি করিতে সক্ষম হইয়াছে, তাহাদের অনেকেরই কঠোর তপস্যায় শরীরপাত হইয়া যাইত।

প্রমত্ত সিংহের ন্যায় অশান্ত নরেন্দ্রনাথের বিলুপ্তাবস্থা অবসর নাই। ব্রাহ্মমহোৎসবে গাথোথান করিয়া তিনি জলদম্পনে গুরুদ্রোহাভাগকে আহ্বান করিতেন, “হে অমৃতের পদ্মগণ! অমৃত পান করিবার জন্য জাগরিত হও—জাগরিত হও।” ধ্যান, জপাদি সমাপ্ত করিয়া তাহারা সকলে ‘দানাদের ঘরে’ সমবেত হইতেন। নরেন্দ্রনাথ কোনদিন গীতা, কোনদিন টমাস্, এ, কেম্পিসের ঈশান্দ্রসরণ (The Imitation of Christ) পাঠ করিতেন। নরেন্দ্র যখন ভাবোন্মত্ত হইয়া গর্জন করিয়া উঠিতেন :—

ক্রেব্যং মাস্ম গমঃ পার্থ নৈতৎ স্বয়ংপদ্যতে।

ক্ষুদ্রং হৃদযদৌর্বল্যং ত্যক্তেন্দ্ৰিগ্ধ পবন্তপ॥

তখন তরুণ সম্যাসিগণের তপোমার্জিত চিত্তদর্পণে সুদূর অতীতের এক মহিমময় দৃশ্য উদ্ভাসিত হইয়া উঠিত, তাহারা যেন মানসনেত্রে দেখিতে পাইতেন, সাক্ষাৎ গীতামূর্তি ভগবান শ্রীকৃষ্ণ শান্তোজ্জ্বলনেত্রে, প্রশান্ত দৃঢ়তার সহিত কর্তব্য-বিমুখ মোহদ্রাব্যস্ত সবাস্যচীকে মেঘগম্ভীরস্বরে, স্বীয় কর্তব্যপথ বাছিযা লইবার জন্য মৃদু ভৎসনা করিতেছেন। তখন তাহাদের মন্থনন বাহ্যজগতের অস্তিত্ব বিস্মৃত হইত, কেবল একটা অগাধ বিশ্বাস, মধুর ভক্তির কোমল স্পর্শ তাহাদের উন্মুখ আগ্রহপূর্ণ হৃদয়গুলিকে স্তম্ভিত করিয়া রাখিত।

কখনও বা নরেন্দ্রনাথ “কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন” মন্ত্রে গুরুদ্রোহাভাগকে অনুপ্রাণিত করিয়া আদর্শ কর্মযোগীর মত বিশ্বমানবের কল্যাণক্ষেত্রে আত্মহুতি প্রদানকল্পে প্রস্তুত হইবার জন্য উৎসাহিত করিতেন।

কখনও বা গীতা বন্ধ করিয়া তিনি বলিয়া উঠিতেন, “কি হবে আর গীতা পাঠ করে। ঠাকুর বলতেন, গীতা দশবার বুলে যা’ হয তাই। গীতা, গীতা, গীতা—ত্যাগী, ত্যাগী, ত্যাগী। চাই ত্যাগ—কামিনীকান্ধন ত্যাগ। ত্যাগই গীতার আদর্শ।”

পাশ্চাত্য দর্শনশাস্ত্রবিদ, সন্দেহবাদী নরেন্দ্রনাথ ক্রমাগত ছয় বৎসরকাল শ্রীগুরুদেব সহিত তর্ক করিয়াছেন, আজ তাহার কি বিচিত্র পরিবর্তন। আজ তিনি সম্যাসী।

রামকৃষ্ণ-সম্বন্ধে নেতা!! শ্রীগুরুদেব পবিত্র জীবনের ভাস্বর দৃষ্টিতে আজ সনাতন ধর্ম তাঁহার চক্ষে মহিমময়, উদার, সার্বভৌমিক। আজ তাঁহার নিকট বেদ অপৌরুষেয় আস্তবাক্য, নিত্যবর্তমান সত্য। উপনিষদের কল্যাণপ্রদ সত্যসমূহের গুঢ়ার্থ, শ্রীরামকৃষ্ণের জীবনের আলোকে আজ তাঁহার নিকট সহজবোধ্য। উপনিষদ্ বা বেদান্ত বদ্বিবার জন্য তিনি কোন বিশেষ ভাষ্যকারকে অনুসরণ করেন নাই, করিবার প্রয়োজনও হয় নাই। তিনি স্বাধীনভাবে শাস্ত্রালোচনা প্রবৃত্ত হইয়াছিলেন। স্বামিজী উত্তরকালে বলিয়াছিলেন, “বিখ্যাত ইচ্ছা আমি এমন এক ব্যক্তির সাহচর্যের সুযোগ লাভ করিয়াছিলাম, যিনি একদিকে যেমন ঘোর শৈবতবাদী, তেমনি অপরদিকে ঘোর অশৈবতবাদী ছিলেন, যিনি একদিকে যেমন পবন, ভক্ত, অপরদিকে তেমনি পরমজ্ঞানী ছিলেন। ইহার শিক্ষাফলেই আমি উপনিষদ্ ও অন্যান্য শাস্ত্র কেবল অন্ধভাবে ভাষ্যকারদিগের অনুসরণ না করিয়া স্বাধীনভাবে উৎকৃষ্টতররূপে বদ্বিবেচনা করিয়াছি।”

একদিন বেলাভুক্ত, প্রসঙ্গক্রমে এই কালের কথা বলিতে গিয়া পূজনীয় স্বামী প্রমোদনন্দজী আমাদিগকে বলিয়াছিলেন, “আজ যে এই এত বড় মঠ দেখছো, কোথায় এর আরম্ভ। ঠাকুর যখন অপ্রকট হ'লেন, লাটু আর কয়টি ছেলে কোথায় দাঁড়ায় তার স্থান নেই, শেষে সুরেশ মিস্ত্রি* বরাহনগরে একটি বাড়ি ঠিক করে দিলেন। নীচেব একতলাটা অব্যবহার্য, উপরের তলায় তিনটে ঘর। ঠাকুরকে কোনদিন বা দুটো নৈবেদ্য ভোগ দেওয়া হ'ত। কি আর জুটবে? একবেলা ভাত কোনদিন জুটতো, কোনদিন জুটতো না। থালাবাসন তো কিছ' নেই, বাড়ির সংলগ্ন বাগানে লাউগাছ, কলাগাছ ঢেব ছিল। দুটো লাউপাতা কি একখানা কলাপাতা কাটতে গেলে উড়েমালী বা' তা' গাল দিত। শেষে মানকচুর পাতায় ভাত ঢেলে তাই খেতে হ'ত। তেলাকুচোর পাতা সিম্ব আর ভাত, তা' আবার মানপাতায় ঢালা। কিছ' খেলেই গলা কুটকুট করতো। এত যে কষ্ট, ভ্রুক্বেপ ছিল না। ভক্তের সংখ্যা দুটি একটি করে বাড়তে লাগলো। উৎসাহ কত? পূজা, ধ্যান, জপ সর্বক্ষণ চলছে। হয়তো কীর্তন লেগে গেল। ঘরের দোর বন্ধ করে ভিতরে জমাট কীর্তন। এমন জমে গেছে যে, বাহিরে লোক দাঁড়িয়ে গেছে। আমরা কীর্তন ছেড়ে দিযেছি, বাইরে লোক তখনও দাঁড়িয়ে, চীৎকার করে বলছে, 'ছাড়বেন না, ছাড়বেন না, চমৎকার শুনছি, ছাড়বেন না'।”

* বাবু সুব্রহ্মনাথ মিত্রকে শ্রীরামকৃষ্ণ সুরেশ বলিয়া সম্বোধন করিতেন, সেহেতু তিনি রামকৃষ্ণ ভক্ত-সম্প্রদায়ের ঐ নামেই সুপরিচিত।

গুরুদ্বাইদের উপদেশ দান, রক্ষণাবেক্ষণ ইত্যাদির ভার শ্রীশ্রীঠাকুর নরেন্দ্রের স্বেচ্ছাই অর্পণ করিয়া গিয়াছেন। তাঁহারও বিরাম নাই, আলস্য নাই, নানাপ্রকারে বালকগণকে উৎসাহিত করিতেছেন। “জষ রামকৃষ্ণ! মানুষ্য গড়ে তোলাই আমাদের জীবনের উদ্দেশ্য হোক। মনে রেখো, এই আমাদের একমাত্র সাধনা। বৃথা বিদ্যার গর্ব পরিত্যাগ কব। উৎকৃষ্টতম মতবাদ অথবা সূক্ষ্মযুক্তিসম্মিলিত তর্কের আবশ্যক কি? ঈশ্ববান্দুভূতিই জীবনের একমাত্র লক্ষ্য, শ্রীরামকৃষ্ণ স্বীয় জীবনে এ আদর্শ দেখিয়ে গেছেন। আমরা তাঁর আদর্শজীবনই অনুকরণ করবো। একমাত্র ভগবদ্ভাষাই আমাদের চরম লক্ষ্য।” নরেন্দ্র-গত-প্রাণ নবীন সম্যাসিগণও তাঁহার প্রত্যেকটি বাক্য শ্রীগুরুর আদেশ-বাণীর মতই প্রস্থাসহকারে পালন করিতে লাগিলেন।

সুরেন্দ্রনাথ মিত্র সম্যাসিগণের দৈহিক অভাব পূরণ করিবার ভার গ্রহণ করিয়াছিলেন, ইহা আমরা ইতিপূর্বেই উল্লেখ করিয়াছি। কিন্তু বিষয়কর্মে ব্যস্ত থাকায় তিনি স্বয়ং গিষা মঠেব অভাবাদি স্বচক্ষে পর্যবেক্ষণ করিতে পারিতেন না। সম্যাসিগণ তপ্তলাভাবে অনাহারী থাকিলেও সুরেনবাবুকে খবর দিতেন না। ভগবানের ইচ্ছায় যেদিন বাহা অযাচিতভাবে উপস্থিত হইত, তাহাই তৃপ্তির সহিত ঠাকুরকে নিবেদন করিয়া প্রসাদ গ্রহণ করিতেন। কিয়দ্দিন পবে সুরেনবাবু ঐ বিষয় জানিতে পারিয়া চিন্তিত হইলেন। অবশেষে গোপাল নামক জনৈক রামকৃষ্ণভক্তের মাতা ও কনিষ্ঠ ভ্রাতাগণের প্রতিপালনেব ভার গ্রহণ করিয়া সুরেনবাবু তাঁহাকে মঠে প্রেরণ করিলেন। তাঁহার উপদেশক্রমে গোপাল যখন বাহা প্রয়োজন হইত, তৎক্ষণাৎ তাঁহাকে সংবাদ দিতেন। সুরেন সর্বদাই বলিতেন, “ইহাদের সর্ববিধ অভাব দূর করা আমার অবশ্য কর্তব্যকর্ম, কারণ ইহারা শ্রীশ্রীঠাকুরের সন্তান, আমার ভাই।” গুরুভ্রাতৃপ্রীতিবন্ধি উজ্জ্বলতম দৃষ্টান্ত।

মধ্যে মধ্যে গৃহস্থ ভক্তবৃন্দ মঠে উপস্থিত হইয়া ঠাকুরের প্রসঙ্গ ও ধর্মালোচনা করিতেন। অনেক অপরিচিত ব্যক্তিও কৌতুহলবশে, কেহ বা তর্ক করিতে, কেহ বা পরীক্ষা করিতে বরাহনগর মঠে আগমন করিতেন। নরেন্দ্রের যুক্তিপূর্ণ উত্তরের সম্মুখে বড় কেহ দাঁড়াইতে পারিতেন না। সাধারণের অশিষ্ট সমালোচনায় উত্তেজিত না হইয়া নরেন্দ্রনাথ হাস্যসহকারে গুরুভ্রাতৃগণকে বলিতেন, “ওরে, ঠাকুর বলতেন, লোক না পোক। তার মানে কি জানিস্? কাম-কাণ্ডের ক্রীতদাসেরা কি বলছে না বলছে, তাই শব্দে সম্যাসীদের বিচলিত হওয়া উচিত নয়।”

এই সমস্ত বালসম্যাসিগণের অভিভাবকগণ প্রায়ই তাঁহাদিগকে গৃহে ফিরাইয়া লইবার জন্য মঠে উপস্থিত হইতেন। তাঁহাদিগকে বাধা দিবার জন্য নরেন্দ্রনাথকেই

সম্মুখীন হইতে হইত। কেহ কেহ গার্হস্থ্যাশ্রমের শ্রেষ্ঠতা প্রতিপাদনের জন্য ডক্‌জাল বিস্তার করিতেন। নরেন্দ্র দূতসিংহের মত গ্রীবা উন্নত করিয়া উত্তর দিতেন, “কি, যদি আমরা ঈশ্বর লাভ করিতে না পারি, তাহা হইলে কি ইন্দিরের দাস হইয়া জীবনযাপন করিব? সন্ন্যাসের মাহিমময় আদর্শ হইতে ভ্রষ্ট হইব? অদৃষ্টে যাহাই ঘটুক না কেন, ত্যাগের মহান্ আদর্শ আমবা প্রাণপণে আঁকিড়িয়া ধরিয়া থাকিব। দেহপাত হইয়া যাউক, সর্বস্ব যাউক, উদ্দেশ্য ছাড়িতেছি না। আমরা রামকৃষ্ণতনয় নহি?”

১৮৮৬ সালের ডিসেম্বর মাস। ঠাকুরের অন্যতম সন্ন্যাসী শিষ্য স্বামী প্রেমানন্দের (বাবুরাম ঘোষ) জননীর আহবানে সন্ন্যাসীরা তাঁহাব পল্লীভবন আঁটপুরে (হুগলী) সমবেত হইয়াছেন। রাগিতে বহির্বাটীর প্রাঙ্গণে বিবট ধুনী জ্বলাইয়া নরেন্দ্র গুরুভাইদের সহিত ধ্যানে বসিয়াছেন। নিস্ততঃ পল্লী—উর্ধ্বে নির্মল আকাশে গ্রহতাবা ঝলমল করিতেছে। চাৰিদিকের গাঢ় অন্ধকারে ধুনীর অগ্নিশিখায় কেবল সন্ন্যাসীদের তপোনির্মল ঋজুদেহ, প্রশান্ত বদন, নির্মল ললাট উদ্ভাসিত। এমন সময় নরেন্দ্র চক্ষু মেলিয়া যীশুখৃষ্টের জীবন আলোচনা করিতে লাগিলেন। জন্ম হইতে মৃত্যু, সেই অপূর্ব আশ্রয়দান ও পুনরুত্থানের কাহিনী জীবন্ত ভাষায় বর্ণনা করিতে শ্রীরামকৃষ্ণের কথা উঠিল। যীশুখৃষ্ট ও শ্রীরামকৃষ্ণ! যীশুর দেহত্যাগের পর তাঁহার শিষ্য সাধু পল কি জ্বলন্ত বিশ্বাস লইয়া নবধর্ম প্রচার করিয়াছিলেন। উৎসাহে ও উন্মাদনায় অধীর হইয়া নরেন্দ্র তাঁহাদের জীবনের পথ যেন সেই আলোকে দেখিতে পাইলেন। তিনি এবং তাঁহাব বাক্যে অনুপ্রাণিত গুরুভ্রাতাগণ যেন আরেক বার অনুভব করিলেন, যখন ভারতবর্ষের জনমন্ডলী আদর্শকে বিভক্ত, খণ্ডিত ও আংশিক-রূপে দর্শন করিয়া পরস্পরের সহিত বিবাদরত, যখন বৈষম্য ও ত্রুটির মধ্যে আমরা কোন সামঞ্জস্য খুঁজিবার চেষ্টা পর্যন্ত করিতেছিলাম না, যখন নষ্টবৃত্তি স্বারা বিকৃত, ভ্রষ্টচরিত্রের স্ফারা কলঙ্কিত হইয়া সমস্ত উচ্চাদর্শ কর্মহীন তামসিক জড়ত্বের মধ্যে ব্যর্থ ও নিষ্ফল হইতেনি, সেই সপ্তকের দিনে শ্রীরামকৃষ্ণ সমস্ত সমস্যার মীমাংসা করিয়া, সমস্ত বিচিত্র ও বিশিষ্ট সাধনাগুলিকে এক সমন্বয়ের মধ্যে যথাযোগ্য স্থান দিয়া, আদর্শের পরিপূর্ণরূপে স্বীয় জীবনে প্রকটিত করিলেন, এই প্রাচীনা পৃথিবী ধর্মের নামে, জাতির নামে, দেশপ্রেমের নামে নরশোণিতে রুধিরাক্ত হইয়া বাহার জন্য অপেক্ষা করিতেছে, সেই বহুপ্রার্থিত, বহুঈর্ষিত মহাসমন্বয়ের বার্তা প্রচার করিব আমরা, আমরা শ্রীরামকৃষ্ণের পতাকাবাহী সর্বত্যাগী শিষ্যমন্ডলী! মানবকল্যাণরতে নিজেদের একান্তভাবে উৎসর্গ করিবার পবিত্র সঙ্কল্প গ্রহণ করিয়া তাঁহারা নিজেদের

কৃতকৃতার্থ বোধ করিলেন। প্রথমে যীশুখৃষ্টের প্রসঙ্গ এবং প্রথম খৃষ্টধর্ম প্রচারকদের গভীর আত্মবিশ্বাসের কথা সেই রাত্রিতে যখন নরেন্দ্রাদি, ভক্তমন্ডলী আলোচনা করিয়াছিলেন, সেদিন তাঁহারা জানিতেন না যে, উহা যীশুখৃষ্টের জন্মরাত্রি। পরে তাঁহারা উহা জানিয়া বিস্মিত হইয়াছিলেন। অটপদুর হইতে সম্যাসিগণ তারেকেশ্বরে গিয়া শিব আরাধনান্তে বরাহনগরে ফিরিয়া আসিলেন।

কিছুদিন বরাহনগর মঠে যাপন করিবার পর সম্যাসিগণের হৃদয়ে তীর্থভ্রমণাকাঙ্ক্ষা বলবতী হইয়া উঠিল। দুই একজন বাধাপ্রাপ্ত হইবার আশঙ্কায় নরেন্দ্রনাথের অজ্ঞাতসারেই মঠবাটী পরিত্যাগ করিয়া তীর্থভ্রমণে বহির্গত হইলেন। একদিন নরেন্দ্রনাথকে কোন বিশেষ প্রযোজনে কলিকাতা যাইতে হইয়াছিল, তথা হইতে ফিরিয়া আসিয়া তিনি শুনিলেন যে, সাংসারিক অভিজ্ঞতাহীন বালক সারদা (স্বামী দ্বিগুণাতীত) গোপনে মঠবাটী পরিত্যাগ করিয়া গিয়াছেন। বালক না জানি কি বিপদে পড়িবে, এই আশঙ্কায় তিনি আকুল হইলেন এবং রাখালকে ডাকিয়া বলিলেন, “কেন তুমি তাহাকে যাইতে দিলে? দেখ রাজা! আমি কি ভীষণ অবস্থায় পতিত হইয়াছি। এক সংসার ত্যাগ করিয়া আসিয়াছি, এখানে আর এক নতুন মায়ার সংসার পাতিয়াছি। এই ছেলোটর জন্য প্রাণ বড়ই ব্যাকুল হইয়া উঠিয়াছে।” এমন সময় একজন তাঁহার হস্তে একখানি পত্র প্রদান করিলেন, সারদা যাইবার সময় উহা লিখিয়া রাখিয়া গিয়াছেন। তিনি লিখিয়াছেন, “আমি পদরঞ্জে শ্রীবৃন্দাবন যাত্রা করিলাম। এখানে থাকা আমার পক্ষে অসম্ভব হইয়া উঠিয়াছে, কে জানে কখন মনের গতি পরিবর্তন হইবে। আমি মাঝে মাঝে পিতামাতা, গৃহ, পবিত্র বিষয়ক স্বপ্ন দেখি। আমি স্বপ্নে মূর্তিমতী মায়া দ্বারা প্রলোভিত হইতেছি। আমি যথেষ্ট সহ্য করিয়াছি, এমন কি, প্রবল আকর্ষণে আমাকে দুইবার বাটীতে গিয়া আত্মীয়-স্বজনের সহিত দেখা করিতে হইয়াছিল। অতএব এখানে থাকা আর কোনক্রমেই যুক্তিসঙ্গত নহে, মাঝার হস্ত হইতে নিষ্কৃতি পাওয়ার জন্য দূরদেশে যাওয়া ব্যতীত আর গতান্তর নাই।”

পত্র পাঠ করিয়া স্বামিজীর মৃদুমন্ডল গম্ভীর হইল। রাখাল বলিলেন, “এখন বৃথিতোছি, কেন সারদা মঠ পরিত্যাগ করিয়া গিয়াছে!” তিনি চিন্তিতভাবে উত্তর দিলেন, “হ্যাঁ, আমিও উহা অনুভব করিতেছি।”

নরেন্দ্রনাথ মনে মনে ভাবিলেন, এক্ষণে দেখিতেছি, সকলেই তীর্থভ্রমণে আগ্রহ প্রকাশ করিতেছে, ইহাতে এই মঠ ধ্বংস হইয়া যাইতে পারে—যাউক। আমি কে যে, ইহাদিগকে আমার আদেশ অনুসারে চলিতে হইবে! না, এ মধুর মায়ার বন্দন আমাকে ছিন্ন করিতে হইবে। সারদার পত্রখানি তাহাকে অতিমাত্রায় ভাবাইয়া তুলিল।

সকলে একত্রে থাকিয়া ক্রমে ক্রমে মান্নার বন্ধনে জড়াইয়া পড়িতেছেন, ইহা প্রাণে প্রাণে উপলব্ধি করিয়া তিনিও মঠবাটী পরিত্যাগ করিতে কৃতসঙ্কল্প হইলেন। অবশেষে একদিন গুরুপ্রভুবন্দের নিকট বিদায় লইয়া, শ্রীগুরুর মহতী ইচ্ছায় পরিচালিত নরেন্দ্রনাথ পরিত্যক্ত বেষে মঠবাটী পরিত্যাগ করিলেন।

এই স্থলে কয়েকটি কথা বলা আবশ্যিক বোধ করিতেছি। নরেন্দ্র ১৮৮৮'র প্রথম ভাগে তীর্থ ভ্রমণেব ইচ্ছা লইয়া বরাহনগর মঠ হইতে বহির্গত হন। ইতোপূর্বে দুই বৎসর কাল তিনি আটপুড় ব্যতীত কয়েকবার বৈদ্যনাথ ও শিমুলতলায় গিয়াছিলেন। তাঁহার ভারত-ভ্রমণ-কাহিনীর অনেক কথাই জানিবার উপায় নাই। কেননা, তিনি কোন বোজ-নামচা লেখেন নাই। পবে তাঁহার প্রসঙ্গতঃ কোন মন্তব্য শ্রুনিয়া অথবা তাঁহার সহিত সাক্ষাৎ হইয়াছে এমন ব্যক্তিদের বর্ণনা শ্রুনিয়া যথাসম্ভব গুছাইয়া পরবর্তী বিবরণগুলি লিখিত হইয়াছে। ইহার ফলে ভ্রমপ্রমাদ থাকা অনিবার্য। প্রত্যেক পরবর্তী সংস্করণে এই সকল ভ্রমসংশোধনের আমি যথাসাধ্য চেষ্টা করিয়াছি। আর একটি কথা—অতঃপর আমরা আব নরেন্দ্রনাথ না বলিয়া আচার্যদেবকে স্বামিজী অথবা বিবেকানন্দ এই নামে উল্লেখ করিব।

সূর্য উদিত হইলে কাহাকেও বলিয়া দিতে হয় না যে, প্রভাত হইয়াছে। সূর্য-রশ্মির ক্রমসঞ্চারণ কোন ঘোষণাকারীর অপেক্ষা বাখে না, তদ্রূপ স্বামিজীও যেখানে যাইতেন, তাঁহার তস্ত-কাণ্ডন-বর্ণ দীর্ঘ ভপোজ্জ্বল তন্দ্রানি সকলেরই মৃদুস্বদৃষ্ট আকর্ষণ করিত। বিহাব ও যুক্তপ্রদেশেব মধ্য দিয়া যদৃচ্ছা ভ্রমণ করিতে করিতে অবশেষে তিনি হিন্দুর পবিত্র তীর্থ কাশীধামে উপনীত হইলেন।

কাশীধামে তিনি স্মারকাদাসেব আশ্রমে থাকিতেন। ভিক্ষায়ে উদর পূরণ, দেবস্থানসমূহ দর্শন, শাস্ত্রচর্চা, ধ্যান, জপ, সাধুসঙ্গ ইত্যাদি তাঁহার নিত্যকর্ম হইয়া উঠিল। সন্ধ্যাকালে যখন তিনি ভাগীরথী তীরে প্রস্তর সোপানোপরি বসিয়া সাংস্কালীন উপাসনার জন্য প্রস্তুত হইতেন তখন অগণিত মন্দির হইতে সন্ধ্যারতির প্রাণমাতানো শব্দঘণ্টার মধুর নিনাদ উষিত হইয়া তাঁহাকে ভাবে বিভোর করিয়া তুলিত, সেই ভাগীরথী তীর, সেই দক্ষিণেশ্বর, সেই অশ্রুত প্রেমিক পুরুষ—একে একে তাঁহার স্মৃতিপথে উদিত হইত। সে আনন্দের মেলা ভাঙিয়া গিয়াছে। আজ আর তিনি শ্রীরামকৃষ্ণের আদরের শিশু নরেন্দ্রনাথ নহেন—আজ তিনি রামকৃষ্ণেশ্বর নেতা স্বামী বিবেকানন্দ। ভবিষ্যৎ জগৎ নব-যুগাদর্শ পাইবার আশায় তাঁহার প্রতীক্ষা করিতেছে—কি গুরুভার দায়িত্ব তাঁহার স্কন্ধে! ভাবুক ভক্তকবি বিবেকানন্দের হৃদয়-দুর্গে অবরুদ্ধ ভুবন-পাবন যুগধর্ম, ঈশানের জটাজুট মধ্যস্থিত অলকানন্দার মতই

নির্গমপথ না পাইয়া গভীর আবেগে উচ্ছ্বাসিত হইয়া উঠিত। বিচলিত হৃদয়ে বিবেকানন্দ এ কর্মভার হইতে মুক্তি পাইবার জন্য পুনঃ পুনঃ শ্রীগুরুচরণে প্রার্থনা করিতেন।

একদিন জনৈক গুণমুগ্ধ ভদ্রলোক তাঁহাকে পণ্ডিত ‘ভূদেব মদ্বোপাধ্যায় মহাশয়ের সহিত পরিচয় করাইয়া দেন। অশ্রুত ধীশক্তিশালী তরুণ সন্ন্যাসীর সহিত ধর্ম, সমাজনীতি ও ভারতের উন্নতিবিষয়ক আলোচনা করিয়া ভূদেববাবু, এতাদৃশ মুগ্ধ হন যে, উক্ত ভদ্রলোককে লক্ষ্য করিয়া বলিয়াছেন, “আমি আশ্চর্য হইতেছি যে, এই তরুণ যুবক কি করিয়া এত গভীর অন্তর্দৃষ্টি ও বিপুল অভিজ্ঞতা লাভ করিলেন। ইনি ভবিষ্যতে একজন মহাব্যক্তি হইবেন, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই।”

বারাণসীর বিখ্যাত সাধু শ্রীশ্রীবিশ্বেশ্বরের শ্বিতীয় বিগ্রহতুল্য শ্রীমৎ শ্রৈলংগ স্বামীর দর্শনলাভ করিয়া স্বামিজী কৃতার্থ হইলেন। ইহার ত্যাগ ও তপস্যার বিষয় স্বামিজী বহুবীর শ্রীরামকৃষ্ণের নিকট শ্রবণ করিয়াছিলেন, এক্ষণে তাঁহার দর্শনে ভক্তি-বিনম্রচিত্তে পদধূলি গ্রহণ করিয়া কৃতার্থ হইলেন।

শ্রীমৎ স্বামী ভাস্করানন্দজীর গুণগ্রাম শ্রবণ করিয়া স্বামিজী একদিন তাঁহার আশ্রমে উপনীত হইলেন। তিনি তখন শিষ্য ও ভক্তমণ্ডলী পরিবৃত্ত হইয়া উপবিষ্ট ছিলেন, স্বামিজী তাঁহাকে প্রণাম করিয়া আসন পরিগ্রহ করিলেন। বিবেকানন্দের মনোহর অঙ্গকান্তি প্রথমই তাঁহার দৃষ্টি আকর্ষণ করিল। ক্রমে সন্ন্যাস-জীবনের আদর্শ সম্বন্ধে স্বামিজীকে উপদেশ দিতে দিতে ভাস্করানন্দ বলিয়া উঠিলেন, “কেহই সম্পূর্ণরূপে ‘কামিনী-কাণ্ডন’ ত্যাগ করিতে পারে না।” স্বামিজী বিনীতভাবে বলিলেন, “বলেন কি মহাশয়, এমন অনেক সন্ন্যাসী আছেন, যাঁহারা সম্পূর্ণরূপে কাম-কাণ্ডনেব বন্ধন হইতে বিমুক্ত, কারণ উহাই সন্ন্যাস-জীবনের প্রথম সাধনা এবং আমি অন্ততঃ এমন একজন ব্যক্তি দেখিয়াছি, যিনি কাম-কাণ্ডনস্পর্শে সম্পূর্ণরূপে জয় করিতে সমর্থ হইয়াছিলেন।” তিনি শ্রীশ্রীরামকৃষ্ণের কথা উল্লেখ করিলেন। ভাস্করানন্দ হাসিয়া বলিলেন, “তুমি বালক মাত্র, এ বয়সে ওসব বুঝিতে পারিবে না।” ক্রমে স্থায়ী গুরুদর পবিত্রতম চরিত্র সমালোচিত হইতে দেখিয়া স্বামিজী নিভীক দৃঢ়তার সহিত প্রতিবাদ করিতে উদ্যত হইলেন। তাঁহার তেজোগর্ভ যুক্তিপূর্ণ বচনাবলী শ্রবণ করিয়া উপস্থিত ব্যক্তিবর্গ ও স্বয়ং ভাস্করানন্দ বিস্মিত হইলেন। যাঁহার চরণতলে রাজা, মহারাজা, ধনী, পণ্ডিত, শত শত ব্যক্তি মস্তক অবনমিত করিয়া কৃতার্থ, যাঁহার অলৌকিক পাণ্ডিত্য অপ্রতিহত গৌরবে জ্ঞানালোক বিকীর্ণ করিত, সেই ভাস্করানন্দের প্রতিপক্ষ হইয়া তর্কে অগ্রসর হওয়া কম সাহসের বিষয় নহে।

উদারহৃদয় সম্যাসী, স্বামিজীর বাক্যে বিশেষ প্রীত হইয়া তাঁহার সম্মুখেই স্বীয় শিষ্য ও উপস্থিত ব্যক্তিবর্গকে লক্ষ্য করিয়া বলিলেন, “ইহার কণ্ঠে সরস্বতী আরুঢ় হইয়াছেন! ইহার হৃদয়ে জ্ঞানালোক প্রদীপ্ত হইয়াছে।” গুরুনিন্দায় ব্যথিতহৃদয় বিবেকানন্দ সত্ত্বর উক্তস্থান পরিত্যাগ করিলেন।

কিষ্কিন্দবস কাশীধামে বাস করিয়া স্বামিজী বরাহনগর মঠে ফিরিয়া আসিলেন। বারাগসীধাম, হিন্দু-ভারতের হৃদপিণ্ড! এখানে মাদ্রাজী, পাঞ্জাবী, বাঙ্গালী, গুজরাটী, মারাঠী, হিন্দুস্থানী বিভিন্ন আচার ও বিভিন্ন ভাষা সত্ত্বেও, একই ভাবের ভাবুক হইয়া বিশেষবরের মন্দিরে মিলিত হইয়াছে। স্বামিজী পরমার্থকতাদ্রষ্ট বিচারবিহীন বাহ্য আচারপরায়ণ এই মানবসমষ্টির মধ্যেও ভারতবর্ষের যুগ যুগ সঞ্চিত ঐক্যের মহিমাকে উপলব্ধি করিলেন। তাই আমরা দেখিতে পাই, বরাহনগর মঠে ফিরিয়া তিনি গুরুপ্রাতাদিগকে প্রচারকার্যের জন্য উৎসাহিত করিতে লাগিলেন। ভারতবর্ষকে দেখিতে হইবে, বুঝিতে হইবে, এই লক্ষ কোটি নরনারীর জীবনযাত্রার কত বিভিন্ন স্তরে কি বেদনা, কি অভাব অহোরাত্র অপূর্ণ আকাঙ্ক্ষা লইয়া রোদন করিতেছে তাহার ভাষা বুঝিতে হইবে, ইহাদের কল্যাণব্রতের সাধনা শৃঙ্খল স্বার্থত্যাগের কথা নহে, সর্বত্যাগের কথা। এমন কি স্বীয় মন্দির কামনা পর্যন্ত বিস্মৃত হইতে হইবে। তেজস্বী বিবেকানন্দের প্রণীত হৃদয়ের দৃঢ় ইচ্ছাশক্তি পুনরায় তাঁহাকে আকর্ষণ করিল, তিনি মঠবাটী ত্যাগ করিয়া পুনরায় কাশীধামে উপস্থিত হইলেন। কাশীধামে, অখণ্ডানন্দজী স্বামিজীকে প্রমদাদাস মিত্রের সহিত পরিচিত করাইয়া দেন। এই ভদ্রলোক সংস্কৃত ভাষা, সাহিত্যে এবং বেদান্তদর্শনে সুদর্শিত ছিলেন। প্রথম পরিচয়েই স্বামিজী প্রমদাদাসের প্রতি শ্রদ্ধাসম্পন্ন হইয়াছিলেন এবং পরবর্তীকালে শাস্ত্রার্থ মীমাংসায় কোন সন্দেহ উপস্থিত হইলে, তাঁহার নিকট প্রত্যযোগে উপদেশ প্রার্থনা করিতেন। কাশী হইতে তাঁহার তীর্থযাত্রা সুরু হইল, ১৮৮৮ সালের আগস্ট মাসে দণ্ডকমণ্ডল-হস্ত সম্যাসী উত্তর ভারতের নানাস্থানের মধ্য দিয়া সরস্ব নদীতীরে অবোধাষ উপনীত হইলেন।

অবোধা—যাহার প্রতি ধূলিকণার সহিত সূর্যবংশীয় পরাক্রান্ত নরপালগণের গৌরবস্মৃতি জড়িত রহিয়াছে। কবিগুরু বাঙ্গালীকির কল্পনানন্দনের পারিজাতকুসুম, শ্রীরামচন্দ্র, আদর্শ রাজা, আদর্শ পুত্র, আদর্শ পতি, আদর্শ প্রাতারূপে এই পদ্য-ভূমিতেই পরিপূর্ণ মহিমা প্রস্ফুটিত হইয়াছিল। তেজস্বী ব্রাহ্মণ বংশধর পোরোহিত্য, ক্ষত্রিয় রাজা বিশ্বামিত্রের তপঃপ্রভাবে ব্রাহ্মণ্য প্রাপ্ত, ব্রহ্মজ্ঞানী মিথিলাধিপতি জনক, সুদূর অতীতের কীর্তিসমুদ্রজল সহস্র কাহিনী স্বামিজীর

স্মৃতিপথে উদিত হইল। সীতারামের পুণ্য লীলাভূমিতে পদার্পণ করিবামাত্র তাহার বাল্যস্মৃতি উছলিষা উঠিল। সেই রামায়ণপ্রীতি—সীতল্লামের মূর্তির সম্মুখে তন্ময়চিত্তে ধ্যান, বীরভক্ত হনুমানের প্রতি গভীর শ্রদ্ধা, একে একে তাহার মানসপটে উদিত হইয়া তাহাকে ভাবানন্দে বিভোর করিয়া তুলিল। কিয়দ্দিন অযোধ্যায় রামাইত সম্যাসিগণের সহিত শ্রীশ্রীবামনাম কীর্তনে অতিবাহিত করিয়া স্বামিজী লক্ষ্মী ও আগ্রার পথে শ্রীবৃন্দাবনধাম অভিমুখে অগ্রসর হইলেন।

আগ্রায় ভুবনমোহিনী তাজমহল এবং বিশাল মোগলদুর্গ দর্শন করিয়া স্বামিজী আগ্রা হইতে মাত্র ৩০ মাইল দূরবর্তী বৃন্দাবন অভিমুখে যাত্রা করিলেন। স্বামিজী বৃন্দাবনের প্রায় কাছাকাছি আসিয়া পড়িয়াছেন এমন সময় দেখিলেন, পথের পার্শ্বে এক ব্যক্তি নিশ্চিন্তমনে তামাক সেবন করিতেছে। কৈশোর উত্তীর্ণ না হইতেই তিনি ধূমপানে অভ্যস্ত হইয়াছিলেন, পথশ্রমে ক্লান্ত স্বামিজী দু' এক টান তামাক খাইবার জন্য হাত বাড়াইয়া কলিকাটি চাহিলেন। লোকটি সম্মুখে সঙ্কুচিত হইয়া বলিল, 'মহারাজ ম'য় ভাঙ্গী হ্যাষ।' মেথর—আজন্মের সংস্কারবশে স্বামিজীর হস্ত অজ্ঞাতসাবেই সরিয়া আসিল, তিনি পুনরায় পথ চলিতে লাগিলেন। কিছুদূর অগ্রসর হইলে তাহার যেন চমক ভাঙ্গিল। তাইতো, আমি না জ্ঞাতকুলমান বিসর্জন দিয়া সম্যাসগ্রহণ করিয়াছি, তবে মেথর শূন্য আমাব প্রসূত জাতি-অভিমান কেন জাগিল, কেন মেথরস্পৃষ্ট কলিকাটি গ্রহণ করিতে বিমুগ্ধ হইলাম! অভ্যাসগত সংস্কারের কি প্রভাব! স্বামিজী ফিবিলেন এবং দ্রুতপদে তাহাব নিকট উপস্থিত হইলেন। মধুর বচনে তাহার স্বারা এক কলিকা তামাক সাজাইয়া আনন্দে ধূমপান করিলেন। এই ঘটনাটি তিনি জীবনে কখনো বিস্মৃত হন নাই। পরবর্তীকালে স্বীয় শিষ্যদিগকে আত্মাভিমানহীন সর্ব-মানবে সমবদ্বিষ্ণু রক্ষা করার কঠিন আদর্শ কত সতর্ক হইয়া রক্ষা করিতে হয়, তাহা বদ্বাইতে এই গল্পটি বলিডেন।

বৃন্দাবনে আসিয়া তিনি লালাবাবুর কুঞ্জে অতিথি হইলেন। বৃন্দাবনে তাহার মন টিকিল না। ১২ই আগস্ট এক পত্রে তিনি লিখিতেছেন, "সহরে মন কুণ্ঠিত হইয়া আছে, শূন্যিয়াছি রাখাকুন্ডাদি স্থান মনোরম।" সভ্যই শ্রীবৃন্দাবন অপেক্ষা নন্দীগ্রাম, বর্ষণা, গোকুল, রাখাকুন্ডাদি স্থান মনোরম। পল্লীবাসিরা সরল, উদার, পল্লীশ্রী মনোরম। শ্যামল প্রান্তরে পরিপুষ্ট মসৃণ-দেহ ধেনুগণের নির্ভয় বিচরণ, শ্রীকৃষ্ণলীলার কথা স্মরণ করাইয়া দেয়। রাখাকুন্ডে আসিয়া স্বামিজীর এক অপূর্ণ অভিজ্ঞতা হইল।

একদিন পরিধানের একমাত্র সম্বল কোপীনখানি ধৌত করিয়া তীরপ্রান্তে রোড়ে শুকাইতে দিয়া স্বামিজী স্নান করিতে পবিত্রসলিলা রাধাকুণ্ডে অবতরণ করিলেন। স্নানের পর স্বামিজী চাহিয়া দেখেন কোপীনখানি নাই। বিস্মিত স্বামিজী দেখিতে পাইলেন, এক বানর কোপীনখানি লইয়া তীরস্থিত এক বৃক্ষশাখায় বসিয়া আছে। সলিলমধ্যে ডাড়াইয়া তিনি উক্ত বানরকে অনেক অনুনয় করিলেন, কিন্তু বানর মদুভঙ্গী কবিতা তাঁহাকে ব্যঙ্গ করিল মাত্র, কোপীন ফিরাইয়া দিল না। সম্পূর্ণ নন্দাবস্থায় তিনি কিরূপে পরিভ্রমণ করিবেন ভাবিয়া বালকের ন্যায় ব্যাকুল হইয়া উঠিলেন। ইহা কি শ্রীশ্রীবাধাবাগীর ইচ্ছা? তাহার ব্যাখ্যাতহুদয়ে অভিমান জাগিয়া উঠিল, সলিল হইতে উঠিত হইয়া স্বামিজী নির্বিড় অরণ্য মধ্যে প্রবেশ করিলেন, মনে মনে সঙ্কল্প করিলেন, যতক্ষণ না পরিধেয় বস্ত্র পাইবেন, ততক্ষণ অরণ্যমধ্যে প্রায়োপবেশন কবিতা রহিবেন। এমন সময় তিনি দূর হইতে আহত হইয়া পশ্চান্দিকে চাহিয়া দেখেন, একব্যক্তি দ্রুতপদে তাঁহাকে লক্ষ্য করিয়া আগমন করিতেছেন। স্বামিজী তাহার প্রতি স্রক্ষেপ না করিয়া আপন মনে চলিতে লাগিলেন। ক্ষণকাল মধ্যেই তিনি ছুটিয়া আসিয়া স্বামিজীর সম্মুখে দণ্ডায়মান হইলেন। তিনি বিস্ময়ে চাহিয়া দেখেন, নবাগতের হস্তে কিছু খাদ্যদ্রব্য ও একখানি নূতন গৈরিকবসন। তাহার অনুরোধে মন্ত্রমুগ্ধবৎ স্বামিজী উক্ত উপহার দ্রব্যগুলি গ্রহণ করিবামাত্র তিনি ঘন বনান্তরালে অদৃশ্য হইলেন। সম্ভবতঃ, ঐ ব্যক্তি স্বামিজীর দূর্দশা দূর হইতে লক্ষ্য কবিয়াছিলেন। যাহা হউক, বস্ত্র পরিধান করিয়া তিনি রাধাকুণ্ডে ফিরিয়া আসিলেন। তাহার অপহৃত কোপীনখানি পুনরায় যথাস্থানে সন্নিবেশিত দেখিয়া তিনি বিস্মিত হইলেন। এই ঘটনায় সমস্ত যুক্তি-বিচার ছাপাইয়া একটা দিব্য প্রেমানন্দে তাহার হৃদয় ভরিয়া উঠিল, তন্ময়চিত্তে তিনি রাধাকুণ্ড-তীরে কৃষ্ণ-গুণ-গানে রত হইলেন।

তখনও প্রভাত হয় নাই। পূর্বাকাশে উষার রক্তিমচ্ছটা ঈষৎ বিকশিত—দীর্ঘপথ ভ্রমণে পরিপ্রান্ত ক্ষুণ্ণ-পিপাসা-কাতর স্বামিজী পথিপার্শ্বে এক বৃক্ষতলে বসিয়া আছেন। হাতরাস রেলওয়ে স্টেশনের স্টেশন-মাস্টার শরণচন্দ্র গুপ্ত কার্য-সমাপনান্তে বাসায় ফিরিতেছেন। এমন সময় স্বামিজীর প্রভাতাব্দুশ-রাগরঞ্জিত শ্রী-অঙ্গের দিব্যকান্তিচ্ছটা নেত্রপথে পড়িবামাত্র তাহার মৃগধৃষ্ট অজ্ঞাতসারে নিম্পলক হইল। ধীরে ধীরে অগ্রসর হইয়া পদখুলি গ্রহণান্তর শরণচন্দ্র বিনয়-নম্র-বচনে জিজ্ঞাসা করিলেন, “আপনাকে ক্ষুধিত ও পরিপ্রান্ত দেখিতেছি। দয়া কবিতা আমার গৃহে চলুন, সেইখানেই বিশ্রাম করিবেন।” মৃদুহাস্যে করুণা-স্নিগ্ধ-দৃষ্টিপাত

করিয়া স্বামিজী ভূম্যাসন হইতে উত্থিত হইলেন এবং নীরবে শরৎচন্দ্রের পশ্চাৎদ্বার হইলেন।

শাস্ত্র ও মহাপুরুষগণ বলেন যে, ভাগ্যবান সাধকেব দীক্ষার কাল সুমুদ্রপস্থিত হইলে তাঁহাকে আর গুরুদ্ব্যবেশে বহির্গত হইতে হয় না, গুরুদ্ব্যই শিষ্যকে কৃতার্থ করিবার জন্য তৎসকালে উপস্থিত হন। আধ্যাত্মিক রাজ্যে এরূপ দৃষ্টান্ত বিরল নহে। স্বামিজীর সর্বপ্রথম শিষ্য পুণ্যচারিত শ্রীমৎ স্বামী সদানন্দের জীবনেও এইরূপ ঘটনা ঘটিয়াছিল।

প্রথম দর্শনেই শরৎচন্দ্র স্বামিজীর শ্রীপাদপদ্মে মন-প্রাণ সমর্পণ করিলেন। স্বামিজী আহারান্তে বিশ্রাম করিয়া সুস্থ হইলে তিনি দুই এক কথার পর বলিলেন, “বহুদিন হইতে আত্মজ্ঞান লাভের স্পৃহা বলবতী হইয়াছে, কিন্তু উপযুক্ত শিক্ষক খুঁজিয়া পাইতেছি না। যখন দয়া করিয়া আপনি দর্শন দিয়াছেন, তখন আমাকে কৃপা করিয়া আত্মজ্ঞান প্রদান করুন।”

স্বামিজী প্রত্যক্ষভাবে তাহার কোন উত্তর না দিয়া আপন মনে একটি গান গাহিতে লাগিলেন। তাহার ভাবার্থ এই, “যদি তুমি আমার ভালবাসা লাভ করিতে চাও, তাহা হইলে তোমার মনুষ্যের মন্থখানিতে ছাই মাখিয়া আইস, পারিবে কি?”

শরৎচন্দ্র তৎক্ষণাৎ উত্তর করিলেন, “স্বামিজী! আমি আপনার আত্মাবহ ভূতা; যাহা আদেশ করিবেন, নির্বিচারে তাহাই পালন করিব।” তিনি বিস্ময়-বিম্বিত-নেত্রে মনুষ্যকণ্ঠ যদ্ব্যকবে বৈরাগ্যোদ্দীপ্ত মন্থখানির প্রতি চাহিলেন, কি বলিবেন ভাবিয়া পাইলেন না।

একদিন স্বামিজীকে একান্তে গভীর চিন্তামগ্ন দেখিয়া শরৎচন্দ্র জিজ্ঞাসা করিলেন, “স্বামিজী! আপনাকে আজ বিষয় দেখিতেছি কেন?” দীর্ঘশ্বাস ত্যাগ করিয়া স্বামিজী উত্তর করিলেন, “বৎস! এক মহৎ কার্য সম্পাদন করিবার ভার আমার শ্বক্বে অর্পিত হইয়াছে, কিন্তু আমি ক্ষুদ্রশক্তি, আমার স্ফারা উহা সম্ভবপর নহে ভাবিয়া হতাশ হইয়াছি। যতই দিন যাইতেছে, ততই যেন স্পষ্টতররূপে বৃদ্ধিভোঁছি, সনাতন ধর্মের লক্ষ্যতরঙ্গের পুনরুদ্ধার করাই তাঁহার অভিপ্রেত কর্ম। হাঃ! ধর্মের কি শোচনীয় অধঃপতন! আর তাহার সপে অনশনাক্রান্ত ভারতবাসীর কি মর্মভেদী দুরবস্থা! ভারতকে পুনরায় ধর্মের বৈদ্যুতিক শক্তিতে সজীবিত করিতে হইবে, তাহার আধ্যাত্মিকতা স্ফারা সমগ্র জগৎ জয় করিতে হইবে, কিন্তু উপায় কি, উপায় কি?”—বলিতে বলিতে তাঁহার জ্যোতির্ময় বিশাল নেত্রময় ব্যাখ্যাত করুণার

সময়িক প্রোজ্ঞদল হইয়া উঠিল। শরৎচন্দ্র গভীর শ্রম্ভার সহিত অক্ষুণ্ণভাবে বলিলেন, “আমি কি আপনার কোন কাজে লাগিতে পারি না?”

সম্মাসী ফিরিয়া দাঁড়াইলেন, গম্ভীর ভাবে বলিলেন, “এই মহৎকার্যে আত্ম-নিয়োগ করিবার জন্য তুমি কি ভিক্ষাপাত্র ও কমন্ডলু সম্বল করিয়া পথে দাঁড়াইতে প্রস্তুত আছ? তুমি কি প্রকৃত ত্যাগীর জীবনের দৃঃসহ কঠোরতা সহ্য করিতে পারিবে?”

দৃঢ়তার সহিত শরৎচন্দ্র তৎক্ষণাৎ উত্তর করিলেন, “অবশ্য, আপনার কৃপা হইলে আমি নিশ্চয়ই সহ্য করিতে পারিব।”

কিছুদিন গুরুত-পরিবারের মধ্যে বাপন করিয়া স্বামিজী হাতরাস ত্যাগ করিতে কৃতসংকল্প হইলেন। একদিন শরৎচন্দ্রকে ডাকিয়া বলিলেন, “বৎস! সম্মাসীর পক্ষে একস্থানে অধিক দিন থাকা অনায়াস, বিশেষ তোমাদের প্রতি আমি একটা আকর্ষণ অনুভব করিতেছি, অতএব আমার স্বপ্ন এস্থান পবিত্রায়াগ করাই প্রেয়স্কর।”

স্বামিজীর পবিত্র সঙ্গসদ্ব্য হইতে বঞ্চিত হইবার আশঙ্কায় শরৎচন্দ্র শোকার্ত হৃদয়ে বলিলেন, “স্বামিজী! আমাকে আপনার শিষ্য করিয়া সঙ্গে লউন।” স্বামিজী উত্তর করিলেন, “তুমি কি মনে কর যে, আমার শিষ্য হইলেই তোমার আধ্যাত্মিক পিপাসা তৃপ্ত হইবে? কাহারও গুরু হইবার যোগ্যতা আমাতে আছে কি না সন্দেহ। ভগবানের চরণে আত্মসমর্পণ করিয়া কর্ম করিয়া যাও, তিনিই কল্যাণ বিধান করিবেন। আমি আপাততঃ শ্রীশ্রীবদরী-কৈদার দর্শনে যাত্রা করিব সংকল্প করিয়াছি, তুমি দৃঃখিত হইও না, প্রসন্নমনে আমাকে বিদায় দাও, আমি পুনরায় হাতরাসে ফিরিয়া আসিতে চেষ্টা করিব।”

শরৎচন্দ্র স্তোত্রবাক্যে ভুলিবার পাত্র নহেন। তিনি উত্তর করিলেন, “আপনি যাহাই কেন বলুন না, আপনি যেখানে যাইবেন, আমিও আপনার অনুগমন করিব। আমাকে দীক্ষা প্রদান করিতেই হইবে।”

স্বামিজী কিস্তিকাল চিন্তা করিয়া বলিলেন, “সত্য সত্যই কি তুমি আমার অনুগমন করিতে প্রস্তুত হইয়াছ?” শরৎচন্দ্র সম্মতিসূচক মস্তকান্বেষণ করিলেন। স্বামিজী গায়োত্মন করিয়া বলিলেন, “উত্তম, এই আমার ভিক্ষার ব্দলি লও, তোমার স্টেশনের কুলিগণের কুটীর হইতে ভিক্ষা করিয়া আইস।”

শরৎচন্দ্র তৎক্ষণাৎ স্বিধাহীন চিত্তে ব্দলিটি স্ফল্লেখ করিয়া ভিক্ষার্থে বিহগত

হইলেন। ঙ্গলান্দে বস্তুসহ শরণচন্দ্রকে প্রত্যাবৃত্ত দেখিয়া আনন্দোদ্রাসে তাঁহাকে আশীর্বাদ করিলেন। অতঃপর শরণচন্দ্র পিতা-মাতার সম্মতিতু গ্রহণপূর্বক স্বামিজীর সহিত হাতরাস পরিভাগ করিয়া হৃষীকেশে উপনীত হইলেন।

নবদীক্ষিত শিষ্য স্বামী সদানন্দ, গুরু-নির্দিষ্ট পন্থাবলম্বনে কঠোর সাধনায় ব্রতী হইলেন, কিন্তু দৈহিক কঠোরতায় অনভ্যস্ত নবীন সম্যাসী কিছুদিন পরেই অসুস্থ হইয়া পড়িলেন। স্বামিজী বাধ্য হইয়া শিষ্যসহ পুনরায় হাতরাসে ফিরিয়া আসিলেন। হাতরাসে আসিয়া স্বামিজীও পীড়িত হইয়া শয্যা গ্রহণ করিলেন। স্থানীয় উৎসাহী যুবকবৃন্দ ও গুরু-পরিবারের স্বয়ং ও চেষ্টায় স্বল্পকাল মধ্যেই আরোগ্য লাভ করিয়া বরাহনগর মঠে ফিরিয়া আসিলেন। সদানন্দজীও কিছুদিন পরেই অপেক্ষাকৃত সুস্থ হইয়া নবেম্বর মাসে মঠে আগমন করিলেন এবং অপরূপ সম্মানসিগল কতৃক স্নেহে রামকৃষ্ণ-সঙ্গে গৃহীত হইলেন।

শ্রীরামকৃষ্ণের গৃহী ও সম্যাসী শিষ্য ও ভক্তবৃন্দ বহুদিন পর তাঁহাদের প্রিয়তম “নরেন্দ্র”কে পাইয়া আনন্দে আত্মহারা হইলেন। স্বামিজী পুনরায় প্রবল উৎসাহের সহিত সম্যাসিবৃন্দকে শিক্ষাদান ও আগতপ্রাপ্ত ভবিষ্যৎ কর্মের জন্য প্রস্তুত হইবার জন্য মাতাইয়া তুলিতে লাগিলেন। যে অ-মানব প্রতিভা, অসীম অনুকম্পা ও উদার হৃদয় উত্তরকালে সমগ্র জগতের শ্রদ্ধা-মুগ্ধ-বিস্মিত-দৃষ্টি আকর্ষণ করিয়াছিল, বরাহনগর মঠে শ্রীরামকৃষ্ণ-ভক্তবৃন্দ বহুপূর্বেই তাহা অনুভব করিয়াছিলেন।

একদিকে বেদান্তদর্শন, ধ্যান ধারণা যোগ সমাধি, ইহলোকবিমুখ সম্যাসের আদর্শ, অন্যদিকে ভারতের বিশাল জনসমষ্টির দুর্গতি মোচনের সেবারত, এই দুই আপাতঃ বিপরীত ভাবে মধ্য সামঞ্জস্য বিধান যদি না করিতে পারিলাম, তাহা হইলে শ্রীরামকৃষ্ণের শিষ্য বলিয়া পরিচয় দিবার কি অধিকার আমাদের আছে? সাধনভঞ্জন শাস্ত্রপাঠের মধ্যে এই প্রশ্ন স্বামিজী গুরুভ্রাতাদের সহিত আলোচনা করিতেন। বহু বিকৃতি, প্রাণহীন অনুষ্ঠান সত্ত্বেও ভারতে ধর্ম আছে, কিন্তু সামাজিক ও সাংসারিক দুর্গতিই ভারতবাসীর বর্তমান দুর্দশার কারণ।

বিহার ও উত্তর-পশ্চিমাঞ্চলের পল্লীনগর পদব্রজে ভ্রমণ করিয়া এবং তীর্থ-স্থানগুলিতে তিনি বিভিন্ন প্রকার আচার-ব্যবহার, রীতি-নীতির সহিত প্রত্যক্ষভাবে পরিচিত হইবার সুযোগ পাইয়াছিলেন। তিনি দেখিয়াছিলেন, ধর্মের প্রতি অনুরাগের অভাব নাই, কিন্তু সমাজ-জীবনে স্বাভাবিক গতিশীলতা নাই। ইহা মৃদুমেয় শিক্ষিত ভদ্রশ্রেণীর সমস্যা নহে—ভারতের বিশাল জনসমষ্টির সমস্যা। পূর্বগামী সংস্কারকগণের মত তিনি জাতীয় সমস্যাকে, তথাকথিত শিক্ষিত উচ্চশ্রেণীর আশা-

আকাশ্কার আলোকে দেখিবার সক্ষমতা হইতে মুক্ত হইয়াছিলেন। শ্রীরামকৃষ্ণের উপদেশ ও জীবন বিশ্লেষণ করিয়া তিনি গুরুদ্রাতাদের বলিতেন, দোষ ধর্মের নহে, ধর্মের নামে ধর্ম-ব্যবসায়ী গুরু-পুত্রোহিত পাণ্ডাদের সমাজের উপর আধিপত্যই সমাজ-জীবনকে পণ্ডা করিয়া রাখিয়াছে। বহু শতাব্দীর প্রথা-নিষিদ্ধের অন্ধ অনুবর্তনায়, সমাজেব একদিকে বংশ ও রক্তের শ্রেষ্ঠত্বাভিমান, অন্যদিকে হীনতাবোধ, বিভিন্ন সম্প্রদায় এবং বহুতর শাখা-প্রশাখা-সম্মিলিত কৃত্রিম জাতি-বিভাগের সৃষ্টি করিয়াছে। ভাবতবাসীকে এক অখণ্ড জাতিতে পরিণত করিতে হইলে আমাদেরকে ঐ সকল বন্ধনমূল সংস্কারের বিরুদ্ধে দাঁড়াইয়া, ধর্মসাধনায় এবং সামাজিক সুখ-সুবিধালাভে সর্বমানবের সমান অধিকারবাদ প্রচাৰ করিতে হইবে। এই ভাব লোক সহজে গ্রহণ করিবে না। কাজ সহজ নহে, কিন্তু ঠাকুর এই কঠিন রূতেই আমাদের দীক্ষা দিয়াছেন।

এই সময়ে প্রায় একবৎসর কাল স্বামিজী বরাহনগর মঠ অথবা কলিকাতায় বাগবাজারে বলরাম বসুর বাটীতে যাপন করেন। অধিকাংশ সময়ই তিনি শাস্ত্রাধ্যয়নে যাপন করিতেন। স্বীয় সুপণ্ডিত গুরুদ্রাতাদের লইয়া বেদান্ত ও পার্শ্বান ব্যাকবণ অধ্যয়ন করিতেন। কাশীর প্রমদাদাস বাবু এই দরিদ্র সন্ন্যাসীদিগকে বেদান্ত ও অষ্টাধ্যায়ী দান করিয়াছিলেন, স্বামিজীর একখানি পত্রে কৃতজ্ঞতার সহিত তাহার উল্লেখ আছে। ১৮৮৯ সালের ফেব্রুয়ারী মাসে স্বামিজী একবার শ্রীশ্রীঠাকুরের জন্মভূমি কামারপুকুর গ্রাম এবং শ্রীশ্রীমাব জন্মভূমি জয়বামবাটীতে গিয়াছিলেন এবং পরে কিছুদিন শিমুলতলায় থাকিয়া জুলাই মাসে কলিকাতায় ফিরিয়া আসেন। এই কালে আমরা দেখিতে পাই, স্বামিজী উৎসাহের সহিত উপনিষদ্ ও শাস্ত্রভাষ্য অধ্যয়ন করিতেছেন এবং প্রত্যেকটি সমস্যা ও সংশয় ভগ্ননের জন্য কাশীতে প্রমদাদাস বাবুকে নিকট পত্র লিখিতেছেন। এই সময়ে ঐটা জুলাই তারিখের একখানি পত্রে তাহার মানসিক অবস্থা বর্ণনা করিয়া প্রমদাদাস বাবুকে লিখিতেছেন, “নানাপ্রকার অভিনব মত মস্তিস্কে ধারণ জন্য যে সময়ে সময়ে ভ্রুগতে হয়, ইহা অতি যথার্থ এবং অনেক সময় দেখিয়াছি। কিন্তু এবার অন্য প্রকার রোগ। ঈশ্বরের মঙ্গলহস্তে বিশ্বাস আমার ঘাষ নাই এবং ঘাইবারও নহে—শাস্ত্র বিশ্বাস টলে নাই। কিন্তু ভগবানের ইচ্ছায় আমার জীবনের গত ৫।৭ বৎসর ক্রমাগত নানাপ্রকার বিষয়বাহার সহিত সংগ্রামে পরিপূর্ণ। আমি আদর্শ শাস্ত্র পাইয়াছি, আদর্শ মনুষ্য চক্ষে দেখিয়াছি, অথচ পূর্ণভাবে নিজেকে কিছু করিয়া উঠিতে পারিতেছি না, ইহাই অত্যন্ত কষ্ট।

“বিশেষ কলিকাতার নিকট থাকিলে হইবারও কোন উপায় দেখি না। আমার মাতা এবং দুইটি শ্রান্ত কলিকাতায় থাকে। আমি জ্যেষ্ঠ, মধ্যমটি এইবার ফার্স্ট আর্টস পড়িতেছে, আর একটি ছোট। ইহাদের অবস্থা পূর্বে অনেক ভাল ছিল, কিন্তু আমার পিতার মৃত্যু পর্বন্ত বড়ই দুঃস্থ, এমন কি, কখনো কখনো উপবাসে দিন যায়। তাহার উপর জ্ঞাতিরা দুর্বল দেখিয়া পৈতৃক বাসভূমি হইতে তাড়াইয়া দিয়াছিল—হাইকোর্টে মোকদ্দমা করিয়া যদিও সেই বাটীর অংশ পাইয়াছেন—কিন্তু সর্বস্বান্ত হইয়াছেন—যে প্রকার মোকদ্দমার দস্তুর।

“কখন কখন কলিকাতার নিকট থাকিলে তাহাদের দুঃবস্থা দেখিয়া রজৌগুণের প্রাবল্যে অহঙ্কারের বিকারস্বরূপ কার্যকরী বাসনার উদয় হয়, সেই সময় মনের মধ্যে ঘোর যুদ্ধ বাধে, তাহাতেই লিখিয়াছিলাম, মনের অবস্থা ভয়ঙ্কর। এবার তাহাদের মোকদ্দমা শেষ হইয়াছে। কিছুদিন কলিকাতায় থাকিয়া সমস্ত মিটাইয়া এদেশ হইতে চিরদিনের মত বিদায় হইতে পারি, আপনি সেই আশীর্বাদ করুন। আশীর্বাদ করুন, যেন আমার হৃদয় মহা ঐশবলে বলীয়ান হয় এবং সকল প্রকার মায়া আমা হইতে দূরপর্যন্ত হইয়া যায়।”

স্বামিজী ডিসেম্বর মাসের পূর্বে কলিকাতা ত্যাগ করিতে পারেন নাই। কলিকাতা হইতে বৈদ্যনাথ গিয়া স্বামিজী কাশীদর্শনের জন্য ব্যাকুল হইলেন। কিন্তু বিখ্যাত ইচ্ছা অনারূপ। ১৮৮৯এর ৩০শে ডিসেম্বর তিনি প্রয়াগধাম হইতে প্রমদাদাস বাবুকে লিখিতেছেন, “দু’একদিনের মধ্যে কাশী যাইতৌছি বলিয়া আপনাকে এক পত্র লিখিয়াছিলাম, কিন্তু বিখ্যাত নির্বন্ধ কে খুঁড়াইবে? যোগানন্দজী নামক আমার একটি গুরু-শ্রান্ত চিত্রকূট ওস্কারনাথাদি দর্শন করিয়া এস্থানে আসিয়া বসন্তরোগে আক্রান্ত হইয়াছিলেন সংবাদ পাই, তাহাতে তাঁহাকে সেবা করিবার জন্য এস্থানে আসিয়া উপস্থিত হই। আমার গুরুভাই সম্পূর্ণ সুস্থ হইয়াছেন। * * আমার মন কিন্তু কাশী কাশী করিয়া অত্যন্ত ব্যাকুল হইয়াছে।” এখান হইতে স্বামিজী কাশী হইয়া ১৮৯০ সালের ২২শে জানুয়ারী গাজীপুরে উপস্থিত হইলেন। অভিপ্রায় বিখ্যাত সাধু পাণ্ডহারীবাবার দর্শন লাভ করিবেন। ২৪শে জানুয়ারী স্বামিজী লিখিতেছেন, “এস্থানে আমার বালাসখা শ্রীযুক্ত সতীশচন্দ্র মদ্বোপাধ্যায়ের বাসাতে আছি, স্থানটি মনোরম। * * আমার বড় ইচ্ছা ছিল, পুনর্বীর কাশী যাই। কিন্তু যে জন্য আসিয়াছি, অর্থাৎ বাবাজীকে দেখা, তাহা এখনো হয় নাই।” ৪ঠা ফেব্রুয়ারী লিখিতেছেন, “বহু ভাগ্যফলে বাবাজীর সাক্ষাৎ হইয়াছে। ইনি অতি মহাপুরুষ * * * বিচিত্র ব্যাপার

এবং এই নাস্তিকতার দিনে ভক্তি এবং যোগের অত্যাশ্চর্য ক্ষমতার নিদর্শন। আমি ইহার শরণাগত হইয়াছি, আমাকে আশ্বাসও দিয়াছেন, সকলের ভাগ্যে ঘটে না।”

পাণ্ডুরীবাৰ্য্য পূৰ্ব হইতেই শ্রীৰামকৃষ্ণের বিষয় অবগত ছিলেন, স্বামিজীকে তাহারই শিষ্য জানিয়া আদর করিতে লাগিলেন। ক্রমে তাহাদের ঘনিষ্ঠতা বৃদ্ধি পাইতে লাগিল এবং পরস্পর বিশেষভাবে আকৃষ্ট হইয়া পড়িলেন। যখন তাহার ধৰ্মবাজ্যের উচ্চতর অনুভূতি ও জটিল দার্শনিক তত্ত্ব সম্বন্ধে আলোচনায় প্রবৃত্ত হইতেন, তখন উহা এরূপ অবস্থায় উপনীত হইত যে, উপস্থিত অন্যান্য ব্যক্তিবর্গের মধ্যে কেহই উক্ত কথোপকথনের মর্মগ্রহণ কবিত্তে সমর্থ হইতেন না।

স্বামিজীর গাজীপুরে আগমনের পর হইতেই প্রতি রবিবার গগনচন্দ্র রায় মহাশয়ের ভবনে একটি ক্ষুদ্র ধর্ম-সভা বসিত। স্থানীয় শিক্ষিত ভদ্রলোকগণের অধিকাংশই স্বামিজীব সঙ্গ-সুখ ও গ্নধুব সঙ্গীত শ্রবণ কবিবার অভিপ्राয়ে তথায় একত্র হইতেন। স্বামিজী বাধাকৃষ্ণের লীলাবিষয়ক সঙ্গীত গাহিতেন বলিয়া গাজীপুরেব সকলেই তাহাকে “বাবাজী” বলিয়া ডাকিতেন। একদিন এই সভায় সমাজসংস্কার সম্বন্ধে আলোচনা-প্রসঙ্গে স্বামিজী বলিয়াছিলেন যে, সমাজের মস্তকে অগ্নিময় অভিষাপ বর্ষণ করিয়া এবং প্রত্যেক আচার-ব্যবহারের তীব্র নিবন্ধ সমালোচনা করিয়া কোনপ্রকার সংস্কার সম্ভব নহে। অসীম প্রেম ও অনন্ত ধৈর্যের সহিত শিক্ষা-বিস্তারের মধ্য দিয়া ধীরে ধীরে ভিতবের দিক হইতে জাতিকে উন্নত করিতে হইবে। হিন্দুধর্মের মহান্ সার্বভৌমিক আদর্শসমূহের প্রতি লক্ষ্য রাখিয়া শিক্ষা-প্রচাৰ করিতে হইবে এবং সঙ্গে সঙ্গে আমাদিগকে ইহা স্মরণ রাখিতে হইবে যে, হিন্দুধর্ম একটা ভ্রম-প্রমাদেব সমষ্টি নহে। পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতার দৃষ্টি দিয়া বিচার না করিয়া, গভীর অধ্যবসায়েব সহিত সনাতন ধর্মের মহত্ত্ব অনুধাবন করিতে চেষ্টিত হইতে হইবে। এই সনাতন হিন্দুজাতির উদ্দেশ্য কি এবং ইহার প্রকৃত জীবনীশক্তি কোথায়, তাহা অন্বেষণ কবিত্তে হইবে। ইহা অতীব দুঃখের বিষয় যে, আমরা অনেকেই পাশ্চাত্য শিক্ষার মোহে অন্ধ হইয়া মনে মনে কল্পনা করি, ভারতবর্ষ তাহার জাতীয় জীবনাদর্শ হইতে বহুদূরে সরিয়া পড়িয়াছে, অথবা উহার এমন কোন সর্বজনীন আদর্শ নাই, যাহার দ্বারা বিভিন্ন প্রকার সম্প্রদায়সমূহের মধ্যে একটা সমন্বয়সূত্র আবিষ্কার করা যায়। বর্তমান সমাজসংস্কারকগণের ইহাই প্রধান দৈন্য—আধ্যাত্মিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত হিন্দুসভ্যতার প্রকৃত রূপ দেখিবার মত দৃষ্টি তাহারা হারাইয়াছেন। যখন আমরা ইহা সম্যকরূপে বুদ্ধিয়া বৈদেশিক-

ভাববহুল সংস্কারের হস্ত হইতে সমাজকে রক্ষা করিবার জন্য চেষ্টিত হইব, তখনই আমাদের বর্তমান জাতীয়-সমস্যার সমাধান হইবে।

মহাতপস্বী ও জ্ঞানী পাণ্ডহারীবাবার সহিত ঘনিষ্ঠ পরিচয়ে স্বামিজী মন্থ হইলেন। ভাবিলেন, “ভগবান্ শ্রীবামকৃষ্ণের অহেতুক কৃপার অধিকারী হইয়াও আজ পর্যন্ত শান্তি পাইলাম না কেন? হয়তো এই ব্রহ্মজ্ঞ পদব্দের সাহায্যে আমি শান্তিলাভ করিতে পারিব।”

কে বলিবে, এই কালে প্রবলতম ব্যাকুলতাযে তিনি শ্রীগুরুর আদেশবাণী বিস্মৃত হইয়াছিলেন কি না? অথবা শ্রীবামকৃষ্ণ একদিন তাঁহাকে বলিয়াছিলেন, “তোমার নির্বিকল্প সমাধি চাষি দেওয়া রহিল, কাজ শেষ হ’লে তবে পাবি।” ইহা কি তিনি ক্ষণিক দৌর্বল্যে ভুলিয়া গিয়াছিলেন?

স্বামিজী শুনিয়াছিলেন, পাণ্ডহারীবাবা যোগ-মার্গ সাধনায় সিদ্ধিলাভ করিয়াছিলেন। পাণ্ডহারীবাবার সহিত আলাপ-পরিচয়ে তাঁহার হৃদয়ে যোগশিক্ষার বাসনা বলবতী হইল। তিনি বাবাজীকে ধরিয়া বসিলেন, তাঁহাকে যোগশিক্ষা দিতে হইবে। আগ্রহাতিশয়ে পাণ্ডহারীবাবাও তাঁহাকে আশ্বাস প্রদান করিলেন। স্বামিজী শূভদিনের প্রতীক্ষা করিতে লাগিলেন।

গভীর নিশীথে স্বামিজী পাণ্ডহারীবাবার গৃহায় যাইবার জন্য প্রস্তুত হইলেন। “শ্রীবামকৃষ্ণ না পাণ্ডহারীবাবা?” এই কথা মনে উদয় হইবামাত্র তাঁহার হৃদয় দমিয়া গেল। বিহ্বল হৃদয়ে সংশয়-স্বন্দ্বালোড়িত চিত্তে বিবেকানন্দ ভূমিতলে বসিয়া পড়িলেন। শ্রীবামকৃষ্ণের অসীম কৃপা, গভীর ভালবাসা, স্নেহ ব্যবহার, পর্যায়ক্রমে স্মৃতিপথে উদ্ভূত হইয়া তাঁহার ব্যথিতচিত্ত আশ্বাধিকারে ভরিয়া উঠিল। সহসা তাঁহার অন্ধকারময় কক্ষ দিব্যালোকে উদ্ভাসিত হইয়া উঠিল। স্বামিজী অশ্রু-সজল নেত্র তুলিয়া দেখিলেন, তাঁহার জীবনের আদর্শ দীক্ষণেশ্বরের সেই অশ্রুত দেব-মানব সম্মুখে দাঁড়াইয়া। তাঁহার উজ্জ্বল আয়তনেত্রম্বয়ে স্নেহ-সকরুণ-বাখিত-ভৎসনা, বিবেকানন্দের বাক্যস্মৃতি হইল না, প্রহবকাল প্রস্তুতবর্মিতর মত ভূমিতলে বসিয়া রহিলেন। প্রভাতে শ্রীবামকৃষ্ণের এই অশ্রুত দর্শন তিনি মস্তিস্কের দৌর্বল্য বলিয়া উড়াইয়া দিতে চেষ্টা করিয়া আগামী রজনীতে পুনরায় পাণ্ডহারীবাবার নিকট যাইবার সঙ্কল্প করিলেন। সেদিনেও সেই পদব্দন্ত জ্যোতির্ময় মূর্তি তেমনভাবে তাঁহার সম্মুখে দাঁড়াইয়া। এইরূপে সপ্তবিংশতিদিবস অতিবাহিত হইলে পর, একদিন তিনি মর্মবেদনায ভ্রম্যবল্লিষ্ঠ হইয়া আত্মস্বরে বলিয়া উঠিলেন, “না, আমি আর কাহারও নিকট গমন করিব না। হে রামকৃষ্ণ! তুমিই আমার একমাত্র আরাধ্য,

আমি তোমার ক্রীতদাস! আমার এ অস্থিহারা দৌর্বল্যের অপরাধ ক্ষমা করো প্রভো।”

এতৎসম্বন্ধে কোন প্রশ্ন উত্থাপন করিলেই স্বামিজীর অব্যক্ত-বেদনা-ক্লিষ্ট-মুখ-মণ্ডল গম্ভীর হইয়া উঠিত। বিশেষ কোন উত্তর করিতেন না, করিতে পারিতেন না। বহুদিন পরে রচিত “গাই গীত শুনতে তোমার” শীর্ষক কবিতাটির নিম্নোদ্ভূত অংশে আমরা এই ঘটনার কিঞ্চিৎ আভাস পাই,

“কভু ছেলেখেলা করি তোমা সনে,
কভু ক্রোধ করি তোমা’ পরে যেতে চাই দূরে পলাইয়ে,
শিবরে দাঁড়িয়ে তুমি রেতে—নির্বাক আনন, ছলছল আঁখি
চাহ মম মূখপানে,
অমনি যে ফিরি, তব পাষে ধবি, কিন্তু ক্ষমাভিক্ষা নাহি মাগি।
তুমি নাকি কর রোষ।

পদ্য তব—অন্য কে সহিবে প্রগল্ভতা?

প্রভু তুমি—প্রাণসখা তুমি মোর!

কভু দেখি, তুমি—আমি, আমি—তুমি।।”

কাশীধাম হইতে স্বামী অভেদানন্দজীর পীড়ার সংবাদ পাইয়া স্বামিজী গাজীপুরে পরিভ্রমণ করিলেন। কাশীধামে উপস্থিত হইয়া অভেদানন্দজীর চিকিৎসার সূচনোবস্তু করিলেন। তিনি অপেক্ষাকৃত সুস্থ হইলে স্বামী প্রেমানন্দজীকে তাহার সেবা-শুশ্রূষা নিষ্পত্তি কবিয়া স্বামিজী বাবু প্রমদাদাস মিত্র মহাশয়ের বাগানবাটীতে অবস্থান করিতে লাগিলেন। এই সময়ে একদিন শ্রীরামকৃষ্ণদেবের অন্যতম গৃহী ভক্ত বাবু বলরাম বসু মহাশয়ের পরলোক-গমনের সংবাদ পাইয়া স্বামিজী শোকে মুহূর্ত্তমান হইলেন। গুরু-ভ্রাতৃ-বিষোগ-ব্যথায় কাতর স্বামিজীকে বিলাপ করিতে দেখিয়া প্রমদাবাবু বলিলেন, “এ কি স্বামিজী! আপনি সম্যাসী, আপনার শোকাত হওয়া শোভা পায় না।”

স্বামিজী গম্ভীরভাবে উত্তর করিলেন, “আপনি কি মনে করেন, সম্যাসীর হৃদয় বলিয়া একটা জিনিসও থাকিতে নাই? প্রকৃত সম্যাসী পনের জন্য সাধারণ অপেক্ষা অধিক অনুভব করেন। বিশেষ আমি মানুষ্য ব্যতীত আর কিছুই নহি। সর্বোপরি তিনি যে আমার গুরু ভাই। আমরা যে একত্রে শ্রীরামকৃষ্ণের পদতলে বসিয়া শিক্ষাগ্রহণ করিয়াছি। তাহার বিরোধে যে আমি কাতর হইব, ইহাতে আর বিচিত্র কি? প্রস্তুতের ন্যায় অনুভূতিহীন সম্যাস-জীবন আমার পৃথক নহে।”

বলরামবাবুর মৃত্যুর পর শোকাক্ত বসু-পরিবারকে সান্ধ্বনা দিবার জন্য এবং বরাহনগর মঠের সুব্যবস্থার জন্য স্বামিজী কাশী হইতে কলিকাতায় ফিরিয়া আসিলেন। ইতোমধ্যে ২৫শে মে মঠের অন্যতম পৃষ্ঠপোষক ঠাকুরের গৃহী শিষ্য সুরেন্দ্রনাথ মিত্রের পরলোকগমনে মঠের ব্যয়-নির্বাহের জন্য স্বামিজী চিন্তিত হইলেন। দুইমাস কাল কলিকাতা ও বরাহনগরে অবস্থান করিয়া স্বামিজী মঠের খরচ চালিবার উপযোগী ব্যবস্থা করিলেন। আবার তাঁহার চিন্তে ভারত ভ্রমণের ইচ্ছা বলবতী হইয়া উঠিল। একদিকে নবগঠিত রামকৃষ্ণ-সঙ্ঘের প্রতি তাঁর মমত্ববোধ, অন্যদিকে সত্যকাম সন্ন্যাসীর নিঃসঙ্গ সাধনার আবেগ, এই দুই বিরুদ্ধ ভাব-সংঘাতে বিচলিত বিবেকানন্দ মনে মনে সঙ্কল্প করিলেন, সমস্ত বন্ধন, এমন কি, গুরুভাইদের স্বার্থলেশহীন প্রেমবন্ধন পর্যন্ত ছিন্ন করিতে হইবে। যে শক্তিবলে শ্রীরামকৃষ্ণের মহান্ আদর্শ প্রচার করা যায়, সেই শক্তি অর্জন করিব অন্যথা সেই চেষ্টায় প্রাণ দিব, এই সঙ্কল্প তাঁহাকে বিচলিত করিয়া তুলিল।

তখন রামকৃষ্ণ-ভক্ত-জননী শ্রীশ্রীসারদাদেবী ভাগীরথীর পশ্চিম তীরে ঘুসুড়ী গ্রামে বাস করিতেছিলেন। স্বামিজী মঠ পরিত্যাগ করিয়া যাত্রার প্রাক্কালে তাঁহার আশীর্বাদ লাভাকাঙ্ক্ষায় তথায় আগমন করিলেন। শ্রীশ্রীমাতাঠাকুরাণীর পবিত্র-চরণব্দুগল বন্দনা করিয়া তিনি গভীর শ্রম্ভার সহিত বলিলেন, “মা! যে পর্যন্ত শ্রীগুরুর ঈশ্বরিয় কার্য সম্পন্ন করিতে না পারি, সে পর্যন্ত আর ফিরিয়া আসিব না, তুমি আশীর্বাদ কর, যাহাতে আমার সঙ্কল্প সিদ্ধ হয়।”

করুণাময়ী জননী বীরসন্তানের শিরে কল্যাণ-হস্ত রক্ষা করিয়া ঠাকুরের নাম গ্রহণপূর্বক আশীর্বাদ করিলেন। সে পুণ্যস্পর্শে স্বামিজীর হৃদয় এক দিব্যভাবে পূর্ণ হইল। তাঁহার মনে হইল, তিনি এমন এক মহাশক্তিবলে বলীয়ান হইলেন, যাহা বাধা, বিপত্তি, সংশয়-স্বপ্নে তাঁহার হৃদয় অবিচলিত রাখিবে, এমন কি, মৃত্যুর বিভীষিকা পর্যন্ত তাঁহাকে সঙ্কল্পচ্যুত করিতে পারিবে না।

১৮৯০-এর জুলাই মাসে মঠবাটী পরিত্যাগ করিবার পর স্বামিজী প্রথম ভাগলপুরের উকীল মথুরানাথ সিংহ মহাশয়ের ভবনে কয়েকদিন যাপন করিলেন। সেখান হইতে বিদায় লইয়া স্বীয় গুরুভ্রাতা অখণ্ডানন্দজীর সহিত দেওঘরে আসিলেন। এখানে স্বামিজী শ্রম্ভের রাজনারায়ণ বসুর সহিত সাক্ষাৎ করিয়া একদিন তাঁহার সহিত ধর্মালোচনা করেন। দেওঘর হইতে কাশীতে আসিয়া তিনি প্রমদাদাস বাবুর আতিথ্য গ্রহণ করিয়াছিলেন। হিমালয় তাঁহাকে তখন আকর্ষণ করিতেছে, অধিকদিন তিনি কাশীতে ছিলেন না। বিদায়ের প্রাক্কালে তিনি

প্রমাদাস বাবুকে বলিয়া গেলেন, “যখন আমি ফিরিয়া আসিব, তখন সমাজের উপর বোমার মত ফাটিয়া পড়িব এবং সমাজ আমার অনুবর্তী হইবে।” তার পর অযোধ্যা ও নৈনীতাল হইয়া তিনি বদরী, কৈদারের পথে আলমোড়ায় উপস্থিত হইলেন। স্থানীয় বিখ্যাত ব্যবসায়ী লালা বদরী সাহা সন্ন্যাসিন্দ্রের বাসেব জন্য একটি উদ্যান-বাটিকা ছাড়িয়া দিলেন। কয়েকদিন পব সংবাদ পাইয়া স্বামী সারদানন্দ ও কৃপানন্দজী আসিয়া তাঁহাদের সহিত মিলিত হইলেন। এইকালে বরাহনগর মঠের অধিকাংশ সন্ন্যাসীই তীর্থভ্রমণে বহির্গত হইয়াছিলেন। কেহ কেহ হৃষীকেশ, হরিন্দ্র ইত্যাদি স্থানে কুটির নির্মাণ করিয়া অথবা গিরিগৃহাষ বাস করিয়া কঠোর তপশ্চর্যা রত হইয়াছিলেন।

হিমালয়ের বৈরাগ্যোদ্দীপক মনোহর গম্ভীর শ্রী স্বামিজীব সমাধিলিঙ্গ মনকে অন্তর্মুখী করিয়া তুলিল। তিনি প্রত্যহ রজনীযোগে গোপনে গিরিগৃহাষ ধ্যান করিতেন।

* * * *

বিবেকানন্দের ধ্যান-স্মিতমিত-লোচনে সত্যধর্ম মূর্তিমান হইয়া উঠিল। আগতপ্রায় নবদুগের সম্মুখে শ্রীরামকৃষ্ণের বার্তা বহন করিতে হইবে, ভবিষ্যৎ ভারতের উন্মোচনকল্পে সত্ত্ব-রজের মিলনবেদীর উপর সেবাধর্ম প্রতিষ্ঠা করিতে হইবে, ইহার পূর্বে নির্বিকল্প সমাধিলাভ হইবে না। এ দায়িত্বপূর্ণ কর্মভার হইতে নিষ্কৃতি পাইবার জন্য তিনি প্রবল সচেতন যত্নসম্বোধনা করিলেন। কিন্তু পুনঃ পুনঃ অকৃতকার্য হইয়া অবশেষে বিরক্তির সহিত গিরিগৃহা ত্যাগ করিয়া আলমোড়ায় ফিরিয়া আসিলেন এবং স্বল্পকাল পরেই গুরুভ্রাতৃগণসহ উত্তরাখণ্ড পর্বতভ্রমণে বহির্গত হইলেন।

এই সময় স্বামী তুরীয়ানন্দজী কর্ণপ্রসঙ্গে, অলকানন্দাভীরে আশ্রম রচনা করিয়া তপস্যায় রত ছিলেন। স্বামিজী গুরুভ্রাতৃগণসহ তাঁহার সহিত মিলিত হইয়া হৃষ্ট হইলেন। তথা হইতে বদরীনারাষণ অভিমুখে প্রস্থান করিবেন এমন সময় স্বামী অখণ্ডানন্দজী পীড়িত হইয়া পড়ায় তিনি ব্যাধি হইয়া তাঁহার চিকিৎসার্থ দেহাদানে ফিরিয়া আসিলেন। অখণ্ডানন্দজী সুস্থ হইলে স্বামিজী গুরুভ্রাতৃগণসহ হৃষীকেশে আসিয়া বাস করিতে লাগিলেন। বেদান্তাদি শাস্ত্রচর্চা, ধ্যান জপ ইত্যাদিতে দিন অতিবাহিত হইতে লাগিল। হৃষীকেশ স্বামিজীর অত্যন্ত প্রীতিপ্রদ বোধ হইত। এই সময়ের আনন্দময় দিনগুলির স্মৃতি তিনি শেষ দিবস পর্যন্ত ছুটিতে পারেন নাই। তাঁহার “পরিব্রাজক” নামক পুস্তকে মর্মস্পর্শী ভাষায় লিখিয়া গিয়াছেন —

“হৃষীকেশের গঙ্গা মনে আছে ? সেই নিম্নল নীলাভ জল—যার মধ্যে দশহাত গভীরের মাছের পাখনা গোণা যায়, সেই অপূর্ব সুস্বাদু হিম-শীতল ‘গাংগা বারি মনোহারী,’ আর সেই অশ্রুত “হর্ হর্ হর্” তরগোথ ধ্বনি, সামনে গিরি নিকরের “হর্ হর্” প্রতিধ্বনি। সেই বিপিনে বাস, মাধুকরী ভিক্ষা, গাংগাভে কুদ্র স্বীপাকার-শিলাখণ্ডে ভোজন, করপুটে অঞ্জলি অঞ্জলি সেই জলপান, চারিদিকে কণপ্রত্যাশী মৎস্যকুলের নিভব বিচরণ ! সে গাংগাজলপ্রীতি, গাংগার মহিমা, সে গাংগাবারির বৈরাগ্যপ্রদ স্পর্শ !! * * * গেলবারে আমি একটু নিয়ে গিয়েছিলুম—কি জানি ! বাগে পেলেই এক আধ বিলুদ পান করতাম। পান কলেই কিন্তু সে পাশ্চাত্য জনস্রোতের মধ্যে, সভ্যতার কল্লোলের মধ্যে, সে কোটী কোটী মানবের উন্মত্তপ্রাণ দ্রুতপদসপ্তারের মধ্যে, মন যেন স্থির হয়ে যেত। সে জনস্রোত, সে রজোগুণের আশ্ফালন, সে পদে পদে প্রতিবন্দ্বীসংঘর্ষ, সে বিলাসক্ষেত্র, অমরাবতীসম প্যারিস, নিউইয়র্ক, বার্লিন, রোম, সব লোপ হয়ে যেত, আর শুনতাম—সেই “হর্ হর্,” দেখতাম—সেই হিমালয়ক্রোড়স্থ বিজন বিপিন, আর কল্লোলিনী সুরতরঙ্গিনী যেন হৃদয়ে মস্তিস্কে শিরায় শিরায় সপ্তার করছেন, আর গর্জে গর্জে ডাকছেন—“হর্, হর্, হর্ !!”

স্বামিজীর দীর্ঘপথভ্রমণ-প্রান্ত দেহ উগ্র তপস্যার ভার সহ্য করিতে পারিল না। প্রবল জ্বর ও ডিপ্‌থিরিয়া রোগে আক্রান্ত হইয়া তিনি শয্যাগ্ৰহণ করিলেন। তাঁহার অবস্থা দিন দিন মন্দ হইতে লাগিল। অবশেষে একদিন নাড়ীর গতি ক্রমশঃ ক্ষীণ হইবার সঙ্গে সঙ্গে প্রবল ঘর্ম আরম্ভ হইল, তাঁহার গুরুভ্রাতৃগণ অন্তিম সময় নিকটবর্তী ভাবিয়া শোকে ও উদ্বেগে অধীর হইয়া উঠিলেন। উপাশান্তর না দেখিয়া সকলে মিলিয়া কাতবভাবে ভগবচ্চরণে তাঁহার প্রাণভিক্ষা করিতে লাগিলেন। এমন সময় এক অজ্ঞাতনামা অপরিচিত সন্ন্যাসী দৈবযোগে তথায় উপস্থিত হইলেন। তিনি সকলকে ক্রন্দনপরাষণ দেখিয়া কোত্‌হলের সহিত কুটীর অভ্যন্তরে প্রবেশ করিলেন। রোগীর অবস্থা বিশেষভাবে পরীক্ষণ করিয়া সন্ন্যাসিগণকে অন্তর দিয়া একটি ঔষধ খাওয়াইয়া দিবা প্রস্থান করিলেন। আশ্চর্যের বিষয়, স্বামিজী কিয়ৎকাল পরে চক্ষু মেলিয়া চাহিলেন এবং কথা বলিবার চেষ্টা করিতে লাগিলেন। একজন সন্ন্যাসী তাঁহার মূখের নিকট কান লইয়া শুনিলেন, তিনি বলিতেছেন, “ভাই তোমরা ভয় পাইও না, আমি মরিব না।” ক্রমে স্বামিজী সুস্থ হইয়া উঠিয়া বসিলেন এবং বলিলেন, “অজ্ঞানাবস্থায় আমি অনুভব করিলাম এখনও আমার বহু কর্ম অবশিষ্ট আছে, তাহা শেষ না হওয়া পর্যন্ত দেহত্যাগ হইবে না।”

হিমালয় হইতে কুমারিকা পর্যন্ত ভ্রমণ করিয়া ভারতবর্ষ সম্বন্ধে পূর্ণ অভিজ্ঞতা লাভ করিবার জন্য কৃতসংকল্প হইয়া স্বামিজী হিমালয়ের চির-ঈশিত লোভনীর ক্রোড় পরিত্যাগ করিয়া “আর্ষদেব আদিবাস, সামনির্নাদিত” পশ্চিমদে অবতীর্ণ হইলেন।

এদিকে তাঁহার গুরুদ্রাভুগণ তাঁহার অনুসরণ করিতে লাগিলেন এবং স্বামিজী মিরাতে অবস্থান করিতেছেন জানিতে পারিয়া একে একে স্বামী রত্নানন্দ, অখণ্ডানন্দ, তুরীয়ানন্দ, সারদানন্দ, কৃপানন্দ ও অশ্বতানন্দজী আসিয়া তাঁহার সহিত মিলিত হইলেন। শেঠজীর উদ্যানবাটিকা মিতীয় ববাহনগর মঠ হইয়া উঠিল। কীর্তন, ধ্যান, জপ, বেদান্তচর্চা, শাস্ত্রালাপ, উপস্থিত জিজ্ঞাসুগণকে ধর্মোপদেশ দান অবিরাম চলিতে লাগিল। গুরুদ্রাভুবৃন্দের স্নেহমোহে ভুলিয়া তিনি অথবা সম্বন্ধ নষ্ট করিতেছেন না তো? এইরূপ চিন্তা মনে উদ্ভূত হইবামাত্র স্বামিজী সকলকে ডাকিয়া বলিলেন, “আমি সত্বরই এস্থান পরিত্যাগ করিব এবং একাকী ভ্রমণ করাই আমার অভিপ্রায়, অতএব তোমরা কেহ আমার অনুসরণ করিও না।” স্বামী অখণ্ডানন্দজী স্বামিজীর সহচর হইবার আশায় বিনীতভাবে তাঁহার সম্মতি প্রার্থনা করিতে লাগিলেন। স্বামিজী উত্তর দিলেন, “আমি লক্ষ্য করিতেছি, তোমাদের স্নেহবন্ধনও কর্ম করিবার পথে প্রবল অন্তরায়স্বরূপ। অতএব বাহাকে দেখিলে স্নেহমাধুর্য উদ্বেগ হইবে, তাহাকে সঙ্গী করা কর্তব্য নহে। গুরুদ্রাভুপ্রীতিও মায়ী কিস্বা তদপেক্ষাও বেশী।” এইরূপে নানা প্রকারে তাঁহাদিগকে সাস্থ্য দিয়া স্বামিজী মিরাত পরিত্যাগ করিলেন।

এতদিন পরে গ্রীষ্মকালে ইংল্যান্ড সম্যক্রূপে হৃদয়ঙ্গম করিয়া পরিব্রাজক সন্ন্যাসী শিক্ষাদাতা আচার্যরূপে ভারতভ্রমণে বহির্গত হইলেন এবং ক্রমে পশ্চিম অতিক্রম করিয়া “সাধুর পবিত্র অস্থি, সত্যের শোণিত” মিশ্রিত “প্রত্যাপের দেশ—পশ্চিমীর ভূমি” বীরপ্রসবিনী রাজপুতানা প্রবেশ করিলেন।

১৮৯১, ফেব্রুয়ারী মাস। স্বামিজী আলোয়ার স্টেশনে অবতরণ করিয়া নগর মধ্যে প্রবেশ করিলেন। রাজকীয় দাতব্য চিকিৎসালয়ের ভারপ্রাপ্ত ডাক্তার বাবু গুরুচরণ লস্কর মহাশয় এবং তাঁহার বন্ধুস্বামীর উচ্চবিদ্যালয়ের মৌলবীসাহেব আনন্দের সহিত স্বামিজীর থাকিবার স্থানের বন্দোবস্ত করিয়া দিলেন। স্বামিজী বাজারের উপরে যে ক্ষুদ্র ঘরখানিতে থাকিতেন, প্রচুর লোকসমাগম নিবন্ধন তথায় স্থানাভাব ঘটিতে লাগিল। ইহা লক্ষ্য করিয়া অবসরপ্রাপ্ত ইঞ্জিনিয়ার পিণ্ডিত শম্ভুনাথজী আগ্রহের সহিত তাঁহাকে স্বাগত লইয়া আসিলেন।

প্রত্যহ বেলা নয়টা হইতে মিত্রহর পর্যন্ত, হিন্দু-মুসলমান উভয় শ্রেণীর শিক্ষিত ভদ্রবৃকগণ একাগ্রচিত্ত হইয়া তাঁহার উদার ধর্মমতসমূহ শ্রবণ করিতেন। দার্শনিক আলোচনা অথবা কোন কূটপ্রশ্নের উত্তর দিতে দিতে স্বামিজী সহসা ভাবোন্মত্ত হইয়া জ্ঞানদাস, সুরদাস, চণ্ডীদাস, বিদ্যাপতি প্রভৃতি প্রসিদ্ধ ভক্ত-

কবিগণের রচিত সঙ্গীত মধুর কণ্ঠে গাইয়া শ্রোতৃবৃন্দের হৃদয় ভক্তিতে আন্দুত করিয়া তুলিতেন। ধর্মাম্বিতা ও গোড়ামীর তীর সমালোচক স্বামিজীর যুক্তিপূর্ণ উত্তরগুলি শ্রবণে জিজ্ঞাস্যমায়েই সম্ভূত হইতেন। সাজাইয়া গুছাইয়া অথবা অগ্রপঞ্চাং ভাবিয়া বা লোকের মনরক্ষা করিয়া কথা বলিতে সম্পূর্ণ অনভ্যস্ত স্বামিজী জিজ্ঞাসিত হইবামাত্র তৎক্ষণাৎ উত্তর দিতেন, তাঁহার মধ্যে পাণ্ডিত্য বা আত্মপ্রতিষ্ঠা লাভ করিবার কোন প্রয়াস পরিলক্ষিত হইত না। এই প্রশ্নোত্তরসভায় নানাপ্রকার আলোচনার মধ্যে একজন হঠাৎ প্রশ্ন করিয়া বসিলেন, “বাবাজী! আপনি গেরুয়া পরিধান করিয়াছেন কেন?”

“কারণ গেরুয়া ভিক্ষকের বসন।” স্বামিজী সঙ্কল্প দৃষ্ট নিক্ষেপ করিয়া বলিলেন, “যদি আমি সাধারণের মত বস্ত্রাদি পরিধান করিয়া ভ্রমণ করি, তাহা হইলে দরিদ্র ভিক্ষুকগণ আমাকে অর্থশালী মনে করিয়া ভিক্ষা চাহিবে। আমি নিজেই একজন ভিক্ষুক, বিশেষ আমার হাতে এক পয়সাও নাই। প্রার্থীকে নিরাশ করিতে আমি হৃদয়ে বড়ই ব্যথা পাই, কিন্তু আমার গৈরিকবসন দেখিয়া তাহারা তাহাদেরই মত একজন ভিক্ষুক মনে করিয়া আমার নিকট আর ভিক্ষা চাহিবে না।” স্বামিজীর এই উত্তরটির মধ্যে দরিদ্রের প্রতি কি গভীর সমবেদনার আকুল উচ্ছ্বাস লুক্কায়িত, কি সুন্দর, কি হৃদয়গ্রাহী!!

এই অশ্রুত শক্তিশালী সন্ন্যাসীর বিষয় অবগত হইয়া, একদিন আলোয়ার রাজ্যের দেওয়ান বাহাদুর তাঁহাকে স্বেচ্ছায় আহ্বান করিলেন। স্বামিজীর সহিত পরিচিত হইয়া দেওয়ান বাহাদুর অতীব আনন্দিত হইলেন এবং তাঁহাকে স্বেচ্ছায় রাখিয়া পরদিনই মহারাজ বাহাদুরের নিকট এক পত্র লিখিলেন, “এখানে একজন মহাপণ্ডিত সন্ন্যাসী আসিয়াছেন, ইংরেজী ভাষায় তাঁহার অশ্রুত অধিকার দেখিয়া বিস্মিত হইয়াছি। মহারাজ বাহাদুর ইহার সহিত আলাপ করিলে সম্ভূত হইবেন সন্দেহ নাই।” মহারাজ মঙ্গলাসিংহ তখন রাজধানী হইতে দুই মাইল দূরবর্তী এক প্রাসাদে বাস করিতেছিলেন। ঘটনাক্রমে তৎপর দিবসই তিনি রাজধানীতে ফিরিয়া আসিলেন। দেওয়ান বাহাদুরের ভবনে স্বামিজীর সহিত তাঁহার সাক্ষাৎ হইল। মহারাজ স্বামিজীকে ভক্তিভরে প্রণাম করিয়া আসন পরিগ্রহ করিতে অনুরোধ করিলেন। দুই এক কথার পরই মহারাজ জিজ্ঞাসা করিলেন, “স্বামিজী মহারাজ! আমি শুনিয়াছি, আপনি একজন বিম্বান ও মহাপণ্ডিত ব্যক্তি। আপনি ইচ্ছা করিলেই প্রচুর অর্থ উপার্জন করিতে পারেন, তথাপি ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়াছেন কেন?”

স্বামিজী বলিলেন, “মহারাজ! অগ্রে আমার প্রশ্নের উত্তর প্রদান করুন। আপনি রাজকার্য অবহেলা করিয়া কেন সাহেবদের সহিত মৃগয়া ইত্যাদি বৃথা আমোদ-প্রমোদে কালক্ষেপ করেন?”

রাজানুচরগণ স্পন্দিত-হৃদয়ে এই অসমসাহসিক সাধুর অমণ্ডল আশঙ্কা কবিত্তে লাগিলেন। কিয়ৎকাল চিন্তা করিয়া মহারাজ উত্তর করিলেন, “হ্যাঁ, কিন্তু কেন করি, তাহা বলিতে পারি না। তবে উহা আমাব ভাল লাগে, ইহা নিঃসন্দেহে বলিতে পারি।”

স্বামিজী হাসিয়া বলিলেন, “ভাল লাগে বলিয়া আমিও ফকীরের বেশে ইতস্ততঃ ঘুরিয়া বেড়াই।”

কিছুকাল বাক্যালাপের পরই মহারাজ বদ্বিভেত পাবিলেন যে, এই কৃতবিদ্যা সম্যাসী কেবলমাত্র সুপণ্ডিত নহেন, নিভীক ও স্পষ্টবাদী। কোত্‌হলবশেই হউক, আর প্রকৃত সত্য জানিবার আগ্রহেই হউক, মহারাজ প্রশ্ন করিলেন, “দেখুন বাবাজী মহারাজ! মূর্তিপূজায় আমার কিছুমাত্র বিশ্বাস নাই, ইহার জন্য আমার কি দূর্গতি হইবে?” মহারাজকে হাস্য করিতে দেখিয়া স্বামিজী সন্দ্বিধ দৃষ্টিতে চাহিয়া বলিলেন, “মহারাজ কি আমার সহিত রহস্য কবিত্তেছেন?”

মহারাজের মৃদুশব্দল সহসা গম্ভীর হইল, তিনি আগ্রহের সহিত বলিলেন, “না—না স্বামিজী! প্রকৃতই আমি কাঠ, মাটি, পাথর বা ধাতুর মূর্তিগুলিকে সাধারণের ন্যায় ভক্তিপ্রসূ করিতে পারি না, ইহার জন্য কি আমাকে পরকালে নিগ্রহ ভোগ করিতে হইবে?”

—“নিজের বিশ্বাসানুযায়ী উপাসনা করিলে পরকালে শাস্তি পাইতে হইবে কেন? মূর্তিপূজায় আপনার বিশ্বাস নাই, মন্দ কি?” স্বামিজীর উত্তর শ্রুতিয়া উপস্থিত অনেকেই বিশ্বাসের সহিত ভাবিত্তে লাগিলেন, ষাইকে তাঁহারা বহুবীর শ্রীশ্রীবিহারিজীর মন্দিরে শ্রীমূর্তির সম্মুখে ভজন গাহিত্তে গাহিত্তে ডাবাবেশে অশ্রুবিগলিত নৈদ্রে সান্ধ্যাঙ্গে পতিত হইতে দেখিয়াছেন, তিনি কেন মূর্তিপূজার সমর্থনকল্পে শ্রুতিপ্রদর্শন করিলেন না? স্বভাবতঃই তাঁহাদের হৃদয় নানা সন্দেহে পূর্ণ হইয়া উঠিল।

সহসা কক্ষবিলম্বিত মহারাজের একখানি আলোক-চিত্রের উপর স্বামিজীর দৃষ্টি পতিত হইল। স্বামিজীর ইচ্ছাক্রমে চিত্রখানি আনীত হইলে, তিনি উহা হস্তে লইয়া দেওয়ান বাহাদুরকে জিজ্ঞাসা করিলেন, “এখানি বোধ হয় মহারাজ বাহাদুরের প্রতিকৃতি?” দেওয়ান বাহাদুর সম্মতিসূচক মস্তকানন্দোলন করিলেন।

“উত্তম,”—স্বামিজী চিত্রখানি ভূমিতলে রাখিয়া দেওধান বাহাদুরকে বলিলেন, “আপনি ইহার উপর নিষ্ঠীবন নিক্ষেপ করুন।” কিংকর্তব্জিবদ্ধ দেওধান বাহাদুর শঙ্কাবিমিশ্র-বিস্মিত-দৃষ্টিতে স্বামিজীর প্রতি চাহিলেন। উপস্থিত সকলেই স্বামিজীর অদ্ভুত কাণ্ডের কারণ নির্ণয়ে অক্ষম হইয়া রুদ্ধশ্বাসে চিত্তার্পিতবৎ দাঁড়াইয়া রহিলেন। স্বামিজী উচ্চকণ্ঠে সকলকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন “আপনাদেব মধ্যে যে-কেহ ইহার উপর নিষ্ঠীবন নিক্ষেপ করুন। ইহা তো একখন্ড কাগজ ব্যতীত আর কিছুই নহে? আপনারা অগ্রসর হইতেছেন না কেন?” সকলেই একবার স্বামিজীর একবার মহারাজের মূখের দিকে চাহিতে লাগিলেন। দেওধান বাহাদুর অবশেষে বলিয়া উঠিলেন, “আপনি বলেন কি স্বামিজী! মহারাজের চিত্রের উপর আমবা কি থুংকার প্রদান করিতে পারি?”

“মহারাজের চিত্র হউক, তাহাতে কি আসে যায়? ইহাতে তো আর মহাবাজ স্বয়ং উপস্থিত নাই, এ এক টুকরা কাগজ মাত্র। ইহা মহারাজের মত নড়িতে চড়িতে অথবা কথা বলিতে পারে না, তথাপি আপনারা অসম্মত হইতেছেন কেন?” স্বামিজী হাসিয়া বলিলেন, “আপনারা থুংকার প্রদান করিতে পারিবেন না, তাহা জ্ঞান, কারণ আপনারা মনে করিতেছেন ইহার উপর নিষ্ঠীবন নিক্ষেপ করিলে মহারাজের প্রতি অসম্মান প্রকাশ করা হইবে। কেমন ঠিক কি না?” সমবেত জনসংঘ কুণ্ঠিত-আনন্দে নীরবদৃষ্টিভঙ্গীতে স্বামিজীর উক্তি সমর্থন করিলেন। তখন স্বামিজী মহারাজকে লক্ষ্য করিয়া বলিলেন, “দেখুন মহারাজ! একদিক দিয়া বিচার করিলে ইহা আপনি নহেন, অপর দিক দিয়া দেখিলে এই চিত্রের মধ্যেও আপনার অস্তিত্ব আছে, সেই কারণেই কেহ নিষ্ঠীবন নিক্ষেপ করিতে অগ্রসর হইলেন না, কারণ ইহা আপনার অনুরক্ত ও বিশ্বস্ত সেবক, মহাবাজের অসম্মানজনক কোন কার্য করিতে ইহাদের পক্ষে সঙ্কুচিত হওয়া স্বাভাবিক। ইহারা আপনাকে ও চিত্রখানিকে তুল্য সম্মদৃষ্টিতে দেখিতেছেন। সেইবূপ প্রস্তর বা ধাতুর প্রতিমাগুলিও প্রীতগবানের বিশেষ গুণবাচক মূর্তি। ঐগুলি দৃষ্টিপথে পতিত হইবামাত্র ভক্তের মনে সেই ভগবানের কথাই উদয় হয়। ভক্ত মূর্তির ভিতর দিয়া ভগবানেরই উপাসনা করেন, ধাতু বা প্রস্তর পূজা করেন না। আমি বহুস্থান ভ্রমণ করিয়াছি, কিন্তু কখনও কোন হিন্দুকে বলিতে শুনিন নাই, ‘হে ধাতু! হে প্রস্তর! আমি তোমাকে পূজা করিতেছি, আমার প্রতি প্রসন্ন হও।’ মহারাজ! একই অনন্ত ভাবময় ভগবান—যিনি সর্বজ্ঞোপাস্য ও সচ্চিদানন্দস্বরূপ—ভক্তগণ তাহাকেই স্ব স্ব ভাবানুযায়ী বিভিন্ন প্রকার ভাবে উপাসনা করিয়া থাকেন।” বলিতে বলিতে স্বামিজীর বদনমণ্ডল এক

দিব্যাবিভাষ উদ্ভাসিত হইয়া উঠিল। মহারাজ কৃতজ্ঞদৃষ্টিতে চাহিয়া যত্নকবে বলিলেন, “স্বামিজী! আপনার কৃপার মূর্তিপূজা সম্বন্ধে এক অভিনব অভিজ্ঞতা লাভ করিলাম। বাস্তবিকই আপনার দৃষ্টি দিয়া বিচার করিলে আমিও এ পর্যন্ত একজনও কার্শ বা প্রস্তরাদির উপাসক দেখি নাই। এতদিন আমি মূর্তিপূজার প্রকৃত রহস্য বুঝি নাই বা বুঝিতে চেষ্টা করি নাই। অদ্য আপনি আমার জ্ঞানচক্ষু খুলিয়া দিলেন।” স্বামিজী বিদায় হইবেন এমন সময় মহাবাজ তাঁহার পদখলি গ্রহণপূর্বক বলিলেন, “স্বামিজী! কৃপা করিয়া আমাকে আশীর্বাদ করুন।”

স্বামিজী স্নিগ্ধহাস্যে কল্যাণ বর্ষণ করিয়া বলিলেন, “একমাত্র ভগবান্ ব্যতীত আর কাহারও কৃপা করিবার অধিকার নাই। আপনি সরলভাবে তাঁহার চরণে শবনাগত হউন, তিনি নিশ্চয়ই আপনাকে কৃপা করিবেন।”

স্বামিজী প্রস্থান করিলে মহারাজ বলিলেন, “দেওয়ানজী, আমি কখনও এরূপ একজন মহাপুরুষের দর্শনলাভ করি নাই। ইহাকে আরও কিছুদিন আপনার আলয়ে রাখিতে চেষ্টা করুন।” দেওয়ানজী বলিলেন, “এই অশ্লীলতা তেজস্বী ও স্বাধীনচেতা সম্রাটসী কোনপ্রকার অনুরোধ শুনিবেন কি না সন্দেহ, তবে চেষ্টার চেষ্টা করিব না।”

দেওয়ান বাহাদুরের আগ্রহাতিশয্যে তিনি তাঁহার আলায়ে অবস্থান করিতে স্বীকৃত হইলেন বটে, কিন্তু কথা রহিল, সর্বদা সকল অবস্থায় নির্বিচারে সকলেই তাঁহার সহিত প্রয়োজন হইলে সাক্ষাৎ করিবার সুযোগ প্রাপ্ত হইবেন। বলাবাহুল্য, দেওয়ানজী আনন্দের সহিত স্বামিজীর প্রস্থাবে সম্মত হইলেন।

আলোয়ারবাসী কয়েকজন বিশ্বাসী ও পবিত্রহৃদয় যুবক ইতোপূর্বেই স্বামিজীর শিষ্য গ্রহণ করিয়াছিলেন। স্বামিজীর উপদেশে উৎসাহিত হইয়া তাঁহারা সংস্কৃত অধ্যয়ন করিতে লাগিলেন। এইরূপে কিছুদিন ভক্ত ও শিষ্যবৃন্দের সহিত মহানন্দে বাপন করিয়া স্বামিজী সকলের নিকট বিদায় গ্রহণ করিয়া ভ্রমণে বহির্গত হইলেন। গুরুগতপ্রাপ্ত শিষ্যবৃন্দ নিষেধ সত্ত্বেও তাঁহার অনুগমন করিতে লাগিলেন, অগত্যা তাঁহাদিগের সহিত স্বামিজী আলোয়ার হইতে আঠার মাইল দূরবর্তী পাণ্ডুপোল গ্রামে উপস্থিত হইয়া হনুমানজীর মন্দিরে রাতিবাপন করিলেন। প্রভাতে ত্রীশ্রীমহাবীরজীর পূজা করিয়া স্বামিজী শিষ্যবৃন্দকে আলোয়ারে ফিরিয়া যাইতে আদেশ দিলেন, স্বয়ং একাকী যদৃচ্ছা ভ্রমণ করিতে করিতে জয়পুরে উপনীত হইলেন।

এদিকে স্বামী অখণ্ডানন্দ স্বামিজীর বিরহে কাতর হইয়া তাঁহার অশ্বেষণে বহির্গত হইয়াছিলেন। তিনি জয়পুর্নে উপনীত হইয়া শুনিলেন, রাজপ্রাসাদে একজন প্রাচ্য ও পাশ্চাত্য উভয়বিধ দর্শনশাস্ত্রে অভিজ্ঞ সাধু বাস করিতেছেন, যিনি ইংরেজী ও সংস্কৃতে অনর্গল কথা বলিতে পারেন। স্বামিজী ব্যতীত আর কেহই নহেন, ইহা মনে মনে স্থিরনিশ্চয় করিয়া অখণ্ডানন্দজী তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন। স্বামিজী তাঁহাকে দেখিয়া আনন্দপ্রকাশ কবা দূরে থাকুক বরং ক্রুদ্ধ হইলেন এবং নানাপ্রকার ভষ প্রদর্শন করিয়া কহিলেন, “তুমি আমার অনুসরণ করিয়া ভাল কর নাই, সঙ্ঘ এস্থান হইতে প্রস্থান কর।” অখণ্ডানন্দজী দৃষ্টান্তান্তঃকরণে জয়পুর্ন পরিত্যাগ করিলেন। মনে মনে ভাবিলেন, গুরুপ্রাত্যুগণের প্রীতি এরূপ নিম্নম হওয়ার নিশ্চয়ই কোন মহৎ উদ্দেশ্য আছে।

জয়পুর্নরাজের জনৈক সভাপণ্ডিত অসাধারণ ব্যাকরণবিদ ছিলেন। স্বামিজী তাঁহার নিকট পাণিনি অষ্টাধ্যায়ী পাঠ করিতে আরম্ভ করিলেন। পণ্ডিতজী বিবিধ প্রকারে বদ্বাইয়া দিলেও ক্রমাগত তিন দিবস চেষ্টা করিয়াও স্বামিজী প্রথম সূত্রটির ভাষা আয়ত্ত করিতে পারিলেন না। চতুর্থদিবস পণ্ডিতজী বলিলেন, “স্বামিজী! আমার নিকট পাঠ গ্রহণ করিয়া আপনার বিশেষ লাভ হইবে না, যেহেতু তিন দিবস ক্রমাগত চেষ্টা করিয়াও আপনাকে একটি সূত্র বদ্বাইতে পারিলাম না।” স্বামিজী পণ্ডিতজীর বাক্যে লম্ভিত হইয়া মনে মনে সঙ্কল্প করিলেন, যে পৰ্যন্ত না সূত্রার্থ আয়ত্ত করিতে সমর্থ হইতেছি, ততক্ষণ আহার, পানীয় ইত্যাদি গ্রহণ করিব না।

একপ্রহর পরেই স্বামিজী পণ্ডিতজীর নিকট ফিরিয়া আসিলেন। তিনি স্বামিজীর মূখে উক্ত সূত্রের প্রাঞ্জল ব্যাখ্যা শ্রবণ করিয়া বিস্মিত হইলেন। অনন্তর অনন্যায়িত্ব হইয়া স্বামিজী অধ্যয়নে রত হইলেন এবং দুই সপ্তাহ মধ্যেই অষ্টাধ্যায়ীর সমস্যাগুলির নিরসন করিয়া অধ্যাপক সমীপে বিদায়গ্রহণ করিলেন। কেহ যেন না মনে করেন, মাত্র দুই সপ্তাহের মধ্যে তিনি সমগ্র পাণিনি অধ্যয়ন শেষ করিয়াছিলেন। আমরা পূর্বে উল্লেখ করিয়াছি, বরাহনগর ঘটে তিনি দুই বৎসরকাল পাণিনি অধ্যয়ন করিয়াছিলেন, জয়পুর্নে পণ্ডিতজীর নিকট কোন কোন অংশের ব্যাখ্যা আয়ত্ত করিয়াছিলেন মাত্র। এই ঘটনা শ্রবণ করিয়া উত্তরকালে অনেকেই সন্দেহচিত্তে প্রশ্ন করিতেন। তিনি উত্তর দিতেন, “ষোগীর পক্ষে ইহা আশ্চর্যের বিষয় নহে। আত্মার সমস্ত শক্তি সংহত করিয়া এক বিষয়ে নিযোগ করিলে ত্রিলোকে এমন কি রহস্য আছে যাহা অবগত না হওয়া যায়?”

জয়পদুরের প্রধান সেনাপতি সরদার হরসিংহের সহিত স্বামিজীর ঘনিষ্ঠ পরিচয় ঘটিয়াছিল। তাঁহার আলয়ে স্বামিজী প্রায়ই ধর্মালোচনা করিতেন। কথিত আছে সরদার সাহেব মূর্তিপূজায় বিশ্বাসী ছিলেন না। একদিন রাজপথে শ্রীকৃষ্ণ বিগ্রহসহ শোভাযাত্রা চলিয়াছে, স্বামিজী সহসা তাঁহাকে স্পর্শ করিয়া বলিলেন, “দেখুন, শ্রীভগবানের জীবন্ত বিগ্রহ।” সরদারজীর ভাবান্তর হইল, অশ্রুসিক্ত নয়নে তিনি মন্তমুগ্ধবৎ দাঁড়াইয়া রহিলেন। অবশেষে স্বাভাবিক অবস্থা ফিরিয়া পাইয়া বিগলিত কণ্ঠে বলিলেন, “স্বামিজী, বহুবাব তর্ক কবিয়া যে বিষয় বদ্বিত্তে পারি নাই, আজ আপনার কৃপায় সেই অপূর্ব দর্শন লাভ হইল।”

স্বামিজী পরিহাস-বসিক ছিলেন। অবিশ্বাসী অথচ তार्কিকদিগকে জন্ম করিয়া তিনি সর্বদাই আমোদ পাইতেন। একদিন তিনি কতিপয় ব্যক্তির সহিত ধর্মালোচনা করিতেছেন, এমন সময় জয়পদুরের বিখ্যাত পণ্ডিত সুবয় নারায়ণ সেখানে আসিলেন। কথাপ্রসঙ্গে তিনি বলিলেন, “আমি একজন বেদান্তী। আমি অবতার পদ্রুপদের বিশেষ আধ্যাত্মিক শক্তিতে বিশ্বাস করি না। পৌরাণিক অবতारेও আমার বিশ্বাস নাই। আমবা সকলেই ব্রহ্ম। আমার সহিত একজন অবতাবের পার্থক্য কি?” স্বামিজী উত্তর দিলেন, “আপনার কথাই সত্য। তবে হিন্দুরা মৎস্য কচ্ছপ ববাহকেও অবতার বলে, তাহার মধ্যে আপনি কোন্টি?” সভায় হাসির রোল উঠিল, পণ্ডিতজী অপ্রস্তুত হইয়া নিরস্ত হইলেন।

জয়পদুর হইতে বিদায় লইয়া স্বামিজী আজমীরে আসিলেন এবং মনোহর আব্দ পর্বতে এক গুহায় অবস্থান কবিতে লাগিলেন। কোটা-দববারেব একজন মুসলমান উকীল স্বামিজীকে তদবস্থায় দেখিয়া স্বালয়ে লইয়া গেলেন। এই ধর্মপ্রাণ উদারহৃদয় মুসলমান ভদ্রলোক স্বামিজীব গুণাবলীর পবিচয় পাইয়া কোটার প্রধান মন্দির ঠাকুর ফতে সিংহ প্রভৃতি বহু বিশিষ্ট ব্যক্তিব সহিত তাঁহার আলাপ করাইয়া দেন। একদিন মৌলবী সাহেবের আহবানে, খেতরির রাজা বাহাদুরের সেক্রেটারী মুন্সী জগমোহন লাল তাঁহাকে দর্শন করিতে আসেন। কেবল মাত্র কৌপীন পরিহিত স্বামিজী তখন একখানি খাটিয়ায় শুইয়া মূর্ছিত-নেত্রে বিপ্রাম করিতেছিলেন। মুন্সীজী মনে মনে ভাবিতেছেন, “অতি সাধারণ ভবঘুরে সাধু, ভেক্কারী চোর জুয়াচোরও হইতে পারে।” এমন সময় স্বামিজী উঠিয়া বসিলেন। আলাপ আরম্ভ হইল। জগমোহন প্রশ্ন করিলেন, “স্বামিজী, আপনি হিন্দু-সম্ম্যাসী হইয়া মুসলমানের বাড়িতে আছেন, আপনার খাদ্য পানীয় মাঝে মাঝে এই মুসলমান ভদ্রলোক ছুইয়া ফেলিতে পারেন।” স্বামিজী উত্তর

দিলেন, “মহাশয়, আপনার একথা বলবার অর্থ কি? আমি সন্ন্যাসী, আমি সমস্ত সামাজিক আচার নিয়মের উর্ধ্বে। আমি একজন মেথরের সহিত বসিয়া আহার করিতে পারি। ইহা ঈশ্বরের নির্দেশ, অতএব আমি নির্ভয়। শাস্ত্রও আমার ভয় নাই, কেননা শাস্ত্র ইহা সমর্থন করিয়া থাকেন। কিন্তু আমার ভয় আপনাদের মত সবজ্ঞানতা ইংরাজীনিবিশদিককে। আপনারা শাস্ত্র ও ভগবানের খাব খারেন না। আমি ভূতে ব্রহ্ম জ্ঞান করি। আমার নিকট আবাব উচ্চ-নীচ স্পৃহ্যাস্পৃহ্য কি?” ‘শিব শিব’ উচ্চারণ করিয়া স্বামিজী তন্ময় হইলেন, তাঁহার বদনমণ্ডল স্বর্গীয় বিভায়ে উদ্ভাসিত হইয়া উঠিল। কিছুক্ষণ আলাপের পরই জগমোহন মৃদু হইলেন। রাজা বাহাদুর সেক্রেটারী নিকট স্বামিজীর বৃত্তান্ত শ্রবণ করিয়া তাঁহার দর্শন কামনার ব্যাকুল হইয়া পড়িলেন।

স্বামিজী মন্সীজীর সহিত রাজভবনে আসিলেন। রাজা গভীর প্রশ্নার সহিত অভ্যর্থনা করিয়া তাঁহাকে আসন পবিগ্রহ করাইলেন এবং স্বয়ং তাঁহার সম্মুখে দাঁড়াইয়া প্রথমেই প্রশ্ন করিলেন, ‘স্বামিজী! জীবনটা কি?’

সঙ্গে সঙ্গে উত্তর আসিল, “একটা অন্তর্নিহিত শক্তি যেন ক্রমাগত স্ব স্বরূপে ব্যক্ত হইবার জন্য অবিরাম চেষ্টা করিতেছে, আব বহিঃপ্রকৃতি তাহাকে দাবাইয়া বাধিতেছে, এই সংগ্রামেব নামই জীবন।”

রাজা আরও কয়েকটি প্রশ্ন করিলেন, স্বামিজীও তাহাব যথাযথ উত্তর দিলেন। রাজা তাঁহার সুস্কন্দদৃষ্টি ও গভীর আধ্যাত্মিক শক্তির পরিচয় পাইয়া মৃদু হইলেন এবং কয়েকদিন পর তাঁহাকে অনুবোধ করিয়া স্ববাজ্যে লইয়া গেলেন। ধর্মপ্রাণ রাজা অজিতসিংহ ও তাঁহার সেক্রেটারী মন্সীজী স্বামিজীর শিষ্য গ্রহণ করিলেন। গুরুভক্ত শিষ্যের ব্যাকুল আগ্রহ উপেক্ষা করিতে না পারিয়া স্বামিজীকে কিছুদিন রাজপ্রাসাদে বাস করিতে হইল।

রাজার সভাপণ্ডিত নারায়ণ দাস তৎকালে সমগ্র বাঙ্গালানায় সর্বশ্রেষ্ঠ পণ্ডিত ছিলেন। স্বামিজী এই সুযোগে তাঁহার নিকট পতঞ্জলিব মহাভাষ্য অধ্যয়ন করিতে প্রবৃত্ত হইলেন। সন্ন্যাসীর অলৌকিক প্রতিভায় বিস্মিত হইয়া পণ্ডিতজী একদিন তাঁহাকে বলিলেন, “স্বামিজী! আমার যাহা শিখাইবার ছিল, তাহা শেষ হইয়াছে। এরূপ প্রতিভা মানবে সম্ভব, ইহা আপনাকে না দেখিলে বিশ্বাস করিতাম না।” স্বামিজী এই পণ্ডিতজীকে চিরদিন অধ্যাপকের মত শ্রদ্ধা করিতেন।

খেতরির রাজা অপদ্রুত ছিলেন। একদিন গুরুদসনে স্বীয় দৃষ্ট নিবেদন করিয়া প্রার্থনা করিলেন, “স্বাহাতে আমার একটি পুত্রসন্তান হয়, আপনি দয়া করিয়া

আমাকে সেই আশীর্বাদ করুন।” রাজার প্রার্থনা শুনিয়া স্বামিজী চিন্তিত হইলেন। অবশেষে কাতর আবেদন উপেক্ষা করিতে না পারিয়া বলিলেন, “শ্রীশ্রীঠাকুরের কৃপায় আপনার মনোরথ পূর্ণ হইবে।”

কিন্নদ্রবস পর স্বামিজী পুনরায় ভ্রমণে বহির্গত হইবার জন্য ব্যস্ত হইলেন। রাজা বাহাদুর দূর্ভাগ্যতান্ত্রিকরূপে নিতান্ত অনিচ্ছার সহিত তাঁহাকে বিদায় দিলেন।

গুজরাটের মরুময় প্রদেশ পদব্রজে অতিক্রম করিয়া ক্রমে আহমেদাবাদ, লিম্বডি, জুনাগড়, ভোজ, ভেরাওল, প্রভাস ও সোমনাথের বিশাল মন্দিরের ধ্বংসাবশেষ দর্শন করিয়া স্বামিজী পোরবন্দরে উপনীত হইলেন। লিম্বডির মহারাজা বাহাদুর ইতোমধ্যে স্বামিজীর শিষ্য গ্রহণ করিয়াছিলেন। একদিন স্বামিজীকে পোরবন্দরের রাজপথে ভ্রমণ করিতে দেখিয়া মহারাজ তাঁহাকে স্বীয় প্রাসাদে লইয়া আসিলেন।

পোরবন্দরের বিখ্যাত পণ্ডিত শঙ্কর পান্ডুরঙ্গ মহোদয়ের সহিত পরিচিত হইয়া তাঁহার পুনরায় পাঠস্পৃহা জাগিয়া উঠিল। সম্যাসি-ছাত্রের সঙ্কলিত পুস্তকাদির পরিচয় পাইয়া পণ্ডিতজীও তাঁহাকে মহাভাষ্য পড়াইতে লাগিলেন। পণ্ডিত নারায়ণ দাসের নিকট স্বামিজী উহার অধিকাংশই পাঠ করিয়াছিলেন, এক্ষণে অবশিষ্টভাগ শেষ করিয়া উৎসাহের সহিত বেদান্তের ব্যাসসূত্র অধ্যয়ন ও আলোচনা করিতে প্রবৃত্ত হইলেন।

ঘটনাক্রমে এই সময় গোবর্ধন মঠের জগদগুরু শ্রীশ্রীমৎশঙ্করাচার্য মহাবাজ পোরবন্দরে আগমন করেন। তদুপলক্ষে তাঁহার সভাপতিত্বে লিম্বডি রাজভবনে স্থানীয় পণ্ডিতমণ্ডলীর এক বিচারসভা আহূত হয়। পণ্ডিত শঙ্কর পান্ডুরঙ্গ মহোদয় স্বামিজী সমভিব্যাহারে সভামধ্যে প্রবেশ করিলেন।

স্বামিজীর প্রতিভার খ্যাতি ইতোপূর্বেই পণ্ডিতমণ্ডলী শ্রবণ করিয়াছিলেন, সেজন্য অনেকেই তাঁহাকে পরীক্ষা করিবার জন্য ব্যগ্র হইয়া উঠিলেন। দুই একজন বয়োবৃদ্ধ পণ্ডিত অন্যান্য পণ্ডিতগণের স্বারা পৃষ্ঠপোষিত হইয়া তাঁহাকে প্রশ্ন করিতে প্রবৃত্ত হইলেন। ‘মহা মহা পণ্ডিতমণ্ডলীর সম্মুখে সহসা বাদে আহূত হইয়া সম্প্রদ-সম্বুদ্ধিত-লজ্জার স্বামিজীর বদনমণ্ডল আরক্তিম হইল। অবশেষে স্বীয় অধ্যাপকের সম্মতি গ্রহণ করিয়া তিনি ধীরভাবে উত্থাপিত কূটপ্রশ্নগুলি একে একে মীমাংসা করিয়া দিতে লাগিলেন। স্বামিজীর বিনয়, পণ্ডিত্য ও তেজস্বিতা প্রভৃতি সম্পদ্র্শনে পণ্ডিতমণ্ডলী মুগ্ধ হইয়া মূঢ়কণ্ঠে প্রশংসা করিতে লাগিলেন। শ্রীশ্রীশঙ্করাচার্য মহারাজও তাঁহাকে সন্মিষ্টে আহ্বান করিয়া হর্ষোচ্ছ্বল কণ্ঠে আশীর্বাদ এবং সন্মেলন ব্যবহারে আপ্যায়িত করিলেন।

স্বামিজীর অসাধারণ ধীশক্তি ও পবিত্র চরিত্রের সহিত ঘনিষ্ঠভাবে পরিচিত হইয়া একদিন তাঁহার অধ্যাপক পণ্ডিত শঙ্কর পাণ্ডুরঙ্গজী বলিলেন, “স্বামিজী! এদেশে ধর্ম প্রচার করিয়া আপনি বিশেষ সন্নিবিধা করিতে পারিবেন বলিয়া মনে হয় না। আপনার উদারভাবসমূহ আমাদের দেশের লোক অনেক বিলম্বে বুঝিবে। বৃথা শক্তিক্রম না করিয়া আপনি পাশ্চাত্যদেশে গমন করুন। সেখানকার লোক মহত্বের ও প্রতিভার সম্মান করিতে জানে। আপনি নিশ্চয়ই পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতার উপর সনাতন ধর্মের অপূর্ব জ্ঞানালোক নিক্ষেপ করিয়া এক অভিনব যুগান্তর আনয়ন করিতে সক্ষম হইবেন।”

স্বামিজী কিয়ৎকাল চিন্তা করিয়া উত্তর করিলেন, “একদিন প্রভাসে সমুদ্র-তীরে দাঁড়াইয়া দূর দিক চক্ৰবালে আলোকমণ্ডিতশীর্ষ তরঙ্গমালার নৃত্যভঙ্গী দেখিতেছিলাম, সহসা যেন মনে হইল এই বিক্ষোভিত সিন্ধু অতিক্রম করিয়া আমাকে কোন সন্দের দেশে যাইতে হইবে, কিন্তু তাহা কি প্রকারে সম্ভব হইবে বুঝিতে পারি না।”

এই সময়ে ঘটনাক্রমে স্বামী ত্রিগুণাতীত হিঙ্গুলাজ তীর্থে যাইবার পথে তথায় উপনীত হন। লিম্বিডি রাজপ্রাসাদে একজন মহাপণ্ডিত ‘পরমহংস’ অবস্থান করিতেছেন শুনিয়া দর্শনার্থে উপস্থিত হইয়া দেখেন যে, পরমহংস আর কেহই নহেন, তাঁহাদের প্রিয়তম নেতা নরেন্দ্রনাথ। কথাপ্রসঙ্গে স্বামিজী বলিলেন, “ভাই সারদা! ঠাকুর যেসব কথা বলিতেন, যাহা আমি চপলতাবশতঃ তখন হাসিয়া উড়াইয়া দিতাম, এক্ষণে সেগুলির সত্যতা ক্রমে ক্রমে অনুভব করিতেছি। আমার মনে হয়, আমার ভিতর যে শক্তি আছে, তাহা দ্বারা জগৎ ওলট-পালট করিয়া দিতে পারি।” স্বামী ত্রিগুণাতীত প্রস্থান করিলে পাছে অন্যান্য গুরুভাইগণ তাঁহার সংবাদ জানিয়া বিরক্ত করেন, এই আশঙ্কায় স্বামিজী পোরবন্দর পরিত্যাগ করিয়া দ্বারকা, মান্ডবী, পালিটানা ইত্যাদি স্থান পরিদর্শন করিয়া বরোদাষ আসিবা বরোদারাজ্যের দেওয়ান বাহাদুর মণিলাই-এর আতিথ্য হইলেন। এখানে তিনি তিন সপ্তাহ ছিলেন এবং মাঝে মাঝে দুই-এক দিনের জন্য মধ্যভারতের কয়েকটি স্থান দর্শন করেন। এইকালে ভারতের বিভিন্ন প্রদেশের জনসমষ্টির পরিচয়লাভের জন্য তাঁহার আগ্রহ যেন শতগুণ বর্ধিত হইয়াছিল। গুজরাট, কাশ্মিরাবাদ এবং বোম্বাই অঞ্চলের বহু ছোট বড় দেশীয় নৃপতি ও শাসকমণ্ডলীর সহিতও তিনি ইচ্ছা করিয়া পরিচিত হন। জনসাধারণের দারিদ্র্য, দুঃখ ও অজ্ঞতার প্রতিকারকল্পে ধনী রাজা মহারাজারা অগ্রসর হইলে কার্য অধিকতর সহজ হইবে, তৎকালে এই ধারণা তাঁহার ছিল। বরোদা

হইতে খাণ্ডেয়া হইয়া একজন বাঙ্গালী ভদ্রলোকের পরিচরপত্রসহ তিনি বোম্বাইয়ের ব্যারিস্টার শেঠ রামদাস, ছবিলাদাসের অতিথি হন। এই সময়ে বোম্বাইয়ের একজন খ্যাতনামা রাজনৈতিক নেতা, কলিকাতার একখানি ইংরাজী খবরের কাগজে প্রকাশিত সহবাস সঙ্ঘতির বয়স নির্ধারণ আইন সম্পর্কে বাদানুবাদের প্রতি স্বামিজীর দৃষ্টি আকর্ষণ করেন। বাঙ্গালার শিক্ষিত ভদ্রলোকেরাও যে নিলম্বভাবে এমন একটা আইনের প্রতিবাদ করিতে পারেন, ইহা দেখিয়া স্বামিজী মরমে মরিয়া গেলেন এবং কথাপ্রসঙ্গে বাল্যবিবাহের অসামঞ্জস্য ও কুফলের তীব্র সমালোচনা করিলেন। গৈরিকধারী একজন হিন্দুসম্মাসীর উদারভাব দর্শনে বোম্বাইয়ের বিখ্যাত রাজনীতিক বিস্মিত হইয়াছিলেন সন্দেহ নাই।

১৮৯২, সেপ্টেম্বর মাসে বোম্বাই হইতে পুণাগামী ট্রেনের দ্বিতীয় শ্রেণীর গাড়িতে স্বামিজী বসিয়া আছেন, গাড়িতে আরও তিনজন মারাঠী যুবক বাঠী ছিলেন, তাহাদের মধ্যে যোর তর্কযুদ্ধ চলিয়াছে। তর্কের বিষয় ছিল—সন্ন্যাস। দুইজন যুবক, রাণাড়ে ইত্যাদি সংস্কারকগণের প্রতিধ্বনি করিয়া সন্ন্যাসের অকর্মণ্যতা ও নানা দোষ প্রদর্শন করিতেছিলেন, অপর একজন তাহাদের মত খণ্ডন করিয়া ভারতের সুপ্রাচীন সন্ন্যাসের মহিমা কীর্তন করিতেছিলেন। এই যুবকই লোকমান্য বালগঙ্গাধর তিলক। পার্শ্বে উপবিষ্ট সন্ন্যাসী বিবেকানন্দ তর্কের যুবকগণের যুক্তি ও উক্তি মনোযোগ দিয়া শুনিতেন, অবশেষে লোকমান্য তিলকের পক্ষাবলম্বন করিয়া তিনিও তর্কযুদ্ধে যোগ দিলেন। এই 'ইংরেজী-জানা' সন্ন্যাসীর প্রথর প্রতিভার যুবকগণ বিশেষভাবে তাঁর প্রতি আকৃষ্ট হইয়া পড়িলেন। স্বামিজী ধীরভাবে বুদ্ধাইয়া দিলেন যে, সন্ন্যাসীবাই ভারতের প্রান্ত হইতে প্রান্তান্তরে ভ্রমণ করিয়া জাতীয় জীবনের উজ্জাদর্শ সমগ্র ভারতে এতাবৎকাল প্রচার করিয়াছে। ভারতীয় সভ্যতার সর্বোচ্চ অভিব্যক্তি এই সন্ন্যাসই জাতীয় জীবনের আদর্শকে নানা বিপর্যয়ের মধ্য দিয়াও এতকাল শিষ্য পরম্পরায় রক্ষা করিয়া আসিয়াছে। ভণ্ড স্বার্থপর ব্যক্তির হাতে মাঝে মাঝে সন্ন্যাস লাঞ্চিত হইয়াছে সত্য, কিন্তু ভারতের সমগ্র সন্ন্যাসী-সম্প্রদায়কে ব্যক্তিবিশেষের ভণ্ডামির জন্য দায়ী করা অসঙ্গত। এই সুপরিচিত সন্ন্যাসীর বাকবুদ্ধি ও গভীর পাণ্ডিত্য দর্শনে লোকমান্য তিলক মহারাজ মুগ্ধ হইলেন এবং পুণা স্টেশনে অবতরণ করিয়া স্বামিজীকে স্বাগত লইয়া গেলেন। স্বামিজীও তিলক মহারাজের প্রথর প্রতিভা ও বেদাদি শাস্ত্রে পাণ্ডিত্য দেখিয়া সানন্দে তাহার আগরে অবস্থান করিতে লাগিলেন। উভয়ে পরাধীন ভারতের সমস্যাদ্বারার আলোচনায় তৃপ্ত হইয়াছিলেন। কিশোরদাস পুণায় তিলক-ভবনে বাপন

করিস্না স্বামিজী মহাবালেশ্বর অভিমুখে যাত্রা করিলেন। একদিন লিম্বাডির ঠাকুর সাহেব স্বীয় গুরুকে রাজপথে দীনবেশে দেখিতে পাইয়া তাহাকে স্বালয়ে লইয়া আসিলেন এবং বলিলেন, “এইরূপ অনর্থক ভ্রমণক্ৰেশ সহ্য করিতেছেন কেন? আর আপনাকে ছাড়িয়া দিব না, দয়া করিয়া আমার সঙ্গে চলুন, লিম্বাডিতে আপনার স্থায়ী ভাবে থাকিবার সুবন্দোবস্ত করিয়া দিব।”

স্বামিজী উত্তর করিলেন, “মহারাজ। একটা অদ্ভুত শক্তি আমাকে জোর করিয়া ঘুরাইয়া লইয়া বেড়াইতেছে। ঠাকুর আমার ক্ষম্বে এক মহান কার্যভার অর্পণ করিয়া গিয়াছেন। যে পর্যন্ত না উহা শেষ হইবে, ততদিন বিশ্রাম করিবার আশা বৃথা। যদি জীবনে কখনো বিশ্রাম করিবার অবসর পাই, তাহা হইলে আপনাব সহিত আসিয়া বাস করিব।”

বিবেকানন্দ আবার পথে বাহির হইলেন। মারমাগোষা হইয়া বেলগামে উপস্থিত হইয়া একজন মারাঠা ভদ্রলোকের আতিথি হইলেন। তাহার পুত্র অধ্যাপক জি এম ভাটে তাহাদের অভিনব আতিথি সম্পর্কে যে সুদীর্ঘ বিবরণ লিখিয়াছেন, তাহা হইতে আমরা দেখি যে, সরল, উদার, অকপট স্বামিজীর পাণ্ডিত্য, নিরাভিমান বিনয় এবং তাঁর জাতীয়তাবোধে স্থানীয় শিক্ষিত ও বিশিষ্ট ব্যক্তিগণেই তাহার প্রতি আকৃষ্ট হইয়াছিলেন।

বেলগামের বন বিভাগের কর্মচারী হরিপদ মিত্র মহাশয় বাঙালী সম্মাসীর পরিচয় পাইয়া তাহাকে স্বালয়ে লইয়া আসেন এবং তাহার পাণ্ডিত্য ও ধর্মনিরূপে মৃদু হইয়া সন্তানিক শিষ্যত্ব গ্রহণ করেন। এইখানে স্বামিজী আমেরিকা গিয়া শিকাগো-ধর্মসভায় যোগদানের অভিপ্রায় হরিপদবাবুর নিকট ব্যক্ত করিয়াছিলেন। কিন্তু হরিপদবাবু যখন উদ্দেশ্য সাধনের জন্য চাঁদা সংগ্রহ করিবার প্রস্তাব করিলেন, তখন স্বামিজী তাহাকে নিরস্ত করিলেন। কয়েকদিন পর মিত্র-দম্পতির নিকট বিদায় লইয়া স্বামিজী বেলগাম হইতে বাঙ্গালোরে উপস্থিত হইলেন।

মহীশূর বাজ্যের দেওয়ান আর কে শেষোক্ত বাহাদুর স্বামিজীর সহিত আলাপ করিয়া এতাদৃশ মৃদু হইলেন যে, তাহাকে মহারাজা চামরাজেন্দ্র ওষাডয়ারের সহিত পরিচয় করাইয়া দিলেন। মহারাজা ভরুণ সম্মাসীর অলৌকিক প্রতিভা ও পাণ্ডিত্যের পরিচয় পাইয়া আনন্দিত হইলেন। বলা বাহুল্য, স্বামিজী শ্রম্ভান্দপদ আতিথিরূপে রাজভবনে বাস করিতে লাগিলেন। মহীশূরাদিগণ অত্যন্ত সরল ও উদার প্রকৃতির লোক ছিলেন। স্বামিজী সময় সময় বালকের মত সরলভাবে মহারাজার কোন কার্যে ত্রুটি দেখিলে তৎক্ষণাৎ তাঁর সমালোচনা করিতেন, মহারাজ তাহাতে বড়ই আনন্দানুভব

করিতেন। একদিন স্বামিজীর সন্নেহ ভৎসনার মহারাজা কৃত্রিম কোপ প্রকাশ করিয়া কহিলেন, “স্বামিজী! আমি এত বড় একজন মহারাজা, আমাকে আপনার ভয় করা উচিত, খোসামোদ করা উচিত। ভবিষ্যতের জন্য আপনি সাবধান হইবেন, নতুবা আপনার জীবন সঙ্কটাপন্ন হইতে পারে।”

স্বামিজী বালকোচিত সরলতার সহিত মহারাজার কথাগুলা বিস্বাস করিয়া গম্ভীরভাবে উত্তর করিলেন, “আপনার অসঙ্গত কার্য ও উক্তি সমর্থন করিবার জন্য তো বহু পারিশ্রম্য আছেন। আমি সম্ম্যাসী—সত্যই আমার তপস্যা। সামান্য জড়দেহের অনিশ্চয়তা সত্যকে পরিত্যাগ করিব? আপনি হিন্দুরাজা হইয়া একজন হিন্দু-সম্ম্যাসীর নিকট কি এইরূপ হীনোচিত কার্য প্রত্যাশা করেন?”

এইরূপ নির্ভীক স্পষ্টবাদিতার জন্যই স্বামিজী মহীশূরাধিপের বন্দু হইতে পারিয়াছিলেন। মহারাজা একদিকে যেমন তাঁহার সহিত পরিহাস ও রহস্যলাপ করিতেন, অপরদিকে তেমনি গুরুবৎ শ্রদ্ধা কবিতেন এমন কি, একদিন মহারাজা স্বামিজীর পাদপূজা করিবার অভিপ্রায় প্রকাশ করিলেন, কিন্তু স্বামিজী এমন প্রবল আপত্তি উত্থাপন করিলেন যে, মহারাজাকে বাধ্য হইয়া উক্ত সঙ্কল্প পরিত্যাগ করিতে হইল। এই পার্থক্য যশ-সম্মান ও ঐশ্বর্যের আকাঙ্ক্ষাহীন সম্ম্যাসী যে স্বাধী অমল চরিত্রের প্রভাবে রাজাধিরাজ হইতে দরিদ্র মেথরের পর্যন্ত হৃদয় জয় করিয়া লইয়াছিলেন, ইহা আর বিচ্যুত কি?

একদিন দেওয়ানজীর সভাপতিত্বে রাজপ্রাসাদে এক দার্শনিক বিচাবসভা আহত হয়। বাঙ্গালোর নগরের প্রায় সমস্ত পণ্ডিতবর্গ এই বিচারসভায় যোগদান করেন। স্বামিজীও মহারাজার অনুরোধে সভায় যোগদান করিলেন। বেদান্তের বিচাব আলম্ভ হইল। পণ্ডিতবর্গ বেদান্তের বিভিন্ন প্রকার মতবাদ সমর্থন করিয়া বাদানুবাদে প্রবৃত্ত হইলেন। স্বমত প্রতিষ্ঠার আকাঙ্ক্ষার অপরের সমর্থিত মত দ্রাস্ত বলিয়া প্রতিপাদন করিবার জন্য তুমুল তর্কের ঝড় বহিল—কিন্তু বহুক্ষণেও তাঁহার কোন সিদ্ধান্তে উপনীত হইতে না পারিয়া নিস্তম্ভ হইলেন।

অবশেষে দেওয়ানজীর অনুরোধে স্বামিজী দণ্ডায়মান হইয়া সমবেত পণ্ডিত-মণ্ডলকে শ্রদ্ধা সহকারে অভিবাদন করিলেন। তাঁহার স্বর্গীয় লাভগাম্ভীৰ্য্য মূখশ্রী ও বিদ্যুৎবর্ষী উজ্জ্বল নেত্রদ্বয় অনতিবিলম্বেই বয়োবৃদ্ধ সুবিস্তৃত পণ্ডিতমণ্ডলীর হৃদয় অধিকার করিয়া লইল। স্বামিজী স্বভাব-সুমধুর-কণ্ঠে সুদলিত সংস্কৃতে, সর্বসংশয়চ্ছেদী বিভিন্ন প্রকার মতবাদগুলা যে পরস্পর-বিরোধী নহে, পরন্তু একে অন্যের পরিপূরক, ইহা অপূর্ব বুদ্ধিবলে প্রমাণ করিয়া বুঝাইলেন। বেদান্তশাস্ত্র

কতকগুলি দার্শনিক মতবাদের সমষ্টি^১ নহে, উহা সাধক-জীবনের বিভিন্নাবস্থায় অনুভূত সত্যসমূহ। অতএব একটিকে সত্য বলিয়া প্রতিপাদন করিতে হইলে আপাতবিরুদ্ধ অপরিটিকে মিথ্যা প্রমাণ কবিবার কোনই প্রয়োজন নাই। স্বামিজীর অভিনব বেদান্তেব ব্যাখ্যা শ্রবণ কবিষা সমবেত পণ্ডিতমণ্ডলী চমৎকৃত হইলেন এবং সমস্বরে তাঁহাকে সাধুবাদ প্রদান করিতে লাগিলেন।

একদিন কথাপ্রসঙ্গে মহাবাজা বলিলেন, “স্বামিজী! আপনার জন্য কিছুর কবিতে পারিলে বড়ই সন্তুষ্ট হইতাম, আপনি তো কিছুরই গ্রহণ করিবেন না।”

স্বামিজী তাঁহার ভারত-ভ্রমণেব অভিজ্ঞতা হইতে দেশের বর্তমান অবস্থা বর্ণনা কবিষা বলিলেন, “আমাদের বর্তমান প্রয়োজন পাশ্চাত্যবিজ্ঞান সহায়ে আর্থিক ও সামাজিক অবস্থা উন্নত কবিতে চেষ্টা কবা, কিন্তু ইউরোপীয়দিগের স্বারে দাঁড়াইয়া কেবলমাত্র ক্রন্দন ও ভিক্ষা প্রার্থনা করিলে এই উদ্দেশ্য সিদ্ধ হইবে না। উহারা যেমন বর্তমান উন্নত বৈজ্ঞানিক প্রণালীতে কৃষি, শিল্প ইত্যাদি শিক্ষা দিবে, বিনিময়ে আমাদেরও উহাদিগকে কিছুর দিতে হইবে। ভারতবর্ষের বর্তমানে দিবার মত এক আধ্যাত্মিক জ্ঞান ব্যতীত আর কি আছে? সেইজন্য সময় সময় আমার ইচ্ছা হয় যে, বেদান্তের অভ্যুদার ধর্ম প্রচার করিতে পাশ্চাত্যদেশে গমন করিব। যাহাতে এই আদান-প্রদান সম্বন্ধ স্থাপিত হয়, তৎজন্য প্রত্যেক ভারতবাসীরই স্বজাতি ও স্বদেশের কল্যাণ-কামনায় চেষ্টা কবা কর্তব্য। আপনার ন্যায় মহাকুলপ্রসূত শক্তিশালী রাজন্যবর্গ চেষ্টা করিলে অল্পাষাসেই কার্য আবশ্য হইতে পারে। আপনিই এই মহৎকার্যে অগ্রসব হউন, ইহাই আমার একমাত্র প্রার্থনা।”

মহাবাজা অভিনবশে সহকারে স্বামিজীর বাক্য শ্রবণ কবিষা বলিলেন যে, স্বামিজী যদি পাশ্চাত্যদেশে হিন্দুধর্ম প্রচার করিতে গমন করেন, তাহা হইলে তিনি সমগ্র ব্যাভার বহন করিবেন, এমন কি, তিনি তৎক্ষণাৎ তাঁহাকে কষেক সহস্র মদ্রা প্রদান করিতে উদ্যত হইলেন। স্বামিজী প্রত্যাখ্যান করিয়া কহিলেন, “মহারাজ, আমি এখনও স্থিতিস্থাপনে উপনীত হইতে পারি নাই। আমি হিমালয় হইতে কন্যাকুমারী পর্যন্ত ভ্রমণ করিবার সঙ্কল্প করিয়াছি। এই পরিব্রাজকত্ব উদ্ঘোষিত না হওয়া পর্যন্ত অন্য কোন কার্যে হস্তক্ষেপ করিব না—এমন কি, তাহার পর কি করিব, কোথায় যাইব, তাহার কিছুরই স্থিরতা নাই।”

অবশেষে একদিন স্বামিজীকে বিদায় লইতে উদ্যত দেখিয়া মহারাজা তাঁহাকে

বিবিধ বহুমূল্য দ্রব্য উপহার প্রদান করিলেন। স্বামিজী উহার মধ্য হইতে বহু অনুরোধে বন্দুকের স্মৃতিচিহ্নস্বরূপ একটি খাতবদ্রবোর সংগ্রহহীন ক্ষুদ্র চন্দনকাষ্ঠের হুঁকা গ্রহণ করিয়া অবশিষ্ট দ্রব্য গ্রহণে অস্বীকৃত হইলেন। দেওয়ানজী স্বামিজীর ক্ষুদ্র পুটুলীর মধ্যে একতাপা নোট গুঁজিয়া দিবাব জন্য বহু চেষ্টা করিয়া অকৃতকার্য হইলেন। তাঁহাকে বিমর্ষ দেখিয়া স্বামিজী অগত্যা তাঁহার নিকট হইতে কোচিন পর্যন্ত একখানি শ্বিতীয় শ্রেণীর রেলওয়ে টিকিট লইলেন। দেওয়ানজী কোচিন রাজ্যের দেওয়ানজীর নিকট একখানি পরিচয়-পত্র দিয়া বলিলেন, “স্বামিজী! আমার একটি অনুরোধ দয়া করিয়া রাখিবেন। আপনি পদব্রজে ভ্রমণ করিয়া কষ্টভোগ করিবেন না; কোচিন রাজ্যের দেওয়ানজী আপনার শ্রীশ্রীরামেশ্বর পর্যন্ত যাইবাব সুবন্দোবস্ত করিয়া দিবেন।”

মহাশূরের দেওয়ান সার শেখারি আষারের সহিত স্বামিজীর প্রগাঢ় বন্ধুত্ব আমরণ অক্ষুণ্ণ ছিল। স্বামিজী আমেরিকা হইতে স্বীয় মনের ভাব ব্যক্ত করিয়া এবং ভবিষ্যৎ কার্যপ্রণালী সম্বন্ধে দেওয়ানজীর সহিত পরামর্শ করিতেন। স্বামিজী আমেরিকায় সাফল্যলাভ করিবার পর কয়েকজন বিশিষ্ট ভারতীয় ধর্মপ্রচারক তাঁহাব কুংসা রটনা করিতে আরম্ভ করেন। বিবেকানন্দ প্রত্যাশা করিয়াছিলেন, ভারত হইতে ইহার প্রতিবাদ হইবে। কিন্তু তাহা হইতেছে না দেখিয়া তিনি ক্ষোভ প্রকাশ করিয়া দেওয়ানজীকে একখানি পত্র লেখেন। দেওয়ানজীর উত্তর পাইবার পর স্বামিজী (২০শে জুন, ১৮৯৪) শিকাগো হইতে তাঁহাকে যে পত্র লেখেন, তাহার কিয়দংশ নিম্নে উদ্ধৃত করিতেছি।

“প্রিয় দেওয়ানজী সাহেব, আপনার সহৃদয় পত্রখানি আজই পাইলাম। আমি হঠকারিতার সহিত কঠিন কথা লিখিয়া আপনাব মহৎ হৃদয়ে ব্যথা দিয়াছি, তন্জন্য দৃষ্ট বোধ করিতেছি। আপনার মৃদুভাষায় সংশোধনগুলি শিরোধার্য করিলাম। “শিবাস্তেহং শানি মাং হ্যং প্রপন্নম্”—গীতা। কিন্তু আপনি ভাল করিয়াই জানেন, আমি ভালবাসার প্রেরণা হইতেই ঐরূপ লিখিয়াছি। নিন্দুকেরা পরোক্ষভাবেও আমার কোন উপকার করে নাই, অন্যদিকে আমার গুরুতর ক্ষতি করিয়াছে। একথা তো সত্য যে হিন্দুরা, আমি যে তাহাদের প্রতিনিধি একথা আমেরিকানদের জানাইবার জন্য একটি অঙ্গুলীও উত্তোলন করে নাই। আমার প্রতি সদয় ব্যবহারের জন্য আমেরিকানদের ধন্যবাদ দিয়া এবং আমি যে তাহাদের প্রতিনিধি একথা জানাইবার জন্য আমার স্বদেশবাসী কি করিয়াছে। * * * তাহারা আমেরিকানদের বলিতেছে,

আমি আমেরিকার আসিয়া সম্মাসী সাজিয়াছি, আসলে আমি একজন প্রতারক ছাড়া কিছুই নই। ইহাতে আদর অভ্যর্থনার দিক হইতে কোন ইতরবিশেষ হয় নাই, কিন্তু আমার কাজের জন্য অর্থসংগ্রহ ব্যাপারে অনেকে ইহার ফলে হাত গুটাইয়া লইতেছেন। আমি এক বৎসর হইল এখানে আসিয়াছি, অথচ ভারতের একজন বিশিষ্ট ব্যক্তিও আমেরিকানদের একথা বলিবার প্রযোজন বোধ করিলেন না যে, আমি প্রতারক নহি। ইহা ছাড়া এখানকার পাদ্রীরা আমার বিরুদ্ধে প্রচারিত মতামত সংগ্রহ করিতেছে, ভারতের খৃষ্টান কাগজগুলি হইতে আমার নিন্দাসূচক উক্তিগুলি উদ্ধৃত করিয়া প্রচার করিতেছে। আপনি ভাল করিয়াই জানেন যে এখানকার লোকেরা ভারতে খৃষ্টান ও হিন্দুর মধ্যে পার্থক্য কতখানি তাহা অল্পই বুঝে।

“আমি প্রধানতঃ এদেশে আমার স্বদেশে কাজের জন্য অর্থসংগ্রহ করিতে আসিয়াছি। * * * দেওয়ানজী সাহেব, ইহার জন্য সত্ত্ব ও অর্থ দুইই আবশ্যক—প্রথম দিকে কাজ আরম্ভ কবিবার জন্য কিছু অর্থ চাই। কিন্তু ভারতে আমাদের কে টাকা দিবে? * * * এই কারণেই আমি আমেরিকাতে আসিয়াছি। আপনার মনে আছে, আমি দরিদ্রদের নিকট ভিক্ষা করিয়া অর্থসংগ্রহ করিয়াছি, ধনীদের টাকা লই নাই, কেননা তাঁহারা আমার ভাব ও আদর্শ বুঝে না। * * * এক বৎসর চলিয়া গেল, কিন্তু আমার স্বদেশবাসীরা আমেরিকানদের এটুকু পর্যন্ত বলিতে পারিল না যে, আমি প্রতারক নহি, সত্যসত্যই সম্মাসী এবং হিন্দুধর্মের প্রতিনিধি। ইহাতে কয়েকটি কথা মাত্র খরচ—ইহাও তাহারা করিল না। বাহবা, আমার স্বদেশবাসিগণ! দেওয়ানজী সাহেব, আমি ইহাদের ভালবাসি। * * * আমার দীর্ঘ পত্রে আমার কর্মপ্রণালী বিস্তারিত লিখিলাম। * * * প্রিয় বন্ধু, আপনি আমাকে কল্পনা-বিলাসী বা স্বপ্নাতুর ভাবিতে পারেন, কিন্তু অন্ততঃ এটুকু বিশ্বাস করিবেন, আমি অকপট এবং আমার সর্বপ্রধান দোষ এই আমি আমার স্বদেশকে সর্বহৃদয় দিয়া ভালবাসি—গভীরভাবে ভালবাসি।”

কোচিনের রাজধানী চিচড়ে কয়েকদিন বিশ্রাম করিয়া রমণীয় মালবার প্রদেশের মধ্য দিয়া স্বামিজী ত্রিবাঙ্কুর রাজ্যের রাজধানী ত্রিবান্দ্রমে উপস্থিত হইলেন। ত্রিবাঙ্কুরের মহারাজার ভ্রাতৃপুত্রের গৃহশিক্ষক অধ্যাপক সুন্দরম্ আয়ার তাঁহাকে সমাদরের সহিত আতিথ্যরূপে গ্রহণ করিলেন। স্বামিজী তাঁহার মধ্যস্থতায় ত্রিবাঙ্কুরের মহারাজা, দেওয়ান বাহাদুর এবং প্রিন্স মার্টিন্ড বর্মার সহিত আলাপ করেন। উক্ত রাজকুমারের সহিত কথাপ্রসঙ্গে স্বামিজী উত্তর ভারত, রাজপুতানা এবং পশ্চিম

ভারতের দেশীয় নৃপতিদের বিষয় আলোচনা প্রসঙ্গে বলেন, দেশীয় নৃপতিদের মধ্যে বরোদার গাইকোৱাড়ের বিদ্যাবত্তা, কর্মকুশলতা ও দেশপ্রীতি বিশেষভাবে উল্লেখযোগ্য। স্থানীয় কয়েকজন পণ্ডিত ব্যক্তি স্বামিজীর পণ্ডিত্য ও প্রতিভায় মুগ্ধ হন। এই-কালের কথা স্মরণ করিয়া দ্বিবাঙ্কুরের এস কে নায়ার লিখিয়াছেন,—

“বিখ্যাত পণ্ডিত মহারাজা-কলেজের বসাবন শাস্ত্রের অধ্যাপক রংগচাৱিয়ার এবং স্বামিজী উভয়েই ইংরাজী ও সংস্কৃতে সুপণ্ডিত, তাঁহারা পরস্পরবেব সহিত নানা বিষয়ে আলোচনা করিয়া সুখী হইতেন। স্বামিজীর সহিত কিছুকাল আলাপ কবিলেই তাঁহাব প্রখর ব্যক্তিত্বে আকৃষ্ট হইত না এমন ব্যক্তি বিরল। সম্মিলিত বা পৃথকভাবে বহু ব্যক্তির বিভিন্ন প্রশ্নের প্রশ্নের যুগপৎ উত্তর দিবার তাঁহার পরমাশ্চর্য দক্ষতা ছিল। কখনো স্পেনসার, কখনো সেক্সপীয়র, কখনো কালিদাস, কখনো বা ডারউইনের অভিব্যক্তিবাদ, ইহুদী জাতির ইতিহাস, আৰ্যসভ্যতার ঋষিভাবান্ত্রি, বেদ, ইসলাম ধর্ম অথবা খৃষ্টান ধর্ম—যে কোন বিষয়েই প্রশ্ন হউক না কেন, স্বামিজী সংগত উত্তর দিবার জন্য সর্বদাই প্রস্তুত। তাঁহার সর্বাঙ্গবৎ মহত্ত্ব ও সরলতা মণ্ডিত। পবিত্র হৃদয়, অনাড়ম্বর জীবন, উদার ও প্রাণখোলা ব্যবহার, দূরপ্রসারী জ্ঞান ও গভীর সহানুভূতিই তাঁহার চরিত্রের বিশেষত্ব।”

মাদুবাষ রামনাদেব বাজা ভাস্কর সেতুপতিব সহিত তাঁহার পরিচয় হয়। সুপণ্ডিত রাজা স্বামিজীর শিষ্যত্ব গ্রহণ কবেন। জনসাধারণের অবস্থার উন্নতির জন্য শিক্ষা বিস্তার ও কৃষির উন্নতি বিষয়ে সংসারবিবাগী সম্যাসীকে আগ্রহ ও উৎসাহেব সহিত আলোচনা কবিতে দোঁখিয়া রাজা বিস্মিত হন। স্বামিজী বলিলেন, মোক্ষ সম্যাসীর লক্ষ্য হইলেও ভারতবর্ষের জনমণ্ডলীর উন্নতি সাধনের চেষ্টাও যে মোক্ষ লাভের সোপান, আমি গুরুদর নিকট এই আদর্শই পাইয়াছি। মাদুবাষ কয়েকদিন কাটাঁইষা বন্ধনমুক্ত সিংহের ন্যায় স্বামিজী দক্ষিণ ভাবতের বারাগসী রামেশ্বরে, ভগবান শ্রীরামচন্দ্র প্রতিষ্ঠিত শিব এবং সুবৃহৎ মন্দিরাদি দর্শন করিয়া কন্যাকুমাৰী অভিমুখে প্রস্থান করিলেন।

স্বামিজীর অপূর্ব ভারত-ভ্রমণ-কাহিনী ষথায়থভাবে লিপিবদ্ধ করা এই ক্ষুদ্র পুস্তকে অসম্ভব বিখ্যাত সংক্ষেপে সমাপ্ত করিতে বাধ্য হইলাম। কখনও বা রাজাধিরাজের শীতল মর্মর-হর্মোঁ বিশ্রামরত স্বামিজী—পার্শ্বে নরপতি আদেশ পালনের জন্য যুক্তকরে দণ্ডায়মান, কখনও বা রৌদ্রদীপ্ত প্রচণ্ড-মরুৎ তপ্তবালুকা-পূর্ণবক্ষে ক্ষুণ্ণপাসায় কাতর স্বামিজী—সম্মুখে সামান্য বণিক খাদ্য-পানীয়ের লোভ দেখাইয়া ব্যাগপরাণ। কখনও বা রাজা, মহারাজা, উচ্চবংশজাত ধনী ও

সম্ভ্রান্ত ব্যক্তিগণের আগ্রহপূর্ণ আমন্ত্রণ অগ্রাহ্য করিয়া দরিদ্র চর্মকার-গৃহে ভিক্ষা গ্রহণপূর্বক তাহাকে কৃতার্থ করিতেছেন, আবার কখনও বা ক্রমাগত পাঁচ ছয় দিবস নিষমিত আহার-পানীয় বিবর্জিত হইয়া তব্দতলে বসিয়া প্রসন্নহাস্যে, ধর্মের সুস্কমতত্ত্ব ব্যাখ্যা করিতেছেন। আদর, সম্মান, ভক্তি, উপেক্ষা, তাড়না কিছুতেই তাহার চিত্ত বিচলিত করিতে সমর্থ হয় নাই। সে অপূর্ণ তিতিক্ষা, অসীম ধৈর্য, অলৌকিক ত্যাগশক্তি, অপার পবদুঃখকাতরতা মানবীয় ভাষায় ব্যক্ত করা অসম্ভব। আমরা যাহাকে দৃঃখকষ্ট বলি, স্বাহার সামান্য স্পর্শে আমরা ব্যথিত চিত্তে আতর্নাদ করিয়া “ভগবানের বিচার নাই” বলিয়া ধিক্কার দেই, মূর্তিমান সন্ন্যাস এই মহাপুরুষ অবিচলিতভাবে তাহা সহ্য কবিয়াছেন—কেবল সহ্য নয়—ঐগুণি লইয়া তিনি যেন আনন্দে উন্মত্ত। তিনি দৃঃখকষ্ট হইতে পলায়নেব চেষ্টা কোনদিন করেন নাই, বরং স্বীয় সমগ্র যোগৈশ্বর্য গোপন কবিয়া মানবজাতির সমগ্র দুর্বলতা সমগ্র পাপভার সমগ্র দৃঃখকষ্ট নিজস্বকক্ষে বহন করিয়া, আমাদের মত মানুষ সাজিয়া, জগতের কল্যাণ কামনায় নবজাগরণের পুণ্যবারতা লইয়া প্রত্যেকেব দ্বারে দ্বারে ঘাটিয়া গিয়াছেন। ইহাপেক্ষা অধিক স্বার্থত্যাগ, অধিক উপস্যা বর্তমান যুগে কদাচিত্ দেখা গিয়াছে। স্বামিজী ভারতভ্রমণে বহির্গত হইবার প্রাক্কালে জনৈক ভক্তিভাজন বন্ধুকে এক পত্রে লিখিয়াছিলেন, “আশীর্বাদ কবিবেন, যেন আমার হৃদয় মহা ঐশবলে বলীয়ান হয় এবং সকল প্রকার মায়া আমা হইতে দূরাপহত হইয়া যায়—for ‘we have taken up the cross, Thou hast laid it upon us and grant us strength that we bear it unto death Amen’—The Imitation of Christ

“কারণ—আমরা জগতের দৃঃখকষ্টরূপ ক্লেশ ঘাড়ে করিয়াছি, হে পিতা, তুমিই আমাদের বল দাও, যেন আমরা উহা আমবণ বহন কবিতে পারি।”

এই অপ্রান্ত ভ্রমণের মধ্য দিয়া ভারতের বিভিন্ন প্রদেশের আচার-ব্যবহার রীতি-নীতির পরিচয় পাইয়া স্বামিজী যে অভিজ্ঞতা লাভ করিয়াছিলেন, তাহা সামান্য নহে, কিন্তু সর্বোপরি জনসাধারণের দারিদ্র্য, অজ্ঞতা ও কুসংস্কারের ফলস্বরূপ দৃঃখই তাহার বিশাল হৃদয়কে ব্যথিত করিয়া তুলিয়াছিল। আমরা দেখিতে পাই, তাহার পরিব্রাজক জীবনে তিনি প্রায় সর্বদাই রাজ-রাজড়াদের অতিথি হইয়াছেন, যাচিয়া তাহাদের সহিত দেখা করিয়াছেন। এই কালে তাহার ধারণা ছিল, পাশ্চাত্যভাবে উন্মত্ত, অপরিমিত বিলাসী এবং অমিতব্যয়ী দেশীয় রাজাদিগের চিত্তে জাতির প্রতি

সহানুভূতি সঞ্চারিত হইলে জনসাধারণের কল্যাণ হইবে।* তিনি মনে করিতেন, ইহারা বিলাসে যে অর্থ ব্যয় করে তাহার কিয়দংশ শিক্ষা বিস্তার ও কৃষির উন্নতিতে নিয়োগ করিলে জনসাধারণের সুনিশ্চিত কল্যাণ এবং ইহারা পাশ্চাত্য বিলাসের অনুকরণ না করিলে, ইহাদের দেখাদেখি সাধারণ ধনীরাও, স্বজাতির সহিত

* ১৮৯৪ সালের ২০শে জুন শিকাগো হইতে স্বামিজী মহাশয়ের মহারাজাকে এক পত্রে লিখিয়াছিলেন,— * * * ভারতের সর্ববিধ দুর্গতির মূল কারণ দরিদ্র জনসাধারণের দুরবস্থা। পাশ্চাত্যদেশের দরিদ্ররা বর্বর, তুলনায় আমাদের দেশের দরিদ্ররা দেব-প্রকৃতি; এই কারণে আমাদের দেশের দরিদ্রের উন্নতিবিধান সহজে সম্ভবপর। আমাদের নিম্নশ্রেণী-গুলির প্রতি একমাত্র কর্তব্য তাহাদের শিক্ষা দেওয়া, তাহাদের প্রনট ব্যক্তিকে বিকশিত করা। তাহাদিগকে শিক্ষা দেওয়া যে, তোমরাও মানুষ, চেষ্টা করিলে সকলের মত তোমরাও উন্নতিলাভ করিতে পার। এই বোধ তাহারা হারাইয়া ফেলিয়াছে। আমাদের জনসাধারণ এবং নৃপতিবৃন্দের সম্মুখে সেবার এই বিস্তৃত কর্মক্ষেত্র। এ-পর্বন্ত এদিক দিয়া কিছুই করা হয় নাই। গুরু-পুরুোহিতকুল এবং বিদেশী রাজশক্তি ম্বারা শত শত শতাব্দী পদদলিত হওয়ার ফলে, তাহারা ভুলিয়া গিয়াছে যে, তাহারাও মানুষ।

“তাহাদিগকে আদর্শ ideas দিতে হইবে, তাহাদের চক্ষু খুলিয়া দিতে হইবে বাহ্যতে জগতে কোথায় কি ঘটিতেছে, তাহা বুঝিতে পারে, তাহা হইলে তাহারা নিজেরাই মন্দির পথ বাছিয়া লইতে পারিবে। প্রত্যেক জাতি, প্রত্যেক পুরুষ ও নারী প্রত্যেকেই স্ব স্ব মন্দিরবিধানের পথ করিয়া লইতে হয়। তাহাদের কেবল এইটুকু সাহায্য করিতে হইবে যে কতকগুলি কার্যকরী আদর্শ দেওয়া,—অবশিষ্ট বাহ্য কিছু তাহার ফলস্বরূপ আপনিই আসিবে। আমাদের কাজ হইল রাসায়নিক উপাদানগুলি একত্র সমাবেশ করা, প্রাকৃতিক নিয়মেই সেগুলি দানা বাঁধিয়া উঠিবে। আমাদের কর্তব্য তাহাদের মাধ্যম কতকগুলি ভাব ঢুকাইয়া দেওয়া। বাদ বাকী যা কিছু তাহারা করিয়া লইবে। ভারতের জন্য ইহাই প্রয়োজন। অনেকদিন হইল, আমার মনে এই কার্যপ্রণালীর ভাবগুলি রহিয়াছে। ভারতে তাহার সার্থকতার উপায় না দেখিয়া আমি এদেশে আসিয়াছি।

“আমাদের দেশের দরিদ্রদের শিক্ষাদানের পথে বিষয় প্রচুর। ধরিয়া লওয়া যাক, মহারাজা গ্রামে গ্রামে অবৈতনিক বিদ্যালয় স্থাপন করিলেন, কিন্তু তাহাতেও কোন উপকার হইবে না। কেননা, ভারতে দারিদ্র্য এত ভয়াবহ যে গরীবের ছেলেরা পিতার সাহায্যের জন্য কৃষিক্ষেত্রে বাইবে, অথবা অন্যত্র কিছু উপার্জন করিবার চেষ্টা করিবে। বিদ্যালয়ে আসা তাহার পরের কথা। যদি দরিদ্র বালক শিক্ষাকেন্দ্রে না আসিতে পারে, তাহা হইলে শিক্ষা তাহার গৃহে লইয়া বাইতে হইবে। আমাদের দেশে হাজার হাজার একাগ্রলক্ষ্য আত্মত্যাগী সন্ন্যাসী আছেন, যাহারা গ্রাম হইতে গ্রামান্তরে গিয়া ধর্মপ্রচার করিয়া থাকেন। ইহাদের একটা অংশকে

সামাজিকতা ছিন্ন করিয়া সাহেবীয়ানার অভ্যস্ত হইবে না। কিন্তু পরবর্তীকালে তাহার এই ধারণা পরিবর্তিত হইয়াছিল। দেশের কল্যাণের জন্য রাজা মহারাজা ধনী অপেক্ষা তিনি চরিত্রবান শিক্ষিত যুবকদের প্রতিই অধিক নির্ভরশীল হইয়াছিলেন। যুবক সন্ন্যাসী বিবেকানন্দের চিন্তা ও চরিত্রের অতি দ্রুত পরিবর্তন এই কালে হইয়াছিল। ১৮৮৮-ত যে অশান্ত পরিব্রাজক বরাহনগর মঠ ছাড়িয়া নিরুদ্দেশ যাত্রায় বাহির হইয়াছিল, আর ১৮৯২ সালের ডিসেম্বর মাসে যে বিবেকানন্দকে আমরা দাক্ষিণাত্যের পথে পথে ভ্রমণ করিতে দেখিলাম, এই দুই সম্পূর্ণ না হইলেও পৃথক ব্যক্তি। এমন আশ্চর্য মানসিক বিকাশ অতি অল্প মানবেই সম্ভব। ভগবান শ্রীবিষ্ণুকে মঙ্গলহস্ত যেন আবরণের পর আবরণ উন্মোচন করিয়া, তাঁহাকে ভারত ভ্রমণের ছলে জাতীয় জীবনের মর্মাস্তিক সমস্যার সহিত মধোমুখি করিয়া দিলেন।

সম্মুখে অনিলাঙ্গোলিত বীচি-বিক্ষোভময়ী উচ্ছ্বাসিত সুনীল জলধি, পশ্চাতে মরু-গিরি-কাল্ভাব-পরিশোভিতা শস্যশ্যামলা ভারতবর্ষ—আর তাহার সর্বশেষ প্রস্তর-খানির উপর যোগাসনে সমাসীন নব্য ভারতের মন্ত্রগুরু—পরিব্রাজকচার্য বিবেকানন্দ! কি মহিমময় দৃশ্য!

স্বামিজী ভাবিতেছেন, শ্রীগুরুর আদেশবাণী শিরোধার্য করিয়া সমগ্র ভারতবর্ষ ভ্রমণ করিয়াছি, ধনী, নিধন, উচ্চ, নীচ, রাজা, মহারাজা, পণ্ডিত, মূর্খ প্রত্যেকের স্মারে স্মারে গিয়াছি, অপারোক্ষানুভূতিলব্ধ সত্য প্রচার করিতে যথাসাধ্য চেষ্টা করিয়াছি; পরিব্রাজক ব্রত উদ্‌ঘোষিত হইয়াছে। এক্ষণে আমি কি করিব? আরও কি কর্ম অবশিষ্ট রহিয়াছে?

বাদি লৌকিকবিদ্যা শিক্ষকরূপে সম্বন্ধ করা যায়, তাহা হইলে তাঁহারা গ্রামে গ্রামে, গৃহে গৃহে গিবা ধর্মপ্রচারের সহিত শিক্ষাও দিতে পারিবেন।

“মনে করুন এমন দুইজন শিক্ষক ম্যাজিক লন্টন, ভূগোলক, মানচিত্র প্রভৃতি লইয়া অপরাহ্নে কোন গ্রামে গিয়া উপস্থিত হইলেন। ইহারা অজ্ঞলোকদের জ্যোতির্বিজ্ঞান, ভূগোল প্রভৃতি বিষয়ে শিক্ষা দিতে পারেন, বিভিন্ন দেশ ও জাতির গল্প শুনাইতে পারেন। সাধারণ লোক এক জীবনে বই পড়িয়া বাহা না শিখিতে পারে, কানে শুনিয়া তার চেয়ে বেশী শিখিতে পারিবে। ইহার জন্য প্রয়োজন একটি সঙ্ঘের এবং সঙ্ঘ গঠন করিতে অর্থের আবশ্যক। এই পরিকল্পনা কার্যে পরিণত করিবার মত মানুষ ভারতে যথেষ্ট রহিয়াছে, কিন্তু দুর্ভাগ্যক্রমে তাহাদের অর্থ নাই। চাকা ঘুরানই কঠিন, একবার ঘুরাইয়া দিতে পারিলে ক্রমশঃ তাহার গতিবেগ বর্ধিত হয়। আমি আমার স্বদেশে সাহায্য পাইবার চেষ্টা করিয়াছি, ধনীদিগের সহানুভূতি উদ্রেক করিতে পারি নাই।”

কন্যাকুমারীর শ্রীমন্দির পার্শ্বে প্রস্তরাসনে উপবিষ্ট যোগিবর ধ্যানস্থ হইলেন। মহাপ্রভুরের তপোমার্জিত নির্মল পবিত্র চিত্ত-দর্পণে মাতৃভূমির অতীত, বর্তমান, ভবিষ্যৎ চিত্রসমূহ একে একে প্রতিফলিত হইতে লাগিল। আশা-আনন্দ-উষ্মেগ-অমৰ্ষ-স্তম্ভিত-হৃদয় বীর সন্ন্যাসীর ধ্যানদৃষ্টির সম্মুখে “বর্তমান ভারত” দেদীপ্যমান হইয়া উঠিল। “এই আমার ভারতবর্ষ—আমার প্রিয মাতৃভূমি!”—ভাবিতে ভাবিতে তাহার নেত্রম্বল অশ্রুসিক্ত হইল।

তিনি দেখিলেন, ধর্মক্ষেত্র ভারতবর্ষ দর্ভিক্ষ, মহামারী, দৈন্য-দুঃখ, রোগ-শোকে জর্জরিত। একদিকে প্রবল বিলাসমোহে উন্মত্ত, ক্ষমতামদগর্বিত ধনিকগণ দবিদ্রগণকে নিষ্পেষিত করিয়া বিলাষতৃষ্ণা পরিতৃপ্ত কবিতেছে, অপবাদকে অনাহারে জীর্ণশীর্ণ “ছিন্নবসন, যুগযুগান্তের নিরাশাব্যঞ্জিতবদন নরনারী, বালকবালিকাগণ”—হা অন্ন, হা অন্ন রবে গগন বিদীর্ণ করিতেছে। শিক্ষাদীক্ষার অভাবে নিম্নজাতীয়গণ, পদ্রোহিত সম্প্রদায়ের হৃদয়হীন নিষ্ঠুর ব্যবহাবে সনাতন ধর্মের প্রতি বীতশ্রম্ভ, কেবল তাহাই নহে, সহস্র সহস্র ব্যক্তি হিন্দুধর্মকেই অপরাধী স্থির করিয়া ধর্মালম্বিত গ্রহণে উদ্যত, কোটী কোটী লোক দিন দিন অজ্ঞানান্ধকারে ডুবিতেছে, তাহাদের হৃদয়ে উচ্চাশা নাই, বিশ্বাস নাই, নৈতিক বল নাই। শিক্ষিত নামধেয় অপূর্ব প্রেণীর জীবগণ তাহাদের সহিত সহানুভূতি প্রকাশ করা দূরে থাকুক, পাশ্চাত্য শিক্ষায় স্বেচ্ছাচাৰী হইয়া, ইহাদিগকে পরিত্যাগ করতঃ নব নব সমাজ ও সম্প্রদায় প্রতিষ্ঠাপূর্বক হিন্দুধর্মের মস্তকে অগ্নিময় অভিশাপ বর্ষণে নিরত। ধর্ম কেবল প্রাণহীন আচার-সমষ্টি ও কুসংস্কারেব লীলাভূমি। ফলে বর্তমান ভাবত প্রায় ‘আশা-উদ্যম-আনন্দ-উৎসাহের কক্ষালপরিপ্লুত মহাশ্মশানে পবিগত’। কাম-কাণ্ডনত্যাগী আজন্ম-সমাধিলিপ্সু সন্ন্যাসীর বজ্রকঠোব বিশাল হৃদয় কবুগায় দ্রব হইল।

বোধিদ্রুমমূলসমাসীন শাক্যকুমার গৌতমবৃদ্ধের ন্যায় তাহার প্রাণ সহস্র সহস্র অঙ্ক, মোহাম্ভ, অত্যাচারপীড়িত, উপেক্ষিত “দেবঋষির বংশধরগণের” জন্য কাঁদিয়া উঠিল। ভাবিতে লাগিলেন, “আমরা লক্ষ লক্ষ সন্ন্যাসী ইহাদেরই অন্নে জীবনধারণ করিয়া ইহাদের জন্য করিওঁছি কি? তাহাদিগকে দর্শনশাস্ত্র শিক্ষা দিওঁছি। ধিক্!! ভগবান শ্রীরামকৃষ্ণ বলিতেন, “খালি পেটে ধর্ম হয় না, মোটা ভাত, মোটা কাপড়ের বন্দোবস্ত চাই।” ক্ষুধিত ব্যক্তিকে ধর্মোপদেশ প্রদান করিতে অগ্রসর হওয়া মূঢ়তা মাত্র। ধর্ম তাহাদের যথেষ্ট আছে, এক্ষণে প্রয়োজন শিক্ষাবিস্তার, চাই অশন-বসনের সংস্থান, কিন্তু কেমন করিয়া ইহা সম্ভব হইবে? এ কার্যে অগ্রসর হইতে হইলে প্রথমতঃ চাই মানুষ, দ্বিতীয়তঃ অর্থ।

কটির কোপীন-মাত্র-সম্বল, কপর্দকহীন সম্যাসী তিনি, তিনি কি করিতে পারেন? নিবিড় নৈরাশ্যে তাঁহার হৃদয় ভরিয়া উঠিল। গভীর—গভীরতম চিন্তায় তাঁহার হৃদয়ের অন্তস্তল আলোড়িত হইল। সহসা নৈরাশ্যের ঘনান্ধকার ভেদ করিয়া আশার দিব্যজ্যোতিঃ স্ফুরিত হইল। প্রগাঢ় অনুভূতিতে অভিভূত হইয়া তিনি ভাবিতে লাগিলেন, “শ্রীশ্রীগুরুমহারাজের আশীর্বাদে এ মহাকার্য্যভার আমি গ্রহণ করিব। তাঁহাবই ইচ্ছায় অদূর ভবিষ্যতে ভারতের নগরে নগরে গ্রামে গ্রামে সহস্র সহস্র নরনারী জন্মগ্রহণ করিবে, যাহারা গতানুগতিকভাবে স্বার্থান্ধ হইয়া ভোগ-লালসার পশ্চাতে ধাবিত হইবে না—যাহারা নরনারায়ণসেবায় সর্বস্ব অর্পণ করিষা এই মহান্ যুগচক্র বিবর্তনের সহায়ক হইবে। কিন্তু অর্থ কোথা হইতে আসিবে? এই চিন্তাভার মস্তিস্কে লইয়া হৃদয়ের রক্ত মোক্ষণ করিতে করিতে সমগ্র ভারতবর্ষ ভ্রমণ করিষাছি, ধনী, রাজা, মহারাজা প্রত্যেকের দ্বারে দ্বারে গিয়াছি, দরিদ্রের জন্য সাহায্য প্রার্থনা করিষাছি, কিন্তু কেবল মৌখিক সহানুভূতিলাভ করিষাছি মাত্র; কেবলমাত্র হিন্দুস্থানের মদুখাপেক্ষী হইয়া থাকা অনর্থক সময় নষ্ট করা মাত্র। এই বিস্তীর্ণ জলধি উত্তীর্ণ হইয়া ভারতের লক্ষ লক্ষ দরিদ্রগণের প্রতিনিধিস্বরূপ আমি পাশ্চাত্যদেশে গমন করিব। সেখানে মস্তিস্কবলে অর্থ উপার্জন করিষা স্বদেশে ফিরিয়া আসিব এবং অবশিষ্ট জীবন মাতৃভূমির উন্নতিকল্পে বাস করিব, অথবা এই চেষ্টায় প্রাণত্যাগ করিব।”

* * * *

মোক্ষকামী সম্যাসী মনুষ্য ও মাতৃভূমির সেবকরূপে ধ্যানাসন হইতে উত্থিত হইলেন। স্বেচ্ছা রহিল না, সংশয় সঙ্কোচ কাটিয়া গেল, মহান্ গুরু শ্রীরামকৃষ্ণের নির্দেশ ও নিয়োগ তিনি সর্বান্তঃকরণে স্বীকার করিলেন। অশ্বৈত-বেদান্তের ভেরী নিনাদে ভারতের প্রসুপ্ত মনুষ্যের জাগরণ, সমষ্টিমুক্তি ব্যতীত নিজের মুক্তি তুচ্ছ, ইহা তিনি উপলব্ধি করিলেন। প্রত্যেক মহৎ জীবনে যাহা ঘটে, এক্ষেত্রেও তাহাই ঘটিল, উপদাম অশান্ত জীবনের স্রোতাবর্তে নতুন তরঙ্গ উঠিল। বিবেকানন্দের মানসিক বিকাশ, এক স্তর অতিক্রম করিয়া অন্য স্তরে উপনীত হইল। সংসারবিমুখ যোগী, লক্ষ কোটি নরনারীর কল্যাণকল্পে যোদ্ধাবেশে সত্যের তরবারি হস্তে সমর-ক্ষেত্রের দিকে ধাবিত হইলেন। ভারতবর্ষের দিকে মদুখ ফিরাইয়া বিবেকানন্দের অভিনব যাত্রার সূচনা হইল।

কন্যাকুমারী ত্যাগ করিয়া, রামনাদের মধ্য দিয়া তিনি ফরাসী অধিকৃত গান্ধিচেরীতে উপস্থিত হইলেন। অল্পকালের মধ্যে কতিপয় শিক্ষিত শ্রবক তাঁহার অনুরাগী

হইয়া পড়িলেন এবং ভ্রমণ-ভ্রান্ত স্বামিজী কয়েকদিন বিশ্রাম করিবার সুযোগ পাইলেন। এইখানে, একজন দক্ষিণী গোড়া ব্রাহ্মণ পণ্ডিতের সহিত হিন্দুধর্ম ও সংস্কার লইয়া স্বামিজী বাদে প্রবৃত্ত হন। স্বামিজীর উন্নতিমুখীন প্রস্তাবগুলিকে যুক্তি অপেক্ষা গালিবর্ষণ দ্বারা অভিসম্পাত করিতে করিতে পণ্ডিতজী অগ্নিশয়্য হইয়া উঠিলেন। স্বামিজী যখন বলিলেন, সমুদ্রযাত্রার বিরুদ্ধে শাস্ত্রের কোন সঙ্গত বাধা নাই, তখন অগ্নিতে ঘৃতাহুতি পড়িল। স্বামিজী শান্তভাবে যতই বৃথাইবার চেষ্টা করেন, পণ্ডিতজী ততই অগ্নিভঙ্গী করিয়া এবং শ্বূল শিখা নাড়িয়া বলিতে লাগিলেন, ‘কদাপি ন’ ‘কদাপি ন’। বিচারসভার এই পরিণতি দেখিয়া, স্বামিজী সমবেত শিক্ষিত যুবকদের লক্ষ্য করিয়া বলিলেন, ধর্ম বলিয়া প্রচলিত আচার-ব্যবহারগুলি সত্যই সত্য ধর্ম কিনা, তাহা পরীক্ষা করিয়া দেখিবার দায়িত্ব, অদ্যকার শিক্ষিত যুবকদের স্বন্ধে অর্পিত হইয়াছে। আমরাদিগকে অতীত ও প্রচলিত প্রথার গন্ডী হইতে বাহির হইয়া বর্তমানের উন্নতিশীল জগতের প্রতি দৃষ্টিপাত করিতে হইবে। যদি আমরা দেখি বাঁধাধরা আচার নিষম সমাজের বিকাশ ও পরিপূর্ণতার পথে বিঘ্ন সৃষ্টি করিতেছে, যদি ঐগুলি আমাদের বিশুদ্ধ জ্ঞানলাভের পক্ষে অন্তরায় হইয়া থাকে, তাহা হইলে আমরা যত শীঘ্র উহা ত্যাগ করি, ততই মঙ্গল।

যুগধর্ম-প্রচারকের স্পষ্ট সতেজ কণ্ঠস্বরে যেন প্রত্যাদেশ ধ্বনিত হইতে লাগিল, ভারতের অবজ্ঞাত জনসমষ্টি মাথা তুলিতেছে, চির-উপেক্ষিত শূদ্র তাহার অধিকার ও মনুষ্যত্বের দাবী উপস্থিত করিবে, সে দিন আসন্ন। আজ প্রত্যেক শিক্ষিত যুবকের কর্তব্য অধঃপতিত জনসমষ্টির মধ্যে শিক্ষাবিস্তার করা, সমাজ-জীবনে সমানাধিকারের আদর্শ প্রচাৰ করা, গুরু-পুত্রোহিতের অত্যাচার নির্মূল করা এবং গৃহগত বর্ণ-বিভাগের বিকৃতি যে কৃত্রিম জাতিভেদ, বাহ্য জাতীয় অধঃপতনের কারণ, বেদান্তের উচ্চতত্ত্বগুলির সহায়তায় তাহা দূর করা।

* * * *

মাদ্রাজের গভর্ণমেন্টের ডেপুটি একাউন্টেন্ট জেনারেল মন্মথনাথ ভট্টাচার্য এই সময় সরকারী কাজে পণ্ডিতেরী আসিয়াছিলেন। তিনি একদিন দণ্ডকমণ্ডলহস্ত স্বামিজীকে রাজপথে দেখিয়া চিনিতে পারিলেন, এই কৃতবিদ্য সন্ন্যাসীই ত্রিবান্দ্রমে, অধ্যাপক সুন্দরম্ আন্নারের গৃহ হইতে আসিয়া কয়েকদিন তাঁহার সহিত একত্র বাস করিয়াছিলেন। এই বাঙালী সন্ন্যাসীর সহিত সেই প্রথম পরিচয় অতি সাধারণ ভাবেই হইয়াছিল। মন্মথবাবু ত্রিবান্দ্রমে আসিয়াছেন শুনিয়া স্বামিজী একদিন তাঁহার সহিত দেখা করিয়া বলেন, মহাশয়, দক্ষিণী রান্না খাইতে খাইতে

হাঁপাইয়া উঠিয়াছি, বাংলা দেশের অন্নব্যঞ্জন পাইবার আশায় আমি আপনার অতিথি হইতেছি। সেই পরিচয় অল্প করেক দিনেই ঘনিষ্ঠ হইয়াছিল। অপ্রত্যাশিত ভাবে সেই অশুভ সমস্যাসীকে পাইয়া মম্মথবাবুর আনন্দের সীমা রহিল না। করেকদিন পরেই কার্য সমাপ্ত করিয়া তিনি স্বামিজীকে সঙ্গে লইয়া মাদ্রাজাভিমুখে যাত্রা করিলেন।

মাদ্রাজে উপস্থিত হইবার কিছুদিন পরেই স্বামিজীর প্রতিভা ও পাণ্ডিত্যের খ্যাতি শিক্ষিত-সমাজের আলোচনার বিষয় হইয়া উঠিল। বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবান ছাত্র ও অধ্যাপকগণ প্রত্যহ তাঁহার নিকট ধর্ম ও সাহিত্যালোচনার জন্য সমাগত হইতে লাগিলেন। অনেক যুবক পাশ্চাত্য দার্শনিকগণের যুক্তিজাল বিস্তার কবিয়া তাঁহার সঙ্গে তর্ক করিতেন, কিন্তু বিচার ক্রিয়াদ্বারা অগ্রসর হইলেই তাঁহারা যুদ্ধিতেন যে, এই সমস্যাসীর সমর্থিত বেদান্তমতের সহিত তুলনার তাহাদের যুক্তিগুলি বালকের অক্ষুট উত্তর মতই অকিঞ্চৎকর। ছাত্রজীবনে বিবেকানন্দও বড় কম তार्কিক ছিলেন না, তাহা আমরা পূর্ব অধ্যায়েই আলোচনা করিয়াছি। পাশ্চাত্য দর্শনশাস্ত্র অধ্যয়ন করিয়া একজন তরুণ যুবকের মনে ধর্ম ও ঈশ্বর সম্বন্ধে যে সমস্ত সন্দেহ আসিয়া উপস্থিত হয়, সেগুলির সহিত তিনি নিজেও প্রত্যক্ষভাবে পরিচিত ছিলেন, কাজেই উত্তর প্রদান করিতে তাঁহাকে বিশেষ বেগ পাইতে হইত না। যাহা হউক, মম্মথবাবুর ভবন শীঘ্রই ধর্মালোচনার একটি কেন্দ্র হইয়া উঠিল। স্বামিজীর সাম্প্রদায়িক বিশ্ববদ্বিহীন উদার ধর্মমত মাদ্রাজের শিক্ষিত সম্প্রদায়ের উপর প্রভাব বিস্তার করিয়াছিল, সন্দেহ নাই। পাণ্ডিত্য ও প্রতিভার অন্তরালে তাঁহার যে সমবেদনাকাতর বিশাল-হৃদয়, নির্বিচারে সকলকেই আলিঙ্গন করিবার জন্য, আগ্রহ দিবার জন্য প্রস্তুত হইয়া থাকিত, তাহার সহিত প্রত্যক্ষভাবে পরিচিত হইয়াই এই যুবকসম্প্রদায় স্বামিজীকে গুরুপদে বরণ করিয়াছিলেন।

বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ উপাধিধারী যুবকগণ স্বামিজীর শিষ্য গ্রহণ করিতেছেন শুনিয়া মাদ্রাজ সহরের সুপ্রসিদ্ধ নাস্তিক, খৃষ্টীয়ান কলেজের বিজ্ঞানাধ্যাপক সিগুরাভেল, যুথলিয়র মহাশয় হাস্য সম্বরণ করিতে পারিলেন না। একদিন সদলবলে সম্মিলিত হইয়া স্বামিজীকে তর্কে আহ্বান করিলেন। তাঁহার দৃঢ় বিশ্বাস ছিল যে, স্বামিজী কিছুতেই তাঁহার যুক্তিজাল খণ্ডন করিতে সমর্থ হইবেন না; কিন্তু কিসংকাল মধ্যেই তিনি নীরব হইতে বাধ্য হইলেন।

স্বামিজীর স্বচ্ছ প্রশান্ত ললাটে মহিমার বিচ্ছুরিত দ্যুতি, শাস্তোদ্ভবল নেত্রম্বর করুণার চিরবিগলিত-অমৃতনির্ঝর, বিশ্বয়স্তুম্ভিত যুথলিয়র তাঁহার মনো

কি দেখিলেন, কি বুঝিলেন, তাহা তিনিই জানেন। বাহিরের লোক দেখিল, তাঁহার গণ্ডে অশ্রুধারা! নাস্তিকতা অল্লেখিত হইয়াছে। বলা বাহুল্য, অনুভূত হৃদয়ে তিনি স্বামিজীর শিষ্যত্ব গ্রহণ করিলেন। স্বামিজী ইহাকে আদর করিয়া “কিডি” বলিয়া ডাকিতেন এবং ষষ্ঠে স্নেহ করিতেন। আজীবন সংঘমী, দৃঢ়চেতা মূর্খলিষরের গুরুভক্তি অতুলনীয়। স্বামিজী আমেরিকাষ থাকিতেই ইনি শ্রীগুরুর আদেশে নবপ্রতিষ্ঠিত “প্রবুদ্ধ ভারত” নামক ইংরেজী মাসিক পত্রিকা সম্পাদনের ভার গ্রহণ করেন এবং স্বল্পকাল পরেই সংসারধর্মে জলাঞ্জলি দিয়া “নর-নারায়ণ” সেবায় আত্মসমর্পণ করিয়াছিলেন।

এই সময়ে যুক্তরাজ্যে শিকাগো মহামেলার অঙ্গস্বরূপ এক বিরাট ধর্মসভার আয়োজন হইতেছিল। পৃথিবীর ষাটতীয় ধর্মসম্প্রদায়ের মূখপাত্ররূপে উপযুক্ত প্রতিনিধিগণ সভায় যোগদান করিতে পারিবেন, এমত ঘোষণা করা হইয়াছিল। স্বামিজীর কয়েকজন উৎসাহী মাদ্রাজী শিষ্য তাঁহাকে হিন্দুধর্মের প্রতিনিধিস্বরূপে উক্ত সভায় প্রেরণ করিতে কৃতসঙ্কল্প হইলেন। একদিন সত্যসত্যই তাঁহারা পাঁচশত টাকা সংগ্রহ করিয়া স্বামিজীর হস্তে উক্ত অর্থ প্রদান করিলেন। হিন্দুধর্মের প্রতিনিধিরূপে বিরাট সভায় উপস্থিত হইবার মত যোগ্যতা তাঁহার আছে কিনা, ভাবিতে গিয়া স্বামিজী মহাসমস্যার পতিত হইলেন। অবশেষে শিষ্যবৃন্দের হস্তে উক্ত অর্থ প্রত্যর্পণ করিয়া কহিলেন, “বৎসগণ! আমি শ্রীশ্রীজগন্মাতার হস্তের যন্তমাত্র। তাঁহার ইচ্ছা হইলে তিনিই আমাকে তথায় প্রেরণ করিবেন। এই অর্থ তোমরা দরিদ্রনারায়ণ সেবায় ব্যয় কর, দেখি মাযের কি ইচ্ছা।” বহু আয়াসে সংগৃহীত অর্থ কাষান্তরে ব্যয়িত হইবার আদেশ পাইয়া তাঁহাদের বুক দিম্বা গেল। কিন্তু গুরু-আজ্ঞা অলঙ্ঘনীয়। বিমনায়মান শিষ্যবৃন্দকে প্রবোধ দিয়া স্বামিজী বলিলেন, “আমি সম্যাসী, সঙ্কল্প করিয়া কোন কাজ করা আমাব উচিত নহে। যদি ইহা ভগবানের ইচ্ছা হয়, তিনিই উপায় নির্ধারণ করিবেন, তোমাদের ব্যস্ত হইবার প্রয়োজন নাই।”

সহসা হায়দরাবাদ হইতে মন্মথবাবুর বন্ধু স্টেট্‌ইঞ্জিনিয়ার মধুসূদন চ্যাটার্জির নিকট হইতে স্বামিজীকে তথায় প্রেরণ করিবার জন্য এক পত্র আসিল। স্থানীয় সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ ও শিক্ষিতসমাজ স্বামিজীকে তাঁহাদিগের মধ্যে অল্প কয়েকদিনের জন্য পাইবার আশায় উৎকণ্ঠিত হইয়াছেন জানিতে পারিয়া মন্মথবাবু স্বামিজীর শিষ্যমণ্ডলী এবং তাঁহার সম্মতি লইয়া মধুসূদনবাবুকে জানাইলেন যে, স্বামিজী ১০ই ফেব্রুয়ারী হায়দরাবাদে উপস্থিত হইবেন।

স্বামিজী স্টেশনে অবতীর্ণ হইয়া বিস্ময়ে চাহিয়া দেখেন, তাহাকে অভ্যর্থনা করিবার জন্য বিপুল জনসংঘ আগ্রহভরে অপেক্ষা করিতেছে। রাজা প্রীতিবাস রাও, মহারাজ রম্ভারাও বাহাদুর, পণ্ডিত রতনলাল, শাম-সুল-উলমা সৈয়দআলি বিলগ্রামী, নবাব ইমাদজঙ্গ বাহাদুর, নবাব সেকেন্দার নেওয়াজজঙ্গ বাহাদুর, রাব হুকুমচাঁদ এম-এ, এল-এল-ডি, শেঠ চতুর্ভূজ, শেঠ মতিলাল, ক্যান্টেন রঘুনাথ প্রভৃতি হায়দরাবাদ ও সেকেন্দ্রাবাদের গণ্যমান্য ব্যক্তিবর্গও প্ল্যাটফর্মে উপস্থিত। কুষ্ঠাসঙ্কচিত, লাজরস্তিম, আড়ষ্টবৎ দণ্ডায়মান দণ্ডকমণ্ডলহস্ত তরুণ সম্মাসীর দেবদর্শিত অঙ্গকান্তি দর্শন করিয়া সমবেত জনতা জরধনি করিয়া উঠিলেন। মধুসূদন চ্যাটার্জী তাহার হাত ধরিয়া সকলের সঙ্গে পরিচয় করাইয়া দিলেন। সম্ভ্রান্ত ব্যক্তিগণ আনন্দের সহিত তাহাকে পদ্পমাল্যে বিভূষিত করিয়া মধুসূদন-বাবুর বাঙ্গালোয় লইয়া গেলেন।

নিজাম বাহাদুরের শ্যালক নবাব স্যার খুরসিদ জঙ্গ বাহাদুর কর্তৃক আহৃত হইয়া স্বামিজী ১২ই ফেব্রুয়ারী নিজাম বাহাদুরের প্রাসাদে উপনীত হইলেন। নবাব বাহাদুর হিন্দুধর্মের প্রতি যথেষ্ট প্রাধ্বাস্পন্ন ছিলেন এবং হিমালয় হইতে কুমারিকা পর্যন্ত সমগ্র প্রসিদ্ধ তীর্থস্থানসমূহ দর্শন করিয়াছিলেন।

স্বামিজীকে সম্প্রদায়ের সহিত অভ্যর্থনা করিয়া তিনি স্বীয় পার্শ্ব আসন পরিগ্রহ করাইলেন এবং আগ্রহের সহিত তাহার সহিত ধর্মবিষয়ক কথোপকথন করিতে লাগিলেন। হিন্দুধর্ম, মুসলমানধর্ম ও খৃষ্টধর্ম সম্বন্ধে আলোচনা কালে স্বামিজী উক্ত ধর্মগ্রন্থের মূল সূত্রগুলি আলোচনা করিয়া উহাদের সম্বন্ধভূমি দেখাইয়া দিলেন এবং কথাপ্রসঙ্গে বলিলেন যে, তিনি সভ্যজগতের সম্বন্ধে বেদান্ত-শাস্ত্রসহায়ে ধর্ম-সম্বন্ধ প্রচার করিবার জন্য কৃতসঙ্কল্প হইয়াছেন। তাহার বিশ্বাস যে, দূর ভবিষ্যতে সর্বপ্রকার ধর্মস্বল্প অন্তর্হিত হইবে এবং সকলেই নির্বিবাদে স্ব স্ব ভাবানুযায়ী ঈশ্বরোপাসনা করিবার সুযোগ প্রাপ্ত হইবে। নবাব বাহাদুর স্বামিজীর যুক্তিপূর্ণ বাক্যাবলী শ্রবণ করিয়া অতীব আনন্দিত হইলেন এবং স্বামিজীর পাশ্চাত্যদেশে গমনের ব্যয়স্বরূপ একসহস্র মদ্রা তথনি প্রদান করিতে চাহিলেন। স্বামিজী বিনীতভাবে প্রত্যাখ্যান করিয়া বলিলেন, “নবাব বাহাদুর, ইতিপূর্বে আমার পরম বন্ধু মহাশয়ের মহারাজ বাহাদুর এবং শিষ্য রামনাথের রাজা আমাকে পাশ্চাত্যদেশে গমন করিবার জন্য অর্থসাহায্য করিতে প্রস্তুত হইয়াছিলেন, কিন্তু আমার মনে হয়, এখনও সমস্ত উপস্থিত হয় নাই। যদি কখনও

পাশ্চাত্যদেশে গমন করিবার জন্য ভগবানের আদেশ পাই, তাহা হইলে নবাব সাহেবকে নিবেদন করিব।”

স্থানীয় শিক্ষিত-ব্যক্তিবর্গের আগ্রহে স্বামিজী মহাব্দ কলেজে প্রায় একসহস্র প্রোতোর সম্মুখে “পাশ্চাত্যদেশে আমার বাতী” শীর্ষক একটি বক্তৃতা প্রদান করেন। পণ্ডিত রতনলাল সভাপতির আসন গ্রহণ করেন। স্বামিজীর বক্তৃতা অতীব হৃদয়গ্রাহী ও যুক্তিপূর্ণ হইয়াছিল।

ফেব্রুয়ারী মাসের শেষভাগে স্বামিজী হাযদরাবাদস্থ বন্দু ও ভক্তমন্ডলীর নিকট বিদায়গ্রহণ করিয়া মাদ্রাজে ফিরিয়া আসিলেন। তিনি যদিও শিকাগো-ধর্ম-সভায় বাইবার চিন্তা এককালে পবিত্যাগ করিয়াছিলেন, কিন্তু তাহার শিষ্য ও ভক্তমন্ডলী সে সঙ্কল্প পরিত্যাগ করিতে পারিলেন না। তাহারা কয়েকজন মিলিত হইয়া অর্থসংগ্রহ করিতে বামনাদ, মহাশূর ও হাযদরাবাদে গমন করিলেন। মহামতি আনন্দচন্দ্র, মাননীয় জিষ্টিস্ সদ্বহন্যা আয়াব মহোদয় প্রমুখ অনেকেই তাহাকে ধর্মসভায় প্রেরণকল্পে বন্ধপরিচয় হইয়াছেন দেখিয়া স্বামিজী চিন্তিত হইলেন। একদিন তাহার অন্যতম শিষ্য মিঃ আলিসঙ্গা পৈবদুলকে ডাকিয়া বলিলেন, “যদি আমার আমেরিকা গমন একান্তই মাসের-ইচ্ছা হয়, তাহা হইলে অবশ্যই আমাকে যাইতে হইবে। তোমরা আমাকে হিন্দুধর্মের প্রতিনিধিস্বরূপ প্রেরণ করিতে সঙ্কল্প করিয়াছ। আমিও জনসাধারণের মুখপাত্র-স্বরূপই যাইতে ইচ্ছা করি, কিন্তু এই কার্যে জনসাধারণের সম্মতি আছে কিনা, তাহা অবগত হওয়া একান্ত প্রয়োজন। অতএব কেবলমাত্র রাজা, মহারাজাদের নিকট সাহায্য গ্রহণ না করিয়া জনসাধারণের নিকট তোমরা ভিক্ষা করিয়া অর্থসংগ্রহ কর।” গুরু-আজ্ঞা শিবোধার্য করিয়া তাহারা স্তরে স্তরে ভিক্ষা করিতে লাগিলেন। এই নিঃস্বার্থপর, পবিত্রহৃদয় মাদ্রাজী শ্রবকগণের অসীম গুরুভক্তি শ্রীরামকৃষ্ণদেব ইতিহাসে অমর হইয়া রহিয়াছে।

ইতিমধ্যে একদিন স্বামিজী স্বপ্নে দেখিলেন, শ্রীশ্রীরামকৃষ্ণদেব দিব্যদেহে সমুদ্রকূলে হইতে বিস্তীর্ণ সলিলোপরি পদব্রজে অগ্রসর হইতেছেন এবং তাহাকে অনুসরণ করিবার জন্য হস্ত-সঙ্কেতে ইঙ্গিত করিতেছেন। এইবার সমস্ত শিষ্য-সঙ্কেচ-সন্দেহ বিদূরিত হইল, স্বামিজী আমেরিকা বাইবার জন্য প্রস্তুত হইলেন। সহসা তাহার মনে হইল, এ পর্যন্ত শ্রীশ্রীমাতাঠাকুরাণীর আদেশ লওয়া হয় নাই। তাহার আদেশ ও আশীর্বাদ ব্যতীত সদূর বিদেশে যাওয়া কোনক্রমেই কর্তব্য নহে। অনেক ভাবিয়া চিন্তিয়া অবশেষে স্বামিজী শ্রীশ্রীমাতাঠাকুরাণীর নিকট স্বীয় সঙ্কল্প বিস্তারিত বর্ণন করিয়া এক পত্র লিখিলেন।

প্রাণাধিক প্রিয়তম পুত্র নরেন্দ্রনাথের পত্র পাইয়া স্নেহবিহ্বল জননী তাহাকে দেখিবার জন্য ব্যাকুলা হইয়া পড়িলেন। রামকৃষ্ণসঙ্ঘের নেতা, রাজাধিরাজসেবিত বীর সন্ন্যাসী বিবেকানন্দ তাহার দৃষ্টিতে সংসাবানভিজ্জ বালকমাত্র, তাহাকে কোন্‌ প্রাণে সুদূর বিদেশ যাত্রায় অনুমতি দিবেন! কিন্তু ঠাকুরের আদেশ সমস্ত সমস্যা মীমাংসা করিবা দিল। অগত্যা স্নেহমুগ্ধ-হৃদয় বাঁধিয়া জগতের কল্যাণকামনার স্বামিজীর সঙ্কল্পে তিনি আনন্দে সম্মতি প্রদান করিলেন।

যথাসময়ে পত্রোত্তর আসিল। শ্রীশ্রীমাতাঠাকুরাণী সম্মতি প্রদান করিয়াছেন। পত্রখানি পরমভক্তিভাবে মস্তকে ধারণ করিয়া স্বামিজী ভাবাবেগে অশ্রুসিক্তনেত্রে, বালকের মত আনন্দ-বিহ্বল হইয়া কক্ষমধ্যে নৃত্য করিতে লাগিলেন। এ অবস্থায় লোকে দেখিলে কি মনে করিবে ভাবিয়া তিনি স্বীয় উন্মেষিত হৃদয় শান্ত করিবার জন্য অপরের অলক্ষ্যে সমুদ্রতীরে চলিয়া গেলেন। মন্থথবাবুর ভবনে নিযমিত সময়ে তদীয় শিষ্য ও ভক্তবৃন্দ তাহার জন্য অপেক্ষা করিতেছেন, এমন সময় স্বামিজী তথায় উপস্থিত হইয়া বলিলেন, “বৎসগণ! শ্রীশ্রীমাতার আদেশ পাইয়াছি, সমস্ত সংশয়-ভাবনা দূর হইয়াছে, আমি আমেরিকা যাইবার জন্য প্রস্তুত। করুণাময়ী জননী আশীর্বাদ করিয়াছেন, আর চিন্তা কি?” আনন্দে ও বিশ্বম্বে উৎসাহোদ্দীপ্ত শিষ্যবৃন্দ কয়েকদিনের মধ্যেই স্বামিজীর যাত্রার সুবন্দোবস্ত করিয়া ফেলিলেন। সমস্ত প্রস্তুত, এমন সময় খেতরি-রাজভবন হইতে মন্সী জগমোহন লাল আসিয়া সমস্ত বন্দোবস্ত ওলট-পালট করিয়া দিলেন।

পাঠকবর্গের স্মরণ থাকিতে পারে যে, প্রায় দুই বৎসর পূর্বে স্বামিজী খেতরিপতি রাজা মণ্গলসিংহকে পুত্র হইবার আশীর্বাদ করিয়াছিলেন। গুরুকৃপায় রাজা পুত্ররত্ন লাভ করিয়াছেন। এক্ষণে রাজপুত্রের অন্নপ্রাশনে যাহাতে স্বামিজী উপস্থিত থাকিয়া রাজপরিবারের আনন্দবর্ধন করেন, তদুদ্দেশ্যে স্বামিজীকে খেতরিতে লইয়া যাইবার জন্য মন্সীজী মন্ত্রাজে উপস্থিত হইলেন। স্বামিজী ও তাহার মন্ত্রাজী শিষ্যবৃন্দের কোন আপত্তি টিকিল না। জগমোহন বলিলেন, “গুরুজি! অন্ততঃ একদিনের জন্যও আপনাকে খেতরিতে বাইতে হইবে, অন্যথায় রাজাজী হৃদয়ে নিদারুণ আঘাতপ্রাপ্ত হইবেন। আমেরিকা যাইবার বন্দোবস্তের জন্য আপনার ভাবিবার কোন প্রয়োজন নাই। রাজা সমস্ত বন্দোবস্ত করিবেন, আপনি আমার সহিত খেতরিতে চলুন।”

অবশেষে অনেক বাদানুবাদের পর স্বামিজী বোম্বাই হইতে আমেরিকা যাত্রা করিবেন, স্থির হইল। খেতরি-যাত্রার আয়োজন প্রস্তুত দেখিয়া স্বামিজী উপস্থিত

শিষ্যবৃন্দের নিকট বিদায় লইলেন। একে একে বিশ্ববিদ্যালয়ের উচ্চতম-উপাধিধারী শ্রদ্ধাবন্দ রাজপথে অশ্রুপূর্ণলোচনে খ্রীষ্টীগুরুদেবের অভয় চরণে পতিত হইয়া দীনভাবে আশীর্বাদ ভিক্ষা করিতে লাগিলেন। প্রথম শিষ্যবৃন্দকে ছাড়িয়া যাইতে স্বামিজীর হৃদয় ব্যথিত হইল, বহুকণ্ঠে ভাবাবেগ দমন করিয়া মন্ত্ররপদে গাড়িতে উঠিয়া বসিলেন।

খেতরিতে শ্রদ্ধা অন্নপ্রাশনোৎসব নির্বিঘ্নে সমাধা হইয়া গেলে স্বামিজী রাজশিষ্যের নিকট বিদায় গ্রহণ করিয়া মন্সী জগমোহন লাল সমভিব্যাহারে বোম্বাই নগরে উপনীত হইলেন। মিঃ আলসিঙ্গা পেরুমল ইতোপূর্বেই গুরুদর্শন কামনায় মাদ্রাজ হইতে বোম্বাই আগমন করিয়াছিলেন, তিনি স্টেশনেই স্বামিজীর সহিত মিলিত হইলেন।

জগমোহন লালকে বহুমূল্য পরিচ্ছদ ক্রয় করিতে দেখিয়া স্বামিজী ঘোরতর আপত্তি উত্থাপন করিলেন। জগমোহন বদ্বাইলেন যে, তিনি রাজগুরু, অতএব সেইভাবেই তাহার সম্বিজত হওয়া কর্তব্য। বক্তৃতা করিবার জন্য মহার্ঘ রেশমের আলখেল্লা ও পাগড়ী প্রস্তুত করা হইল। স্বামিজী অনন্যোপায় হইয়া শিষ্যের সিদ্ধিলাভ আর বাধাপ্রদান করিলেন না। দণ্ডকমণ্ডল ও ভিক্ষাপাত্রহস্তে ভ্রমণাভ্যস্ত স্বামিজী কেমন করিয়া প্রচুর বসন, ভূষণ ও দ্রব্যসম্ভারের তত্ত্বাবধান করিবেন ভাবিয়া বালকের ন্যায় অধীর হইয়া উঠিলেন।

ক্রমে ষাট্যার দিন নিকটবর্তী হইয়া অবশেষে শ্রদ্ধামুহূর্ত সমাগত হইল। মন্সী জগমোহন পূর্বে হইতেই স্বয়ং দেখিয়া স্বামিজীর জন্য জাহাজে একটি প্রথম শ্রেণীর কোবিন রিজার্ভ করিয়া রাখিয়াছিলেন। স্বামিজী অশ্রুপূর্ণলোচনে শিষ্যবৃন্দের নিকট বিদায়গ্রহণ করিয়া বাম্পীয়পোতে আরোহণ করিলেন। সহসা তীব্র বংশীধ্বনি তাহার হৃৎপিণ্ড আলোড়িত করিয়া স্বদেশের সহিত আসন্ন বিচ্ছেদের বেদনাময় বার্তা জ্ঞাপন করিল। লৌহনির্মিত বিরাটকায় কূর্ম মন্ত্ররগতিতে গম্ভব্য-স্থানান্ভিমুখে যাত্রা করিল। দৈখিতে দৈখিতে স্বদেশের শ্যামল ছবিখানি অম্পক্ট হইয়া আসিল—অবশেষে শেষ ধূসর রেখাটি পর্যন্ত দূর দিক-চক্রবালরেখায় বিলীন হইয়া গেল। তাহার নির্নিমেষ নেত্রের সম্মুখে ফেন-শুদ্ধ-শির-তরঙ্গমালা ভৈরব-কঙ্কোলে উচ্ছ্বসিত হইয়া নৃত্য করিতে লাগিল। ডেকের উপর প্রস্তরমূর্তির মত দণ্ডায়মান স্বদেশপ্রেমিক সম্যাসীর মর্মের অন্তস্তল হইতে অসীম ক্রন্দন হৃদয়ের রম্ভে রম্ভে উদ্বেলিত হইয়া উঠিল।

হে রহস্যময় আত্মারাম গুরো! তুমি তো নিষ্কৃতি দিলে না! আজ সত্য-

সতাই ত্যাগপূত ভারতবর্ষ হইতে আমাকে ভোগবিলাসের লীলাভূমি পাশ্চাত্যদেশে লইয়া চলিলে। তোমার ইচ্ছাই পূর্ণ হউক!

হিন্দুধর্ম সম্বন্ধীয় বিদেশিগণের ভ্রান্তবিশ্বাস দূর করিয়া উহার সর্বজনীন উদার ভাবসমূহ আধুনিক মনের উপযোগী বৈজ্ঞানিক যুক্তিমাণ্ডিত করিয়া প্রচার করিতে, পাশ্চাত্যের ভোগৈকসর্বস্ব জড়বাদের উন্মত্ত-কোলাহল মিথিত করিয়া ত্যাগের পূণ্যবাণী শুনাইতে, স্বদেশীয় পাশ্চাত্য সভ্যতালোকপ্রাপ্ত, সনাতনধর্মে আস্থাহীন পরমুখাপেক্ষী, বিপথ-পরিচালিত মূঢ়গণকে অবলম্বনীয় কি, তাহা উত্তমরূপে বুঝাইয়া দিতে, আত্মসম্মান-জ্ঞানহীন নিলম্বিত হিন্দুগণকে বিদেশীয়-গণের পদতলে বসিয়া ধর্মশিক্ষাগ্রহণ হইতে বিরত করিয়া, আপনার ঘরে ধর্মানুসন্ধান করাইতে ভারতের শ্রেষ্ঠতম আধ্যাত্মিক-সত্যরসসমূহ জগতের সভ্যতাভান্ডারে প্রদান করিতে, একটা আসন্নপ্রায় ধ্বংসের হস্ত হইতে পরিদ্রাণ পাইবার জন্য পাশ্চাত্য-জগৎকে ভারতের পদতলে বসিয়া ধর্মশিক্ষাগ্রহণকল্পে বজ্ররবে আহ্বান করিতে, সর্বোপরি “সকল ধর্মই সত্য এবং ঈশ্বরোপলব্ধির বিভিন্ন উপায় সকল মাত্র”—স্বীয় আচার্য শ্রীশ্রীরামকৃষ্ণদেবের এই মৌলিক উপদেশবাণী, সিংহবিক্রমে সঙ্কীর্ণতা, ধর্মবিশ্বাস, গোড়ামী ও ঘৃণার বিরুদ্ধে প্রচার করিতে ১৮৯৩ সালের ৩১শে মে, স্বীয় স্বাতন্ত্র্য-গৌরবে সমুদ্রতীরে স্বামী বিবেকানন্দ শ্রীশ্রীগুরুদেব মঙ্গলময়ী ইচ্ছায় চালিত হইয়া শিকাগো অভিমুখে বাহা করিলেন।

পঞ্চম অধ্যায়

আচার্য বিবেকানন্দ

(১৮৯৩-১৮৯৬)

“I go forth to preach a religion, of which Buddhism is nothing but a rebel child and Christianity but a distant echo ”

—Swami Vivekananda

বোম্বাই হইতে জাহাজ ছাড়িল। বিষন্ন বিমর্ষ সম্মাসী বিব্রত হইয়া উঠিলেন। দণ্ড, কমণ্ডলু এবং গেব্বা কাপড়ে মোড়া দু'চার খানা পুথির বেশি কোন সম্বল যাহার ছিল না, বাক্স-পেটরা, কাপড়-চোপড় সামলাইতে তাহার চিরদিনের অভ্যাসের সহিত বিরোধ বাধিল। “এখন এই সব যাহা সঙ্গে লইতে হইয়াছে, তাহার তত্ত্বাবধানেই আমার সব শক্তি ব্যয় হইতেছে। বাস্তবিক, এ এক ঝগাট।” তবু শ্রীরামকৃষ্ণ বলিতেন, “যতদিন বাঁচি ততদিন শিখি।” স্বামিজী অন্যান্য যাত্রীদের সহিত, বিশেষভাবে জাহাজের কাম্বিনের সহিত ভাব করিয়া লইলেন। অভিনব খাদ্য, ইয়োরোপীয় আচার ব্যবহার ক্রমে তিনি আশস্ত করিতে লাগিলেন। সাতদিন পর কলম্বো। সিংহলের রাজধানী। বৌদ্ধধর্মের দেশ। জাহাজ বন্দরে লাগিবামাত্র স্বামিজী গাড়ি করিয়া সহরটি দেখিয়া লইলেন। ভগবান বুদ্ধের মন্দিরে গিয়া বুদ্ধদেবের এক বৃহৎ মহানির্বাণ মূর্তি শয়ান অবস্থায় দেখিতে পাইলেন। মন্দিরের পুরোহিতদের সহিত তিনি আলাপ করিতে চেষ্টা করিলেন, কিন্তু তাহারা সিংহলী ছাড়া অন্য কোন ভাষা জানেন না, দেখিয়া, স্বামিজী সে চেষ্টা ত্যাগ করিলেন। ভারত সমুদ্রের নীল জলরাশি বিস্ময় করিয়া আবার জাহাজ চলিল। পথে মালয় উপস্বীপের পিনাং ও সিঙ্গাপুর, দু'বে উচ্চশৈল সমাম্বিত সন্মুখা। সিঙ্গাপুর হইতে হংকঙ। হংকঙে তিনদিন জাহাজ ছিল। এই অবসরে স্বামিজী সিকিয়াঙ নদীর মোহনা হইতে ৮০ মাইল দূরবর্তী দক্ষিণ চীনের রাজধানী ক্যান্টন সহর দেখিয়া আসিলেন। ক্যান্টনে কতকগুলি বৌদ্ধ মঠ ও সর্ববৃহৎ মন্দিরটি দর্শন করিলেন। আর দেখিলেন, প্রাচ্যের দারিদ্র্য, পাশ্চাত্যের সাম্রাজ্যবাদ ও বণিকবুলের

শেষে সর্বত্র মানব ভারবাহী পশুতে পরিণত হইয়াছে। ভারতবর্ষ ও চীন প্রাচীন সভ্যতার উত্তরাধিকারী এই দুই মহাজাতির অবস্থা তুলনা করিলেন। “চীন ও ভারতবাসী যে সভ্যতা সোপানে এক পদও অগ্রসর হইতে পারিতেছে না, দারিদ্র্যই তাহার এক কারণ। সাধারণ হিন্দুর বা চীনার পক্ষে তাহার প্রাত্যহিক অভাবই তাহার সময়ের এতদূর ব্যাপ্ত করিয়া রাখে যে, তাহাকে আর কিছু ভাবিবার অবসর দেয় না।”

এই দারিদ্র্যপীড়িত প্রাচ্যের মধ্যে অপূর্ণ সৌন্দর্যময়ী জাপান দেখিয়া তিনি মুগ্ধ হইলেন। চীনের সহিত কি বিস্ময়কর ব্যবধান! পরিষ্কার-পরিচ্ছন্ন নগরী, বাসগৃহগুলি ছবির মত, মনোহর উদ্যান, কৃত্রিম জলাশয়। রাস্তাগুলি চওড়া, সিঁধা। নাগাসাকি, কোবি বন্দর, ইয়াকোহামা, ওসাকা, কিয়োটো ও টোকিও এই কয়েকটি সহর পরিদর্শন করিয়া স্বামিজী এক পত্রে লিখিলেন,—“জাপানীরা বর্তমানকালে কি প্রযোজন তাহা বুঝিয়াছে—তাহারা সম্পূর্ণরূপে জাগরিত হইয়াছে।” জাপানিগণের ক্ষিপ্ত উন্নতি, সাহস ও উদ্যম দর্শনে চমৎকৃত হইয়া স্বদেশের দুর্দশা স্মরণে ব্যথিতহৃদয়ে ইয়াকোহামা হইতে তদীয় মাদ্রাজী শিষ্যগণকে এক পত্রে (১০ই জুলাই; ১৮৯০) লিখিয়াছিলেন, “জাপানীদের সম্বন্ধে আমাব কত কথা মনে উদয় হচ্ছে তা' একটা সংক্ষিপ্ত চিঠির মধ্যে প্রকাশ করে বলতে পারি না। তবে এইটুকু বলতে পারি যে, আমাদের দেশের যুবকেরা দলে দলে প্রতিবৎসর চীন ও জাপানে যাক্। জাপানে যাওয়া আবার বিশেষ দরকার, জাপানীদের কাছে ভারত সর্বপ্রকার উচ্চ ও মহৎ পদার্থের স্বপ্নরাজ্যস্বরূপ।

“* * আর তোমরা কি কোরছো? সাবাজীবন কেবল বাজে বোক্ছো। এস, এদের দেখে যাও, তারপর যাও, গিয়ে লজ্জাষ মূখ লুকোও গে। ভারতের যেন জরাজীর্ণ অবস্থা হ'য়ে ভীমরতি ধরেছে! তোমরা দেশ ছেড়ে বাইরে গেলে তোমাদের জাতি যাব!! এই হাজার বছরের জমাট কুসংস্কারের বোঝা ঘাড়ে নিয়ে বসে আছ, হাজার বছর ধরে খাদ্যাখাদ্যের শৃঙ্খলাশৃঙ্খল বিচাষ করে শক্তি ক্ষয় কোরছো! পৌরোহিত্যরূপ আহাম্মকির গভীর ঘূর্ণিতে ঘুরপাক্ খাচ্ছে! শত শত যুগের অবিচ্ছিন্ন সামাজিক অত্যাচারে তোমাদের সব মনুষ্যত্বটা একেবারে নষ্ট হ'য়ে গেছে—তোমাদের কি আছে বল দেখি? আর তোমরা এখন কোরছোই বা কি? আহাম্মক, তোমরা বই হাতে করে সমুদ্রের ধারে পাইচারী কোরছো! ইউরোপীয়-মস্তিস্ক-প্রসূত কোন তত্ত্বের এক কণামাত্র—তাও খাটী জিনিস নয়—সেই চিন্তার বদহজম খানিকটা ক্রমাগত আওড়াচ্ছে, আর তোমাদের প্রাণমন সেই ৩০ টাকার

কেরাণীগিরির উপরে পড়ে আছে, না হয়' খুব জোর একটা দৃষ্ট উকীল হ'বার মতলব কোরছে। ইহাই ভারতীয় যুবকগণের সর্বোচ্চ দুরাকাঙ্ক্ষা। আবার প্রত্যেক ছেলের আশেপাশে একপাল ছেলে—তার বংশধরগণ—বাবা খাবার দাও, খাবার দাও করে উচ্চ চীৎকার তুলছে!! বলি, সমুদ্রে কি জলের অভাব হয়েছে যে, তোমাদের বই, গাউন, বিস্ববিদ্যালয়ের ডিস্লেমা প্রভৃতি সব ডুবিয়ে ফেলতে পারো না?

“এস, মানুষ হও। প্রথমে দৃষ্ট পুরুতগুলোকে দূর করে দাও। কারণ এই মস্তিষ্কহীন লোকগুলো কখনো ভাল কথা শুনবে না—তা'দের হৃদয়ও শুন্যময়, তা'র কখনও প্রসার হ'বে না। শত শত শতাব্দীর কুসংস্কার ও অত্যাচারের মধ্যে তা'দের জন্ম, আগে তা'দের নির্মূল কর। এস, মানুষ হও। নিজেদের সৎকীর্ত্ত গর্ত থেকে বেরিয়ে এসে বাইরে গিয়ে দেখ, সব জাতি কেমন উন্নতির পথে চলেছে! তোমরা কি মানুষকে ভালবাসো? তোমরা কি দেশকে ভালবাসো? তা'হলে এস, আমরা ভাল হ'বার জন্য প্রাণপণ চেষ্টা করি। পেছনে চেযো না—অর্থাৎ আত্মীয়-স্বজন কাঁদুক, পেছনে চেযো না—সামনে এগিয়ে যাও। ভারতমাতা অন্ততঃ এইরূপ সহস্র যুবক বলি চান। মনে রেখো—মানুষ চাই, পশু নয়।”

ইরাকোহামা হইতে প্রশান্ত মহাসাগর অতিক্রম করিয়া জাহাজ বক্ষুবর বন্দরে নোঙ্গর ফেলিল। এখান হইতে রেলওয়ে-বোলে কানাডার মধ্য দিয়া তিনদিন পর তিনি শিকাগো সহরে প্রবেশ করিলেন। যে নগরী তাঁহার খ্যাতি দিগ্বিদিকে বিঘোষিত করিবে, সেই নগরীতে অপরিচিত, বিস্ময়বিহ্বল বালকের মত তিনি বিচরণ করিতে লাগিলেন। জনপূর্ণ রাজপথে গৈরিক পরিহিত সম্যাসী নানা-শ্রেণীর কৌতুহলী লোকের স্ফারা উত্থাপ্ত ও অস্থির হইয়া উঠিলেন। বালকের দল বিদ্রূপ করিতে করিতে তাঁহার পাছে পাছে চলিতে লাগিল। এ এক অদ্ভুত অভিজ্ঞতা। তাহার উপর বক্ষুবর হইতে প্রভাষণ চলিয়াছে। যে পারিতেছে, সেই অসম্ভব দাবী করিয়া তাঁহাকে ঠকাইতেছে। অর্থাৎ বাবহারে তিনি সম্পূর্ণ অনভিজ্ঞ, কুলীরাও অসম্ভব হারে মজদুরী দাবী করিল। অবশেষে এক হোটলে উঠিয়া সেদিনের মত তিনি পরিচালিত পাইলেন।

পরদিন চলিলেন, বিখ্যাত বিশ্ব প্রদর্শনী দেখিতে। জড়বিজ্ঞানের নব নব আবিষ্কৃত ক্ষুদ্র বৃহৎ বিবিধ যন্ত্র, কত বিচিত্র পণ্যসম্ভার, শিল্পকলার কত নয়নাভিরাম নিদর্শন, পাশ্চাত্যের বিশাল গরিমা দেখিয়া স্বামিজী মুগ্ধ হইলেন। মানুষের আত্মবিশ্বাস, দুরাকাঙ্ক্ষা, দুর্লভের সম্বন্ধে জীবনমরণ পণ, ইহা সম্ভব

কবিয়াছে। পাশ্চাত্যের বেগবান সভ্যতাস্রোতে দ্রুত উন্নতিশীল জীবনের সহিত ভারতের মন্দের ক্রীণ বিশীর্ণ জীবনধারার তুলনা করিতে করিতে নিঃসঙ্গ একক সম্যাসী সম্ম্যয় ক্লান্তপদে হোটেলের ফিরিয়া আসিলেন। কিন্তু অগ্নি বস্ত্রাবৃত থাকে না। পোষাক যতই অশুভ হউক, সেই জ্যোতির্ময় নির্মল ললাট, আয়তলোচনের মর্মভেদী দৃষ্টি সহজেই মানুষকে আকর্ষণ করে। কেহ কেহ স্বামিজীকে আবিষ্কার করিলেন। হৃদয়গতিস্ব সংবাদপত্রের রিপোর্টারেরাও বাদ গেলেন না। কিন্তু ইহারা কোতুলক জনতামাঘ। স্বামিজী নিজে লিখিয়াছেন,—“বরদা রাও যে মহিলাটির সঙ্গে আমার আলাপ করাইয়া দিয়াছিলেন, তিনি ও তাহার স্বামী শিকাগো সমাজের মহাগণ্যমান্য ব্যক্তি। তাহারা আমার প্রতি খুব সম্মানবোধ করিয়াছিলেন। কিন্তু এখানকার লোকে বিদেশীকে খুব ঘৃণা করিয়া থাকে কেবল অপরকে তামাসা দেখাইবার জন্য, অর্থ সাহায্য করিবার সময় প্রায় সকলেই হাত গুটাইয়া লয়।” অত্যধিক খরচ দেখিয়া স্বামিজী চিন্তিত হইলেন। এখানে লোকে জলের মত টাকা খরচ করে। স্বামিজী চিন্তিত হইলেন।

তাহার উপর এক নতুন দর্ভাবনায় তিনি বিমর্ষ হইলেন। একদিন সংবাদ লইয়া জানিতে পারিলেন যে, ধর্মমহাসভা সেপ্টেম্বর মাসেই পূর্বে আরম্ভ হইবে না। বিশেষতঃ তাহার উক্ত সভার নিয়মাবলী অনুসারে পরিচয়পত্র লইয়া আসেন নাই, তাহারা সভায় প্রতিনিধিরূপে স্থান পাইবেন না। প্রতিনিধিরূপে ধর্মমহাসভায় যোগদান করিবার সময় অতীত হইয়া গিয়াছে—কাজেই স্বামিজী হিন্দুধর্মের প্রতিনিধিরূপে গৃহীত হইবার কোন সুযোগ দেখিলেন না।

এদিকে যে সামান্য অর্থ তখনও তাহার নিকট অবশিষ্ট ছিল, তাহাও আবার হোটেলওবালা ইত্যাদির অত্যধিক দাবী পূরণ করিতে একপক্ষকালের মধ্যেই প্রায় নিঃশেষিত হইয়া গেল। যদিও তাহার স্থিরবিশ্বাস ছিল যে, ভগবানের মঙ্গলময় হস্ত তাহাকে সর্বদা রক্ষা করিতেছে, তথাপি এক প্রবলতম সন্দেহের ঝড় উঠিয়া তাহাকে ব্যাকুল করিয়া তুলিল। বিচলিত হৃদয়ে কিংকর্তব্যবিমূঢ় স্বামিজী ভাবিতে লাগিলেন যে, উক্তমতস্তিম্ভ কতকগুলি যুবকের পরামর্শে তিনি কেন আমেরিকা আসিলেন? বাহা হউক, শিকাগোতে সঙ্কল্পসিদ্ধির কোন উপায় না দেখিয়া তিনি বোষ্টন অভিমুখে যাত্রা করিলেন।

পথিমধ্যে রেলগাড়িতে এক বয়ীসসী মহিলার সহিত তাহার আলাপ হইল। এই ভদ্রমহিলা তাহার অশুভ পোষাক দেখিয়া পরিচয় জানিবার জন্য ব্যগ্র হইয়া উঠিলেন। তিনি যখন শুনিলেন, এই প্রাচ্যদেশীয় সম্যাসী আমেরিকা বদান্ত

প্রচার করিতে আগমন করিয়াছেন, তখন তিনি কৌতূহলবশতঃ তাহাকে স্বালায়ে আতিথ্যগ্রহণ করিবার জন্য আমন্ত্রণ করিলেন এবং সঙ্গে সঙ্গে আশা দিলেন যে, তিনি স্বামিজীর প্রচারকার্যের স্দবিধা করিয়া দিবেন। এই মহিলার গৃহে স্বামিজী কিরূপে আরামে ছিলেন, তৎসম্বন্ধে নিজেই বলিয়াছেন, “এখানে থাকায় আমার এই স্দবিধা হইয়াছে যে, প্রত্যহ আমার যে এক পাউন্ড খরচ হইতৌছিল, তাহা বাঁচিয়া বাইতেছে, আর তাঁহার লাভ এই যে, তিনি তাঁহার বন্ধুগণকে নিমন্ত্রণ করিয়া ভারতগত এক অশ্লুত জীব দেখাইতেছেন। এসব যন্ত্রণা সহ্য করিতে হইবেই। আমাকে এখন অনাহার, শীত, আমার অশ্লুত পোষাকের দরুণ রাস্তার লোকের বিদ্ৰূপ, এগুলির সহিত যুদ্ধ করিয়া চলিতে হইতেছে।” বাহা হউক, স্বামিজী এই মহিলার ভবনে আসিয়া অপেক্ষাকৃত নিশ্চিন্ত হইলেন। তিনি স্থির করিলেন যে, কয়েকমাস চেষ্টা করিয়া যদি আমেরিকায় বেদান্তপ্রচারের স্দবিধা করিয়া না উঠিতে পারি তাহা হইলে এখান হইতে ইংলণ্ডে গমন করিব, তথায় কোন স্দবিধা না পাইলে, দেশে ফিরিয়া শ্রীগুরুর শ্বিতীয় আদেশের অপেক্ষা করিব।

শিকাগো ধর্মসভায় প্রতিনিধিরূপে গৃহীত হইবার সম্বন্ধে সম্পূর্ণরূপে নিরাশ হইলেও তাঁহার দৃঢ়হৃদয় বিচলিত হইল না। তিনি আগতপ্রার বাধা ও বিপত্তির সহিত সংগ্রাম করিবার জন্য “ভগবানে বিশ্বাসরূপ দৃঢ় বর্মে” সন্নিজিত হইয়া প্রস্তুত হইলেন। এই মহিলার আলয় হইতে তিনি তাঁহার জনৈক শিষ্যকে লিখিয়াছিলেন, “এখানে আসিবার পূর্বে যেসব সোনার স্বপন দেখিতাম, তাহা ভাঙ্গিয়াছে—এক্ষণে অসম্ভবের সহিত যুদ্ধ করিতে হইতেছে। শত শতবার মনে হইয়াছিল, এদেশ হইতে চলিয়া যাই, কিন্তু আবার মনে হয়, আমি একগুঁবে দানা, আর আমি ভগবানের আদেশ পাইয়াছি, আমার দৃষ্টিতে কোন পথ লক্ষিত হইতেছে না বটে, কিন্তু তাঁহার চক্ষু ত সব দর্শন করিতেছে। মরি বাঁচ উদ্দেশ্য ছাড়িতোঁছি না।”

এপর্যন্ত জগতের কোন মহৎকার্যই নির্বিঘ্নে সম্পাদিত হয় নাই। পরাজয় ও ব্যর্থতার সহিত সংগ্রামের মধ্য দিয়াই তো মানব চরিত্রের প্রকৃত মহত্ত্ব ফুটিয়া উঠে। তাই আমরা দেখিতে পাই, দুর্দশার সর্বনিম্নস্তরে পড়িয়া যখন তিনি মৃত্যু স্থির বলিয়া বন্ধিয়াছেন, তখনও তিনি স্বীয় শিষ্যগণকে উৎসাহ দিয়া পথ লিখিতেছেন, “কোমর বঁধ বৎস, প্রভু আমাকে এই কার্যের জন্য ডাকিয়াছেন। আমি সমস্ত জীবন নানাপ্রকার দুঃখকষ্ট ভোগ করিয়াছি, প্রার্থাপ্রম নিকটতম আত্মীয়-স্বজনকে একরূপে অনাহারে মরিতে দেখিয়াছি। আমাকে লোকে উপহাস ও অবজ্ঞা করিয়াছে, জুয়াচোর ও বদমাস বলিয়াছে। আমি এ সমস্তই সহ্য করিয়াছি তাঁদের জন্য যাহা আমার

উপহাস ও অবজ্ঞা করিযাছে। বৎস! * এই জগৎ দঃখের আগার বটে, কিন্তু মহা-পদ্রুপগণের শিক্ষালয়স্বরূপ। লক্ষ লক্ষ দরিদ্রের হৃদয়বেদনা অনুভব কর, অকপট হইয়া ইহাদিগের জন্য ভগবানের নিকট সাহায্য প্রার্থনা কর—সাহায্য আসিবেই আসিবে। আমি বর্ষের পর বর্ষ ধরিয়া এই চিন্তাভার মস্তিষ্কে ও এই দঃখভার হৃদয়ে ধারণ করিয়া ভ্রমণ করিয়াছি। তথাকথিত ধনী ও বড়লোকদের স্বেচ্ছা স্বেচ্ছা গিয়াছি। অবশেষে হৃদয়ের রক্ত মোক্ষণ করিতে করিতে অধেক পৃথিবী অতিক্রম করিয়া এই স্দুর্ভাগ্য বিদেশে সাহায্যলাভের প্রত্যাশায় উপস্থিত হইয়াছি। ভগবান দয়াময়! তিনি অবশ্যই সাহায্য করিবেন। আমি এই দেশে শীতে ও অনাহারে মরিতে পারি, কিন্তু হে যুবকগণ! আমি তোমাদের নিকট দরিদ্র, পতিত, উৎপীড়িতগণের জন্য এই প্রাণপণ চেষ্টা দায়স্বরূপ অর্পণ করিতেছি। তোমরা এই ত্রিশকোটি নরনারীর উদ্ধারের রত গ্রহণ কর—যাহারা দিন দিন গভীরতম অজ্ঞানাম্বুজের প্রভুর নাম জপযুক্ত হউক—আমরা নিশ্চয়ই কৃতকার্য হইব। এই চেষ্টায় শতজন প্রাণত্যাগ করিতে পারে, আবাব সহস্রজন এই কর্মের জন্য প্রস্তুত হইবে। বিশ্বাস—সহানুভূতি, অগ্নিময় বিশ্বাস—জ্বলন্ত সহানুভূতি—অগ্রসর হও—অগ্রসর হও।”

স্বামিজী মহিলাগণের পরামর্শানুসারে পবিচ্ছদ পরিবর্তন করিতে বাধ্য হইলেন। সদাসর্বদা ব্যবহার করিবার জন্য একটা লম্বা কাল কোট প্রস্তুত করিলেন। গৈরিক-পাগড়ী ও আলখেল্লা কেবলমাত্র বহুতাকালে ব্যবহার করিবার জন্য রাখিয়া দিলেন। একদিন ঘটনাচক্রে পূর্বোক্ত মহিলার গৃহে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের গ্রীকভাষার প্রখ্যাতনামা অধ্যাপক মিঃ জে এইচ রাইট মহোদয়ের সহিত স্বামিজীর পরিচয় হয়। ইনি কিসংকাল কথোপকথনের পর স্বামিজীর উদ্দেশ্য অবগত হইয়া বলিলেন, “আপনি শিকাগো মহাসভার হিন্দুধর্মের প্রতিনিধিরূপে গমন করুন, তাহা হইলে বেদান্তপ্রচারকার্যে অধিকতর সাফল্যলাভ করিবেন।” স্বামিজী সরলভাবে প্রকৃত অসদ্বিধাগর্ভালি ধূলিয়া বলিলেন। অধ্যাপক আশ্চর্য হইয়া বলিলেন, “To ask you, Swami, for your credentials is like, asking the Sun to state its right to shine!” রাইট সাহেব তৎক্ষণাৎ উক্ত মহাসভা-সংশ্লিষ্ট তাঁহার বন্ধু মিঃ বার্ন সাহেবকে একখানি পত্র লিখিয়া স্বামিজীর হস্তে

প্রদান করিলেন। তন্মধ্যে অন্যান্য কথার সঁহিত এই কয়েকটি কথাও লেখা ছিল “দেখিলাম, এই অজ্ঞাতনামা হিন্দুসন্ন্যাসী আমাদের সকল পণ্ডিতগণুলি একত্র করিলে যাহা হয়, তদপেক্ষাও বেশী পণ্ডিত।” এই পত্রখানি ও অধ্যাপক-প্রদত্ত একখানি রেলওয়ে টিকিট লইয়া স্বামিজী পুনরায় শিকাগো অভিমুখে যাত্রা করিলেন।

স্বামিজী যে উৎসাহ, যে আনন্দ লইয়া বোর্টন হইতে রওনা হইয়াছিলেন, শিকাগো রেলওয়ে স্টেশনে অবতীর্ণ হইবামাত্র তাহা অন্তর্হিত হইল। এই বিরাট সহরে তিনি কেমন করিয়া ডাক্তার ব্যাবোজ সাহেবের আফিস খুঁজিয়া বাহির করিবেন! পথিমধ্যে দুই চারিজন ভদ্রলোককে জিজ্ঞাসা করিলেন বটে, তাঁহারা স্বামিজীকে নিগ্রো মনে করিয়া ঘৃণায় মূখ ফিরাইয়া চলিয়া গেলেন, এমন কি, রাস্তাতে থাকিবার স্থানের আশাষ একটি হোটেলের সম্মান লইতে গিয়াও তিনি বিফলকাম হইলেন। অবশেষে কোনস্থানে আশ্রয় না পাইয়া রেলওয়ে মালগুদামের সম্মুখে পতিত একটি প্রকাণ্ড “প্যাকিং কেসের” মধ্যে প্রবেশ করিলেন। বাহিরে তখন তুষারপাত আরম্ভ হইয়াছিল। শীতের প্রখর বায়ুর তীব্র স্পর্শ, প্যাকিং কেসের মধ্যে ঘনীভূত অন্ধকার। দুঃসহ শীতের হস্ত হইতে দেহরক্ষা করিবার মত প্রচুর শীতবস্ত্রও তাঁহার নাই। অসমী উৎকণ্ঠায় রজনী অতিবাহিত করিয়া প্রভাতে আশা ও উদ্যমে বৃক বাঁধিয়া রাজপথে বহির্গত হইলেন। সমস্ত রাত্রি অনাহারে যাপন করায় প্রবল ক্ষুধার তাড়নায় তাঁহার সর্বশরীর অবশ হইয়া আসিতেছিল, তিনি আর অগ্রসর হইতে পারিতেছিলেন না। অনন্যোপায় হইয়া কিঞ্চিৎ খাদ্যদ্রব্যের আশাষ স্মারে স্মারে ভিক্ষা করিতে লাগিলেন। তাঁহার মলিন জীর্ণ বসন, ষাতনারিকুণ্ট মূখমণ্ডল দেখিয়া কাহারও করুণার উদ্রেক হইল না। কেহ ভৎসনা করিল, কেহ স্মারদেশ হইতে দূর করিবার জন্য বলপ্রয়োগ করিতে উদ্যত হইল, কেহ প্রবল উপেক্ষামিশ্রিত ঘৃণায় স্মার রুদ্ধ করিল। প্রাস্ত, ক্লান্তিজর্জড়িত অবসন্ন দেহে বিবেকানন্দ রাজপথপার্শ্বে বসিয়া পড়িলেন, প্রশান্তভাবে পূর্ণ নির্ভরতা লইয়া খ্রীস্টরূপ স্মরণ করিতে লাগিলেন। সহসা তাঁহার পুরোভাগে অবস্থিত সুবৃহৎ প্রাসাদের স্মার উদ্ভাসিত হইল। এক অপূর্ণ সুন্দরী রমণী ধীরে ধীরে আসিয়া স্বামিজীকে মধুর স্মরে জিজ্ঞাসা করিলেন, “মহাশয়! আপনি কি ধর্মমহাসভার একজন প্রতিনিধি?” স্বামিজী বিস্ময়ালুতকণ্ঠে সংক্ষেপে স্বীয় দূরবস্ত্রের কথা বলিলেন এবং বলিলেন যে, তিনি ব্যারোজ সাহেবের আফিসের ঠিকানা হারাইয়া ফেলিয়াছেন। দয়াদ্রুদয়া মহিলা স্বামিজীকে স্মালয়ে আহ্বান

করিয়া ভূতাবগকে তাঁহার সেবার জন্য আদেশ করিলেন এবং প্রাতঃর্ভোজন সমাপ্ত হইলে তিনি স্বয়ং স্বামিজীকে ধর্মসভায় লইয়া যাইবেন বলিলেন।

ঔপন্যাসিকের শ্রেষ্ঠতম কল্পনার ন্যায় অননুভবনীয় ঘটনাবৈচিত্র্যের মুখা দিয়া বিবেকানন্দের প্রবাস-জীবনের আর এক অধ্যায় সমাপ্ত হইল। এই সহৃদয়া মহিলার নাম মিসেস জর্জ ডরিউ হেইল। অবাচিতভাবে ইনি স্বামিজীর মাতৃস্থানীয় হইয়া তাঁহাকে প্রচারকার্যে যথেষ্ট সহায়তা করিয়াছিলেন। যাহা হউক, স্বামিজী বিপ্রমাল্যে ইহার সহিত গিয়া ধর্মমহাসভায় হিন্দুধর্মের প্রতিনিধিরূপে পরিগৃহীত হইলেন এবং প্রতিনিধিবর্গের জন্য নির্দিষ্ট বাটীতে অতিথিবৃপে বাস করিতে লাগিলেন।

ধর্মসভার প্রথম অধিবেশনের বিস্তারিত বর্ণনা করিয়া স্বামিজী স্বয়ং জনৈক শিষ্যকে লিখিয়াছিলেন—“মহাসভা খুলিবার দিন প্রাতে আমরা সকলে “শিল্প-প্রাসাদ” নামক বাটীতে সমবেত হইলাম।

“সেখানে মহাসভার অধিবেশনের জন্য একটি বৃহৎ ও কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র অস্থায়ী হল নির্মিত হইয়াছিল। এখানে সর্বজাতির লোক সমবেত হইয়াছিল। ভারতবর্ষ হইতে আসিয়াছিলেন—ব্রাহ্ম-সমাজের প্রতাপচন্দ্র মজুমদার ও বোসাইয়ের নগরকার, বীরচাঁদ গান্ধী জৈন সমাজের প্রতিনিধিরূপে এবং এনি বেসান্ট ও চক্রবর্তী খ্রিয়জ্ঞানের প্রতিনিধিরূপে আসিয়াছিলেন। মজুমদারের সহিত আমার পূর্বপরিচয় ছিল, আর চক্রবর্তী আমার নাম জানিতেন। বাসা হইতে শিল্প-প্রাসাদ পর্যন্ত খুব ধুমধামের সহিত যাওয়া হইল এবং আমাদের সকলকেই প্ল্যাটফর্মের উপর শ্রেণীবিন্যাস-ভাবে বসান হইল। কল্পনা করিয়া দেখ,—নীচে একটি হল, তাহার পর প্রকাণ্ড গ্যালারী, তাহাতে আমেরিকার বাছাবাছা ৬।৭ হাজার সুশিক্ষিত নরনারী ঘেসাঘেসি করিয়া উপবিষ্ট আর প্ল্যাটফর্মের উপর পৃথিবীর সর্বজাতির পণ্ডিতের সমাবেশ। আর আমি, যে জন্মাবিক্ষেপে কখনো সাধারণের সমক্ষে বক্তৃতা করে নাই, সে এই মহাসভায় বক্তৃতা করিবে। সঙ্গীতাদি, বক্তৃতা প্রভৃতি নিষিদ্ধ রীতিপূর্বক ধুমধামের সহিত সভা আরম্ভ হইল। তখন একজন একজন করিয়া প্রতিনিধিকে সভার সমক্ষে পরিচিত করিয়া দেওয়া হইল, তাহারাও অগ্রসর হইয়া কিছু কিছু বলিলেন, অবশ্য আমার বুদ্ধদুঃখ করিতেছিল ও জিহ্বা শুষ্কপ্রায় হইয়াছিল। আমি এতদূর ঘাবড়াইয়া গেলাম যে, পূর্বাঙ্কে বক্তৃতা করিতে ভরসা করিলাম না। মজুমদার বেশ বলিলেন, চক্রবর্তী আরও সুন্দর বলিলেন। খুব করতালিধ্বনি হইতে লাগিল। তাহারা সকলেই বক্তৃতা প্রস্তুত করিয়া আনিয়াছিলেন। আমি নির্বেশ, আমি কিছুই

প্রস্তুত করি নাই। আমি দেবী সরস্বতীকে প্রণাম করিয়া অগ্রসর হইলাম। ব্যারোজ মহোদয় আমার পরিচয় করিয়া দিলেন। আমার গৈবিকবসনে শ্রোতৃবর্গের চিত্ত কিছুদূর আকৃষ্ট হইয়াছিল।

“আমি আমেরিকাবাসীদেরকে ধন্যবাদ দিয়া ও আরও দু’এক কথা বলিয়া একটি ক্ষুদ্র বক্তৃতা করিলাম। যখন আমি ‘আমেরিকাবাসী ভ্রমী ও ভ্রাতৃগণ’ বলিয়া সভাকে সম্বোধন করিলাম, তখন দুই মিনিট ধরিয়া এমন কবতালিধ্বনি হইতে লাগিল যে, কান যেন কালা করিয়া দেয়। তাবপব আমি বলিতে আরম্ভ করিলাম। যখন আমার বলা শেষ হইল, আমি তখন হৃদযেব আবেগেই একেবারে যেন অবশ হইয়া পড়িলাম। পরদিন সব খবরের কাগজ বলিতে লাগিল, আমার বক্তৃতাই সেইদিন সকলের প্রাণে লাগিয়াছে, স্নাতবাং তখন সমগ্র আমেরিকা আমাকে জানিতে পাবিল। সেই শ্রেষ্ঠ টীকাব গ্রীষ্মস্বামী সত্যই বলিয়াছেন, “মুকুং করোতি বাচালং”—হে ভগবান! তুমি বোবাকেও মহাবক্তা করিয়া তোলা। তাঁহাব নাম জয়ধ্বজ হউক। সেইদিন হইতে আমি একজন বিখ্যাত লোক হইয়া পড়িলাম। আর যেদিন হিন্দুধর্ম সম্বন্ধে আমার বক্তৃতা পাঠ করিলাম, সেইদিন হলে এত লোক হইয়াছিল যে, আর কোনদিন সেরূপ হয় নাই।”

১৮৯৩ সালের ১১ই সেপ্টেম্বর সোমবার জগতেব ইতিহাসে একটি স্মরণীয় দিবস। প্রতীচ্য ও প্রাচ্যের বিভিন্ন ধর্মসম্প্রদায়ের সর্বশ্রেষ্ঠ প্রতিনিধিগণ একত্র সম্মিলিত,—এই বিরাট সভায় সহস্র সহস্র উন্মুখ নরনারীর সম্মুখে স্বীয় অম্বিতীয় আশীর্বাণী উচ্চারণ করিবার জন্য স্বামী বিবেকানন্দ দণ্ডায়মান হইলেন।

থিয়োজফিস্ট সম্প্রদায়ের নেত্রী মিসেস্ এনি বেসান্ট ১৯১৪ সালের মার্চ মাসের “ব্রহ্মবাদিন” পত্রিকায় এই ঘটনার উল্লেখ করিয়া লিখিয়াছিলেন, “মহিমময় মূর্তি, গৈরিকবসন ছুঁষিত, শিকাগো সহরের ধূমমলিন ধূসরবক্ষে ভারতীয় সূর্যের মত ভাস্কর, উন্নতশির, মর্মভেদী দৃষ্টিপূর্ণ চক্ষু, চঞ্চল ওষ্ঠাধর, মনোহর অঙ্গাভঙ্গী—ধর্মমহাসভার প্রতিনিধিগণের জন্য নির্দিষ্ট কক্ষে স্বামী বিবেকানন্দ আমার দৃষ্টিপথে প্রথম এইরূপে প্রতিভাত হইয়াছিলেন। তিনি সন্ন্যাসী বলিয়া খ্যাত, কিন্তু তাহা সমর্থনীয় নহে, কারণ প্রথম দৃষ্টিতে তিনি সন্ন্যাসী অপেক্ষা যোন্ধ্য বলিয়াই অনূমিত হইতেন এবং তিনি প্রকৃতই একজন যোন্ধ্য সন্ন্যাসী ছিলেন। এই ভারতগৌরব, জাতির মুখোজ্জ্বলকারী সর্বাপেক্ষা পুরাতন ধর্মের প্রতিনিধি উপস্থিত অন্যান্য প্রতিনিধিবর্গের মধ্যে সর্বাপেক্ষা বয়ঃকনিষ্ঠ হইলেও প্রাচীনতম ও শ্রেষ্ঠতম সত্যের জীবন্ত-ঘন-বিগ্রহ-স্বরূপ স্বামিজী অন্যান্য কাহারও অপেক্ষা ন্যূন ছিলেন

না। দ্রুতউন্নতিশীল, উদ্ভূত পাশ্চাত্য জগতে ভারতমাতা তাঁহার যোগ্যতম সন্তানকে দোতো নিযুক্ত করিয়া গৌরবান্বিতা হইয়াছিলেন। এই দূত তাঁহার পুণ্য জন্মভূমির গৌরবকাহিনী বিস্মৃত না হইয়া ভারতের বার্তা ঘোষণা করিয়াছিলেন। শক্তিমান, দৃঢ়সংকল্প, পদব্রূষকারসম্পন্ন স্বামিজীর স্বমত সমর্থন করিবার পক্ষে যথেষ্ট ক্ষমতা ছিল।”

“অপর দৃশ্য আবম্ভ হইল—স্বামিজী সভামণ্ডে দণ্ডায়মান হইলেন। অপবাপব শক্তিমান প্রতিভাসম্পন্ন প্রতিনিধিগণ যদিও তাঁহাদের বার্তা সুন্দরভাবে বাস্তব করিয়াছিলেন, কিন্তু এই অপ্রতিনিবন্ধী প্রাচ্য-প্রচাবকের অতুলনীয় আধ্যাত্মিক বার্তার মহিমার সম্মুখে সেগদলি অবনত হইতে বাধ্য হইয়াছিল। তাঁহার কণ্ঠোথিত প্রত্যেক ঋৎকারময় শব্দটি আগ্রহান্বিত মন্থমুগ্ধবৎ বিপুল জনসংঘের মানসপটে দৃঢ়াঙ্কিত হইয়া গিয়াছিল।”

থিয়োজফিস্ট সম্প্রদায় যদিও স্বামিজীকে পদে পদে বাধা প্রদান করিয়াছিলেন এবং সর্বপ্রযত্নে তাঁহার প্রচাবকার্যের বিঘ্ন ঘটাইবার চেষ্টা করিয়াছিলেন, তথাপি এই বৈদ্যুতিক শক্তিশালী তেজস্বী হিন্দু-সন্ন্যাসীর পুত প্রভাব তাঁহারা অতিক্রম করিতে পাবেন নাই, তাই বিবেকানন্দের মিথ্যাশ্রুতি রটনা কবিয়া থিয়োজফিস্টগণ যে অগোবব সঙ্ঘ করিয়াছিলেন, বহুবর্ষ পবে মিসেস্ এনি বেসাণ্ট তাহাই স্ফালন করিবার জন্য ‘ব্রহ্মবাদিন’ পরিকায় “My impressions of Swami Vivekananda and his work” নামক প্রবন্ধ লিখিয়াছিলেন সন্দেহ নাই। এক্ষেত্রে মিসেস্ বেসাণ্ট যথেষ্ট সংসাহসের পরিচয় দিয়াছেন এবং ইহার জন্য তিনি ধন্যবাদার্থ।

সর্বজনীন ভ্রাতৃত্বের প্রতিষ্ঠা ও প্রচারকল্পে অনুষ্ঠিত মহাসভার সমবেত প্রাচ্যের প্রতিনিধিরা স্ব স্ব বিশিষ্ট সম্প্রদায়ের ধর্মমত ও সাধনার পরিচয় পাণ্ডিত্যপূর্ণ ভাষায় প্রকাশ করিলেন এবং চিরাচরিত প্রথায় প্রোভুৎসব্দকে সম্বোধন করিলেন। বিবেকানন্দ সম্বোধন করিবার রীতি প্রথম দেখান করিলেন। পাণ্ডিত্যী ভাষা নহে, জনসাধারণের ভাষায়, তিনি জনগণের হৃদয়ের দ্বারে আবেদন করিলেন। “আমেরিকাবাসী ভ্রাতৃ ও ভ্রাতাগণ!”—জনতার উচ্ছ্বাসিত করতালি নিস্তব্ধ হইবার পর, “পৃথিবীর সর্বাপেক্ষা প্রাচীনতম সন্ন্যাসী সম্প্রদায়ের” প্রতিনিধি বিবেকানন্দ পৃথিবীর নবীনতম জাতিকে অভিনন্দন জ্ঞাপন করিলেন। হৃদয়ের অন্তস্তল হইতে উথিত অকপট প্রেম ও সত্যের বাণী গণ-নারাধণের সম্মিলিত হৃদয়ের প্রীতি-উৎসের মধুধারণ উন্মোচন করিয়া দিল। কোন বিশেষ সম্প্রদায়ের কোন নির্দিষ্ট ঈশ্বরের

কথা তিনি বলিলেন না, সকল ধর্মের জননী-স্বরূপা সনাতন ধর্মের কথা, বাহ্য দেশ কাল পাত্র ভেদে বহু বৈচিত্র্যে প্রকটিত, অথচ স্বরূপতঃ একই মহান সত্যের মধ্যে বিধৃত হইয়া আছে—সেই সার্বভৌমিক ধর্মের কথাই তিনি বলিলেন। বিবেকানন্দের কণ্ঠ আশ্রয় করিয়া প্রীরামকৃষ্ণের সাধনা ও সিংধর বাণী বিঘোষিত হইল। নবযুগের মানুষ নবযুগধর্ম-প্রচারক তরুণ সন্ন্যাসীকে অভিনন্দন জ্ঞাপন করিল।

ভাট্ সন্মোখনে প্রীতিউৎফুল্ল নরনারী উদ্গ্রীব ও উৎকর্ষ হইয়া শুনিল, আগত-প্রায় বিংশ শতাব্দীর নবযুগের আদর্শ,—সমস্ত প্রকার ধর্মস্বল্প, স্বাধীনতার নামে ব্যক্তির স্বেচ্ছাচার, জাতীয়তাব নামে পরস্পরলোদ্‌পতা, ধর্মের নামে পরধর্মের প্রতি অবস্থা আক্রমণ পরিত্যাগ। প্রত্যেকেরই জাতিগত, ধর্মগত, সমাজগত স্বাতন্ত্র্য রক্ষা করিয়া পরস্পরের সহিত ভাব-বিনিময় করিতে হইবে, সম্বন্ধীভূত ত্যাগ করিয়া স্ব স্ব সামর্থ্যানুযায়ী অপরের লৌকিক ও আধ্যাত্মিক উন্নতির জন্য চেষ্টা করিতে হইবে।

১৯শে সেপ্টেম্বর স্বামিজীর হিন্দুধর্ম নামক প্রসিদ্ধ বক্তৃতা হইয়া যাওয়ার পর ধর্মসভায় প্রতিনিধিবর্গের মধ্যে কয়েকজন একটা গৃহজব তুলিলেন যে, উহা বর্তমান প্রচলিত হিন্দুধর্ম নহে। বিবেকানন্দ যে ভাবে আশ্চর্য হইয়া ঘোষণা করিয়াছেন, তৎসম্বন্ধে অধিকাংশ হিন্দুই অস্তব্ধ। সূক্ষ্ম তর্কযুক্তির দিক দিয়া তিনি মূর্তিপূজার দার্শনিক ব্যাখ্যা করিয়া পাশ্চাত্য জগতের চক্ষে ধূলি নিক্ষেপ করিতে উদ্যত হইয়াছেন, কাবণ জড়োপাসক পৌত্তলিক হিন্দুগণের ঐ প্রকার ব্যাখ্যা স্বপ্নেরও অগোচর, বিশেষতঃ বিবেকানন্দ অতি নীচবংশোদ্ভব এবং জাতিচ্যুত, সমাজচ্যুত নগণ্য ব্যক্তি, ধর্মালোচনা উহার পক্ষে অনধিকাবচর্চা মাত্র। এইরূপ বিবিধ নিন্দা প্রচার করিয়া তাঁহার জর্নৈক স্বদেশবাসী ‘রেভারেন্ড’ প্রচারক, ধর্মসভার কর্তৃপক্ষকে, এই অশাস্ত, চরিত্রহীন বালককে সভা হইতে বহিস্কৃত করিবার পরামর্শ দিলেন। এই সম্বোধিত পরামর্শে ধর্মসভার সুবিবেচক কর্তৃপক্ষ অবশ্য সহসা বিশ্বাস করিতে পারিলেন না, কিন্তু তাঁহারা স্বামিজীকে তাঁহার বক্তৃতা সম্বন্ধে প্রতিবাদী পক্ষের উত্থাপিত আপত্তিগুলি খণ্ডন করিবার জন্য আহ্বান করিলেন। বেদান্তদর্শনের সহিত বর্তমান প্রচলিত হিন্দুধর্মের কি সম্বন্ধ আছে, তৎসম্বন্ধে আলোচনা সভায় আচার্যদেব ২২শে সেপ্টেম্বর এক হৃদয়গ্রাহণী বক্তৃতা প্রদান করিলেন। ঐ দিবস অপরাজে ভারতের বর্তমান ধর্মসমূহের আলোচনা সভাতেও তিনি প্রতিবাদীগণের উত্থাপিত বিশ্বেষপদর্শ যুক্তিগুলি দৃঢ়তার সহিত খণ্ডন করিয়া হিন্দুধর্মের শ্রেষ্ঠতা

ও বিশালতা প্রতিপন্ন করিলেন। ২৫শে তারিখ যখন তিনি “হিন্দুধর্মের সার” নামক বক্তৃতা প্রদান করিতে কবিতা সহসা নীরব হইয়া সমবেত জনসম্মুখে লক্ষ্য করিয়া প্রশ্ন কবিলেন, এই সভামধ্যে যাহারা হিন্দুধর্ম ও শাস্ত্রের সহিত প্রত্যক্ষভাবে পরিচিত, তাহারা হস্ত উত্তোলন করুন,—প্রায় সপ্ত সহস্র ব্যক্তির মধ্যে তিন-চারখানি হস্ত উত্তোলিত হইল মাত্র। “যোম্মা সন্ন্যাসী” গৈরিক-উষ্ণীয়-মণ্ডিত-শির উদ্বেগ তুলিয়া, দৃঢ়সম্বন্ধ বাহুদ্বয় বক্ষোপরি স্থাপন করিয়া, ভৎসনা-দৃষ্ট-কণ্ঠে বলিয়া উঠিলেন, “তবু তোমরা আমাদের ধর্ম সমালোচনা করিবার স্পর্ধা রাখ।” সমগ্র সভা কুণ্ঠিত হইয়া রহিল। ঈশ্বর হাস্যে স্বামিজী পুনরায় বক্তৃতা আবিস্ত করিলেন।

শিকাগো মহাসভার মূল অধিবেশন ও বৈজ্ঞানিক শাখায় স্বামিজী দশ বারটি বক্তৃতা দেন। মানুষের জ্ঞানের সাধনা জড় ও চৈতন্য জগতে সত্যের সম্মানে একই সার্বভৌম সত্যের দিকে অগ্রসব হইতেছে, সর্বজনীন ধর্মের এই মর্মকথাই তিনি স্বেীয় মৌলিক ভঙ্গীতে প্রত্যেকটি বক্তৃতায় প্রকাশ করিয়াছেন।

অবশেষে ২৭শে সেপ্টেম্বর ধর্মমহাসভার শেষ অধিবেশনে যুগধর্ম-প্রবর্তক আচার্যদেব তাহার সর্বশেষ বক্তৃতায় প্রত্যয়সিদ্ধকণ্ঠে ঘোষণা করিলেন, যাহারা এই সভার কার্যপ্রণালী পর্যবেক্ষণ করিয়াও কোন ধর্মবিশেষই কালে জগতের একমাত্র ধর্ম হইয়া যাইবে, অথবা কোন বিশেষধর্মই ঈশ্বরলাভের একমাত্র পন্থা এবং অন্যান্য ধর্মগুলি ভ্রান্ত, এইরূপ ভাব অন্তরে পোষণ করিবেন, তাহারা বাস্তবিকই করুণার পাত্র। “* * * খৃষ্টানকে হিন্দু বা বৌদ্ধ হইতে হইবে না, হিন্দু ও বৌদ্ধেরও খৃষ্টান হইবার প্রয়োজন নাই। কিন্তু প্রত্যেকেই স্ব স্ব বৈশিষ্ট্য রক্ষা করিয়া পরস্পরের ভাব বৃদ্ধিতে চেষ্টা করিবে এবং প্রত্যেকেই স্ব স্ব অন্তর্নিহিত শক্তির বিকাশ ও প্রকাশে নিয়মানুগ হইয়া বিস্তার লাভ করিবে।

“* * * এই ধর্মমহাসভা * * * প্রমাণ করিল * * * আধ্যাত্মিকতা, পবিত্রতা, এবং দাক্ষিণ্য কোন বিশেষ ধর্মসম্প্রদায়ের একচেটিয়া বস্তু নহে। এবং প্রত্যেক বিশেষ ধর্মসাধনায়ই মহানচরিত্র নবনাবীরা আবির্ভূত হইয়াছেন। * * অতঃপর প্রত্যেক ধর্মের পতাকার * * প্রতিরোধ সত্ত্বেও লিখিত হইবে,—‘যুদ্ধ নহে সাহায্য’, ‘ধ্বংস নহে আশ্রয় করিয়া লওয়া’, ‘ভেদবিশেষ নহে সামঞ্জস্য ও শান্তি’।”

ভাবীযুগের এই মহামিলনের বার্তা ধর্মমহাসভাকে অতিক্রম করিয়া সমগ্র সভাজগতে বিঘোষিত হইল। আর কে কি বলিলেন, তাহা লইয়া কোন কৌতূহল দেখা গেল না। সমগ্র পাশ্চাত্য জগতে বিবেকানন্দের খ্যাতি ছড়াইয়া পড়িল, অবজ্ঞাত

পরপদ-দলিত ভারতের মর্যাদা বৃদ্ধি পাইল। খৃষ্টান ধর্ম ও খৃষ্টানী সভ্যতার প্রেচ্ছ প্রতীপন্ন করিবার সমস্ত কল্পনা ব্যর্থ হইয়া গেল—ধর্মমহাসভার উদ্যোগেরা বিমর্ষ হইলেন।

খৃষ্টধর্ম ও পাশ্চাত্য সভ্যতা ভারতের ধর্ম ও সমাজকে যথেষ্ট উন্নত ও মার্জিত করিয়াছে বলিয়া চাট্‌কারসুলভ দুর্বল ও কাভব কৃতজ্ঞতা প্রকাশ করিয়া “কবতালি” লাভ করিবার আশায় বিবেকানন্দ পাশ্চাত্য দেশে গমন কবেন নাই। তিনি গিয়াছিলেন শিক্ষাগুরুরূপে, অশ্বৈতবাদের মণিময় দীপ লইয়া ভোগান্ধকারাচ্ছন্ন পাশ্চাত্য জ্ঞাতিকে মনুষ্তিপথ দেখাইতে। নিজের ইচ্ছা নহে, ভগবানের মঙ্গলেচ্ছার দাস হইয়া। তাঁহার বাতী জগৎ শুনিতে বাধ্য। যাঁহারা নীচ ঈর্ষার বশবর্তী হইয়া এই মহৎকার্যে বিঘোষণাদানের চেষ্টা করিয়াছিলেন, তাঁহারা স্বদেশীয় ইউন অথবা বিদেশী ইউন, কিছু আসে যায় না, তাঁহাদের অমার্চিত উপদেশ উদাহর্যদয় মার্কিন বুদ্ধিজীবীরা গ্রাহ্য করিলেন না, তাঁহারা আগ্রহভরে নবযুগাচার্যকে আদরে ও সম্মানে বরণ করিয়া লইলেন। শতাব্দীর পর শতাব্দী হইতে তাঁহাদিগকে নরকভীতি, অত্যাধিকতাপাণভীতি ও সুখময় স্বর্গলাভের প্রলোভন দেখানো হইয়াছে, যুগ যুগ ধরিয়া তাঁহারা শুনিয়া আসিতেছেন যে, তাঁহারা পাপী, অপবিত্র, অধম। সহসা তাঁহারা শুনিলেন, সুদূর প্রাচ্যদেশ হইতে সমাগত আচার্য তাঁহাদিগকে সম্বোধন করিয়া অভয় দিয়া বলিতেছেন, “হিন্দুগণ তোমাদিগকে পাপী বলিতে অস্বীকার করেন। পাপী? তোমরা অমৃতের সন্তান। এই পৃথিবীতে পাপ বলিয়া কিছু নাই, যদি থাকে, তবে মানুষকে পাপী বলাই এক ঘোরতর পাপ। তুমি সর্বশক্তিমান আত্মা—শুদ্ধ, মঙ্গল, মহান্। ওঠো, জাগো—স্বস্বরূপ বিকাশ করিতে চেষ্টা কর।”

মার্কিন দেশ বিবেকানন্দের প্রশংসায় পঞ্চমুখ হইয়া উঠিল। ধর্মসভার অধিবেশনে প্রথম অভিভাষণের পর হইতেই শত শত ব্যক্তি স্বামিজীর সহিত পরিচিত হইবার জন্য ব্যগ্র হইয়া উঠিলেন। অপরিচিত সম্যাসীর নাম সমগ্র সভ্য জগতে বিদ্যুৎপ্রবাহবৎ ছড়াইয়া পড়িল। সংবাদপত্রসমূহ দৃষ্টান্তভিনিনাদে ধর্মমহাসভার তাঁহার বিজয় ঘোষণা করিতে লাগিলেন। *New York Herald* তাঁহার সম্বন্ধে আলোচনা করিতে গিয়া লিখিলেন,—শিকাগো ধর্মমহাসভার বিবেকানন্দই প্রেচ্ছতম বিগ্রহ। তাঁহার বক্তৃতা শ্রবণ করিয়া মনে হয়, ধর্মমার্গে এ-হেন সমস্ত জাতির নিকট আমাদের ধর্মপ্রচারক প্রেরণ করা নিতান্তই নিবন্ধিত।

The press of America লিখিলেন,—

হিন্দুদর্শন ও বিজ্ঞানে সুদৃষ্টিত, সমবেত পরিষদবর্গের অগ্রগণ্য প্রচারক স্বামী বিবেকানন্দ—যিনি তাহার অভিভাষণ দ্বারা বিরাট সভাকে যেন সম্মোহিত করিয়া রাখিয়াছিলেন। বর্তমান প্রত্যেক খ্রিস্টীয়ান চার্চের অন্তর্গত ধর্মযাজক এবং প্রচারকগণ সকলেই উপস্থিত ছিলেন, কিন্তু স্বামিজীর বাণীমতের ব্যত্যয়রূপে তাঁহাদের বক্তব্য বিষয়সমূহ ভাসিয়া গিয়াছিল। তাহার জ্ঞানপ্রদীপ্ত সৌম্য-মুখমণ্ডল-নিঃসৃত বক্তৃতা-প্রবাহে,—ইংরেজী ভাষার মাধ্যমে সুপরিষ্কৃত হইয়া—তাঁহার চিরাচরিত ধর্মবিশ্বাসগুলি খ্রোম্যান্ডলীর হৃদয়ে গভীরভাবে অঙ্কিত করিয়া দিয়াছিল।

১৮৯৪, ৫ই এপ্রিলের *Boston Evening Transcript* মন্তব্য প্রকাশ করিয়াছিলেন, “He is really a great man, noble, simple, sincere and learned beyond comparison with most of our scholars” অর্থাৎ তিনি প্রকৃতই একজন মহাপুরুষ, উদার, সরল এবং জ্ঞানী। আমাদের বিজ্ঞাব্যক্তিদিগের মধ্যে গুণগোরে অনেকেরই তাঁহাব সমকক্ষ নহেন।

মহাবোধি সোসাইটীর জেনারেল সেক্রেটারী মিঃ ধর্মপাল মহোদয় ১৮৯৪, ১২ই এপ্রিলের “ইণ্ডিয়ান মিরর” পত্রিকায় লিখিয়াছেনঃ—

স্বামী বিবেকানন্দের সুবৃহৎ প্রতিভূতিসমূহ শিকাগোর পথে পথে লটকাইয়া বাধা হইয়াছে, তন্মধ্যে “সম্মাসী বিবেকানন্দ” লিখিত। সহস্র সহস্র বিভিন্ন সম্প্রদায়ের পাঠক এই প্রতিভূতিগুলির প্রতি ভীতিভরে সম্মান প্রদর্শন করিয়া চলিয়া যাইতেছে।

শিকাগো মহামেলার অঙ্গীয় বিজ্ঞান সভার সভাপতি মিঃ মেনল লন্ডনের সুপ্রসিদ্ধ “পাইওনিয়ার” পত্রিকায় উক্ত মহামেলা সম্পর্কে যে বিবরণ প্রদান করিয়াছিলেন, তাহার কয়দংশের নিম্নোক্ত বঙ্গানুবাদ করিলেই পাঠকবর্গ বুঝিতে পারিবেন যে, আচার্যদেব পাশ্চাত্য সমাজ ও ধর্মের উপর কি অসাধারণ প্রভাব বিস্তার

“হিন্দুধর্ম এই মহাসভা এবং জনসাধারণের উপর যে প্রভাব বিস্তার করিয়াছে, অপরাধ কোন ধর্মসম্বন্ধ তদ্রূপ করিতে সমর্থ হয় নাই। হিন্দুধর্মের একমাত্র আদর্শ প্রতিনিধি স্বামী বিবেকানন্দই এই মহাসভায় অবিসংবাদিতরূপে সর্বাপেক্ষা লোকপ্রিয় এবং প্রভাবান্বিত ব্যক্তি। তিনি এই ধর্মমহামণ্ডলীর বক্তৃতামণ্ডে এবং বিজ্ঞানশাখার সভায় প্রাথমিক বক্তৃতা করিয়াছেন, এই বিজ্ঞানশাখায় আমি সভাপতিরূপে বৃত্ত হইয়া সম্মানিত

হইয়াছিল। খৃষ্টিয়ান অথবা অখৃষ্টিয়ান কোন বস্তাই কোন সময়েই এমন উৎসাহের সহিত সমাদর প্রাপ্ত হন নাই। তিনি যে স্থানেই যাইতেন, তথায়ই জনতার বান্ধ হইত এবং লোকে তাঁহার প্রত্যেক কথা শ্রুতিবার জন্য সাগ্রহে উদ্‌গ্ৰীব হইয়া থাকিত। মহাসভার পর হইতেই তিনি যুক্তরাজ্যের প্রধান প্রধান নগরে বিপুল জনমণ্ডলী বসন্তে বস্তুতা প্রদান করিতেছেন এবং সর্বত্রই অশেষ প্রকারে অভিনন্দিত হইতেছেন। তিনি খৃষ্টিয়ান ধর্মমন্দিরের বেদীসমূহ হইতে বস্তুতা প্রদানের জন্য বহুবার আহৃত হইয়াছেন। যাহারা তাঁহার বস্তুতা শ্রবণ করিয়াছেন এবং বিশেষতঃ যাহারা তাঁহার সহিত ব্যক্তিগতভাবে পরিচিত, তাঁহারা সর্বদাই উচ্চকণ্ঠে তাঁহার প্রশংসা করিতেছেন। অত্যন্ত গোড়া খৃষ্টিয়ানও তাঁহার সম্বন্ধে বলিতেছেন, 'স্বামিজী মানুষ্যের মধ্যে 'অতি-মানুষ'।

“এতদ্দেশে হিন্দুধর্মের কার্যকরী শক্তিগুলি, স্বামী বিবেকানন্দের পরিশ্রমে বিশেষভাবে প্রেরণালাভ করিয়াছে। বর্তমান প্রচলিত ইংরেজীভাবাপন্ন শক্তিহীন, অসার, অপ্রাকৃত হিন্দুধর্মের প্রতিবাদস্বরূপ,—প্রকৃত হিন্দুধর্মের এরূপ বিশ্বস্ত কোন প্রতিনিধি ইতোপূর্বে আমেরিকার তত্ত্বানুসন্ধিৎসুদিগের সম্মুখে উপস্থিত হন নাই। সাময়িক উত্তেজনা নহে—বাস্তবিকই আমেরিকাবাসী নিঃসন্দেহরূপে সত্য সত্যই স্বামিজীর প্রস্থানের পর তাঁহার পুনরাগমন প্রত্যাশায় অথবা শঙ্করমতাবলম্বী তাঁহার সহযোগীদের মধ্যে কাহারও আগমনের জন্য সাগ্রহে প্রতীক্ষা করিবে। প্রোটেষ্ট্যান্ট খৃষ্টান সম্প্রদায়ের মধ্যে যাহারা অত্যন্ত “গোড়া,” তাহাদের স্বল্প—অতি স্বল্প সংখ্যক ব্যক্তিই স্বামিজীর কৃতকার্যতায় ঈর্ষাপবায়ণ হইয়া তাঁহার সম্বন্ধে বিরুদ্ধ মন্তব্য প্রকাশ করিয়াছে, কিন্তু এইরূপ মন্তব্য অব্যাবহিক এবং অপ্রচলিত ধর্মমতাবলম্বীদিগের নিকট হইতেই আসিয়াছে কিন্তু ভারত-ভূমির গৈরিকবসনধারী সন্ন্যাসীর সর্বজনীন মহানুভবতা এবং সদাশয়তাগুণে, জ্ঞানগৌরব এবং ব্যক্তিগত চরিত্রমুখ্যে অগ্রত্য সাম্প্রদায়িক বিশেষ ও হিংসা তিরোহিত হইতেছে।

“ভারতবর্ষ স্বামিজীকে প্রেরণ করিয়াছেন—তজ্জন্য আমেরিকা ধনবাদ দিতেছে। বিশ্বজনীন ভ্রাতৃত্ব এবং হৃদয়-মনের উদারতা যাহারা এখনও শিক্ষা করে নাই, আমেরিকার সেই সন্তানদিগকে স্বীয় আদর্শ প্রদর্শন করিয়া শিক্ষা প্রদান করিতে—যদি সম্ভবপর হয়—তবে স্বামিজীর মত আরও কয়েকটি আদর্শ পুরুষকে পাইবার জন্য আমেরিকা প্রার্থনা জানাইতেছে এবং যাহারা তাহাদের উপদেশ দ্বারা সর্বভূতে ভগবানের স্বরূপ উপলব্ধি করিতে সমর্থ হন নাই এবং সর্বভূতাপ্রণয় অস্বভাবীয় ব্রহ্মসত্তা অনুভব করিতে শিখে নাই, তাহাদিগকে সম্মত করিতে আরও কয়েকটি আদর্শ পুরুষের প্রয়োজন বোধ করিতেছে।”

এইরূপে মাসের পর মাস ধরিয়া আচার্যদেবের পবিত্র চরিত্র, অশ্রুত প্রতিভা এবং তাঁহার প্রচারিত বার্তা সম্বন্ধে আমেরিকার সংবাদপত্রসমূহে যুক্তিপূর্ণ আলোচনা প্রকাশ হইতে লাগিল। সংবাদপত্রের প্রতিনিধিগণ, খ্যাতনামা অধ্যাপকবৃন্দ, দার্শনিক,

খিষোজফিষ্ট এবং সুশিক্ষিত পণ্ডিতমণ্ডলী ও সত্যান্বেষিজনগণ তাঁহার সহিত দেখা করিতে দলে দলে আসিতে লাগিলেন। তিনি রাজপথে বহির্গত হইলেই সহস্র সহস্র ব্যক্তি কেবল তাঁহাকে দেখিবার জন্যই উন্মত্ত হইয়া উঠিত। বস্তুতঃ যে সম্মানেব শতাংশেব একাংশও একজন সাধারণ লোকের মস্তিস্কবিকৃতি আনয়ন করিতে পারে, তিনি অবিচলিত হৃদয়ে তাহা উপেক্ষা করিয়াছেন। এই জগন্ব্যাপী খ্যাতিতে তিনি নিজস্ব বলিয়া কোনদিনই গ্রহণ করেন নাই, বরং যে সভ্যতা ও শিক্ষা-দীক্ষাব ক্রোড়ে তাঁহার জন্ম, তিনি সেই সনাতনধর্মের মহিমাই, এই সমস্ত সম্মান, খ্যাতি ও যশের মধ্য দিয়া নিবিড়তবভাবে অনুভব করিয়াছেন। তিনি বুদ্ধিযলেন যে, কালের স্রোত ফিরিয়াছে। সভ্যজগতের নিকট পুনরাব অমৃতের বার্তা বহন করিবার জন্য ভাবত প্রস্তুত হইয়াছে, আর তাহার ফলস্বরূপ তাঁহাকে এই দেশে আসিতে হইয়াছে। তিনি নিজেকে ষষ্ঠস্বরূপই মনে করিতেন, কাজেই সাধাবণের নিন্দাস্তুতিব প্রতি দৃক্পাত না করিয়া তিনি নিঃসঙ্কোচে স্বীয় বার্তা ব্যক্ত করিতেন। তিনি প্রকৃতই সময় সময় ভাবাবেগে দৃঢ়তার সহিত বলিতেন, “আমি সামান্য দূত মাত্র, আমার কার্য সমাচার বহন করা।”

এই দেশব্যাপী সম্মান ও প্রতিপত্তির মধ্যে, যশোলাভে উৎফুল্ল হইয়া তিনি তাঁহার প্রিয় মাতৃভূমির কথা বিস্মৃত হন নাই, হইতে পারেন না। নিভীক সন্ন্যাসী ধর্মমহাসভায় দাঁড়াইয়া সমগ্র খৃষ্টানগণকে সম্বোধন করিয়া প্রশ্ন করিলেন যে, “দরিদ্র পৌত্তলিকগণের পাপী আত্মার উদ্ধারকল্পে তোমরা লক্ষ লক্ষ মূদ্রা ব্যয়ে মিশনবী প্রেরণ করিতেছ, তাহাদের দেহরক্ষাকল্পে দুঃমুঠো ভাতের বন্দোবস্ত করিতে পার কি? যখন লক্ষ লক্ষ “হিউদেন” দুর্ভিক্ষে অনাহারে মরিয়া যায়, তখন তোমরা—খৃষ্টানগণ তাহাদিগকে বাঁচাইবার জন্য কিছুর করিয়াছ কি? তোমরা ভারতের নগরে নগরে বড় বড় ভজনালয় প্রস্তুত করিয়াছ, কিন্তু ধর্ম আমাদের যথেষ্ট আছে। আমরা চাহিতোছি রুটী, তোমরা দিতেছ প্রস্তরখণ্ড। ক্ষুধিত ব্যক্তিকে, তাহার দুঃখ-কষ্টের প্রতি দৃক্পাত না করিয়া ধর্মোপদেশ প্রদান বা দর্শনশাস্ত্র শিক্ষা দিতে যাওয়া, মনুষ্যের অবমাননা করা নহে কি? আমি আমার স্বদেশবাসী অনাহারীকৃষ্ট জনগণের অন্নসংস্থানের আশায় তোমাদের দেশে আসিয়াছি, কিন্তু আমি বেশ বুদ্ধিতোছি, খৃষ্টানদিগের নিকট হিউদেনদিগের জন্য কোনপ্রকার সাহায্য প্রার্থনা করা দুরূহ মাত্র।”

ধর্মসভা অবসান হইবার অব্যবহিত পরেই একটি “বহুতা কোম্পানী” স্বামিজীকে যুক্তরাজ্যের বিভিন্ন নগরে বহুতা প্রদান করিবার জন্য আহ্বান করিলেন।

স্বামিজী সাগ্রহে তাঁহাদিগের প্রস্তাবে সম্মতি প্রদান করিয়া যুক্তরাজ্যের বিভিন্ন নগরে বক্তৃতা প্রদান করিতে লাগিলেন। জনপ্রিয় আচার্যের অভিনব বার্তা আমেরিকাবাসীরা আগ্রহের সহিত শ্রবণ করিতে লাগিলেন। তিনি প্রত্যেক নগরে সসম্মানে অভিযুক্ত হইতে লাগিলেন এবং বহু স্থান হইতে সাগ্রহ আহ্বান আসিতে লাগিল।

উল্লেখ্য, নরমাংসাহারী, অসভ্য ভারতবাসী সম্বন্ধে মিশনরী প্রভুগণের কৃপায পাশ্চাত্য জগতের যে কিস্কৃত-কিমাকার ধারণা ছিল, স্বামিজীর নিকট ভারতের রীতি-নীতি আচার-ব্যবহার, ধর্ম ও সমাজ ব্যবস্থাব কথা শুনিয়া অনেকেরই সে ধারণা পরিবর্তিত হইল। অনেক সুবিজ্ঞ স্বজাতিহিতৈষী পণ্ডিত ও ধর্মযাজক বিবেকানন্দের কথার সভ্যতা উপলব্ধি করিলেন এবং প্রাণে প্রাণে বদ্বিলেন যে, হিন্দুর প্রাচীন সভ্যতার পদতলে বসিয়া শিক্ষাগ্রহণ কবিবাব দিন সভ্যসভাই উপস্থিত হইয়াছে। অর্থলোলুপ, জড়োপাসক, দেহাত্মবাদী পাশ্চাত্য জাতিকে আসন্ন ধ্বংসের হস্ত হইতে আত্মরক্ষা করিতে হইলে বেদান্তের অপূর্ব ধর্ম যে-কোন আকারেই হউক গ্রহণ করিতে হইবে।

আমরা পূর্বেই বলিয়াছি, তিনি কেবলমাত্র হিন্দুধর্মের প্রচারকরূপে পাশ্চাত্য দেশে গমন করেন নাই, আচার্যরূপে তাঁহাদিগের সম্মুখে দৃষ্টিসংহের মত দণ্ডায়মান হইয়াছিলেন। তিনি উচ্চরবে খৃষ্টানগণকে পুনঃ পুনঃ প্রশ্ন করিতে লাগিলেন, “তোমাদের খৃষ্টধর্ম কোথায়? এই স্বার্থ-সংগ্রাম, অবিরাম ধ্বংসের চেষ্টার মধ্যে খৃষ্টধর্মের স্থান কোথায়?”

যুক্তরাজ্যের প্রতি নগরে তিনি বহু সম্ভ্রান্ত ও প্রতিপত্তিশালী বৃন্দ লাভ করিয়াছিলেন, এমনকি, অনেক ধর্মযাজক পর্বন্ত তাঁহার ধর্মব্যাখ্যায় চমৎকৃত হইয়া তাঁহাকে স্ব স্ব ভজনালায়ে বক্তৃতা প্রদান করিতে আহ্বান করিতে লাগিলেন। সাধারণের প্রস্থা বা দৃষ্টি আকর্ষণ করিবার জন্য যদি তিনি পাশ্চাত্য সভ্যতার গুণগরিমা কীর্তন করিয়া প্রতিমধুর চাটুবাণ্য উচ্চারণ করিতেন, তাহা হইলে তিনি যে জগন্ম্যাপী প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন, তাহা হইত কি না সন্দেহ—এমন কি, হয়তো তাঁহার প্রচারকার্যের উদ্দেশ্য ব্যর্থ হইয়া বাইত। তিনি অশ্বৈতবাদের সন্দেহ ভিত্তির উপর দণ্ডায়মান হইয়া বেদান্ত-নিহিত সার সত্যগুণি আধুনিক মনের উপযোগী যুক্তিমাণ্ডিত করিয়া সরলভাবে প্রকাশ করিতেন, তাঁহার মধ্যে দেশাচার ও লোকাচারের সহিত আপোষের ভাব বিন্দুমাত্র পরিলক্ষিত হইত না। তিনি গ্রাহ্য করিতেন না, বিদেশীরা তাঁহার বার্তা কিভাবে গ্রহণ করিবে, অথবা উহা শ্রবণ

করিয়া তাহান্নে মনে কি ভাবে উদয় হইবে। অনেক সময় তাহার নির্ভীক সমালোচনাষ বিরক্ত হইয়া অনেকে তাহার সহিত তর্কে অগ্রসর হইতেন, ইহা স্বাভাবিক। কিন্তু আশ্চর্যত সমর্থনকল্পে স্বামিজী কখনও অপ্রস্তুত থাকিতেন না। • বক্তৃতার পর প্রায়ই তিনি এইরূপ স্বশ্লব্দে আহত হইতেন। স্বামিজীর তর্ক করিবার প্রণালী সম্বন্ধে সমালোচনা করিতে গিয়া *Java State Register* লিখিয়াছেন,—

যে স্বামিজীকে তর্কযুক্তি দ্বারা পরাজিত করিবার প্রয়াসী হইয়াছে, সে দুর্ভাগ্যের সমস্ত চেষ্টাই বার্থ হইয়াছে। তাহার প্রত্যুত্তর বিদ্যুৎস্পন্দরূপে সমুদগীর্ণ হইত এবং দৃঃসাহসিক প্রশ্নকর্তা ভারতীয় ক্ষুরধার বুদ্ধিধারা আহত হইয়া স্তম্ভিতবৎ প্রতীয়মান হইতেন। তাহার মানসিক কার্যপ্রণালী এমন তীক্ষ্ণ, এমন সমুদ্রজল, এমন তত্ত্বপরিপূর্ণ, এমন সুমার্জিত যে, তাহা সময়ে সময়ে শ্রোতৃবৃন্দকে তড়িতাহতবৎ করিত এবং অত্যন্ত কৌতূহলাক্কেত হইয়া সর্বদাই অনুধাবন করিবার বিষয় হইয়া থাকিত।

অন্তরের প্রকৃত ভাব গোপন করিয়া, সতাকে টানিয়া বন্ধিয়া বিকৃতভাবে প্রকাশ করিবার প্রয়াস কখনও তাহাতে পরিলক্ষিত হইত না, কাজেই তাহার সমালোচনাগুণিল সময় সময় তাঁর ও অসহনীয় বলিয়া বোধ হইত। যীশুখৃষ্ট ও তাহার উপদেশের প্রতি স্বামিজীর যথেষ্ট শ্রদ্ধা থাকিলেও তিনি বর্তমান প্রচলিত খৃষ্টধর্মের দোষ, গুণী ও ভণ্ডামীগুণিলিকে উজ্জ্বল অশ্লীল দিয়া দেখাইয়া দিতেন। স্বামিজীর এই নির্ভীক সমালোচনাষ চিন্তাশীল ভাবুক মাঝেই সন্তুষ্ট হইতেন, কিন্তু জগতের সকলেই উদারহৃদয় এবং সংসমালোচনা শূন্যের জন্য প্রস্তুত নহেন। সমগ্র যুক্তরাজ্যব্যাপী তাহার অপ্রতিহত প্রতিষ্ঠা দর্শনে এবং অর্থোপার্জননের বিষয়-স্বরূপ মনে করিয়া কতিপয় হীনচেতা খৃষ্টান মিশনরী নগরে নগরে তাহার কুৎসা রটনা করিয়া বেড়াইতে লাগিল এবং তাহার প্রত্যেক বন্ধুকে শত্রুরূপে পরিণত করিবার চেষ্টা করিতে লাগিল। তাহারা কেবলমাত্র স্বামিজীর পবিত্র চরিত্রে কলঙ্কারোপ করিয়াই ক্ষান্ত হইল না, অধিকন্তু সুন্দরী যুবতী স্ত্রীলোকগণকে অর্থপ্রদানে বশীভূত করিয়া স্বামিজীকে প্রলোভিত করিতে চেষ্টা করিতে লাগিল। থিয়োজিফিষ্ট নেতাগণ এই সমস্ত মিশনরিগণের প্রচাতে থাকিয়া ইন্ডিয়ান যোগাইতে লাগিলেন। বিবেকানন্দের অপরাধ, তিনি প্রকাশ্যে ঘোষণা করেন—ভারতীয় ঋষিগণের কোন গুরুত্ববিদ্যা নাই, আকাশে উদ্ভীষমান খেচরবৃত্তাবলম্বী কোন মহাত্মার সহিত হিমালয় হইতে কুমারিকা পর্বন্ত ভ্রমণ করিয়াও তাহার সাক্ষাৎ

হয় নাই। বিশেষতঃ হিন্দুধর্মে গদ্য বা গোপনীয় কিছুই নাই, যেহেতু উহা বুদ্ধিসহ সত্যসমীক্ষিত, প্রকাশ্য দিবালোক অনাগ্রাসে সহ্য করিতে পারে। যাহা হউক, থিওসোফিস্টদের বিবেকানন্দ-ভীতি ক্রমে এতদূর বর্ধিত হইল যে, তাঁহারা প্রচার করিয়া দিলেন, সমিতির সভাগণ যদি কেহ ক্রমেও বিবেকানন্দের বক্তৃতা শ্রবণ করিতে যায়, তাহা হইলে সে সমিতির সর্বপ্রকার সহানুভূতি হারাইবে, ইত্যাদি ইত্যাদি। আব সন্যোগ বুদ্ধিযা এই হীনকার্যে যোগ দিলেন তাঁহার স্বদেশবাসী জনৈক খ্যাতনামা “রেভাভেশন্ড” ব্রাহ্মধর্ম-প্রচাবক। ইনি নানাপ্রকার স্বকপোলকল্পিত জঘন্য অপবাদ রটনা করিয়া স্বামিজীকে অপদস্থ করিবার চেষ্টা করিতে লাগিলেন। ইহারা সকলে মিলিয়া স্বামিজীকে প্রচারকার্যে নিবস্ত করিবার জন্য ভয় প্রদর্শন করিতে পৰ্যন্ত কুণ্ঠিত হন নাই।

বিবেকানন্দের আপনাতে-আপনি অটল চরিত্র নিন্দ্রকের শ্লেষ ও কুৎসাবাক্যে বিচলিত হইবার বস্তু নহে। তিনি নির্বিকার চিত্তে নীরবে আপন কার্য করিয়া যাইতে লাগিলেন এবং আশ্চর্য্যের কোন চেষ্টা না করিয়া কেবল বলিতেন, “সাধারণ মানবের কর্তব্য তাহাব ঈশ্বরস্বরূপ সমাজের আদেশ পালন করা, জ্যোতিব তনয়গণ (Children of Light) কখনও সেরূপ করেন না। ইহাই সনাতন নিয়ম। একজন নিজেকে পারিপার্শ্বিক অবস্থা ও সামাজিক মতামতের সহিত খাপ খাওয়াইয়া, তাহার সর্বশুদ্ধদাতা সমাজের নিকট হইতে বিবিধ সূখ-সম্পদ প্রাপ্ত হয়। অপর ব্যক্তি একাকী দুঃপদে দাঁড়াইয়া সমাজকে তাঁহার দিকে তুলিয়া ধরেন। আমার অন্তরলোকের সত্যের বাণী না শুনিয়া আমি কেন বাহিরের লোকদের খেয়াল অনুসারে চলিতে যাইব? এই নির্বোধ জগৎ আমাকে যাহা যাহা করিতে বলিতেছে, তাহা করিতে গেলে আমাকে এক নিম্নস্তরের জীব বিশেষে পরিণত হইতে হইবে, তদপেক্ষা মৃত্যু সহস্রগুণে শ্রেয়। আমার যাহা কিছু বলিবার আছে, তাহা আমি নিজের ভাবেই বলিব। আমি আমার বাক্যগুলি হিন্দু ছাঁচেও ঢালিব না, খৃষ্টানী ছাঁচেও ঢালিব না বা অন্য কোন ছাঁচেও ঢালিব না। আমি উহাদিগকে শৃঙ্খলিত করিবার উদ্দেশ্যেই আসিয়াছি।”

স্বামিজীর বিরুদ্ধে এই সম্মিলিত ষড়যন্ত্রে তাঁহার বন্ধুবান্ধবগণ ভীত হইয়া উঠিলেন। তাঁহারা স্বামিজীকে সাবধান হইবার পরামর্শ দিলেন এবং স্থানীয় কোনপ্রকার সামাজিক ব্যবহারের সমালোচনা করিতে নিষেধ করিলেন ও সন্মিষ্ট বাক্যে সকলকেই সন্তুষ্ট করিবার পরামর্শ দিলেন। কিন্তু তাঁহার বিশিষ্ট প্রকৃতি দক্ষিণেশ্বরের পঞ্চবটীমন্ডলে সম্পূর্ণ বিভিন্ন ধাতুতে গঠিত হইয়াছিল। তাই আমরা

দেখিতে পাই, এ সমস্ত নীচ ষড়যন্ত্রকারীদের প্রাণপণ চেষ্টাগুলি প্রচণ্ড অবহেলাভরে উপেক্ষা করিয়া তিনি জনৈক সহৃদয়া মহিলাকে লিখিতেছেন — * * * কি? সংসারের ক্রীতদাসসমূহ কি বলিতেছে, তুম্বারা আমার হৃদয়ের বিচার করিব!.. ছিঃ! ভগ্নী, তুমি সম্যাসীকে চেন না। বেদ বলেন, “সম্যাসী বেদশীর্ষ”, কারণ তিনি গীর্জা, ধর্মমত, ঋষি (Prophet), শাস্ত্র প্রভৃতি ব্যাপারেব কোন ধার ধারেন না। মিশনবী কিম্বা অন্য যে-কেহ হউক, তাহারা যথাসাধ্য চীৎকার ও আক্রমণ করুক, আমি তাহাদিগকে গ্রাহ্য করি না।

ভর্তৃহরির ভাষায়—

“চন্ডালঃ কিময়ং ম্বিজাতিবথবা শূদ্রোহথবা তাপসঃ
কিংবা তত্ত্ববিবেকপেশলমতিষেীগীশ্বরঃ কোহপি কিম্।
ইত্যাৎপন্ন বিকল্পজল্পমদুখরৈঃ সম্ভাষ্যমানা জনৈ—
ন’ত্রম্মাঃ পথি নৈব তুষ্ঠমনসো যান্তি স্বয়ং যোগিনঃ॥”

ইনি কি চন্ডাল অথবা ব্রাহ্মণ, অথবা শূদ্র, অথবা তপস্বী, অথবা তত্ত্ববিচারে পণ্ডিত কোন যোগীশ্বর? এইরূপে নানা জনে নানা আলোচনা করিতে থাকিলেও যোগিগণ রুষ্টও হন না, তুষ্টও হন না, তাঁহারা আপন মনে চলিয়া যান।

তুলসীদাসও বলিয়াছিলেন—

“হাথী চলে বাজারমে কুত্তা ভোঁথে হাজার,
সাধুগুণকা দ্দুর্ভাব নহী যব নিন্দে সংসার।”

যখন হাতী বাজারের মধ্য দিয়া চলিয়া যায়, তখন হাজার কুকুর পিছদ পিছদ চীৎকার করিতে আরম্ভ করে, কিন্তু হাতী ফিরিয়াও চাহে না। সেইরূপ যখন সমাজে কোন মহাপদবৃক্ষ আবির্ভূত হন, তখন একদল সংসারী লোক ক্রমাগত তাঁহার বিরুদ্ধে চীৎকার করিতে থাকে।

সহিষ্ণু কাঠিন্যে দর্ভেদ্য পাষণ প্রাচীরের মত তাঁহার সন্দেহ ব্যস্তি-স্বাতন্ত্র্য সর্বদা, সকল অবস্থায়, মস্তক উন্নত করিয়া থাকিত, তাহার ত্যাগপদে মহিমা একান্ত অপরিচিত ব্যস্তির স্থূলদৃষ্টিতেও অনাড়ম্বরে প্রতিভাত হইত, কাজেই জনসাধারণ ঐ সমস্ত কল্পিত নিন্দার সহসা বিশ্বাস করিতে পারিল না, বরং উহার স্মার্য্য বিপরীত ফলই ফলিল, অনেকেই বিবেকানন্দের চরিত্র ঘনিষ্ঠভাবে পরীক্ষা করিতে গিয়া তাঁহার বন্দু হইয়া পড়িলেন। তবুও আচার্যদেবের চরিত্রের আর একটা দিক্

ছিল, যাহা অপূৰ্ণ ও মনোহর। অন্যান্যভাবে উৎপীড়িত ও নিন্দিত হইয়াও তাঁহার জিহ্বা স্রমেও কখনও কাহারও উপর অভিযাপ বর্ষণ করে নাই। যদি দৈবাৎ কেহ তাঁহাকে গালি দিত, তখন গম্ভীরভাবে “শিব” “শিব” বলিতে বলিতে তাঁহার বর্দনমণ্ডল স্নিগ্ধ গাম্ভীৰ্যে উদ্ভাসিত হইয়া উঠিত, যদি কেহ তাঁহাকে প্রতিবাদ করিবার কথা ক্ষুদ্র-উত্তেজনা-বশে শ্রবণ করাইয়া দিত, তিনি সন্মোহনস্বরে উত্তর দিতেন, “ইহা তো শূদ্র প্রিয়তম প্রভুবই বাণী।”

যেদিন শিকাগো ধর্মমহাসভায় আচার্যদেবের অশ্রুত সাক্ষ্যের বার্তা ভারত-বর্ষের নগরে নগরে আলোচিত হইতে লাগিল, সে দিন হইতে ভারতের ইতিহাসের এক গৌরবময় অধ্যায়ের সূচনা হইল। হিমালয় হইতে কুমারিকা পর্যন্ত শিক্ষিত-ভারতবাসী এই অপরিচিত বীর সম্রাসীর কার্যাবলীর বিবরণ কৌতূহল-মিশ্রিত আগ্রহের সহিত শ্রবণ করিতে লাগিলেন। রামনাদাধিপ বাজা ভাস্কর বর্মণ সেতুপতি ও খেতরির রাজা বাহাদুর—রাজশিষ্যবর্ষ প্রকাশ্য দব্বারে আড়ম্বরের সহিত প্রজাবন্দকে আহ্বান করিয়া ভারতবাসীর মনোজ্জ্বলকারী শ্রীগুরুর কার্যাবলী প্রশংসা করিলেন এবং শিকাগো ধর্মমহাসভায় তিনি যে হিন্দুধর্মের শ্রেষ্ঠতা প্রতিপাদন করিতে সমর্থ হইয়াছেন, তজ্জন্য তাঁহাকে ধন্যবাদ দিয়া পত্র লিখিলেন।

মাদ্রাজে বাজা স্যার রামস্বামী মদ্রালিয়ার ও দেওয়ান বাহাদুর স্যার* সুরাহম্মা আল্লারের নেতৃত্বে এক মহতী সভা আহুত হইল। খ্যাতনামা পণ্ডিত ও সম্ভ্রান্ত ব্যক্তিগণ উপস্থিত থাকিয়া স্বামিজীর প্রচাবকার্যের সমর্থন করিলেন এবং উক্ত সভার রিপোর্টসহ তাঁহাকে উৎসাহ প্রদান করিয়া এক পত্র লেখা হইল।

স্বামিজীর জন্মভূমি কলিকাতা সহরের শিক্ষিত সমাজেও উৎসাহ ও আনন্দ পরিলক্ষিত হইল। স্বামিজীর মহিমাসমুজ্জ্বল প্রচার-কার্য সমর্থন করিয়া তাঁহাকে উৎসাহ প্রদান করিবার জন্য ১৮৯৪ সালের ৫ই সেপ্টেম্বর বৃহস্পতিবার রাজা প্যারীমোহন মদ্রাজীর সভাপতিত্বে কলিকাতা টাউনহলে এক বিরাটসভা আহুত হইল। সভারম্ভের নির্দিষ্ট সময়ের বহুপূর্বেই টাউনহল সহস্র সহস্র দর্শকে পরিপূর্ণ হইয়া গেল। পণ্ডিত রাজকুমার ন্যায়রত্ন, মধুসূদন স্মৃতিতীর্থ, কামাখ্যানাথ তর্কবাগীশ, রামনাথ তর্কসিদ্ধান্ত, মহেশচন্দ্র শিরোমণি, তারাপদ বিদ্যাসাগর, কেশবনাথ বিদ্যারত্ন, ইশানচন্দ্র মদ্রোপাধ্যায় প্রভৃতি খ্যাতনামা পণ্ডিতবর্গ ও মহারাজ-কুমার বিনয়কৃষ্ণ দেব, জর্জ গুরুদাস ব্যানার্জী, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, নগেন্দ্রনাথ

* সুরাহম্মা আল্লার পরে ভারতবাসীর প্রতি ব্রিটিশ সরকারের অন্যান্য প্রতিবাদস্বরূপ ‘স্যার’ উপাধি পরিত্যাগ করিয়াছিলেন।

ঘোষ (সম্পাদক, Indian Nation), নরেন্দ্রনাথ সেন (Indian Mirror), ডাক্তার জে, বি, ডেলী (Indian Daily News), ভূপেন্দ্রনাথ বসু, রায় যতীন্দ্রনাথ চৌধুরী (টাকী) এবং কলিকাতা সহরের খ্যাতনামা পণ্ডিত ও সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ ও বিম্বলম্বলী সমাগত হইয়াছিলেন।

উপস্থিত ভদ্রগণ বিবেকানন্দের গৌরবগর্বে উৎফুল্ল হইয়া উদ্দীপনাপূর্ণ বক্তৃতার স্বাভাৱ্য আচার্যদেবের কার্যপ্রণালী সমর্থন করিলেন। সমগ্র সভা একবাক্যে হিন্দুসমাজেব পক্ষ হইতে বিবেকানন্দ স্বামীকে ধন্যবাদ দিবার জন্য উত্থাপিত প্রস্তাব সমর্থন করিলেন। সভাপতি মহাশয় সর্বসম্মতিক্রমে হিন্দুসমাজের পক্ষ হইতে শিকাগো ধর্মসভার সভাপতি ও স্বামিজীব নিকট ধন্যবাদ জ্ঞাপন করিয়া পত্র লিখিলেন।

রাজাবাহাদুরের পত্রোত্তরে ডাক্তার ব্যারোজ লিখিয়াছিলেন,—

(অনুবাদ)

২৯৫৭, ইণ্ডিয়ানা এভিনিউ, শিকাগো,
১২ই অক্টোবর, ১৮৯৪

রাজা প্যারীমোহন মুখার্জী, সি-এস-আই

প্রিয় মহাশয়।

কলিকাতার টাউনহলে বিরাট সভার বিবরণসহ আমাকে যে পত্র লিখিয়াছেন তাহা আমি এইমাত্র পাইলাম। আমি ইহাতে সান্তিগয় সম্মানিত হইয়াছি। শিকাগোর ধর্ম-মহামণ্ডলীতে আপনার বন্ধু স্বামী বিবেকানন্দ সসম্মানে গৃহীত হইয়াছিলেন। তিনি বার্মাভাষাভিতে চুম্বকাকর্ষণের ন্যায় সকলকেই আকৃষ্ট করিয়াছিলেন। এবং স্বীয় ব্যক্তিগত প্রভাব সম্যকরূপে বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন। তাঁহার বন্ধে, ধর্মনিশ্চলনে লোকের চিন্তা ও আগ্রহ বিশেষভাবে উদ্ভূত হইয়াছে। প্রধান প্রধান বিশ্ববিদ্যালয়ে তাঁহার বক্তৃতা এবং অধ্যাপনাব বন্দোবস্ত হইতেছে, আমেরিকার জনমণ্ডলী ভারতবর্ষ সম্বন্ধে গভীর প্রীতি এবং কৃতজ্ঞতা পোষণ করিতেছেন। আমাদের বিশ্বাস যে, আপনারদের সুপ্রাচীন পবিত্র সাহিত্য হইতে আমাদেরগকে অনেক বিষয় গ্রহণ করিতে হইবে।

আপনার একান্ত বিশ্বস্ত,
জন হেনেরী ব্যারোজ

১৮৯৪, ১৮ই নবেম্বর নিউইয়র্ক হইতে স্বামিজী অভিনন্দনের উত্তরে রাজা প্যারীমোহনের নিকট লিখেন,—

“কলিকাতা টাউনহলের জনসভায় গৃহীত প্রস্তাব আমি পাইয়াছি। আমার জন্মভূমির অধিবাসীদের সদয় বাক্যে এবং আমার সামান্য কার্যের সহৃদয় অনুমোদনের জন্য আমি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

“আমি ইহা নিশ্চিতরূপে বুদ্ধিযাছি, কোন ব্যক্তি বা জাতি, অন্যান্য সকলের সহিত বিচ্ছিন্ন হইয়া বাঁচিতে পারে না। হ্রান্ত শ্রেষ্ঠত্বাভিমান অথবা পবিত্রতাবোধ হইতে যেখানেই এরূপ চেষ্টা হইয়াছে সেখানেই ফল অতি শোচনীয় হইয়াছে। আমার মনে হয়, অপরের প্রতি ঘৃণার ভিত্তিতে কতকগুলি প্রথার প্রাচীর তুলিয়া স্বাতন্ত্র্য অবলম্বনই ভারতের পতন ও দুর্গতিব কাবণ। অতীতকালে পার্শ্ববর্তী বৌদ্ধসম্প্রদায়গুলি সংমিশ্রণ হইতে হিন্দুদিগকে প্রতিবোধ করিবার জন্যই এই ব্যবস্থা অবলম্বিত হইয়াছিল। এই ব্যবস্থাকে অতীত ও বর্তমানে যে কোন হ্রান্ত যুক্তিস্বারা উহার যৌক্তিকতা প্রতিপন্ন করিবার প্রয়াস হউক না কেন, যে অপরকে ঘৃণা করিবে, তাহার পতন অবশ্যম্ভাবী, ইহা অলঙ্ঘনীয় নীতি। তাহার ফলে, প্রাচীন জাতিসমূহের মধ্যে যাহারা সর্বাগ্রগামী ছিল—আজ তাহারা জনশ্রুতিতে পরিণত হইয়াছে—তাহারা আজ সকলের ঘৃণার পাত্র। আমাদের পূর্বপুরুষগণের ভেদনীতির ফলে কি অবস্থা হইয়াছে, আমরা তাহার প্রকৃষ্ট দৃষ্টান্ত।

“আদানপ্রদান জগতের নিয়ম। ভারতবর্ষ যদি আবার উঠিতে চায়, তাহা হইলে তাহার গদ্যস্তভাণ্ডারে যাহা সঞ্চিত আছে, তাহা বিভিন্ন জাতির মধ্যে বিতরণ করিতে হইবে এবং বিনিময়ে অন্যে যাহা দিবে তাহা গ্রহণ করিবার জন্যও প্রস্তুত থাকিতে হইবে। সম্প্রসারণই জীবন, সংক্ষেপই মৃত্যু, প্রেমই জীবন, ঘৃণাই মৃত্যু। আমরা সেইদিন হইতেই মরিতেছি, যেদিন আমরা অন্যান্য জাতিকে ঘৃণা করিতে শিখিয়াছিলাম এবং সম্প্রসারণ ব্যতীত আমাদের এই মৃত্যু কেহ রোধ করিতে পারিবে না। অতএব আমাদের জগতের সকল জাতির সহিত মিলামিশা করিতে হইবে। যে কোন হিন্দু, যে বিদেশে যাক, সে গৌণভাবে দেশের হিতসাধন করিয়া থাকে এবং তুলনায় সে শত শত কুসংস্কার ও স্বার্থপরতার সমষ্টিমূর্তি ব্যক্তি অপেক্ষা শ্রেষ্ঠ। কেননা, ঐ লোকগুলি নিজেও জড়বৎ থাকিবে অপরকেও কিছুর করিতে দিবে না। পাশ্চাত্য জাতিগুলি জাতীয় জীবনের যে আশ্চর্য সৌধ গড়িয়া তুলিয়াছে, তাহা চরিত্ররূপ দৃঢ় স্তম্ভগুলির উপর রক্ষিত। যতদিন আমরা ঐবদু চরিত্র সৃষ্টি করিতে না পারিতেছি, ততদিন উহার বিরুদ্ধে চীৎকার করা বৃথা।

“যে অপরকে স্বাধীনতা দিবার জন্য প্রস্তুত নহে, সে কি স্বাধীনতালাভের যোগ্য। অনাবশ্যক হা-হুতাশ এবং বিলাপ না করিয়া আসুন আমরা দৃঢ়চিত্তে মানুষ্যের স্বত্ব কাজে লাগিয়া যাই। আমি সম্পূর্ণরূপে বিশ্বাস করি, যে বস্তু যাহার সত্যকার প্রাপ্য, তাহা হইতে কেহ তাহাকে বঞ্চিত করিতে পারে না। আমাদের অতীত মহৎ ছিল সন্দেহ নাই, কিন্তু আমি বিশ্বাস করি, আমাদের ভবিষ্যৎ মহত্ত্ব হইবে সন্দেহ নাই। শঙ্কর আমাদিগকে পবিত্রতা, ধৈর্য ও অধ্যবসায়ের মধ্যে সুপ্রতিষ্ঠ রাখুন।”

শিকাগো ধর্মমহাসভার অব্যবহিত পর হইতে প্রায় এক বৎসরকাল পর্যন্ত আচার্যদেব যুক্তরাষ্ট্রের নগরে নগরে যে বক্তৃতা প্রদান করিয়াছেন, তাহার শৃঙ্খলাবদ্ধ বিবরণ প্রকাশ করা অতীত দূরত্ব ব্যাপার। সংবাদপত্রসমূহে প্রকাশিত তাহার বক্তৃতা ও চরিত্র সম্বন্ধে আলোচনাগুলি হইতে আমরা জানিতে পারি, ১৮৯৪, ফেব্রুয়ারী মাসে তিনি ডিট্রয়েটের ইউনিটেরিয়ান চার্চে ধারাবাহিকরূপে কতকগুলি বক্তৃতা প্রদান করেন। স্বামিজী ডিট্রয়েটে প্রথমতঃ মিশিগনের ভূতপূর্ব গবর্নর-পত্নী মিসেস জন্স, জে, ব্যাংলোর অতিথিরূপে এবং পরে দুই সপ্তাহকাল শিকাগো মহামেলা কমিশনের সভাপতি, যুক্তরাষ্ট্রের অন্যতম সেনেটর টমাস ডব্লিউ পামারের ভবনে অবস্থান করিয়াছিলেন।

মার্চ এপ্রিল মে ও জুন, এই চারিমাসকাল তিনি অবিরাম শিকাগো, নিউইয়র্ক এবং বোস্টনের চতুষ্পার্শ্ববর্তী ক্ষুদ্র-বৃহৎ নগরগুলিতে বক্তৃতা প্রদান করিয়াছিলেন। জুন মাসে তিনি নিউইংল্যান্ডের “গ্রীণএকারে” একটি কনফারেন্সে বক্তৃতা কবিস্বার জন্য গমন করেন। তথায় কয়েকজন উৎসাহী ছাত্র বেদান্তদর্শন শিক্ষা করিবার জন্য তাহার শরণাপন্ন হইলেন। স্বামিজীও আগ্রহের সহিত তাহাদিগকে শিক্ষা প্রদান করিতে লাগিলেন। এই ছাত্রগণ তাহাদের অধ্যাপকের প্রতি সম্মান ও শ্রদ্ধা প্রদর্শনের জন্য বৃক্ষতলে ভারতীয় রীতির অনুকরণ করিয়া ভূমিতলে আচার্যদেবকে ঘিরিয়া উপবেশন করিতেন। ইহার পর তিনি সমস্ত শরণকাল বিভিন্নস্থানে ভ্রমণ করিয়া অক্টোবর মাসের শেষভাগে বাণ্টীমোর ও ওয়াশিংটন নগরে বক্তৃতা প্রদান করিয়া নিউইয়র্কে ফিরিয়া আসিলেন। নিউইয়র্কের একটি ক্ষুদ্র পারিবারিক সভায় “ব্রুকলীন নৈতিক সভা”র সভাপতি প্রসিদ্ধ পণ্ডিত ডাক্তার লুইস, জি, জেমস, স্বামিজীর বক্তৃতা শুনিয়া মুগ্ধ হইলেন এবং উক্ত নৈতিক সভায় হিন্দুধর্ম সম্বন্ধে বক্তৃতা করিবার জন্য স্বামিজীকে আহ্বান করিলেন। সভার পক্ষ হইতে স্বামিজী “পউচ ম্যানসন” নামক সুবৃহৎ ভবনে হিন্দুধর্ম সম্বন্ধে সহস্র সহস্র শ্রোতার সম্মুখে প্রত্যহ ধারাবাহিকরূপে বক্তৃতা প্রদান করিতে লাগিলেন।

ব্রুকলিন নৈতিক সভায় প্রদত্ত বক্তৃতাগুলিই স্বামিজীর বেদান্ত-প্রচার-কার্যের আরম্ভ বলিয়া ধরিয়া লওয়া যায়। এই সময় হইতেই স্বামিজী নানাস্থানে পরিভ্রমণ করিয়া বক্তৃতা প্রদান করিতে নিরন্তর হইলেন এবং নিউইয়র্কে স্থায়ীভাবে বেদান্ত ও যোগ শিক্ষা দিবার জন্য একটি ক্লাস খুলিতে সক্ষম করিলেন। বক্তৃতা কোম্পানীর সাহায্যে বক্তৃতা প্রদান ব্যবসায় হিসাবে খুব লাভজনক হইলেও তিনি উক্ত কোম্পানীর সংস্রব পবিত্যাগ করিলেন। বক্তৃতা প্রদান করিয়া অর্থোপার্জন করা তাহার মনঃপূত ছিল না। নিউইয়র্কে আসিয়া তিনি ঘোষণা করিলেন যে, সাধারণ বিনামূল্যেই তাহার বক্তৃতা ও উপদেশ গ্রহণ করিবার সুযোগ পাইবেন। ব্রুকলিন ও গ্রীণএকাবে স্বামিজী যে কয়েকজনকে শিষ্যপদে বৃত্ত করিয়াছিলেন, তাহারা আগ্রহের সহিত নব-প্রতিষ্ঠিত ক্লাসে যোগদান করিলেন। ১৮৯৫-এর ফেব্রুয়ারী মাস হইতে এই কার্য নিরন্তররূপে আবম্ভ হইল। ক্রমাগত যশ ও খ্যাতির বিবরণ শ্রুতিতে শ্রুতিতে তিনি বিরক্ত হইয়া উঠিয়াছিলেন, কাজেই তিনি বক্তৃতা করা অপেক্ষা ব্যক্তি-বিশেষের ধর্ম-সম্বন্ধীয় সমস্যা ভঞ্জন করিয়া দেওয়া এবং শিষ্যগণের অনভ্যস্ত মনকে ভারতীয় সাধনার উপযোগী করিয়া তুলিতেই সমধিক যত্নবান হইলেন।

সাধারণের সাগ্রহ আহ্বান হইতে নিষ্কৃতি পাইতে তাহাকে সমধিক বেগ পাইতে হইল, কিন্তু তথাপি তিনি সক্ষমপাণ্ডিত হইলেন না। যদি বাস্তবিকই কাহাবও প্রকৃত ধর্মলাভ করিবার জন্য একান্ত আগ্রহ জাগিয়া থাকে, তবে সে ভারতীয় শিষ্যের ন্যায় গুরুদসনে আগমন করুক, ইহাই বোধ হয় তাহার উদ্দেশ্য ছিল। বক্তৃতার সাময়িক উত্তেজনায যে উৎসাহ দেখা যায়, তাহা অতি অল্প স্থানেই স্থায়ী ফল প্রসব করে, ইহাও আচার্যদেব অনতিবিলম্বেই বদ্বিতে পারিয়াছিলেন।

অক্লান্তকর্মী আচার্যদেবের প্রত্যেকটি ভঙ্গীর মধ্যেই এমন একটা দৃশ্যমান অনাস্তির ভাব ফুটিয়া উঠিত, যাহার একটা সুস্পষ্ট হেতু খৃষ্টিয়া পাওয়া আমেরিকানদের পক্ষে অসাধ্য ছিল, কারণ তাহাদের জাগতিক জ্ঞানের মাপকাঠী দিয়া তাহারা এই ভারতীয় যোগীকে মাপিতে গিয়া প্রথমেই একটা ভুল করিয়া বসিত যে, এই ব্যক্তি অর্থোপার্জনের সহজ পন্থাটি পরিত্যাগ করিয়া বড় ভাল কাজ করেন নাই। বক্তৃতা দিয়া স্বামিজী সমস্ত সময় প্রচুর অর্থ পাইতেন বটে, কিন্তু তাহা হস্তগত হইবার পূর্বেই দান করিয়া বসিতেন। আমেরিকার ও ভারতবর্ষের অনেক দাতব্য ভাণ্ডার স্বামিজীর নিকট হইতে অপ্রত্যাশিতভাবে আশাতীত সাহায্য প্রাপ্ত হইয়া অনেক সময় বিস্মিত হইয়াছেন। স্বামিজীর আয়ব্যয়, হিসাব-নিকাশের যদি একখানি খাতা থাকিত, তাহা হইলে আমরা দেখিতাম, যে অনুপাতে দান করিলে এ

সংসারে দাস্তা বলিয়া পরিচিত হওয়া যায়, তিনি তাহার গন্ডী ছাড়াইয়া বহুদূর অগ্রসর হইয়াছিলেন। এইখানে আমরা দেখিতে পাই, পাশ্চাত্যের মোহময়ী বিলাসের মরীচিকা, প্রবল অর্থলালসা তাঁহার সম্যাসকে বিচলিত করিতে পারে নাই। যে সমাজে প্রতিপদে প্রচুর অর্থের প্রয়োজন, সেই সমাজের বক্ষেই তিনি কাল কোথায় থাকিবেন, কি খাইবেন, না ভাবিয়া দিনের পর দিন কাটাওয়া দিয়াছেন। প্রথম প্রথম হুজুগে মাতিয়া আমেরিকাবাসী তাঁহার প্রশংসাদ্বনিতে গগন বিদীর্ণ করিলেও অল্প-লোকেই ধর্মশিক্ষার্থে শিষ্যরূপে তাঁহার পদতলে উপবেশন করিয়াছেন। তাঁহার গুণগুণগণ তাঁহাকে বশুভাবেই সম্মান করিয়াছেন, ভালবাসিয়াছেন, গুরুরূপে, আচার্যরূপে ভক্তি কবেন নাই, কিন্তু যখন বিশেষভাবে পর্যবেক্ষণ করিয়া তাঁহারা দেখিলেন যে, তাঁহার বাক্য ও কার্যের মধ্যে কোন বিভিন্নতা নাই, যখন তাঁহারা বুঝিলেন যে, তাঁহারা তাঁহাদের মধ্যে এমন এক ব্যক্তিকে পাইয়াছেন, যিনি তথাকথিত ঐন্দ্রিয়িক ভোগসুখকে ত্যাগ জ্ঞান করেন, আদর, প্রতিপত্তি, সম্মান, যশ, অর্থ কিছুতেই তাঁহার চিত্ত বিচলিত হয় না, যখন তাঁহারা দেখিলেন যে, এই অল্পভূত পুরুষ সম্পূর্ণ নিঃস্বার্থভাবে তাঁহাদের কল্যাণ-কামনায় হিন্দুশাস্ত্র ও ধর্মের অগাধ-সমুদ্র-মথিতসুধা, অবৈতামৃত লইয়া তাঁহাদের ম্বারদেশে উপস্থিত, তখনই না তাঁহার পদতলে বসিয়া ধর্মশিক্ষা গ্রহণ করিতে অগ্রসর হইয়াছিলেন।

অবশ্য সঙ্গে সঙ্গে আমাদিগকে ইহাও ভুলিলে চলবে না যে, যদিও শিকাগো মহাসভার পর হইতেই বিবেকানন্দ একজন বিখ্যাত লোক হইয়া পড়িয়াছিলেন, তথাপি বেদান্ত-প্রচাৰকার্যকে সুপ্রতিষ্ঠিত করিতে তাঁহাকে অনেক অসম্ভবের সহিত যুদ্ধ করিতে হইয়াছিল। ১৮৯০, ১৯ই সেপ্টেম্বর জগজ্জননী তাঁহার প্রিয়তম পুত্রকে বিরাট সভামধ্যে দাড়াইয়া ভাবী শতাব্দীর চিন্তাবাজ্যে একজন অপ্রতিহত ষোম্ভার পদ প্রদানপূর্বক মহিমাসমুদ্রত শিরে যেমন “যশেব কণ্টক মুকুট” পরাইয়া দিয়াছিলেন, তেমনি সঙ্গে সঙ্গে তাঁহার বাকী জীবনটুকু যথাসাধ্য কণ্টকাকীর্ণ, বাধা ও বিপত্তিবহুল করিতেও চেষ্টা করেন নাই।

পৃথিবীর বিভিন্ন প্রকার সভা ও অর্থসভা জাতি সমবায়ে গঠিত মার্কিন জাতির উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত অম্ব কুসংস্কার, অসার অহংকার, উদ্দাম ভাবপ্রবণতা, অব্যবস্থিতচিত্ততা, বিদেশীয় চিন্তাশীল ব্যক্তিগণই আমেরিকায় পদার্পণ করিবামাত্র বৃষ্টিতে পারিতেন। যে কোন প্রকার নতুন মতবাদ বা ধর্ম হউক না কেন, তাহা যুক্তিপূর্ণই হউক বা ভ্রমপ্রমাদের সমষ্টিই হউক, তাহার সমর্থক আমেরিকায় মিলিবেই মিলিবে। যে-কোন প্রকারেই হউক, জনকণ্ঠ লোকের মনে উদ্বেজনা সৃষ্টি

করিতে পারিলেই অর্থোপার্জনের একটা সুগম পন্থা নির্মাণ করিয়া লওয়া যায়। আমেরিকাবাসীর এই দুর্বলতাকে সুদৃঢ় মৃগষাষ পরিণত করিয়া ধর্মতত্ত্ব, প্রেততত্ত্ব, ভৌতিক, কান্ড-মহাস্বপ্নগণের জলে, স্থলে, শূন্যে অবাধ বিচরণ ইত্যাদি বৈচিত্র্যময় মতবাদ পূর্ব হইতেই প্রচারিত হইয়াছিল এবং প্রচুর অর্থ দক্ষিণা দিয়া স্থূলদৃষ্টি, অস্থাবিস্বাসী নরনারী পরলোকের বার্তা জানিবার জন্য ঐ সমস্ত অলৌকিক রহস্য-জড়িত সমিতির সভ্য হইয়া নিজেকে কৃতার্থ মনে করিত। পারিপার্শ্বিক এইরকম অবস্থার মধ্যে বেদান্তের ব্রহ্মজ্ঞান প্রচার করিতে যুক্তিপন্থী বিবেকানন্দকে যে কি অসীম ধৈর্যসহকারে কঠোর পবিত্রম করিতে হইয়াছিল, তাহা অম্পাষাসেই বুঝিতে পারা যায়।

এই সমস্ত উদ্ভ্রান্তচিত্ত, অলৌকিক রহস্যের পশ্চাতে ধাবমান নরনারীর মধ্য হইতে প্রকৃত সত্যতত্ত্বান্বেষী ও ঈশ্বর-লাভেচ্ছা ব্যক্তিগণকে বহু আশাসহকারে বাহিয়া বাহির করিয়া তবে বিবেকানন্দ শিক্ষাদান-কার্যে অগ্রসব হইতে সমর্থ হইয়াছিলেন।

ঐ সমস্ত সমিতির কর্তৃপক্ষগণ বিবেকানন্দকে তাঁহাদের সহিত যোগদান করিবার জন্য প্রথমে প্রলোভন ও অনুরোধ, অবশেষে নানাপ্রকার ভয় প্রদর্শন করিতে লাগিল। তাঁহার মতে বা কার্যে বা চিন্তায় “গুরুত” বিষয় কিছুই ছিল না, তিনি নিভীকভাবে প্রকাশ্যে ঘোষণা করিলেন, “আমি সত্যগ্রাহী ও সত্যের উপাসক, সত্য কখনও কোন অবস্থায় মিথ্যার সহিত সন্ধি করিবে না। যদি সমগ্র জগৎ আজ একমত হইয়া আমার বিরুদ্ধে দণ্ডাধীন হয়, তাহা হইলেও সত্যই বলবন্ত থাকিবে।”

তাঁহার পর খৃষ্টান মিশনারিগণ। ইহারা বিবেকানন্দ-প্রচারিত ধর্মমত, তর্ক ও যুক্তি স্মারা খণ্ডন করিতে না পারিয়া প্রতিপদে তাঁহাব ব্যক্তিগত চরিত্র সমালোচনা করিতে আরম্ভ করিলেন। যে-কেহ তাঁহাব বন্ধু হইল, তাঁহাকেই শত্রু করিতে চেষ্টা করিতে লাগিলেন। হয়ত কোন পরিবারে ধর্মোপদেশ দিবার জন্য স্বামিজী আহুত হইয়াছেন, ইহারা পূর্বাহ্নে তাহা জানিতে পারিয়া ঐ পবিত্রাবস্থ ব্যক্তিবর্গকে নানা-প্রকারে বৃদ্ধাইতে লাগিলেন যে, উহার কথার ও কার্যের মিল নাই, উহার চরিত্র এই প্রকার—ইত্যাদি ইত্যাদি। তাঁহারা সেইসব কথা শুনিয়া কেহ বা পত্র লিখিয়া নিমন্ত্রণ প্রত্যাখ্যান করিতেন, কোন স্থানে স্বামিজী গিয়া দেখিতেন যে, বাড়ীর লোকজন ম্বয় রুদ্ধ করিয়া অন্ত্র চালাইয়া গিয়াছে। আবার এমন ঘটনা ঘটিত যে, ঐ সকল ব্যক্তিই নিজেদের ভুল স্বীকার করিয়া স্বামিজীর নিকট আসিয়া অনুতাপ করিত। স্বামিজীর আমেরিকান শিষ্য ও শিষ্যাগণের মধ্যে এরকম ব্যক্তির সংখ্যা নিতান্ত অল্প নহে।

যাহা ইউক, এই মিশনরী প্রভুগণ প্রকাবান্তরে স্বামিজীর প্রচারকাৰের সুবিধাই করিয়া দিয়াছেন।

কিন্তু নিউইয়র্কে ধর্ম-প্রচার-কাৰে প্রবৃত্ত হইবার পূর্বে স্বামিজীকে অপর এক প্রবলতম প্রতিস্বল্লী পক্ষের সম্মুখীন হইতে হইল। ইংহারা আমেরিকার লক্ষপ্রতিষ্ঠ (স্বাধীন-চিন্তাবাদী) “Free-Thinkers”। এই দলের মধ্যে নাস্তিক, জড়বাদী, সন্দেহবাদী, যুক্তিবাদী—বিভিন্ন প্রকার মতাবলম্বী ব্যক্তি থাকিলেও ধর্ম বা তৎ-সংশ্লিষ্ট ব্যাপারমাত্রকেই জুড়াচুরি ও কুসংস্কার জ্ঞানে উপেক্ষা করিবার সময় সকলেই একমত। ইংহারা দম্ভসহকারে একদিন বিবেকানন্দকে তাঁহাদের সমাজগৃহে বক্তৃতা প্রদান করিবার জন্য নিমন্ত্রণ করিলেন।

স্বামিজী তাঁহাদিগের উত্থাপিত যুক্তিগুলি খণ্ডন করিয়া অশ্বৈত-বাদের শ্রেষ্ঠতা প্রতিপন্ন করিলেন। এই বিচারের সুবিষ্মৃত্ত বিবরণ প্রদান করা অনাবশ্যক। তারপর হইতেই আমরা দেখিতে পাই, অনেক “Free-Thinker” স্বামিজীর উপদেশে অনুপ্রাণিত হইয়া তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছেন। “Free-Thinker” গণ নীরব হইবার পরেই বিবেকানন্দের প্রচার-কাৰ্য্য নির্বিঘ্নে ক্ষিপ্ততার সহিত প্রসারলাভ করিয়াছিল। ইহা হইতেই অনুমান করা যায়, বিবেকানন্দের প্রচার-কাৰ্যের ইতিহাসে ইহা একটি সুপ্রসিদ্ধ ঘটনা।

স্বামিজীর ধর্ম-প্রচারকল্পে পাশ্চাত্যদেশে গমনের কারণ সম্বন্ধে আমরা ইতোপূর্বে যথাস্থানে অনেক কথাই বলিয়াছি, তথাপি আর একটি কথা বলা এস্থলে একান্ত আবশ্যক বলিয়া বোধ হইতেছে। একদল লোক বলেন, হিন্দুধর্ম কোনদিনই প্রচার-শীল ধর্ম নহে এবং বিবেকানন্দের আমেরিকা বা পাশ্চাত্যদেশে গমন ঐতিহাসিকের দৃষ্টি দিয়া দেখিলে রামমোহন ও কেশবচন্দ্রের অনুকরণ মাত্র। ইংহাদের মধ্যে অনেকে আবার বিবেকানন্দের মধ্যে রামমোহন ও কেশবচন্দ্রের বহু প্রভাবও দেখিতে পান।

বিবেকানন্দের পাশ্চাত্যদেশে গমন সম্বন্ধে ঐতিহাসিকের দৃষ্টি যদি কেবলমাত্র ব্যক্তি-বিশেষের অনুকরণরূপে দেখিয়াই ক্ষান্ত না হইত, তাহা হইলে দেখিত, নিখিল-ধর্মমতসমূহের জননী-স্বৰূপা ভারতবর্ষ বহুবার জগৎকে তাহার আধ্যাত্মিক তত্ত্ব দান করিয়াছে, দেখিত, যখন কোন শক্তিমান জাতি জাগ্রত হইয়া পৃথিবীকে এক অখণ্ড রাজনৈতিক সূত্রে বাঁধিবার জন্য প্রয়াসী হইয়াছে, তখনই সেই সূত্র অবলম্বন করিয়া ভারতীয় চিন্তাসমূহ সমগ্র জগতে ছড়াইয়া পড়িয়াছে। গ্রীক, রোমক, বাবিলন ইত্যাদি প্রাচীন সভ্যতার গঠনকল্পে ভারত কি কি উপাদান প্রদান করিয়াছিল,

তাহাও স্ফূর্তিদৃষ্টি চিন্তাশীল ঐতিহাসিকের দৃষ্টি এড়াইয়া যায় নাই। বৌদ্ধধর্মের জগৎ উপশ্রাবন, অশোকের ধর্ম-প্রচারক প্রেরণ, ইহাও ঐতিহাসিক ঘটনা। ঠিক সেই কারণেই, যখন তমোভাব-বহুল রজঃশক্তি সহাযে বলদ্ব্যস্ত পাশ্চাত্য জাতিসমূহ, জাতিগত স্বার্থ-সাধনে উদ্বুদ্ধ হইয়া সমগ্র জগতে এক যোগসূত্র স্থাপন করিয়াছিল, তখন বহুদিবস পরে ভারত এই অভিনব সভ্যতাস্রোতস্রোতের স্বীয় যুগযুগান্তরের সঞ্চিত চিন্তাসমূহ দিবার জন্য প্রস্তুত হইল। আর সেই চেষ্টারই প্রথম ফল, বিবেকানন্দের পাশ্চাত্যদেশে গমন। অতএব উহা আপাতদৃষ্টিতে ব্যক্তিবিশেষের অনুকরণ বলিয়া দ্রষ্ট হইলেও ইতিহাসের পুনরাবৃত্তি মাত্র।

আর পাশ্চাত্যদেশে গমন ব্যাপাবটা যদি অনুকরণই হইয়া থাকে, তথাপি প্রত্যেক চক্ষুমান ব্যক্তিই দেখিতে পাইবেন যে, বিবেকানন্দ কোনক্রমেই বামমোহন বা কেশবচন্দ্রের প্রতিধ্বনি নহেন, বরং দেখিবেন যে, বিবেকানন্দ কেশবচন্দ্রের প্রতিবাদ—তীব্র প্রতিবাদ! কেশবচন্দ্রের সর্বশেষ পরিবর্তিত মত, ‘নববিধান’ ব্বেপে প্রচারিত হইয়াছিল। তাহার ‘নববিধানের,’ সার্বভৌমিকতা এক উদার, কম্পনাপ্রসূত বস্তুতন্ত্রহীন আদর্শ, যাহা প্রত্যেক বিশেষ সভ্যতার বৈশিষ্ট্যকে সেই সভ্যতার অঙ্গ হইতে বিচ্ছিন্ন করিয়া পাঁচ সভ্যতার পাঁচ বৈশিষ্ট্যকে গ্রথিত করিয়া এক অভূতপূর্ব, অত্যাশ্চর্য, অসম্ভব, অনৈতিহাসিক সমাজ-বিজ্ঞান-বিরোধী মহামিলন। এই কারণেই সম্যাসী বিবেকানন্দ কেশবচন্দ্রের প্রতিবাদ। কেশবচন্দ্র খৃষ্টান ধর্মের প্রতি যে অতি মাত্রায় ঝুঁকিয়া পড়িয়াছিলেন, বিবেকানন্দ ঘাতসংঘাতে প্রতিক্রিয়ার ফলে অশ্বৈতবেদান্তের শিখরে দণ্ডায়মান হইয়া তাহার প্রতিষেধ করিতে বাধ্য হইয়াছেন। যে খৃষ্টানীমোহ কেশব ও কেশবদিগকে পাইয়া বসিয়াছিল, যে খৃষ্টানী ভোল বাঙ্গলার ইংরাজী শিক্ষিত তরুণ নরনারী লইয়া তাহারা গড়িতে গিয়াছিলেন এবং শিব গড়িতে গিয়া দৈব-দুর্বিপাকে অন্য এক জানোয়ার গড়িয়াছিলেন, বিবেকানন্দ তাহারই প্রতিবাদ করিয়াছেন। খৃষ্টানী মোহ তথা পাশ্চাত্য ভোগবাদী সভ্যতার মোহ হইতে তিনি জাতিকে সতর্ক করিয়া দিবার প্রয়োজন অনুভব করিয়াছিলেন। এই পাশ্চাত্য ভোগবাদের বিরুদ্ধে প্রতিবাদ করিতে যাইয়াই তাহাকে ত্যাগের ক্ষুরধার শাণিত পথে আচার্য শব্দরের পর নিখিল ভূভারতে সম্যাসের পতাকা উদ্ভীন করিতে হইয়াছিল। অথচ পাশ্চাত্যের যে শিব ও শক্তি এ উভয়কেই তিনি দুইহাতে বরণ করিয়া লইয়াছেন। নিজের ভূমিতে দৃঢ়পদে দণ্ডায়মান হইয়া বিশ্বকে, বিশ্বজনীনকে হৃদয়ে, বাহুতে ও মস্তিস্কে ধারণ করিয়াছেন।

বামমোহনের কর্মক্ষেত্র ছিল অধিকতর বিস্তৃত। তাহার বিলাত গমনের

প্রায় ৪০ বৎসর পর কেশবচন্দ্র বিলাত গমন করেন এবং কেশবচন্দ্রের বিলাত গমনের প্রায় ২২ বৎসর পরে বিবেকানন্দের পাশ্চাত্যদেশে বেদান্ত প্রচার আরম্ভ হয়। ১৮৩০, ১৮৭১, ১৮৯০—এই সমস্ত বিভিন্ন স্মরণীয় তারিখগুলির মধ্য দিয়া শ্রদ্ধা ঐতিহাসিকের চক্ষে দেখিলেও দেখা যাইবে যে, বাঙ্গলাদেশে ১৮৩০ হইতে ১৮৯০-এর মধ্যে আধুনিক ধর্মচিন্তার ইতিহাসে কি পবিবর্তন, কি প্রতিক্রিয়া দেখা দিয়াছে। ইহাদের একের উপর অন্যের প্রভাব থাকা অনিবার্য, কিন্তু ইহাদের যে স্বাতন্ত্র্য আছে, বৈশিষ্ট্য আছে, তাহা অন্ধ ব্যতীত কে অস্বীকার করিবে? কিন্তু দুঃখের বিষয়, সব সমাজেই অন্ধ আছে এবং থাকে।

নিউইয়র্কের প্রশ্নোত্তর ক্লাসে স্বামিজী ধাবাবাহিকরূপে জ্ঞানযোগ ও রাজযোগ সম্বন্ধে বক্তৃতা প্রদান করিতে লাগিলেন। নাতিবহু কক্ষটিতে উৎসুক ছাত্র ও ছাত্রিগণের যথেষ্ট স্থানাভাব হইত, তথাপি তাঁহারা কণ্ঠস্বীকার করিয়া ভারতীয় প্রধানদ্বারের পা মূড়িয়া তাঁহাদের প্রিয় আচার্যকে ঘিরিয়া বসিতেন। তাঁহার রাজযোগ সম্বন্ধে বক্তৃতাগুলি শ্রবণ করিয়া কয়েকজনের আগ্রহ এত বর্ধিত হইল যে, তাঁহারা স্বামিজীর নিকট যোগশিক্ষা করিতে আরম্ভ করিলেন এবং ঐ বিষয়ে সফলকাম হইবার জন্য যোগশাস্ত্রের নির্দেশানুযায়ী ব্রহ্মচর্য, সাত্ত্বিক আহার ইত্যাদি নিষমগুলিও প্রস্থার সহিত প্রতিপালন করিতে লাগিলেন। এই সময় স্বামিজীও যোগীর ন্যায় দৈহিক কঠোরতা অবলম্বন করিলেন, কারণ তিনি সর্বদাই জ্ঞাতসারে ও অজ্ঞাতসারে শিষ্যদিগের সম্মুখে একটা জীবন্ত আদর্শরূপে বিরাজ করিতেন। তাঁহার নিউইয়র্কের ক্ষুদ্র আবাসস্থলটি সন্ন্যাসী ও সত্যকামীদের সমবায়ে একটি ক্ষুদ্র মঠ বিশেষ হইয়া উঠিল।

রাজযোগের বক্তৃতাগুলির খ্যাতি এত সুবিস্তৃত হইয়া পড়িল যে, যেদিন রাজযোগ সম্বন্ধে বক্তৃতা হইবার কথা থাকিত, সেদিন দার্শনিক, বৈজ্ঞানিক ও অধ্যাপকগণ আসিয়া তাঁহার ক্ষুদ্র কক্ষটি পূর্ণ করিয়া ফেলিতেন এবং আগ্রহের সহিত তাঁহার যোগশাস্ত্রের যুক্তিপূর্ণ বৈজ্ঞানিক ব্যাখ্যা শ্রবণ করিতেন। জুন মাসের মধ্যে তাঁহার বক্তৃতাগুলি একত্র করিয়া “রাজযোগ” প্রকাশিত হয়। স্বামিজী উহার পরিশিষ্টে পাতজল দর্শনের একটি সুবিস্তৃত ও যুক্তিপূর্ণ ভাষ্য যোজনা করিয়া দেন। উচ্চতম মনস্তত্ত্বের সূক্ষ্ম ও যুক্তিপূর্ণ বিশ্লেষণের দিক দিয়া পুস্তকখানি মনীষী পাঠক-সমাজে চিরদিনের মত প্রতিষ্ঠালাভ করিয়াছে। পুস্তকখানি পাঠ করিয়া আমেরিকার জগন্মখ্যাত মনস্তত্ত্ববিদ পণ্ডিত জেমস্ এত মূগ্ধ হন যে, স্বামিজীর সহিত স্বয়ং আসিয়া দেখা করেন। ‘রাজযোগ’ প্রকাশিত হইবার কয়েক সপ্তাহের

মধ্যেই উহার তিনটি সংস্করণের প্রয়োজন হইয়াছিল। পশ্চিমবঙ্গের স্বামিজীর প্রতিভাপ্রসূত প্রথম পুস্তকখানিকে সাদরে অভ্যর্থনা করিতে কৃপণতা করেন নাই।

ইতোমধ্যে স্বামিজী বহু প্রতিষ্ঠাবান শিষ্য এবং প্রচার-কার্যের সহায়ক বন্ধু লাভ করিয়াছিলেন। তাহাদিগের মধ্যে ম্যাডাম্ মেরী লুইস (স্বামী অভয়ানন্দ), ডাক্তার স্যামুয়েল্ বার্গ (স্বামী কৃপানন্দ), মিসেস্ ওলি বুল, ডাক্তার এলেন ডি, মিস্ ওয়াল্ডো, প্রফেসর ওয়েম্যান ও রাইট্, ডাক্তার স্ট্রীটের নাম উল্লেখযোগ্য। এই সমস্ত সন্ধিখ্যাত গায়িকা ম্যাডাম্ ক্যালভে তাহার শিষ্যত্ব গ্রহণ করিলেন। নিউইয়র্কের ধনী সমাজের মিঃ ও মিসেস্ ফ্রান্সিস্ লেগেট এবং মিস্ জে ম্যাক্‌লিষডও স্বামিজীর বন্ধু হইয়া বিবিধ প্রকারে তাহার প্রচাৰকাৰ্যে সহযতা করিতে লাগিলেন। “ডিক্‌সন সোসাইটী”র মেম্বরগণ স্বামিজীর বক্তৃতা শ্রবণ করিয়া গভীর শ্রদ্ধাসহকারে হিন্দু আদর্শে জীবন গঠন করিবার জন্য উৎসাহের সহিত কার্য আরম্ভ করিয়া দিলেন।

১৮৯৫ সালে স্বামিজীকে কি কঠোর পরিশ্রম করিতে হইয়াছিল, তাহা ভাবিতে গেলে বিস্মিত হইতে হয়। অপরিচিত বিদেশে সম্পূর্ণ বিভিন্ন সামাজিক রীতিনীতি আচার-ব্যবহারের মধ্যে এবং নানাপ্রকার প্রতিকূল অবস্থার বিবৃদ্ধে অবৈত বেদান্ত প্রচার করা অতি সূকঠিন কাজ। আমেরিকার প্রচুর বিলাসেব মধ্যে তাহার অন্তরাত্মা সময় সময় বিদ্রোহী হইয়া উঠিত। তাহার অদম্য কর্মশক্তি, প্রবল উৎসাহ সময় সময় যেন মন্দীভূত হইত, তখন সন্ন্যাসী বিবেকানন্দ গভীর ক্ষোভের সহিত স্বীয় জীবনের গত দিবসগুলির প্রতি চাহিয়া বলিয়া উঠিতেন—

“I long—oh long for my rags, my shaven head, my sleep under the trees, and my food from begging”

অবিপ্রান্ত উচ্চতম দার্শনিক তত্ত্বের বিশ্লেষণ-সমাম্বিত বক্তৃতা প্রদান এবং শিক্ষাদান কার্যে পরিপ্রান্ত স্বামিজী নিজনে বিশ্রাম করিবার জন্য তাহার এক শিষ্যের সেট লরেন্স নদীর উপর “সহস্র স্বীপোদ্যান” ভবনে কতিপয় একান্ত অনুরাগী শিষ্য ও শিষ্যা সমাভিব্যাহারে যাত্রা করিলেন। এখানে সৌভাগ্যক্রমে যাহারা স্বামিজীর পবিত্র সংগে বাস করিবার অধিকার প্রাপ্ত হইয়াছিলেন, তাহাদিগের মধ্যে অন্যতম মিস্ এন্স ই ওয়াল্ডো লিখিয়াছেন —

“এই গম্ভীর রাজ্যে আমরা আচার্যদেবের সহিত সাতটি সপ্তাহ দিব্যানন্দে তাহার অতীন্দ্রিয় রাজ্যের বার্তাসমাম্বিত অপূর্ব রচনাবলী শ্রবণ করিতে করিতে আতিবাহিত করিয়াছিলাম—তখন আমরাও জগৎকে ভুলিয়া গিয়াছিলাম, জগৎও আমাদেরকে ভুলিয়া গিয়াছিল। এই সময়ে প্রতিদিন সাধ্যাভোজন সমাপনান্তে আমরা সকলে উপরকার বারান্দাটিতে

গমন করিয়া আচার্যদেবের আগমন প্রতীক্ষা করিতাম। অধিকক্ষণ অপেক্ষা করিতে হইত না, কারণ আমরা সমবেত হইতে না হইতেই তাহার গৃহস্বাব উন্মুক্ত হইত এবং তিনি খীরে খীরে বাহিরে আসিয়া তাহার নির্দিষ্ট আসন গ্রহণ করিতেন। তিনি আমাদিগের সহিত প্রত্যহ দুই ঘণ্টা এবং অনেক সময়েই তদধিক কাল বাপন করিতেন। এক অপূর্ণ সৌন্দর্যময়ী রজনীতে (বৌদিন নিশানাথ প্রায় পূর্ণাবধি ছিলেন) কথা কহিতে কহিতে চন্দ্রাস্ত হইয়া গেল, আমবাও যেমন কালক্ষেপের বিষয় কিছু জানিতে পারি নাই, স্বামিজীও যেন ঠিক তদ্রূপই জানিতে পারেন নাই। এই সকল কথোপকথন লিপিবদ্ধ করিয়া লওয়া সম্ভবপর হয় নাই, তাহা শুধু শ্রোতৃবৃন্দের হৃদয়েই গ্রথিত হইয়া আছে। এই সকল দিবা অবসরে আমবা যে উচ্চাঙ্গের গভীর ধর্মবুদ্ধিসকল লাভ করিতাম, তাহা আমাদিগের কেহই ভুলিতে পারিবেন না। স্বামিজী ঐ সকল সময়ে তাঁহাব হৃদয়ের কপাট খুলিয়া দিতেন, ধর্মলাভ করিবার জন্য তাঁহাকে যে সকল বাধাবিঘ্ন আতিক্রম করিয়া যাইতে হইয়াছিল, সেগুলি যেন পুনরাব আমাদেব নেত্রগোচর হইত, তাঁহাব গুরুদেবই যেন সঙ্কল্প-শরীবে তাঁহাব মূখাবলম্বনে আমাদিগের নিকট কথা কহিতেন, আমাদেব সকল সন্দেহ মিটাইয়া দিতেন, সকল প্রশ্নের উত্তর দিতেন এবং সমৃদ্ধ ভয় দ্বা কবিতেন। অনেক সময়ে স্বামিজী যেন আমাদেব উপস্থিতিই ভুলিয়া যাইতেন, আমরা পাছে তাঁহার চিন্তা-প্রবাহে বাধা দিবা ফেলি, এই ভয়ে যেন শ্বাসরুদ্ধ কবিয়া থাকিতাম। তিনি আসন হইতে উঠিয়া বাবান্দাটির সঙ্কীর্ণ সীমার মধ্যে পায়চারী করিয়া বেড়াইতে বেড়াইতে অনর্গল কথা কহিয়া যাইতেন। এই সময়ে তিনি যেরূপ কোমল প্রকৃতি ছিলেন এবং সকলের ভালবাসা আকর্ষণ কবিতেন, তেমন আর কখনও নহে। তাঁহার গুরুদেব যেরূপে তাঁহার শিষ্যবর্গকে শিক্ষা দিতেন, ইহা হযত অনেকটা তদনুরূপই ব্যাপার, তিনি নিজেই নিজ আশ্রয় সহিত ভাবমুখে কথা কহিয়া যাইতেন, আর শিষ্যগণ শুনিয়া যাইতেন।

“স্বামী বিবেকানন্দের ন্যায় একজন লোকের সহিত বাস করাই অবিশ্রান্ত উচ্চ উচ্চ অনুভূতি লাভ করা। প্রাতঃকাল হইতে রাত্রি পর্যন্ত সেই একই ভাব, আমরা এক ঘনীভূত ধর্মভাবের রাজ্যে বাস কবিতাম।

“স্বামিজী বালকের ন্যায় ক্রীড়াশীল ও কৌতুকপ্রিয় হইলেও এবং সোপানসে পরিহাস করিতে ও কথার চোটপাট জ্বাব দিতে অভ্যস্ত থাকিলেও, কখনও মূহুর্তের জন্য তাঁহার জীবনের মূলমন্ত্র হইতে লক্ষ্যচ্যুত হইতেন না। প্রতি জিনিষটি হইতেই তিনি কিছু না কিছু বলিবার এবং উদাহরণ দিবার বিষয় পাইতেন এবং এক মূহুর্তে তিনি আমাদিগকে কৌতুকজনক হিন্দু-পৌরাণিক গল্প হইতে একেবারে গভীর দর্শনের মধ্যে লইয়া যাইতেন। স্বামিজী পৌরাণিক গল্পসমূহের অফুরন্ত ভান্ডার ছিলেন, আর প্রকৃতপক্ষে এই প্রাচীন আর্মগণ অপেক্ষা কোন জাতির মধ্যেই এত অধিক পরিমাণে পৌরাণিক গল্পের প্রচলন নাই। তিনি আমাদিগকে ঐ সকল গল্প শুনাইয়া প্রীতি অনুভব করিতেন এবং আমরাও শুনিতেন

ভালবাসিতাম, কারণ তিনি কখনও এই সকল গল্পের অন্তরালে যে সত্য নিহিত আছে, তাহা দেখাইয়া দিতে এবং উহা হইতে মূল্যবান ধর্মবিষয়ক উপদেশ আবিষ্কার করিয়া দিতে বিস্মৃত হইতেন না। কোন ভাগ্যবান ছাত্রমণ্ডলী এরূপ প্রতিভাবান আচার্য লাভে আপনাদিগকে ধন্য জ্ঞান করিবার এমন সুযোগ পাইয়াছিলেন কি না, সন্দেহ।”*

মিস্ এম সি ফাঙ্ক এই প্রসঙ্গে লিখিয়াছেন —

“মনে মনে দৃঢ়সঙ্কল্প ছিল যে, কোন সময়ে, কোথাও তাঁহার সহিত সাক্ষাৎ করিবই করিব, যদি আমাদের গকে তজ্জন্য সমস্ত পৃথিবী অতিক্রম করিতে হয়, তাহাও স্বীকার। প্রায় দুই বৎসর আমরা তাঁহার খোঁজ পাইলাম না এবং মনে করিলাম, হয়তো তিনি ভাবতে ফিবিয়া গিয়াছেন, কিন্তু একদিন অপবাণ্ডে একজন বন্ধু আমাদের গকে সংবাদ দিলেন যে, তিনি এখনও এই দেশেই আছেন এবং গ্রীষ্ম অবকাশটি “থ্যাউজ্যান্ড আইল্যান্ড পাকে” যাপন করিতেছেন। তাঁহাকে বুদ্ধিযা বাহির করিয়া তাঁহার নিকট হইতে শিক্ষালাভ করিব, এই দৃঢ়সঙ্কল্প লইয়া আমরা পরদিন প্রাতে যাত্রা করিলাম।

“অবশেষে অনেক অনুসন্ধানের পর আমরা তাঁহার সাক্ষাৎ পাইলাম। তিনি জন-কোলাহল হইতে দূরে আসিয়া বাস করিতেছেন, এমন অবস্থায় তাঁহার শান্তিভগ্ন করিবার দৃঃসাহস করিয়াছি, এই ভাবিয়া আমবা যারপরনাই ভীত হইলাম, কিন্তু তিনি আমাদের প্রাণের মধ্যে এমন এক আগুন জ্বালিয়াছিলেন, যাহা নির্বাপিত হইবার নহে। এই অদ্ভুত ব্যক্তি ও তাঁহার উপদেশ সম্বন্ধে আমাদের গকে আবও জানিতে হইবেই হইবে। সেদিন অন্ধকারময়ী রজনী, বৃষ্টি হইতেছে, আবাব আমবাও দীর্ঘ-পথ-ভ্রমণে শ্রান্ত, কিন্তু তাঁহার সাক্ষাৎ না হওয়া পর্যন্ত আমাদের মনে শান্তি নাই।

“তিনি আমাদের গকে শিষ্যত্ব গ্রহণ করিবেন? আর যদি না করেন, তবে আমাদের উপায়? আমাদের হঠাৎ মনে হইল যে, একব্যক্তি, যিনি আমাদের অস্তিত্ব পর্যন্ত অবগত নন, তাঁহাকে দেখিবার জন্য বহুশত ক্রোশ পথ অতিক্রম করিয়া চলিয়া আসা হয়ত বা মর্খতাব কার্য হইয়াছে। * * পরে এই ঘটনা প্রসঙ্গে আচার্যদেব আমাদের গকে এইরূপে অভিহিত করিতেন—“আমার শিষ্যবন্ধ, বাঁহারা শত শত ক্রোশ পথ অতিক্রম করিয়া আমাব সহিত সাক্ষাৎ করিয়াছিলেন, আর তাঁহাবা রাত্রিকালে ঝড়বৃষ্টি মাথায় করিয়া আসিয়াছিলেন।” তাঁহাকে কি বলিব, পূর্ব হইতেই মনে মনে স্থির করিয়া রাখিয়াছিলাম। কিন্তু যেমন আমরা বুদ্ধিলাম যে, সত্য সত্যই আমরা তাঁহাব সাক্ষাৎ পাইয়াছি, অমনি আমরা সেই সব ছন্দাবন্ধ বক্তৃতা তুলিয়া গেলাম, আর আমাদের মধ্যে একজন কোনমতে অক্ষুট স্বরে বলিতে পারিল,—“আমরা ডিট্রয়েট হইতে আসিতেছি এবং মিসেস্ * * আমাদের গকে আপনার নিকট

পাঠাইয়াছেন।’ আর একজন বলিলেন,—ভগবান্ ঈশা এখনও পৃথিবীতে বর্তমান থাকিলে
 ষেরূপে আমরা তাঁহার নিকট যাইতাম এবং উপদেশ ভিক্ষা করিতাম, আমরা আপনার
 নিকট সেইরূপেই আসিযাইছি। তিনি আমাদের প্রতি অতি সন্মানে দৃষ্টিপাত করিয়া
 মৃদুস্বরে বলিলেন,—“শুধু যদি ভগবান্ খৃষ্টের ন্যায় তোমাদিগকে এই মর্মে মৃত্যু
 করিয়া দিবার ক্ষমতা থাকিত।” * * * আমরা তথায় বারজন ছিলাম এবং বোধ
 হইতেছিল, যেন জ্বালাময়ী ঐশী শক্তি (Pentecostal Fire) অবতরণ করিয়া
 পুরাকালে খৃষ্ট-শিষ্যগণের ন্যায় আচার্যদেবকেও স্পর্শ করিয়াছিল। একদিন অপরাহ্নে
 ত্যাগ-মাহাত্ম্য প্রসঙ্গে গৈরিকবসনধারী যতিগণের আনন্দ ও স্বাধীনতার বর্ণনা করিতে
 কবিত্তে সহসা তিনি উঠিয়া গেলেন এবং অল্পক্ষণেই ত্যাগ-বৈরাগ্যের চরম সীমাম্বরূপ
 (“Song of the Sannyasi”) “সন্ন্যাসীর গীতি” শীর্ষক কবিতাটি লিখিয়া
 ফেলিলেন। আমার মনে হয়, তাঁহার অপবিস্মীম ধৈর্য ও কোমলতাই আমাকে ঐ কালে
 সর্বাপেক্ষা মৃদু কবিয়াছিল। পিতা তাঁহার সন্তানদের যে চক্ষে দেখেন, তিনিও আমাদের
 সেই চক্ষে দেখতেন, যদিও আমাদের মধ্যে অনেকেই তাঁহার অপেক্ষা বয়সে অনেক বড়
 ছিলেন। প্রাতঃকালে ক্লাসের কথোপকথনগুলি শুনিয়া সময়ে সময়ে আমাদের মনে হইত,
 যেন তিনি বহুকে কবামলকবৎ প্রত্যক্ষ করিয়াছেন, এমন সময়ে হঠাৎ তিনি সে কক্ষ পরিত্যাগ
 করিয়া উঠিয়া যাইতেন এবং অল্পক্ষণ পরেই ফিরিয়া আসিয়া বলিতেন, ‘এখন আমি
 তোমাদের জন্য রক্ষন করিতে যাইতেছি।’ আর কত যৈষের সহিত তিনি উনানের ধারে
 দাঁড়াইয়া আমাদের জন্য কোন কিছু ভারতীয় আহাৰ্য প্রস্তুত করিতেন। ভিত্তিযেটে শেষ
 বারও তিনি আমাদের জন্য অতি উপদেশ ব্যঞ্জন প্রস্তুত করিয়াছিলেন। প্রতিভাশালী
 পাণ্ডিত্যগুণ্য, জগন্নিব্যায্য, বিবেকানন্দ শিষ্যগণের ক্ষুদ্র ক্ষুদ্র অভাবগুলি স্বহস্তে পূরণ
 করিয়া দিতেছেন, শিষ্যগণের পক্ষে কি অপূর্ব উদাহরণ। তিনি ঐ সকল সময়ে কত
 কোমল, কত করুণস্বভাব হইতেন। কত কোমলতাময় পদ্যস্মৃতিই না তিনি আমাদের
 উত্তরাধিকারসূত্রে অর্পণ করিয়া গিয়াছেন।”*

বহুদিন পর স্বামিজী নগরীব কোলাহল প্রতিশ্রবণী সম্মুখ, বক্তৃতা প্রদান
 ইত্যাদির হস্ত হইতে নিষ্কৃতি পাইয়া যেন হাঁফ ছাড়িয়া বাঁচিলেন। “সহস্র
 স্বীপোদ্যানে” আসিবার প্রাক্কালে তিনি “গ্রীণএকার কনফারেন্স” বক্তৃতা করিবার
 জন্য আহৃত হন, কিন্তু তিনি উহা প্রত্যাখ্যান করিতে বাধ্য হইয়াছিলেন। তিনি
 পাণ্ডিত দার্শনিকমণ্ডলীর সমক্ষে বক্তৃতা প্রদান করা অপেক্ষা ভবিষ্যৎ বেদান্ত প্রচার-

* দেববাণী—স্বামী বিবেকানন্দ

কার্যের সহযোগিতারূপে, কয়েকজন শিষ্যকে গাড়িয়া তোলাই অধিকতর প্রয়োজন মনে করিয়াছিলেন। সুদীর্ঘ সাতটি সপ্তাহ ব্যাপিয়া তিনি যে অমূল্য উপদেশাবলী প্রদান করিয়াছিলেন, পরে উহা “Inspired talks” নামে পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। “দেববাণী” পুস্তকখানি উহারই বঙ্গানুবাদ। যাহাহউক, এইস্থানে স্বামিজী পাঁচজনকে ব্রহ্মচার্য ও দুইজনকে সন্ন্যাস প্রদান করিলেন। অবশেষে পদ্মনাথ নবোৎসাহ লইয়া নিউইয়র্কে ফিবিয়া আসিয়া বেদান্ত প্রচার-কার্যে ব্রতী হইলেন।

নিউইয়র্কে ফিবিয়া আসিয়াই আচার্যদেব ইংলণ্ড যাত্রার জন্য প্রস্তুত হইলেন। মে মাসেই স্বামিজী বেদান্তানুগাণী মিস্ হেনবিএটা মদলার কতৃক ইংলণ্ডে আহৃত হইয়াছিলেন। অবশেষে মিঃ ই টি জর্ডান স্বামিজীকে পুনঃ পুনঃ লন্ডনে আগমন করিবার জন্য পত্র লিখিতে লাগিলেন। ইতোমধ্যে স্বামিজীব বন্ধু, নিউইয়র্কের জনৈক ধনকুবের স্বয়ং স্বামিজীকে সঙ্গে করিয়া ফ্রান্স ও ইংলণ্ড লইয়া যাইবার প্রস্তাব উত্থাপন করিলে স্বামিজী আনন্দে সম্মতি প্রদান করিলেন। ক্রমাগত দুই বৎসর অবিশ্রান্ত শারীরিক ও মানসিক পরিশ্রমের পর সমুদ্রযাত্রায় তাঁহার স্বাস্থ্যের উন্নতি হইবে আশা করিয়া গুরুগতপ্রাণ শিষ্যবৃন্দও আপত্তি করিলেন না। অবশেষে প্রচারকার্যের ভার স্বামী অভয়ানন্দ, কৃপানন্দ এবং সিষ্টার হরিদাসারী হস্তে সমর্পণ করিয়া স্বামিজী আগষ্ট মাসের মধ্যভাগে নিউইয়র্ক হইতে ফ্রান্সের প্যারী নগরে উপস্থিত হইলেন। আধুনিক ইউরোপীয় সভ্যতার জন্মভূমি প্যারী নগরের ঐতিহাসিক দৃষ্টব্য স্থানগুলি দর্শন করিয়া ইংলণ্ডাভিমুখে যাত্রা করিলেন।

আমেরিকা পরিত্যাগ করিবার প্রাক্কালে স্বামিজী সংবাদ পাইলেন যে, ভারতীয় কোন কোন মিশনারীচালিত সংবাদপত্রে তাঁহার নিন্দা বটনা করা হইতেছে। স্বামিজীর আহাৰ্য্য দ্রব্য সম্বন্ধে কতকগুলি কথা প্রবণ করিয়া হিন্দুগণের মধ্যেও অনেকে তাঁহার বিরোধী হইয়া উঠিতেছেন। তাঁহার আচার-ব্যবহার জঘন্য বিবরণ-সহ পুস্তিকা, “হ্যান্ডবিল” ইত্যাদি বিতৰিত হইতেছে। রক্ষণশীল হিন্দু সম্প্রদায়ের মূখপত্রস্বরূপ “বঙ্গবাসী” কাগজ এই সময় হইতেই “বিবেকানন্দের” নিন্দাপ্রচার অন্যতম ব্রতরূপে গ্রহণ করিয়া কার্যক্ষেত্রে অবতীর্ণ হইয়াছিলেন। খৃষ্টান মিশনারীগণের অবশ্য ক্রোধের উদয হওয়া স্বাভাবিক, কেননা, স্বামিজী খৃষ্টানগণকে হিন্দুধর্মের প্রতি শ্রদ্ধাসম্পন্ন এমন কি, অনেককে হিন্দুও করিতেছিলেন, বিশেষত তাঁহাদের স্বার্থেরও স্বামিজী যথেষ্ট ক্ষতি করিতেছিলেন। মিশনারীগণ ইউরোপ ও

আমেরিকায় গিয়া অসভ্য, নরমাংসভুক বন্য, বর্বর “হিদেরদিগের” পৈশাচিক আচার-ব্যবহারের বর্ণনা করিয়া ইহাদিগকে “অন্ধকার হইতে আলোকে আনিবার জন্য” ধনী ও বড়লোকদিগের নিকট প্রচুর অর্থ গ্রহণ করিয়া থাকেন। কিন্তু বিবেকানন্দের বক্তৃতায় অনেকেবই মিশনবী বর্ণিত কাহিনীগুলিতে অশ্রদ্ধা জন্মিয়া গিয়াছিল, পাছে তাঁহারা আর হিদেরদিগকে প্রভু ঈশার স্বর্গরাজ্যে আনয়নের জন্য অর্থসাহায্য না কবেন, এই আশঙ্কায় তাঁহারা যে চণ্ডল হইয়া উঠিবেন এবং বিবেকানন্দের নিন্দা-প্রচার করিবেন, ইহা স্বাভাবিক। যদিও ববাহনগর মঠে তাঁহার গুরুদ্রাভাগণ এই সমস্ত কাহিনী বিশ্বাস করেন নাই, কিন্তু তাঁহার মাদ্রাজী ও অপরাপর ভারতীয় শিষ্যবৃন্দ ক্রমাগত গুরুনিন্দা শ্রবণ কবিয়া বিচলিত হইয়া উঠিলেন। দুই বৎসর কাল কাপদবৃক্ষ নিন্দুকগণ কতৃক হেয়ভাবে আক্রান্ত হইয়াও স্বামিজী প্রকাশ্যে কোন প্রতিবাদ কবেন নাই, কিন্তু শিষ্যবৃন্দের মনোভাব অবগত হইয়া তিনি প্যারী হইতে ইংলণ্ডযাত্রার প্রাক্কালে উহাদিগকে একখানি পত্র লিখিবার প্রয়োজন বোধ করিলেন, কারণ কোন কোন মিশনরীপদৃগব তাঁহাকে কেবলমাত্র রাজনৈতিক বস্তা বলিয়া প্রচার করিতেছিলেন।

ত্যাগ ও বৈরাগ্যেব মহিমা কীর্তন কবিত্তে গিয়া স্বামিজী সময় সময় ভাবাবেগে পাশ্চাত্য সভ্যতাব বিলাসতৃষ্ণা, পরধন-লোলুপতা, স্বার্থপর আত্মজর্জীতিক আইনসমূহকে তীব্রভাবে আক্রমণ করিতেন, সেই সমস্ত বক্তৃতার স্থানে স্থানে উদ্ভূত করিয়া মিশনরিগণ তাঁহাকে কেবলমাত্র রাজনৈতিক বস্তা বলিয়া প্রতিপন্ন করিতে চেষ্টা করিতে লাগিলেন। কলিকাতার একটি প্রকাশ্য সভায় রেভাঃ কালীমোহন ব্যানার্জী তাঁহাকে রাজনৈতিক বস্তা বলিয়া উল্লেখ করায় স্বামিজী তাঁহার শিষ্যগণকে প্রতিবাদ করিতে আদেশ করিয়াছিলেন এবং উক্ত ভদ্রলোককে সংবাদপত্রে স্বমত সমর্থন করিবার জন্য আহ্বান করিতে বলিয়াছিলেন। নানা কারণে স্বামিজী শিষ্যবৃন্দকে সন্মুখা দিবার অভিপ্রায়ে লিখিলেন,—“আমি আশ্চর্য হইতেছি যে, তোমরা মিশনরিগণের প্রচারিত আহাম্মকিগদুল শূন্য বিচলিত হইয়াছ। যদি কোন হিন্দু আমাকে গোঁড়া হিন্দুগণের মত আহাবপ্রণালী অবলম্বন করিতে অবাচিত পরামর্শ দিয়া থাকেন, তাহা হইলে তাঁহাদিগকে বলিও, তাঁহারা যেন একজন ব্রাহ্মণ পাচক ও তাহার সঙ্গে কিছু টাকা প্রেবণ করেন। এক পরসী সাহায্য করিবার ক্ষমতা নাই অথচ বিজ্ঞের মত উপদেশ দিবার বেলা খুব যোগ্যতা আছে দেখিয়া আমি হাস্য সম্বরণ করিতে পারি না। অপরদিকে, যদি মিশনরিগণ বলিয়া থাকেন যে, আমি “কামকাণ্ডন” ত্যাগরূপ সম্যাস জীবনের মহত্তম ব্রত ভঙ্গ করিয়াছি, তবে

তাঁহাদিগকে বলিও যে, তাঁহারা ঘোরতর মিথ্যাবাদী। * * * মনে রাখিও, আমি কাহারও নির্দেশ মত চলিতে প্রস্তুত নহি। আমার জীবনের উদ্দেশ্য আমি ভাল-রূপেই জানি। কোনপ্রকার হট্টগোল, নিন্দা ইত্যাদি আমি গ্রাহ্য করি না। আমি কি কোন ব্যক্তিবিশেষ বা জাতিবিশেষের ক্রীতদাস? * * * তোমরা কি বলিতে চাও যে, আমি কুসংস্কারাচ্ছন্ন, নিষ্ঠুর প্রকৃতি, দুর্বলচেতা নাস্তিকভাবাপন্ন তথাকথিত শিক্ষিত ব্যক্তিগণের মধ্যে বাস করিবাব জন্য জন্মগ্রহণ করিয়াছি? আমি সর্ব-প্রকার কাপড়েরতাকে ঘৃণা করি। ঐ সমস্ত কাপড়বস্ত্র ও রাজনৈতিক আহাম্মিকির সহিত আমার কোন সংশ্লব নাই। ঈশ্বর এবং সতাই আমার একমাত্র রাজননীতি, বাদবাকী যা কিছু আবর্জনা মাত্র।”

বৃগপ্রযোজনে অবতীর্ণ মহাপদব্রূষণ সত্য ও লোকাচাৰ্যের সহিত আপোষ করিয়া শান্ত, শিষ্ট ও সদালাপী মানদুষ্টি সাজিয়া সমাজে চলাফেরা করিবাব জন্য জন্মগ্রহণ করেন না। তাঁহাদিগকে সাধারণের সহিত সমানস্তরে টানিয়া নামাইবার চেষ্টা করা বৃথা। হিন্দুধর্মের পুনরুত্থানকল্পে যে মহাশক্তি বিবেকানন্দের মধ্যে পূজ্যীভূত হইয়াছিল, তাহার জগৎ-উপশ্রাবী প্রবাহ বোধ করিবাব জন্য কয়েকজন মেরুদণ্ডহীন ব্রাহ্ম প্রচারক যে প্রতিশ্বস্মীরূপে পথবোধ করিবাব জন্য অগ্রসর হইয়াছিলেন, সে ক্ষুদ্র প্রয়াসের উল্লেখ না কবাই শ্রেয়।

ভারতবর্ষ ইংলন্ডের অধীন। প্রভুদেবের অহমিকার স্বকীয় সাম্রাজ্যগর্ভী ইংরাজগণ “অধ-ববর” পরাধীন জাতিব একজন ধর্মপ্রচারক সম্মাসীকে কি ভাবে গ্রহণ করিবেন, ইহা ভাবিতে ভাবিতে স্বামিজী বিশ্বাসস্কুচিত চিন্তে লন্ডনে প্রবেশ করিলেন। স্বদেশাভিমানী বিবেকানন্দের চিন্তে ইংরাজজাতি সম্পর্কে বিরুদ্ধ ধারণা পোষণ করা স্বাভাবিক। ভারতে ইংরাজ শাসক ও বণিকগণ ভারতবাসীর প্রতি মাঝে মাঝে ঘেরূপ ব্যবহার করিয়া থাকেন, তাহাতে ঐরূপ ধারণা হওয়া আশ্চর্য নহে। কিন্তু অল্পদিনের মধ্যেই তাঁহার পূর্ব ধারণা দূর হইল। ইংলন্ডের শিক্ষিত ও অভিজাত, মধ্যবিত্ত ও সাধারণ সর্বশ্রেণীর ইংরাজের সহিত তিনি ঘনিষ্ঠভাবে পরিচিত হইয়া ইংবাজ চরিত্রের মহত্ত্ব আবিষ্কার করিলেন। “ইংরাজ জাতির উপর আমাপেক্ষা অধিক ধৃণাসম্পন্ন হইয়া আর কেহই ব্রিটিশ ভূমিতে পদার্পণ করেন নাই * * * এখানে এমন কেহই উপস্থিত নাই, যিনি ইংবাজ জাতিকে আমাপেক্ষা অধিক ভালবাসেন।” ইংরাজ-চরিত্রের ক্ষত্রিয়শৌর্য এবং আত্মসংযম, তাহাদের অকুতোভয় উদ্যম অধ্যবসায় লঘু ভাবাবেগহীন গাম্ভীর্যের স্বামিজী ভূবসী প্রশংসা করিয়াছেন। ইংলন্ডের ব্যক্তিস্বাধীনতা অক্ষুণ্ণ রাখিয়াও নিয়মানুবর্তিতা,

তীব্র আত্মমৰ্যাদাবোধ সহ বিনীত আনুগত্য দেখিয়া তিনি মৃদু হইয়াছিলেন। ইংরাজ সহজে কোন ভাবে গলিয়া পড়ে না, কিন্তু যাহা একবার সত্য বলিয়া জানে, তাহা প্রাণপণে আঁকড়াইয়া ধরে। আমেরিকা অপেক্ষা ইংলণ্ডই স্বামিজীকে অধিকতর "আকৃষ্ট" করিল।

"Cyclonic Hindoo"—(আচার্যদেব যেখানে যাইতেন, সেইখানেই জনসাধারণের মধ্যে তুমুল আন্দোলন উপস্থিত হইত বলিয়া পাশ্চাত্যবাসীরা তাঁহাকে ঐ নাম দিয়াছিলেন) লন্ডনেও তরঙ্গ তুলিলেন। প্রতিদিন প্রাতঃকালে প্রশ্নোত্তর এবং অপবাহে বক্তৃতার মধ্য দিয়া প্রচারকার্য চলিল। নিউইয়র্কের মতই লন্ডনে স্বামিজীকে ঘিবিষা জনতা ভীড়। স্বামিজী উৎসাহের সহিত বৃটিশ সাম্রাজ্যের কেন্দ্রভূমিতে ভারতের বার্তা প্রচার করিতে লাগিলেন। তাঁহাব ধারণা ছিল, "সমস্ত দোষ চুটি সত্ত্বেও, বৃটিশ সাম্রাজ্যের মত, ভাবপ্রচাবে যন্ত্র ইতিপূর্বে আর হয় নাই। এই যন্ত্রে কেন্দ্রে আমি আমার ভাবধারা ঢালিয়া দিতে চাহি, তাহা হইলেই উহা সমগ্র জগতে ছড়াইয়া পড়বে। * * আধ্যাত্মিক আদর্শ নিপীড়িত জাতিসমূহের মধ্য হইতেই আসিয়াছে। (ইহুদী ও গ্রীক)।"

একদিন স্বামিজী 'পিকাডেলী প্রিন্সেস হলে' সহস্রাধিক শ্রোতার সম্মুখে 'আত্মজ্ঞান' বিষয়ে গভীর দার্শনিক তত্ত্বপূর্ণ এক বক্তৃতা করিলেন। পাশ্চাত্য বাহ্যিক দর্শন, বিজ্ঞান এবং সমাজ জীবনের যুক্তিপূর্ণ সমালোচনা, সংবাদপত্র ও সুধীবৃন্দের দৃষ্টি আকর্ষণ করিল। তাঁহাব ব্যক্তিগত ও পার্শ্বিক মৃদু হইয়া বহু শিক্ষিত নরনারী দলে দলে তাঁহার উপদেশ শ্রুনিবার জন্য আসিতে লাগিলেন। তাঁহার বক্তৃতাটি এমন হৃদয়গ্রাহী হইয়াছিল যে, পরদিন বিখ্যাত সংবাদপত্রগুলিতে তাহার বিস্তৃত বিবরণ ও আলোচনা বাহির হইয়াছিল। "The Standard" পত্রিকা লিখিয়াছিলেন —

"রামমোহনের পর, একমাত্র কেশবচন্দ্র সেনকে বাদ দিলে, 'প্রিন্সেস হলে'র বক্তা হিন্দুর মত আর কোন শক্তিশালী ভারতীয় ইংলণ্ডের বক্তৃতামঞ্চে অবতীর্ণ হন নাই। * * বক্তৃতামুখে তিনি আমাদের কারখানা, ইঞ্জিন, বৈজ্ঞানিক আবিস্কৃতি এবং পুঁথি পুস্তকের দ্বারা মনুষ্যজাতির কতটুকু হিত হইয়াছে, বৃদ্ধ এবং বীশুর কয়েকটি বাণীর সহিত তাহাব ভুলনা করিয়া অতি নিভাঁক, তীব্র, তাজ্জ্বল্যপূর্ণ সমালোচনা করেন। বক্তৃতাকালে তিনি কোন স্মারকলিপি ব্যবহার করেন নাই,—তাঁহার স্মৃতি কণ্ঠস্বর আড়ম্বরহীন, স্বেচ্ছাহীন।"

The London Daily Chronicle লিখিয়াছেন,—

“জ্ঞানপ্রিয় হিন্দুসম্মতাসী বিবেকানন্দের অবয়বে, বুদ্ধদেবের চিত্র-পরিচিত মূৰ্ত্তি (The classic face of Buddha) সৌন্দর্য্য অত্যন্ত সুপরিষ্কৃত। আমাদের বণিক-সম্মিষ্ট, আমাদের শোণিতলোলুপ বুদ্ধ, আমাদের ধর্ম্মত সম্পর্কে অসহিষ্ণুতার তীব্র সমালোচনা করিয়া তিনি বলেন,—‘এই মূর্ত্তি নিরীহ হিন্দু বা তোমাদের শূন্যগর্ভ আক্ষালনপূর্ণ সভ্যতার অনুরাগী হইবে না।’” “ওয়েস্ট-মিনিষ্টার গেজেট” নামক বিখ্যাত পত্রিকার জনৈক প্রতিনিধি স্বামিজীব সহিত সাক্ষাৎ করিয়া উক্ত পত্রিকা “লন্ডনে ভারতীয় যোগী” শীর্ষক স্বামিজী সম্বন্ধে একটি নানা তথ্যপূর্ণ প্রবন্ধ লিখিয়াছিলেন। এই প্রতিনিধির সহিত কথোপকথন-প্রসঙ্গে স্বামিজী বলিয়াছিলেন যে, তাঁহার গুরু, শ্রীশ্রীরামকৃষ্ণ পবনহংসের নিকট তিনি যে বার্তা পাইয়াছেন, তাহা জগতে প্রচার কবাই তাঁহার উদ্দেশ্য, নূতন কোন সম্প্রদায় প্রতিষ্ঠা কবা তাঁহার অভিপ্রেত নহে। বিশেষ কোন ধর্ম্মতত্ত্বও তিনি প্রচাচক নহেন, তাঁহার বিশ্বাস, বেদান্তের উদার জ্ঞানসমীক্ট সকল ধর্ম্ম সম্প্রদায়ই স্ব স্ব ধর্ম্ম সম্বন্ধীয় স্বাতন্ত্র্য বজায় রাখিয়া গ্রহণ করিতে পারেন।

বেদান্তের ত্যাগ, বিবেক, বৈবাগ্যের ভিত্তির উপর দ্রুত-উন্নতিশীল, আপাত-মনোবম, পাশ্চাত্যসভ্যতাকে প্রতিষ্ঠিত না করিলে যে উহার ধ্বংস অবশ্যম্ভাবী, ইহা তিনি বার বার বলিয়াছেন। গভীর দূরদৃষ্টিবলে ভাবী শতাব্দীর ভয়াবহ ধ্বংসের করাল দৃশ্য দর্শন করিয়াই বোধহয় তিনি দূরত্বের সহিত বলিয়াছিলেন, “সাবধান! আমি দিব্যচক্ষে দেখিতেছি, সমগ্র পাশ্চাত্য জগৎ একটা আগ্নেয়গিরির উপর প্রতিষ্ঠিত রহিয়াছে, উহা যে-কোন মূহুর্ত্তেই অগ্নি উদ্গীরণ করিয়া পাশ্চাত্য জগৎকে ধ্বংস করিয়া ফেলিতে পারে। এখনও যদি তোমরা সাবধান না হও, তাহা হইলে আগামী পঞ্চাশৎ বর্ষের মধ্যে তোমাদের ধ্বংস অবশ্যম্ভাবী।”

প্রায় একমাসকাল মধ্যেই স্বামিজী লন্ডনে যথেষ্ট প্রতিষ্ঠালাভ করিলেন। এই সময়ে একটি বক্তৃতা-সভায় মিস্ মার্গারেট ই নোবল (সিস্টার নিবোদিতা) স্বামিজীর সহিত পরিচিতা হন। এই অসাধারণ বিদুষী মহিলা একটি স্কুলের শিক্ষয়িত্রী ছিলেন এবং শিক্ষক-সমাজে তাঁহার যথেষ্ট খ্যাতি এবং প্রতিপত্তি ছিল। মিস্ নোবল স্বামিজীর প্রতি যথেষ্ট শ্রদ্ধাসম্পন্ন হইলেও সহসা তাঁহাকে আচার্য্য বলিয়া সম্বোধন করেন নাই। প্রতিদিবস তিনি স্বামিজীর বক্তৃতা ও প্রশ্নোত্তর ক্লাসগুলিতে নিরমিতরূপে আসিতেন। স্বামিজীর পবিত্র নিঃস্বার্থ পব চরিত্রমাধুর্য্যে মুগ্ধ হইয়া অবশেষে মিস্ নোবল তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিবার সংকল্প করেন,

কিন্তু তিনি তাহার মনোগত ভাব প্রকাশ না করিয়া নীরবে এই মনীষী সম্মাসীকে বিবিধপ্রকারে পৰ্যবেক্ষণ করিতে লাগিলেন।

স্বামিজী আমেরিকার মত ইংলণ্ডেও প্রচার-কার্যে যথেষ্ট সাফল্যলাভ করিয়া- ছিলেন। ইংলণ্ড পরিত্যাগ করিয়া আমেরিকা যাইবার প্রাক্কালে তিনি জনৈক শিষ্যকে লিখিয়াছিলেন, “ইংলণ্ডে আমার প্রচার-কার্য আশাতীত প্রতিষ্ঠালাভ করিয়াছে। আগামী সম্ভাষে আমি আমেরিকা যাত্রা করিব শুনিয়া অনেকেই বিষন্ন হইয়াছেন। আমি চলিয়া গেলেই, যে কার্য হইয়াছে, তাহার ফল অনেকাংশ নষ্ট হইয়া যাইবে, অনেকেই এইরূপ আশঙ্কা করিতেছেন বটে, কিন্তু আমি তাহা মনে করি না। আমি মানুষ অথবা কোন বস্তু উপর নির্ভর করি না,—প্রভুই আমার একমাত্র আশ্রয়। তিনিই আমাকে যন্তঃস্বরূপ করিয়া কর্ম করিতেছেন।”

১৮৯৬ সালের ১৮ই জানুয়ারী ‘ইন্ডিয়ান মিরর’ পত্রিকা স্বামিজীর প্রচার-কার্য সম্বন্ধে লিখিয়াছিলেন,—

“আমরা আনন্দের সহিত লিখিতেছি যে, স্বামী বিবেকানন্দ লন্ডনস্থ বহু বিশিষ্ট ভদ্রলোক ও মহিলার দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। তাহার হিন্দুদর্শন ও যোগ সম্বন্ধীয় ক্লাসগুলিতে বহু উৎসাহী ও প্রাণবান শ্রোতৃমণ্ডলী উপস্থিত থাকেন। লন্ডনস্থ জনৈক সংবাদদাতা লিখিয়াছেনঃ—‘লন্ডন সহরের কতিপয় বিভবশালিনী বিলাসিনী সম্ভ্রান্ত মহিলা চেয়ারের অভাবে মেজেতে পা মূড়িয়া বসিয়া গুরুভক্ত ভারতীয় শিষ্যের মত ভক্তিভরে স্বামিজীর উপদেশ শুনিতোছেন, ইহা বাস্তবিকই বিরল দৃশ্য।’ আমরা শুনিয়াছি, ক্যাননন্স, উইলবারফোর্স, হেজ প্রভৃতি বিশিষ্ট ধর্মপ্রচারকগণ কর্তৃক তিনি সম্মানে পরিগৃহীত হইয়াছেন। প্রথমোক্ত মহোদয়ের বাসভবনে স্বামিজীর প্রতি সম্মান প্রদর্শনের জন্য একটি “লেভী” আহৃত হইয়াছিল তাহাতে লন্ডনের অনেক গণ্যমান্য ভদ্রলোক ও মহিলা উপস্থিত ছিলেন। * * * সংবাদদাতা আরও জানাইতেছেন যে, স্বামিজী ইংরেজী-ভাষা জনগণের হৃদয়ে ভারতবর্ষের প্রতি যে ভালবাসা ও সহানুভূতি উদ্বেগিত করিয়াছেন, তাহা নিশ্চয়ই ভারতের উন্নতি-সহায়ক শক্তিগুলির শীর্ষস্থান অধিকার করিবে।”

ইংলণ্ডে প্রচার-কার্যে ব্যস্ত থাকাকালীন, স্বামিজী আমেরিকা হইতে পুনঃ-পুনঃ শিষ্য ও ভক্তগণের আহবান-পত্র পাইতে লাগিলেন। আমেরিকায় প্রচার-কার্যে প্রসারতা হেতু সকলেই সত্বর তাহার উপস্থিতি কামনা করিতে লাগিলেন, এদিকে বন্দু ও শিষ্যমণ্ডলী তাহাকে লন্ডনেই থাকিয়া যাইবার জন্য অনুরোধ করিতে লাগিলেন। গ্রীষ্মকালে পুনরায় লন্ডনে ফিরিয়া আসিবার আশ্বাস দিয়া তিনি আমেরিকা যাওয়াই যুক্তিযুক্ত মনে করিলেন; ইতোমধ্যে বোস্টনবাসিনী জনৈক

খনাঢ়া মহিলা স্বামিজীর প্রচার-কার্যের সমগ্র ব্যয়ভার বহন করিবেন অঙ্গীকার করিয়া এক পত্র লেখায় স্বামিজী ইহা প্রভুরই লীলা ভাবিয়া আমেরিকায় যাত্রা করিবার জন্য প্রস্তুত হইলেন। ইংলণ্ডস্থ শিষ্যমণ্ডলীকে একটি সমিতি গঠন কবিয়া খ্রীশ্চীভগবদ্গীতা ও অন্যান্য হিন্দুশাস্ত্র নিষমিতরূপে আলোচনা করিবার জন্য উপদেশ দিলেন।

কিষ্টিদায়ক তিন মাস কালের মধ্যেই স্বামিজী লণ্ডনে যে প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন, তাহা কেবলমাত্র অপূর্ব বক্তৃতা-শক্তিবলে নহে, তাঁহার অসাধারণ কর্মজীবন, বাক্য ও কার্যের সৌসাদৃশ্য, চরিত্রগত শূদ্র সম্মোহিনী শক্তি ব্যক্তি-মাগ্নকেই আকৃষ্ট করিয়া ফেলিত। চিন্তাশীল যে-কোন ব্যক্তি অতি সামান্য সময়ের জন্যও তাঁহার সহিত কথোপকথন কবিয়াছেন, তিনিই চিন্তা করিবার মত কত নূতন তত্ত্ব, নূতন নীতি, নূতন আদর্শ পাইয়াছেন, তাহার ইয়ত্তা নাই। প্রত্যেকেই প্রস্থামুদ্র হৃদয়ে অনুভব করিয়াছেন—ঈশ্বরের দূতস্বরূপ এই মহাপুরুষ দুর্দল ও সঙ্কীর্ণচেতা মানবের কল্যাণ কামনায় এক উদার ধর্মের বাতী বহন কবিয়া আনিয়াছেন।

আমেরিকার সুপ্রসিদ্ধ বক্তা মিঃ রবার্ট ইংগারসোলের মত যুক্তিপন্থী অজ্ঞেয়বাদীও স্বামিজীর বিশ্বস্ত বন্ধু হইয়াছিলেন—ইহাতেই বোঝা যায়, তাঁহার ব্যক্তিগত চরিত্রের কি অসাধারণ প্রভাব।

দর্শন ও সাহিত্যে সুদৃপ্ত ইংগারসোল সন্দেহবাদী ও ভোগবাদী ছিলেন। ধর্ম, ঈশ্বর, উপাসনা ইত্যাদি বিষয়গুলি তিনি সর্বদাই উপহাস-সহকারে উপেক্ষা করিতেন, অথচ তিনি এত জনপ্রিয় বক্তা ছিলেন যে, একমাত্র বক্তৃতা করিয়াই লক্ষ লক্ষ মূদ্রা অর্জন করিতেন। অপবাদকে স্বামী বিবেকানন্দ কঠোর সংযমী সন্ন্যাসী, প্রত্যেক ধর্মের সমর্থক, বেদান্তদর্শনের প্রচারক, এতদুভয়ের মিলন বাস্তবিকই বিস্ময়াবহ! একদিন কোন দার্শনিক তত্ত্ব আলোচনা করিতে করিতে ইংগারসোল বলিয়া উঠিলেন, “এই জগৎটা একটা কমলালেবুর মত, যতদূর পারা যায় নিংড়াইয়া ইহার রস পান করা উচিত। পরলোক বলিয়া কিছু আছে, তাহার যখন কোন নিশ্চিত প্রমাণ পাইতেছি না, তখন ইহজীবনটাকেও একটা মিথ্যা আশায় বণ্টনা করিয়া কোন লাভ নাই। কে জানে কবে মৃত্যু হইবে, অতএব যথাসাধ্য তৎপরতার সহিত জগৎকে উপভোগ করা উচিত।”

স্বামিজী মৃদুহাস্যে তৎক্ষণাৎ উত্তর দিলেন, “কিন্তু জগৎরূপ কমলালেবুর রস বাহির করিবার প্রণালী আমি তোমার চেয়ে ভাল রকমই জানি, কাজেই তোমার

চেয়ে অধিক রস পাইয়া থাকি। আমি জানি আমার মৃত্যু নাই অতএব তোমার মত আমার তাড়াতাড়ি নাই। আমার জগৎ হইতে কোনপ্রকার ভয়ের কারণ নাই, স্ত্রী, পুত্র, পবিত্র, সম্পত্তি ইত্যাদির কোন বন্ধন নাই, আমার নিকট জগতের সকল নরনারীই সমান ভালবাসার পাত্র, সকলেই আমাব নিকট ঈশ্বরস্বরূপ। ভাব দেখি, মানুষকে ভগবান দেখিয়া আমি কত আনন্দ পাই। আমি নিরুদ্বেগে রস পান করিতেছি। তুমিও আমার প্রণালী অনুসারে এই জগৎরূপ কমলা-লেবুটি নিংড়াইতে আরম্ভ কর—দেখিবে, সহস্রগুণে অধিক রস পাইবে। একটি ফোটাও বাদ যাইবে না।” স্বামিজীর এইরূপ স্পষ্ট সরল অথচ স্নেহপূর্ণ উত্তরগুলিই ইংগাবসেলের দৃঢ়হৃদয় জয় করিয়া লইয়াছিল। মতের বিভিন্নতা সত্ত্বেও আমেরিকার দুইজন তৎকালীন প্রসিদ্ধ বক্তার বন্ধুত্ব সংস্কারমুক্ত মনের ঔদার্যেরই পরিচায়ক।

এমন ঘটনাও ঘটিয়াছে, অনেকে স্বামিজীর নির্ভীক স্পষ্ট উত্তরে আহত হইয়া বিরক্তিভরে সভাস্থল পরিত্যাগ করিয়াছেন। স্বজাতি বা স্বদেশের নিন্দা তিনি কদাচ সহিতে পারিতেন না। স্বধর্ম বা স্বজাতির পক্ষ সমর্থন করিয়া দৃষ্ট সিংহের মত যখন তিনি গ্রীবা উন্নত কবিয়া দাঁড়াইতেন, তখন তাঁহাকে দেখিয়া মনে হইত, যেন ইনি অভিমানশূন্য, উদাসীন সন্ন্যাসী নহেন, মধ্যযুগের কোন গর্বিত জাত্যাভিমাত্রী উন্মত্ত অহংকারী রাজপুত্র বীর।

লন্ডনে এইরূপ ঘটনা প্রায়ই ঘটিত, কারণ অনেক ইংরাজ পণ্ডিত ভারতবর্ষ সম্বন্ধে মিশনারিগণের অশুভ বিবরণ পাঠ করিয়া অজ্ঞ হইলেও বিজ্ঞ সমালোচকের আসন গ্রহণ করিতে স্বেচ্ছাবোধ করিতেন না। একদিন সভামধ্যে স্বামিজী ভারতের গৌরব বর্ণনা করিতেছিলেন, এমন সময় পূর্বোক্ত প্রকার একজন সমালোচক প্রশ্ন করিলেন,—“ভারতের হিন্দুগণ কি কবিয়াছে? তাহারা এ পর্যন্ত একটি জাতিকে জয় করিতে পারে নাই।” “পারে নাই নয়—তাহারা কবে নাই। আব ইহাই হিন্দু-জাতির গৌরব যে, তাহারা কখনও ভিন্নজাতির রক্তে ধরিত্রী রঞ্জিত করে নাই। কেন তাহারা পরদেশ আধিকার করিবে? তুচ্ছ ধনের লালসায়? ভগবান চিরদিন ভারতকে দাতাব মহিমাময় আসনে প্রতিষ্ঠিত করিয়াছেন। তাহারা জগতের ধর্ম-গুরু, পরস্বাপহারী রক্তপিপাসু দসয় ছিল না। আর সেই কাবণেই আমি আমার পিতৃপুরুষদের গৌরবে গর্ব অনুভব করিয়া থাকি।”

হযত অপর কেহ প্রশ্ন করিলেন, “আপনাদের মহাপুরুষেরা যদি মানব-সমাজকে ধর্মদান করিবার জন্য এতই ব্যগ্র ছিলেন, তাহা হইলে তাহারা এদেশে ধর্মপ্রচার করিতে আসেন নাই কেন?” মৃদুহাস্যে স্বামিজী উত্তর করিলেন, “তখন তোমাদের

পূর্বপুরুষগণ বন্য বর্বর ছিলেন, সবুজবর্ণ বৃক্ষপত্র রসে উলঙ্গ দেহ রঞ্জিত করিয়া গিরিগুহাষ বাস করিতেন। তাঁহারা কি অরণ্যে ধর্মপ্রচাৰ করিবেন?”

কেহ বা স্বামিজীকে যীশুখৃষ্ট বা খৃষ্টানধর্ম সম্বন্ধে মন্তব্য প্রকাশ করিতে শুনিয়া মনে মনে মহা বিরক্ত হইতেন এবং অনধিকারচর্চা মনে করিয়া জিজ্ঞাসা করিতেন, “স্বামিজী! আপনি খৃষ্টান নহেন, অতএব খৃষ্টধর্মের আদর্শ বদ্বিবেচনা কিরূপে?”

তৎক্ষণাৎ উত্তর আসিত, “তিনি প্রাচ্যদেশীয় এবং সর্বত্যাগী সন্ন্যাসী ছিলেন, আমিও প্রাচ্যদেশীয় সন্ন্যাসী। আমার মনে হয়, পাশ্চাত্য জগৎ এখনও তাঁহাকে চিনিতে পারে নাই, তাঁহাব প্রচারিত ধর্ম সম্যকরূপে বদ্বিবেচনাতে পারে নাই। তিনি কি বলেন নাই, ‘যাও তোমার সর্বস্ব বিলাইয়া দিয়া আইস, তারপর অনুসরণ কব’? তোমাদেব দেশের কষজন বিলাসী ধনী-উষ্ট, স্বর্গ প্রবেশের স্বার সূচীছিন্ন মনে করিয়া সর্বত্যাগী হইয়াছেন?” প্রশ্নকর্তারা নীরব হইয়া স্বামিজীর কঠোর সত্যের মর্ম চিন্তা করিতে করিতে গৃহে ফিরিয়া গিয়াছেন।

এইব্দপ ক্ষুদ্র বৃহৎ শত শত ঘটনা উল্লেখ করা যাইতে পারে, যাহা আলোচনা করিলে স্বেচ্ছায় মনে হয়, কেন্দ্রীভূত গুরুশক্তিধর এই মহাপুরুষ পাশ্চাত্যদেশে তাঁহার বার্তা নির্ভীক দৃঢ়তার সহিত প্রচার কবিতে কিছুমাত্র ইতস্ততঃ কবেন নাই।

স্বামিজীর অনুপস্থিত কালে, স্বামী কৃপানন্দ, অভয়ানন্দ এবং মিস্ ওয়াল্ডো (হরিদাসী) উৎসাহেব সহিত প্রচাৰ-কার্য চালাইতেছিলেন, তাঁহারাও যে কোন নগরে যাইতেন, সেইখানেই শত শত উৎসুক শ্রোতা শ্রম্ভাসহকারে হিন্দু-দর্শনের ব্যাখ্যা শ্রবণ করিবার জন্য সমাগত হইতেন। নিউইয়র্ক ছাড়া, স্বামিজীর শিষ্যগণ বাফেলা ও ডিট্রয়েট নগরে দুইটি প্রচার-কেন্দ্র স্থাপন কবিয়াছিলেন। ৬ই ডিসেম্বর স্বামিজী নিউইয়র্কে পদাৰ্পণ করিয়া পুনরায় প্রচার-কার্য আরম্ভ করিলেন। বোল্টনবাসিনী পূর্বোক্ত মহিলার সাহায্যে ২৯ সংখ্যক ষ্ট্রীটে দুইটি প্রশস্ত কক্ষ ভাড়া লওয়া হইল। আচার্যদেব, শিষ্য স্বামী কৃপানন্দের সহিত তথায় বাস করিতে লাগিলেন। কক্ষ দুইটিতে দেড় শতাধিক ছাত্রের স্থান হইত। এইস্থানে স্বামিজী কর্মযোগ সম্বন্ধে ধারাবাহিকরূপে বক্তৃতা প্রদান করিতে লাগিলেন। এই বক্তৃতা-গুণিল একত্র করিয়াই পরে স্বামিজীর “কর্মযোগ” নামক পুস্তকখানি সম্পাদিত হইয়াছে। “কর্মযোগ” ছাড়া স্বামিজী আরও কতকগুলি বক্তৃতা প্রদান করেনঃ “সার্বভৌমিক ধর্মের আদর্শ” নামক প্রসিদ্ধ বক্তৃতাটিও এই সময় প্রদত্ত হয়।



স্বামিজীর শিষ্যগণ, তাঁহার বক্তৃতাগুলি লিপিবদ্ধ করিবার জন্য বহুদিন হইতেই ব্যগ্র হইয়া উঠিয়াছিলেন, কিন্তু উপযুক্ত লোকভাবে এতদিন সন্নিবিষ্ট করিয়া উঠিতে পারেন নাই। ইতোপূর্বে কয়েকজন সান্ধিক-লেখক নিযুক্ত হইয়াছিলেন বটে, কিন্তু তাঁহারা অনেক স্থলেই স্বামিজীর অনুসরণ করিতে পারিতেন না। এই সময় ইংলন্ড হইতে মিঃ জে জে গুড্‌উইন নামক জনৈক অভিজ্ঞ সান্ধিক-লিপিবদ্ধ নিউইয়র্কে উপস্থিত হইলেন। স্বামিজীর শিষ্যগণ তাঁহাকে কার্বে নিযুক্ত করিয়া আশাতীত সফল প্রাপ্ত হইলেন। মিঃ গুড্‌উইনকে প্রায় অধিকাংশ সময়েই স্বামিজীব সহিত যাপন করিতে হইত, আর ইহার ফলস্বরূপ কিছুদিনের মধ্যেই তাঁহার মনোভাব সম্পূর্ণ পরিবর্তিত হইল। তিনি স্বামিজীর শিষ্যত্ব গ্রহণ করিলেন। সাধুহৃদয় গুড্‌উইনের অক্লান্ত গুরুসেবা দেখিলে চমৎকৃত হইতে হইত। স্বামিজী ইহাকে “বিশ্বস্ত গুড্‌উইন” বলিয়া সম্বোধন করিতেন। স্বামিজীর যে অমূল্য বক্তৃতাগুলি আমরা পুস্তকাকারে পাইয়াছি, তাহার প্রায় সমস্তই মিঃ গুড্‌উইনের অক্লান্ত চেষ্টার ফল। কেবলমাত্র “রাজযোগ” পুস্তকখানিই স্বামিজী বিশেষ চিন্তা করিয়া একজন শিষ্যের দ্বারা লিখাইয়াছিলেন এবং কয়েকটি ক্ষুদ্র প্রবন্ধ ছাড়া বাকী সমস্তই তাঁহার বক্তৃতা। মিঃ গুড্‌উইনের মত বিশ্বস্ত ও দক্ষ লেখক কর্মভার গ্রহণ করিয়াছিলেন বলিয়াই স্বামিজীর অধিকাংশ বক্তৃতা ই আমরা বর্তমান আকারে প্রাপ্ত হইয়াছি।

খৃষ্টমাস পূর্বোপলক্ষে মিসেস ওলি বুল কর্তৃক নিমন্ত্রিত হইয়া স্বামিজী বোষ্টনে গমন করিলেন। কেম্‌ব্রিজের মহিলাগণ কর্তৃক আহৃত হইয়া স্বামিজী “ভারতীয় নারীজাতির আদর্শ” সম্বন্ধে একটি বিবিধ তথ্যপূর্ণ বক্তৃতা প্রদান করেন। উহা শ্রবণ করিয়া তদ্রূপ বিদুষী নারীসমাজ মন্থ হইলেন এবং স্বামিজীর অজ্ঞাতসারেই তাঁহার মাতাকে ধন্যবাদ দিয়া একখানি পত্র লিখিবার সঙ্কল্প করিলেন। ভার্জিন মেরীর ক্রোড়ে বালক যীশুর একখানি মনোরম চিত্রসহ তাঁহারা লিখিয়াছিলেন—

“জগতেব কল্যাণে জননী মেরীর অবদানস্বরূপ খৃষ্টদেবের আবির্ভাবের দিন আমরা উৎসবানন্দে অতিবাহিত করিতেছি। সশ্রদ্ধে সশ্রদ্ধে স্মৃতি জাগিয়া উঠিতেছে। আমাদের মধ্যে আপনার পুত্রকে পাইয়া আজ আপনাকে শ্রদ্ধাভিবাদন জানাইতেছি। আপনার শ্রীচরণাশীর্বাদে সেদিন “ভারতে মাতৃশ্রদ্ধে আদর্শ” সম্বন্ধে বক্তৃতা দিয়া তিনি আমাদের নরনারী ও শিশুদের মহৎ উপকার সাধন করিয়াছেন। তাঁহার মাতৃপূজা শ্রোতৃবৃন্দের হৃদয়ে শক্তি-সম্মতিভর উচ্চাকাঙ্ক্ষা জাগাইয়া দিবে।

“আপনার এই সন্তানের মধ্যে আপনার জীবন ও কার্যের যে প্রভাব প্রকাশ পাইয়াছে, তাহা আমরা সম্যক্ উপলব্ধি করিয়া আপনার নিকটই আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। ব্রাহ্ম ও ঐক্যের যে নিয়ন্তা, সে দেবতার প্রকৃত আশীর্বাদ সমগ্র পৃথিবীতে ছড়াইয়া পড়ুক, হৃদয়ে এই বাস্তব স্মৃতি লইয়া আপনার জীবন্ত আদর্শ যেন তাহাকে কার্যক্ষেত্রে অনুপ্রাণিত কবে, এই কথা স্মরণে রাখিয়া আমাদের কৃতজ্ঞতার এই সামান্য নিদর্শন আপনি গ্রহণ করিবেন।”

বোম্বেন হইতে ফিবিয়া আসিয়া স্বামিজী নিউইয়র্কের হার্ডিয়ান হোমে প্রতি রবিবার বিনামূল্যে বক্তৃতা প্রদান করিতে লাগিলেন। ব্রুকলিন মেটাফিজিক্যাল সোসাইটি ও নিউইয়র্ক পিপলস্ চার্চ প্রদত্ত বক্তৃতাগুলিও শ্রবণ করিবার জন্য প্রত্যহ দলে দলে নবনারী আসিতে লাগিল। বক্তৃতা প্রদান ছাড়াও তিনি প্রতিদিন দুইবার করিয়া প্রশ্নোত্তর ক্রাসে উপস্থিত থাকিয়া জিজ্ঞাস্যুদ্ভূত হইয়া ধর্মসমস্যাগুলি আগ্রহের সহিত ভঞ্জন করিতেন এবং বাজযোগ বা বিশেষ সাধনপ্রণালীসমূহ ব্যক্তি-বিশেষকে যত্নের সহিত শিক্ষা দিতেন।

ফেব্রুয়ারী মাসে তিনি ম্যাডিসনস্কোয়ার গার্ডেন নামক প্রকাণ্ড হলে “ভক্তিব্যোগ” সম্বন্ধে বক্তৃতা প্রদান করিতে আরম্ভ করিলেন। বক্তৃতাগুলি এত সুললিত ও হৃদয়গ্রাহী হইত যে, প্রত্যহ প্রায় দুই সহস্র শ্রোতা দুই ঘণ্টা কাল অশেষ কষ্ট স্বীকার করিয়াও দণ্ডায়মান হইয়া মন্ত্রমুগ্ধবৎ শ্রবণ করিতেন। এই মাসেই তিনি হার্টফোর্ড মেটাফিজিক্যাল সোসাইটিতে আহূত হইয়া “আত্মা ও ঈশ্বর” সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করেন। ব্রুকলীন নৈতিক সভাতেও তিনি কয়েকটি উচ্চাঙ্গের দার্শনিক বক্তৃতা প্রদান করেন। এতৎসম্বন্ধে হেলেন হান্টিংটন (Helen Huntington) ব্রুকলীনস্থ জনৈক সম্ভ্রান্ত ও পণ্ডিত ব্যক্তি ‘ব্রহ্মবাদিন্’ পত্রিকায় লিখিয়াছেন —

“ঈশ্বর অনুগ্রহপূর্বক আমাদের মধ্যে এমন একজন ধর্মগুরু বা শিক্ষককে প্রেরণ করিয়াছেন, যাহার উন্নততর দার্শনিক মতবাদ ধীরে অথচ নিশ্চিতরূপে এতদ্দেশের নৈতিক জীবনে প্রবিষ্ট হইতেছে। এই অসাধারণ শক্তিশালী এবং পবিত্র চরিত্র পুরুষ এক সমুদ্রত আধ্যাত্মিক জীবনযাপন-প্রণালী, এক সার্বভৌমিক ধর্ম, অবাচিত দয়া, আত্মত্যাগ এবং মানববুদ্ধিগম্য পবিত্রতম ভাবনিচয় ব্যাখ্যা করিয়াছেন। স্বামী বিবেকানন্দ আমাদের মধ্যে এমন এক ধর্ম প্রচার করিয়াছেন, যাহা সম্প্রদায় ও মতবাদের বন্ধন হইতে সম্পূর্ণরূপে মুক্ত,

উন্নতি ও পবিত্রতা বিধায়ক, দিব্যানন্দপ্রদ এবং সর্বতোভাবে নিষ্কলঙ্ক,—যাহা ঈশ্বর ও মানবের প্রতি প্রেম ও অনন্ত দয়ার উপর প্রতিষ্ঠিত। * * *

“স্বামী বিবেকানন্দ তাঁহার শিষ্য ও অনুচরগণ ছাড়া বহু বন্ধুলাভ করিয়াছেন। বন্ধু ও ভ্রাতৃত্বভাবের সাম্য সহাযে তিনি সমাজের সর্বস্তরে পবিত্রমণ করিয়াছেন। তাঁহার কথোপকথন ও বক্তৃতা শ্রবণ করিবার জন্য আমাদের নগরের শ্রেষ্ঠ প্রতিভাশালী এবং চিন্তাশীল ব্যক্তিগণ সমবেত হইয়া থাকেন এবং ইতোমধ্যেই তাঁহার প্রভাব গভীরভাবে বিস্তৃত হইয়াছে ও একটা আধ্যাত্মিক জাগরণের প্রবল স্রোত অপ্রত্যাশিতভাবে প্রবাহিত হইতেছে। কোন প্রশংসা বা নিন্দা তাঁহাকে অনুমোদন বা প্রতিবাদকল্পে উত্তেজিত করিতে পারে নাই, অর্থ ও প্রতিপত্তিও তাঁহার উপর প্রভাব বিস্তার বা কোন বিষয়ে পক্ষপাতী কবিয়া তুলিতে পারে নাই। অন্যথ্য অনুগ্রহ প্রত্যাশার নিঃসন্দেহ প্রমাণ পাইলে তিনি ঐরূপ অজ্ঞতাপ্রসূত অগ্রসর ব্যক্তিগুলিকে স্বীয় অপ্রতিহত ব্যক্তিত্ব প্রভাবে নিবারণ করিয়া সবদাই ধর্মপ্রচাবকোচিত অনাসক্তির ভাব অক্ষুণ্ণ রাখিতেন। কুকর্মী ও অসৎ চিন্তাকাব্যী ব্যতীত তিনি কাহারও দোষ প্রদর্শন করিতেন না, কিন্তু অপর পক্ষে আবার পবিত্রতা ও উন্নত জীবনযাপন-প্রণালী অবলম্বন করিতে উৎসাহ প্রদান করিতেন। মোটের উপর তিনি এমন একজন ব্যক্তি, যাহার প্রতি সম্মান প্রদর্শন করিতে পারিলে রাজ্যবাও চাঁবতার্থ হন।”

স্বামিজীর ধর্মব্যাখ্যায় আকৃষ্ট হইয়া বহু নরনারী তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিতে লাগিলেন। ডাক্তার স্ট্রীট্ নামক জনৈক ভক্তিমান শিষ্য সংসার ত্যাগ করিবার সঙ্কল্প করায় স্বামিজী তাঁহাকে সম্যাস প্রদান করিয়া স্বামী যোগানন্দ নাম প্রদান করিলেন। এইরূপে এক বৎসরের মধ্যে তিনজন সুদৃপ্তিত শিষ্যকে সম্যাস-ব্রতে দীক্ষিত করিয়া স্বামিজী তাঁহাদের সাহায্যে বেদান্ত ও যোগের ক্লাসগুলি চালাইতে লাগিলেন। দলে দলে নরনারী স্বামিজীর উপদেশে অনুপ্রাণিত হইয়া নিজেদের “বৈদান্তিক” বলিয়া প্রচার করিতে লাগিলেন। স্বামিজীর অন্যতম শিষ্য আমেরিকার সমসাময়িক শ্রেষ্ঠ কবি ও লেখিকা মিসেস্ এন্না হুইলার উইলকক্স ১৯০৭, ২৬শে মে, “নিউইয়র্ক আমেরিকান” পত্রিকায় স্বামিজীর কথা আলোচনা করিতে গিয়া যে সুদীর্ঘ প্রবন্ধ লিখিয়াছিলেন, উহা পাঠ করিলে নিঃসন্দেহে বোঝা যায় যে কে-কোন চিন্তাশীল ব্যক্তি তাঁহার বক্তৃতা-ক্লাসগুলিতে যোগ দিয়াছেন, তিনিই মন্থ হইয়া তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছেন, অথবা উন্নততর, শান্তিপ্রদ জীবন গঠন করিবার প্রচুর উপাদান পাইয়াছেন। মিসেস্ উইলকক্স লিখিয়াছেন —

“বার বৎসর পূর্বে ঘটনাক্রমে একদিন সন্ধ্যাবেলায় শূর্নলাম, ভারতবর্ষ হইতে বিবেকানন্দ নামে জনৈক দর্শনশাস্ত্রাধ্যাপক নিউইয়র্কে আসিয়াছেন এবং আমার বাড়ীর

করেকথানা বাড়ীর পরেই একস্থানে নিয়মিতরূপে বক্তৃতা প্রদান করিতেছেন। আমরা (আমি ও আমার স্বামী) কৌতুহলবশতঃ তাঁহার বক্তৃতা শ্রবণ করিতে গিয়াছিলাম এবং দশ মিনিট বাইতে না বাইতেই অনুভব করিলাম, আমরা স্ফূর্ত, জীবনপ্রদ, বহুসময় এক ভাববাক্যে নীত হইয়াছি। আমরা মন্ত্রমুগ্ধবৎ বুদ্ধিবাসে বক্তৃতার শেষ পর্যন্ত শ্রবণ করিয়াছিলাম।

“বক্তৃতান্তে আমরা নতুন সাহস, নতুন আশা, নবীন শক্তি ও অভিনব বিশ্বাস লইয়া জীবনের দৈনন্দিন বৈচিত্র্যের মধ্যে আসিয়া পড়িলাম। আমার স্বামী বলিলেন, ‘ইহাই দর্শনশাস্ত্র, ইহাই ঈশ্বর ধারণা, আমি বহুদিন হইতে যাহা অন্বেষণ করিতেছি, ইহা সেই ধর্ম।’ ইহার পর কয়েক মাস ধরিয়া তিনি আমাকে সঙ্গ লইয়া স্বামী বিবেকানন্দের প্রাচীন ধর্মব্যাখ্যা শ্রবণ করিতে এবং তাঁহার অসাধারণ মনেব সত্যরসমূহ, শক্তি ও মাহাত্ম্য সম্বন্ধীয় চিন্তাগূলি সংগ্রহ করিতে গমন করিতেন। কখনও কয়েক রাত্রি বিরতি ও উৎকণ্ঠায় অনিদ্রায় যাপন করিয়া তিনি স্বামিজীব বক্তৃতা শ্রবণ করিতে যাইতেন এবং বক্তৃতান্তে বাহিরে আসিয়া হিমমলিন রাজপথে ভ্রমণ করিতে করিতে হাসিয়া বলিতেন, ‘এখন আমি স্ফূর্ত হইয়াছি, আর বিরক্তির কিছুই নাই। মানবাত্মা সম্বন্ধীয় উদার ও বিস্তৃত ধারণা লইয়া আমার কর্তব্য কর্ম ও আনন্দের মধ্যে যোগদান করিব।’”

ডিसेम्बर মাসের প্রথম ভাগে তিনি পুনরায় নিউইয়র্কে ফিবিয়া আসিলেন, তথা হইতে যুক্তরাষ্ট্রের নানাস্থানে ভ্রমণ করিয়া ডিট্রয়েটে উপস্থিত হন। ডিট্রয়েটে তাঁহার প্রচারকার্যের বর্ণনা করিয়া তাঁহার অন্যতম শিষ্যা মিস্ এম সি ফার্কি লিখিয়াছেন— “১৮৯৬-এর প্রথমভাগে দুই সপ্তাহের জন্য তিনি ডিট্রয়েটে আগমন করেন। সঙ্গের তাঁহার সাম্প্রতিক-লেখক বিশ্বস্ত গুড্‌উইন। তাঁহারা রিশ্‌ল্‌ডে কয়েকখানি ঘর ভাড়া লইয়াছিলেন। রিশ্‌ল্‌ডে একটি ক্ষুদ্র “ফ্যামিলি হোটেল”—তথ্য একাধিক লোক সপরিবারে বাস করিত। তন্মত্যা বৃহৎ বৈঠকখানাটি তিনি ক্লাসের অধিবেশন ও বক্তৃতার জন্য ব্যবহার করিতে পাইতেন, কিন্তু উহা এত বড় ছিল না যে, উহাতে সেই বিপুল জনসংখ্যার স্থান সঙ্কুলান হয় এবং দৃঃখেব বিষয়, অনেককে বিফল-মনোরথ হইয়া ফিরিয়া বাইতে হইত। বৈঠকখানা, দরদালান, সিঁড়ি এবং পুস্তকাগারে সত্য সত্যই এক তিল স্থান থাকিত না। সেই কালে তিনি একেবারে ভীতিম্বা ছিলেন। ভগবৎ-প্রেমই তাঁহার ক্ষুদ্র-তৃষ্ণাম্বরূপ ছিল। তিনি যেন একপ্রকার ঐশ্বরিক উন্মাদগ্রস্ত হইয়াছিলেন, প্রেমময়ী জগজ্জননীর প্রতি তাঁর আকাঙ্ক্ষায় তাঁহার হৃদয় যেন বিদীর্ণ হইবার উপক্রম হইতেছিল। ডিট্রয়েটে সাধারণের সমক্ষে তাঁহার শেষ উপস্থিতি বেথেল মন্দিরে। জনৈক অনুরাগী ভক্ত রাবি লুইস্ থ্রোস্ম্যান

তথায় বাজকে পদে অধিষ্ঠিত ছিলেন। সেদিন রবিবার, সন্ধ্যাকাল এবং জনতা এত অধিক হইয়াছিল যে, আমাদের ভয় হইয়াছিল, বৃদ্ধ লোক বিহীন হইয়া একটা কি করিয়া বসে। রাস্তার উপরেও অনেকদূর পর্যন্ত ঠাসা লোক এবং শত শত ব্যক্তি ফিরিয়া গিয়াছিল। স্বামিজী সেই বৃহৎ শ্রোতৃসংখ্যকে মন্থমুগ্ধ করিয়াছিলেন। তাঁহার বক্তৃতার বিষয় ছিল—“পাশ্চাত্য জগতে ভাবতের বাণী” ও “সর্বজনীন ধর্মের আদর্শ”। তাঁহার বক্তৃতা অতি উৎকৃষ্ট ও পাণ্ডিত্যপূর্ণ হইয়াছিল। সে রজনীতে আচার্যদেবকে যেমনটি দেখিয়াছি, তেমনটি আব কখনও তাঁহাকে দেখি নাই। তাঁহার সৌন্দর্যের মধ্যে এমন একটা কিছ্ ছিল, যাহা এ পৃথিবীর নহে। মনে হইতেছিল, যেন আত্মাপক্ষী দেহপিঞ্জর ভাঙ্গিবার উপক্রম করিতেছে এবং সেই সময়েই আমি প্রথম তাঁহার আসন্ন দেহাবসানের পূর্বাভাস প্রাপ্ত হইয়াছিলাম। বহুবর্ষের অতিবিক্ত পবিত্রমেঘ ফলে তিনি অতিশয় শ্রান্ত হইয়া পড়িয়াছিলেন এবং তিনি যে অধিকদিন এ পৃথিবীতে থাকিবেন না, তাহা তখনই বৃদ্ধিতে পারা গিয়াছিল। আমি ‘না এ কিছ্ই নহে’ বলিয়া মনকে বৃদ্ধাইতে চেষ্টা করিলাম, কিন্তু প্রাণে প্রাণে উহার সত্যতা উপলব্ধি করিলাম। তাঁহার বিশ্রামের প্রয়োজন হইয়াছিল, কিন্তু তিনি ভিতর হইতে বৃদ্ধিতেছিলেন, তাঁহাকে কার্য করিয়াই যাইতে হইবে।”

গোড়া খুঁটান মিশনারিগণ স্বামিজীকে আক্রমণ করিয়া নানাপ্রকার নিন্দা রটাইতে লাগিলেন। সাধারণকে তাঁহার বক্তৃতা প্রবণ করিতে নিষেধ করিতে লাগিলেন। ধর্মযাজক রাবি লুইস্ গ্রোসম্যান স্বামিজী সম্বন্ধে শ্রান্ত ধারণাগুলির প্রতিবাদ করিয়া সঙ্গীর্ণহৃদয় মিশনারিগণের কার্যপ্রণালীর নিন্দা করিতে লাগিলেন। যাহা হউক, যথেষ্ট বাধা সত্ত্বেও প্রত্যহ স্বামিজীর বক্তৃতা আরম্ভ হইবার পূর্ব হইতেই নির্দিষ্ট স্থানটি জনাকীর্ণ হইয়া যাইত, শত শত ব্যক্তি স্থানাভাবে হতাশ হইয়া ফিরিয়া যাইতেন। কয়েকজন হিন্দুধর্ম-গ্রহণাভিলাষী ব্যক্তিকে দীক্ষা প্রদান করিয়া স্বামিজী ডিষ্ট্রিক্টে হইতে বোটেনে গমন করিলেন। স্বামী কৃপানন্দ ডিষ্ট্রিক্টের প্রচার-কার্য চালাইতে লাগিলেন।

হার্ডার্ড বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে মিঃ ফল্ল, দর্শনশাস্ত্রের প্রাজুয়েন্ট ছাত্রগণের সম্মুখে বেদান্তদর্শন সম্বন্ধে বক্তৃতা প্রদান করিবার জন্য স্বামিজীকে আহ্বান করিলেন। স্বামিজী আনন্দের সহিত সম্মত হইলেন। বিবিধ দর্শনশাস্ত্রে সুপণ্ডিত অধ্যাপক ও শত শত প্রাজুয়েন্ট ছাত্রের সম্মুখে স্বামিজী ২২শে মার্চ বেদান্তদর্শন সম্বন্ধে একটি গভীর তত্ত্বসম্মিলিত বক্তৃতা প্রদান করিলেন। ঐ বক্তৃতাটি ছাত্রদের আগ্রহাতিশয্যে পুনঃপুনঃ শ্রবণ করিয়া শ্রবিত হইল। অধ্যাপক রেভাঃ এভারট (Rev. C.

C Everett, L D L L D) আনন্দের সহিত উহার একটি ভূমিকা লিখিয়া দিয়াছিলেন। উক্ত সুদীর্ঘ ভূমিকায় তিনি লিখিয়াছেন

“স্বামী বিবেকানন্দ তাঁহার নিজের সম্বন্ধে এবং তাঁহার কর্ম সম্বন্ধে সমাধিক কোভুহল উদ্দীপিত করিয়াছেন, হিন্দু চিন্তাপ্রণালী অপেক্ষা অধিকতর হৃদযন্ত্রাহী বিষয় আর নাই। হিগেল বলেন, স্পিনোজার মত-ই সমস্ত দার্শনিক তত্ত্বের গোড়ার কথা। বেদান্ত দর্শন সম্বন্ধেও এই অভিমত প্রকাশ করা যাইতে পারে। বিবেকানন্দ যে আমাদের কাছে এই শিক্ষা এরূপ সফলতার সহিত প্রদান করিতে পারিয়াছেন, সেজন্য তাঁহার নিকট আমরা কৃতজ্ঞ।”

নিউইয়র্কে ফিফিষা আসিয়া স্বামিজী বেদান্তালোচনা ও যোগশিক্ষার জন্য একটি স্থায়ী কেন্দ্র গঠন করিতে কৃতসঙ্কল্প হইলেন। এদিকে ইংলন্ড হইতে পুনঃ পুনঃ আহ্বান আসিতে লাগিল। স্বামিজী ইংলন্ড হইতে ভারতে প্রত্যাবর্তন করিবেন ইহা পূর্বেই স্থির হইয়াছিল। তদনুসারে শিষ্য ও ভক্তবর্গের সহিত পরামর্শ করিয়া স্বামিজী স্থায়ীরূপে নিউইয়র্কে একটি “বেদান্ত সোসাইটি” স্থাপন করিলেন। প্রসিদ্ধ ধনী মিঃ ফ্রান্সিস এইচ লিগেট্ মহোদয় গুরুদেবের সম্মতি ও ইচ্ছাক্রমে উক্ত সমিতির সভাপতি হইলেন। সিন্ডার হরিদাসীকে স্বামিজী শক্তিসম্ভার ও আশীর্বাদ করিয়া যোগশিক্ষার্থী নিযুক্ত করিলেন। স্বামী কৃপানন্দ, অভয়ানন্দ, যোগানন্দ এবং কতিপয় ব্রহ্মচারী বেদান্তের প্রচাবক নিযুক্ত হইলেন। দানশীলা মিস্ মেরী ফিলিপ, মিসেস্ আর্থার স্মিথ, মিঃ এবং মিসেস্ ওয়াল্টার গুড্‌ইয়াব এবং প্রসিদ্ধা গায়িকা মিস্ এমা থাসবি প্রভৃতি নিউইয়র্কস্থ প্রতিষ্ঠাবান্ শিষ্য ও শিষ্যাগণ উৎসাহের সহিত সমিতির কার্য চালাইতে লাগিলেন। শিষ্যবর্গের সম্মতি ও অনুরোধে স্বামিজী তাঁহার গুরুদেব স্বামী সাবদানন্দজীকে সমস্ত ইংলন্ডাভিমুখে যাত্রা করিবার জন্য পত্র লিখিলেন। ইংলন্ড হইতে উক্ত স্বামিজীকে নিউইয়র্কে প্রেরণ করিবেন অঙ্গীকার করিয়া আচার্যদেব ১৮৯৬এর ১৫ই এপ্রিল পুনবায় লন্ডনাভিমুখে যাত্রা করিলেন।

প্রায় তিনবৎসরকাল তাঁহার আমেরিকার প্রচারকার্যের গৌরবময় ইতিহাস আলোচনা করিলে ভক্তি, বিস্ময় ও সম্ভ্রমে অতি অবিশ্বাসীরও মস্তক অবনত হইয়া পড়ে। স্বজাতির, স্বদেশের, স্বধর্মের মহিমাকে অক্ষুর বাঁখা তিনি যেভাবে ভারতীয় দর্শন প্রচার করিয়াছেন, তাহা চিরদিনই জগতের ইতিহাসে একটি প্রশংসার সহিত

আলোচনা কায়বার অধ্যায়রূপে বিরাজিত থাকিবে। শিকাগো বিদ্বান সমাজের অন্যতম নেতী মিসেস্ লিগেট্ সতাই বলিয়াছেন—“He (Vivekananda) was a Grand Seigneur There were but two celebrated personages whom I have met, that could make one feel perfectly at ease without themselves for an instant losing their own dignity,—one was the German Emperor, the other, the Swami Vivekananda ”

অর্থাৎ “তিনি (বিবেকানন্দ) সতাই মহানুভব ছিলেন। আমার জীবনে দুইজন সুবিখ্যাত ব্যক্তির সহিত দেখা হইয়াছে, যাহারা ব্যক্তিগত মর্যাদা কোন অবস্থাতেই ক্ষুণ্ণ না করিয়া অনাড়ম্বরে প্রত্যেককেই উহা অনুভব করাইতে পারেন—একজন জার্মান সম্রাট, অপর স্বামী বিবেকানন্দ।”

আমেরিকা হইতে আচার্যদেবের পত্র পাইয়া স্বামী সাবদানন্দ কালবিলম্ব না করিয়া ইংলণ্ডে উপস্থিত হইয়াছিলেন এবং এপ্রিল মাসের প্রথম হইতে মিঃ ষ্টার্ডি সাহেবের অতিথিবৃত্তে বাস করিয়া পূর্ব প্রতিষ্ঠিত আলোচনা সমিতিতে ধর্মোপদেশ প্রদান করিতেছিলেন। আচার্যদেব লন্ডনে আসিয়া তাহাকে ষ্টার্ডি সাহেবের ভবনে দেখিয়া আনন্দে আত্মহারা হইলেন। সাবদানন্দজীও যে বহুদিন নিরুদ্ভিষ্ট “নেতা প্রিন্সেরন্দনাথকে” দেখিয়া সমধিক উল্লসিত হইলেন, ইহা বলাই বাহুল্য। আচার্যদেব আগ্রহের সহিত তাঁহার নিকট আলমবাজার মঠের ও অন্যান্য রামকৃষ্ণ-ভক্তগণের কুশল সংবাদ অবগত হইয়া নিশ্চিন্ত হইলেন।

সাবদানন্দজী ও স্বামিজী লন্ডনেব সেন্টজর্জেস্ লেনে মিস্ মুলার ও মিঃ ষ্টার্ডি'র অতিথিবৃত্তে বাস করিয়া পূর্ণ উদ্যমে ও উৎসাহের সহিত প্রচারকার্য আরম্ভ করিলেন। স্বামী বিবেকানন্দ পুনরাব ফিরিয়া আসিয়াছেন, এ সংবাদ প্রচারিত হইবামাত্র দলে দলে শিক্ষিত নরনারী তাঁহার দর্শন কামনা, কেহ বা উপদেশ লাভের জন্য আগমন করিতে লাগিলেন। সংবাদপত্রসমূহে তাঁহার কার্যপ্রণালীর বিস্তৃত সমালোচনা প্রকাশিত হইতে লাগিল। মে মাসের প্রথম হইতে স্বামিজী নিয়মিত-রূপে শিক্ষাদান ও প্রশ্নোত্তর ক্লাস চালাইতে লাগিলেন এবং “জ্ঞানযোগ” সম্বন্ধে বক্তৃতা প্রদান করিতে লাগিলেন। মে মাসের শেষভাগে তিনি ভক্তি, কর্ম ও যোগ সম্বন্ধেও কতকগুলি উৎকৃষ্ট বক্তৃতা প্রদান করিলেন। ক্লাব, সভা, সমিতি, ড্রয়িংরুম ইত্যাদিতে বক্তৃতা দিবার জন্য তিনি প্রত্যহ আহত হইতে লাগিলেন। মিসেস্ আর্নি বোশাল্ড কর্তৃক আহত হইয়া তাঁহার আর্ভিনিউ রোডস্থ ভবনে একদিন স্বামিজী “ভক্তি”

সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করিলেন। কর্ণেল অলকটও উক্তদিবস তথায় উপস্থিত ছিলেন।

স্বামী সারদানন্দ ৬ই জুন “ব্রহ্মবাদিন্” পত্রিকায় লিখিয়াছিলেন, “স্বামী বিবেকানন্দের প্রচারকার্য এখানে সুন্দররূপে আরম্ভ হইয়াছে। প্রত্যহ দলে দলে নরনারী তাঁহার বক্তৃতা ক্লাসে নিয়মিতরূপে উপস্থিত হইতেছেন। তাঁহার বক্তৃতাগুলিও বাস্তবিক কোত্‌হলোন্দীপক। সেদিন এ্যাংলিকান চার্চের অন্যতম নেতা মিঃ ক্যানন হাউইস (Haweis) তাঁহার বক্তৃতা শ্রবণ করিয়া মুগ্ধ হইয়াছেন। তিনি শিকাগো মহামেলাতেই স্বামিজীর সহিত পরিচিত হইয়াছিলেন এবং তাঁহাকে সেই সময় হইতেই ভালবাসেন। মঙ্গলবাব স্বামিজী “Sesame Club”এ “শিক্ষা” সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করেন। স্বাশিক্ষা বিস্তারের জন্য মহিলাগণ এই অতি প্রয়োজনীয় সমিতিটি স্থাপন করিয়াছেন। এই বক্তৃতায় তিনি ভারতীয় প্রাচীন শিক্ষা-পদ্ধতির সহিত আধুনিক প্রথার তুলনা করিয়া দেখাইলেন যে, মানদুঃ গড়িয়া তোলাই শিক্ষার উদ্দেশ্য, বিবিধ প্রকার তথ্য দিয়া মস্তিষ্ক পূর্ণ করা নহে। তিনি যুক্তি দিয়া বঝাইয়া দিলেন, মানদুঃের মনই অনন্ত জ্ঞানের খনি, ভূত, ভবিষ্যৎ ও বর্তমান সমস্ত জ্ঞানই উহাতে ব্যক্ত বা অব্যক্তভাবে অবস্থিত রহিয়াছে। মানবের অন্তর্নিহিত ঐ জ্ঞানের বহির্বিকাশের সাহায্য করাই প্রত্যেক প্রকার শিক্ষা-প্রণালীর উদ্দেশ্য হওয়া উচিত। তিনি উপমা দিলেন যে, যেমন “মাধ্যাকর্ষণ শক্তি” বিষয়ক জ্ঞান পূর্ব হইতেই মানদুঃের অন্তরে বিদ্যমান ছিল, আপেলের পতনটি নিউটনের পক্ষে উক্ত জ্ঞানের বিকাশের সাহায্য করিল মাত্র।

মিসেস্ মার্টিন নান্দী জনৈকা বিদুষী ও ধন্যাঢ্যা রমণী একদিন তাঁহার আলায়ে স্বামিজীকে বক্তৃতা দিতে আহ্বান করেন। তিনি “আত্মা সম্বন্ধে হিন্দুর ধারণা” সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করেন। ১৪ই জুনের “The London American” পত্রিকা এই বক্তৃতার সম্বন্ধে বিস্তৃত বর্ণনা করিয়া যে সুদীর্ঘ প্রবন্ধ লিখিয়াছিলেন, তাহার কিয়দংশ নিম্নে উদ্ধৃত হইল—

“স্বামিজী হিন্দুধর্মকে কেবল জড় ও অশ্ব শৌস্তলিকতার অপবাদ হইতে মুক্ত করিয়াছেন তাহা নহে, বরং ইহাকে এমন এক সমুদ্রত ও সমুদ্রজল ভাবের উপর প্রতিষ্ঠিত করিয়াছেন যে, ইহার প্রতি মানবজাতির শ্রম্মা না হইয়া থাকিতে পারে না। * * * বৃদ্ধবার দিবস অতীব দুর্যোগ সত্ত্বেও বহুসংখ্যক ভদ্রলোক ও মহিলা মিসেস্ মার্টিনের আতিথ্য গ্রহণ করিবার জন্য উপস্থিত হইয়াছিলেন, এমন কি, রাজপরিবার হইতেও কয়েকজন গোপনভাবে উক্ত সভায় উপস্থিত হইয়াছিলেন।”

বিশেষভাবে নিমন্ত্রিত হইয়া স্বামিজী অক্সফোর্ডে গিয়া ২৮শে মে জগন্নিখ্যাত আচার্য মোক্ষমূলরের সহিত সাক্ষাৎ করিলেন। মোক্ষমূলর ইতোপূর্বে “নাইনটিথ সেণ্ডবী” পত্রিকায় “প্রকৃত মহাত্মা” শীর্ষক শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে যে প্রবন্ধ লিখিয়াছিলেন, উহা পাঠ করিয়া বিবেকানন্দ পূর্বে হইতেই অধ্যাপকের সহিত সাক্ষাৎ করিবেন স্থির করিয়াছিলেন। কথাপ্রসঙ্গে আচার্য বলিলেন, শ্রীরামকৃষ্ণের সংস্পর্শে আসিয়া কেশবের ধর্মভেদের সহসা পরিবর্তনই সর্বপ্রথম তাহার দৃষ্টি আকর্ষণ করে। তখন হইতেই ঐ মহাত্মার জীবনী ও উপদেশ সম্বন্ধে যেখানে যতটুকু পান, তাহাই তিনি আগ্রহ ও শ্রদ্ধাসহকায়ে পাঠ করিয়া আসিতেছেন। স্বামিজীও নিকট শ্রীরামকৃষ্ণের পবিত্র চরিত্র ও উপদেশাবলী শ্রবণ করিয়া অধ্যাপক বলিলেন যে, যদি তিনি তাহাকে আবশ্যক মত উপাদান সংগ্রহ করিয়া দিতে পারেন, তাহা হইলে তিনি শ্রীরামকৃষ্ণের একখানি জীবনী লিখিতে প্রস্তুত আছেন। বলা বাহুল্য, স্বামিজী আনন্দের সহিত সম্মত হইলেন। ক্রিষ্টাব্দে পবে অধ্যাপক প্রণীত “শ্রীরামকৃষ্ণের জীবনী ও উপদেশ” নামক বিখ্যাত পুস্তকখানি প্রকাশিত হয়। উহা বিবেকানন্দের পাশ্চাত্যদেশে প্রচার-কার্যের যথেষ্ট সহায়তা করিয়াছিল।

শ্রীরামকৃষ্ণ প্রসঙ্গে অবশেষে স্বামিজী যখন বলিলেন, “শ্রীরামকৃষ্ণ আজকাল সহস্র সহস্র ব্যক্তি কর্তৃক উপাসিত হইতেছেন,”—অধ্যাপক তৎক্ষণাৎ উত্তর করিলেন, “যদি এইরূপ মহাপুরুষ উপাসিত না হন, তাহা হইলে কাহার উপাসনা হইবে?” স্বামিজীর নিকট শ্রীরামকৃষ্ণের কথা শ্রবণ করিয়া অধ্যাপক উৎসাহের সহিত বলিয়া উঠিলেন, “তাহাকে জগতের নিকট পরিচিত করিবার জন্য আপনারা কি করিতেছেন?” কথায় কথায় স্বামিজীর প্রচাবকার্যের কথা উঠিল। অধ্যাপক স্বামিজীর বেদান্ত প্রচার-কার্যের সহিত সম্পূর্ণ সহানুভূতি জ্ঞাপন করিলেন। ভোজনান্তে অধ্যাপক স্বামিজী ও তাহার শিষ্য ষ্টার্ড সাহেবকে লইয়া নগর ভ্রমণে বহির্গত হইলেন এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ও “Bodleian Library” দেখাইলেন। স্বামিজী অধ্যাপকের ভারতবর্ষ সম্বন্ধে অসীম জ্ঞান দেখিয়া বিস্মিত হইলেন। ভারতবর্ষের প্রতি অধ্যাপকের অসীম ভালবাসা স্বদেশপ্রেমিক সম্যাসীকে মুগ্ধ করিল। বিবেকানন্দ উল্লাসের সহিত প্রশ্ন করিলেন, “আপনি কবে ভারতে যাইবেন? যিনি আমাদিগের পূর্বপুরুষের চিন্তাসমূহ শ্রদ্ধার সহিত আলোচনা করিয়াছেন, তাহাকে অভ্যর্থনা করিবার জন্য সকলেই আনন্দেব সহিত প্রস্তুত হইবে সন্দেহ নাই।” অধ্যাপকের প্রশান্ত বদনমণ্ডল সমধিক উজ্জ্বল হইয়া উঠিল, অশ্রুভারাক্রান্তনেত্রে একরূপ অজ্ঞাতসারেই তিনি বলিলেন, “তাহা হইলে হযত আর আমি ফিরিব না, আমার দেহ

আপনাদিগকে তথাষই সংকার করিতে হইবে।” * * * রাত্রিকালে স্বামিজী যখন স্টেশনে ট্রেনের জন্য অপেক্ষা করিতেছেন, এমন সময় বৃন্দ অধ্যাপক ঝাড়বুন্টি সত্ত্বেও স্বামিজীকে বিদায়াভিনন্দন দিবার জন্য স্টেশনে উপস্থিত হইলেন। স্বামিজী লজ্জিত হইয়া সসম্ভ্রমে বলিলেন, “আমাকে বিদায় দিবার জন্য আপনি এত কষ্ট করিয়া না আসিলেই পারিতেন।” অধ্যাপক প্রীতিছলছলনেদে উত্তর করিলেন, “শ্রীরামকৃষ্ণের একজন যোগাত্ম শিষ্যের দর্শনলাভের সৌভাগ্য প্রত্যাহ উপস্থিত হয় না।” এই দর্শনেই অধ্যাপকের সহিত স্বামিজীর প্রগাঢ় বন্ধুত্বের সূত্রপাত হয়। স্বামিজী আজীবন অধ্যাপকের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করিতেন। যদিও আর উভয়ের দেখা-সাক্ষাতের সন্নিবিধা হয় নাই, তাহা হইলেও তাঁহারা নিষমিতভাবে পত্র স্মারা পরস্পরের কুশল সংবাদ অবগত হইতেন।

যে সমস্ত ইংরাজ শিষ্যা ও শিষ্য স্বামিজীর কার্যে আত্মজীবন উৎসর্গ করিয়াছেন, তাঁহাদিগের মধ্যে মিস্ মূলার, মিস্ নোবল্ (নিবেদিতা), মিঃ গড্‌উইন, মিঃ স্টার্ডি প্রভৃতির কথা আমরা ইতোপূর্বেই উল্লেখ করিয়াছি। দ্বিতীয়বার ইংলণ্ডে আগমন করিয়া স্বামিজী ক্যাপ্টেন সোভিয়ার ও শ্রীমতী সোভিয়ারকে শিষ্যরূপে প্রাপ্ত হন। এই ধর্মপ্রাণ সোভিয়ার-দম্পতি তাঁহার ভারতীয় কার্যের জন্য আত্মোৎসর্গ কবিত্তে প্রস্তুত হইলেন। মিসেস্ সোভিয়ার শিষ্যা হইয়াও স্বামিজীর মাতৃস্থানীয়া হইয়াছিলেন, স্বামিজী তাঁহাকে মাতৃসম্বোধন কবিতেন।

ইতোমধ্যে সোভিয়ার-দম্পতি ও মিস্ মূলার স্বামিজীকে লইয়া সুইজারল্যান্ড পরিভ্রমণ করিতে যাইবেন সঙ্কল্প করিলেন, তিনি আনন্দের সহিত তাঁহাদের প্রস্তুতাবে সম্মত হইলেন। কয়েক মাস কঠোর পরিশ্রমের পর তাঁহার বিপ্রাম করিবার একান্ত প্রয়োজন অনুভূত হইয়াছিল।

জুলাই মাসের শেষভাগে শিষ্য ও বন্ধুগণ সমভিব্যাহারে স্বামিজী লন্ডন হইতে যাত্রা করিয়া জেনিভা নগরীতে উপনীত হইলেন। তখন জেনিভা নগরীতে একটি শিল্পপ্রদর্শনী অনাতিষ্ঠিত হইয়াছিল। স্বামিজী সুইজারল্যান্ডের শিল্পজ্ঞাত দ্রব্যসমূহ দর্শন করিয়া সাতিশষ সন্তুষ্ট হইলেন, উৎসাহভরে সমস্ত দিবস প্রদর্শিত দ্রব্যসমূহ পৰ্যবেক্ষণ করিয়া বেড়াইতে লাগিলেন। অবশেষে একটি বেলদুন দেখিয়া তিনি বেলদুনে উঠিবার জন্য অধীরভাবে আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন। সূর্যাস্তের পূর্বে বেলদুন আকাশে উড়িবে না শুনিয়া স্বামিজী বালকের ন্যায় অধীরভাবে সঙ্গিগণকে প্রসন্ন করিতে লাগিলেন, এখনও কি সময় হয় নাই? মিসেস্ সোভিয়ার আকাশ-প্রমণটা নিরাপদ নহে মনে করিয়া আপত্তি প্রকাশ করিতে লাগিলেন। স্বামিজী তাঁহার

কোনপ্রকার আপত্তিতে কণ্ঠপাত করিলেন না, বরং তাঁহাকে পরম্পর বেলুনে উঠিতে বাধ্য করিলেন। সেদিন আকাশ বেশ পরিষ্কার ছিল। উদ্ভব হইতে সূর্যাস্তের মনোহর শোভা সন্দর্শন করিয়া স্বামিজী অতীব আনন্দিত হইলেন। বেলুন হইতে অবতরণ করিয়া তাঁহারা সকলে ফটো তুলিয়া প্রফুল্লচিত্তে হোট্টেলে প্রত্যাগমন করিলেন।

জেনিভা হইতে স্বামিজী সদলে “Castle of Chillo” দর্শন করিতে যাত্রা করিলেন। তথায় তিনদিনব্যাপী “Mont Blanc” অভিমুখে প্রস্থান করিলেন। সুইজারল্যান্ডের হৃদমালাপরিশোভিত মনোরম পার্বত্যপ্রদেশে ভ্রমণ করিয়া স্বামিজীর পরিব্রাজক জীবনের মধুর স্মৃতিসমূহ মানসপটে জাগিয়া উঠিল। হিমালয়ের শান্তিশীতল ক্রোড়ে আশ্রম রচনা করিয়া অবশিষ্ট জীবন যাপন করিবার একটা প্রবলতম আগ্রহ তাঁহার বহুদিন হইতে ছিল। সঙ্গগণের নিকট হিমালয়ের সৌন্দর্য বর্ণন করিতে করিতে স্বামিজী বলিলেন, “আমার ইচ্ছা হয়, হিমালয়ে একটি মঠ প্রতিষ্ঠা করিয়া অবশিষ্ট জীবন ধ্যান ও তপস্যায় কাটাইয়া দেই। উক্ত মঠে আমার ভাবতীষ্য ও পাশ্চাত্য শিষ্যগণ অবস্থান করিবে, আমি তাহাদিগকে ‘কর্মী’রূপে গঠন করিয়া তুলিব। ভারতীয়াবা পাশ্চাত্য দেশে বেদান্ত প্রচারকার্যে রতী হইবে, অপরদল ভারতের উন্নতির জন্য আত্মোৎসর্গ করিবে।” স্বামিজীর শিষ্যগণ তাঁহার সম্ভবতঃ অবগত হইয়া উৎসাহের সহিত বলিলেন, “নিশ্চয়ই স্বামিজী! ভবিষ্যৎ কার্যের জন্য এইরূপ একটি মঠ আমাদের একান্ত আবশ্যক।” আল্পস্ পর্বত শিখরে বসিয়া স্বামিজী শিষ্যবৃন্দের সহিত যে পরিকল্পনা করিয়াছিলেন, তাহা পবে আলমোড়া মায়াবতী মঠরূপে বাস্তবে পরিণত হইয়াছিল।

অতঃপর কয়েকটি স্থান পরিদর্শন করিয়া তাঁহারা দুই সপ্তাহেব জন্য একটি পার্বত্য গ্রামে বাস করিতে লাগিলেন। চারিদিকে ভূষারমণ্ডিত আল্পস্ পর্বতের শৃঙ্গমালাবোঁধিত স্তম্ভ গ্রামখানিতে আসিয়া স্বামিজী যেন জগতের কর্মকোলাহল, স্বীয় প্রচারকার্য, দার্শনিক বিচার ইত্যাদি সম্পূর্ণ বিস্মৃত হইলেন। তাঁহার সমস্ত চিন্তাবৃত্তি অস্তম্ভ হইয়া উঠিল। স্বামিজীর অভিপ্রায় বৃদ্ধিয়া কেহই তাঁহাকে বিবস্ত্র করিতেন না, তিনি নীরবে অধিকাংশ সময়েই ধ্যানমগ্ন হইয়া থাকিতেন। দুই সপ্তাহের পরিপূর্ণ বিশ্রামে স্বামিজীর দীর্ঘবর্ষব্যয়েব শ্রম-ক্লান্তি যেন অপনোদিত হইয়াছে বলিয়া প্রতীত হইল।

ইতোমধ্যে জার্মানীর কীলনগরীর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, বিখ্যাত সংস্কৃতজ্ঞ পাণ্ডিত পল ডয়সন, স্বামিজীকে আহ্বান করিয়া এক পত্র লিখিয়াছিলেন। উহা

লন্ডন হইতে স্বামিজীর ঠিকানায় প্রেরিত হইয়াছিল। স্বামিজী পত্রখানা পাইয়া জার্মানী যাত্রার জন্য প্রস্তুত হইলেন। পশ্চিমধ্যে জার্মানীর কয়েকটি ইতিহাসপ্রখ্যাত নগর ও রাজধানী দর্শন করিয়া (Kiel) কীলনগরীতে উপস্থিত হইলেন। স্বামিজী আসিয়াছেন শুনিয়া অধ্যাপক তাঁহাকে প্রাতঃভোজনের জন্য নিমন্ত্রণ করিলেন। সঙ্গে সঙ্গে সৌভ্যাব-দম্পতিকেও নিমন্ত্রণ করিতে অবশ্য অধ্যাপক ছুলেন নাই। পরদিন প্রভাতে ১০টার সময় তাঁহারা উপস্থিত হইবামাত্র অধ্যাপক ও তৎপত্নী তাঁহাদিগকে সাদরে অভ্যর্থনা করিলেন। স্বামিজীর প্রচাবকার্য ও উদ্দেশ্য সম্বন্ধে কয়েকটি প্রশ্ন কবিশাই অধ্যাপক বেদ ও উপনিষদ্ সম্বন্ধে স্বেচ্ছচিত একখানি গ্রন্থ হইতে স্বামিজীকে পাঠ করিয়া শুনাইতে লাগিলেন। অধ্যাপক বলিলেন যে, বেদ ও বেদান্তের মধুর মোহিনী শক্তি, ঋণকালের মধ্যেই বাহ্যজগৎ ভুলাইয়া দেয়, উহা পড়িতে আরম্ভ করিলেই মন এক উন্নত আধ্যাত্মিক ভাববাজ্যে চলিয়া যায়। অধ্যাপকের মতে, মানব-মস্তিস্ক সত্যের অনুসন্ধানের রত হইয়া যে সমস্ত বিষয় আবিষ্কার করিয়াছে, উপনিষদ্, বেদান্তদর্শন ও শাক্যবভাষ্য তাহার শ্রেষ্ঠতম অভিব্যক্তি। বেদান্তের চর্চাই অধ্যাপকের জীবনের একমাত্র ব্রত ছিল। ইহার সহিত বেদান্ত ও উপনিষদের আলোচনা করিয়া স্বামিজী প্রীত হইলেন। অধ্যাপক ডবসন বেদান্ত বা উপনিষদকে কেবলমাত্র দৃষ্ক দর্শনশাস্ত্র না বলিয়া উচ্চতম ও পবিত্রতম নৈতিক-জীবন যাপন করিবার একমাত্র অবলম্বনীয় বলিয়া নির্দেশ করিলেন। রয়াল এসিয়াটিক সোসাইটির বোম্বাই শাখায় ১৮৮৩ সালে তিনি বেদান্ত সম্বন্ধে যাহা বলিয়াছিলেন, তাহার উপসংহারে নিম্নোক্ত অংশ স্বামিজীকে আবৃত্তি করিয়া শুনাইলেন— “And so the Vedanta in its unfalsified form, is the strongest support of pure morality, is the greatest consolation in the sufferings of life and death Indians keep to it” —অবিকৃত বেদান্ত-দর্শন, পবিত্র নীতিসমূহের সদ্ভূত ভিত্তি এবং জীবন ও মৃত্যুর দুঃখসমূহের পরম সান্ধ্বনার স্থল। হে ভারতবাসি! ইহাকে দৃঢ়রূপে ধরিয়া থাক। স্বামিজী তাঁহাকে স্বীয় উপলব্ধি হইতে উপনিষদের কতকগুলি জটিল ও দুর্বোধ্য শ্লোকের ব্যাখ্যা করিয়া শুনাইলেন। প্রাতঃভোজনের পরও অধ্যাপক তাঁহাকে ছাড়িয়া দিলেন না, এমনকি মধ্যাহ্ন ভোজনের জন্যও অনুরোধ করিতে লাগিলেন। সেদিন অধ্যাপকের একটি কন্যার জন্মতিথি ছিল, কাজেই তাহার প্রমথ্য অতিথিকে বিদায় দিতে পারিলেন না। অধ্যাপক-দম্পতি তাঁহাদের ভারতভ্রমণ কাহিনী শুনাইতে লাগিলেন। কয়েক ঘণ্টার মধ্যেই স্বামিজী মধুর ব্যবহারে অধ্যাপকের হৃদয় জয় করিয়া লইলেন।

নানাপ্রকার আলোচনা চলিতেছে, এমন সময় অধ্যাপক কাৰ্য্যান্তরে উঠিয়া গেলেন, স্বল্পকাল পরেই ফিরিয়া আসিয়া দেখেন, স্বামিজী একখানি কবিতা পদ্যস্বত্বের পাতা উল্টাইতেছেন। তিনি এত অভিনব সহকারে পড়িতেছিলেন যে, অধ্যাপকের আহ্বান তাহার কর্ণে পৌঁছিল না। পদ্যস্বত্বখানি শেষ করিয়া স্বামিজী অধ্যাপকের প্রতি চাহিয়া বসিলেন যে, তিনি অনেকক্ষণ তাহারই প্রতীক্ষা করিতেছেন। তিনি ক্ষমা প্রার্থনা করিয়া বলিলেন, “পদ্যস্বত্বখানি পাঠ করিতে-ছিলাম। আপনি হযতো অনেকক্ষণ আসিয়াছেন, ক্ষমা করিবেন।” উত্তর শুনিয়া অধ্যাপক যে কথাটা বিশ্বাস করিলেন না, তাহা তাহার ভাবভঙ্গীতে সুস্পষ্ট হইয়া উঠিল। স্বামিজী তাহা বদ্বিধিতে পারিয়া কথোপকথনের মধ্যে উক্ত পদ্যস্বত্বক হইতে পঠিত কথাগুলি অনর্গল আবৃত্তি করিতে লাগিলেন। বিস্ময়ের সহিত অধ্যাপক বলিয়া উঠিলেন, “এ পদ্যস্বত্বখানি নিশ্চয় আপনি ইতোপূর্বে পাঠ করিয়াছেন, নতুবা কেবলমাত্র চোখ বদ্বিধিয়া চারিঘণ্টা একখানি পদ্যস্বত্বক অর্থ ঘণ্টার মধ্যে আয়ত্ত্ব করা কেবল দৃঃসাধ্য নহে—অসাধ্য।”

স্বামিজী স্মিতমুখে উত্তর করিলেন, “সংযতমনা যোগীর পক্ষে ইহা অসম্ভব নহে। আমার মতে এই ক্ষমতা সকলেই লাভ করিতে পারে। আপনি জানেন আমি কাম-কাণ্ডন-ত্যাগী সন্ন্যাসী। আজীবন অখণ্ড ব্রহ্মচর্যের ফলস্বরূপ এই ক্ষমতা স্বভাৱে আমাতে উপস্থিত হইয়াছে। পাশ্চাত্যদেশে অনেকেই ইহা বিশ্বাস নাও করিতে পারেন, কিন্তু ভারতে ব্রহ্মচর্যবলে এতদূর স্মৃতিশক্তির অধিকারী বিরল হইলেও একেবারে অদৃশ্য হইয়া নাহি।”

অধ্যাপক, স্বামিজীর স্মৃতি শ্রবণ করিয়া সন্তুষ্ট হইলেন। শ্রীশঙ্কর ও শ্রীবামানুজের অদ্ভূত স্মৃতিশক্তির কথা আমরা অবগত আছি। বাল্যকালে স্বামিজীর প্রখর প্রতিভা ও স্মৃতিশক্তির পরিচয় পাওয়া গিয়াছে বটে, কিন্তু তাহা এরূপ অদ্ভূত স্মৃতিশক্তি নহে। খেতরিতে ব্যাকরণ পাঠকালীন তিনি যে প্রতিভার ও স্মৃতিশক্তির পরিচয় দিয়াছিলেন, উহা দৈবশক্তি নহে, বহুবর্ষব্যাপী অটুট সংযম ও কঠোর সাধনায় তাহার ব্রহ্মচর্য সদুপপ্রতিষ্ঠিত হইয়াছিল। ব্রহ্মচর্যের প্রত্যেকটি ব্রত তিনি শ্রদ্ধার সহিত দেখিতেন। বিবাহ বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার ব্যাপারের স্মৃতি পর্যন্ত যাহাতে মনে স্থান না পায়, ইহাই তাহার সন্ন্যাসের আদর্শ ছিল। শিষ্যবর্গকে—এমনকি, নিজেকে পর্যন্ত ঐ সম্বন্ধীয় আশঙ্কা হইতে দূরে রাখিবার চেষ্টা করতেন। ব্রহ্মচর্যরূপ মহেশ্বরের আদর্শকে প্রতিষ্ঠিত করিবার জন্য তিনি প্রাণ-পণ চেষ্টা করিয়া গিয়াছেন। তিনি বদ্বিধিয়াছিলেন এবং বলিতেন যে, শরীর ও মনের

উচ্চতম শক্তিগুলির বিকাশের জন্য ব্রহ্মচর্যব্রত জ্বলন্ত অগ্নির ন্যায় শিরায় শিরায় প্রবাহিত থাকা চাই। নির্জন বাস, সংযম ও গভীর চিন্তাকাগ্ৰতা,—এই তিনের সমবায়ের গঠিত জীবনই ব্রহ্মচর্যের আদর্শ। স্বামিজী প্রায়ই যুবকবৃন্দকে ব্রহ্মচর্য-পালনে প্রোৎসাহিত করিতে গিয়া ভাবাবেগে দৃঢ়তার সহিত বলিতেন, “যদি তোমরা কামকোষাদির শত প্রলোভনেও অবিচলিত থাকিয়া চতুর্দশ বৎসর সত্যোব সেবা করিতে পার, তবে এমন এক দিব্যতেজে তোমাদের হৃদয় পূর্ণ হইবে যে, তোমরা যাহা অসত্য বলিয়া জান, তাহা সাধারণ লোকে তোমাদের নিকট প্রকাশ করিতে সাহসী হইবে না। এইরূপে তুমি স্বদেশ ও সমাজের উপকারের সঙ্গে সঙ্গে নিজেরও উন্নতি করিতে সমর্থ হইবে।” এমনকি, কেবলমাত্র অবিবাহিত জীবন যাপন কবাটাও তাহার নিকট একটা আধ্যাত্মিক সম্পদ বলিয়া পরিগণিত হইত। ধর্মের জন্য অথবা অন্য কোন মহৎ আদর্শে অনুপ্রাণিত হইয়া অবিবাহিত জীবন যাপন কবাটা অনেকেই প্রাকৃতিক নিয়মের ব্যাভিচার বলিয়া নির্দেশ করেন। বিবাহিত জীবনের উচ্চ আদর্শকে অবশ্য স্বামিজী কখনই অশ্রম্বা করিতেন না। তিনি গার্হস্থ্য ও সন্ন্যাস উভয় আশ্রমকেই তুল্যদৃষ্টিতে দেখিতেন। ভগবান শ্রীরামকৃষ্ণ বিবাহিত জীবনের এক মহান্ আদর্শ দেখাইয়া গিয়াছেন সত্য কিন্তু তথাপি তিনি সন্ন্যাসী ছিলেন। তিনি আজন্ম সন্ন্যাসী হইয়াও বিবাহ করিয়া গার্হস্থ্য ও সন্ন্যাসের মধ্যে অপূর্ব সমন্বয় সাধন করিয়াছিলেন। আদর্শ গৃহী ও আদর্শ সন্ন্যাসী, মানব সমাজে দুয়েরই প্রয়োজন। ভগবান শ্রীরামকৃষ্ণের জীবনে এতদুভয় আদর্শই পূর্ণমাত্রায় প্রকটিত হইয়াছিল। স্থূলদৃষ্টি মানবের পক্ষে তাহাকে এককালে গৃহী ও সন্ন্যাসীরূপে দেখা অসম্ভব ও দৃঃসাধ্য হইবে বলিয়াই তাহার সর্বশ্রেষ্ঠ সৃষ্টি স্বামী বিবেকানন্দ ও নাগ মহাশয়। এক আদর্শ সন্ন্যাসী, অপর আদর্শ গৃহী।

বিবাহ করিয়া কি ধর্মসাধন বা অন্য কোন মহৎ কার্য করা যায় না? যাইবে না কেন, মোক্ষ কেবলমাত্র সন্ন্যাসীই একচেটিয়া পদার্থ নহে। তবে জনক ঋষি গৃহী হইয়াও ব্রহ্মজ্ঞান লাভ করিয়াছিলেন, এই এক নজীর খাড়া করিয়া যাহারা জনক ঋষি হইবার চেষ্টা করেন, তাহাদিগের মধ্যে অধিকাংশই কতকগুলি হতভাগা ছেলের জনক মাত্র, ঋষি জনক নহেন। গৃহে থাকিয়া ধর্মসাধন করা, যোগ ও ভোগ দুই-ই বজায় রাখিয়া মোক্ষলাভ করাই ন্যাক খুব বাহাদুরী। কিন্তু সঙ্গে সঙ্গে অনেকেই ভুলিয়া যান যে, বাহাদুরী লওয়াটা জীবনের উদ্দেশ্য নহে। আর ইহাও ঠিক, সকলেই যদি বাহাদুরী দেখাইতে ব্যস্ত থাকেন, তাহা হইলে মানব-জীবনের উচ্চতম ব্রতগুলি লুপ্ত হইবে সন্দেহ নাই।

অবিবাহিত জীবন যাপন করার আশু প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া স্বামিজী মর্মাস্তক দ্রুত ও অভিমানের সহিত লন্ডন হইতে লিখিয়াছিলেন, “ * * * লন্ডনের কার্য দিন দিন বাড়িয়া চলিয়াছে, যতই দিন যাইতেছে, ততই ক্রাসে অধিক লোক-সমাগম হইতেছে। শ্রোতৃসংখ্যা যে ক্রমশঃ বাড়িতে থাকিবে তাহাতে আমার কোন সন্দেহ নাই। আর ইংরেজ জাতি বড়ই দৃঢ়প্রকৃতি ও নিষ্ঠাবান। অবশ্য আমি চলিয়া গেলেই যতটা গাঁথনি হইয়াছে, তাহার অধিকাংশই পড়িয়া যাইবে, কিন্তু তারপর হয়ত কোন অসম্ভাব্য ঘটনা হইবে, হয়ত কোন দৃঢ়চেতা ব্যক্তি আসিয়া এই কার্যের ভার গ্রহণ করিবেন, প্রভু জানেন কিসে ভাল হইবে। আমেরিকায বেদান্ত ও যোগ শিক্ষা দিবার জন্য বিশজন প্রচারকের স্থান হইতে পারে, কিন্তু কোথা হইতেই বা প্রচারক পাওয়া যাইবে, আর তাহাদিগকে তথায় আনিবার জন্য টাকাই বা কোথায় পাওয়া যাইবে? যদি কয়েকজন দৃঢ়চেতা খাটী লোক পাওয়া যায়, তবে দশ বৎসরের মধ্যে যন্ত্ররাজ্যের অর্ধেক জয় করিয়া ফেলা যাইতে পারে, কোথায় এরূপ লোক?

‘আমরা যে সবাই আহাম্মকের দল—স্বার্থপর, কাপুরুষ।’ মুখে স্বদেশ-হিতৈষণার কতকগুলি বাজে বুলি আওড়াইতেছি, আর আমরা মহাধার্মিক এই অভিমানে ফুলিয়া রহিয়াছি। মাদ্রাজীরা অপেক্ষাকৃত চটপটে ও দৃঢ়তা সহকারে একটা বিষয়ে লাগিয়া থাকিতে পারে বটে, কিন্তু হতভাগাগুলি সকলেই বিবাহিত। বিবাহ! বিবাহ!! বিবাহ!!! পাষাণেরা যেন ঐ একটা কমেস্ট্রিম্ব লইয়া জন্মিয়াছে—যোনিকীট—এদিকে আবার নিজেদের ধার্মিক ও সনাতনপথাবলম্বী বলিয়া পরিচয়টুকু দেওয়া আছে। অনাসক্ত গৃহস্থ হওয়া অতি উত্তম কথা, কিন্তু এখন উহার ততটা প্রয়োজন নাই, চাই এখন অবিবাহিত জীবন। যাক্ বালাই! বেশ্যালয়ে গমন করিলে লোকের মনে ইন্দ্রিয়সক্তির যতটা বন্ধন উপস্থিত হয়, আজকালকার বিবাহ প্রথায ছেলেদের ঐ বিষয় প্রায় তদ্রূপ বন্ধন উপস্থিত হয়। এ আমি বড় শক্ত কথা বলিলাম, কিন্তু বৎস, আমি চাই এমন লোক—যাহাদের পেশাসমূহ লৌহের ন্যায় দৃঢ় ও স্নায়ু ইম্পাতনির্মিত হইবে, আর তাহাদের শরীরের ভিতর এমন একটি মন বাস করিবে, যাহা বস্তুর উপাদানে গঠিত। বীৰ্য, মনুষ্য-ক্ষত্রবীৰ্য, ব্রহ্মতেজ! আমাদের সন্দ্রুপ সন্দ্রুপ ছেলেগুলি, যাহাদের উপর সব আশা করা যায়, তাহাদের সব গুণ, সব শক্তি আছে, কেবল যদি এইরূপ লাখ লাখ ছেলেকে বিবাহ নামে কথিত পশুদের বেদীর সমক্ষে হত্যা না করা হইত। হে প্রভো, আমার কাতর ক্রন্দনে কর্ণপাত কর। মাদ্রাজ তথনি জাগিবে, যখন উহার হৃদয়ের শোণিতস্বরূপ অন্ততঃ একশত শিক্ষিত যুবক সংসার হইতে একেবারে

স্বতন্ত্র হইয়া কোমর বাঁধিবে এবং দেশে দেশে সত্যের জন্য যুদ্ধ করিতে প্রস্তুত হইবে। ভারতের বাহিরে এক ঘা দিতে পারিলে, উহার ভিতরের অমৃত ঘাসের তুল্য হয়। যাহা হউক, যদি প্রভুর ইচ্ছা হয়, সব হইবে।”

স্বামিজী সত্বরই লন্ডন যাত্রা করিবেন শুনিয়া অধ্যাপক আরও কিছুদিন তাঁহাকে থাকিতে অনুরোধ করিলেন। স্বামিজী বলিলেন যে, তিনি শীঘ্রই ভারতে প্রত্যাবর্তন করিবেন, অতএব যাত্রার পূর্বেই ইংলন্ডের প্রচার-কার্যের একটা সুবন্দোবস্ত করার একান্ত প্রয়োজন। অধ্যাপক স্বামিজীর উদ্দেশ্য বুঝিয়া তাঁহার সহিত ইংলন্ডে যাইবার জন্য প্রস্তুত হইলেন। তিনি স্বামিজীব সহিত বেদান্তালোচনা করিয়া এতাদৃশ মন্থ হইয়াছিলেন যে, কেবলমাত্র স্বামিজীব সঙ্গে কিছুদিন যাপন করিতে পারিবেন, এই উদ্দেশ্যেই তাঁহার সহিত লন্ডনে উপনীত হইলেন।

জুন মাসের শেষ ভাগে স্বামিজী, সারদানন্দজীকে আমেরিকায প্রেরণ করিলেন। এদিকে ভারত হইতে অভেদানন্দজী আসিয়া লন্ডনের কার্যে স্বামিজীর সহায় হইলেন। স্বামিজীর অনুপস্থিতকালে, ভারতীয় দর্শনে সুপণ্ডিত অভেদানন্দজীকেই প্রচার-কার্যের সমস্ত দায়িত্ব গ্রহণ করিতে হইবে বলিয়া স্বামিজী তাঁহাকে আবশ্যিকমত শিক্ষা ও উপদেশ প্রদান করিতে লাগিলেন।

অক্টোবর ও নভেম্বর মাসে স্বামিজী অমৈত্ববাদের প্রের্ষতম সিদ্ধান্তগুলি বিশ্লেষণ করিয়া কতকগুলি বক্তৃতা করিলেন। এই সুকঠিন কার্যে তিনি যে আশাতীতরূপে কৃতকার্য হইয়াছেন, তাহা “জ্ঞানযোগ”খানি অভিনিবেশসহকারে পাঠ করিলেই বরাবরে পারা যায়। তাঁহার ‘জ্ঞানযোগে’র বক্তৃতাগুলি পাঠ করিলে স্বতঃই প্রশ্ন আসে, ইহা কি কেবল পাণ্ডিত্য না আর কিছু? “কর্মজীবনে বেদান্তের প্রয়োগ” শীর্ষক বক্তৃতাগুলির মধ্য দিয়া তিনি ভবিষ্যৎ প্রাচ্য ও পাশ্চাত্যকে এক মহান আদর্শের অনুগামী হইবার ইঙ্গিত করিয়াছেন। রাজনৈতিক ও সামাজিক অবস্থা নানা পরিবর্তনের মধ্য দিয়া ইউরোপ যে আদর্শে পৌঁছিবার চেষ্টা করিতেছে, তাহাকে কার্যে পরিণত করিতে হইলে হিন্দুর অমৈত্ববাদ ও বেদান্ত গ্রহণ করিতে হইবে। কেবলমাত্র জড়বিজ্ঞানের অনুসরণ করিয়া বর্তমান ইউরোপ যে বিক্ষুব্ধ হইয়া উঠিয়াছে, তাহার সে জ্বালাময় বিশ্বশোধী তৃষ্ণা নিবারণ করিতে পারে, একমাত্র প্রাচ্যের প্রাচীন দর্শন, ধর্ম ও অপূর্ব অমৈত্ববেদান্ত। স্বামিজী ইউরোপের সম্মুখে দাঁড়াইয়া উচ্চকণ্ঠে ঘোষণা করিয়াছিলেন, তাঁহার আকাঙ্ক্ষা ও অতৃপ্তির জ্বালাময় আগ্নেয়গিরির উপর যে চাক্‌চিক্যময়, বাহ্যসম্পদশালী সভ্যতার স্বর্ণপদ্রবী নির্মাণ করিয়াছেন, উহা যে-কোন মনুষ্যেরই গৈরিক-নিঃপ্রাণে উদ্বেগ উৎকীর্ণ হইয়া চূর্ণ

বিচূর্ণ হইয়া থাইতে পারে। আরও ভবিষ্যৎবাণী করিয়াছিলেন, যদি তোমরা এই অভিনব বার্তাকে অস্বীকার কর, তাহা হইলে ভাবী পঞ্চাশৎ-বর্ষ মধ্যে তোমাদের ধ্বংস অবশ্যম্ভাবী।

অক্টোবর মাসের মধ্যভাগ হইতেই স্বামিজী ভারতে ফিরিবার অভিপ্রায় প্রকাশ করিতে লাগিলেন। আমেরিকায় স্বামী সারদানন্দ ও ইংলণ্ডে স্বামী অভেদানন্দ বেদান্ত ক্লাসের ছাত্র-সমাজে সাদরে গৃহীত হইয়াছেন দেখিয়া স্বামিজী প্রচার-কার্য সম্বন্ধে নিশ্চিন্ত হইলেন। মিসেস্ ওলি বুল স্বামিজীর ভারতযাত্রার সংবাদ পাইয়া তাঁহাকে জানাইলেন যে, তিনি ভারতীয় কার্যের জন্য প্রয়োজনমত অর্থ প্রদান করিতে সম্মত আছেন। বিশেষতঃ স্বামিজী রামকৃষ্ণ-সন্ন্যাসি-সঙ্ঘের জন্য যে একটি স্থায়ী মঠ প্রতিষ্ঠা করিবার সঙ্কল্প করিয়াছেন, তাহার সহিত তাঁহার সম্পূর্ণ সহানুভূতি আছে। স্বামিজী ইচ্ছা করিলেই প্রয়োজনমত অর্থ তাঁহার নিকট হইতে গ্রহণ করিতে পারেন। স্বামিজী মিসেস্ বুলের পত্র পাইয়া পরমানন্দিত হইলেন। আড়ম্বরের সহিত কোন কার্য আরম্ভ করা তাঁহার অভিপ্রেত ছিল না। মাদ্রাজ, কলিকাতা ও হিমালয়ে তিনটি কেন্দ্র স্থাপন করিয়া ধীরভাবে কার্য আবিস্ত করাই তিনি ভাল মনে করিলেন। মিসেস্ বুলকে পত্রোত্তরে স্বীয় মত জানাইয়া লিখিলেন যে, তিনি ভারতে গিয়া তাঁহাকে বিস্তারিত জানাইবেন। আপাততঃ কোন-প্রকার অর্থাদি গ্রহণ করিতে তিনি ইচ্ছা করেন না।

আচার্যদেব ডিসেম্বর মাসের মধ্যভাগে ভাবতভিমনুখে যাত্রা করিবেন জানিতে পারিয়া ইংলণ্ডের বন্ধু ও শিষ্যমণ্ডলী তাঁহাকে বিদায়ভিনন্দন প্রদান করিবার জন্য ১৩ই ডিসেম্বর রবিবার “Royal Society of Painters” সমিতির পিকাডেলীর প্রকাণ্ড হলে একটি সভা আহ্বান করিলেন। বিরাট জনসঙ্ঘ নীরবে বিষাদ-গম্ভীরভাবে আচার্যদেবকে বিদায়ভিনন্দন প্রদান করিলেন। অনেকে ভাবের আতিশয্যে কথা কহিতে পারিলেন না, শত শত নয়ন অশ্রুপূর্ণ হইয়া উঠিল। এ দৃশ্য দেখিয়া আচার্যদেবের কোমল হৃদয় বিচলিত হইয়া উঠিল, আত্মবিস্মৃত ঋষি, করুণাকাতর সন্ন্যাসী সহসা বলিয়া ফেলিলেন —

“হয়ত আমি শ্রেয়ঃ মনে করিয়া এই দেহ-বন্ধন ছিন্ন করিতে পারি, ইহাকে জীর্ণ বস্ত্রের মত পরিভ্রাণ করিতে পারি, কিন্তু যে পৰ্যন্ত জগতের প্রত্যেকেই উচ্চতম সত্য উপলব্ধি করিতে না পারিতেছে, ততদিন আমি মানবজাতির কল্যাণ কামনায় ধর্ম প্রচারে বিরত হইব না।”

ইহার কিছুদিন পরে একবার তাঁহাকে প্রশ্ন করিয়াছিলেন যে, অবতার ও মন্ত্রপুত্রের মধ্যে প্রভেদ কি? স্বামিজী প্রত্যক্ষভাবে তাহার কোন উত্তর না দিয়া বলিয়াছিলেন, “আমার মনে হয়, বিদেহ মন্ত্রিই সর্বোচ্চ অবস্থা। আমার সাধনা-বন্দ্য যখন আমি ভারত ভ্রমণে রত ছিলাম, তখন আমি দিনের পর দিন নির্জন গিরিগুহায় ধ্যান করিয়া কাটাইয়াছি, সময় সময় মন্ত্রিলাভ সম্বন্ধে হতাশ হইয়া অনাহারে তনুত্যাগ করিবার সঙ্কল্প কবিয়াছি, কিন্তু এখন আমার বিন্দুমাত্রও মন্ত্রিলাভ করিবার কামনা নাই। যে পর্যন্ত একজন ব্যক্তিও মায়ায় বন্ধ থাকিবে, সে পর্যন্ত আমি মন্ত্রি প্রার্থনা করি না। সমষ্টিমন্ত্রি ব্যতীত ব্যক্তিমন্ত্রি সম্ভব নয়।”

প্রসিদ্ধ বাস্মী ও জননাথক বিপিনচন্দ্র পাল মহাশয় ১৮৯৬ সালের ১৫ই ফেব্রুয়ারী লন্ডন হইতে লিখিয়াছিলেন —

“ভারতে কতকগুলি ব্যক্তির ধারণা যে, ইংলণ্ডে বিবেকানন্দের বক্তৃতা সর্বশেষ ফলদায়ক হয় নাই, তাঁহার বন্ধ ও সমর্থকগণ সামান্য কার্যকে অতিবাজিত করিয়া প্রকাশ করিয়াছেন, কিন্তু আমি এখানে আসিয়া তাঁহার অসাধারণ প্রভাব সর্বত্রই দেখিতেছি। ইংলণ্ডের নানাস্থানে আমি বহু ব্যক্তির সহিত আলাপ করিয়াছি, যাহা বা প্রকৃতপক্ষেই বিবেকানন্দের প্রতি গভীর শ্রদ্ধা ও ভক্তি পোষণ করেন। যদিও আমি তাঁহার সমাজভূক্ত নাই এবং ইহাও সত্য যে, তাঁহার সহিত আমার মতভেদও আছে, তথাপি আমি বলিতে বাধ্য যে, তিনি সত্য সত্যই বহু ব্যক্তির চক্ষুরন্ধ্রস্থলীন করিয়াছেন ও তাহাদের হৃদয় উদার এবং প্রশস্ত করিয়াছেন। তাঁহার প্রচার-কার্যের ফলেই আজকাল অধিকাংশ ব্যক্তি বিশ্বাস করেন যে, প্রাচীন হিন্দুশাস্ত্রসমূহে বহু আধ্যাত্মিক সত্য লুক্কায়িত আছে। তিনি স্থানীয় জনসাধারণের মনে কেবলমাত্র এইসব ভাবই প্রদান করেন নাই, পরন্তু তিনি ভারত ও ইংলণ্ডকে এক সুবর্ণময় যোগসূত্র দ্বারা দৃঢ়রূপে বন্ধন করিতে কৃতকার্য হইয়াছেন। ইতোপূর্বে আমি মিঃ হাউইস্ (Howeis) লিখিত “The Dead Pulpit” নামক প্রবন্ধ হইতে “Vivekanandism” সম্বন্ধে যে অংশটি উদ্ধৃত করিয়াছি, তাহাতেই আপনি অবগত হইয়াছেন যে, বিবেকানন্দ-প্রচারিত মতবাদের প্রসারতা হেতু বহুশত ব্যক্তি প্রকাশ্যভাবে খৃষ্টান চার্চের বন্ধন ছিন্ন করিয়াছেন। * * * এতদ্ব্যতীত আমি বহু শিক্ষিত ইংরেজ ভদ্রলোককে দেখিয়াছি, যাহারা ভারতকে শ্রদ্ধা করিতে শিখিয়াছেন এবং ভারতীয় ধর্মমত ও আধ্যাত্মিক তত্ত্বসমূহ শ্রবণ করিবার জন্য সততই আগ্রহ প্রকাশ করিয়া থাকেন।”

স্বামিজীর পাশ্চাত্যদেশে গমন এবং প্রচার-কার্যের সাফল্য সম্পর্কে তিনি নিজেই সত্যক সচেতন ছিলেন না। তাঁহাকে প্রতি সপ্তাহে বারটি, চৌদ্দটি কখনো বা

ততোধিক বক্তৃতা করিতে হইত। এক এক সময় নূতন কি বলিব ভাবিয়া তিনি আকুল হইতেন। কিন্তু যিনি তাঁহাকে পাশ্চাত্যদেশে লইয়া গিয়াছিলেন, তিনিই যেন সব যোগাইয়া দিতেন। শ্রীরামকৃষ্ণ যে তাঁহার চালকরূপে শক্তিসম্ভার করিতেন, ইহা তিনি অনুভব করিতেন। তিনি নিজেই বলিয়াছেন, গভীর রজনীতে তিনি কতদিন শুনিয়াছেন, পরবর্তী দিবস যে বক্তৃতা করিতে হইবে, তাহা যেন কে অনর্গল বলিয়া যাইতেছে। নূতন তত্ত্ব ও নূতন ভাবে ভরা এই বাণী যে শ্রীরামকৃষ্ণের তাহাতে তাঁহার অদ্ভুত সন্দেহ ছিল না। বার্তাবাহী যন্ত্রের মত তিনি কেবল তাঁহার বাণীই প্রচাব করিতেন। এই কালে তাঁহার মধ্যে ঐশীশক্তির পরমাশ্চর্য বিকাশ ঘটিয়াছিল। দেখিবামাত্র তিনি লোকের অন্তর্নিহিত সমস্ত গুপ্তকথা জানিতে পারিতেন। স্পর্শমাত্রে অপরের মধ্যে শক্তিসম্ভাব করিতে পারিতেন। কিন্তু যোগলব্ধ এই সকল শক্তি স্বামিজী কদাচিৎ প্রয়োগ করিতেন।

পাশ্চাত্যের সহস্র সহস্র নরনারী কেবল তাঁহার চিত্তোন্মাদিনী বক্তৃতার মোহিনী-শক্তিতে আকৃষ্ট হয় নাই, সত্য ও প্রেমের অকপট ও অমোঘ শক্তিই তাঁহাকে জনপ্রিয় করিয়া তুলিয়াছিল।

ভাগিনী নিবেদিতা লিখিয়াছেন, “জগদেকারাধ্য আচার্যদেব তাঁহার অন্তরঙ্গ ভক্তগণের হৃদয়ে যে অমূল্য স্মৃতিব সম্ভাব রাখিয়া গিয়াছেন, তন্মধ্যে তাঁহার মনুষ্যজাতির প্রতি প্রেমই যে উজ্জ্বলতম রত্ন, তাহা আমরা অসঙ্কোচে নির্দেশ করিতে পারি।” কি গভীর অনুকম্পা-উচ্ছল প্রেমপূর্ণ সে হৃদয়, যাহা সর্বদা সকল অবস্থায় ব্যক্তিমাটকেই আশার বাণী শুনাইবার জন্য উদার আগ্রহে উন্মুখ হইয়া থাকিত, উৎপীড়িত ও অপমানিত হইয়াও তাঁহার জিহ্বা আশীর্বাণী ব্যতীত অভিশাপ উচ্চারণ করে নাই। তিনি কখনই আপামর সাধারণের পক্ষ সমর্থন করিতে বিরত হইতেন না। দুর্বল পতিত জাতিসমূহের গুণ শতমুখে বর্ণনা করিতেন, দোষ উদ্ঘাটন করিয়া তাহাদিগকে আরও দুর্বল করিয়া ফেলিতেন না। যাহাদিগের পক্ষ সমর্থন করিবার কেহ নাই, স্বামিজী অগ্রসর হইয়া তাহাদিগের স্বপক্ষে যাহা কিছু বলিবার আছে বলিয়া দিতেন। নাট্যসম্রাট গিরিশচন্দ্র ঘোষ মহাশয় সভাই বলিয়াছেন, “তোদের স্বামিজীকে অশ্রুত প্রতিভাশালী বেদান্তের পণ্ডিত বলিয়া ভালবাসি না, তাঁহার করুণায় সত্যতঃ দুই হৃদয়ের জন্যই তাঁহাকে ভালবাসি।”

১৮৯৬এর ৬ই জুলাই তিনি লন্ডন হইতে জনৈক শিষ্যকে লিখিয়াছিলেন — “* * * তুমি শুনিয়া সন্মুখী হইবে, সহানুভূতি ও মৈত্রীর সহিত আমি প্রত্যহ নব নব শিক্ষা লাভ করিতেছি। আমার মনে হয়, উন্মত্ত প্রকৃতি অ্যাংলো ইণ্ডিয়ানদিগের

মধ্যেও আমি দেবদ্ব উপলব্ধি করিতে আরম্ভ করিয়াছি। বোধ হইতেছে যে, আমি ক্রমে ক্রমে এমন এক অবস্থায় উপনীত হইতে চলিয়াছি, যেখানে ‘শযতান’ বলিয়া যদি কেহ থাকে, তাহাকে পর্যন্ত ভালবাসিতে পারিব।

“বিশ বৎসর বয়সের সময় আমি এত একগুঁয়ে ও গোঁড়া (fanatic) ছিলাম যে, কাহারও সহিত সহানুভূতি প্রকাশ করিতে পারিতাম না। কলিকাতায় যে সমস্ত রাস্তার থিয়েটার ছিল, সেগুলির সম্মুখের ফুটপাথের উপর দিয়া হাঁটিতাম না, আর এখন তেতিয়া বৎসব বয়সে আমি বেশ্যাগণের সহিত এক বাড়িতে অবস্থান করিতে পারি, এক মদ্যপানের জন্যও তাহাদিগকে ভৎসনা করিবার কথা মনেও উদয় হইবে না। আমি কি দিনে দিনে খারাপ হইয়া যাইতেছি? অথবা আমি ক্রমে ক্রমে বিশ্ব-প্রেমের দিকে অগ্রসর হইতেছি—যাহা প্রভু স্বয়ং? আমি শুনিয়াছিলাম, যে তাহার চতুর্দিকে মন্দ দেখিতে পায় না, সে কখনও ভাল কাজ করিতে পারে না। কই, আমি তো তাহা বঝিতেছি না, বরং আমি দেখিতেছি, আমার কার্য করিবার শক্তি দিনে দিনে বাড়িয়া চলিয়াছে। কোন কোন দিন আমার ভাব-সমাধি উপস্থিত হয়। তখন আমার মনে হয়, সব জিনিষকে আশীর্বাদ করি, ভালবাসি, আলিঙ্গন করি। আমি প্রকৃতই দেখিতেছি, মন্দ বলিয়া আমরা যাহা মনে করি, তাহা প্রান্তি মাত্র।”

আবাল্য সংস্কারের প্রভাব অতিক্রম করা সহজ নহে। পতিতা নাবীদের প্রতি তাহার মনের বিবদ্বন্দ্বভাব কিভাবে দূর হইয়াছিল, তাহার একটি গল্প স্বামিজী প্রায়ই বলিতেন। আমেরিকা যাত্রার প্রাক্কালে খেতবী হইতে স্বামিজী জয়পুরে আসেন। গুরুদেবকে বিদায় দিবার জন্য খেতবীর মহাবাজা জয়পুর পর্যন্ত আসিয়াছিলেন। একটি সান্দ্য অন্ত্রস্থানে মহারাজা একজন নর্তকীকে আহ্বান করেন। বৈঠকখানার ঘরে নৃত্যগীতের আয়োজন হইয়াছে। মহারাজা গান শুনিতে আসিবার জন্য স্বামিজীকে অনুবোধ করিয়া পাঠাইলেন। স্বামিজী উত্তর দিলেন, সন্ন্যাসী পক্ষে নর্তকীর নৃত্যগীতের আসরে যোগদান অন্যায়। এই কথা শুনিয়া নর্তকীটি মর্মাহত হইল। মহারাজার গুরু তাহাকে অবজ্ঞা করিলেন, সে কি এতই ঘৃণ্য। নারীসুলভ অভিমানে তাহার অন্তরাত্মা কাঁদিয়া উঠিল। সমস্ত মনপ্রাণ ঢালিয়া কন্দনকম্পিতকণ্ঠে সে গাহিল,—

“প্রভু মেরা অবগুণ চিতে না ধরো।

সমদরশী হৈ নাম তিহারো, চাহে তো পার করো॥

এই অর্কাট্রম আত্ম আকৃতি, পার্শ্ববর্তী কক্ষে উপবিষ্ট সম্যাসীর কর্ণে প্রবেশ
করিতে লাগিল—

এক লোহা পুজামে রাখত,
এক রহত ব্যাধ ঘর পর,
পরশকে মন স্বেধা নহী হৈ,
দহু এক কাশ্মন কবো ॥

ইক নদিয়া ইক নার কহাবত মৈলী নীর ভবো।
জব্ মিলি দোনো এক ববণ ভযো, সুরসদ্বি নাম পব,
ইক মায়া ইক ব্রহ্ম কহাবত সুরদাস ঝগেবো।
অজ্ঞানসে ভেদ হোবে, জ্ঞানী কাহে ভেদ করো ॥”

গণিকাব কণ্ঠ হইতে শ্রেষ্ঠ সাধক সুরদাসের বাণী ঋক্ষিত হইয়া সম্যাসীর চিত্ত
আকুল করিল—“জ্ঞানী কাহে ভেদ করো। হায় আমি অশ্বৈতবেদান্তবাদী সম্যাসী,
অথচ ভেদবৃন্দ এত তীর যে বেশ্যা বলিয়া ঘৃণ্য দর্শন পর্যন্ত করিলাম না।
আমার চক্ষু সন্মুখ হইতে একটা পর্দা উঠিয়া গেল, অনন্ত চিত্তে সেই নর্তকীর
নিকট দূর্ব্যবহারের জন্য লজ্জা প্রকাশ কবিলাম।”

অস্ত্র, উৎপীড়িত, দবিষ্ট, পতিতের তো কথাই নাই, সমাজে চিরঘৃণিতা বেশ্যাকে
পর্যন্ত তিনি করুণার সহিত আশীর্বাদ করিয়া গিয়াছেন। একদিন আমেরিকার
এক প্রশ্নোত্তর সভায় একজন সহসা প্রশ্ন করিয়াছিলেন, “স্বামিজী! অপবিত্রভার
ঘনীভূত প্রতিমারূপ বেশ্যাগণস্বারা সমাজের অমঙ্গল ব্যতীত আর কিছ্ সাধিত হই
কি?” স্বামিজী তৎক্ষণাৎ তাহার দিকে ফিরিয়া করুণারূপে বলিয়াছিলেন,
“পথোপরি তাহাদিগকে দেখিয়া ঘৃণায় নাসিকা কুণ্ঠিত করিও না। তাহারাই বর্মের
মত দাঁড়াইয়া শত শত সত্যকে লম্পটের অন্যায্য অত্যাচার হইতে রক্ষা করিতেছে
বলিয়া ধন্যবাদ দিও! তাহাদিগকে ঘৃণা করিও না।”

এই প্রসঙ্গে আর একটি কথা মনে পড়িল। যখন আচার্য মোক্ষমূলর রামকৃষ্ণ-
জীবনী প্রকাশ করেন, তখন রেভাঃ মজুমদার মহাশয় বিবিধ আপত্তি প্রকাশ করিয়া
যে পত্র লিখিয়াছিলেন, তাহাতে ইহাও উল্লেখ ছিল যে, “শ্রীরামকৃষ্ণের নৈতিক চরিত্র
তাদৃশ উন্নত ছিল না, যেহেতু তিনি বেশ্যাদিগকে ঘৃণা করিতেন না।” বিধানাচার্যের
এই উৎকট নীতিতত্ত্বের মর্ম অবশ্য মোক্ষমূলর উপলব্ধি করিতে না পারিয়া নরম
গরম দৃকথা জবাব দিয়াছিলেন।

এইরূপ কণ্ঠকজন আদর্শ নীতিবাদীর পক্ষ হইতে জনৈক ভদ্রলোক স্বামিজীর নিকট একখানি পত্র লিখিয়াছিলেন। তদুত্তরে স্বামিজী জনৈক গুরুদ্বাভাকৈ লিখিয়াছিলেন, “অদ্য রা—বাবু এক পত্র পাইলাম। তাহাতে তিনি লিখিতেছেন যে, দক্ষিণেশ্বরের মহোৎসবে অনেক বেশ্যা যাইয়া থাকে, সেজন্য অনেক ভদ্রলোকের তথায় যাইবার ইচ্ছা কম হইতেছে। * * * তদ্বিষয়ে আমার বিচার এই—

“১। বেশ্যারা যদি দক্ষিণেশ্বরের মহাতীর্থে যাইতে না পারে তো কোথায় যাইবে? গাপীদের জন্য প্রভুর বিশেষ প্রকাশ, পুণ্যবানের জন্য তত নহে।

* * * *

“৫। যাহারা ঠাকুরঘরে গিয়াও ঐ বেশ্যা, ঐ নীচজাতি, ঐ গরীব ছোটলোক ভাবে, তাহাদের (যাহাদের তোমরা ভদ্রলোক বল) সংখ্যা যত কম হয়, ততই মঙ্গল। যাহারা ভক্তের জাতি বা যোনি বা ব্যবসায় দেখে, তাহারা আমাদের ঠাকুরকে কি বুদ্ধিবে? প্রভুর কাছে প্রার্থনা করি যে, শত শত বেশ্যা আসুক তাঁব পাষে মাথা নোমাতে, ববং একজনও ভদ্রলোক না আসে নাই আসুক। বেশ্যা আসুক—মাতাল আসুক, চোর ডাকাত আসুক—তাঁর অব্যবিত স্মার।”

১৬ই ডিসেম্বর স্বামিজী শিষ্য ও শিষ্যাগণের নিকট বিদায় গ্রহণ করিয়া সৌভ্যার-দম্পতিসহ লন্ডন পরিভ্রমণ করিলেন। মিঃ গুড্‌উইন, নেপল্‌সে স্বামিজীর সহিত মিলিত হইবেন বলিয়া সাউদাম্পটন হইতে ইতালী অভিমুখে যাত্রা করিলেন। বিশ্ববিজয়ী আচার্যদেবের কর্মময় জীবনের আব একটি গৌরবময় অঙ্কের অভিনয় সমাপ্ত হইল। তিনি ভাবতে ফিবিবার জন্য বালকেব ন্যাষ অধীর হইয়া উঠিলেন। লন্ডন পরিভ্রমণ করিবার অব্যবহিত পূর্বে একজন ইংরেজ বন্ধু তাহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, “স্বামিজী! চার বৎসর বিলাসের লীলাভূমি, গোরবন্ধুটখারী মহা-শক্তিশালী পাশ্চাত্যভূমিতে ভ্রমণের পর আপনার মাতৃভূমি কেমন লাগবে!” স্বদেশ-প্রেমিক সন্ন্যাসী তৎক্ষণাৎ উত্তর দিয়াছিলেন, “পাশ্চাত্যভূমিতে আসিবার পূর্বে ভারতকে আমি ভালবাসিতাম, এক্ষণে ভারতের ধূলিকণা পর্ষন্ত আমার নিকট পবিত্র, ভারতের বাতাস আমার নিকট এখন পবিত্রতামাখা, ভারত এখন আমার নিকট তীর্থস্বরূপ।”

ফ্রান্সের মধ্য দিয়া আম্পস্ পর্বতমালা পশ্চাতে রাখিয়া পথিমধ্যে মিলান ও পিগা নগরী পরিদর্শন করিয়া স্বামিজী ও সৌভ্যার-দম্পতি ফ্লোরেন্স নগরীতে উপনীত হইলেন। ইতালীর চারুকলাবিদ্যার কেন্দ্রস্থান ফ্লোরেন্স নগরীর চিত্রশালা ও ঐতিহাসিক দ্রষ্টব্য স্থানগুলি পরিদর্শন করিয়া স্বামিজী পাকৈ পরিভ্রমণ



করিতেছেন, এমন সময় দৈবক্রমে শিকাগোর মিঃ এবং মিসেস্ হেইলের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। তাঁহারা অপ্ৰত্যাশিতভাবে স্বামিজীর দর্শন পাইয়া বিশেষ আহ্লাদিত হইলেন। পাঠকবর্গের স্মরণ থাকিতে পাবে, শিকাগো মহামেলার অব্যবহিত পূর্বে মিসেস্ হেইলই তাঁহাকে আশ্রয় প্রদান ও নানাপ্রকারে সাহায্য করিয়াছিলেন। ইহা বা স্বামিজীকে পদেবং স্নেহ করিতেন। স্বামিজী প্রচাব-কার্যোপলক্ষে যতবারই শিকাগোয় গিয়াছেন, ইহারা কোনবারই তাঁহাকে হোটেলের অবস্থান করিতে দেন নাই।

ফ্লোরেন্স হইতে তাঁহারা ইতিহাস-বিশ্রুত প্রাচীন রোমক জাতির কীর্তি-কলাপের গোববময় শ্মশানভূমি মহানগরী রোমে প্রবেশ করিলেন। মিসেস্ সেভিয়ার পূর্ব হইতেই স্বামিজীর আমেরিকান বন্ধু মিস্ ম্যাকলিয়ডের নিকট হইতে রোমনগরীর ইংরাজ সমাজে সুপরিচিতা মিস্ এড্‌ওয়ার্ডসের ঠিকানা সংগ্রহ করিয়াছিলেন। মিস্ ম্যাকলিয়ডের ভ্রাতৃকন্যা মিস্ এলবার্টা স্টারগিসও ইহার সহিত রোমে বাস করিতেছিলেন। এই রমণীম্বয় স্বল্পকাল মধ্যেই স্বামিজীর ভক্ত হইয়া পড়িলেন এবং যে এক সপ্তাহকাল তিনি রোমে ছিলেন, ইহারা প্রত্যহ তাঁহাকে লইয়া ইতিহাস-প্রসিদ্ধ স্থানসমূহ দর্শন করিতে গমন করিতেন। রোম হইতে স্বামিজী নেপ্লসে আগমন করিলেন। জাহাজ বন্দরে আসিবার বিলম্ব আছে দেখিয়া তাঁহারা ভিস্‌দুবিয়স্ আশেনমর্গিবি ও পম্পাই নগরী দর্শন করিয়া লইলেন। ইতোমধ্যে সাউদাম্পটন হইতে ভারতগামী জাহাজ আসিয়া পড়িল। তন্মধ্যে মিঃ গুড্‌উইনকে দেখিয়া স্বামিজী হৃষ্ট হইলেন। ৩০শে ডিসেম্বর তিনি সদলবলে ভারতভিমুখে যাত্রা করিলেন।

ষষ্ঠ অধ্যায়
যুগ-প্রবর্তক বিবেকানন্দ
(১৮৯৭—১৮৯৯)

“এবার কেন্দ্র ভাবতবর্ষ” — বিবেকানন্দ

দীর্ঘ চার বৎসরের অগ্রান্ত ভ্রমণ পবিসমাপ্ত হইয়াছে। বিবেকানন্দ জাহাজে বসিয়া হিসাব-নিকাশ করিতে লাগিলেন, কি দিলাম, কি লইয়া গেলাম। প্রাচ্য ও পাশ্চাত্যের শ্রেষ্ঠ চিন্তা ও আধ্যাত্মিক ভাববিনিময়ের দ্বারা সমন্বয় ও সামঞ্জস্য সাধন, একজীবনের কাজ নহে। পাশ্চাত্যের সাহস, শক্তি, প্রতিভা, বৈজ্ঞানিক আবিষ্কৃত্য দেখিয়া স্বামিজী যেমন মুগ্ধ হইয়াছিলেন তেমন রাজনীতির নামে মুষ্টিমেয় ব্যক্তির অজস্র উৎকোচ দিয়া ভোট, ব্যালটেব সাহায্যে আধিপত্য, বণিকের শোষণনীতি এবং সাম্রাজ্যবাদীর রাজ্যলিপ্সা দেখিয়া তিনি ক্ষুব্ধ হইয়াছিলেন। বিশেষভাবে ভারতবিজয়ী ইংলন্ডকে তিনি তাহার স্বম্বরূপে দেখিয়াছিলেন। দেখিয়াছিলেন,—“সংসার সমুদ্রের সর্বজয়ী বৈশ্যশক্তির অভ্যুত্থানরূপ মহাতবণের শীর্ষস্থ শূদ্র ফেনরাশির মধ্যে ইংলন্ডের সিংহাসন প্রতিষ্ঠিত। * * ঈশামসি, বাইবেল, রাজপ্রাসাদ, চতুরাঙ্গীবলের ভূকম্পকারী পদক্ষেপ, তুরীভেবীর নিনাদ, রাজসিংহাসনের বহু আড়ম্বর, এ সকলের পশ্চাতে বাস্তব ইংলন্ড বিদ্যমান। যে ইংলন্ডের ধ্বজা কলের চিম্নি, বাহিনী পণ্যপোত, যুদ্ধক্ষেত্র জগতের পণ্য-বীথিকা এবং সম্রাজ্ঞী স্বয়ং সুবর্ণাঙ্গী শ্রী।”

সুদূর সম্প্রসারিত সুক্ষ্মদৃষ্টি লইয়া স্বামিজী আরো দেখিয়াছিলেন, বণিক বা বৈশ্যশাসিত এই ইউরোপের বৃহৎ শক্তির বিদ্রোহ ধুমায়িত। “সমষ্টির জীবনে ব্যাষ্টির জীবন। সমষ্টির সূত্রে ব্যাষ্টির সূত্র, সমষ্টি ছাড়িয়া ব্যাষ্টির অস্তিত্বই অসম্ভব, এ অনন্ত সত্য—জগতের মূলভিত্তি। * * * প্রকৃতির চক্ষে ধূলি দিবার শক্তি কাহার? সমাজের চক্ষে অনেকদিন ধূলি দেওয়া চলে না। * * * সর্বসেহা ধরিয়াই ন্যায় সমাজ অনেক সহেন, কিন্তু একদিন না একদিন জাগিয়া উঠেন এবং সে উষ্মাধনের বীর্বে যুগযুগান্তের সম্ভিত মলিনতা ও স্বার্থপরতারশি ধৌত

হইয়া যায়।” তাঁহার ঐতিহাসিক দৃষ্টি, পাশ্চাত্য সভ্যতার বাহ্য আবরণ ভেদ করিয়া, উহার সমাজ-জীবনের গভীর অসামঞ্জস্যগুলি প্রত্যক্ষ করিয়াছিল। সমস্ত পৃথিবী যন্ত্রবলে মদুর্ভিক্ষবলে চাপিয়া ধরিয়া লোভ, পরজাতিবিশেষ এবং ঘৃণার উন্মত্ত পশ্চিমের বিজয়োন্মত্ত জয়যাত্রা তাহাকে আবার যুদ্ধ ও বিপ্লবের অপঘাতের মধ্যে টানিয়া লইয়া চাליয়াছে। পাশ্চাত্যের সমাজ-জীবনের আসন্ন শোকাবহ পরিণতি লইয়া তিনি মাঝে মাঝে তাঁহার বিদেশী শিষ্য-শিষ্যাদের সহিত আলোচনা করিতেন। সিন্ধার ক্রিষ্টন তাঁহার স্মৃতিকথায় লিখিয়াছেন, ইউরোপে পদার্পণ করিবার পরই তিনি ইহা অনুভব করিয়াছিলেন, এবং বলিয়াছিলেন,—“ইউরোপ এক আগ্নেয়গিরির পার্শ্বে রহিয়াছে। যদি এক আধ্যাত্মিক প্রবাহে এই আগুন না নিভে, তাহা হইলে ইহা ফাটিয়া পড়িবে।” (১৮৯৫)

সিন্ধার ক্রিষ্টন আব একটি বিস্ময়কর ভবিষ্যৎবাণীর কথা লিপিবদ্ধ করিয়াছেন—ব্রিটন বৎসব পূর্বে (১৮৯৬) তিনি (স্বামিজী) আমাকে বলিয়াছিলেন, “পরবর্তীকালে যে বিরাট আলোড়নে আর একটি যুগের সূচনা হইবে, তাহা রাশিয়া হইতে, অথবা চীন হইতে আসিবে, আমি স্পষ্ট করিয়া দোঁখতে পাইতেছি না, কিন্তু ইহা ঐ দুইটি দেশের একটিতেই ঘটিবে।”*

“জগতে এখন বৈশাখিকাবের (বণিক) তৃতীয় যুগ চলিতেছে। চতুর্থ যুগে শূদ্রাধিকার (প্রলেটারিয়েট) প্রতিষ্ঠিত হইবে।”

“বর্তমান ভারত” প্রবন্ধেও স্বামিজী বৈশ্য যুগের দোষণগুলি বিচার করিয়া অবশেষে এই সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন,—“এমন সময় আসিবে, যখন শূদ্রের সহিত শূদ্রের প্রাধান্য হইবে, অর্থাৎ বৈশ্যের ক্ষতিগ্রস্ত লাভ করিয়া শূদ্রজাতি যে প্রকার বলবীর্য বিকাশ করিতেছে, তাহা নহে, শূদ্রধর্মকর্ম সহিত সর্বদেশের শূদ্ররা একাধিপত্য লাভ করিবে। তাহারই পূর্বাভাসচ্ছটা পাশ্চাত্য জগতে ধীরে ধীরে উদ্ভূত হইতেছে।”

বৈদান্তিক সম্যাসী হইয়াও সমসাময়িক যুগের রাজনৈতিক ও অর্থনৈতিক শক্তিশালী সমাজজীবনে ক্রিয়াপ্রতিক্রিয়া সম্বন্ধে তিনি বিশেষভাবেই সচেতন ছিলেন। ভাবী পরিবর্তন সম্পর্কে তাঁহার ঐতিহাসিক বোধ কত তীক্ষ্ণ ছিল, ১৮৯৬

* ১৯১৭ সালে বলশেভিক বিপ্লবের পর জার সাম্রাজ্যবাদের উচ্ছেদের পর রাশিয়ার কৃষক শ্রমিকের সোভিয়েত রাষ্ট্র প্রতিষ্ঠা এবং ১৯৪৯ সালে মহাচীনে জনগণের লোকতন্ত্র শাসন প্রতিষ্ঠিত হইয়া স্বামিজীর ঐতিহাসিক সিদ্ধান্তের অদ্রাস্ততা প্রতিপন্ন করিয়াছে।

সালের নভেম্বর মাসে লন্ডন হইতে জনৈক আমেরিকান বন্ধুকে লিখিত পত্রে আমরা তাহার পরিচয় পাই। তিনি লিখিতেছেন,—

“মনুষ্যসমাজে পৰ্যায়ক্রমে চারিটি শ্রেণী আধিপত্য করিয়া থাকে,—পুরুোহিত, যোদ্ধা, বণিক এবং শ্রমিক। প্রত্যেক শাসনাধিকারে গোঁব ও হুটি দুইই বিদ্যমান। যখন পুরুোহিতকুল শাসন করেন, তখন বংশানুক্রমে ভিত্তিতে তাঁহারাই সর্বসর্বা হইয়া উঠেন, তাঁহাদের অধিকার বহুবিধ বিধিনিষেধের রক্ষাকবচ দ্বারা সুরক্ষিত থাকে। সর্ববিদ্যাব তাঁহারাই অধিকারী, জ্ঞানদানেব অধিকার একমাত্র তাঁহাদেরই একচেটিয়া। ইহার সফল এই যে, এইকালে বিবিধ বৈজ্ঞানিক জ্ঞানের সূচনা। পুরুোহিতরা মানসিক উৎকর্ষসাধনে যত্নবান, এই মানসিক বলের সাহায্যেই তাঁহারা শাসন করেন।

“ক্ষত্রিয়ের (সামন্ততান্ত্রিক যুগ) শাসন স্বেচ্ছাচারী ও নিষ্ঠুর, কিন্তু তাঁহারা অপরাপরকে বাদ দিয়া বিশেষ মণ্ডলীতে আবদ্ধ নহেন, ফলে এই যুগে শিল্পকলা ও সামাজিক সংস্কৃতির সর্বোচ্চ বিকাশ হয়।

“তাহাব পবেই বৈশ্য-শাসন (বণিক ও শিল্পপতি)। ইহাব নিঃশব্দ পেষণ এবং শোণিত শোষণ কবিবার ক্ষমতা ভয়াবহ। ইহাব স্দবিধা এই, বণিক সকল দেশেই যায়, এবং সে বাহন হইয়া পুরুোহিত দুই যুগেব ভাবধারা সর্বত্র প্রচার করে। ইহারা ক্ষত্রিয় অপেক্ষাও অধিকতর সামাজিক, কিন্তু এই যুগে সংস্কৃতির অধঃপতন আরম্ভ হয়।

“ইহার পর আসিবে শ্রমিক (শূদ্র) শাসন। ইহার স্দবিধা এই, বাহ্যসম্পদ ও দৈহিক স্দস্দবিধা সমাজের সর্বস্তরে বিতরিত হইবে, ইহাব অস্দবিধা (সম্ভবতঃ) সংস্কৃতির অবনতি ঘটবে। সাধারণ শিক্ষার প্রসার ঘটবে, কিন্তু অসাধারণ প্রতিভা বিরল হইবে।

“যদি এমন একটি রাষ্ট্র গঠন সম্ভবপর হয়, যেখানে পুরুোহিত্য যুগের জ্ঞান, সামন্ত যুগের সংস্কৃতি, বণিক যুগেব বণ্টনের আদর্শ এবং শ্রমিক যুগের সাম্যের আদর্শ অব্যাহত থাকিবে, অথচ তাহাদের দোষগুলি থাকিবে না, তাহাই হইবে আদর্শ রাষ্ট্র। কিন্তু ইহা কি সম্ভব?

“যাহা হউক, প্রথম তিনটি যুগ শেষ হইয়া গিয়াছে। এখন সর্বশেষ যুগের সম্ব উপস্থিত। তাহারা (শ্রমিকেরা) নিশ্চয়ই ইহা পারিবে—কেহ প্রতিরোধ করিতে পারিবে না। * * আমি নিজে একজন সমাজতন্ত্রবাদী (সোশ্যালিস্ট),—এই ব্যবস্থা সর্বাঙ্গসুন্দর বলিয়া নহে, কিন্তু পুরা রুটি না পাওয়া অপেক্ষা অধিক রুটি ভাল।”

অশ্বৈতবেদান্ত প্রচার ছাড়াও পাশ্চাত্যদেশে গমনের তাঁহার যে উদ্দেশ্য ছিল, তাহা সম্পূর্ণ সিঁধ হইল না। দুর্বল জাতিগণের অধিকার লঙ্ঘনের অধর্ম দ্বঃসাহসিকতায় নিলঞ্জ, ভোগলোলুপ, আত্মপরায়ণ পাশ্চাত্যের নিকট পরাধীন দীনদরিদ্র ভারতবাসীর জন্য যে সাহায্য যে সুবিচার তিনি প্রত্যাশা করিয়াছিলেন, তাহা পাইলেন না। অতুল ঐশ্বর্যশালী পাশ্চাত্যদেশে ভিক্ষা করিয়া তিনি যাহা পাইলেন, তাহা মৃষ্টিভিক্ষা মাত্র। অথচ দারিদ্র্যে পীড়িত, কুসংস্কারে আচ্ছন্ন, ভারতবর্ষেব দ্রষ্ট জীবনের প্রনষ্ট গোঁব উদ্ভাবের ব্রতই যে তাঁহার ব্রত। ভারতের চিন্তা-সম্পদে ইউরোপের দর্শন, সাহিত্য পরিপুষ্ট হইয়াছে, ভাবতের ঐশ্বর্য়ে ইউরোপ ঐশ্বর্যশালী হইয়াছে, ইহা ইউরোপ ভুলিয়াছে, সেজন্য কৃতজ্ঞ হওয়া তো দূরের কথা। এ দিক দিয়া বিচার করিলে, স্বামিজীব পাশ্চাত্যদেশে গমনের প্রধান উদ্দেশ্য খুব বেশী সাফল্যলাভ করে নাই। কিন্তু তিনি ক্ষুদ্র হইলেও নিরাশ হইলেন না। ভারতে নূতন করিয়া কার্য করিতে হইবে, ভারতের জাতীয় জীবনের পুনর্গঠন আবশ্যিক। ধর্মকে জীবন্ত, সমাজকে গতিশীল করিয়া সংসাহসী ও বীর্যবান মানুস সৃষ্টি করিতে হইবে। “আমি এমন এক ধর্ম প্রচার কবিতো চাহি যাহাতে মানুস তৈয়াবী হয়”। স্বদেশপ্রেমিক সন্ন্যাসী স্থির করিলেন, এবাব তাঁহার কর্মকেন্দ্র ভারতবর্ষ।

১৫ই জানুয়ারী সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে সিংহলের শ্যামল তটভূমি দৃষ্টিপথে পতিত হইল। হরিদ্রাভ বালুকাপূর্ণ বেলাভূমির স্বর্ণোজ্জ্বল বিভা, আনন্দোদ্যালত নারিকেল-বৃক্ষ-শীর্ষগুণ্ডির গাঢ় হরিৎ বর্ণ-সম্পদ সন্দর্শন করিয়া স্বামী বিবেকানন্দ বালকের মত উদ্বেজনাধর হইয়া উঠিলেন। জাহাজ ধীরে ধীরে কলম্বো বন্দরে প্রবেশ করিয়া নোঙ্গর করিল। তরঙ্গমালার দূতসংঘাত-জনিত ভৈববক্স্রোলের সহিত বাষ্পীষপোতের গুরু-গম্ভীর বংশীধ্বনি মিলিত হইয়া যেন বিবেকানন্দের আগমন-বার্তা ঘোষণা করিল।

স্বামিজী স্বদেশে ফিরিয়া আসিতেছেন, এ সংবাদ প্রচারিত হইবামাত্র তাঁহাকে সাদর অভ্যর্থনা করিবার জন্য নানা সহর প্রস্তুত হইল। সিংহল ও মাদ্রাজপ্রদেশের প্রধান প্রধান নগরের নাগরিকগণ সম্মিলিত হইয়া অভ্যর্থনা সমিতি গঠন করিয়া প্রস্তুত হইয়া রহিলেন। তিনি কলম্বো অবতরণ করিবেন সংবাদ পাইয়া তাঁহার দুইজন গুরুদ্রাভা ও কয়েকজন মাদ্রাজী শিষ্য পূর্বাচ্ছে তথায় আগমন করিলেন। কলম্বোর হিন্দুসমাজ স্বামিজীকে প্রথম অভ্যর্থনা করিবার গৌরবময় অধিকার পাইয়াছেন বলিয়া উৎসাহের সহিত আয়োজনে প্রবৃত্ত হইলেন। কিন্তু যাহার জন্য

দেশব্যাপী আলোচনা চলিতেছিল, তিনি ইহার বিন্দুবিসর্গও অবগত ছিলেন না। যখন তাহার স্বদেশ অভিনব উৎসাহোচ্ছ্বাসে মুগ্ধরিত হইয়া উঠিয়াছিল, তিনি তখন নীরবে পোতাভ্যন্তরস্থ ক্ষুদ্রকক্ষে বসিয়া ভারতের বর্তমান ও ভবিষ্যতের সমস্যাগুলি চিন্তা করিতেছিলেন। নবীন ভারতের পুনরুত্থানকল্পে তিনি যে বার্তা প্রচার করিবার জন্য বম্শপারিকর হইয়াছেন, যে শিক্ষা-দীক্ষার ভিতর দিয়া জাতীয়-জীবন সরস, জাগ্রত ও মহিমময় করিয়া গড়িয়া তুলিবার সঙ্কল্প করিয়াছেন, তাহা জনসাধারণ গ্রহণ করিবে কি না? যদি না করে, তাহা হইলে কি উপায় অবলম্বন করিবেন? এইরূপ চিন্তা করিতে করিতে তিনি সংশয়াতুর চিত্তে কলম্বো বন্দরে অবতীর্ণ হইলেন।

তাঁহার গৈরিক-উষ্ণ-মণ্ডিত শির দৃষ্টিপথে পতিত হইবামাত্র, সমুদ্রতীরে সমবেত বিপুল জন-সংঘ হর্ষোচ্ছলকণ্ঠে জয়ধ্বনি করিয়া উঠিল। তখনও সন্ধ্যা হয় নাই, অস্তগামী সূর্যের পীতভ-লোহিত-রশ্মিমালা-স্নাত-সন্ন্যাসী বিন্ধ্য-বিমূঢ়বৎ দণ্ডায়মান হইলেন। যখন কলম্বোর হিন্দুসমাজের মুখপাত্রস্বরূপ মাননীয় কুমারস্বামী কতিপয় বিশিষ্ট ব্যক্তি সমভিব্যাহারে অগ্রসর হইয়া তাঁহাকে মনোহর যুথিকা পুষ্পমালায় ভূষিত করিলেন, তখন তিনি বদ্বিলেন যে, এ বিপুল অভ্যর্থনার আয়োজন তাঁহারই জন্য। যুগলাশ্বযোজিত শকটে আরোহণ করিয়া স্বামিজী নগরমধ্যে প্রবেশ করিলেন। পথ-পুষ্প-পল্লব-রচিত তোরণস্বাব অতিক্রম করিয়া ক্রমে শোভাঘাটা, পতাকা ও পুষ্পমালাশোভিত রাজপথ বাহিয়া “দারুচিনি উদ্যান” সম্মুখে বিরাট মণ্ডপে উপনীত হইল। স্বামিজী শকট হইতে অবতরণ করিবামাত্র শত শত ব্যক্তি তাঁহার পদধূলি গ্রহণ করিতে লাগিলেন। মাননীয় কুমারস্বামী তাঁহার সম্মুখে প্রণত হইয়া অভিনন্দন-পত্র প্রদান করিলেন।

সমবেত জনতার উৎসাহদীপ্ত আনন্দ কোলাহলের মধ্যে স্বামিজী অভিনন্দন-পত্রের উত্তর প্রদান করিবার জন্য দণ্ডায়মান হইলেন। প্রসংগক্রমে তিনি বলিলেন যে, “আমি কোন মহারাজা বা ধনকুবের বা প্রসিদ্ধ রাজনীতিক নহি, কপর্দকহীন ভিক্ষুক সন্ন্যাসী মাত্র। আপনারা যে আমাকে সাদর অভ্যর্থনা করিলেন, ইহাতে আমি বদ্বিতোছি, হিন্দুজাতি এখনও তাহার আধ্যাত্মিক সম্পদ হারায নাই। নতুবা একজন সন্ন্যাসীর প্রতি এত ভক্তি-প্রস্থা প্রদর্শন করিবে কেন? অতএব, হে হিন্দুগণ, তোমরা জাতীয়-জীবনের এই বিশেষ হারাইও না। নানাপ্রকার প্রতিকূল অবস্থার মধ্যেও ধর্মদর্শকে দৃঢ়বলে ধরিয়া রাখ।”

অতঃপর স্বামিজীকে বিশ্রামাগাবে লইয়া যাওয়া হইল। কিঞ্চৎকালপরে তিনি

দেখিলেন, তাঁহার স্থানাভাবে মণ্ডপে তাঁহার দর্শনলাভে বিফলকাম হইয়াছেন, তাঁহারা গৃহস্থারে সমবেত হইয়াছেন। স্বামিজী বারান্দায় আসিয়া তাঁহাদিগের সম্মুখে দাঁড়াইয়া মৃদুহাস্যরঞ্জিত বদনে নমস্কার করিলেন। সকলেই আগ্রহ ও ভক্তির সহিত, তাঁহার পদধূলি গ্রহণ করিতে লাগিলেন, স্বামিজী “নারায়ণ” বলিয়া প্রীত্যেককে আশীর্বাদ করিলেন।

১৬ই জানুয়ারী অপরাহ্নে তিনি “ফ্লোরাল হলে” একটি বক্তৃতা প্রদান করিলেন। পাশ্চাত্য হইতে প্রত্যাগমনের পর ইহাই তাঁহার সর্বপ্রথম বক্তৃতা। বক্তৃতার বিষয় ছিল—“পুণ্যভূমি ভারতবর্ষ।”

স্বামিজীর প্রথম শিষ্য সাক্ষেতিকলিপিবিন্দু মিঃ গুডউইন, একমাত্র তাঁহার অক্লান্ত পরিশ্রমেই আমরা আচার্যদেবের বক্তৃতাগুলি পুস্তকাকারে পাইয়াছি, যিনি সর্বদা ছায়ায় মত শ্রীগুরুদেব পার্শ্বলগ্ন হইয়া থাকিতেন, স্বামিজীর বক্তৃতাগুলি পাঠ করিতে বসিলেই তাঁহার পুণ্যস্মৃতির উদ্দেশ্যে স্বতঃউচ্ছ্বাসিত কৃতজ্ঞতাষ হৃদয় পরিপূর্ণ হইয়া উঠে। “শ্রীরামকৃষ্ণ মঠ” কর্তৃক প্রকাশিত “ভারতে বিবেকানন্দ” নামক পুস্তকে স্বামিজীর এতদ্দেশে প্রদত্ত বক্তৃতাগুলি অনেকেই পাঠ করিয়াছেন, অতএব আমি কেবল প্রয়োজন মত স্থানে স্থানে উহা উল্লেখ করিয়া ক্ষান্ত হইব।

পবদিবস অধিকাংশ সময়ই আচার্যদেব দর্শকবৃন্দের সহিত ধর্মালোচনায় কাটাইয়া দিলেন। অপরাহ্নে স্থানীয় শিবমন্দির সন্দর্শনে গমন করিলেন। পথিমধ্যে দলে দলে ব্যক্তি তাঁহাকে পুষ্প ফল মালা ইত্যাদি উপহাৰ দিতে লাগিলেন। নগরীর সৌধ-বাতায়নগুলি হইতে পুরনারীগণ পুষ্প ও গোলাপজল বর্ষণ করিতে লাগিলেন। মন্দির-স্বারে উপনীত হইবামাত্র “জয় মহাদেব” ধ্বনি সহকারে সমবেত জনতা তাঁহাকে অভ্যর্থনা করিল। শ্রীমন্দির দর্শন ও প্রদক্ষিণান্তে পূর্বোহিতগণের সহিত ক্রিয়াকাল আলাপ করিয়া তিনি আবাসে প্রত্যাবর্তন করিলেন। কয়েকজন শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ-পণ্ডিত তাঁহার জন্য অপেক্ষা করিতেছিলেন। প্রায় রাতি আড়াইটা পর্যন্ত স্বামিজী তাঁহাদিগের সহিত শাস্ত্রালোচনা করিলেন। পরদিবস প্রাতে কলম্বোর “পাবলিক হলে” “বেদান্ত দর্শন” সম্বন্ধে একটি সুদীর্ঘ বক্তৃতা প্রদান করিলেন। এই সভায় কয়েকজন ভারতবাসী ইউরোপীয় পরিচ্ছদ পরিধান করিয়া আসিয়াছিলেন। তাঁহারা চাল-চলন ভাব-ভঙ্গীতেও শ্বেতাঙ্গের অনুল্লকরণ করিতেছেন দেখিয়া স্বামিজী দুঃখিতভাবে তাঁহাদিগকে মৃদুর মত পরানুল্লকরণ প্রবৃত্তি পরিত্যাগ করিয়া জাতীয় স্বভাব বজায় রাখিবার উপদেশ দিলেন।

১৯শে জানুয়ারী তিনি কলম্বো হইতে “স্পেশাল ট্রেনে” ক্যান্ডি অভিমুখে

যাত্রা করিলেন। স্বামিজীর কলশেবা হইতে জাহাজে মাদ্রাজ যাইবার সঙ্কল্প ছিল, কিন্তু সিংহল ও দাক্ষিণাত্যের বিভিন্ন স্থান হইতে ক্রমাগত সাগ্রহ আহ্বানসূচক এত তার আসিতে লাগিল যে, তিনি সে সঙ্কল্প পরিত্যাগ করিলেন। অবশেষে স্থলপথেই মাদ্রাজ যাইবার সঙ্কল্প স্থির হইল।

কান্দিতে হিন্দুসমাজের পক্ষ হইতে প্রদত্ত অভিনন্দন-পত্রের সংক্ষিপ্ত উত্তর প্রদান করিয়া স্বামিজী জাফ্নাভিমুখে অগ্রসর হইলেন। বৌদ্ধধর্মের প্রাচীন কীর্তিসমূহের জন্য বিখ্যাত নগরী অনুবোধাপুরমে স্বামিজী স্থানীয় অধিবাসিবৃন্দের অনুরোধে “উপাসনা” সম্বন্ধে একটি বক্তৃতা করিলেন। বুদ্ধগয়ার বোধিদ্রুমের শাখা হইতে উৎপন্ন সুপ্রাচীন পবিত্র অশ্বখবৃক্ষতলে সভাব আয়োজন হইয়াছিল। অনুবোধাপুরম্ হইতে জাফ্না ১২০ মাইল দূরবর্তী। স্বামিজী সঙ্গগণ সমাভিযাহাবে গো-শকট-যোগে ধীরে ধীরে অগ্রসর হইতে লাগিলেন। প্রত্যহ পথিমধ্যে গ্রামসমূহ হইতে শত শত হিন্দু ও বৌদ্ধ তাঁহাকে দর্শন করিবার জন্য দাঁড়াইয়া থাকিত। স্বামিজী বিস্মিত হইলেন যে, তাঁহার শিকাগো বক্তৃতার সাফল্যের সংবাদ সিংহলের গ্রামবাসী কৃষককুল পর্যন্ত শুনিয়াছে।

সম্মার সময় স্বামিজী জাফ্নায় উপনীত হইলেন। সুসজ্জিত রাজপথের মধ্য দিয়া ধীরে ধীরে শোভাযাত্রা অগ্রসর হইল। স্থানীয় হিন্দু কলেজের প্রাঙ্গণে একটি মনোবম মণ্ডপ প্রস্তুত হইয়াছিল। স্বামিজীকে তথায় লইয়া যাওয়া হইল। প্রায় পনের হাজার ব্যক্তি শোভাযাত্রায় যোগদান করিয়াছিলেন। নাগরিকগণের আনন্দ ও উৎসাহোচ্ছ্বাস বর্ণনাতীত। জাফ্নায় অভিনন্দন-পত্রের সংক্ষিপ্ত উত্তর দিয়া পরদিবস আচার্য্যদের বেদান্ত সম্বন্ধে বক্তৃতা প্রদান করিলেন। সিংহল ভ্রমণ সমাপ্ত হইল। জাফ্না হইতে একখানি ষ্টীমার ভাড়া করিয়া স্বামিজী তাঁহার শিষ্যবর্গ ও গুরুদ্রাতা স্বামী নিরঞ্জনানন্দজী সহকারে ভারতবর্ষাভিমুখে যাত্রা করিলেন। পূর্ব হইতে সংবাদ পাইয়া রামনাদাশিপ রাজা ভাস্করবর্মী সেতুপতি সদলবলে পাম্বানে উপস্থিত ছিলেন। বিপুল জনসম্মেলনে উদ্‌গ্রীব হইয়া স্বামিজীর প্রতীক্ষা করিতেছিল। ষ্টীমার হইতে তাঁরে অবতরণ করিবার জন্য স্বামিজী রাজকীয় সুসজ্জিত “বোট” আরোহণ করিলেন।

“প্রচারশীল হিন্দুধর্মের” সর্বপ্রথম প্রতিনিধি স্বামী বিবেকানন্দ ভারতের মৃত্তিকাষ শ্রুত পদার্পণ করিবামাত্র সমবেত জনসম্মেলন জয়ধ্বনি করিয়া উঠিলেন। রামনাদাশিপ ভূলুপ্ত হইয়া স্বামিজীর চরণে পতিত হইলেন। সপ্তে সপ্তে সহস্র সহস্র শিব ভূমি স্পর্শ করিল। সম্মার রক্তাভ-ধূসর আকাশতলে সহস্র সহস্র প্রাণের

স্বতন্ত্রত্ব ভাববিগলিত এ মহিমময় দৃশ্য ভারতের ইতিহাসে এক অপূর্ব ঘটনা। আচার্যদেব, বাজাজী ও পার্শ্ববর্তী অন্যান্য সকলকে ভূমি হইতে উত্তোলন করিয়া আশীর্বাদ করিলেন। সমুদ্রতীরে বিচর চন্দ্রাতপতলে নাগালিঙ্গম্ পিলাই পাম্বানের অধিবাসিবৃন্দেব পক্ষ হইতে অভিনন্দন-পত্র প্রদান করিলেন। রামনাদবাজ ও এম্ কে নাথার ভাবাবেগে স্বামিজীর গুণকীর্তন করার পব, স্বামিজী পাম্বান-বাসীকে ধন্যবাদ প্রদান করিয়া মর্মস্পর্শী ভাষায় একটি নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করিলেন। উপসংহাবে তিনি বলিলেন, “রামনাদের বাজা আমাব উপর যে ভালবাসা দেখাইয়াছেন, তজ্জন্য তাঁহার প্রতি কৃতজ্ঞতার আবেগ আমি ভাষায় প্রকাশ করিতে অক্ষম। যদি আমাব স্বাবা কিছু কিছু সংকার্য হইয়া থাকে, তবে তাহার প্রত্যেকটির জন্য ভাবত এই মহাপুরুষের নিকট ঋণী, কারণ আমাকে শিকাগো পাঠাইবার কল্পনা তাঁহার মনে প্রথম উদ্ভূত হয়। তিনি আমার রাখায় ঐভাবে প্রবেশ করাইয়া দেন এবং উহা কার্যে পবিণত করিবার জন্য আমাকে বাববার উত্তেজিত করেন। এক্ষণে তিনি আমাব পার্শ্ব দাঁড়াইয়া তাঁহার স্বভাবসিদ্ধ উৎসাহে আরো অধিক কার্যের আশা করিতেছেন। যদি ইংহাব ন্যায় আবও কয়েকজন রাজা আমাদেব প্রিব মাতৃভূমির কল্যাণে আগ্রহান্বিত হইয়া জাতীয় উন্নতিব চেষ্টা করেন, তবে বড়ই ভাল হয়।”

সভাভঙ্গে স্বামিজীকে তাঁহার বাসের জন্য নির্দিষ্ট বাংলায় লইয়া যাওয়া হইল। রাজাজীর আদেশানুসারে শকট হইতে অশ্ব উন্মোচন করা হইল। উপস্থিত ব্যক্তিগণ, এমনকি, রাজা স্বয়ং ঐ শকট টানিয়া লইয়া যাইতে লাগিলেন। পরদিবস স্বামিজী প্রসিদ্ধ খ্রীষ্টীরামেশ্ববেব মন্দির দর্শন করিতে গেলেন। প্রায় পাঁচ বৎসর পূর্বে এইস্থানে স্বামিজী তাঁহার পবিব্রাজক ব্রত উদ্‌যাপিত করিয়াছিলেন, তখন তিনি অপরিচিত সন্ন্যাসী যাত্র। বাজকীয় শকট মন্দিরসমীপবর্তী হইবামাত্র হস্তী, উষ্ট্র, অশ্ব, মন্দিরেব চিহ্নিত পতাকাসমূহ ও সঙ্গীতসম্প্রদায় সহকারে বিরাট শোভাযাত্রা প্রত্যাগমন করিয়া স্বামিজীকে অভ্যর্থনা করিল। তিনি মন্দিরে প্রবেশ করিয়া সহস্রস্তম্ভোপরি বিবাজিত চাঁদুনি ও বিরাট মন্দিরের অপূর্ব কারুকার্য সমূহ দর্শন করিলেন। দেবদর্শন সমাপ্ত হইলে স্বামিজীকে মন্দিরস্থ বহুমূল্য মণি মন্ত্রা হীরক প্রভৃতি দেখান হইল। অবশেষে তাঁহাকে বক্তৃতা প্রদান করিতে অনুরোধ করা হইল। স্বামিজীর ইংরেজী ভাষায় প্রদত্ত বক্তৃতা মিঃ নাগালিঙ্গম্ তামিল ভাষায় অনুবাদ করিয়া সাধারণকে বুঝাইয়া দিতে লাগিলেন। স্বামিজী ভারতের অন্যতম পবিগ্রামের মন্দিরপ্রাঙ্গণে দাঁড়াইয়া ঘোষণা করিলেন,—যত্র জীব তত্র শিব। এই মহামন্ত্রে অনুপ্রাণিত হইয়া প্রাতি নরনারীর সেবার অগ্রসর হওয়াই স্বার্থ শিব-ভক্তি। কেবলমাত্র

বসিয়া বসিয়া তাঁহার অঙ্গপ্রত্যঙ্গ, চক্ষু, কণ, নাসিকার অপরূপ সৌন্দর্যের প্রশংসা করিয়া স্তোত্রপাঠসহকারে যে প্রতিমা বিশেষের সেবার নিষ্পত্ত থাকে, সে প্রবঞ্চক যাত্রা। তাহার ভক্তি পরিপক্ব হয় নাই।

সেদিন স্বামিজীর শ্রদ্ধাগমন উপলক্ষে সহস্র সহস্র দরিদ্রনারায়ণকে পরিতোষ-সহকারে ভোজন কবান হইল। বস্ত্র ও অর্থ বিতরিত হইল। ভারতের মূর্তিকায যে স্থানে স্বামিজী প্রথম পদস্থাপন করিয়াছিলেন, ভক্তিমান রামনাদাধিপ সেই পুণ্যভূমির উপর একটি ৪০ ফুট উচ্চ স্মৃতিস্তম্ভ নির্মাণ করিয়া দিয়াছেন। এই স্তম্ভগাত্রে লিখিত আছেঃ—

Satyameva Jayate—This monument, erected by Vaskara Sethupathi, Raja of Ramnad, marks the sacred spot, where His most Holiness Swami Vivekananda's blessed feet first trod on Indian soil together with the Swami's English disciples on His Holiness's return from the western Hemisphere where glorious and unprecedented success attended His Holiness's philanthropic labours to spread the religion of Vedanta, on the 26th January, 1897

“সত্যমেব জয়তে—যে স্থানে মহাত্মা স্বামী বিবেকানন্দ, পাশ্চাত্য জগতে বৈদান্তিক ধর্মের বিজয় বৈজয়ন্তী প্রার্থিত করিয়া, অম্বিতীয় দীর্ঘজন্মের পর তাঁহার ইংরাজ শিষ্যগণ সমভিব্যাহারে ভারতের মূর্তিকায প্রথম পবিত্র-পদপঙ্কজ স্থাপন করেন, সেই পুণ্যস্থান চিহ্নিত করিবার উদ্দেশ্যে এই স্মৃতিস্তম্ভ রামনাদাধিপ রাজা ভাস্কর সেতুপতি কর্তৃক ১৮৯৭এর ২৬শে জানুয়ারী তারিখে নির্মিত হইল।”

রামেশ্বর হইতে স্বামিজী রামনাদাধিপমুখে যাত্রা করিলেন। রাজাজীর ব্যবস্থানুসারে রামনাদবাসিগণ পূর্ব হইতেই যথাযোগ্য অভ্যর্থনার আয়োজন করিয়াছিলেন। স্বামিজী বোট হইতে হৃদতীব্র অবতরণ করিবামাত্র তাঁহার সম্মানার্থ রাজপ্রাসাদে তোপধ্বনি হইতে লাগিল। নগরীর সুসজ্জিত রাজপথের উপর দিয়া রাজকীয় শকটে আরোহণ করিয়া স্বামিজী ধীরে ধীরে অগ্রসর হইতে লাগিলেন। রাজা, রাজপ্রাতা ও অন্যান্য বিশিষ্ট রাজকর্মচারিগণ পদব্রজে তাঁহার অনুগমন করিতে লাগিলেন। ইংরেজী ও দেশীয় বাদ্যকরগণ ঐক্যতান বাজাইতে লাগিল। ইতো-পূর্বেই অভ্যর্থনা মণ্ডপ জনপূর্ণ হইয়াছিল, স্বামিজী সদলবলে সমাগত হইবামাত্র সমবেত জনসম্মুখ জয়ধ্বনিসহকারে তাঁহাকে অভ্যর্থনা করিলেন। সমরোচিত বহুতা-

সহকারে রাজাধাঃহাদুর সভার উদ্বেগন করিলেন। অতঃপর রাজপ্রাসাদে দিনকর বর্মী সেতুপতি অভিনন্দন-পত্র পাঠ করিলেন। অভিনন্দন-পত্রের উত্তরে স্বামিজী একটি বক্তৃতা প্রদান করিলেন। রাজাজী প্রস্তাব করিলেন যে, স্বামিজীব শ্রদ্ধাগমন উপলক্ষে মাদ্রাজ দর্ভিঙ্ক ভাণ্ডারের জন্য সাধারণের নিকট হইতে চাঁদা তুলিয়া পাঠান হউক। উক্ত প্রস্তাব সাগ্রহে সমর্থিত হওয়ার পর সভাভঙ্গ হইল।

পবনকুন্ডি, মনমদুরা, মদুরা, ট্রিচিনপল্লী ও তাজোব প্রভৃতি সহবে অশেষ প্রকারে অভিনন্দিত হইয়া স্বামিজী কুম্ভকোণমে পদার্পণ করিলেন। কুম্ভকোণমবাসী হিন্দুগণও স্বামিজীকে দৃষ্টার্থী অভিনন্দন-পত্র প্রদান করিলেন। অভিনন্দনের উত্তরে স্বামিজী বেদান্ত সম্বন্ধে এক সূদীর্ঘ বক্তৃতা করিলেন। মাদ্রাজে গিয়া তাঁহাকে অত্যধিক পরিভ্রম করিতে হইবে বিবেচনায় তিনি তিন দিবস কুম্ভকোণমে বিপ্রাম করিয়া মাদ্রাজাভিমুখে রওনা হইলেন।

বিবেকানন্দ মাদ্রাজে আসিতেছেন, এ সংবাদ পাইয়া পূর্বে হইতেই মাদ্রাজবাসিগণ তাঁহাকে সাদর অভ্যর্থনার জন্য প্রস্তুত হইলেন। জর্জিষ্ট সূরহণ্য আয়ারের নেতৃত্বে অভ্যর্থনা সমিতি গঠিত হইল। প্রীতি সৌখচুড়ায় বিবিজিত পতাকাবলী, সুবহু তোরণমালায় পরিশোভিত বাজপথসমূহ, সমগ্র মাদ্রাজ নগরী অপূর্ব শোভায় সজ্জিত হইয়া স্বামিজীকে সাদর অভ্যর্থনা করিবার জন্য উন্মুখ আগ্রহে ব্যাকুল হইয়া উঠিল। ৬ই ফেব্রুয়ারী প্রভাত হইবার সঙ্গে সঙ্গে নগরবাসিগণ দলে দলে রেলওয়ে স্টেশন অভিমুখে ধাবিত হইল। ট্রেন প্লাটফর্মে দাঁড়াইবামাত্র সহস্র সহস্র কণ্ঠোচ্ছিত জয়ধ্বনিতে গগন বিদীর্ণ হইল। নয়নাভিরাম বিবেকানন্দ গাড়ি হইতে অবতরণ করিবামাত্র অভ্যর্থনা সমিতির সদস্যগণ অগ্রসব হইয়া তাঁহাকে পুষ্পমালায় ভূষিত করিলেন। স্বামিজী কয়েক মিনিটের জন্য উপস্থিত ব্যক্তিগণের সহিত আলাপ করিয়া শকটারোহণ করিলেন। জর্জিষ্ট সূরহণ্য আয়ার, স্বামী নিরঞ্জনানন্দ ও স্বামী শিবানন্দ উক্ত শকটে স্বামিজীর পার্শ্বে আসন পরিগ্রহ করিলে পর, শকট ধীরে ধীরে এটর্ণী বিলগ্রামী আষাঙ্গার মহোদয়ের “ক্যাস্ন্ করনান” নামক অট্রালিকাভিমুখে অগ্রসব হইল। কিয়ন্দ্ৰ অগ্রসর না হইতেই উৎসাহী যুবকবন্দ্ গাড়ির ঘোড়া খুলিয়া ফেলিলেন এবং নিজেরাই টানিয়া লইয়া যাইতে লাগিলেন। পৃথিমধ্যে স্বামিজীর শিরে অনবরত পুষ্পবৃষ্টি হইতে লাগিল। দলে দলে নরনারী নারিকেল ইত্যাদি বিবিধ ফল তাঁহাকে শ্রদ্ধা-সহকারে উপহার প্রদান করিতে লাগিল। কোন কোন পুন্নারী রাজপথে দাঁড়াইয়া তাঁহাকে পুষ্পপ্রদীপ দিয়া আরাতি করিতে লাগিলেন এবং শ্রদ্ধা ও ভক্তি সহকারে পুষ্প-চন্দনে অর্ঘ্যদান করিতে লাগিলেন।

এই অপূর্ণ অভ্যর্থনার মধ্যে সর্বাপেক্ষা মধুর দৃশ্য, জনৈকা বস্ত্রা মহিলা কম্পিতপদে জনতা ভেদ করিয়া শকট সমীপে আগমন করিলেন। স্বামিজীকে দর্শন করিবামাত্র তিনি ভাবে গদগদ হইয়া পড়িলেন, তাঁহার নয়নম্বয়ে আনন্দাপ্রদ নিগত হইল, কারণ তাঁহার স্থির বিশ্বাস যে, স্বামিজী সাক্ষাৎ শিবাবতার, অতএব তাঁহাকে দর্শনমাত্র তাঁহার সমস্ত পাপ ও মলিনতা অলতীহৃত হইয়াছে, অন্তে তিনি শিবলোক প্রাপ্ত হইবেন সন্দেহ নাই।

মাত্রাজে স্বামিজীর শ্রুত পদার্পণ উপলক্ষে যে উৎসাহোচ্ছ্বাস পরিলক্ষিত হইয়াছিল, তৎসম্বন্ধে দৈনিক “হিন্দু” নিম্নলিখিত মন্তব্য প্রকাশ করিয়াছিলেন—

“অদ্য স্বামী বিবেকানন্দকে রেলওয়ে স্টেশনে অভ্যর্থনা করিবার জন্য সম্মিলিত বিচার জনসংঘের উৎসাহোচ্ছ্বাস ও ধর্ম্মানুরাগ অভিব্যক্ত করিয়া বর্ণনা করা অসম্ভব। মাত্রাজের শ্রেষ্ঠতম ব্যক্তিগণ উপস্থিত থাকিয়া বিশ্ববিখ্যাত সম্মানীকে যে গৌরবময় অভ্যর্থনা প্রদান করিয়াছেন, তাহাতে এই মহাদেশের অন্তর্নিহিত ধর্ম্মশক্তি সুস্পষ্টরূপে ফুটিয়া উঠিয়াছে। ধর্ম্মসংস্কারকগণ ভারতে চিরদিনই এইরূপ অভ্যর্থনা পাইয়া আসিতেছেন। গোড়ামিই হিন্দুর জাতীয় চরিত্রের বৈশিষ্ট্য নহে, বর্তমান আচার-ব্যবহারগুলির পরিবর্তনও যে অব্যাহতই তাহা নহে,—যদি কোন সুপ্রতিষ্ঠিত প্রথা দূর করিয়া নতুন কোন নিয়ম প্রবর্তন করিতে হয়, তাহা হইলে স্বামী বিবেকানন্দের মত ব্যক্তিবই কর্তৃস্থানীয় হইয়া উঠা সমাধা করা উচিত। যখন কোন ধীর-হৃদয়, পবিত্র-মানস, প্রকৃত সংস্কারক নিষ্কাম ও ব্যক্তিগত উদ্দেশ্য-সাধন-স্পৃহা-বিমুক্ত-কল্যাণেচ্ছা লইয়া দৃঢ়পদে দণ্ডায়মান হন, তখন আচার-নিয়ম শূন্যে মিলাইয়া যায়, চিরপোষিত ধারণা ও আদর্শ দূরে নিক্ষিপ্ত হয়, প্রতিষ্ঠিত রীতিনীতি ও মতসমূহ বিলীন হইয়া যায়। স্বামিজীর প্রচাব-কার্যের সাফল্যের ইহাই একমাত্র রহস্য। সমুদ্র উত্তীর্ণ হইয়া তিনি সুদূর বিদেশে বেদান্তের পতাকা বহন করিয়া লইয়া গিয়াছিলেন, সেজন্য আমরা চিরোচিত্রিত প্রধানদুসারে তাঁহাকে সাদর অভ্যর্থনা করিতেছি। তাঁহার প্রতি আমাদের সহৃদয় সাদর সম্ভাষণের সহিত আমরা বিশ্বাস করি, তাঁহার পাশ্চাত্যদেশে অবস্থান যেমন তত্ত্বতা ভ্রাতৃগণের কল্যাণ সাধন করিয়াছে, তদ্রূপ তাঁহার এতদেশে অবস্থিতিও জনসাধারণের প্রভূত কল্যাণ সাধন করিবে।”

পরদিন রবিবার স্বামিজীকে প্রথমত অভ্যর্থনা সমিতির পক্ষ হইতে অভিনন্দন পত্র প্রদান করা হইল। খেতাবির মহারাজ কর্তৃক প্রেরিত অভিনন্দন-পত্রখানি প্রদত্ত হইলে পর ক্রমে বিভিন্ন সম্প্রদায়, সভা ও সমিতির পক্ষ হইতে সংস্কৃত, ইংরেজী, তামিল, তেলগু প্রভৃতি ভাষায় প্রায় কুড়িখানি অভিনন্দন-পত্র পাঠিত হইল। সভাস্থলে দশসহস্রাধিক ব্যক্তি সমবেত হইয়াছিলেন। তাঁহাদিগের অধিকাংশই হলের মধ্যে স্থান

না পাইয়া বাহিরে অপেক্ষা করিতেছিলেন, কাজেই সাধারণের অনুরোধক্রমে স্বামিজী বাহিরে আসিয়া একখানি গাড়ির কোচবক্সে আরোহণ করিলেন। ঈশ্বরের ইচ্ছায় স্বামিজী যদিও গীতাৰ ধ্বনে বক্তৃতা করিবার সুযোগ পাইয়া হৃষ্ট হইলেন, কিন্তু শ্রোতৃমণ্ডলীর জঘদর্শন ও হর্ষকোলাহলে রীতিমত বক্তৃতা করা অসম্ভব হইয়া উঠিল। অগত্যা স্বামিজী বক্তৃতা দেওয়ার চেষ্টা না করিয়া সংক্ষেপে বলিলেন যে, জনসংঘের এই অকৃত্রিম উৎসাহ দেখিয়া তিনি হৃষ্ট হইয়াছেন, তবে এই উৎসাহকে স্থায়ী করা চাই। ভবিষ্যতে স্বদেশের জন্য অনেক বড় বড় কাজে এইরূপ প্রজ্বলিত উৎসাহাঙ্গুর প্রয়োজন হইবে।

পরদিবস মাদ্রাজ “ভিক্টোরিয়া হলে” পণ্ড সহস্র শ্রোতার সম্মুখে “আমার সমরনীতি” নামক সুপ্রসিদ্ধ বক্তৃতা প্রদান করিলেন। ইহার পব ক্রমে ক্রমে “ভারতীয় জীবনে বেদান্ত প্রয়োগ,” “ভারতীয় মহাপুরুষগণ,” “আমাদের উপস্থিত কর্তব্য,” “ভারতের ভবিষ্যৎ” শীর্ষক চারিটি বক্তৃতা প্রদান করিলেন। স্বামিজী মাদ্রাজে নয় দিবস আনন্দের সহিত শিষ্য ও ভক্তমণ্ডলীর সহিত যাপন করিলেন। এই সময় একদিন একজন মহাপণ্ডিত স্বামিজীব সহিত বেদান্ত আলোচনা করিতে আসেন। তিনি স্বামিজীর বক্তব্য শ্রবণ কবিয়া বলিলেন, “স্বামিজী! বেদান্তের অশ্বৈতবাদ, বিশিষ্টাশ্বৈতবাদ, বৈতবাদ ইত্যাদি সমস্ত প্রকার মতবাদই সত্য এবং চব্বিশোপনিষদের পথে ভিন্ন ভিন্ন সোপান মাত্র, একথা তো পূর্বাচার্যগণ কেহই বলেন নাই।” আচার্যদেব মৃদুহাস্যে উত্তর করিলেন, “উহা আমার জন্যই নির্দিষ্ট ছিল। সেইজন্যই আমি জন্মগ্রহণ কবিয়াছি।”

আচার্যদেব যখন পাশ্চাত্যদেশে ধর্মপ্রচারে নিযুক্ত ছিলেন, তখন বীরহৃদয় মাদ্রাজী যুবকবৃন্দ নিন্দা, শ্লেষ ও বিরোধিতায়ও অবিচলিত থাকিয়া খ্রীশ্চন্দ্র প্রদর্শিত পন্থাবলম্বনে বেদান্ত-প্রচারকার্যে আত্মনিয়োগ করিয়াছিলেন। ধন্য এই সাহসী, অকপট ও পবিত্রহৃদয় যুবকবৃন্দ, যাঁহারা ভ্রমচ্ছাদিত বহিঃস্বরূপ স্বামিজীকে সর্বপ্রথম জগদগুরুস্বরূপে চিনিতে পারিয়াছিলেন। আজ ছয় বৎসর পর তাঁহাদিগের জগদেকারাধ্য গুরুদেবের স্বদেশ-প্রত্যাগমন উপলক্ষে মাদ্রাজ নগরী যে নয় দিবসব্যাপী বিরাট মহোৎসবের আয়োজন করিয়াছে, ইহা দর্শন করিয়া তাঁহাদের আনন্দের পবিসমীমা রহিল না। তাঁহারা স্থায়িরূপে মাদ্রাজে একটি প্রচাৰ-কেন্দ্র স্থাপনের জন্য ব্যগ্র হইয়া উঠিলেন। মাদ্রাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জনসাধারণ আগ্রহের সহিত এ প্রস্তাব অনুমোদন করায় তাঁহারা স্বামিজীর অনুমতি প্রার্থনা করিলেন এবং প্রচাৰ-কেন্দ্র গঠনকল্পে তাঁহাকে মাদ্রাজে কিছুদিন থাকিবার জন্য অনুরোধ করিতে

লাগিলেন। স্বামিজী প্রচার-কেন্দ্র প্রতিষ্ঠার সঙ্কল্প আনন্দের সহিত অনুমোদন করিলেন এবং সঞ্চরই তিনি একজন সুযোগ্য গুরুদ্রাতাকে মাদ্রাজ প্রেরণ করিবেন বলিয়া প্রতিশ্রুত হইলেন। কিম্বদ্বিস পর স্বামী রামকৃষ্ণানন্দ আসিয়া মাদ্রাজের কার্ণভার গ্রহণ করিলেন। এদিকে কলিকাতা হইতে সাগ্রহ আহ্বান আসিতে লাগিল। বিশেষ শ্রীশ্রীরামকৃষ্ণদেবের জন্মোৎসব নিকটবর্তী বলিয়া গুরুগতপ্রাণ শিষ্যমণ্ডলী ও স্বামিজীব বন্ধুগণ দ্বুঃখের সহিত তাঁহাকে বিদায় দিতে বাধ্য হইলেন।

দীর্ঘকাল ভারতের পল্লীনগরে পরিভ্রমণ করিয়া স্বামিজী জনসাধারণের সামাজিক ও অর্থনৈতিক দুর্গতি গভীর সহানুভূতির সহিত পর্ববেক্ষণ করিয়াছিলেন এবং আমরা পূর্বেই বলিয়াছি, তিনি জনসাধারণের উন্নতিকল্পে রাজা মহারাজা ধনী ও অভিজাতবর্গের দ্বারা স্খাষী কোন কাজ হইবে এ বিশ্বাসও হারাইয়াছিলেন। দাতার আসনে বসিয়া দূর হইতে পাশ্চাত্য লোকহিতবাদেব আদর্শে কতকগুলি স্কুল কলেজ হাসপাতাল কবিলেই জনসাধারণের উন্নতি হইবে না। দাতা বা উদ্ধারকর্তাবূপে নহে, সেবকরূপে অন্নবস্ত্র, বিদ্যা, জ্ঞান লইয়া জনসাধারণের মধ্যে শ্রম্ভাব সহিত কর্ম করিবার জন্য দৃঢ়হৃদয় কর্মী আবশ্যক—এই চিন্তা হইতেই বিবেকানন্দ প্রচাৰিত সেবকর্মের উদ্ভব। এই চিন্তা হইতেই তিনি ভাবতবর্ষের সেবার জন্য আহ্বান করিলেন, চবিগ্রবান, হৃদয়বান এবং বুদ্ধিমান যুবকদিগকে। “ভারতের দরিদ্র, ভারতের পতিত, ভারতের পাপিগণের সাহায্যকাৰী কোন বন্ধু নাই। * * রাক্ষসবৎ নৃশংস সমাজ তাহাদের উপর যে ক্রমাগত আঘাত করিতেছে, তাহাদের বেদনা তাহা বা বিলক্ষণ অনুভব করিতেছে, কিন্তু তাহারা জানে না, কোথা হইতে ঐ আঘাত আসিতেছে। তাহারা যে মানুষ, তাহাও ভুলিয়া গিয়াছে। ইহার ফল দাসত্ব ও পশুত্ব।” সমাজেব এই হানাবস্থার প্রতিকারের জন্য তিনি চাহিয়াছিলেন,—“লক্ষ নরনারী পবিগ্রতার অগ্নিমন্ডে দীক্ষিত হইয়া ভগবানে দৃঢ়-বিশ্বাস-বূপ বর্ম সজ্জিত হইয়া দরিদ্র পতিত ও পদদলিতদের প্রতি সহানুভূতিজনিত সিংহবিক্রমে বৃদ্ধ বাঁধিয়া সমগ্র ভারতে ভ্রমণ করুক। মৃত্তি, সেবা, সামাজিক উন্নয়ন ও সাম্যেব মঙ্গলমষী বাৰ্তা দ্বারে দ্বারে প্রচার করুক।” বাহাদিগকে এই মহৎ রতের জন্য আচার্যদেব আহ্বান করিলেন, তাহাদিগকে বিশেষভাবে স্মরণ রাখিতে বলিলেন, “গণ্যমান্য উচ্চপদস্থ অথবা ধনীর উপর কোন ভরসা রাখিও না। ভরসা তোমাদের উপর, পদমৰ্যাদাহীন দরিদ্র কিন্তু বিশ্বাসী, তোমাদের উপর। * * আমি দ্বাদশ বৎসর হৃদয়ে এই ভার লইয়া ও মাথায় এই চিন্তা লইয়া বেড়াইয়াছি। আমি তথাকথিত অনেক ধনী ও বড়লোকের দ্বারে দ্বারে স্তুনিয়াছি। তাহারা আমাকে জুরাচোর ভাবিয়াছে।”

পাশ্চাত্য দেশে তিনি বিশ্বমানবের কল্যাণের জন্য সার্বভৌমিক ধর্মের শাস্বত সত্য প্রচার করিয়াছিলেন, আর ভারতে ফিরিয়া তিনি আমাদের জরাজীর্ণ সভ্যতা, সমাজ ও প্রাণহীন ধর্মচরণের গতানুগতিকতাকে অতি নির্মম আঘাত করিলেন। তাহার কলম্বো হইতে মাদ্রাজেব বক্তৃতাগুলিতে নতুন তত্ত্ব, নতুন ভাব, নতুন কর্ম-পদ্ধতির পরিচয় পাইয়া দেশের অল্পসংখ্যক মনীষী ও হৃদয়বান ব্যক্তিরা বুদ্ধিলেন, নবযুগের সূচনা করিবার মত অনুপম প্রতিভা ও অসামান্য হৃদয় লইয়াই এই সম্যাসী স্বদেশের কর্মক্ষেত্রে ফিবিয়া আসিয়াছেন। একটা জাতির গতানুগতিক চিন্তা ও কর্মকে যিনি ভাঙ্গিতে পারেন এবং ভাঙ্গিয়া গড়িতে পারেন, সেই যুগপ্রবর্তক আচার্য স্পষ্ট ভাষায় বলিলেন—

“প্রায় শতাব্দী কাল ধরিয়া আমাদের দেশ সমাজ-সংস্কাবকগণ ও তাহাদের নানাবিধ সমাজ-সংস্কার সম্বন্ধীয় প্রস্তাবে আচ্ছন্ন হইয়াছে। কিন্তু ইহাও স্পষ্ট দেখা যাইতেছে যে, এই শতবর্ষব্যাপী সমাজ-সংস্কার আন্দোলনের ফলে সমগ্র দেশের কোন স্বাধী হিত সাধন হয় নাই। * * গত শতাব্দীতে যে সকল সংস্কারের জন্য আন্দোলন হইয়াছে তাহার অধিকাংশই পোষাকী ধরনের। এই সংস্কার চেষ্টাগুলি কেবল প্রথম দৃষ্ট বর্ণকে স্পর্শ করে, অন্য বর্ণকে নহে। সংস্কার কবিত্তে হইলে উপর উপর দেখিলে চলিবে না, ভিতরে প্রবেশ করিতে হইবে, মূলদেশ পর্যন্ত বাইতে হইবে। * * দশ বৎসর যাবৎ ভারতের নানামূলক বিচরণ করিয়া দেখিলাম সমাজ-সংস্কার সভায় দেশ পরিপূর্ণ। কিন্তু যাহাদের রুধির শোষণের ম্বাবা “ভদ্রলোক” নামে প্রথিত ব্যক্তিরা ‘ভদ্রলোক’ হইয়াছেন ও হইতেছেন, তাহাদের জন্য একটা সভাও দেখিলাম না।”

বিবেকানন্দ তাহার পূর্বগামী সংস্কাবকগণের দোষটুটি নির্ভীকভাবে উল্ঘাটন করিয়া এই সিদ্ধান্তে আসিতে বাধ্য হইয়াছিলেন যে, “সংস্কারকেরা বিফল মনোরথ হইয়াছেন। ইহার কারণ কি? কারণ, তাহাদের মধ্যে অতি অল্পসংখ্যক ব্যক্তিই তাহাদের নিজের ধর্ম উত্তমরূপে অধ্যয়ন ও আলোচনা করিয়াছেন, আর তাহাদের একজনও “সকল ধর্মেব প্রসুতিকে” বুদ্ধিবার জন্য যে সাধনের প্রযোজন, সেই সাধনার মধ্য দিয়া বান নাই, ঈশ্বরেচ্ছায আমি এই সমস্যার মীমাংসা করিয়াছি বলিয়া দাবী করি।”

পাশ্চাত্য শিক্ষা সভ্যতা ও সংস্কৃতির সংস্পর্শে আসিয়া ভারতের নাগরিক জীবনে যে চাঞ্চল্য উপস্থিত হইয়াছিল, তাহার ফলে দৃঢ়তার জন প্রতিভাশালী ও উদারহৃদয় সংস্কারক প্রাচীন সমাজের বিধি-ব্যবস্থার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিয়াছিলেন এবং এই বিদ্রোহ হইতেই পাশ্চাত্যের বিচারশূন্য অস্থ অনুকরণমূলক সংস্কারযুগের

সূত্রপাত। এই সংস্কার-প্রচেষ্টায় ইয়োরোপীয় ভাব-দাসত্ব দেখিয়া গভীর ক্ষোভের সহিত স্বামিজী ইহার প্রতিবাদ করিয়াছেন। কেননা, তাঁহাব মতে এই সংস্কারযুগের—

(১) একটা ঐতিহাসিক বোধ ছিল না। কত বড় প্রাচীন সভ্যতার বংশধর এই জাতি, কত কত সংস্কারের মধ্য দিয়া যুগে যুগে কত কত মহাপুরুষকে বক্ষে ধারণ করিয়া আজ এখানে আসিয়া উপস্থিত হইয়াছে। এ জাতির বর্তমান ও ভবিষ্যৎ যে ইহার অতীত ইতিহাস দ্বারা প্রভূতরূপে নিয়ন্ত্রিত হইবে, একথা সংস্কারযুগ আদৌ বুঝিতে পারে নাই।

(২) জাতীয় বিশেষত্ব বোধের অভাব। সংস্কারযুগ একথা চিন্তা করে নাই যে, প্রত্যেক জাতির একটা বিশেষত্ব আছে, স্বাভাবিক আছে, যাহাব জন্য সে বাঁচিয়া থাকিবার দাবী করিতে পারে, যাহার অভাবে তাহার বিলোপ বা মৃত্যু অনিবার্য। হিন্দু-জাতীয় বিশেষত্ব কি, তাহাও তাহাবা বুঝে নাই বা তিস্তবশে আশ্চর্য্যের কোন চেষ্টা করে নাই। নিজের দেশ বা নিজের জাতি বলিয়া একটা সার্থক অভিমানও সংস্কার-যুগেব ছিল না বলিয়াই—

(৩) সংস্কারক সম্প্রদায়ের অন্যতম নেতা প্রকাশ্য সভায় “আমি হিন্দু নহি, একথা স্বীকার কবিতে প্রস্তুত আছি” বলিতে কিছুমাত্র লজ্জিত হন নাই। এই সংস্কারযুগের যেন ইহাই একমাত্র উদ্দেশ্য ছিল যে যাহা কিছু হিন্দুর এবং হিন্দুত্ব, তাহাই স্বর্গ ও পরিত্যাজ্য।

সংস্কারকগণের কার্য-প্রণালী স্বামিজী বিশেষ শ্রদ্ধার দৃষ্টিতে দেখিতে পারেন নাই। যুদ্ধক্ষেত্রে ইংবাজী শিক্ষিত নাগরিক ও উচ্চবর্ণকে লইয়া যে আন্দোলন সীমাবদ্ধ ছিল, তাহা সর্বস্তরে প্রসারিত হয় নাই। তাহাব কাণে আমরা পূর্বেই বলিয়াছি। জাতীয় জীবনের সহিত বিচ্ছিন্ন, বিজাতীয় ও বৈদেশিক ভাবে অনুপ্রাণিত সংস্কারকগণকে লক্ষ্য করিয়া স্বামিজী তাঁহাব স্বকীয় আদর্শ ঘোষণা করিলেন —

“সংস্কারকগণ সমাজকে ভাঙিয়া চুঁবিয়া যেখানে সমাজ সংস্কারের প্রণালী দেখাইলেন তাহাতে তাঁহারা কৃতকার্য হইতে পারিলেন না। সংস্কারকগণকে আমি বলিতে চাই, আমি তাঁহাদের অপেক্ষা একজন বড় সংস্কারক। তাঁহাবা একটু আধটু সংস্কার চান, আমি চাই আমূল সংস্কার। আমাদের প্রভেদ কেবল সংস্কার প্রণালীতে, তাঁহাদের প্রণালী ভাঙিয়া চুঁবিয়া ফেলা, আমার প্রণালী সংগঠন। আমি সংস্কারে বিশ্বাসী নহি, আমি স্বাভাবিক উন্নতিতে বিশ্বাসী।”

পাশ্চাত্য দেশ হইতে ফিরিয়া আসিয়া স্বামিজী যে কেবল ধ্বংসাত্মক সংস্কার আন্দোলন হইতে নিজেকে পৃথক করিয়া লইলেন তাহা নহে, অন্যদিকে একথাও

বলিলেন যে সর্ববিধ সামাজিক উন্নতির পরিপন্থী রক্ষণশীল সমাজের যুক্তিহীন কুসংস্কারেরও তিনি পক্ষপাতী নহেন। তাঁহার গঠনমূলক কার্যপ্রণালীর প্রথম নির্দেশ, সমাজের সর্বস্তরে ক্রমসঙ্কোচের পরিবর্তে সম্প্রসারণের শক্তি সঞ্চার। কেন্দ্রীভূত সমষ্টি শক্তি আপন বলে জাতীয়-জীবনের বিকাশের বাধাগুলি সরাইয়া অগ্রগতি সঞ্চার করিবে এবং এই কারণেই তিনি কোন বিশেষ সংস্কারের উপর আস্থা স্থাপন করিতে পারেন নাই। সমাজের স্তব বিশেষে কতকগুলি আচার ব্যবহার তুলিয়া দিলে অথবা প্রবর্তন করিলে জাতীয় উন্নতি হইল, এবং বিশ্বাস তিনি করিতেন না।

সামাজিক দর্শন ও ব্যাধির প্রতি তিনি উদাসীন ছিলেন না। বর্তমান সমাজের উন্নতি ও স্বাভাবিক স্বাস্থ্য কতকগুলি প্রথার বদবদলেব উপর নির্ভর করে না। জীবদেহে যদি কোন ব্যাধি প্রবেশ করে, তাহা হইলে এক এক অঙ্গে তাহা এক এক ভাবে প্রকাশ পায়। ব্যাধি ও ব্যাধির লক্ষণ দুই পৃথক বস্তু। মূল ব্যাধির চিকিৎসা না করিয়া কেবল দৃশ্যমান লক্ষণগুলি দূর করিবার চেষ্টা করিলে ঐগুলি অন্য আকারে প্রকাশ পায়। অতএব সাময়িক প্রতিকারের জন্য লক্ষণগুলির উপশম চেষ্টা না করিয়া, মূল ব্যাধি দূর করিবার চেষ্টাই বিবেকানন্দের গঠনমূলক প্রণালী। সমাজদেহের মূল ব্যাধি প্রতি অঙ্গুলী নির্দেশ করিয়া তিনি বলিয়াছেন,—

“আমরাই আমাদের সর্বপ্রথম দূর্দশা, অবনতি ও দুঃখকষ্টের জন্য দায়ী—আমরাই একমাত্র দাষী। আমাদের অভিজাত পূর্বপুরুষগণ ভারতীয় জনসাধারণকে পদদলিত করিতে লাগিলেন—ক্রমশঃ তাহারা অসহায় হইয়া পড়িল। এই অবিরত অত্যাচারে দরিদ্র ব্যক্তিবা, তাহারা যে মানুষ, তাহাও ক্রমশঃ তুলিয়া গেল। শত শত শতাব্দী ধরিয়া তাহারা বাধ্য হইয়া (ক্ৰীতদাসের মত) কেবল জল তুলিয়াছে ও কাঠ কাটিয়াছে। তাহাদিগকে এই বিশ্বাস করিতে শিখান হইয়াছে যে, গোলামী করিবার জন্যই তাহাদের জন্ম, তাহাদের জন্ম জল তুলিবার, কাঠ কাটিবার জন্য। আর যদি কেহ তাহাদের প্রতি দয়াপ্রকাশক দু'একটা কথা বলিতে চায়,—তবে আধুনিককালের শিক্ষাভিমানী আমাদের স্বজাতীয়গণ, এই পদদলিত জাতির উন্নতি সাধনে সস্তুচিত হইয়া থাকেন।”

বংশানুক্রমিকতা বা জন্মগত কৌলিকগুণের দোহাই দিয়া যে বর্বর ও পাশবিক মতবাদ দ্বারা মানুষকে হীন, অস্তাজ, পশুম প্রভৃতি আখ্যা দেওয়া হয়, সেই মূঢ়তাকে স্বামিজী অতি তীব্র ভাষায় আক্রমণ করিয়াছেন। কেননা, এই বিশ্বাস (তাহাও আবার পাশ্চাত্যের আসদ্বৈত মতবাদ দ্বারা পুঙ্খ) ভারতের তথাকথিত উচ্চবর্ণের অস্বপ্নমজ্জায় রাহিয়াছে। সংস্কারেব প্রযোজন সেইখানে। বাহির হইতে নহে, ভিতর হইতে এই

মানসিক শ্রেষ্ঠত্বাভিমানস্বরূপ ব্যাধি দূর করিতে হইবে। এই দ্রান্ত মতবাদকে আক্রমণ করিয়া স্বামিজী বলিলেন,—

- “যদি বংশানুক্রমিক ভাবসংক্রমণ নিয়মানুসারে ব্রাহ্মণ বিদ্যাশিক্ষার অধিকতর উপযুক্ত হয়, তবে ব্রাহ্মণের শিক্ষার অর্থব্যয় না করিয়া অস্পৃশ্য জাতির শিক্ষার সমুদয় অর্থব্যয় কর। দূর্বলকে অগ্রে সাহায্য কর। ব্রাহ্মণ যদি বুদ্ধিমান হইয়াই জন্মগ্রহণ করিয়া থাকে, তাহা হইলে সে অপবেব বিনা সাহায্যেই শিক্ষালাভ করিবে। যাহারা বুদ্ধিমান হইয়া জন্মগ্রহণ করে না, শিক্ষকগণ তাহাদের জন্যই নিযোজিত হউক। আমার তো ইহাই ন্যায় ও যুক্তিসঙ্গত বলিয়া মনে হয়। অতএব এই দরিদ্র-দিগকে, ভারতের পদদলিত জনসাধারণকে তাহাদের প্রকৃত স্বরূপ বুঝাইতে হইবে। জাতি-বর্ণ-নির্বিশেষে সবলতা-দূর্বলতার বিচার না করিয়া প্রত্যেক নরনারীকে, প্রত্যেক বালকবালিকাকে শূন্য ও শিখাও যে, সবল দূর্বল উচ্চনীচ নির্বিশেষে সকলের ভিতর সেই অনন্ত আত্মা রহিয়াছেন—সদুতবাং সকলেই মহৎ হইতে পারে, সকলেই সাধু হইতে পারে।”

ভারতের উচ্চবর্ণীয়দের শিক্ষার দিয়া, পদদলিত জনসাধারণের প্রতি অপার সহানুভূতি প্রকাশ করিয়া বিবেকানন্দের বক্তৃৎসব মনুদিত হইয়াছে—

“আর্থবাবাগণের জাঁকই কব, প্রাচীন ভাবেব গোবব ঘোষণা দিনরাতই কর, আর যতই কেন আমরা “ডম্‌ম্‌ম্‌” বলে ডম্‌ফাই কর, তোমবা উচ্চবর্ণেবা কি বেঁচে আছে ? তোমরা হচ্ছ দশ হাজার বছরের মমি।। যাদের “চলমান শ্মশান” বলে তোমাদের পূর্বপুরুষেরা ঘৃণা করেছেন, ভারতে যা কিছু বর্তমান জীবন আছে, তা তাদেরই মধ্যে। আর “চলমান শ্মশান” হচ্ছ তোমবা। তোমাদের বাড়ি ঘর দু'যাব মিউজিয়ম, তোমাদের আচার-ব্যবহাব চাল-চলন দেখলেও বোধ হয় যেন ঠানদিদির মূখে গল্প শুনছি। তোমাদের সঙ্গে সাক্ষাৎ আলাপ করেও, ঘরে এসে মনে হয়, যেন চিত্র-শালিকায় ছবি দেখে এলুম।

“এ মাঝার সংসারের আসল প্রহেলিকা, আসল মরু-মবীঁচিকা তোমবা—ভারতের উচ্চবর্ণেরা। তোমবা ভূতকাল, লঙ্ লঙ্ লিট্‌ সব একসঙ্গে। বর্তমানকালে তোমাদের দেখছি বলে যে বোধ হচ্ছে, ওটা অজীর্ণতাজনিত দুঃস্থান। ভবিষ্যতের তোমরা শূন্য, তোমরা ইং লোপ লুপ্‌। স্থানবাজ্যেব লোক তোমবা, আব দেবী কচ্ছ কেন ? ভূত-ভারত-শরীরেব বস্ত্রমাংসহীন কঙ্কালকূল তোমরা, কেন শীঘ্র শীঘ্র ধূলিতে পরিণত হবে বায়ুতে মিশে যাচ্ছ না ? হুঁ, তোমাদের অস্থিময় অঙ্গুলীতে পূর্বপুরুষদের সঞ্চিত কতকগুলি অমূল্য রত্নেব অঙ্গুরীয়ক আছে, তোমাদের

পুঁতিগন্ধ শরীরের আলিঙ্গনে পূর্বকালের অনেকগুলি রত্নপেটিকা রক্ষিত রয়েছে। এতদিন দেবার সুবিধা হয় নি। এখন ইংরাজরাজ্যে অবাধ বিদ্যাচর্চার দিনে, উত্তরাধিকারীদের দাও, যত শীঘ্র পার দাও।

“তোমরা শূন্যে বিলীন হও, আর নতুন ভারত বেরুক, বেরুক লাঙ্গল ধরে, চাবার কুটির ভেদ করে, জেলে মালা মন্দির মেথরের ঝুপাড়ির মধ্য হতে। বেরুক মন্দির দোকান থেকে, ভূনাওয়ালার উনানের পাশ থেকে। বেরুক কারখানা থেকে, হাট থেকে, বাজার থেকে। বেরুক ঝোপ জঙ্গল পাহাড় পর্বত থেকে। এরা সহস্র সহস্র বৎসর অত্যাচার সযেছে, নীরবে সযেছে, তাতে পেয়েছে অপূর্ণ সইস্কৃতা। সনাতন দৃষ্টি ভোগ করেছে, তাতে পেয়েছে অটল জীবনীশক্তি। এরা একমুঠো ছাতু খেয়ে দুনিয়া উল্টে দিতে পারবে, আশখানা রুটি পেলে গৈলোকো এদের তেজ ধরবে না। এরা বস্তবীজের প্রাণসম্পন্ন। আর পেয়েছে অশ্রুত সদাচার বল, যা গৈলোকো নেই। এত শান্তি, এত প্রীতি, এত ভালবাসা, এত মৃদুটি চুপ করে দিনরাত খাটা, এবং কার্যকালে সিংহের বিক্রম।”

“অতীতের কঙ্কালচয়। এই সামনে তোমার উত্তরাধিকারী ভবিষ্যৎ ভারত। ঐ তোমার বস্ত্রপেটিকা, তোমার মাণিকের আংটি, ফেলে দাও এদেব মধ্যে, যত শীঘ্র পার ফেলে দাও। আব তুমি যাও, হাওয়াব বিলীন হয়ে অদৃশ্য হয়ে যাও। কেবল কান খাড়া বেখো, তোমার যাই বিলীন হওয়া, অমনি শুনবে কোটি জীমূতসন্দী গৈলোকাকম্পনকারী ভবিষ্যৎ ভারতের উন্মোচন-ধ্বনি—‘বাহ গুরুকী ফতে’।”

সমাজসংস্কার বা সমষ্টি মানবের সামাজিক সমুন্নতির এই আদর্শই স্বামিজী বারম্বার বর্তমান ভারতের সম্মুখে স্থাপন করিযাছেন। আমি উপরে স্বামিজীর যেসব মত উদ্ধৃত করিলাম, তাহা হইতে বৃক্ষমান নরনারীরা তাঁহার সমাজসংস্কার প্রণালীর অভিনব উপলব্ধি করিবেন। বেদান্তের মহান তত্ত্বপ্রচারকেরা সমাজের সহিত আপোষ করিতে গিয়া, “পরমার্থিক” সত্য, ‘ব্যবহারিক’ জগতে প্রযোজ্য নহে বলিয়া লৌকিক বৈষম্যকে সমর্থন করিয়াছিলেন, ফলে মানবাত্মার অপারিপূর্ণ মহিমার উপর জাতিগত জন্মগত অপবিগ্রহতা ও অধিকারভেদ আবোপ করিয়া বহু মানবকে, উচ্চবর্ণীষেরা মানুষের সাধারণ অধিকার হইতে বঞ্চিত করিয়া পশুবৎ করিয়া তুলিয়াছিলেন। সত্য সত্যই বাহ্য অদ্রান্ত, তাহার মধ্যে পারমার্থিক ও ব্যবহারিক ভেদ নাই। কিন্তু এই ভেদবৃষ্টি বহু শতাব্দীর অনুশীলনের ফলে সামাজিক ভ্রমবৎ বৈষম্যবাদ সৃষ্টি করিয়া ভারতের গভীর অধঃপতনের কারণ হইল। স্বামিজী জন্মগত, জাতিগত অধিকারবাদকে নির্ভয়ে অস্বীকার করিবার জন্য নব্য-ভারতকে আহ্বান করিয়া

বলিলেন,—“বেদান্তের এই সকল মহান তত্ত্ব কেবল অরণ্যে বা গিরিগুহাষ আবস্থ থাকিবে না, বিচারালয়ে, ভজনালয়ে, দরিদ্রের কুটীরে, মৎস্যজীবীর গৃহে, ছাত্রের অধ্যয়নাগারে সর্বত্র এই সকল তত্ত্ব আলোচিত ও কার্যে পবিণত হইবে।” যে কোন বর্ণের, যে কোন বংশের, যে কোন সমাজের প্রত্যেক বালক-বালিকাকে ঐভাবে গড়িয়া তুলিবার জন্য তিনি লোকশিক্ষার এক অভিনব আদর্শ তুলিয়া ধরিলেন।

সমাজকে আচার্যদেব অখণ্ডভাবেই গ্রহণ করিতেন, সমগ্র লইয়া বিচার করিতেন। টুকু-বা টুকু-রা ভাবে উচ্চশ্রেণীর সন্নিধার দিক হইতে কোন বিশেষ প্রথা তুলিয়া দিবার জন্য বিগত শতাব্দীর ব্যর্থ চেষ্টার নিষ্ফল পুনরাবর্তনকে শক্তিশাল্য না করিয়া তিনি চাহিয়াছিলেন জাতির সমস্ত অঙ্গে স্বাভাবিক স্বাস্থ্য ফিরাইয়া আনিতে। জীবদেহে যৌবন আসিলে যেমন তাহার সকল অঙ্গই পুষ্ট ও বিকশিত হইয়া উঠে, তেমনি জাতি যদি সুস্থ, সবল ও ক্রিয়াশীল হয়, তাহা হইলে যেখানে যে সংস্কার আবশ্যিক, তাহা আপনা হইতেই সুসম্পন্ন হইবে। এই জন্যই তিনি বলিতেন, ‘আমি সংস্কারে বিশ্বাসী নহি, স্বাভাবিক উন্নতিতে বিশ্বাসী।’

ভারতের জাতীয় জীবন পুনর্গঠনে স্বামিজীব এই আদর্শকে আমবা বৈদান্তিক সাম্যবাদ বলিতে পারি। যে তামসিক জড়বুদ্ধি, মানুষের সহিত মানুষের ভেদ ও বৈষম্যকে চরম কার্য্য ত্যাগ করে, যাহা কোটি কোটি নবানবীকে হীন, অস্পৃশ্য, অন্তর্জাত ভাবে শিখাইয়াছে, তাহার প্রতিবোধকল্পে, মানবাত্মার মঙ্গলমহিমা সমাজেব সর্বস্তরে প্রচার করিতে হইবে। কিন্তু আদর্শ প্রচার করিতে গেলে আদর্শ-চরিত্র মানুস চাই। এই শ্রেণীর মানুসের অন্বেষণে স্বভাবতঃই চরিত্রবান ও স্বদেশপ্রেমিক শিক্ষিত যুবকদের প্রতি তিনি দৃষ্টিপাত করিয়াছিলেন। তিনি ইহাও দেখিয়াছিলেন, শিক্ষিত যুবকগণের বহু সদগুণ থাকা সত্ত্বেও প্রচলিত সমাজব্যবস্থা ও শিক্ষাপ্রণালীর দোষে তাহাদের চরিত্রের মেরুদণ্ড ভাঙিয়া গিয়াছে। যখন জাতীয় শিক্ষাপরিষৎ অথবা হিন্দু বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইবে কল্পনাও করেন নাই, তখনই স্বামিজীব বৈদেশিক কর্তৃক বিরহিত জাতীয় শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের সঙ্কল্প ব্যক্ত করিয়াছিলেন। লৌকিক শিক্ষাকে জাতীয় আদর্শের অনুকূল করিবার জন্য তাহা ইচ্ছা ছিল, ভারতের নানা কেন্দ্রে কতকগুলি শিক্ষালয় স্থাপন করিবেন। এই শিক্ষালয়গুলিতে শিক্ষিত যুবকগণ নতুন করিয়া শিক্ষালাভ করিবেন। আচার্য, প্রচারক ও লৌকিক বিদ্যাশিক্ষাদাতারূপে ইহারা সমাজের সর্বনিম্নস্তরের হইতে শিক্ষাদান আরম্ভ করিবেন। “একদিকে ব্রাহ্মণ অপব্যয়কে চম্‌ডাল—চম্‌ডালকে ক্রমশঃ ব্রাহ্মণকে উন্নয়নই তাহাদের কার্য্যপ্রণালী” হইবে। “উচ্চবর্ণের শিক্ষা, সদাচার, যাহা লইয়া তাহাদের তেজ ও

গৌরব সেই শিক্ষা বাহাতে নিম্নজাতীরগণ অবোধে লাভ করিতে পারে,” নূতন শিক্ষা-প্রণালীর তাহাই হইবে বৈশিষ্ট্য।

কলম্বো হইতে মাদ্রাজ পর্যন্ত আচার্যদেবের প্রত্যেকটি বক্তৃতা নবীন-ভারতের উন্মোচন মন্ত্র। আশ্বপ্রত্যহীন, জাতীয় ঐক্যবোধ-বর্জিত, বহু আঘাতে স্তম্ভমান ভারতসন্তান শুনিল, “আগামী পঞ্চাশৎ বর্ষ ধর্ম্মা তোমরা কেবলমাত্র স্বর্গাদিপি গরীয়সী জননী জন্মভূমিব আরাধনা কর, অন্যান্য একেজো দেবতাগণকে এই কয় বর্ষ ভুলিলেও কোন ক্ষতি নাই। অন্যান্য দেবতা নিদ্রিত। একমাত্র দেবতা—তোমার স্বজাতি, সর্বদাই তাহার হস্ত, সর্বদাই তাহার জাগ্রত বর্ণ, সকল ব্যাপিনী আছেন। তোমরা কোন নিষ্ফলা দেবতার অশ্রেষণে ধাবিত হইতেছ, আব তোমার সম্মুখে, তোমার চতুর্দিকে যে দেবতাকে দেখিতেছ, সেই বিরাটের উপাসনা করিতে পারিতেছ না। * * * এই সব মানুষ এই সব পশু ইহাবাই তোমার ঈশ্বর, আর তোমার স্বদেশবাসীগণই তোমার প্রথম উপাস্য।”

বহুকাল নিস্তব্ধ ভারতের জনসমুদ্রে বিবেকানন্দ অকস্মাৎ আবির্ভূত ঝটিকার মত তব্ধা তুলিলেন। ভারতের প্রান্ত হইতে প্রান্তান্তরে সত্যের অমোঘ বীৰ্যপূর্ণ বাণী ছড়াইয়া পড়িল। কিন্তু কাজ কতটুকু হইল? ভগবান বিষ্ণু যেমন তৃতীয়া অবতাবে সাগবাম্বর্য ধর্ম্মব্রাহ্মকে প্রলম্পযোষি হইতে দর্শনবার বলে টানিয়া তুলিয়াছেন, তেমনি অশান্ত অধীবতা লইয়া ভারতবর্ষকে হীনতাপঙ্ক হইতে টানিয়া তুলিবার জন্য বিবেকানন্দ তাহার বরবাহু প্রসারিত কবিলেন। কিন্তু পাশ্চাত্যদেশ হইতে তাহার প্রত্যাবর্তনের পর যে উৎসাহ দেখা গেল, তাহা স্মাষী হইল না। দুই বৎসব, তিন বৎসব অপেক্ষা কবিয়াও বিবেকানন্দ “মাতৃমন্ত্রে দীক্ষিত সহস্র যুবক” পাইলেন না। বেলুড মঠের গঙ্গাতীরে বিষ্ণুবৃক্ষমূলে বসিয়া জীবন-সন্ন্যাসে বিবেকানন্দ বিলাপ করিয়া বলিলেন যাহাদেব ডাকিলাম, তাহারা আসিল না। বহু শতাব্দীর সংস্কার, গতিহীন জীবনযাত্রার উপর গতানুগতিকতার পাষণ্ডার, এত অলপে দূর হইবার নহে। বাণবিন্দু কেশরীর মত ক্ষুদ্রগর্জনে জনারণ্য প্রকম্পিত কবিয়া নব্যভারতের মন্ত্রগুরু চলিয়া গেলেন। কিন্তু তাহার সম্প্রদায় অমর হইয়া রহিল। তাহার দেহত্যাগেব তিন বৎসব পবেই বাঙ্গলাব জাতীয় জীবনে যুগান্তকারী অভাবনীয় পরিবর্তন আমবা প্রত্যক্ষ কবিলাম। স্বদেশী আন্দোলনের জাগ্রত বাঙ্গলা চিনিলা, বিবেকানন্দ কে। তাহার প্রাগপ্রদ জীবনপ্রদ বাণী নব্যবাঙ্গলা নূতন করিয়া অনুভব করিল। বিবেকানন্দের চিন্তাধারার প্রথম সংঘাতে জাগ্রত ভারত, পরবর্তীকালে তিলক ও গান্ধীজীর নেতৃত্বে বিশাল গণ-আন্দোলনের মধ্য দিয়া জাতীয় ঐক্য ও

উন্নতির সন্ধান পাইল। ভারতে মানবমুষ্টি সাধনার আজ যে দুঃসাধ্য উদ্যম চলিযাছে, দূরপ্রসারী ভবিষ্যদৃষ্টি বলে তাহা প্রত্যক্ষ করিয়াই বিবেকানন্দ বলিয়াছেন, ‘এবার কেন্দ্র ভাবতবর্ষ।’

১৫ই ফেব্রুয়ারী সোমবার স্বামিজী মাদ্রাজ হইতে কলিকাতাগামী জাহাজে আবোহণ করিলেন। কলম্বো হইতে মাদ্রাজ পর্যন্ত অবিশ্রান্ত বক্তৃতা, কথোপকথন, দেখা সাক্ষাৎ ইত্যাদিতে তিনি ক্রান্ত হইয়া পড়িয়াছিলেন। লোকমান্য তিলক, তাঁহাকে পুণা যাইবার অনুরোধ করিয়া পত্র লিখিয়াছিলেন, কিন্তু প্রবল ইচ্ছা সত্ত্বেও স্বামিজী পুণ্যযাত্রা স্থগিত রাখিলেন। কয়েকদিন বিশ্রামের আশায় তিনি স্থলপথ বর্জন করিয়া জলপথে কলিকাতা যাত্রা করিলেন। মনে ভাবিতে লাগিলেন, এই অভিনন্দন সভা আব বক্তৃতার পালা শেষ করিয়া কবে হিমালয়ের ক্রোড়ে বিশ্রাম লাভ করিব।

স্বামী বিবেকানন্দের ভারতে প্রত্যাবর্তনের সংবাদ প্রচারিত হইবার পর হইতেই বাংলাদেশ, বিশেষতঃ কলিকাতানগরী সাগ্রহে তাঁহার শ্রুভাগমন প্রত্যাশা করিতেছিল। তাঁহার মাদ্রাজ হইতে সমুদ্রপথে কলিকাতা আগমনের সংবাদ পাইয়া, নাগরিকদের পক্ষ হইতে গঠিত অভ্যর্থনা সমিতি যথোচিত আয়োজন উদ্যোগ করিতে লাগিলেন।

স্বামিজী শিষ্যবর্গসহ জাহাজ হইতে খিদিরপুরে অবতরণ করিয়া দেখিলেন, তাঁহাকে শিষ্যালদহ ষ্টেশনে লইয়া যাইবার জন্য একখানি স্পেশ্যাল ট্রেন অপেক্ষা করিতেছে। ভোব ৭টা ৩০ মিনিটের সময় ট্রেন ধীরে ধীরে প্ল্যাটফর্মে প্রবেশ করিল। ট্রেন বংশীধ্বনি করিবামাত্র সহস্র সহস্র মিলিতকণ্ঠে “জয় রামকৃষ্ণদেব কী জয়” “জয় বিবেকানন্দ স্বামিজী কী জয়” ববে ষ্টেশন মূখরিত হইয়া উঠিল। স্বামিজী ট্রেন হইতে অবতরণ করিয়া সমবেত জনসম্মুখে বক্তৃতা প্রণাম করিলেন। নরেন্দ্রনাথ সেন প্রমুখ অভ্যর্থনা সমিতির সভাবৃন্দ বহুকণ্ঠে জনতা ভেদ করিয়া তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া তাঁহাকে সাদর অভ্যর্থনা করিয়া বিবিধ পুষ্পমালায় ভূষিত করিলেন। সহস্র সহস্র সম্ভ্রমপূর্ণ উদ্‌গ্রীব দৃষ্টিস্নাত হইয়া কীর্তিমান সন্ন্যাসী, মিঃ ও মিসেস্ সৌভিয়ার সমভিব্যাহারে চতুর্বাশ্ব-যোজিত শকটে আরোহণ করিলেন। যুবকগণ গাড়ি বোড়া খুলিয়া দিয়া নিজেরাই গাড়ি টানিয়া লইয়া যাইতে লাগিলেন। পট-পদ্ম-পল্লব-পতাকা-পবিশোভিত তিনটি মনোহর তোরণস্বার আতিক্রম করিয়া শকট রিপণ কলেজে উপনীত হইল। তথায় কিয়ৎকাল সমাগত সূর্যবিন্দকে সমযোচিত শিষ্টালাপে পরিতুষ্ট করিয়া স্বামিজী বিদায় গ্রহণ করিলেন। বাগবাজারের পশুপতিনাথ বসুদর আলয়ে সৌদীন ভিক্ষা গ্রহণ করিবার জন্য তিনি গুরুদ্রোণাগণসহ ইতোপূর্বেই আহূত হইয়াছিলেন। মধ্যাহ্নকাল তথায় যাপন করিয়া

অপরারে তিনি সদলবলে কাশীপুরের গোপাললাল শীল মহাশয়ের গমন করিলেন। তাঁহার পাশ্চাত্য শিষ্য ও শিষ্যাগণসহ বাস করিবার জন্য উহা অস্থায়ীভাবে অভ্যর্থনা সমিতির কর্তৃপক্ষ প্রদান করিয়াছিলেন।

প্রভাত হইতে সন্ধ্যা পর্যন্ত দলে দলে নবনারীর ভীড়। কেহ তর্জিজ্ঞাসা, কেহ কৌতুহলী দর্শক। বিশ্রামের ব্যাঘাত সত্ত্বেও স্বামিজী বিরক্ত না হইয়া, সমাদর সহকারে সকলের সহিত সদালাপ করিতেন। রাতে আলমবাজার মঠে গিয়া গুরুভাইদের সহিত ভবিষ্যৎ কার্যপ্রণালী সম্পর্কে আলোচনা করিতেন। ভাবতের ও বাঙ্গালার নানাস্থান হইতে আগ্রহপূর্ণ আমন্ত্রণ আসিতে লাগিল, কিন্তু স্বামিজী কিছুকাল কলিকাতায় থাকিয়া তাঁহার আদর্শ প্রচার এবং প্রচাব-কার্যের অনুকূল সঞ্চ গঠনের উদ্যোগ করিতে লাগিলেন।

সম্ভাহকাল পরে, ২৮শে ফেব্রুয়ারী কলিকাতাবাসীর পক্ষ হইতে স্যার রাজা রাধাকান্ত দেবের শোভাবাজারস্থ প্রাসাদের সুবিম্বৃত প্রাঙ্গণে অভিনন্দন সভা আহৃত হইল। বিশিষ্ট নাগরিকগণ, পণ্ডিতগণ, ইয়োরোপীয় ভদ্রলোকগণ, বিশেষভাবে কলেজের ছাত্রগণ নির্দিষ্ট সময়ের পূর্বেই সভায় উপস্থিত হইলেন। প্রায় পঞ্চ সহস্র ব্যক্তি সভায় সমবেত হইয়াছিলেন। স্বামিজী সভাস্থলে প্রবেশ করিবামাত্র সমবেত জনতা সম্ভ্রমভরে দাঁড়াইয়া জয়ধ্বনি উচ্চারণ করিল। বিশিষ্ট ব্যক্তিদের শিষ্টাচার ও কুশল প্রশ্নাদির পর সভাপতি রাজা বিনয়কৃষ্ণ দেব রৌপ্যধারে অভিনন্দনপত্র স্বামিজীকে হস্তে অর্পণ করিলেন এবং অভিনন্দনপত্র পাঠ করিলেন। অভিনন্দনপত্রে পাশ্চাত্যদেশে বেদান্ত ও হিন্দু-সভ্যতা সংস্কৃতি প্রচারকারী সন্ন্যাসীকে ভারত তথা বাঙ্গালার মুখোমুখি করায় সন্তানরূপে ভূয়সী প্রশংসা করা হইয়াছিল। স্বীয় জন্মভূমিতে সহস্র সহস্র স্বদেশবাসী, বিশেষতঃ যুবকগণ কর্তৃক অকৃত্রিমভাবে অভিষিক্ত হইয়া আবেগের সহিত তিনি যে অপূর্ব বক্তৃতা করিয়াছিলেন, সমগ্র জনতা মস্তমুগ্ধবৎ তাহা শ্রবণ করিয়াছিল। এ যেন এক নতুন মানব নতুন সুরে কথা কহিতেছে। ভারতের শাস্বত আত্মা যেন মূর্তিগ্রহণ করিয়া নবীন ভারতকে নতুন আশায় সজীবিত করিবার জন্য অমৃতবাণী, অভয়বাণী উচ্চারণ করিতেছেন। ভারতবর্ষের পরম প্রযোজনকে উপলব্ধি করিবার উগ্র তপস্যার মর্মকথা তাঁহার কণ্ঠ হইতে উচ্চারিত হইল —

“মানব আপনার মূর্তির চেষ্টায় জগৎ-প্রপঞ্চের সম্বন্ধ একেবারে ত্যাগ করিতে চায়। মানব নিজ আত্মীয়-স্বজন, স্ত্রী-পুত্র-বন্ধু-বান্ধবের মায়া কাটাইয়া সংসার হইতে দূরে, অতিদূরে পলাইয়া যায়। চেষ্টা করে দেহগত সকল সম্বন্ধ পুরাওন

সকল সংস্কার ত্যাগ কবিতো এমনকি, মানব নিজে যে সার্থ গ্রহস্ত পরিমিত দেহধারী মানব, ইহা ভুলিতেও প্রাণপণ চেষ্টা করে, কিন্তু তাহার অন্তরের অন্তরে সে সর্বদাই একটি মৃদু অক্ষুট ধনি শূন্যে পায়, তাহার কর্ণে সর্বদা একটি সুর বাজিতে থাকে, কে যেন দিবারাত্র তাহার কানে কানে বলিতে থাকে, জননী জন্মভূমিষ্ট স্বর্গাদাপি গরীবসী।”

একদিকে ব্যক্তিগত মূর্ত্তি কামনা, অন্যদিকে জাতীয় জীবনে উন্নতিমুখী গতিবেগ সঞ্চার কবিয়া সমষ্টি-মূর্ত্তি, এই দুই আপাত বিপরীত আদর্শ-সংঘাত তাহার সাধক ও পরিব্রাজক জীবনে আমরা বারম্বার দেখিয়াছি। মূর্ত্তির এই সন্মহান প্রয়াসের সর্বশেষ চেষ্টায় সমাধিকামী সাধক কন্যাকুমারীতে ভারতবর্ষের সর্বশেষ শিলাসনে বসিয়া তনুত্যাগের সঙ্কল্প করিয়াছিলেন। কিন্তু সূর্য চন্দ্র তারাহীন মহাশূন্যে, দেশকালপাত্র অতিক্রম করিয়া তাঁহাব মন উর্ধ্বে উঠিতে পারিল না, নামবপহীন ব্রহ্ম-সমাধির পরিবর্তে তাঁহাব ধ্যানে জননী জন্মভূমিব বৃন্দ ফুটিয়া উঠিল। তাঁহার ধ্যানভগ্ন হইয়াছিল। তিনি অশ্রুপ্লাবিত নেত্রে বলিয়াছিলেন, ‘জননি, আমি মূর্ত্তি চাই না, তোমার সেবাই আমার জীবনের একমাত্র অবশিষ্ট কর্ম।’

এই সাধনলব্ধ স্বদেশপ্রেম-যজ্ঞের উদ্বেখনকল্পে মহাভাগ ঋষিক উদাস্তকণ্ঠে বেদমন্ত্র উচ্চারণ করিয়া তাঁহার প্রিয় যজ্ঞমান ভারতীয় যুবকবৃন্দকে আহ্বান করিয়াছেন। সে অবিনশ্বর বাণীব পবিত্র কম্পনে ভারতের আকাশ-বাতাস পূর্ণ হইয়া রহিয়াছে, সে কম্পনে, স্বদেশপ্রেমিক-সাধকের হৃদয়-বাণীর তন্ত্রীতে নিত্যকাল বাজিতে থাকিবে, “আমি তোমাদের নিকট এই গরীব, অজ্ঞ অত্যাচার-পীড়িতদের জন্য এই সহানুভূতি, এই প্রাণপণ চেষ্টা দায়স্বরূপ অর্পণ করিতেছি। যাও এই মৃহুর্ভে সেই পার্থসারথির মন্দিবে, যিনি গোকুলে দীনদাঁবিদ্র গোপগণের সখা ছিলেন, যিনি তাঁহার বৃন্দ অবতাবে রাজপুরুষগণের আমন্ত্রণ অগ্রাহ্য করিয়া এক বেশ্যার নিমন্ত্রণ গ্রহণ করিয়া তাহাকে উদ্ধার করিয়াছিলেন, যাও, তাঁহার নিকট গিয়া সাম্রাজ্যে পাড়িয়া যাও এবং তাঁহার নিকট এক মহাবলি প্রদান কর, বলি—জীবনবলি, তাহাদের জন্য, তাহাদের জন্য তিনি যুগে যুগে অবতীর্ণ হইয়া থাকেন, তাহাদের তিনি সর্বাপেক্ষা ভালবাসেন, সেই দীন, দরিদ্র, পতিত, উৎপীড়িতদের জন্য। তোমরা সারাজীবন এই গ্রন্থকোটি ভাবতবাসীর উদ্ধারের ব্রত গ্রহণ কব,—যাহারা দিন দিন ভুবিতেছে।”

স্বীয় জন্মভূমিতে দাঁড়াইয়া বিবেকানন্দ ‘কম্পনাপ্রিয় ভাবক’ বলিয়া উপহাসিত বাঙ্গালী যুবকগণের নিকট মাতৃভূমির জন্য মহাবলি প্রার্থনা করিলেন। বীর হও,

শ্রমাসম্পন্ন হও, চরিত্রের তেজ ও বীর্যকে জাগ্রত করিবা মহোৎসাহে কার্ষে প্রবৃত্ত হও, এমন কথা বাঙ্গালী যুবকগণের কর্ণে প্রথম প্রবেশ করিল। “এই কলিকাতা নগরীর রাজপথে এক নগণ্য বালকরূপে আমিও খেলা কবিয়া বেড়াইতাম, ইচ্ছা হয় এই ধূলির উপর বসিবা তোমাদিগকে মনের কথা খুলিবা বলি”, এমনি অকপট আবেগের সহিত স্বামিজী যুবকদিগকে আহ্বান করিবা বলিলেন, “আমার এই কাষভার, হে বাঙ্গালী যুবকগণ, তোমরা গ্রহণ কর। এই কাষের উন্নতি ও বিস্তার আমার কল্পনাকে বহুদূর পশ্চাতে ফেলিবা অগ্রসব হউক। আমি সূচনামাত্র করিয়াছি, তোমরা সম্পূর্ণ কর। বর্তমান যুগের দায়িত্ব ও কর্তব্য বুঝিবা লও।” “আব কখনো কোন দেশের যুবকদের স্কন্ধে এত গুরুভার পড়ে নাই, আমি প্রায় অতীত দশবৎসর ধরিয়া সমুদয় ভারতবর্ষ ভ্রমণ করিয়াছি, তাহাতে আমার দৃঢ় সংস্কার হইয়াছে যে, বাঙ্গালার যুবকগণের ভিতর দিয়াই সেই শক্তি প্রকাশ পাইবে, বাহা ভারতকে তাহার উপযুক্ত আধ্যাত্মিক অধিকারে প্রতিষ্ঠিত করিবে।”

কেবল এই সকল কথা বলিয়াই স্বামিজী ক্ষান্ত হইলেন না। সম্মুখে একটা জীবন্ত সঙ্গুল আদর্শ না থাকিলে চিত্র গঠিত হয় না। “কোন মহান্ আদর্শ পদ্রুপে বিশেষ অনুবাগী হইয়া তাহার পতাকার নিম্নে দণ্ডায়মান না হইয়া কোন জাতিই উঠিতে পারে না। * * * রামকৃষ্ণ পরমহংসে আমরা এইরূপ এক ধর্মবীর্য, এইরূপ এক আদর্শ পাইয়াছি। যদি এই জাতি উঠিতে চায়, তবে দৃঢ়কণ্ঠে ঘোষণা করিতেছি, এই নামে সকলকে মাতিতে হইবে। এই কারণে আমাদের জাতীয় কল্যাণের জন্য, আমাদের ধর্মের উন্নতির জন্য, কর্তব্যবুদ্ধি-প্রণোদিত হইয়া এই মহান্ আধ্যাত্মিক আদর্শ তোমাদের সম্মুখে স্থাপন করিতেছি। এই রামকৃষ্ণ পরমহংস আমাদের জাতির কল্যাণ ও দেশের উন্নতির জন্য, সগুণ মানবজাতির হিতের জন্য তোমাদের হৃদয় খুলিয়া দিন, যে মহামুগ্ধান্তর অবশ্যাম্ভাবী, তাহার সহায়তার জন্য তোমাদিগকে অকপট ও দৃঢ়প্রতিজ্ঞ করুন।”

তাহার গুরু, তাহার আচার্য, তাহার জীবনের আদর্শ, তাহার ইন্ট, রামকৃষ্ণ পরমহংসের কথা ইতোপূর্বে কোন প্রকাশ্য সভায় তিনি এমন সুস্পষ্ট ভাষায় প্রচার করেন নাই। নিউইয়র্কে শিষ্যদের অনুরোধে তিনি শ্রীবামকৃষ্ণের জীবন ও আদর্শ সম্পর্কে “মদীয় আচার্যদেব” শীর্ষক একটি বক্তৃতা করিয়াছিলেন এবং মাদ্রাজের বক্তৃতাগুলিতে স্থানে স্থানে শ্রীবামকৃষ্ণের কথা উল্লেখ করিয়াছেন মাত্র। কিন্তু ভারতের পুনরুদ্ধানের জন্য শ্রীবামকৃষ্ণকেই আদর্শরূপে গ্রহণ করিতে হইবে, এমন দৃঢ়ভাবে ইতোপূর্বে কোন ঘোষণা করেন নাই। এই প্রথম তিনি বাঙ্গালা-

দেশকে লক্ষ্য করিয়া স্পষ্ট ভাষায় বলিলেন, “তোমার আমার ভাল লাগুক আর নাই লাগুক, তাহার জন্য প্রভুর কার্য আটকাইয়া থাকে না। তিনি সামান্য ধূলি হইতেও তাঁহার কার্যের জন্য শত সহস্র কর্মী সৃজন করিতে পারেন। তাহার অধীনে থাকিয়া কার্য করা তো আমাদের পক্ষে মহাসৌভাগ্য ও গৌরবের বিষয়।”

স্বামিজীর কলিকাতা আগমনের কয়েকদিন পবেই শ্রীশ্রীবামকৃষ্ণদেবের জন্মতিথি উপলক্ষে মহোৎসবের শ্রুতদিন সমাগত হইল। তখন দক্ষিণেশ্বর কালীবাড়িতেই উক্ত উৎসব অনুষ্ঠিত হইত। নির্দিষ্ট দিবস প্রভাতে স্বামিজী পাশ্চাত্য শিষ্য ও শিষ্যাগণসহ দক্ষিণেশ্বরে আগমন করিলেন। বিপুল জনসংখ্য তাঁহাকে দেখিবার জন্য উৎসুক হইয়া উঠিল। সাধারণের সাগ্রহ অনুবোধে তিনি কয়েকবার বহুতা প্রদান করিতে চেষ্টা করিলেন, কিন্তু উৎসবের আনন্দ-কোলাহলের মধ্যে বহুতা করা সম্ভব হইয়া উঠিল না। স্বামিজী বালকের ন্যায় হাস্যোজ্জ্বল বদনে ইতস্ততঃ পরিভ্রমণ করিয়া শ্রীবামকৃষ্ণ-ভক্তবৃন্দেব সহিত আলাপ করিতে লাগিলেন। অতঃপর উৎসবান্তে প্রসন্নচিত্তে আলমবাজার মঠে ফিবিয়া আসিলেন।

স্বীয় জন্মভূমিতে ফিরিয়া আসিয়া স্বামিজী যে কেবল অবিমিশ্র অভ্যর্থনা ও সম্বর্ধনাই লাভ করিয়াছিলেন, তাহা নহে। পাশ্চাত্যদেশে যে সকল ভারতীয় ভ্রম্যহোদয় খুঁটান পাদ্রীদের সহিত যোগ দিয়া স্বামিজীব বিবৃদ্ধে নানা অলীক কুৎসা প্রচাৰ করিয়াছিলেন, তাঁহারা স্বদেশেও নীচব বহিলেন না। নববিধানী ব্রাহ্ম বি মজুমদার স্বামিজীব আচরণ ও চরিত্র লইয়া জঘন্য কুৎসাপূর্ণ কয়েক-খানি পুস্তিকা লিখিয়া স্বীয় শোচনীয় মানসিক দৈন্যের পবিচয় দিয়াছিলেন। খুঁটান পাদ্রী ও ব্রাহ্ম কোলাহলের সহিত ‘বঙ্গবাসী’ পত্রিকার ব্রাহ্মণ পণ্ডিতেরাও বাঙ্গলা গালি মিশ্রিত দেবভাষায় বিবেকানন্দের নিন্দা প্রচার করিতে লাগিলেন। “যে ব্যক্তি কপর্দকশূন্য অবস্থায় বিদেশে শূন্য ডিগ্রীবও ২০ ডিগ্রী নীচের শীতে অনাবৃত স্থানে বাত্রি যাপন করিতে ভীত হন নাই, তাঁহাকে তাঁহার স্বদেশে ভয় দেখান অতি সুকঠিন।” এই জঘন্য প্রচাৰ-কার্য দেখিয়া উৎকণ্ঠিত সহকর্মীদিগকে স্বামিজী কেবল বলিলেন,—“ভাল বলুক আর মন্দ বলুক, তবু উহারা আমার সম্বন্ধে কিছু বলুক।”

শ্রীরামকৃষ্ণের জন্মোৎসবের কিছুদিন পর, স্বামিজী ষ্টার বঙ্গমণ্ডে একটি বহুতা দেন। বহুতার বিষয় ছিল “সর্বাবয়ব বেদান্ত”। এই বহুতায় তিনি ‘বঙ্গবাসী’র আশ্রিত ভণ্ড ও বর্ণাশ্রমী ব্রাহ্মণ-পণ্ডিতদের কুবৃত্তি ও কৃতকর্ক খণ্ডন করিলেন। স্বামিজী প্রথমে দেখাইলেন, বেদান্ত এক এক সময়ে ভিন্ন ভিন্ন আচার্যগণ বিভিন্ন-

ভাবে ব্যাখ্যা করার বহু বিরোধী দার্শনিক মতবাদের সৃষ্টি হইয়াছে এবং ক্রমে অধ্যাত্মসাধনার সহিত বিচ্ছিন্ন হইয়া বেদান্ত দার্শনিক পণ্ডিতগণের উর্বর মস্তিস্কের ব্যায়াম-ক্ষেত্ররূপে পরিগণিত হইয়াছে। কতকগুলি পুরাণ, কথেকথানি আধুনিক, স্মৃতিগ্রন্থ ও বিশেষভাবে লোকাচাৰ ও দেশাচারই ধর্ম বলিয়া যাঁহারা ধরিয়া লইয়াছেন, তাঁহাদের ভ্রান্তবিশ্বাস দূর করিবার জন্য স্বামিজী দেখাইলেন, বেদান্ত দূর্বোধ্য দর্শনশাস্ত্র নহে, উহাই সনাতনধর্মের ভিত্তি। বেদান্তেব আলোকবর্তিকা তুলিয়া স্বামিজী বর্তমান সামাজিক আচাৰ ও ধর্মচরণের শোচনীয় দুর্গতি দেখাইলেন। বাঙ্গলাদেশে তথাকথিত সনাতনীরা বর্ণাশ্রমধর্মের মহিমা কীর্তন ও খাদ্যের বিচার লইয়া তুমুল কলহ করিতেছেন, কিন্তু ধর্মকে কেবলমাত্র রান্নাঘরে ঢুকাইয়া রাখিলেই বর্ণাশ্রমচাৰ বন্ধা পাইবে, ইহা পাগলের কল্পনা। যে দেশে চাতুর্বর্ণ্য নাই, প্রাচীন বর্ণাশ্রম বহুদিন লুপ্ত হইয়া যেখানে কালক্রমে অদ্ভুত জাতিভেদ প্রথা প্রবর্তিত হইয়াছে বিশেষতঃ বাঙ্গলাদেশে সনাতনীরা ব্রাহ্মণ ও শূদ্র ব্যতীত অন্য দুই বর্ণের অস্তিত্ব পর্যন্ত স্বীকার করেন না, সেখানে যদি কেহ সত্যই বর্ণাশ্রম প্রতিষ্ঠা কবিতে চাহে, তাহা হইলে একই জাতির বিভিন্ন শাখাসমূহকে পুনরাব একত্র কবিয়া বর্ণের অবান্তর বিভাগগুলি উঠাইয়া দিতে হইবে। যদি ক্ষত্রিয় ও বৈশ্য বাঙ্গলাদেশে থাকে, তবে তাহাদিগকে যজ্ঞোপবীত প্রদান ও বেদ পাঠের অধিকার প্রদান করা উচিত। প্রসঙ্গত ধর্মসংস্কারের জন্য স্বামিজী বাঙ্গলাদেশের কুলগুরু প্রথা মর্খ শাস্ত্রজ্ঞানহীন ব্রাহ্মণ ও বৈষ্ণবগণের ধর্মব্যবসায় অবৈদিক ও অশাস্ত্রীয় বলিয়া ব্যাখ্যা কবিলেন এবং তান্ত্রিক সাধনার নামে যে জঘন্য ইন্দ্রিয় পবতন্ত্রতা প্রশ্রয় পাইতেছে, তাহাবও তীব্র সমালোচনা করিলেন। স্বামিজীর এই বক্তৃতায় তিনি তাঁহাব মতবাদ ও কার্যপ্রণালী অতি স্পষ্ট ভাষায় ঘোষণা করিয়া সর্বসাধাবণকে বুঝাইয়া দিলেন, কুসংস্কার ও গোড়ামিব সহিত তিনি আপোষ কবিলেন না। অশ্বৈত বেদান্তের অস্ত্রে বর্তমান প্রচলিত বৈষম্যকে বিনাশ কবাই তাঁহাব ব্রত।

ইহাব পর স্বামিজী আর কলিকাতায় বক্তৃতা প্রদান করেন নাই। কলম্বো হইতে কলিকাতা পর্যন্ত একঘেয়ে অভিনন্দন-পত্র ও বক্তৃতায় তিনি বিরক্ত হইয়া উঠিয়াছিলেন। বক্তৃতায় একটা সাময়িক উত্তেজনা সৃষ্টি করে বটে, কিন্তু তাহা স্থায়ী হয় না। এই ব্যাপার লক্ষ্য করিয়া স্বামিজী ব্যক্তিবিশেষকে উপদেশ প্রদান কবা, চরিত্রগঠন করিতে সহায়তা কবা ইত্যাদিতেই অধিকতর আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন। এই সময় সকলেই যে স্বামিজীর নিকট ধর্মোপদেশ গ্রহণ করিতে আগমন করিভেন তাহা নহে,

কেহ বা তাঁহাকে কেবলমাত্র দেখিতে কেহ বা কোতুহলের বশবর্তী হইয়া তাঁহাকে পরীক্ষা করিতে আসিতেন।

বেদান্ত ও অশ্বৈতবাদ প্রচারক বাঙ্গালী সন্ন্যাসীর খ্যাতি শুনিয়া একদিন কয়েকজন বেদ ও দর্শনশাস্ত্রবিদ গুজবাতী পণ্ডিত তাঁহার সহিত শাস্ত্র-বিচার করিতে আগমন করিলেন। 'আগন্তুক পণ্ডিতগণের সকলেই সংস্কৃতভাষায় অনর্গল কথা-বার্তা বলিতে পারিতেন। তাঁহারা আসিয়াই মন্ডলী পৰিবেষ্টিত স্বামিজীকে সম্ভাষণ করিয়া সংস্কৃতভাষায় কথা-বার্তা আবলম্ব করিলেন স্বামিজীও সংস্কৃতেই উত্তর দিতে লাগিলেন। * * * পণ্ডিতেবা প্রায় একসঙ্গে চীৎকার করিয়া সংস্কৃতে স্বামিজীকে দার্শনিক কূটপ্রশ্নসমূহ করিতেছিলেন এবং স্বামিজী প্রশান্ত গম্ভীর ভাবে ধীরে ধীরে তাঁহাদিগকে ঐ বিষয়ক নিজ মীমাংসাদ্যোতক সিদ্ধান্তগুলি বলিতেছিলেন। ইহাও বেশ মনে আছে যে স্বামিজীব সংস্কৃতভাষা পণ্ডিতগণের ভাষা অপেক্ষা শ্রুতিমধুর ও সুদলিত হইতেছিল। পণ্ডিতগণ পবে ঐ কথা বলিয়াছিলেন। স্বামিজী বাদে সিদ্ধান্তপক্ষ অবলম্বন করিয়াছিলেন এবং পণ্ডিতগণ পূর্বপক্ষবাদী হইয়াছিলেন। শিষ্যের মনে পড়ে স্বামিজী একস্থলে স্বস্তি স্থলে 'অস্তি' প্রয়োগ কবায় পণ্ডিতগণ হাসিয়া উঠেন, তাহাতে স্বামিজী তৎক্ষণাৎ বলেন পণ্ডিতানাং দাসোহিংক্ষান্তব্যমেতৎ স্থলনং—আমি পণ্ডিতগণের দাস, আমার এই ব্যাকরণ স্থলন ক্ষমা কবুন। পণ্ডিতেবাও স্বামিজীব ঈদৃশ দৈন্য ব্যবহারে মূগ্ধ হইয়া যান। অনেকক্ষণ বাদানুবাদের পর পৰিশেষে সিদ্ধান্তপক্ষের মীমাংসা পর্য্যন্ত বলিয়া পণ্ডিতগণ স্বীকার করিলেন এবং প্রীতি-সম্ভাষণ করিয়া গমনোদ্যত হইলেন। দুই চারিজন আগন্তুক ভদ্রলোক ঐ সময় তাঁহাদের পশ্চাৎগমন করিয়া ত্রিজ্ঞাসা করিলেন, 'মহাশয়গণ, স্বামিজীকে কিরূপ বোধ হইল?' তদন্তবে বয়োজ্যেষ্ঠ পণ্ডিত বলিয়াছিলেন, "ব্যাকরণে গভীর ব্যুৎপত্তি না থাকিলেও স্বামিজী শাস্ত্রের গুঢ়ার্থ দৃষ্টা, মীমাংসা করিতে অস্বীকৃত এবং স্বীয় প্রতিভাবলে বাদখণ্ডনে অদ্ভুত পার্শ্বভা দেখাইয়াছেন।" (স্বামি-শিষ্য সংবাদ।)

আলমবাজার মঠের রামকৃষ্ণ-শিষ্য সন্ন্যাসিবৃন্দ তাঁহাদিগের প্রিয়তম 'নেতা নরেন্দ্রনাথ'কে সম্মানে গ্রহণ করিলেন বটে, কিন্তু তৎপ্রচাবিত সন্ন্যাস ও কর্মযোগের নবরূপান্তরিত আদর্শ কেহ কেহ সহসা স্বীকার করিতে পারিলেন না। ধ্যান তপস্যা ইত্যাদি সাধন সহায়ে মনুজিনাভের চেষ্টাই সন্ন্যাস-জীবনের আদর্শ, এই চিরচরিত প্রথাই তাঁহারা অনুসরণ করিয়া আসিতেছিলেন। জাগতিক স্নেহ দ্বন্দ্ব, উন্নতি, অবনতি ইত্যাদিতে দ্রুক্ষেপহীন হইয়া ভূতপ্রকৃতিকে অতিক্রম করিয়া

দেশকালাতীত সত্বকে উপলব্ধি করিবার চেষ্টাকে স্বামিজী স্বার্থপরতা আখ্যা দিয়া তাহাদিগকে ধর্মপ্রচার, শিক্ষা-বিস্তার ইত্যাদি কার্যে নিযুক্ত হইবার জন্য অনুরোধ করিতে লাগিলেন। তাহাবা অনেকেই স্বামিজীব উপদেশেব মর্ম বুঝিতে না পারিয়া, চিরাভ্যস্ত রীতিনীতি পরিত্যাগ করিতে ইতস্ততঃ করিতে লাগিলেন। স্বামিজী হটিবার পাত্র নহেন, তিনি দৃঢ়তার সহিত তাহাদিগকে স্বমতে আনিবার জন্য চেষ্টা কবিত্তে লাগিলেন। শ্রীবামকৃষ্ণের জীবনী ও উপদেশগুলি স্বামিজীর প্রতিভাব আলোকে নবীনাকার ধারণ কবিল। তিনি তাহাদিগকে বুঝাইয়া দিলেন যে, তাহারা যদি এই যুগধর্ম প্রচাৰকাৰ্যে বশ্পপবিকর না হন, তাহা হইলে ঠাকুরের আগমনেব উদ্দেশ্য বিফল হইয়া যাইবে। মন্দিব ও প্রতিমার গণ্ডী হইতে ভগবানকে বাহিৰে আনিয়া যত জীব তত শিব' মন্ত্ৰে বিরাটের' পূজায অগ্রসব হইতে হইবে। প্রাচীনকালের সম্মাসিগণেব ন্যায় গিরিগুহায় বা কুটীবাভ্যন্তরে বসিয়া কেবলমাত্র আত্মসাক্ষাৎকাবের চেষ্টায় ব্যাপ্ত থাবিলে চলিবে না। সংসাৰেব কর্মক্ষেত্রে দাঁড়াইয়া মানবকে উচ্চকাৰ্যে প্রেবণা দিতে হইবে, কোটি কোটি ভারতবাসীর অজ্ঞতা ও হৃদযান্ধকাব দূব কবিত্তে হইবে। স্বামিজী তাহাব গুবুদ্রাতাগগকে স্বীয় জীবনোদ্দেশ্য বুঝাইয়া দিয়া বলিলেন যে, ভাবতেব কল্যাণ কামনায এমন এক অভিনব সম্মাসি-সম্প্রদায় প্রতিষ্ঠা কবিত্তে হইবে, যাহাবা মানবসেবায়তে স্ব স্ব মূর্ত্তিব কামনা তো পবিত্যাগ কবিত্তেই, অধিকন্তু প্রযোজন হইলে সানন্দে নরকে পর্যন্ত গমন করিতে প্রস্তুত হইবে। 'বহুজন সুখায় বহুজন হিতায়' শ্রীবামকৃষ্ণ অবতীর্ণ হইয়াছিলেন তাহার শিষ্য হইয়া যদি আমবা পবাৰ্থে আত্মোৎসর্গ কবিত্তে না পারি, তৎপ্রচারিত মহান্ যুগাদর্শকে উপলব্ধি করিতে অসমর্থ হই, তাহা হইলে সাধাবণ ব্যক্তি ও আমাদেব মধ্যে প্রভেদ কি ?

ক্রমে ক্রমে সম্মাসিবন্দ তাহার যুঁক্তিব সারবস্তা হৃদযগ্গম কবিত্তে লাগিলেন। ইহার প্রথম ফলস্বৰূপ পুণ্যস্মৃতি স্বামী রামকৃষ্ণানন্দ, যিনি শ্বাদশবর্ষ কাল একদিনও খ্রীষ্টীয়াকুবেব পূজা, আরাতি ও অর্চনা পবিত্যাগ করিয়া অন্যত্র গমন করেন নাই স্বামিজীব অনুরোধে বেদান্ত প্রচাৰকাৰ্যে দাক্ষিণাত্যে গমন করিলেন। স্বামী অভেদানন্দ ও সাবদানন্দজীব পাশ্চাত্যদেশে প্রচার-কাৰ্যভার গ্রহণের কথা আমরা ইতোপূর্বেই যথাস্থানে উল্লেখ করিয়াছি। স্বামিজীর উৎসাহে অনুপ্রাণিত হইয়া কর্মশ্রেষ্ঠ স্বামী অখানন্দজীও মূর্শিদাবাদে দূর্ভিক্ষপীড়িত নবনাবীর সেবাকাৰ্যে প্রস্থান করিলেন। গুবুদ্রাতাগগকে কর্মে প্রবৃত্ত দেখিয়া স্বামিজী আশাতীত আনন্দ লাভ করিলেন।

বহুবর্ষব্যাপী কঠোর পরিশ্রমে স্বামিজী বজ্রদণ্ড দেহ অসুস্থ হইয়া পড়িয়াছিল। শারীরিক অসুস্থতার প্রতি দৃকপাত না করিয়া স্বামিজী মঠের রহস্যচারী ও নব-দীক্ষিত শিষ্যবৃন্দকে গীতা, উপনিষদ্ ইত্যাদি ভাষ্য সহকারে শ্রবণ পড়াইতে লাগিলেন। চিকিৎসকগণ তাঁহাকে কিছুদিনের জন্য সর্বপ্রকার মানসিক শ্রম হইতে বিরত হইবার উপদেশ দিতে লাগিলেন। স্বামিজী তাঁহাদের পরামর্শে দার্জিলিং যাত্রা স্থির করিলেন। তাঁহাব সহিত মিঃ ও মিসেস্ সৌভাগ্য, স্বামী রত্নানন্দ, গির্জাচন্দ্র ঘোষ মিঃ গুড্‌উইন, ডাক্তার টার্নবুল এবং তাঁহাব মাদ্রাজী শিষ্যগণ আলাসিঙ্গা পেম্‌মল, জি. জি. নবসিংহাচার্য ও সিংগাভেলু মন্‌মল্লিয়ার দার্জিলিং যাত্রা করিলেন। বর্ধমানের মহাবাজা স্বাধী “বোজ-ব্যাঙ্ক” নামক ভবনের একাংশ তাঁহাদের বাসের জন্য প্রদান করিলেন। পবে দার্জিলিংয়ের মিঃ এম, এন, ব্যানার্জী স্বামিজী ও তাঁহাব সঙ্গীগণকে তাঁহাব আতিথ্য গ্রহণ করাইলেন। প্রায় দুইমাস দার্জিলিংয়ে থাকিয়াও তাঁহাব স্বাস্থ্যের বিশেষ উন্নতি হইল না। এদিকে অলসভাবে দিন যাপন করা তাঁহাব পক্ষে অসম্ভব হইয়া উঠিল। তিনি পদুমরায় কলিকাতায় ফিরাই আসিলেন।

স্বামিজী যখন বিদেশে, তখন কয়েকজন যুবক আলমবাজার মঠে যোগদান করিয়া রহস্যচারীর জীবন যাপন করিতেছিলেন। তাঁহারা স্বামিজীর নিকট সম্যাস-দীক্ষা গ্রহণ করিবার জন্য উন্মত্ত হইয়া উঠিলেন। স্বামিজী তাঁহাদিগের উৎসাহ দেখিয়া আনন্দিত হইলেন, কিন্তু একজনের সম্বন্ধে তাঁহাব গুরুভ্রাতাগণ প্রবল আপত্তি উত্থাপন করিলেন। উক্ত ব্যক্তির পূর্বজীবন ভাল ছিল না, অতএব তাহাকে সম্যাস প্রদান করিয়া মঠভুক্ত করিতে অনেকেই আপত্তি করিলেন। স্বামিজী তাঁহার গুরুভ্রাতাদিগকে বলিলেন, ‘আমরা যদি পাপীকে আশ্রয় প্রদান করিতে সঙ্কুচিত হই, তাহা হইলে ইহারা আর কোথায় আশ্রয় পাইবে?’ এ যখন উচ্চতর পবিত্র জীবন যাপন করিবার সঙ্কল্প লইয়া সংসার ত্যাগ করিবাছে, তখন ইহাকে সাহায্য করা আমাদের কর্তব্য। তোমরা যদি উচ্ছৃঙ্খল ও অসংচরিত ব্যক্তিগণের চরিত্র সংশোধন করিতে অপারগ হও, তাহা হইলে গৈবিক পরিধান করিয়া আচার্য্য গ্রহণ করিয়াছ কেন?’ পতিতপাবন স্বামিজীর ইচ্ছাই পূর্ণ হইল, তাঁহাব গুরুভ্রাতাগণ আর আপত্তি করিলেন না।

স্বামিজী বৈদিক ক্রিয়াকাণ্ডে সম্পূর্ণ বিশ্বাসী ছিলেন, শাস্ত্রমতে ঐ সকল ক্রিয়াকাণ্ড ঠিক ঠিক সম্পন্ন না হইলে মহাবিরক্ত হইতেন। আজকাল যেমন গেরুয়া পরিয়া বাহির হইলেই অনেকে সম্যাস-দীক্ষা সম্পন্ন হইল বলিয়া মনে করেন,

স্বামিজী সেরূপ মনে করিতেন না। গুরুপরম্পরাগত আবহমানকাল প্রচলিত ব্রহ্ম-বিদ্যা সাধনোপযোগী সম্যাস গ্রহণের প্রাগনুষ্ঠেয় নৈষ্ঠিক সংস্কারগুণি ব্রহ্মচারিগণের স্ৱারা ঠিক ঠিক সাধন কবাইয়া লইতেন।

কৃতপ্রাশ্ণ, সম্যাসরত গ্রহণেচ্ছা শিষ্যগণ যখন আসিয়া স্বামিজীব পাদপদ্ম বন্দনা করিলেন, তখন স্বামিজী তাঁহাদিগকে আশীর্বাদ করিয়া কহিলেন, 'তোমরা মানবজীবনের শ্রেষ্ঠরত গ্রহণে উৎসাহিত হইয়াছ, ধন্য তোমাদের বংশ, ধন্য তোমাদের গর্ভধারণী। কুলং পবিত্রং জননী কৃতার্থা'।

অতঃপর সম্যাসাশ্রমের মাহাত্ম্য বর্ণন করিতে করিতে স্বামিজীর বদনমণ্ডল স্বর্ণাশ বিভাষ উদ্ভাসিত হইয়া উঠিল। তিনি বলিতে লাগিলেন 'বহুজন হিতায়, বহুজন সুখায় সম্যাসীর জন্ম। সম্যাস গ্রহণ কবে যাহারা এই ideal (উচ্চাদর্শ) ভুলে যায়—বৃথিব তস্যা জীবনং। পবের জন্য প্রাণ দিতে জীবের গগনভেদী ক্রন্দন নিবারণ করতে, বিধবাব অশ্রু মদ্রুহাতে পুত্রবিয়োগ-বিধবাব প্রাণে শান্তি দান করতে, অস্ত্র ইতব সাধারণকে জীবন-সংগ্রামের উপযোগী কবতে, শাস্ত্রোপদেশ বিস্তারবেব দ্বাবা সকলের ঐহিক ও পারমার্থিক মঙ্গল কবতে এবং জ্ঞানালোক দিষে সকলের মধ্যে প্রসুত ব্রহ্মসিংহকে জাগরিত করতে জগতে সম্যাসীর জন্ম হষেছে।' পরে নিজ ভ্রাতৃগণকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন 'আত্মানো মোক্ষার্থং জগন্মিতায় চ'—আমাদের জন্ম। কি করিস্ সব বসে? ওঠ—জাগ নিজে! নিজে জেগে অপর সকলকে জাগ্রত কর্—নবজন্ম সার্থক কবে দিষে চলে যা—উত্তীর্ণত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত'।*

স্বামিজী আলমবাজার মঠে ও বাগবাজার বলবাম বসুদেব ভবনে থাকিয়া উৎসাহের সহিত যুগধর্ম প্রচার করিতে লাগিলেন। এই কার্যের জন্য শ্রীবামকৃষ্ণ-ভক্তবৃন্দকে সম্ববন্ধ করিবার সঙ্কল্প তাঁহাব মনে বহুদিন ছিল। ১৮৯৭ সালের ১লা মে স্বামিজীব আহবানে শ্রীরামকৃষ্ণের গৃহী ও সম্যাসিভক্তবৃন্দ অপরাহ্নে বাগবাজার বলবাম ভবনে সমাগত হইলেন। স্বামিজী সমবেত ভক্তগণকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন "নানাদেশ ঘুদেব আমার ধাবণা হষেছে সঙ্ঘ ব্যতীত কোন বড় কাজ হতে পারে না। তবে আমাদের মত দেশে প্রথম হতে সাধারণতন্ত্রে সঙ্ঘ তৈয়ার করা বা সাধারণের সম্মতি (ভোট) নিষে কাজ করাটা তত সুবিধাজনক বলে মনে হয় না। এদেশে শিক্ষা-বিস্তারে যখন ইতর-সাধারণ লোক সমধিক সহৃদয় হবে, যখন মত

ফতের সঙ্কীর্ণ গম্ভীর বাইবে চিন্তা প্রসাবিত কব্ধে শিখবে, তখন সাধারণতন্ত্র মতে সংঘের কার্য চলতে পারবে। সেইজন্য এই সংঘের একজন dictator বা প্রধান পরিচালক থাকা চাই। সকলকে তাঁর আদেশ মেনে চলতে হবে। তারপর কালে সকলের মত নিয়ে কার্য করা হবে।

আমবা ষাঁহাব নামে সম্যাসী হয়েছি আপনাবা ষাঁহাকে জীবনের আদর্শ কোরে সংসাবাপ্রমে কার্যক্ষেত্রে রয়েছেন ষাঁহাব দেহাবসানের বিশ বৎসরের মধ্যে প্রাচ্য ও পাশ্চাত্য জগতে তাঁহার পুণ্য নাম ও অশ্রুত জীবনের আশ্চর্য প্রসাব হয়েছে এই সংঘ তাঁহাবই নামে প্রতিষ্ঠিত হবে। আমবা প্রভু দাস, আপনাবা এ কার্যে সহায় হোন।'

গিরিশচন্দ্র ঘোষ প্রমুখ উপস্থিত গৃহিগণ এ প্রস্তাব অনুমোদন করিলে রামকৃষ্ণ সংঘের ভাবী কার্যপ্রণালী আলোচিত হইতে লাগিল। সংঘের নাম রাখা হইল, রামকৃষ্ণ প্রচাব বা ব্রাহ্মকৃষ্ণ মিশন। উহাব উদ্দেশ্য প্রভৃতি আমবা উহার মর্দিত বিজ্ঞাপন হইতে উদ্ধৃত কবিলাম।

উদ্দেশ্য—মানবের হিতার্থে খ্রীষ্টীযামকৃষ্ণ যে সকল তত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন ও কার্যে তাঁহার জীবনে প্রতিপাদিত হইয়াছে, তাহাব প্রচার এবং মনুষ্যের দৈহিক, মানসিক ও পারমাণবিক উন্নতিকল্পে বাহাতে সেই সকল তত্ত্ব প্রযুক্ত হইতে পারে তদ্বিষয়ে সাহায্য কবা এই প্রচাবের (মিশনের) উদ্দেশ্য।

রত—জগতের যাবতীয় ধর্মমতকে এক অখণ্ড সনাতন ধর্মের রূপান্তর মাত্র জ্ঞানে সকল ধর্মাবলম্বীদিগের মধ্যে আত্মীয়তা স্থাপনের জন্য খ্রীষ্টীযামকৃষ্ণ যে কার্যের অবতারণা করিয়াছিলেন, তাহার পরিচালনাই এই 'প্রচাবের' রত।

কার্যপ্রণালী—মানুষের সাংসারিক ও আধ্যাত্মিক উন্নতির জন্য বিদ্যাদানের উপযুক্ত লোক শিক্ষিত করণ, শিল্প ও শ্রমোপজীবিকাব উৎসাহ বর্ধন এবং বৈদান্ত ও অন্যান্য ধর্মভাব, রামকৃষ্ণ-জীবনে যেরূপ ব্যাখ্যাত হইয়াছিল তাহা জনসমাজে প্রবর্তন।

ভাবতবর্ষীয় কার্য—ভাবতবর্ষের নগরে নগরে আচার্যরত গ্রহণাভিলাষী গৃহস্থ বা সম্যাসীদিগের শিক্ষার আশ্রম স্থাপন এবং বাহাতে তাঁহাবা দেশ-দেশান্তরে গিয়া জনগণকে শিক্ষিত করিতে পারেন, তাহাব উপায় অবলম্বন।

বিশেষী কার্যবিভাগ—ভারতবর্ষভূত প্রদেশসমূহে 'রতধারী' প্রেরণ এবং তত্ত্বপ্রদেশে স্থাপিত আশ্রম সকলের বিনিমিত্তা ও সহানুভূতি বর্ধন এবং নতন নতন আশ্রম সংস্থাপন।

“স্বামিজী উক্ত সর্ম্মিতার সাধারণ সভাপতি হইলেন। স্বামী ব্রহ্মানন্দ কলিকাতা-কেন্দ্রের সভাপতি ও স্বামী যোগানন্দ তাঁহার সহকারী হইলেন। নরেন্দ্রনাথ মিত্র

(এটর্নীর) ইহার সম্পাদক, ডাক্তার শশিভূষণ ঘোষ ও শরচ্চন্দ্র সরকার সহকারী সম্পাদক এবং শরচ্চন্দ্র চক্রবর্তী শাস্ত্রপাঠকরূপে নিৰ্বাচিত হইলেন, সঙ্গে সঙ্গে এই নিয়মটিও বিধিবদ্ধ হইল যে, প্রতি রবিবার ষট্টার পব বলরাম বাবুর বাড়িতে 'সমিতির' আধিবেশন হইবে। পূর্বোক্ত সভাব পবে তিন বৎসর পর্যন্ত "রামকৃষ্ণ মিশন" সমিতির আধিবেশন প্রতি রবিবার বলরাম বসু মহাশয়ের বাড়িতে হইয়াছিল। বলা বাহুল্য যে স্বামিজী যতদিন না পুনরায় বিলাত গমন কবিয়াছিলেন ততদিন সন্নিধ্যমত সমিতিব আধিবেশনে উপস্থিত থাকিয়া কখনও উপদেশ দান এবং কখনও বা কিম্বদন্তি গান কবিয়া শ্রোতৃবৃন্দকে মোহিত করিতেন।' (স্বামি-শিষ্য সংবাদ)।

শ্রীরামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা হইবার পর কোন কোন রামকৃষ্ণ-ভক্ত, স্বামিজী বৈদেশিকভাবে কার্য করিতেছেন বলিয়া সন্দেহ করিতে লাগিলেন। একদিন সন্ধ্যাবেলা বলরাম বাবুর বাড়ীতে স্বামিজী গুরুদ্রাভাগেব সহিত বহুসাল্যাপ করিতেছেন, এমন সময় তাঁহার একজন সন্ন্যাসী গুরুদ্রাতা সহসা প্রশ্ন করিলেন যে, তিনি কেন শ্রীরামকৃষ্ণকে প্রচার করিতেছেন না এবং শ্রীরামকৃষ্ণের শিক্ষার সহিত তৎপ্রচারিত আদর্শগুণের সামঞ্জস্য কোথায়? কারণ একান্ত ভক্তিব সহিত অনন্যচিত্ত হইয়া সাধন-ভজন সহায়ে কেবলমাত্র ঈশ্বরোপলব্ধির চেষ্টা কবাই ঠাকুরের আদর্শ ছিল। অপবাদকে স্বামিজী সকলকেই কর্ম রোগী ও দ্বিভ্রের সেবা শিক্ষাবিস্তার, ধর্মপ্রচার ইত্যাদি করিতে উপদেশ দিতেছেন। ঐ সকল কর্ম মনকে স্বতঃই বিহীন করিয়া তোলে এবং সাধনের বিষয়কর। স্বামিজী যে জনহিতকল্পে মঠ, মিশন বেদান্ত সমিতি সেবাশ্রম ইত্যাদি প্রতিষ্ঠা কবিবার সঙ্কল্প করিতেছেন, স্বদেশপ্রেমেব মধ্য দিয়া মানব-সেবারূপে প্রচার করিতেছেন এগুণি পাশ্চাত্য আদর্শ বলিয়া মনে হয়, কারণ শ্রীশ্রীঠাকুরেব সর্বভাগই মূলমন্ত্র ছিল।

বাহিবেব লোকেব নিকট বিম্ববিখ্যাত বিবেকানন্দ যাহাই ইউক না কেন, গুরুদ্রাতা ও অন্তবংগ ভক্তমণ্ডলীব নিকট চিবিদিনই সেই হাস্যাসিক ব্যাংগমুখর নবেন্দ্রনাথই ছিলেন। কৌতুকপ্রিয় স্বামিজী উক্ত গুরুদ্রাতাকে লইয়া প্রথমতঃ ব্যাংগ জুড়িয়া দিলেন। তিনি বিদ্রুপ কবিয়া বলিতে লাগিলেন 'তুমি কি বলতে চাও যে, লেখাপড়া, সাধারণে ধর্মপ্রচার আত্ম রোগী অনাথ এদেব সেবা কবা-দুঃখ দূর কববার চেষ্টা কবলেই অমনি মায়াব বন্ধ হয়ে যেতে হবে? ঈশ্বর অন্বেষণ কব, জগতের উপকার কবতে যাওয়া অনধিকার চর্চা কবা মাত্র', এ রকম কথা ঠাকুর ব্যক্তিবিশেষকে বলেছেন বলেই যদি ঐ সমস্ত কাজ মন্দ বলে মনে কব, তাহলে তুমি ঠাকুরের উদ্দেশ্য এক-বিন্দুও বোঝ না। বলিতে বলিতে তাঁহার ব্যাংগের ভাব অন্তর্হিত হইল। বেদান্ত-

কেশরী দত্তগজর্নে বলিয়া উঠিলেন, “তুমি কি মনে কর যে, শ্রীরামকৃষ্ণকে আমার চেয়েও ভাল বুঝেছো? তুমি কি মনে কব জ্ঞান শব্দক পাণ্ডিত্যমাত্র, যা হৃদয়ের কোমল বৃত্তিগুণগুলির উচ্ছেদ সাধন কবে এক উষর পন্থাবলম্বনে অর্জন কবতে হয়? তুমি যে ভক্তিকে লক্ষ্য কব্ছো, তা’ আহাম্মকের ভাবদৃকতা মাত্র, যা মানুষকে কাপদবৃষ ও কর্মবিমুখ করে তোলে। শ্রীরামকৃষ্ণকে প্রচার করার কথা বল্ছো? তুমি আমি তাঁর অনন্তভাবে কতটুকুর ইয়ত্তা কব্তে পেরেছি যে, জগৎকে বল্তে যাব? সবে দাঁড়াও। কে তোমার শ্রীরামকৃষ্ণকে চাষ কে তোমার ভক্তি মূর্ত্তি নিয়ে মাথা ঘামায়? শাস্ত্র কি বল্ছে না বল্ছে কে শোনে? যদি আমি আমার তমোহুদে মঞ্জমান স্বদেশবাসীকে কর্মযোগেব ম্বাবা অনুপ্রাণিত করে প্রকৃত মানুষের মত নিজেব পায়ের উপর দাঁড় করিয়ে দিতে পারি তাহলে আমি আনন্দের সঙ্গে লাখ নবকে যাব। আমি তোমার বামকৃষ্ণ বা অপব কাবও চেলা নই, যা’বা নিজেদেব ভক্তি মূর্ত্তিব কামনা ত্যাগ করে দবিদ্র-নবাষণ সেবায জীবন উৎসর্গ করবে, আমি তাদের চেলা—
 ভূত্যা—ক্ৰীতদাস।” স্বামিজীর আবেগ-বিস্তম মূখমণ্ডলে স্বর্গীয় করুণার ছবি ফুটিয়া উঠিল, পরাধীনতার পেষণে অপহৃত মনুষ্যের ভাবতবাসীর অসীম দুঃখের দুঃসহ স্মৃতি তাহার হৃদয় মথিত করিয়া উদ্বেলিত হইয়া উঠিল, সেই বিশাল বীৰবক্ষ যেন বিদীর্ণ হইবে এই আশঙ্কায় উভয় হস্তে বক্ষ চাপিয়া তিনি দ্রুতপদে স্বীয় বিশ্রামক্ষে প্রবেশ কবিয়া ম্বাব বৃন্দ কবিয়া দিলেন। দুই একজন ধীপদে অগ্রসর হইয়া সন্তর্পণে গবাক্ষপার্শ্বে দাঁড়াইয়া দেখিলেন আচার্যদেব ভূম্যাসনে ভাব-সমাধিস্থ! ভয়ে ও বিস্ময়ে গুবুজ্রাতাগণ পবস্পরের মূখাবলোকন করিতে লাগিলেন। প্রায় এক ঘণ্টা পর যখন তিনি পুনবায গুবুজ্রাতাদিগেব মধ্যে আসিলেন, তখন ঝটিকাবসানে মথিতসমুদ্রেব মত তাহার গম্ভীরমূর্ত্তি দেখিয়া কাহারও বাক্যস্মৃতি হইল না। কিছুরুক্ষণ পর তিনি মৌনভঙ্গ কবিয়া কহিলেন, ‘যাব হৃদয় ভক্তিতে পূর্ণ হযেছে, তার স্নায়ুগুণ এত কোমল হযে পড়ে যে সামান্য ফুলের ঘা পর্যন্ত সহ্য করতে পারে না, তোমাবা জান, আমি আজকাল প্রেম-ভক্তি সম্বন্ধীয় কোন পুস্তক পড়তে পারি না। শ্রীবামকৃষ্ণ সম্বন্ধে বৈশীক্ষণ কথা কইতে গেলেই ভাবে অভিভূত হযে যাই। অন্তর্নিহিত এই ভক্তি-প্রবাহেব গতিবোধ কবতে আমি ক্রমাগত চেষ্টা কব্ছি, কর্মের কঠিন শৃঙ্খলে নিজেকে বেঁধে বেখোঁছি, কাবণ এখনও জগতে আমার যে বার্থা বহন করবাব আছে, তা’ শেষ হয়নি। তাই যদি দেখি ভক্তিব উদ্দাম প্রবাহ আমাকে ভাসিয়ে নিতে চাষ, তখনই কঠোর জ্ঞানের রুদ্ধদণ্ড তুলে আঘাত করে ঐ সব ভাব সংবত রাখি। হাব, মূর্ত্তি নাই! এখনও আমাকে অনেক কর্ম করতে হবে।



আমি শ্রীরামকৃষ্ণের ক্রীতদাস, তিনি যে তাঁর কর্মভার আমার শ্বশ্বে নিক্ষেপ করে গেছেন, যে পর্যন্ত না সমাপ্ত করতে পারি, সে পর্যন্ত তিনি তো বিশ্রাম করতে দেবেন না।”

এই বিষয় লইয়া আলোচনা-প্রসঙ্গে পূজনীয় স্বামী সাবদানন্দজী একদিন আমাদিগকে যাহা বলিয়াছিলেন, যতদূর স্মরণ হয় তাহা লিপিবদ্ধ করিলাম— “একদিন দক্ষিণেশ্বরে আমরা সকলে বসিয়া আছি, শ্রীযুক্ত নরেন্দ্রনাথও সেদিন উপস্থিত ছিলেন। দয়া, পরোপকার ইত্যাদি সম্বন্ধে কথা হইতে হইতে শ্রীশ্রীঠাকুর ভাবমুখে বলিতে লাগিলেন, ‘জীবে দয়া, নামে রুচি, বৈষ্ণব সেবন—দয়া? কে কাকে দয়া করবে? দয়া নয় দয়া নয়, সেবা—সেবা।’ কিছুক্ষণ পরে নরেন্দ্রনাথ বাহিরে আসিয়া আমাকে বলিলেন ‘আজ ঠাকুর যা’ বল্লেন, কিছু বদ্বলি?’ আমি বদ্বলিতে পারি নাই শুনিয়া তিনি বলিলেন ‘বদ্বলি থাকলে তো বদ্বলি?’ ওঃ আজ কি নূতন light (আলোক) পেলুম। যদি বেঁচে থাকি তাহলে দেখতে পাবি।” তৎকালে ঠাকুরের এই প্রকার ক্ষুদ্র ক্ষুদ্র উপদেশগুলির মধ্যে যে কি গভীর তত্ত্ব নিহিত আছে, তাহা অনেকেই ভাবিয়া দেখেন নাই। এতদিন পরে স্বামিজীব নিকট ঐ সমস্ত বাক্যের প্রকৃত তাৎপৰ্য শ্রবণ করিয়া তাঁহার গুরুদ্বাভাগন বিস্মিত হইলেন। তাঁহারা বদ্বলিলেন যে অনন্তভাবময় ঠাকুরকে সর্বতোভাবে বদ্বলিয়া উঠা অতীব দুঃসাধ্য। ক্রমে স্বামিজীর কার্য-প্রণালী বিশেষভাবে পর্যবেক্ষণ করিয়া বাঁহাদের মনে সন্দেহ উপস্থিত হইয়াছিল, তাঁহারা নিঃসংশয়ে বদ্বলিলেন যে, স্বামিজী ঠাকুরের ভাবই প্রচার করিতেছেন। বহুসময় ধরে স্বামিজী তদীয় গুরুদ্বাভাগকে যদিও প্রশ্ন করিয়াছিলেন, “তুমি কি মনে কর যে, শ্রীরামকৃষ্ণকে আমাব চেয়েও ভাল বদ্বলি?” তথাপি আমিই শ্রীরামকৃষ্ণকে সর্বাপেক্ষা অধিক বদ্বলিয়াছি, এরূপ অহঙ্কার তাঁহার হৃদয়ে স্বপ্নেও উদয় হয় নাই, বরং প্রত্যেক কার্যে তিনি স্বীয় গুরুদ্বাভাগনের উপদেশ ও পরামর্শ গ্রহণ করিতেন। ভক্তকলচ্ছাদমণি সাধু নাগমহাশয়ের সহিত প্রথম সাক্ষাতেই স্বামিজী প্রশ্ন করিয়াছিলেন, “দেখুন, এই সব মঠ, সেবাশ্রম ইত্যাদি কব্ছি, এ কি ঠিক ঠাকুরের উপদেশ মত কাজ হচ্ছে?” এই সমস্ত জনহিতকর অনুষ্ঠান যে শ্রীশ্রীঠাকুরের উপদেশ মতই হইতেছে, নাগমহাশয় ইহা উৎসাহের সহিত সমর্থন করায় স্বামিজী অতীব আনন্দিত ও আশ্বস্ত হইয়াছিলেন। যাহা হউক, অতঃপর আর কোন গুরুদ্বাভাগ তাঁহার প্রবর্তিত কার্য-প্রণালী সম্বন্ধে বিরুদ্ধ অভিমত প্রকাশ করেন নাই। শারীরিক অসুস্থতা সত্ত্বেও স্বামিজী তিলমাত্র বিশ্রাম করিতে পাইতেন না। তিনি বাগবাজারে বলরাম বাবুর বাটীতে অবস্থান করিতেছেন

জানিতে পারিয়া প্রত্যহ দলে দলে শিক্ষিত যুবক তাহাকে দর্শন করিতে লাগিলেন। বাঙ্গালী যুবকগণের দৈহিক দুর্বলতা, জাতীয় শিক্ষা ও আদর্শে আস্থাহীনতা বিশেষ-ভাবে লক্ষ্য করিয়া তিনি গভীর ক্ষোভেব সহিত ঐগুলিব তীব্র সমালোচনা করিতেন এবং তাহাদিগকে বীৰ্যবান ও সবল হইবার উপদেশ দিতেন।

এই সময় স্বামিজীব অন্যতম শিষ্য শরৎচন্দ্র চক্রবর্তী মহাশয় তাহার নিকট ঋগ্বেদ অধ্যয়ন করিতে আৰম্ভ করেন। ঋগ্বেদেব অধ্যাপনা চলিতেছে আচার্যদেব সাধন ভাষ্যসহ বেদ ব্যাখ্যা করিতেছিলেন এমন সময় তথায় নাট্য-সম্রাট গিরিশ বাবু আসিয়া উপস্থিত হইলেন। পবনপব অভিবাদনান্তব গিৰিশবাবু আসন পরিগ্রহ করিলে পব স্বামিজী কৌতুকোজ্জ্বল হাস্যে তাহাব প্রতি দৃষ্টিপাত করিয়া বলিলেন 'জি, সি তুমি বোধ হয় এসব জিনিষ পড়াব কোন দবকার বোধ কব না চিবকাল কৃষ্ণ বিষ্ণু নিষেই কাটিযে দিলে।

বিশ্বাসের জ্বলন্তমূর্তি গিৰিশবাবু বিনীতভাবে উত্তব কবিলেন বেদ পড়ে আমাব আর কি হবে ভাই? বেদ ব্ৰহ্মবাব মত আমাব ব্ৰহ্মও নেই অবসবও নেই। ও সমস্ত জিনিষকে দূব থেকে প্রণাম কবে আমি ভগবান্ ব্রহ্মকৃষ্ণেব কৃপায় ভবসমুদ্র উত্তীর্ণ হয়ে চলে যাব। তিনি তোমাকে দিয়ে লোকশিক্ষা দেবেন ধর্মপ্রচাব কবাবেন তাই ও সমস্ত জিনিষ পড়িয়েছেন।" তিনি প্রকাণ্ড ঋগ্বেদ গ্রন্থখানাকে পুনঃ পুনঃ প্রণাম করিয়া বলিতে লাগিলেন জয় বেদব্ পী শ্রীব্রহ্মকৃষ্ণেব জয়।

স্বামিজী যখনই সাধনার কোন বিশেষ পন্থা সম্বন্ধে বলিতে আরম্ভ কবিতেন তাহা ব্রহ্মজ্ঞান অথবা ভক্তি কর্মযোগ অথবা জাতীয় আদর্শ যাহাই ইউক না কেন তাহার ওজস্বী বচনভঙ্গী ও প্রাণস্পর্শী বর্ণনায় মনে হইত, যেন উহাই মানব জীবনের সর্বশ্রেষ্ঠ আদর্শ। কৌতুকচ্ছলে স্বামিজীব কথিত বাক্য প্রবণ কলিষা উপস্থিত ভক্ত ও শিষ্যগণের মনে ভক্তি-বিশ্বাস সম্বন্ধে বিপবীত ধাবণা হওয়া বিচিত্র নহে মনে কবিয়া, গিরিশবাবু তাহাকে প্রশ্ন কবিলেন, 'আচ্ছা নবন' বেদ-বেদান্ত তো অনেক পড়েছো। ঋগ্বেদেব অম্বেব জন্য হাহাকাব, দ্বিবেদ্রেব দুঃখ, লাম্পটাদি বীভৎস পাপ, আরও কতবকম অন্যায় অবিচাব ও দুঃখ যাহা আমবা সচরাচব দেখতে পাই, তার কোন প্রতিবিধান তোমাব বেদ-বেদান্ত লেখে কি? অম্ৰুক সংসাবেব গৃহিণী, যিনি প্রত্যহ পণ্ডাশজন লোককে অন্ন বিতরণ কবতেন, আজ তিনিদিন হয় তিনি অন্নভাবে পুত্রকন্যাসহ অনাহাবে আছেন। অম্ৰুক অম্ৰুক সংসাবেব মহিলাগণ বদমাইসের হস্তে লাঞ্ছিতা হয়েছেন, কেউ কেউ উৎপীড়িতা হয়ে অবশেষে প্রাণত্যাগ করেছেন। অম্ৰুক বাড়ির বাল্যবিধবা কলশ্কেব হাত থেকে পবিচাল পাবার জন্য

ভ্রূণহত্যা কর্তৃক গিঘে আত্মহত্যা করে বসেছে। নরেন, বেদ-বেদান্তের মধ্যে এর কি কোন প্রতিকার পেয়েছে?” এইরূপে গিরিশবাবু মর্মস্পর্শী ভাষায় সংসারের যাবতীয় দুঃখ, অন্যায় অত্যাচার কাহিনী বর্ণনা কবিতে লাগিলেন। সে হৃদয়ভেদী কবুণকাহিনীসমূহ শ্রবণ কবিয়া আচার্যদেবের আশত নেত্রম্বয অশ্রুদ্রিস্ত হইল। ভাবাবেগ দমন করিতে না পারিয়া তিনি বিচলিত হৃদয়ে তৎক্ষণাৎ সে স্থান পরিত্যাগ কবিয়া কক্ষান্তরে প্রস্থান কবিলেন।

স্বামিজী প্রস্থান করিলে গিরিশবাবু শিষ্যগণকে লক্ষ্য করিয়া বলিলেন, “দেখলে, তোমাদের গুরুর হৃদয় কি মহান্ অনুকম্পাপূর্ণ। আমি তাঁকে পণ্ডিত বা প্রতিভাশালী বলে সম্মান কবি না, যা মানুষের দুঃখ-কষ্টেব কথা শুনলে করুণায় বিগলিত হয়ে পড়ে সেই অসীম উদার হৃদয়ের জন্যই শ্রদ্ধা করি। দেখলে তো, এই সব কথা শুনে, কিছুকাল পূর্বে বেদ-বেদান্তের যে-সব ব্যাখ্যা হিচ্ছল—সে পণ্ডিত্য, বিচাব বিশ্লেষণ কোথায় অন্তর্হিত হল। তোমাদের স্বামিজী একাধারে মহাজ্ঞানী ও মহাভক্ত বুদ্ধেছ। কিসংকাল পবে স্বামিজী ফিরিয়া আসিলেন। স্বামী সদানন্দকে কক্ষে প্রবেশ কবিতে দেখিয়া তৎক্ষণাৎ স্বামিজী তাঁহাকে রুশন আতুৰ আতের সেবাকক্ষে একটি সেবাশ্রম প্রতিষ্ঠা কবিবাব উপদেশ দিলেন। সদানন্দজী প্রাণপণে চেষ্টা করবেন বলিয়া গুরু-আজ্ঞা শিবোধার্য কবিলেন। স্বামিজী গিরিশবাবুকে লক্ষ্য কবিয়া বলিলেন, দেখ জি, সি, জগতের দুঃখ কষ্ট দুৰ করবার জন্য এমনকি একজনেব বেদনা লাঘব কববাব জন্য আমি সহস্রবার জন্মগ্রহণ করতে প্রস্তুত আছি। নিজেব মৃত্তি আমি চাই না। আমি প্রত্যেককে মৃত্ত হবার জন্য সাহায্য করতে চাই।’

এই সময় একদিন স্বামিজী, মাতাজী তপস্বিনী কর্তৃক আহৃত হইয়া শিষ্য শরৎবাবুকে সঙ্গে লইয়া মহাকালী পাঠশালা পবিদর্শনার্থে গমন কবেন। বিদ্যালয়ের শিক্ষাদান-প্রণালী দেখিয়া স্বামিজী সন্তুষ্ট হইলেন। পবিদর্শনান্তে ফিরিবার সময় তিনি কথোপকথন-প্রসঙ্গে বলিলেন যে পুরুষগণের জন্য মঠ স্থাপনের সঙ্গে সঙ্গে তাহার একটি নারীমঠও স্থাপন করিবার ইচ্ছা আছে। তথায় ব্রহ্মচারিণী ও সম্মাসিনিগণ সর্দক্ষিতা হইয়া নাবীজাতির উন্নতি ও শিক্ষাকক্ষে চেষ্টা করবেন। বিজাতীয় আদর্শে সংস্কারেব চেষ্টা না কবিয়া হিন্দুন্যায়গণকে জাতীয়ভাবে শিক্ষা প্রদান করা আশ্রু কর্তব্য। তাহারা সর্দক্ষিতা হইলে নিজেদের ভালমন্দ নিজেরাই ঠিক করিয়া লইবেন। সেজন্য পুরুষদের মাথা ঘামাইবার প্রয়োজন নাই। কার্যক্ষেত্রে নারীরা স্বাভাবিক দক্ষতা স্বাধীনভাবে জাতীয় উন্নতিসাধনে নিযুক্ত হইলে কল্যাণ হইবে।

মঠ, সেবাশ্রম প্রভৃতি প্রতিষ্ঠাকল্পে স্বামিজী চেষ্টা করিতে লাগিলেন বটে, কিন্তু তাঁহাব দৈহিক অবস্থা দেখিয়া শিষ্য ও গুরুদ্রাভাগণ শঙ্কিত হইলেন। ইতোমধ্যে ইংলন্ড হইতে মিস্ মূলব আসিয়া উপস্থিত হইলেন। চিকিৎসকগণের পরামর্শে স্বামিজী অনিচ্ছাসত্ত্বেও বায়ুপরিবর্তনের জন্য আলমোড়া যাইতে স্বীকৃত হইলেন। অবশেষে ৬ই মে কতিপয় শিষ্য ও গুরুদ্রাতা সহকায়ে কলিকাতা পরিত্যাগ করিয়া আলমোড়া অভিমুখে প্রস্থান করিলেন।

স্বামিজীকে উপযুক্ত অভ্যর্থনা করিবার জন্য আলমোড়ার হিন্দুসমাজ পূর্বে হইতেই প্রস্তুত হইয়াছিলেন। স্বামিজীব আগমনবার্তা পাইবামাত্র তাঁহারা আলমোড়ার নিকটবর্তী লোদিয়া নামক স্থানে প্রত্যাগমনপূর্বক স্বামিজীকে অভ্যর্থনা করিলেন। বিবাট শোভাযাত্রা দ্বারা পরিবেষ্টিত হইয়া সুসজ্জিত অশ্ববাহনে স্বামিজী নগর মধ্যে প্রবেশ করিলেন। পূর্বনারীবন্দ বাতায়ন হইতে পদুপ ও তড়ুল বর্ষণ করিতে লাগিলেন। সহস্র সহস্র উৎসুক দর্শকের আনন্দ বর্ধন করিয়া স্বামিজী সভামণ্ডপে প্রবেশ করিলেন। মণ্ডপে প্রায় পঞ্চসহস্র ব্যক্তি সমাগত হইয়াছিল। পণ্ডিত জাওলাদত্ত যোশী মহাশয় অভিনন্দন-পত্র পাঠ করিলেন। লালা বদরী সাহাব পক্ষ হইতে পণ্ডিত হেব্বাম পাণ্ডে অপর একখানি অভিনন্দন-পত্র প্রদান করিলে পব স্বামিজী একটি সংক্ষিপ্ত বক্তৃতা প্রদান করিলেন। সার্বভৌমিক ধর্ম শিক্ষাদানকল্পে হিমালয়ে একটি মঠ স্থাপন করিবার সঙ্কল্প তাঁহাব বহুদিন হইতে ছিল, এই সভায় তিনি উহা প্রকাশ্যভাবে ব্যক্ত করিলেন।

স্থানীয় বিখ্যাত ব্যবসায়ী লালা বদরী সাহাব আতিথ্য গ্রহণ করিয়া স্বামিজী আলমোড়া হইতে বিশ মাইল দূরবর্তী এক বাগানবাড়িতে বাস করিতে লাগিলেন। হিমালয়ের গম্ভীর বৈবাগ্যোন্দীপক মনোহর শ্রী তাঁহার কর্মশ্রান্ত মানসে বহুদিন পর অপূর্ব শান্তি আনয়ন করিল। এখানেও স্বামিজী বিশ্রাম করিবার অবকাশ খুব কমই পাইলেন, কাণ দিবাভাগেব অধিকাংশ সময়ই তাঁহাকে সমাগত ব্যক্তিগণের সহিত ধর্মালোচনায় নিযুক্ত থাকিতে হইত। তথাপি দুই সপ্তাহের মধ্যেই তাঁহার স্বাস্থ্য অনেক উন্নত হইল। প্রভাত ও রজনীর অধিকাংশ সময়ই তিনি ধ্যানানন্দে মগ্ন হইয়া থাকিতেন।

সর্বপ্রকার কর্ম হইতে অবসর গ্রহণ করিয়া হিমালয়ের জনবিরল অরণ্যানীর মধ্যে আত্মগোপন করিলেও স্বামিজী বহির্জগৎ সম্বন্ধে একেবারে উদাসীনতা অবলম্বন করিতে পারিলেন না। তাঁহার ভাবতব্যাপী প্রতিষ্ঠা, প্রতিপত্তি, যশ, আদর, সম্মান দর্শনে কতিপয় মিশনারী আমেরিকায তাঁহার বিরুদ্ধে নানাপ্রকার কুৎসা রটনা করিতে

আরম্ভ করিলেন। তাঁহার ভারতগমনের অব্যবহিত পরেই শিকাগো ধর্মসভার সভাপতি ডাক্তার ব্যারোজ সাহেব এতদ্দেশে আসিয়াছিলেন, তিনিও স্বদেশে ফিরিয়া গিয়া স্বামিজীর নিন্দা করিতে লাগিলেন। ফলে সমগ্র আমেরিকায বিবেকানন্দের বিরুদ্ধে একটা আন্দোলনের চেষ্টা চলিতে লাগিল। কয়েকখানি সংবাদপত্রে তাঁহার বিষয়ে প্রতিকূল আলোচনা হইতে লাগিল। তিনি নাকি ভাবতের নগরে নগবে আমেরিকান বর্মণীগণেব আচার-ব্যবহারের নিন্দা করিয়াছেন। বিবেকানন্দের কার্য ও বক্তৃতায় ভারতবাসিগণ তাঁহার উপর বিরক্ত হইয়া উঠিয়াছেন। ভারতে তাঁহার অভ্যর্থনার যে সমস্ত বিবরণ সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে, তাহা অতিরঞ্জিত এবং মিথ্যা। বিবেকানন্দ অতি নিম্নশ্রেণীর হিন্দু, সমাজে তাঁহার কোন প্রতিষ্ঠা নাই ইত্যাদি ইত্যাদি। স্বদেশে ও বিদেশে স্বামিজীব ভক্ত এবং গুণানুবাগী অনেকেই এ সমস্ত কাবণে বিচলিত হইয়া উঠিলেন। প্রত্যহ স্বামিজীব নিকট বাশি রাশি খবরের কাগজ ও পত্র আসিতে লাগিল। তাঁহার বিরুদ্ধে এই ভয়ানক ষড়যন্ত্র দেখিয়া তিনি কিছুমাত্র বিস্মিত হইলেন না, ভীত বা উৎকণ্ঠিত হওয়া তো দূর্ব্বের কথা। নতুন তত্ত্ব, নতুন নীতি, নতুন ভাব প্রচাবকারী কোন মহাপুরুষই একাল পর্যন্ত বাধা-বিপত্তি, নিন্দা-অপবাদের হস্ত হইতে নিষ্কৃতি পান নাই। তথাপি তাঁহারা মানবজাতিব কল্যাণকল্পে কার্য করিতে বিরত হন নাই। বিবেকানন্দও পূর্ব্বগ আচার্যগণের পন্থানুসরণ করিয়া অনুকম্পামিশ্রিত উপেক্ষার সহিত ঐ সমস্ত নিন্দায় অবিচলিত থাকিয়া দৃঢ়ভাবে স্বীয় কর্তব্য পালন করিয়া গিয়াছেন।

এদিকে মর্শিদাবাদের দুর্ভিক্ষপীড়িত ব্যক্তিগণের দুঃখ নিবারণকল্পে স্বামী অখন্ডানন্দজীব অক্লান্ত চেষ্টার সংবাদ পাইয়া স্বামিজী সমধিক আনন্দ সহকারে স্বীয় শিষ্য স্বামী নিত্যানন্দ ও ব্রহ্মচারী সুরেশ্বরানন্দজীকে তাঁহার সাহায্যার্থে প্রেরণ করিলেন। স্বামিজী আলমোড়া হইতে উৎসাহ প্রদানপূর্ব্বক পত্র লিখিতে লাগিলেন। এমনকি, স্বয়ং উক্ত স্থানে যাইবার জন্য অধীর হইয়া উঠিলেন, কিন্তু চিকিৎসকগণ এবং তাঁহার শিষ্যবৃন্দ অমত করায় তাঁহার যাওয়া হইল না।

কলিকাতা 'রামকৃষ্ণ মিশনের' কার্য ও উদ্ভবরূপে চলিতেছিল। স্বামী রামকৃষ্ণানন্দজীও মাদ্রাজে প্রচারকার্যে যথেষ্ট সাফল্যলাভ করিতেছিলেন। স্বামী অভেদানন্দ ও সারদানন্দজীর ইংলন্ড ও আমেরিকায বেদান্ত প্রচারকার্য উদ্ভবরূপে চলিতেছিল। এই সমস্ত সংবাদ পাইয়া স্বামিজীব আনন্দের পরিসীমা রহিল না। তিনি পদুমরায় নবীন উৎসাহে কার্য আরম্ভ করিবার জন্য উন্মুখ হইয়া উঠিলেন। তিনি সঙ্কল্পই আলমোড়া পরিত্যাগ করিতেছেন, এ সংবাদ অবগত হইয়া তাঁহার বন্ধু

ও ভক্তমণ্ডলী তাঁহাকে বক্তৃতা করিবার জন্য অনুরোধ করিতে লাগিলেন, স্বামিজী স্বীকৃত হইয়া স্থানীয় জিলা স্কুলে সন্মিলিত হিন্দীতে বেদান্ত সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করিলেন। স্বামিজীর খ্যাতিব বিষয় অবগত হইয়া স্থানীয় ইংবেজ অধিবাসিবৃন্দও তাঁহার বক্তৃতা শ্রবণ করিবার জন্য উৎসুক হইয়া উঠিলেন। তদনুসাবে 'ইংলিশ ক্লাবে' গদুখাঁ সৈন্যদলের কর্ণেল পুন্ডলি (Col Pulley) সাহেবেব সভাপতিত্বে এক সভা আহূত হইল স্থানীয় ইংবেজ ভদ্রলোক ও মহিলাবৃন্দ এবং কয়েকজন গণ্যমান্য দেশীয় ব্যক্তি সভায় উপস্থিত ছিলেন। স্বামিজী আশ্চর্যতত্ত্ব সম্বন্ধে একটি নীতিবৃহৎ বক্তৃতা প্রদান করিলেন। মিস্ মুলব এই বক্তৃতা সম্বন্ধে লিখিয়াছেন —

“ * * * ক্রমশঃ অগ্রসব হইয়া স্বামিজী আশ্চর্য সহিত পবিত্রাশ্রম সম্বন্ধ এবং উভয়ব স্বব্দপতঃ একত্রে বিবৃত করিতে লাগিলেন। মূহুর্তেব জন্য বোধ হইল বক্তা, তাঁহার বক্তৃতা ও শ্রোতৃবৃন্দ যেন এক হইয়া গিয়াছে। যেন 'আমি' 'তুমি' 'উহা' কিছুই নাই। যে সকল বিভিন্ন ব্যক্তি তথায় সমাগত হইয়াছিলেন, তাঁহারা যেন ক্ষণকালের জন্য সেই আচার্যদেব দেহ হইতে মহাশক্তিতে নিঃসবর্ণশীল আধ্যাত্মিক জ্যোতির্ভে মিশিয়া আশ্চর্য্যবৎ মগ্ন-মগ্নবৎ রহিলেন। যাহারা বহুবার স্বামিজীর বক্তৃতা শুনিয়াছেন তাঁহাদের অনেকেই ভাবেন এইপ্রকার অনুভূতি হইয়াছে। ক্ষণকালের জন্য তিনি যেন আব অর্থাৎ শেষঃ সমালাচক শ্রোতৃবৃন্দের সমক্ষে বক্তৃতাকারী বিবেকানন্দ থাকেন না। সে সময়েব জন্য যেন সব বিভ্রমতা ও ব্যক্তিগত অতীত হয়, নামরূপ উড়িয়া যায় কেবল এক কৈবল্য মাত্র বিরাজিত থাকে, যাহাতে বক্তা শ্রোতা ও বাক্য এক হইয়া যায়। ”

আড়াই মাস কাল আলমোডায় যাপন করিয়া স্বামিজী পাঞ্জাব ও কাশ্মীরেব বিভিন্ন স্থান হইতে আহূত হইয়া সমতলক্ষেত্রে অবতরণ করিলেন। ১৫ আগষ্ট বেরিলীতে আসিবামাত্র তাঁহার জন্ম হইল। শারীরিক দুর্বলতা সত্ত্বেও তিনি পরদিন প্রভাতে আর্থসমাজের অনাথালয় পরিদর্শন করিলেন। স্থানীয় ছাত্রবৃন্দকে বেদান্তেব আদর্শসমূহ কার্ণে পরিণত করিবার জন্য উৎসাহ দিয়া একটি ছাত্র-সমিতি প্রতিষ্ঠা করাইলেন। ১২ই আগষ্ট মধ্যাহ্ন ভোজনের পূর্বে পুনর্বার ভয়ানক জ্বর হইল। তথাপি সন্ধ্যা পূর্বে সমাগত ভদ্রমহোদয়গণকে ধর্মোপদেশ প্রদান করিলেন। রাত্রে বেরিলী ত্যাগ করিয়া আম্বালা অভিমুখে প্রস্থান করিলেন। আম্বালায় তিনি এক সপ্তাহকাল ছিলেন। এখানে আসিয়া শবীর অপেক্ষাকৃত সুস্থবোধ হইল। প্রত্যহ মৃদুসন্মান, ব্রাহ্ম, আর্থসমাজী, হিন্দু এই সকল বিভিন্ন মতাবলম্বীর সহিত বিবিধ বিষয়ে

আলোচনা চলিতে লাগিল। মিঃ সোভিয়ার স্বামিজীর সহিত মিলিত হইলেন। আম্বালা হইতে স্বামিজী অমৃতসরে কিছদিন থাকিয়া রাওলপিণ্ডি, মারি ও বারমুলা হইয়া ৮ই সেপ্টেম্বর নৌকাযোগে শ্রীনগর যাত্রা করিলেন। শ্রীনগরের চিফ-জিষ্টস্। ঋষিবাবু মন্থোপাধ্যায় স্বামিজীকে স্বালয়ে বাঁধিয়া তাঁহার পরিচর্যা করিতে লাগিলেন।

কাশ্মীরের অতুলনীয় প্রাকৃতিক সৌন্দর্য ও জলবায়ুর গুণে স্বামিজী অপেক্ষাকৃত সুস্থ ও প্রফুল্লচিত্ত হইলেন। স্থানীয় পণ্ডিতগণ, বাঙালী ও কাশ্মীরী ভদ্রলোকগণ প্রত্যহই তাঁহার নিকট উপস্থিত হইয়া নানাবিধ সংচর্চা করিতেন। ১৪ই সেপ্টেম্বর বেলা দুইটাব সময় তিনি বাজভবনে গমন করিলেন। রাজা রামসিংহ স্বামিজীকে যথোচিত সমাদর করিলেন। তাঁহাকে চেম্বারে বসাইয়া স্বয়ং কর্মচারীগণসহ নিম্নে আসন গ্রহণ করিলেন। প্রায় দুই ঘণ্টাকাল ধর্ম ও ভাবতীর্থ লোকসাধারণের উন্নতি সম্বন্ধে লৌকিক শিক্ষা বিস্তারের উপর জোর দিয়া স্বামিজী নানাবিধ আলোচনা করিলেন। স্বামিজীর উদার ভাব ও মহৎ হৃদয়ের পরিচয় পাইয়া মহারাজা মুগ্ধ হইলেন। ১৫ই সেপ্টেম্বর রাজা অমরসিংহের উজীর সাহেব আসিয়া স্বামিজীর সহিত দেখা করিলেন। নৌ-ভ্রমণে স্বামিজীর স্বাস্থ্যোন্নতি হইবে ভাবিয়া স্থানীয় ভক্তবৃন্দ তাঁহার জন্য হাউস বোটের সন্ধানে ছিলেন। উজীর সাহেব তাহা শুনিয়া বোটের বন্দোবস্ত করিয়া দিলেন। তাঁহার সেক্রেটারী অপরাহ্নে বোট লইয়া আসিলেন। স্বামিজী নৌ-ভ্রমণ উপলক্ষ্য করিয়া কাশ্মীরেব ইতিহাস-প্রসিদ্ধ স্থানসমূহ ও প্রাচীন-কালের ধ্বংসাবশেষগুলি পৰিদর্শন করিয়া বেড়াইতে লাগিলেন। ১২ই অক্টোবর তিনি পুনরায় মারি পাহাড়ে উপনীত হইলেন। ১৪ই তারিখে স্থানীয় বাঙালী ও পাঞ্জাবী ভদ্রলোকগণ স্বামিজীকে একখানি অভিনন্দন-পত্র প্রদান করিলেন। তিনি তদন্তবে একটি সুন্দর বস্তুতা দিয়া সাধারণের আনন্দবর্ধন করিলেন।

১৬ই অক্টোবর তিনি রাওলপিণ্ডিতে উপনীত হইলেন। স্থানীয় ভদ্রমহোদয়গণ তাঁহাকে অভ্যর্থনা করিয়া উকীল হংসরাজ মহাশয়ের আলয়ে লইয়া গেলেন। অপরাহ্নে আর্থসমাজী স্বামী প্রকাশানন্দের সহিত তাঁহার আলাপ হইল। ইহার সহিত আলাপ করিয়া স্বামিজী অতীত প্রীতিলাভ করিলেন। এই আলোচনাকালে জজ নারায়ণ দাস, ব্যাবিষ্টার ভক্তরাম প্রভৃতি অনেক গণ্যমান্য ভদ্রলোক তথায় উপস্থিত ছিলেন। ১৭ই তিনি সর্বসাধারণের অনুবোধে হিন্দুধর্ম সম্বন্ধে দুই ঘণ্টাকাল সুদলিত ইংরেজীতে একটি সুদীর্ঘ বস্তুতা প্রদান করিলেন। ১৯শে স্থানীয় কালীবাড়িতে আর একটি ক্ষুদ্র সভায় তিনি, কিসে স্বদেশের প্রকৃত কল্যাণ হয়, তৎসম্বন্ধে উপদেশ প্রদান করিলেন।

২০শে অক্টোবর তিনি কাশ্মীরের মহারাজ বাহাদুর ও সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ কর্তৃক আহূত হইয়া জন্ম অভিমুখে প্রস্থান করিলেন।

জন্মদে আসিবামাত্র রাজকর্মচারিগণ তাঁহাকে সাদব অভ্যর্থনা করিয়া তাঁহার বাসের জন্য নির্দিষ্ট ভবনে লইয়া গেলেন। পরদিবস ভোজনান্তে স্বামিজী রাজ-প্রাসাদে নীত হইলেন। মহারাজ, বাজভ্রাতৃস্বয় ও কর্মচারিবৃন্দসহ তাঁহাকে সাদর অভ্যর্থনা করিয়া স্বতন্ত্র আসনে উপবেশন কবাইলেন। মহারাজ প্রথমে সম্যাসধর্ম সম্বন্ধে প্রশ্ন করিলেন। স্বামিজী তাহার যথোচিত উত্তর প্রদান করিলেন। প্রসংগক্রমে স্বামিজী কতকগুলি অর্থহীন বহিবাচ্যের অসাবতা প্রতিপাদন করিয়া বৃথাইয়া দিলেন যে, ঐ সমস্ত কুসংস্কারগুলিতে আবদ্ধ থাকাই ভাবভেব জাতীয় অবনতির মূখ্য কাৰণ। আশ্চর্যের বিষয় এই, যাহা যথার্থ পাপ, যাহা সকল অনর্থের মূল যথা বাভিচার, পবস্বাপহরণ, পবদাবগমন ইত্যাদি, তাহাতে আজকাল সমাজচ্যুত হইতে হয় না, কেবল খাওয়া-দাওয়া বেলাই খুঁটিনাটি লইয়া সমাজের যত আপত্তি। প্রসঙ্গত সমুদ্রযাত্রার কথা উঠিলে স্বামিজী বলিলেন, বিদেশগমন না করিলে প্রকৃত শিক্ষা হয় না। সর্বশেষে আমেরিকা ও ইংলণ্ড বেদান্ত প্রচার-কার্যের আশু প্রয়োজনীয়তা সম্বন্ধে আলোচনা হইল। স্বামিজী ভাবতে যেভাবে কার্য করিবার সংকল্প করিয়াছেন, তাহাও প্রকাশ করিলেন। সুদীর্ঘ চাবিষট্ঠকাল মহারাজা মনোযোগের সহিত স্বামিজীব জ্ঞানগর্ভ ও যুক্তিপূর্ণ মতামতসমূহ শুনিয়া সন্তোষ লাভ করিলেন। পরদিন স্বামিজী একটি বক্তৃতা প্রদান করিলেন। বক্তৃতা শুনিয়া মহারাজা এত সন্তুষ্ট হইলেন যে, তিনি স্বামিজীকে কিয়দ্দিনের তথ্য থাকিয়া বক্তৃতা প্রদান করিতে অনুরোধ করিলেন। আবও কয়েকটি বক্তৃতা প্রদান করিয়া অবশেষে ২৯শে অক্টোবর তিনি মহারাজের নিকট বিদায় গ্রহণ করিয়া শিয়ালকোটে উপস্থিত হইলেন। তথায় তিনি দুইটি বক্তৃতা প্রদান করেন। এই সময় অধিকাংশ বক্তৃতাই হিন্দীভাষায় প্রদত্ত হইয়াছিল বলিয়া উহা সংগৃহীত হইতে পারে নাই। শিয়ালকোটে স্ত্রী-শিক্ষার কোন সুবন্দোবস্ত নাই দেখিয়া স্বামিজী একটি বালিকা বিদ্যালয় স্থাপন করিবার সংকল্প প্রকাশ করিলেন। তদনুসারে স্বামিজীব ভক্ত, স্থানীয় প্রসিদ্ধ উকীল লাল মূলচাঁদ, একটি সমিতি স্থাপন করিয়া স্বয়ং উহার সেক্রেটারী হইলেন।

৫ই নভেম্বর শিয়ালকোট হইতে সিঙ্গগনসহ স্বামিজী লাহোরে উপস্থিত হইলেন। স্থানীয় সনাতন সভাব সভাবন্দ তাঁহাকে স্টেশনে অভ্যর্থনা করিয়া “রাজা ধ্যানসিংহের হাবেলী” নামক সুবৃহৎ প্রাসাদে লইয়া গেলেন। কিছুক্ষণ স্বামিজী সমাগত দর্শকমণ্ডলীকে ধর্মোপদেশ প্রদান করিলেন। অতঃপর ‘ট্রিবিউন’ পত্রিকার

সম্পাদক নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয়ের আতিথ্য গ্রহণ করিয়া তাঁহার আলয়ে গমন করিলেন। প্রত্যহ দলে দলে ব্যক্তি তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আগমন করিতে লাগিল। স্বামিজী লাহোরে যথাক্রমে “হিন্দুধর্মের সাধারণ ভিত্তিসমূহ,” “ভক্তি” ও “বেদান্ত” সম্বন্ধে তিনটি বক্তৃতা প্রদান করিলেন।

পাঞ্জাবে, বিশেষতঃ লাহোরে আসিয়া বিবেকানন্দ উত্তর ভারতে আচার্য দয়ানন্দ সরস্বতী (১৮২৪-১৮৮০) প্রতিষ্ঠিত ‘আর্যসমাজের’ সহিত ঘনিষ্ঠভাবে পরিচিত হইলেন। বাঙ্গালার সংস্কারযুগ ও ব্রাহ্মসমাজের সমসাময়িক অথচ আদর্শে ও কর্ম-পন্থাতে সম্পূর্ণ পৃথক, অধিকতর শক্তিশালী ও বিস্তৃত আর্যসমাজ ও তাহার মহান প্রতিষ্ঠাতা সম্পর্কে কিছু বলা আবশ্যিক। স্বামী দয়ানন্দ কেবল প্রচলিত হিন্দুধর্মের বিবৃদ্ধি নহে, কেশবচন্দ্রের ব্রাহ্ম আন্দোলনের বিরুদ্ধে, পাশ্চাত্যের ধর্ম ও সামাজিক আচার-ব্যবহাবেব অনুকরণের বিরুদ্ধে দৃঢ়াভিমান হইয়াছিলেন। তাঁহার অস্বা ছিল বেদ। এই সুদৃষ্টিত, বাম্পী সম্রাসী বিবেকানন্দের মতই অশান্ত হৃদয় লইয়া স্বদেশের ধর্ম ও সমাজ সংস্কারে প্রবৃত্ত হইয়াছিলেন। যে গুজরাত অর্ধ শতাব্দী পরে মহাত্মা গান্ধীকে পাইয়া ধন্য হইয়াছে, সেই গুজরাতের মরভি রাজ্যে, এক ধনী সামবেদীয় ব্রাহ্মণবংশে দয়ানন্দ জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা নিয়মনিষ্ঠ ব্রাহ্মণের কঠোর জীবনযাপন করিতেন। শিশুপুত্রকে তিনি ৮ বৎসর বয়সে উপনয়ন দিয়া কঠোর ব্রহ্মচর্য অবলম্বন করাইয়া শাস্ত্রাদি পাঠ কবাইতে লাগিলেন। কিন্তু বিনা বিচাবে বিনা প্রশ্নে প্রচলিত পন্থাতি ও সিদ্ধান্ত মানিয়া লইয়া গতানুগতিক জীবনযাপনের জন্য দয়ানন্দ জন্মগ্রহণ করেন নাই। পিতার সযত্ন চেষ্টা সত্ত্বেও এক অভাবনীয় ঘটনায় বালকের চিত্তে প্রচলিত ধর্মবিশ্বাসের বিবৃদ্ধি বিদ্রোহ দেখা দিল।

সেদিন শিবরাত্রি। উপবাসী চতুর্দশ বৎসর বয়স্ক বালক, পিতা ও আত্মীয়বর্গের সহিত অপরাহ্নে শিবমন্দিরে পূজার জন্য উপস্থিত হইলেন। প্রহরে প্রহরে পূজা, শ্রবণ নিশায় একে একে ক্রান্ত উপবাসক্রান্ত ভক্তগণ ঘুমাইয়া পড়িলেন, কেবল নিমন্তব্য মন্দিরে শিবখ্যানে বিভোর বালক জাগিয়া। এমন সময় মন্দিরের ফটল হইতে একটি মৃষিক বাহির হইয়া নিবেদিত তণ্ডুলকণা আহার করিয়া মহাদেবের লিঙ্গমূর্তির উপর দিয়া চলিয়া গেল। বালক স্তম্ভিত। এক মৃহুতে মূর্তিপূজার উপর তিনি বিশ্বাস হারাইলেন। ক্ষুদ্র হৃদয়ে ধ্যানাসন হইতে উখিত বালক কৃষ্ণাচতুর্দশীর অশ্বকরাঙ্কম পথে একক গর্হে ফিরিয়া আসিলেন, জীবনে তিনি আর কখনো কোন পূজা উৎসবে যোগ দেন নাই। ‘ধর্ম-বিদ্রোহী’ পুত্রের সহিত ধর্মনিষ্ঠ পিতার আর মিলন হইল না। পিতা বলপূর্বক তাঁহাকে বিবাহ দিতে উদ্যত হইয়াছেন দেখিয়া

১৯ বৎসর বয়স্ক বালক মূলশঙ্কর (দয়ানন্দ) পলায়ন করিলেন, কিন্তু দেশীয় রাজ্যের পদূলি তাঁহাকে ধরিয়া কারাগারে লইয়া গেল। যাহা হউক, তিনি পুনরায় পলায়ন করিলেন (১৮৪৫)। পিতাপুত্রে ইহজীবনে আর সাক্ষাৎ হয় নাই।

ভাবপর সুখে-স্বাচ্ছন্দ্যে লালিতপালিত তরুণ যুবক গৈরিক ধারণ করিয়া পরিব্রাজক বেশে পঞ্চদশ বৎসর ভারতবর্ষের পথে পথে ভ্রমণ করিতে লাগিলেন। ভিক্ষায়ে জীবন ধারণ, তরুতলে বাস। এ যেন পবিব্রাজক বিবেকানন্দের পূর্ববর্তী সংস্কার। কত সাধু সন্ন্যাসী জ্ঞানী পণ্ডিত যোগীর সহিত তাঁহার সাক্ষাৎ হইল। বেদ বেদান্ত দর্শন কত ধর্মগ্রন্থ তিনি আলোচনা করিলেন। দ্বৈত বিপদ লাঞ্ছনা অপমান এমনকি, নির্বাতন সহ্য করিয়া আপনাতে-আপনি অটল সন্ন্যাসী একক সিংহেব মত ভ্রমণ করিতেন। বিবেকানন্দ যেমন ভ্রমণকালে সর্বশ্রেণীর লোকের সহিত মিশিতেন, দয়ানন্দের স্বভাব ছিল তাহার বিপরীত। তিনি জনসংগ হইতে দূরে থাকিতেন। সংস্কৃত ভিন্ন অন্য ভাষায় কথা কহিতেন না। সত্যানুসন্ধিৎসু বিবেকানন্দ যদি তবুও বয়সে, পরম দয়াল রামকৃষ্ণকে গুরুরূপে না পাইতেন তাহা হইলে আমরা হয়তো তাঁহাকে দয়ানন্দের মতই বিদ্রোহী দেখিতাম। বিশাল ভারতবর্ষে ভাল কিছুই তাঁহার দৃষ্টিতে পড়িল না, তিনি যেখানেই যান কেবল দেখেন অজ্ঞতা, কুসংস্কার, শিথিল শ্রমবিশ্বাস ও গভীর অধঃপতনের মূলীভূত নির্বোধ লোকাচার এবং লক্ষ্যহীন অর্থহীন অসংখ্য দেবদেবীর পূজা। মহাশূন্যের অনন্ত বিস্তারে যেমন কঠিন প্রদীপ্ত উল্কাপিণ্ডস্বয়ংব সঙ্ঘাত হয়, তেমনি একদিন (১৮৬০) ভাবতের প্রাচীন, বিগতবৈভবা মথুরায় গুরুদর্শিয়া সাক্ষাৎ। বালক বয়সে অশ্ব, এগাবো বৎসব বয়স হইতে স্বজন-বান্ধব-সঙ্গিহীন কঠোর তপস্বী বজ্রকঠোর, নির্মম সন্ন্যাসী স্বামী বিরজানন্দ সরস্বতী। দয়ানন্দ দেখিলেন, এই বৃদ্ধ তাপস, স্বজাতির কুসংস্কার দূর্বলতা সমস্ত অন্তর দিয়া ঘৃণা করেন, প্রচলিত অর্থহীন বাহ্য আডম্বরপূর্ণ পূজা-উপাসনার বিরুদ্ধে তাঁহার চিত্ত দয়ানন্দ অপেক্ষাও তীক্ষ্ণ। সমতলক্ষেত্রে ভৃগুগন্মহীন উষর বালুকাস্তপের মত নীরস, সর্বরিক্ত অথচ সমুন্নত শির এই নিঃসঙ্গ একক বিদ্রোহীর চরণতলে বিদ্রোহী যুবক আত্মসমর্পণ করিলেন। মূলশঙ্কর মরিল, আবির্ভূত হইল দয়ানন্দ সরস্বতী। অশান্ত উন্মত্ত গুরুদ্বার সমস্ত কঠোর ব্যবহার অকাতরে সহ্য করিয়া আড়াই বৎসর কাল তিনি শিক্ষালাভ করিলেন। শিক্ষা শেষে গুরু কহিলেন, সঙ্কল্প গ্রহণ কর বৎস, তুমি দেশব্যাপী কুসংস্কার, বেদবিরোধী অন্যায়চার যাহা প্ৰবালসমূহে প্রবেশ করিয়াছে, তাহা উৎসাদন করিবে,

শ্রাক্-বৌদ্ধ যুগেব বিশুদ্ধ আৰ্য ধর্ম প্রচার করিবে, বৈদিক সত্য হইবে তাহার ভিত্তি। শিষ্য কহিলেন, গুরুদেব, ব্রত অঙ্গীকার করিলাম।

সংস্কৃত ভাষায় সুপণ্ডিত এবং বেদজ্ঞ দয়ানন্দের প্রচারকার্যে সমগ্র উত্তর ভারত চঞ্চল হইয়া উঠিল। আমার প্রচারিত বেদ প্রতিপাদ্য ধর্মই একমাত্র সত্য, অন্য সমস্ত ধর্ম ও মতবাদ ভ্রান্ত কুসংস্কার মাত্র, এই মতবাদের ভিত্তির উপর দাঁড়াইয়া দয়ানন্দ প্রচারকার্যে প্রবৃত্ত হইলেন। ক্ষুরধার বুদ্ধি একদেশদর্শী তार्কিক দয়ানন্দের সহিত বাদে প্রবৃত্ত হইলে তাহার সহিত তর্কে আঁটিয়া উঠা কঠিন। প্রচলিত ধর্মবিশ্বাস পূজাপন্থতির বিরুদ্ধে তাহার তীব্র ও তিস্ত মন্তব্যের ফলে প্রাচীন সনাতন সমাজ অসহিষ্ণু হইয়া উঠিল। কিন্তু তাহার মতবাদ যতই সঙ্কীর্ণ ও গোড়ামিপূর্ণ হউক না কেন, পাঁচ বৎসরের মধ্যেই তিনি আশ্চর্য সাফল্য লাভ করিলেন। পাজাব ও যুক্তপ্রদেশের বহু শিক্ষিত ও সম্ভ্রান্ত যুবক তাহার অনুরাগী হইয়া পড়িলেন। পশ্চান্তে, এই পাঁচ বৎসরে চার পাঁচবার তাহার প্রাণনাশের চেষ্টা হইয়াছিল। একদিন প্রকাশ্য সভায় একজন ধর্মগ্ধ ব্যক্তি শিবনাম উচ্চারণ করিয়া একটি জীবন্ত বিষধর সর্প তাহার মূখের উপর ছুড়িয়া মারে, কিন্তু তিনি ক্ষিপ্ততার সহিত উহা ধরিয়া ফেলেন এবং পদতলে বিমর্দিত করেন। দয়ানন্দ যেখানেই যাইতেন, সেইখানেই ঝড় উঠিতে লাগিল। রক্ষণশীল ব্রাহ্মণেবা বিহ্বল হইয়া কাশীর পণ্ডিত-সমাজের স্মরণস্থ হইলেন। বিখ্যাত পণ্ডিতগণ তাহাকে বাদে আহ্বান করিলেন। নির্ভীক দয়ানন্দ তৎক্ষণাৎ স্বীকৃত হইয়া কাশী যাত্রা করিলেন। ১৮৬৯ সালের নভেম্বর মাসে এক বিখ্যাত তর্কযুদ্ধ হইল। একদিকে ভাবতের নানা প্রান্তের তিনশত বিখ্যাত পণ্ডিত, অন্যদিকে একক সন্ন্যাসী। দয়ানন্দ বলিলেন, বর্তমান প্রচলিত বেদান্ত বেদবিরোধী। তিনি আৰ্য ঋষিগণের বেদ ধর্মই প্রচার করিতেছেন। কিন্তু ধীরভাবে বিচার করা ব্রাহ্মণ পণ্ডিতগণের স্বভাব নহে। তাহার সহজেই অসহিষ্ণু হইয়া তর্কের বিষয় ভুলিয়া কটুক্তি করিতে থাকেন। এক্ষেত্রেও তাহাই হইল। পণ্ডিতেরা তর্ক ছাড়িয়া সমস্বরে কটুক্তি করিতে লাগিলেন। কিন্তু এই বিখ্যাত তর্কযুদ্ধে স্বামী দয়ানন্দের নাম সমস্ত ভাবে প্রচারিত হইল।

কলিকাতার ব্রাহ্মগণ বিশেষভাবে কেশবচন্দ্র তাহার খ্যাতি শুনিয়া আনন্দিত হইলেন। মূর্তি পূজা ও জাতিভেদ-বিরোধী সন্ন্যাসীকে তাহার কলিকাতায় আহ্বান করিলেন। দয়ানন্দ ১৮৭২এর ১৫ই ডিসেম্বর হইতে ১৮৭৩এর ১৫ই এপ্রিল পর্যন্ত কলিকাতা সহরে ছিলেন। এইকালে শ্রীরামকৃষ্ণ তাহার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। ব্রাহ্মগণ ও কেশবচন্দ্র তাহাকে সাদর অভ্যর্থনা করিলেন। তাহার

ভাবিলেন, দয়ানন্দকে তাঁহাৰা রক্ষণশীল হিন্দুদের বিরুদ্ধে অসম্ভবরূপ ব্যবহার করিবেন, কিন্তু পাশ্চাত্য-গন্থী ব্রাহ্মসমাজেৰ ধৰ্মমতের সহিত দয়ানন্দের মত ব্যক্তির আপোষ করা কঠিন। যে ব্রাহ্মসমাজ ১৮৪৮ সালে অপৌৰুষেৰ বেদবাণীর প্রামাণ্য মৰ্যাদা অস্বীকাৰ করিয়াছিল, তাহাৰ সহিত দয়ানন্দ কেমন করিয়া একমত হইবেন? তিনি যে কেবল বেদের অদ্রান্ততা ও পুনর্জন্মবাদে বিশ্বাসী তাহা নহেন, তিনি নিজে যে প্রকাৰ ব্যাখ্যা করেন, তাহা ছাড়া আর কোন প্রকাৰ ব্যাখ্যাই তাঁহার গ্রহণীয় নহে। ব্রাহ্মৰা প্রমাদ গণিয়া দয়ানন্দের আশা ছাড়িয়া দিলেন, কিন্তু ব্রাহ্মসমাজের সহিত মিশিয়া দয়ানন্দ বৃদ্ধিলেন, লৌকিক ভাষায় প্রচাৰ কবিতো হইবে। ব্রাহ্মনেতাগণ অপেক্ষাও শক্তিমান গঠনমূলক প্রতিভা তাঁহার ছিল বলিয়া অল্পায়াসেই নূতন সম্প্রদায় তিনি গড়িয়া তুলিলেন। কেশব যখন নববিধান প্রচাৰ কবিয়া ব্রাহ্মসমাজকে পুনরায় আত্মকলহেৰ পথে লইয়া যাইতেছিলেন ঠিক সেই ১৮৭৫ সালে বোম্বাইএ দয়ানন্দ আৰ্যসমাজ প্রতিষ্ঠা করেন। অতি আশ্চৰ্যেৰ বিষয় ভারতবর্ষেৰ যে সকল অঞ্চলে আৰ্যগণ প্রথম উপনিবেশ স্থাপন কবিয়াছিলেন, সেই উত্তর ভারতই দয়ানন্দ-প্রচারিত আৰ্যধৰ্ম গ্রহণ করিল। ১৮৭৭ সালে লাহোরে আৰ্যসমাজের বিধিবদ্ধ প্রণালী ইত্যাদি নির্ণীত হইল এবং তিনি ও তাঁহার শিষ্যগণ মহোৎসাহে পাজ্জাব আগ্রা, অম্বোধ্যা গুজরাত ও রাজপুতানায় প্রচাৰ কবিতো লাগিলেন। কিন্তু বাংলা ও মাদ্রাজে আৰ্যসমাজ তেমন প্রভাব বিস্তাৰ কবিতো পাবে নাই। সে যাহা ইউক, প্রচাৰকাৰ্যেৰ প্রদীপ্ত মধ্যাহ্নেই তাঁহার জীবনদীপ নিভিয়া যায়। কোন মহারাজ্যৰ রক্ষিতা নাবীকে চরিত্রহীনতাৰ জন্য তিনি তীব্র ভৎসনা করেন, সেই পাপীষসী তাঁহাকে বিষপ্রয়োগে হত্যা কবে। ১৮৮৩এৰ অক্টোবর মাসে আজমীঢ়ে তাঁহাৰ দেহান্ত হয়। কিন্তু তাঁহাৰ মৃত্যুতে প্রচাৰকাৰ্যেৰ কোন ক্ষতি হয় নাই। ১৮৯১ সালে যে সম্প্রদায়েৰ লোকসংখ্যা ছিল ৪০,০০০, ১৯২১এ তাহাৰ সংখ্যা প্রায় দশ-লক্ষ। অথচ ব্রাহ্মসমাজ শত বর্ষেও ৩।৪ সহস্রের অধিক ব্রাহ্ম করিতে পারেন নাই। শিক্ষা প্রচাৰে ও সমাজ সংস্কাৰে আৰ্যসমাজ সমগ্র উত্তর ভারতে যে যুগান্তর আনিযাছে, তাহাতে সন্দেহ নাই। স্বামী প্রস্থানন্দ, লালা লাজপৎ রায় প্রমুখ শক্তিমান নেতারা আৰ্যসমাজী ছিলেন। লোকহিতব্রতী আৰ্যসমাজ শিক্ষাপ্রচাৰে, বিশেষতঃ স্ত্রীশিক্ষা ও নারীজাতির উন্নতি বিধানে, বিধবাশ্রম ও অনাথালয় প্রতিষ্ঠাৰ, ভূমিকম্প, দর্ভিক্ষ ও মারীভয়ে সেবাকার্যে, শ্রীরামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা হইবার পূর্বেই কার্যক্ষেত্রে অবতীর্ণ হইয়াছিলেন। গত অৰ্ধ শতাব্দীতে আৰ্যসমাজের বহু লোক-হিতকর প্রতিষ্ঠান গড়িয়া উঠিযাছে।

লাহোরে বিবেকানন্দ সহজেই আৰ্যসমাজী নেতৃবৃন্দের দৃষ্টি আকর্ষণ করিলেন। বেদান্ত, অশ্বত্ববাদ এবং মূর্তিপূজা-বিরোধী আৰ্যসমাজীদের সহিত সম্পূর্ণ ভিন্ন-মতাবলম্বী বিবেকানন্দেব প্রায়ই তর্ক হইত। আৰ্যসমাজী নেতাদের চরিত্র, ত্যাগ ও লোকহিতব্রতের প্রতি প্রামা প্রকাশ করিতে স্বামিজী কুণ্ঠিত হইতেন না, কিন্তু স্পষ্টভাবে তাহাদের সাম্প্রদায়িক গোড়ামির প্রতিবাদ করিতেন।

দয়ানন্দ অ্যাংলো-বৈদিক কলেজের অধ্যক্ষ লালা হংসবাজ প্রমুখ আৰ্যসমাজীরা একদিন কথাপ্রসঙ্গে—“বেদের কেবল একপ্রকার অর্থই হইতে পারে,” আৰ্যসমাজের এই মতটি সমর্থন করিতেছিলেন। স্বামিজী নানাবিধ যুক্তিজাল প্রয়োগ করিয়া অধিকারী বিশেষে সম্পূর্ণ বিপরীত বিভিন্ন ব্যাখ্যাবলম্বনে উন্নতিপথে অগ্রসর হওয়াই যে শ্রেয়ঃ, ইহা বুঝাইতেছিলেন। হংসরাজ বিপরীত যুক্তিসমূহ প্রয়োগ করিয়া উহা খণ্ডনের চেষ্টা করিতেছিলেন। অবশেষে স্বামিজী বলিয়া উঠিলেন, “লালাজী, আপনারা যে বিষয় লইয়া এত আগ্রহ প্রকাশ করিতেছেন, তাহাকে আমরা Fanaticism বা গোঁড়ামি আখ্যা দিয়া থাকি। সম্প্রদায়ের সম্বন্ধে বিস্তৃতিসাধনে যে ইহা বিশেষ সহায়তা করে, তাহাও আমি জানি। আব শাস্ত্রের গোড়ামি অপেক্ষা মানুষের (ব্যক্তিবিশেষকে অবতার বলিয়া তাহার আশ্রয় লইলেই মূর্তি, এইরূপ প্রচার) গোড়ামি দ্বারা আরও অশুভরূপে ও অতিশয় সম্প্রদায়ের বিস্তৃতি হয়, ইহাও আমার বিলক্ষণ জানা আছে। আব আমার হস্তে সে শক্তিও আছে। আমার গুরু, বামকৃষ্ণ পবনহংসকে ঈশ্বরাবতাররূপে প্রচার করিতে আমার অন্যান্য গুরু-ভাইগণ সকলেই বৃদ্ধপবিকর একমাত্র আমিই ঐরূপ প্রচারের বিরোধী। কারণ, আমাব দৃঢ় বিশ্বাস, মানুষকে তাহার নিজ বিশ্বাস ও ধারণানুযায়ী উন্নতি করিতে দিলে যদিও অতি ধীরে ধীরে এই উন্নতি হয়, কিন্তু উহা পাকা হইয়া থাকে।”*

আর একদিন স্বামিজী ‘শ্রাম্ধ’ সম্বন্ধে আৰ্যসমাজীদের সহিত বাদে প্রবৃত্ত হইয়াছিলেন। আৰ্যসমাজীরা পিতৃপুরুষেব শ্রাম্ধ বিশ্বাস করেন না, উহার উপযোগিতাও স্বীকার করেন না। হিন্দু-সমাজের পক্ষ হইতে অনুরুদ্ধ হইয়াই স্বামিজী এই কার্ষে অগ্রসর হইয়াছিলেন এবং সেদিন আৰ্যসমাজী পণ্ডিতবর্গ স্বামিজীর যুক্তি-তর্কেব সম্মুখে নিস্তব্ধ হইতে বাধ্য হইয়াছিলেন। স্বামিজী কথা-প্রসঙ্গে আৰ্যসমাজী প্রচারকগণের উৎকট গোড়ামি ও পরমত-অসহিষ্ণুতার তীব্র

সমালোচনা করিলেও তাঁহারা কখনো অসন্তুষ্ট হন নাই। স্বমত সমর্থন অথবা অধৌক্তিক মত খণ্ডনকালে এই যৌশ্ধ-সম্ম্যাসী যদিও দৃষ্ট তেজের সহিত প্রতিপক্ষের যুক্তি নির্মমভাবে খণ্ডন করিতেন, তথাপি তাঁহার প্রত্যেক কথাই অসাম্প্রদায়িক উদার ভাবটুকু সর্বদাই ফুটিয়া উঠিত। স্বামিজীব এই অসাম্প্রদায়িক উদার ভাব দেখিয়া সনাতনপন্থী ও আৰ্যসমাজী উভয় দলই সমভাবে তাঁহার প্রতি আকৃষ্ট হইয়াছিলেন। আৰ্যসমাজী প্রচারকগণের প্রাচীনপন্থী হিন্দুসমাজের মস্তকে অবিরাম অভিশাপ বর্ষণের ফলে উভয় দলে মনোমালিন্য ও অসন্তোষের সৃষ্টি হইয়াছিল প্রচুর। স্বামিজী অনেকের চিত্ত হইতে শ্লানিব বেদনা দূর করিতে সমর্থ হইয়াছিলেন। আৰ্যসমাজী, হিন্দু ও শিখদিগের মধ্যে প্রীতি-স্থাপনের জন্য স্বামিজী সকল সমাজের যুবকদিগকে লইয়া লাহোরে একটি সমিতি প্রতিষ্ঠা করেন এবং জাতিধর্মনির্বিশেষে সকলকেই ঐশ্বর্য শূদ্রা, খাদ্য, বস্ত্র, শিক্ষাদান ইত্যাদি স্বেচ্ছা সেবা করিবার জন্য যুবকগণকে উৎসাহ প্রদান করেন। ‘সেবাস্বর্মে’র উদার নৈতিক আদর্শ জীবনে পরিণত করিবার কর্মক্ষেত্র নির্দেশ করিয়া স্বামিজী সকল সম্প্রদায়েবই শ্রম্ভাভাজন হইয়াছিলেন।

আৰ্যসমাজের ভূতপূর্ব প্রচারক স্বামিজীব বিশেষ ভক্ত স্বামী অচ্যুতানন্দ ভবিষ্যৎ জীবনচরিত-লেখকের সুবিধার জন্য আচার্যদেবের পাজাব ও কাশ্মীর ভ্রমণের যে সংক্ষিপ্ত ডায়েরী রাখিয়াছিলেন তন্মধ্যে আমরা স্বামিজীব মহান হৃদয়ের দুইটি সুন্দর দৃষ্টান্ত পাইয়াছি। একদিন স্বামিজী তাঁহার সঙ্গিবৃন্দের সম্মুখে কোন ব্যক্তির খুব প্রশংসা করিতেছিলেন, এমন সময়ে একজন সঙ্গী বলিয়া উঠিলেন, ‘স্বামিজী! তিনি কিন্তু আপনাকে মানেন না।’ স্বামিজী তৎক্ষণাৎ বলিলেন, ভাললোক হইতে হইলে যে আমাকে মানিতে হইবে, তাহার অর্থ কি?’

এই সময়ে গ্রেট ইন্ডিয়ান সার্কাসের অন্যতম স্বত্বাধিকারী মতিলাল ঘোষ কার্যপ্রযোজনে নগেনবাবুর বাটীতে একদিন আসিয়াছিলেন। স্বামিজী তাঁহাকে দেখিবামাত্র চিনিতে পারিলেন এবং নিতান্ত আশ্চর্যের ন্যায় সরলভাবে কথাবার্তা করিতে লাগিলেন। বাল্যকালে ইহা এক আশ্চর্য ব্যায়াম করিতেন। মতিবাবু তাঁহার বাল্যসঙ্গীর অপূর্ব তেজ প্রতিভা ও শক্তিপ্রদীপ্ত মৃদুমনস্ক দেখিয়া যেন ঝলসিয়া গেলেন, স্বামিজী যতই তাঁহা সঁহা আপনায় মত ব্যবহার ও তদনুরূপ কথাবার্তা করিবার চেষ্টা করিতেছেন তিনিও যেন ততদূর সন্মুগ্ধ হইয়া যাইতেছেন। শেষে অনেকটা সাহস সংগ্রহ করিয়া মতিবাবু স্বামিজীকে দীনভাবে বলিলেন, ‘ভাই তোমাৎ এখন কি বলে ডাকবো?’ স্বামিজী অভিযন্তে হৃৎস্বরে বলিলেন ‘হাঁর মতি, তুই কি পাগল হইয়াছিস্ নাকি? আমি কি হইছি? আমিও সেই

নরেন, তুইও সেই মতি।” স্বামিজী এরূপভাবে কথাগুলি বলিলেন যে, মতিবাবুর সমুদয় সঙ্কেচ দূর হইয়া গেল।

স্বামিজী লাহোরে স্থানীয় কলেজের গণিতাধ্যাপক ভীর্থরাম গোস্বামীর সহিত পরিচিত হন। স্বামিজীর বক্তৃতা ও চরিত্রে অধ্যাপক মহাশয় স্বামিজীর প্রতি আকৃষ্ট হইয়াছিলেন। ঘনিষ্ঠ পরিচয়ের ফলে অনুরাগ বৃদ্ধি পাইল। একদিন অধ্যাপক স্বামিজীকে শিষ্যবৃন্দসহ স্বালয়ে ভিক্ষা গ্রহণ করিবার জন্য আমন্ত্রণ করিলেন। উদ্দেশ্য স্বামিজীর সহিত তাহার কার্য-প্রণালী সম্বন্ধে আলোচনা করা। যোগ্য অধিকারী দেখিয়া স্বামিজী ‘বেদান্ত প্রচাব’ কার্যে তাহাকে প্রেবণা প্রদান করিলেন। স্বামিজী বিবেক-বৈবাগ্যবান কৃত্তবিদ্য বন্দুকে স্বদেশে ও বিদেশে ‘বেদান্ত প্রচারের সুমহৎ কল্যাণ এমনভাবে বৃদ্ধাইয়া দিলেন যে, অধ্যাপকের জীবনে এক আমূল পরিবর্তন আসিল। তিনি বেদান্ত প্রচাবে জীবন উৎসর্গ করিবার জন্য বম্শপরিষর হইলেন। বিদায়ের প্রাক্কালে তীর্থরাম, স্বামিজীকে তাহার প্রিষ বহুমূল্য সোনার ঘড়িটি উপহার দিয়াছিলেন স্বামিজী তাহা পরমানন্দে গ্রহণ করিলেন এবং পরক্ষণেই আদব কবিষা অধ্যাপকের গকেটে ঘড়িটি ফেলিয়া দিয়া বলিলেন, “বন্দু, এ ঘড়িটি আমি এই গকেটে রাখিয়াই ব্যবহার করিব।” বহুসময় হাস্যে স্বামিজী তীর্থরামের প্রতি অর্থপূর্ণ দৃষ্টি নিক্ষেপ করিলেন। সে মৌন ইঙ্গিত তিনি সমগ্র হৃদয় দিয়া গ্রহণ করিলেন এবং অল্পকাল পরে কর্ম ত্যাগ করিয়া ইনি স্বামিজীর পদাঙ্ক অনুসরণ কবিষা প্রচারকার্যে আত্মোৎসর্গ করেন। এই প্রচারক সম্যাসী সর্বসাধারণে স্বামী রামতীর্থ নামে সুপরিচিত। প্রতিভাশালী স্বামী রামতীর্থ আমেরিকা, মিশর দেশ ও স্বদেশে বেদান্ত প্রচারকার্যে যথেষ্ট সাফল্য লাভ করিয়াছিলেন, কিন্তু দেশের দূর্তাগ্যবশতঃ অতি স্বল্পকাল মধ্যেই কর্মক্ষেত্র হইতে অপসারিত হইয়াছেন। আর্থ-সমাজী স্বামী অচ্যুতানন্দ, প্রকাশানন্দ এবং আবও কথেকজন প্রচারক সম্যাসী স্বামিজীর জ্বলন্ত উৎসাহে অনুপ্রাণিত হইয়া বেদান্ত প্রচারকার্যে বম্শপরিষর হইলেন। আর্থ-সমাজের উপর স্বামিজী এইকালে এত প্রভাব বিস্তার করিয়াছিলেন যে, তিনি শীঘ্রই নেতাবদূপে উক্ত সমাজ পরিচালন করিবার ভার গ্রহণ করিবেন, এইরূপ একটা কথা উঠিয়াছিল।

শারীরিক অসুস্থতা নিবন্ধন স্বামিজী কয়েকদিন দেহাদুর্নে আসিয়া বাস করিতে বাধ্য হইলেন, কিন্তু তিনি বিশ্রাম করিবার অবসর পাইলেন না। সমাগত ব্যক্তিবর্গের সহিত ধর্ম ও সমাজ সম্বন্ধীয় সমস্যাসমূহের আলোচনা ব্যতীত প্রত্যহ নিষমিতরূপে শিষ্যবৃন্দকে আচার্য রামানন্দের ভাষ্যসহ বেদান্তদর্শন ও সাংখ্যদর্শন অধ্যয়ন করাইতে

লাগিলেন। দেৱাদ্দনে তিনি খেতরি হইতে ক্রমাগত আহৱানসূচক পত্ৰ পাইতে লাগিলেন। তদনুসারে রাজপুতানায যাইবার জন্য দেৱাদ্দন হইতে সাহায্যপদ্ব হইয়া দিল্লীতে উপস্থিত হইলেন। দিল্লীতে চার পাঁচদিন যাপন করিয়া স্বামিজী সদলবলে আলোষার যাত্রা করিলেন।

পাঠকবর্গের স্মরণ থাকিতে পারে, কয়েক বৎসর পূর্বে স্বামিজী পরিব্রাজক বেশে এই নগবে নিত্যন্ত অপরিচিতভাবে প্রবেশ কবিয়াছিলেন। স্বামিজী ষ্টেশনে অবতরণ কবিমাত্র স্থানীয় ভদ্রবৃন্দ তাঁহার সমুচিত অভ্যর্থনা করিলেন। বিশিষ্ট ব্যক্তিগণের সহিত স্বামিজী কথোপকথনরত, এমন সময় দেখিতে পাইলেন যে কিশ্বন্দুবে তাঁহার একজন দ্বিগুণ শিষ্য মলিন বেশে দণ্ডায়মান হইয়া সতৃষ্ণমনে তাঁহাব দিকে দৃষ্টিপাত করিতেছেন। স্বামিজী তৎক্ষণাৎ তাঁহাকে নিকটে আহৱান করিলেন। শিষ্য আনন্দসহকারে আসিয়া তাঁহাব পদধূলি গ্রহণ কবিলে স্বামিজী তাঁহার অন্যান্য শিষ্যগণের কুশলবার্তা জিজ্ঞাসা করিতে লাগিলেন, এদিকে যে তাঁহার জন্য ভদ্রলোকগণ অপেক্ষা কবিতোছিলেন, তাঁহাদের অস্তিত্ব যেন ক্ষণকালের জন্য বিস্মৃত হইলেন। তাঁহার পূর্বপরিচিত বন্ধুবান্ধব এবং ভক্তগণ বিস্মিত হইলেন যে, জগন্ম্যাপী প্রতিষ্ঠা বশ ও সম্মান লাভ কবিয়াও তিনি সেই উদার, স্নেহপবায়ণ, বন্ধুবৎসল, উদাসীন সম্যাসীই আছেন। তাঁহার দরিদ্র শিষ্য ও ভক্তগণেব আশ্রয়ে গমনপূর্বক পূর্বব ন্যায় সরলভাবে ভিক্ষা গ্রহণ কবিতো লাগিলেন। পরিব্রাজক জীবনে স্বামিজী জনৈক দরিদ্রা ভক্তিমতী বিধবা মহিলার আতিথ্য গ্রহণ কবিয়া পবন তৃপ্তিলাভ কবিয়াছিলেন, বহুবর্ষের কথা হইলেও তিনি তাহা ভুলিয়া যান নাই। একদিন তিনি উক্ত মহিলাকে সংবাদ দিলেন যে, অদ্য তিনি শিষ্যবৃন্দসহ তাঁহার আশ্রয়ে ভিক্ষা গ্রহণ করিবেন। তিনি যেন পূর্বের মত “চাপাটী” (নিকৃষ্ট রুটী বিশেষ) প্রস্তুত করিয়া রাখেন। এ সংবাদ শ্রবণ করিয়া তাঁহাব হৃদয় আনন্দে নৃত্য করিয়া উঠিল। সাধামত অতিথি-সেবার আয়োজন করিতে লাগিলেন। স্বামিজী শিষ্যবৃন্দসহ আহাবে উপবেশন করিলে তিনি গলদশ্রুতলাভে “চাপাটী” পরিবেশন করিতে করিতে আদ্রকণ্ঠে বলিলেন, “আমি গরীব, ইচ্ছা থাকিলেও তোমাকে দিব্য মত মিষ্ট সামগ্রী কোথায় পাইব বাবা?” স্বামিজী আনন্দসহকারে সেই চাপাটী ভক্ষণ করিতে করিতে বলিলেন, “মা, তোমার এই চাপাটীর মত মধুর খাদ্যদ্রব্য আমি আর আহা করি নাই।” শিষ্যবৃন্দকে বলিলেন, “দেখিলে, কি ভক্তিমতী মহিলা। এরূপ সাত্ত্বিক আহাৰ আমার ভাগ্যে অনেকদিন লাভ হয় নাই।” স্বামিজী তাঁহাদের সাংসারিক শোচনীয় দুরবস্থার বিষয় সমাক্ অবগত ছিলেন। সেইজন্য মহিলাটির অজ্ঞাতসারে

বাটীস্থ জনৈক পদ্রুকের হস্তে একশত টাকার একখানি নোট প্রদান করিলেন। তাহারা উহা লইতে যথেষ্ট আপত্তি প্রকাশ করিলেন বটে, কিন্তু স্বামিজী তাহা শুনিলেন না।

আলোয়ার হইতে স্বামিজী জয়পুরে উপস্থিত হইলেন, তথা হইতে খেতরি রাজা বাহাদুরের বন্দোবস্তানুযায়ী খেতরি যাত্রা করিলেন। জয়পুর হইতে খেতরি ৯০ মাইল ব্যবধান। কেহ অশ্বপৃষ্ঠে, কেহ উষ্ট্রপৃষ্ঠে, কেহ বা রথারোহণে অগ্রসব হইলেন। রাজা বাহাদুর খেতরি হইতে ১২ মাইল অগ্রসর হইয়া স্বামিজীকে রাজ্যোচিত সমারোহ-সহকারে অভ্যর্থনা করিলেন। নগরে স্বামিজীব আগমন উপলক্ষে নানাপ্রকার আমোদ-প্রমোদ অনুষ্ঠিত হইতে লাগিল। ব্যগ্রিতে অগ্নিতীড়া হইল। দ্বিদ্ভ-নারায়ণগণকে ভূবিভোজনে পরিতৃপ্ত করা হইল।

অভ্যর্থনা সভায় স্বামিজী উপবেশন করিলে রাজকর্মচারিবৃন্দ ও সর্দার এবং উপস্থিত সম্ভ্রান্ত নগরবাসীগণ একে একে স্বামিজীর পদধূলি গ্রহণ করিলেন এবং রাজদরবারের প্রধানদ্বারী তাঁহাকে প্রত্যেকে দুই টাকা কবিশা নজর দিলেন। রাজা বাহাদুর স্বয়ং তিন সহস্র মদ্রা প্রণামী দিলেন। এই ব্যাপার মিটিতে প্রায় দুই ঘণ্টা সময় লাগিল। তৎপর অভিনন্দন-পত্র পঠিত হইল। রাজা বাহাদুর স্বামিজীর উপদেশানুযায়ী শিক্ষা-বিস্তারকল্পে চেষ্টা করিতেছেন জানিতে পারিয়া তিনি আনন্দ প্রকাশ করিলেন। শিক্ষা সম্বন্ধে স্বামিজী আলোচনা প্রসঙ্গে বলিলেন, “শিশুগণকে শিক্ষা দিতে হইলে তাহাদের প্রতি অগাধ বিশ্বাসসম্পন্ন হইতে হইবে, বিশ্বাস করিতে হইবে, প্রত্যেক শিশুই ঈশ্বরবায় শক্তির আধার। শিশুদিগকে শিক্ষা দিবার সময় আমরা দিগকে আর একটি বিষয় স্মরণ রাখিতে হইবে। তাহা বাও বাহাতে নিজেরা চিন্তা করিতে শিখে তন্ম্বষয়ে উৎসাহ দিতে হইবে। এই মৌলিক চিন্তাব অভাবই ভারতের বর্তমান হীনাবস্থার কারণ। যদি এইভাবে ছেলেদের শিক্ষা দেওয়া হয় তবে তাহারা মানুষ হইবে এবং জীবন-সংগ্রামে নিজেদের সমস্যা পূরণে সমর্থ হইবে।

২০শে ডিসেম্বর স্বামিজী শিষ্যবৃন্দের সঙ্গে যে বােলোয় ছিলেন, তথায় একটি সভা হইল। স্থানীয় সমস্ত শিক্ষিত ব্যক্তি এবং কতিপয় ইউরোপীয় ভদ্রলোক ও মহিলা তথায় উপস্থিত হইয়াছিলেন। রাজা বাহাদুর সভাপতি হইয়াছিলেন। তিনি স্বামিজীকে সভামধ্যে পরিচিত করিয়া দিবার পর স্বামিজী প্রায় দেড় ঘণ্টা কাল ব্যাপী একটি জ্ঞানগর্ভ বক্তৃতা প্রদান করিলেন। বর্তমান ভারতে ধর্মজগতের অবস্থা বর্ণন করিতে গিয়া তিনি গভীর দুঃখ ও ক্ষোভের সহিত বলিলেন, “আমরা হিন্দুও নহি, বৈদান্তিকও নহি—আমরা ছুতমাগীর দল। রামায়ণ হইল আমাদের মন্দির,

ভাতের হাঁড়ি উপাস্য দেবতা, আর ছুরোনা—মন্ড। সমাজের এই অশ্ব কুসংস্কার সম্বন্ধে দূর করিতে হইবে। একমাত্র উপনিষদের উদার মতসমূহ প্রচার স্বারাই উহা সাধিত হইবে।'

কয়েকদিন আনন্দের সহিত রাজ-শিষ্যের আলয়ে যাপন করিয়া স্বামিজী বিদায় গ্রহণ করিলেন। তিনি ক্রমাগত বক্তৃতা ও প্রচার-কার্যে পরিশ্রান্ত হইয়া পড়িয়াছিলেন, তথাপি সাগ্রহ আহ্বান উপেক্ষা করিতে না পারিয়া কোনপ্রকারে কিশোরগড়, আজমীঢ়, যোমপদ, ইন্দোর হইয়া খাণ্ডোয়ার উপনীত হইলেন। খাণ্ডোয়ার আসিয়া স্বামিজীর শবীর অত্যন্ত অসুস্থ হইয়া পড়িল। ববোদা, গুজরাত ও বোম্বাই প্রেসিডেন্সী হইতে সাগ্রহ আহ্বান-সূচক পত্র ও তার আসিতে লাগিল। একান্ত ইচ্ছাসত্ত্বেও স্বামিজী আপাততঃ ভ্রমণ স্থগিত রাখিয়া কলিকাতায় ফিরিয়া আসিলেন।

পাঞ্জাব কাশ্মীর ও রাজপুতানা প্রদত্ত স্বামিজীর প্রসিদ্ধ বক্তৃতাগুলি পাঠ করিলে তাঁহার উদারভাব, ধর্মের সার্বভৌমিক আদর্শ ও শিক্ষাদান-প্রণালীর মৌলিকত্ব চমৎকৃত হইতে হয়। একদিকে তিনি যেমন আধুনিক সংস্কারসম্প্রদায়সমূহের বৈদেশিক ভাব-বহুল কার্যপ্রণালীর তীব্র সমালোচনা করিয়াছেন অপরদিকে উন্নতিব পবিপন্থী সংকীর্ণচেতা প্রাচীন কুসংস্কারগুলিকে অন্ধভাবে আঁকড়াইয়া ধরিয়া রাখিবাব হাস্যোদ্দীপক চেষ্টাকেও ব্যতুলতা বলিয়া উপহাস করিতে সক্ষম হইতেন। তিনি বুদ্ধিমান ছিলেন বেদান্তের মহান্ সত্যসমূহকে উপেক্ষা করিবাই ভাবতের বর্তমান দুর্বস্থা। একই বেদান্তদর্শন অবলম্বনে বিভিন্ন প্রকার বিরোধী বাদসমূহের উদ্ভব হওয়ায় কালক্রমে উহা দার্শনিক পণ্ডিতগণের উর্বর মস্তিষ্কেব প্রশস্ত ব্যায়াম-ক্ষেত্ররূপে পরিণত হইতে চলিয়াছে। পূর্বাংশসমূহ কয়েকখানি আধুনিক স্মৃতিশাস্ত্র, বিশেষভাবে, দেশাচার লোকাচারই ধর্মজগতে বেদান্তের স্থান অধিকার করিয়া বসিয়াছে এমনকি বেদান্ত বলিলেই সাধাবণ লোকে এখন বুঝে দুর্বোধ দর্শনশাস্ত্র বাহার সহিত প্রচলিত ধর্ম-কর্মের কোন সম্বন্ধ নাই। এই ভ্রান্ত বিশ্বাস অপনোদনের জন্য যুগপ্রবর্তক আচার্যদেব অশ্বত্থানন্দজীতির অপ্রভেদী শিষ্যব-দেশে দণ্ডায়মান হইয়া সকল জাতির সকল মতের সকল সম্প্রদায়েব দুর্বল দরিদ্র দুর্য্যাক পদদলিতগণকে বক্তৃতিদ্বারা আহ্বান করিয়া নিজের পায়ের উপর দাঁড়াইয়া মস্তিলাভের চেষ্টা করিতে বলিয়াছেন। যদি ভারত এখনও তাঁহার উপদেশের মর্ম না বুঝিয়া থাকে, তৎপ্রচারিত আদর্শগুলিকে কার্যে পরিণত করিবাব চেষ্টা না করে, তাহা হইলে ভারতের ভবিষ্যৎ ইতিহাস অন্ধকারময়।

১৮৯৮ সালের জানুয়ারী মাসের মধ্যভাগে স্বামিজী তাঁহার গৌরবময় উত্তর

ভারতভ্রমণ পূর্ণসমাপ্ত করিয়া কলিকাতায় ফিরিয়া আসিলেন। বহুদিন হইতে ভাগীরথী তীরে একটি স্থায়ী মঠ নির্মাণ করিবার সঙ্কল্প তাহার ছিল। পাশ্চাত্য-দেশ হইতে ভারত প্রত্যাগমন করিয়াই তিনি উক্ত সঙ্কল্পের কথা তাহার গুরুদ্রাভাতাগণের নিকট ব্যক্ত করেন। তদনুসারে তাহারা উপযুক্ত স্থানের অনুসন্ধানে ছিলেন। ভাগীরথীর পশ্চিম তীরে বেলুড় গ্রামে উপযুক্ত স্থানের সন্ধান পাইবামাত্র স্বামিজীব ভক্ত মিস্ হেনরিঘেটা মূলরেব প্রদত্ত প্রচুর অর্থ উক্ত ভূমি ক্রীত হইল। উক্ত স্থানটি পূর্বে নৌকার আশ্রয়রূপে ব্যবহৃত হইত। উহা সমতল করিয়া মঠ নির্মাণ কবিত্তে প্রায় এক বৎসর সময় লাগিয়াছিল। মঠের জমি সমতল করিতে এবং প্রাচীন একতলা বাড়িটির সংস্কার করিয়া ম্বিতলে পবিবর্তিত করিতে যে অর্থব্যয় হইয়াছিল, তাহা স্বামিজীব লন্ডনস্থ শিষ্যবৃন্দ প্রদান করিয়াছিলেন। স্বামিজীব অন্যতমা আমেরিকান শিষ্যা মিসেস ওলি বুল বর্তমান ঠাকুরঘরটি নির্মাণের সমস্ত ব্যয়ভার বহন করিলেন এবং মঠের খবচপত্র চালিবার জন্য বেলুড় মঠের পবিচালকগণের হস্তে লক্ষাধিক মদ্রা প্রদান কবিলেন। এইরূপে বিদেশী শিষ্য ও শিষ্যাণের অর্থানুকূল্যে স্বামিজীব জীবনের একটি মহৎ সঙ্কল্প পূর্ণ হইল। ওদিকে হিমালয়ে মঠ স্থাপনের জন্য সেভিয়ার-দম্পতি উপযুক্ত স্থানের অনুসন্ধানে বত ছিলেন। বেলুড় মঠ নির্মাণ কার্য আরম্ভ হইবাব সগে সগে আলমবাজার হইতে মঠ বেলুড় গ্রামের নীলাম্বর মদ্রোপাধ্যায়ের বাগানবাড়ীতে উঠিয়া আসিল। উক্ত বাগানবাড়ী সম্মাসীদিগের জন্য অস্থায়ী ভাবে ভাড়া লওয়া হইয়াছিল। স্বামিজীব শিষ্য ও গুরুদ্রাভাতাগণের সহিত তথায় আসিয়া বাস করিতে লাগিলেন।

ইতোমধ্যে স্বামী সারদানন্দজীব আমেরিকায় বেদান্ত প্রচার-কার্যে যথেষ্ট সাফল্যলাভ করিয়া কার্যপ্রযোজনে মঠে ফিরিয়া আসিলেন। স্বামী শিবানন্দজীবও প্রায় বৎসরাধিক কাল হইল সিংহলে প্রচার-কার্যে ছিলেন, তিনিও মঠে ফিবিয়া আসিলেন। স্বামী ত্রিগুণাতীত দিনাজপুরে দর্ভিক্ষের সংবাদ পাইয়া সেবা ও সাহায্যদানকল্পে তথায় গমন করিয়াছিলেন। উহা সুচারুরূপে সম্পন্ন করিয়া তিনি মঠে প্রত্যাবর্তন কবিলেন। স্বামিজীব অনুপস্থিত-কালে স্বামী ব্রহ্মানন্দজীব 'বামকৃষ্ণ মিশনের' কার্য উত্তমরূপে নির্বাহ করিতেছিলেন এবং স্বামী তুরিয়ানন্দজীব মঠে অবস্থান করিয়া নবীন সম্মাসী ও ব্রহ্মচারিবৃন্দকে শিক্ষাদান কার্যে ব্যাপ্ত ছিলেন। গুরুদ্রাভাতাগণের সেবায় অপরূপ দর্শনে স্বামিজীব অতীব আনন্দিত হইলেন। ইংহাদিগকে উৎসাহ দিবার জন্য শিবরাত্রির দিন অপরাহ্নে একটি ক্ষুদ্র

সভা আহত হইল। স্বামিজী সভাপতি হইলেন। তাঁহার আদেশে প্রথমতঃ অন্যান্য গুরুদ্রাভাগ বহুতা করিলেন। অতঃপর স্বামিজী প্রায় অৰ্ধশতাব্দীকাল ওজস্বিনী ভাষায়, মঠের সন্ন্যাসী ও ব্রহ্মচারিবৃন্দকে “উপস্থিত কর্তব্য ও তাঁহাদের আদর্শ কি হওয়া উচিত” তৎসম্বন্ধে একটি বহুতা প্রদান করিলেন।

ইহার কয়েকদিন পরেই শ্রীশ্রীঠাকুরের জন্মতিথি সমাগত হইল। মহোৎসবের বন্দোবস্তেই ভার স্বামিজী স্বয়ং গ্রহণ করিলেন। উক্ত দিবস প্রভাতে স্বামিজী ঘোষণা করিলেন যে, শ্রীরামকৃষ্ণ ও তাঁহার ব্রাহ্মণের শিষ্যবৃন্দকে উপবীত প্রদান করিবেন। শিষ্য শবচন্দ্র চক্রবর্তীর উপর উপনয়ন ও গায়ত্রীমন্ত্র প্রদান করিবাব ভার অর্পিত হইল। স্বামিজী বলিলেন, ‘শ্রীরামকৃষ্ণ-ভক্তগণ প্রত্যেকেই ব্রাহ্মণ। বেদ বলিতেছেন, ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই ত্রৈবিণ্যেরই উপনয়ন সংস্কারে অধিকার আছে। সংস্কার অভাবে ইহারা বর্তমানে ব্রাত্য প্রাপ্ত হইয়াছে। অদ্য শ্রীশ্রীরামকৃষ্ণের জন্মতিথি, এই পূণ্যদিবसे ইহারা স্ব স্ব অধিকারানুযায়ী ক্ষত্রিয় ও বৈশ্য গ্রহণ করুক। কালে ইহাদিগকে ব্রাহ্মণ কবিয়া তুলিতে হইবে।’ স্বামিজীব আদেশে প্রায় পঞ্চাশজন ভক্ত গংগাম্নান কবিয়া শ্রীরামকৃষ্ণের প্রতিকৃতিব সম্মুখে উপবীত ও গায়ত্রীমন্ত্র গ্রহণ করিলেন। স্বামিজী গৃহীত-উপবীত ভক্তগণকে সম্বোধন করিয়া প্রযোজনীয় উপদেশাদি প্রদান করিলেন এবং প্রত্যহ গায়ত্রীমন্ত্র জপ করিবার আদেশ দিলেন।

সামাজিক চিরাচরিত প্রথার বিবৃদ্ধে স্বামিজীর এই অসম-সাহসিক কার্য সৈদিন গোড়া হিন্দুসমাজের নিকট বিবৃপ তীব্র সমালোচনার বিষয় হইয়াছিল, তাহা সহজেই অনুমেয়। যদিও সামাজিক কতকগুলি প্রথা ও আচার-ব্যবহার হিন্দুশাস্ত্র ও ভারতীয় বিশিষ্ট সভ্যতার বিরোধী বলিয়া তাঁহার অনুমিত হইয়াছিল, তথাপি কোন নবীন সংস্কার দ্বারা অকস্মাৎ সমাজকে আঘাত করা তাঁহার উদ্দেশ্য ছিল না, কিন্তু এই উপনয়ন-সংস্কার সেরূপ নহে। ইহার আসল উদ্দেশ্য ছিল, বহুদিন প্রসূত হিন্দুজাতিতে একটা আত্মসম্বৎ দান করা। বহুদিন ধরিয়া নানা শাখা, উপশাখা বিভক্ত হিন্দু বলিয়া পবিচয়-প্রদানকারী শ্রেণীগুলিকে প্রথমতঃ শাস্ত্রানুশাসনানুযায়ী চারিটি মূলবর্ণে ফিরাইয়া আনিবার প্রয়োজন তিনি অনুভব করিতেন এবং এই চেষ্টা দ্বারাই জাতিভেদ প্রথার আবর্জনাগুলি দূরে পরিহার করা সম্ভবপর হইবে, একথা বিশ্বাস করিতেন। সমাজে শূদ্র বলিয়া কথিত যে সমস্ত ব্যক্তি এই সময় উপবীত গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদিগকে সমাজে অনেক বেগ সহ্য করিতে হইয়াছিল সন্দেহ নাই, কিন্তু বেলদড় মঠের এই ক্ষুদ্র অথচ

নির্ভীক অনুশীলনটি পরবর্তীকালে বাঙালী সমাজে যথেষ্ট প্রভাব বিস্তার করিয়াছে, কারণ স্বামিজী জীবিত থাকিতেই বাঙালার কয়েকটি প্রবল শ্রেণী ক্ষত্রিয় ও বৈশ্যদের দাবী লইয়া আন্দোলন উপস্থিত করেন। বর্তমানে আমরা দেখিতে পাইভেঁই, প্রাচীনদের তীব্র আপত্তি সত্ত্বেও তাঁহারা অনেকাংশে সফলকাম হইয়াছেন। অবশ্য সতের খাতিরে একথা আমাদেরকে স্বীকার করিতে হইতেছে যে, কোন কোন জাতির ক্ষত্রিয় বা বৈশ্যোচিত সংস্কারলাভের মধ্যে অতীতের আবর্জনা পবিহাবের চেষ্টা অপেক্ষা কৃত্রিম আভিজাত্য লাভ করিবার চেষ্টাই অধিক প্রকটিত হইতেছে। তথাপি এই সকল চেষ্টার দোষ ও গুটীগুণি উপেক্ষা করিয়া ইহাব মূল ভাবটির সহিত চিন্তাশীল স্বজাতি-হিতৈষী ব্যক্তিগণেবই সহানুভূতি থাকা একান্ত বাঞ্ছনীয়। নিজেকে জানিবার, নিজেকে বুঝিবার, সমাজ-জীবনে যথাযোগ্য স্থান ও দায়িত্ব গ্রহণ করিবার এই চেষ্টা যে আত্মচেতনা জাগ্রত করিবে, তাহা পবিণামে সুফলই প্রসব করিবে। কালপদ্বয়ের ইংগিত, বাঙালার শ্রেষ্ঠ শ্রেণীগণি পতিত-পর্ষাষভুক্ত থাকিবেন না। স্ববর্ণোচিত শিক্ষা-দীক্ষা অম্বস্ত করিবার উৎসাহোচ্ছল উদ্যম তাঁহাদের মধ্যে জাগিয়া উঠিয়াছে, ইহা যুগধর্মের প্রেবণা, বাধাপ্রদান করিতে যাওয়া মূঢ়তা মাত্র। অর্থহীন প্রথাব জীর্ণকন্ধ্যা দিয়া নবজাগরণকে আবৃত বাধা অসম্ভব, অসাধ্য। এই প্রসঙ্গে আর একটি কথা এস্থলে উল্লেখ করিবার প্রয়োজন বোধ করিতেছি। জাতির শক্তিবৃদ্ধি জন্য স্বামিজী প্রথমতঃ একই জাতির বিভিন্ন শাখার মধ্যে বৈবাহিক আদান-প্রদানের প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। একদিকে কন্যাশ্রয়, অন্যদিকে বিবাহযোগ্য কন্যার অভাব, এই দুই বিপরীত অবস্থাব প্রবল পেষণে পিষ্ট হইয়াও আজ পর্যন্ত কেহ এ বিষয়ে তেমন আন্দোলন উপস্থিত করেন নাই। তথাপি আমাদের আশা আছে, উদীয়মান উন্নতিকামী নব্য যুবকগণ এ বিষয়ে আর অধিকদিন উদাসীন থাকিবেন না।

১৮৯৮ সালেব জানুয়ারী হইতে অক্টোবর পর্যন্ত কয়েকমাস কাল স্বামিজী শ্রীরামকৃষ্ণ মঠ প্রতিষ্ঠা ও সংঘের গঠনমূলক কার্যপ্রণালীর লুৎখলাবিধান এবং শিষ্য ও শিষ্যাণের শিক্ষাদান কার্যেই প্রধানতঃ আত্মনিয়োগ করিয়াছিলেন। জানুয়ারী মাসের মধ্যভাগে উত্তর ও পশ্চিম ভারত ভ্রমণ সমাপ্ত করিয়া তিনি খাণ্ডোয়া হইতে কলিকাতায় ফিরিয়া আসিলেন। এদিকে কয়েকদিন পরেই, মিস্ মুল্লরের সহিত মিস্ মার্গারেট নোবেল পাশ্চাত্য সমাজের সকল বন্ধন কাটাইয়া কলিকাতায় আসিলেন। ফেব্রুয়ারী মাসে মিসেস্ ওলি বুল ও মিস্ ম্যাকলিন্ড আমেরিকা হইতে শ্রীগুরুর জন্মভূমি পরিদর্শন এবং ভাবতীষ শিক্ষা-সংস্কৃতির সহিত প্রত্যক্ষ পরিচয় লাভ

ও নবীন সঙ্ঘের কার্যে সহায়তা করিবার জন্য এতদ্দেশে আগমন করিলেন। সহদেবা মিস্ মূলর, মিসেস্ বদল প্রভৃতির অর্থসাহায্যে গঙ্গার পশ্চিম তীরে বেলুড গ্রামে মঠবাটী নির্মাণের জন্য একখণ্ড ভূমি, একখানি পুরাতন বাড়িসহ ক্রয় করা হইল। তাহার পার্শ্বেই নীলাম্বর মথোপাধ্যায়ের বাগনবাটী ভাড়া করা হইল। আলমবাজার মঠ হইতে সম্যাসী ও ব্রহ্মচারীরা এই নতুন বাটীতে উঠিয়া আসিলেন। পাশ্চাত্য শিষ্যরা নবজীত পুরাতন বাটীতে, কেহ বা কুটীরে বাস করিতে লাগিলেন। স্বামিজী অবসবমত ইহাদের কুটীরে আসিয়া ভাবভীষ আচার-ব্যবহার ইতিহাস, দর্শন প্রভৃতি আলোচনা করিতেন। মিস্ মার্গারেট নোবল পূর্বে হইতে প্রস্তুত হইয়াই আসিয়াছিলেন। স্বামিজীর আদেশে সদুপাশ্রিত স্বামী স্বরূপানন্দ তাঁহার শিক্ষার ভার গ্রহণ করিলেন। কিন্তু মিস্ নোবল সঙ্ঘের সহিত সম্পর্কবূপে যুক্ত হইবার জন্য গুরুত্ব অনুমতি চাহিলেন। শিষ্যার অভিপ্রায় ও ঐকান্তিকতা দেখিয়া স্বামিজী তাঁহাকে ব্রহ্মচর্য রূতে দীক্ষিত করিলেন। মিস্ নোবল যখন ভারতবর্ষে আসিবার জন্য স্বামিজীর অনুমতি প্রার্থনা করিয়াছিলেন, তখন স্বামিজী উত্তর দিয়াছিলেন, ‘দাবিদ্র্য, অধঃপতন, আবর্জনা, ছিন্নমূলিন-বসন পরিহিত নরনারী যদি দৌখিতে সাধ থাকে, তবে চলিয়া আইস, অন্যাকিছু প্রত্যাশা করিয়া আসিও না। আমবা তোমাদের হৃদয়হীন সমালোচনা সহ্য করিতে পারি না।’ ভারতবর্ষে দরিদ্র ও অধঃপতিত জনসমষ্টির আচাৰ-ব্যবহাৰ লইয়া পাশ্চাত্যদেশীয় ব্যক্তিদের হৃদয়হীন ব্যাণ্ণ বিদ্রূপে বিবেকানন্দের হৃদয় আহত সিংহের ন্যায় গর্জন করিয়া উঠিত। একজন ইংরাজ মহিলা একদিন একজন অশ্লীল বৈষ্ণোবাসী কুৎসিত ব্রাহ্মণকে দেখিয়া হাসিয়াছিলেন। বিবেকানন্দ তৎক্ষণাৎ গম্ভীর হইয়া বলিয়াছিলেন, ‘স্তম্ভ হও, ইহাদেব জন্য তোমরা কি করিয়াছ?’ স্বদেশ ও স্বদেশবাসীর প্রতি বিবেকানন্দের দুঃগভীর প্রেম, মিস্ নোবল উত্তমবূপেই জানিতেন। তিনি আবও জানিতেন বিবেকানন্দকে অনুসরণ করিতে হইলে সর্বতোভাবে আত্মসমর্পণ কবিত্তে হইবে। স্বীয় রূতের দাবি পূরণরূপে অনুভব করিয়াই মিস্ নোবল ব্রহ্মচারিণী হইলেন। মিস্ নোবলের মৃত্যু হইল। বিবেকানন্দের মানস-কন্যা ভগ্ননী নির্বোধতা নামে ভূষিতা হইলেন।

নবদীক্ষিত শিষ্যকে আশীর্বাদ করিয়া মহান গুরু কহিলেন “যাও বৎসে, ভূমি তাঁহার অনুসরণ কর, যিনি বুদ্ধ লাভ করিবার পূর্বে পাঁচ শত বার লোক-কল্যাণরূপে নিজেকে উৎসর্গ করিয়াছিলেন।”

মঠনির্মাণসংক্রান্ত কার্য ও শিক্ষাদানে উৎসাহের সহিত আত্মনিয়োগ কবিলেও

শারীরিক অসুখাতা প্রতিবন্ধক দাঁড়াইল। চিকিৎসকগণ তাঁহাকে বায়ু পরিবর্তন ও সম্পূর্ণ বিশ্রাম লাভের জন্য পীড়াপীড়ি করিতে লাগিলেন। অগত্যা কার্ণভার গুরুভাই ও শিষ্যদেব দিয়া ৩০শে মার্চ স্বামিজী দার্জিলিং চলিয়া গেলেন। দার্জিলিংএ তাঁহার স্বাস্থ্য ধীরে ধীরে উন্নত হইতেছিল বটে, কিন্তু সহসা সংবাদ আসিল কলিকাতায় শ্লেগ বোগ ভীষণমূর্তি ধারণ করিয়াছে। শত শত লোক প্রত্যহ মৃত্যুকবলিত হইতেছে, এমন সংবাদ শ্রুতিয়া মহাপ্রাণ বিবেকানন্দ কি স্থির থাকিতে পাবেন? ওবা যে কলিকাতায় ফিবিয়া আসিয়া সেইদিনই শ্লেগরোগে সতর্কতা ও আবশ্যক প্রতিষেধক ব্যবস্থা অবলম্বনের জন্য জনসাধারণকে উপদেশ দিয়া বাঙলা ও হিন্দী ভাষায় দুইখানি প্রচারপত্র বচনা করিয়া ছাপাইতে দিলেন এবং ভগ্নী নিবেদিতা ও অন্যান্য সম্ম্যাসী ও ব্রহ্মচারীদের লইয়া সেবাকার্য আরম্ভ করিয়া দিলেন। কলিকাতায় সেদিন যে ভীতি ও আতঙ্কের সঞ্চার হইয়াছিল, তাহা অদ্যকার দিনে কল্পনা কব্যও দূঃসাধ্য। ভীতিবিহ্বল নবনাবী প্রাণভয়ে পলায়মান। শ্লেগ বোগ এবং সবকারী শ্লেগ বেগদুলেশান দুইই-ই কঠোর। সেই বিশৃঙ্খল অবস্থার মধ্যে দাঙ্গাহাঙ্গামা নিবারণের এবং বেগদুলেশান মানিতে জনসাধারণকে বাধ্য করিবার জন্য সরকাৰী ফৌজ মোতায়েন হইয়া অসহায় ও নিব্দুপায় নরনারীকে অধিকতর বিহ্বল করিয়া তুলিল। এই আপৎকালে অভয় ও সেবা লইয়া বিবেকানন্দচালিত শ্রীবামকৃষ্ণের সন্তানগণ কার্যক্ষেত্রে অবতীর্ণ হইলেন। এই কার্যের জন্য যে অর্থের প্রয়োজন তাহা কোথা হইতে আসিবে চিন্তা করিয়া জনৈক গুরুদ্রোহী প্রশ্ন করিলেন ‘স্বামিজী! টাকা কোথায় পাওয়া যাইবে?’ স্বামিজী তৎক্ষণাৎ উত্তর দিলেন ‘কেন?’ যদি প্রয়োজন হয় তাহা হইলে মঠের জন্য নবজাতী ভূমি বিক্রয় করিব। সহস্র সহস্র ব্যক্তি আমাদের চোখের সম্মুখে অসহ্য যন্ত্রণা ভোগ করিবে, আর আমরা মঠে বাস করিব? আমরা সম্ম্যাসী, না হয় পূর্বের ন্যায় আবার তবৃতলে বাস করিব, শিক্ষাস্থে উদব পূরণ করিব।

সুখের বিষয়, মঠবাটী আব বিক্রয় করিতে হইল না। চারিদিক হইতে অর্থ-সাহায্য আসিতে লাগিল। কলিকাতায় একটি প্রশস্ত ভূমিক্ষণ্ড ভাড়া লইয়া তদুপরি কুটীরসমূহ নির্মিত হইল। জাতি-বর্ণ-নির্বিশেষে অসহায় শ্লেগবোগগ্রস্ত নবনাবীকে তথায় বাথখা উৎসাহী কর্মবৃন্দ সেবাকার্যে রত হইলেন। স্বামিজী স্বয়ং উপস্থিত থাকিয়া তত্ত্বাবধান করিতে লাগিলেন। যে পল্লীতে ইংহারা কার্য আরম্ভ করিয়াছিলেন, উক্ত পল্লীর আবর্জনা দূর করা এবং প্রতিষেধক ঔষধাদি দ্বারা স্থান শুদ্ধ করার জন্য প্রত্যহ কর্মবৃন্দকে প্রেরণ করিতে লাগিলেন। দরিদ্রনারায়ণগণের সেবায়

তাহার অসীম উৎসাহ ও আত্মত্যাগ দেখিয়া অনেক বিরুদ্ধবাদী, নিন্দুক এবং ঘাঁহারা কুৎসা শুনিয়া তাহার সম্বন্ধে বিকৃতমত পোষণ কৰিতেন,—বন্ধিতে পারিলেন যে, 'বিবেকানন্দ কেবল মূখেই বেদান্ত প্রচাৰ কৰেন নাই, কাৰ্যেও তিনি বৈদান্তিক।

যত জীব, তত শিব' মন্ত্ৰেৰ ঋষি বিবেকানন্দ মৃত্যুকে অগ্ৰাহ্য কৰিয়া স্বদেশবাসীকে শিক্ষা দিতে লাগিলেন, কেমন কৰিয়া নাৰাষণ" জ্ঞানে সেবা কৰিতে হয়।

বেদান্তের মহান্ আদৰ্শ নিজ কৰ্মজীবনে পৰিণত কৰিয়া তদাদৰ্শে জীবন-গঠন কৰিবাব জন্য আচাৰ্যদেব স্বীয় স্বদেশবাসীকে উচ্চৰবে আহ্বান কৰিয়া গিয়াছেন। যে হাড়ি, ডোম চণ্ডাল, মূচি, মেথৰ ইত্যাদিকে শতাব্দীৰ পৰ শতাব্দী ধৰিয়া তথাকথিত জাত্যভিমানিগণ 'চলমান শ্মশান বলিয়া ঘৃণাৰ দ্বাৰে পৰিহাৰ কৰিয়া আঁসিৰ্তেছিলেন তিনি তাহাদিগকে 'আমাৰ ভাই আমাৰ রক্ত' বলিয়া আলিঙ্গন কৰিয়াছেন। ভাবতেৰ কল্যাণকামী কৰ্মবৃন্দকে তমোহুদে প্ৰায-নিমজ্জমান কোটী কোটী অজ্ঞান নবনাবীকে জ্ঞানালোক স্বাৰা উদ্ধাৰ সাধনেৰ ব্ৰত গ্ৰহণ কৰিবাব জন্য পুনঃ পুনঃ আকুলভাবে অনুৰোধ কৰিয়াছেন। তাহাদেব দৃঃখ দৈন্য অজ্ঞতা ঘৃণাইবাব জন্য প্ৰাণপাত চেষ্টা, বৃন্দ আতুৰ আৰ্ত অনাথাকে, ঔষধ, পথ্য ও আহাৰ দান, ইহাই অশেষ কল্যাণকৰ বৰ্তমান যুগোপযোগী মূৰ্ত্তিৰ প্ৰশস্ত ৰাজপথ—সেবা-ধৰ্ম। বহুদেব মধ্যে একত্ব দৰ্শনই হিন্দুজীবনেৰ চৰম লক্ষ্য বৃদ্ধাৰ আচাৰ্যদেব অবৈতবাদেব সন্দুত ভিত্তিৰ উপৰ সেবাধৰ্মেৰ মঞ্জলময় প্ৰাসাদ গাভিয়া তুলিয়াছেন, যাহাৰ অপ্রংলিহ শত শত শিখরমালায় ত্যাগেৰ গৈবিক পতাকা স্বৰ্ণহিমায উদ্ভীন থাকিয়া বিশ্বের বিস্মিতদৃষ্টি আকৰ্ষণ কৰিতেছে। অক্লান্ত জনহিতৈষণাব মধ্য দিয়া স্বধৰ্মপ্ৰাৰণ জাতিব ত্যাগ ও তিতিক্ষাৰ মহিমময় দৃশ্য বৰ্তমান যুগে উজ্জ্বলৰূপে ফুটিয়া উঠিযাছে। সেবাধৰ্ম উপলক্ষ কৰিয়া, জ্ঞান, কৰ্ম ও ভক্তিৰ দ্বি-ধাৰাব বহুদিন পৰে বিবেকানন্দেব হৃদয়প্ৰসাৰে আনন্দ সন্মিলন। আজ নবযুগেৰ এই পবিত্ৰ দ্বিবেণী তীৰ্থেৰ পবিত্ৰ প্ৰেমসলিলে, সাম্প্ৰদায়িক বিদ্বেষবৃদ্ধিহীন অথচ ভিন্ন ভিন্ন ভাবসহায় সাধকগণ আনন্দে অবগাহনবত।

স্বামিজী তাঁহাৰ পাশ্চাত্য শিষ্যাগণকে লইয়া হিমালয় ভ্ৰমণে বহিৰ্গত হইবেন ইহা পূৰ্বেই স্থিৰ হইযাছিল। শ্লেগেব প্ৰকোপ কমিয়া গেলে এবং সরকারী রেগুলাশন শিথিল হইলে স্বামিজী মিঃ সেভিয়াবেৰ আহ্বানানুযায়ী আলমোড়াভিমুখে যাত্ৰা কৰিলেন। সপ্তে স্বামী তুৰিয়ানন্দ, নিরঞ্জনানন্দ, সদানন্দ, স্বৰূপানন্দ ইত্যাদি ও তাঁহাৰ চাৰিজন পাশ্চাত্য শিষ্য। নাইনীতালে উপস্থিত হইয়া স্বামিজী সদলবলে কয়েকদিন বিশ্রাম কৰিলেন। খেতৱিৰ মহাৰাজ পূৰ্ব



হইতেই গুরুদেবেন দর্শন-কামনায তথায় অবস্থান করিতেছিলেন। স্বামি শ্রীচরণ দর্শন ও তাঁহার পাশ্চাত্য শিষ্যাগণের সহিত পরিচিত হইয়া মহাবাজা আনন্দিতে হইলেন। এই কালের ভ্রমণকাহিনী ও স্বামিজীবী অমূল্য কথোপকথনসমূহ সিন্ধুটা, নিবেদিতা তাঁহার “স্বামিজীবী সহিত হিমালয়ে” নামক পুস্তকে সুন্দররূপে বর্ণনা করিয়াছেন। এইকালে স্বামিজী তাঁহার শিষ্যাগণের নিকট ভারতের পৌরাণিক ও ঐতিহাসিকবৃদ্ধগণের জীবন্তবিগ্রহস্বরূপ প্রতিভাত হইতেন। ভারতের অতীত ইতিহাসের পুণ্যকাহিনী সকল বর্ণনা করিতে করিতে সময় সময় তিনি ভাবাবেগে বর্তমান বিস্মৃত হইতেন।

স্বামিজীবী বাল্যবন্ধু যোগেশচন্দ্র দত্ত একদিন তাঁহার সহিত দেখা করিতে আসিলেন। কথাপ্রসঙ্গে যোগেশবাবু স্বামিজীকে বলিলেন যে, তিনি যদি ভারতীয় শিক্ষিত যুবকগণকে ইংলণ্ডে সিভিল সার্ভিস্ পড়িবার জন্য চাঁদা সংগ্রহ করিয়া সাহায্য করিতে পাবেন, তাহা হইলে ঐ সমস্ত যুবক কৃতকার্য হইয়া মাতৃভূমির কল্যাণে অনেককিছু করিতে সমর্থ হইবে। স্বামিজী বিষম হইয়া উত্তর করিলেন, “তুমি মস্ত একটা ভুল করিতেছ। ঐ সমস্ত যুবক স্বদেশে আসিয়া ইউরোপীয় সমাজে মিশিবার চেষ্টা করিবে, ইহা তুমি নিশ্চয় জানিও। তাহা পদে পদে সাহেবদের খাওয়া-দাওয়া, আচাৰ-ব্যবহার নকল করিবে, স্বদেশ বা জাতীয় আদর্শের কথা ভ্রমেও চিন্তা করিবে না।” বলিতে বলিতে স্বামিজী ভাবতবর্ষের নিশ্চেষ্ট জড়, সাংসারিক জীবনের দুঃখ-কষ্টের প্রতিকার চেষ্টায় একান্ত উদাসীনতা উদ্যম-হীনতা ইত্যাদি জড়লন্ত ভাষায় বর্ণন করিতে লাগিলেন। দেশের দুর্দশার বিষয় বলিতে বলিতে তাঁহার বিশাল লোচনম্বয় অশ্রুপূর্ণ হইল। সেদিন যোগেশবাবুর বন্ধু বামপূর্ব স্টেট্ কলেজের প্রধান শিক্ষক বাবু ব্রহ্মানন্দ সিংহ মহাশয় তথায় উপস্থিত ছিলেন। তিনি এই অপূর্ণ দৃশ্য দেখিয়া শ্রদ্ধামুগ্ধ হৃদয়ে লিখিয়াছেন :-

“সে দৃশ্য আমি জীবনে ভুলিব না। তিনি (স্বামিজী) সংসারত্যাগী সন্ন্যাসী, তথাকার ভাবতবর্ষ তাঁহার হৃদয়ের সবখানি জুড়িয়া ছিল। তাঁহার সমস্ত ভালবাসা ছিল ভারতের প্রতি, ভাবতকে তিনি প্রাণ দিয়া অনুভব করিতেন, ভাবতের জন্য অশ্রু বিসর্জন করিতেন এবং ভাবতের সেবাতেই তিনি তনুত্যাগ করিয়াছেন। তাঁহার শিষ্য-উপশিষ্যের ভারতবর্ষ স্পন্দিত হইত। এককথায়, ভাবতবর্ষ তাঁহার জীবনের সহিত মিশিয়া এক হইয়া গিয়াছিল।”

আলমোড়ায় আসিয়া স্বামিজী তাঁহার গুরুদ্বািতা ও সন্ন্যাসী শিষ্যাগণসহ মিঃ সৌভায়ার সাহেবের বাংলোয় বাস করিতে লাগিলেন। তাঁহার পাশ্চাত্য শিষ্যাগণ

বতা আৰু একাটি বাঁড়তে অবস্থান কৰিতে লাগিলেন। স্বামিজী তাঁহাৰ গুৰুভ্ৰাতৃগণেৰে সৰ্হিত প্ৰাতঃপ্ৰমুখান্তে তাঁহাদেৰে আবাসে উপস্থিত হইয়া কথোপকথনে প্ৰবৃত্ত হইতেন। শিষ্য ও শিষ্যাগণ ভক্তিবিমল চিত্তে তন্ময় হইয়া স্বামিজীৰ শ্ৰীমুখ-নিঃসৃত ভাৰতীয় আদৰ্শসমূহেৰে অফুৰন্ত ব্যাখ্যা শ্ৰবণ কৰিতেন। যে সমস্ত সমালোচক ভাৰতকে জীৰ্ণ, স্থাৰিৰ ও ক্ৰমাগত অধঃপতনেৰে পথে নামিয়া যাইতেছে বলিয়া ধাৰণা কৰেন, তাঁহাদিগেৰে বিম্বেষ ও অবজ্ঞাপ্ৰণোদিত সমালোচনাগুণিকে তীব্ৰ প্ৰতিবাদ কৰিয়া তিনি তাঁহাৰ শিষ্য ও ভক্তগণকে বুঝাইয়া দিতেন যে ভাৰত এক গোবৰময় বিকাশেৰে জন্ম প্ৰস্তুত হইয়া স্বনিৰ্দিষ্ট পথে অগ্ৰসৰ হইতেছে। অতএব এই নবযুগেৰে প্ৰাৰম্ভে স্বদেশসেবায় অগ্ৰসৰ হইতে হইলে কতখানি বিশ্বাস ও গভীৰ ভালবাসা ও সদাজাগ্ৰত সহানুভূতি লইয়া কৰ্মক্ষেত্ৰে দাড়াইতে হইবে তাহা শিষ্যাগণকে বুঝাইতে বুঝাইতে তিনি একদিন যেন একবৰম অজ্ঞাতসাৰেই বলিয়া ফেলিয়াছিল। “আমি নিজকে বহু শতাব্দীৰ পৰে আবিৰ্ভূত প্ৰবুৰ বলিয়া অনুভব কৰিতেছি। আমি দেখিতেছি যে, ভাৰত যুৰাৰম্ভ।”

স্বামিজী শিক্ষাদান ও আলোচনা-প্ৰসঙ্গে যে সমস্ত অভিমত ব্যক্ত কৰিতেন তাহাৰ অধিকাংশ সিঁটাৰ নিৰেদিতা সময়ে সংগ্ৰহ কৰিয়া বাখিয়া গিয়াছে। নিৰেদিতাকে ভাৰতীয় ভাবে গঠিত কৰিতে গিয়া অনেক সময় স্বামিজী বাধ্য হইয়া তাঁহাৰ চিৰপোষিত বীতি, নীতি ও আদৰ্শগুণিকে তীব্ৰভাবে আক্ৰমণ কৰিতেন। দৃঢ়হৃদয়া নিৰেদিতা স্বীয় স্বাভাৱ্যকৈ সবাইয়া বাখিয়া সব সময় গুৰুবৰে সৰ্হিত একমত হইতে পাৰিতেন না। গুৰু ও শিষ্যেৰে এই মানসিক বিৰোধ সিঁটোৰেৰে ভাৰত আগমনেৰে পৰে হইতেই আবন্ত হইয়াছিল। সিঁটাৰে স্বয়ং লিখিয়াছেন এই সময় আমাৰ সমস্ত যত্নপোষিত ধাৰণাগুণিৰ উপৰে যে নিত্য আক্ৰমণ ও তিবস্কাৰ বৰ্ষিত হইতে লাগিল, আমি তাহাৰে জন্ম আদৌ প্ৰস্তুত ছিলাম না। অনেক সময় অৰাবণে দুঃখভোগ কৰিতে হয়। আমি লক্ষ্য কৰিলাম, অনুকূল ভাবাপন্ন প্ৰিয় আচাৰ্যেৰে স্বপ্ন অন্তৰ্হিত হইয়া তৎস্থানে এমন এক ব্যক্তিব চিত্ৰ উদয় হইল যিনি অন্ততঃ উদাসীন এৰে সম্ভবতঃ প্ৰতিকূলভাবাপন্ন হইবেন এৰে এই বালে আমি যে মানসিক যন্ত্ৰণা ভোগ কৰিতেছিলাম, তাহা যুক্তি দ্বাৰা বিচাৰ কৰিবাব চেষ্টা কৰাও বিডম্বনা মাত্ৰ।”

এই ভাবসম্বাত নিৰেদিতাৰ জীৱনে অতি মৰ্মান্তিক হইয়া উঠিয়াছিল, তাঁহাৰে পৰিণত ইংৰাজ মন, স্বীয় বুঢ়িগত বৈশিষ্ট্য সম্বন্ধ-চেষ্টাৰে বন্ধা কৰিয়া চলিতে গিয়া ভাৰতবৰ্ষেৰে আদৰ্শকে ইংৰাজেৰে দৃষ্টি দ্বাৰা বিচাৰ কৰিত। একজন ইংৰাজ মহিলাৰ

পক্ষে পৰিণত বয়সে ভাৰতীয় ভাবে বতাব সাধনা ও আদৰ্শকে গ্ৰহণ ও হৃদয়ঙ্গম কৰা অতি কঠিন কাজ, আৰু এই কাজেৰ জন্য স্বামিজীৰ প্ৰবল প্ৰেৰণাই জাতীয় আভিজাত্যপ্ৰিয় বাতশ্ৰুতিভাৰমণী নিবেদিতাব চিত্তকে বিক্ষুব্ধ কৰিয়া তুলিয়াছিল। তিনি এমনভাবে নিজেকে সম্পূৰ্ণৰূপে ভাৰিগয়া গড়িবাব জন্য প্ৰস্তুত ছিলেন না, পথও খুঁজিয়া পাইতোছিলেন না। অবশেষে একদিন বজৰাত সহসা এই সমস্যাব মীমাংসা হইয়া গেল। আকাশেৰ ক্ষীণ চন্দ্ৰকণ্ডেৰ প্ৰতি চাহিয়া স্বামিজী নিবেদিতাকে বলিলেন, মনুসলমানোবা নতুন চন্দ্ৰকে সমাদৰ বাৰিয়া থাকেন। এসো, আমবা নতুন চন্দ্ৰেৰ সহিত নতুন জীবন অৰম্ভ কৰি। স্বামিজীৰ কল্যাণহস্ত ঈশ্বৰেৰ সৰ্বশ্ৰেষ্ঠ আশীৰ্বাদেৰ ন্যায পদতলে উপবিষ্টা নিবেদিতাব মস্তক স্পৰ্শ কৰিল। দিব্যস্পৰ্শে জন্মগত সংস্কাৰ মনুহৰ্তে মিলাইয়া গেল। সিন্দাৰ লিখিয়াছেন, বহুপূৰ্বে শ্ৰীৰামকৃষ্ণ তাঁহাব শিষ্যগণকে বলিয়াছিলেন, এমন দিন আসিবে, যখন নবেন্দু স্পৰ্শমাত্ৰে অপৰেৰ মধ্যে জ্ঞানসম্ভাব কৰিয়া দিবে। আলমোডায় সেই সম্ভাব্যবেলা এই ভবিষ্যম্বাণী সফল হইয়াছিল।

অনেকেৰ মনে এবড়প ধাৰণা হওয়া স্বাভাবিক যে হযত নিবেদিতা মনুদুশ্ৰভাবা দুৰ্বলা বমণী ছিলেন সেই কাৰণেই অমিত-তেজস্বী বিবেকানন্দ তাঁহাকে মন্ত্ৰমুখা কৰিয়া মনোমতভাবে গড়িয়া লইয়াছিলেন, কিন্তু এবড়প ধাৰণা যে অমূলক, তাহা কৰি বৰীন্দ্রনাথ নিবেদিতাব পৰলোকগমনেৰ পৰ নিবেদিতাব স্মৃতি তপণ কৰিতে গিয়া তাঁহাব অতুলনীয় ভাষাৰ বাস্ত কৰিয়াছেন। আমবা তাহাব কিসদংশ নিম্নে উদ্ধৃত কৰিয়া দিলাম।

“নানাদিক দিয়া তাঁহাব পৰিচয়লাভেৰ অবসৰ ঘটিয়াছিল। তাঁহাব প্ৰবল শক্তি আমি অনুভব কৰিয়াছিলোম, কিন্তু সেই সঙ্গে ইহাও ব্যক্তিৰাছিলোম, তাঁহাব চলিবাব পথ আমাৰ চলিবাব পথ নহে। তাঁহাব সৰ্বতোমুখী প্ৰতিভা ছিল সেই সঙ্গে তাঁহাব আৰু একটা জিনিষ ছিল সেটি তাঁহাব ষোড়শ। তাঁহাব বল ছিল, সেই বল তিনি অনয়েৰ জীবনেৰ উপৰ একাতৰেগে প্ৰয়োগ কৰিতেন—মনকে পৰাভূত কৰিয়া লইবাব একটা বিপুল উৎসাহ তাঁহাৰ মধ্যে কাজ কৰিত। যেখানে তাঁহাকে মানিয়া চলা অসম্ভব, সেখানে তাঁহাব সঙ্গে মিলিয়া চলা কঠিন ছিল। অন্ততঃ আমি নিজের দিক দিয়া বলিতে পাৰি, তাঁহাৰ সঙ্গে আমাব মিলনেৰ নানা অবকাশ ঘটিলেও এক জাৰগাৰ আমি অন্তবেৰ মধ্যে গভীৰ বাধা অনুভব কৰিতাম। সে যে ঠিক মতেৰ অনেকেৰ বাধা তাহা নহে, সে যেন একটা বলবান আক্ৰমণেৰ বাধা।

“আজ এই কথা আমি অসঙ্কোচে প্ৰকাশ কৰিতেছি, তাহাৰ কাৰণ এই যে, একদিকে

তিনি আমার চিত্তকে প্রতিহত করা সত্ত্বেও আর একদিকে তাঁহার কাছ হইতে যেমন উপকার পাইয়াছি, এমন আর কাহারও কাছ হইতে পাইয়াছি বলিয়া মনে হয় না। তাঁহার সহিত পরিচয়ের পর হইতে এমন বারম্বার ঘটিয়াছে, যখন তাঁহার চরিত স্মরণ করিয়া ও তাঁহার প্রতি গভীর ভক্তি অনুভব করিয়া আমি প্রচুর বল পাইয়াছি।

“নিজেকে এমন করিয়া সম্পূর্ণ নিবেদন দিবার আশ্চর্যশক্তি আর কোন মানুষে প্রত্যক্ষ কবি নাই। সে সম্বন্ধে তাঁহার নিজের মধ্যে কোনপ্রকার বাধাই ছিল না। তাঁহার শরীর, তাঁহার আশেপাশে ইউরোপীয় অভ্যাস, তাঁহার আত্মীয়-স্বজনের স্নেহ-মমতা, তাঁহার স্বদেশীয় সমাজের উপেক্ষা এবং যাহাদের জন্য তিনি প্রাণ সমর্পণ করিয়াছেন তাহাদের ঔদাসীন্য, দুর্বলতা ও ত্যাগ স্বীকারের অভাব—কিছুতেই তাঁহাকে ফিরাইয়া দিতে পারে নাই। মানুষের সত্যবৎ চিরংপ যে কি, তাহা যে তাঁহাকে জানিয়াছে, সে-ই দেখিয়াছে, মানুষের আন্তরিক সত্তা সর্বপ্রকার স্থূল আবরণকে একেবারে মিথ্যা করিয়া দিয়া কিবৎ অপ্রতিহত তেজে প্রকাশ পাইতে পারে, তাহা দেখিতে পাওয়া পবন সৌভাগ্যের কথা। ভগিনী নিবোধিতার মধ্যে মানুষের অপবাহিত মাহাত্ম্যকে সম্মুখে প্রত্যক্ষ করিয়া আমবা ধন্য হইয়াছি।”

আলমোডায় আসিবাব পর্ব হইতেই স্বামিজী নিজের জীবন-কথার কথা উঠিতেছিলেন। প্রায় প্রত্যহ দশ ঘণ্টাকাল গভীর অরণ্যে একাকী ধ্যান-ধাবণায় যাপন করিতেন। ক্রমাগত দর্শনার্থীগণের সহিত আধ্যাত্মিক আলোচনায় তিনি যেন বিরস্ত হইয়া উঠিয়াছিলেন, এমনকি, সময়ে সময়ে অন্তরঙ্গ ভক্তবৃন্দের সহিত কোন বিষয়ের আলোচনা কবাও যেন অসহ্য বোধ হইত। লোকশিক্ষা ও ধর্মপ্রচারের জন্য পবিত্রাজক সন্ন্যাসী একাল পর্যন্ত যেভাবে জীবন যাপন করিয়া আসিতোছিলেন, তাহা অভিনেতার পবিচ্ছদের মত সবাইয়া ব্যাখ্যা তিনি উদাসীন যোগীর ন্যায় বিচরণ করিতে লাগিলেন। তাঁহার অতীত জীবনের তীব্র তপোভাব ও বহির্জগতের উপর একটা প্রবল বিতৃষ্ণা সময় সময় তাঁহার হাবভাব ভঙ্গীতে সুস্পষ্ট হইয়া উঠিত। লোকালয় পরিত্যাগ করিয়া তিনি প্রায়ই গভীর অরণ্যে একাকী যাপন করিতে লাগিলেন। এইরূপে একবার প্রায় এক সপ্তাহ পর ৫ই জুন সন্ধ্যাকালে তিনি দুইটি নিদারুণ সংবাদ শ্রুতিবার জন্য আলমোডায় ফিবিয়া আসিলেন। স্বামিজীবী অনুপস্থিত কালে তাঁহার শিষ্যগণ সংবাদ পাইয়াছিলেন যে, গাজীপুর্বে বিখ্যাত সাধু পাণ্ডহারীবাৰা দেহরক্ষা করিয়াছেন এবং সাম্প্রতিক লিপিবদ্ধ মিঃ গুড্‌উইন ও ২৮ জুন জরুরিবেগে আক্রান্ত হইয়া উত্তকামন্দে দেহত্যাগ করিয়াছেন। পরদিন প্রাঙ্কালে মিসেস্ বুল্‌লব বাংলায় স্বামিজীকে উক্ত সংবাদ প্রদান কবা হইল। তিনি ধীরভাবে উহা শ্রবণ করিলেন, কোন প্রকার অভিমত প্রকাশ করিলেন না। পূর্বের ন্যায় গম্ভীরভাবে

ত্যাগ ও ভক্তির ঐহিক কীর্তন করিতে লাগিলেন, কিন্তু কষেক ঘণ্টা পরেই তিনি তাঁহার প্রিয়তম শিষ্যের বিয়োগে যে মর্মান্তিক আঘাত পাইয়াছেন, তাহা ব্যক্ত করিলেন। প্রাণাধিক শিষ্যের বিয়োগে তিনি কাতর হন নাই, ভারতমাতা যে একজন উদীয়মান কমলকে অকালে হাবাইলেন, এই দুঃখই তাঁহাকে ব্যথিত করিয়াছিল।

কিছুদিন হইল মাদ্রাজের “প্রবন্ধ ভারত” পত্রিকার সম্পাদক ইহলোক হইতে অপসাবিত হওয়ায়, উক্ত পত্রখানি আলমোড়া হইতে প্রকাশিত হইবার বন্দোবস্ত হইল। তদনুসারে স্বামী স্ববদ্পানন্দ উহার সম্পাদক এবং মিঃ সৌভাষ্য পবিচালকরূপে নির্দিষ্ট হইলেন। এই পত্রিকাখানির প্রতি স্বামিজীব অত্যন্ত অনুরাগ ছিল, এক্ষণে সুযোগ্য ব্যক্তিগণ ইহার ভাব গ্রহণ করিলেন দেখিয়া তিনি অতীব আনন্দিত হইলেন। অতঃপর কেবলমাত্র পাশ্চাত্য শিষ্যাগণ সহ মিসেস্ বুলেব অতিথিবৎপে কাম্মীর ভ্রমণে বহির্গত হইলেন।

বাওলীপাণ্ডি হইতে টোঙ্গাযোগে তাঁহারা মারীতে উপনীত হইলেন। তথায় তিন দিন বিশ্রাম করিয়া শ্রীনগর অভিমুখে যাত্রা করিলেন। ঝিলাম উপত্যকার মনোহর দৃশ্যসমূহ দর্শন করিতে করিতে তাঁহারা বাবগুলায় উপনীত হইলেন। এই স্থানে তিনখানি হাউসবোর্ট ভাড়া করিয়া নদীতীরে জলপথে তাঁহারা শ্রীনগর অভিমুখে অগ্রসর হইলেন। স্বামিজী প্রফুল্ল চিত্তে তাঁহার পবিত্রাজক জীবনের ভ্রমণকাহিনী-সমূহ সঙ্গিগণকে শুনাইতেন এবং সমস্ত সমস্ত কাম্মীবাব অতীত ইতিহাস, কণিকের কাহিনী, অশোকের বৌদ্ধধর্ম প্রচার, শিব উপাসনা ইত্যাদি বিভিন্ন বিষয়ের আলোচনাও এত আশ্রয়ণ হইয়া যাইতেন যে আহাব করিবার কথা পর্যন্ত বিস্মৃত হইতেন। ২৫শে জুন তাঁহারা শ্রীনগরে উপনীত হইলেন।

কিন্তু সপ্তাহকাল মধ্যেই তাঁহার ভাবান্তর উপস্থিত হইল। হাস্যপ্রফুল্ল বিবেকানন্দ গম্ভীর হইলেন। প্রায়ই তিনি শিষ্যাগণের অজ্ঞাতসারে স্বীয় নৌকাসহ অন্যত্র প্রস্থান করিতেন। একাকী নিজর্জনে ঘাপন করিবার একটা ব্যাকুল আগ্রহে বিবেকানন্দ অধীর হইয়া উঠিলেন।

৪ঠা জুলাই নিকটবর্তী দেখিয়া স্বামিজী তাঁহার আমেরিকান শিষ্যাগণকে তাঁহাদের “স্বাধীনতা দিবস” উপলক্ষ্যে একটু বিশেষভাবে নিমন্ত্রণ করিবার জন্য গোপনে আয়োজন করিতে লাগিলেন। পরদিন প্রভাতে পত্র-পুস্তক-পল্লব-শোভিত তরণীশীর্ষে আমেরিকার জাতীয় পতাকা স্থাপিত হইল। তাঁহার বিস্মিত আমেরিকান শিষ্যাগণ আনন্দের সহিত প্রাতঃভোজনে যোগদান করিলেন। এই ক্ষুদ্র উৎসব সভার অনুষ্ঠানটি সর্বাপেক্ষা সুন্দর করিবার জন্য স্বামিজী ও নিবেদিতা উপযুক্ত আয়োজনের

চুটি কবেন নাই। স্বামিজী আনন্দের সহিত “To the Fourth day of July” শীৰ্ষক স্বরাচিত একটি ইংরেজী কবিতা পাঠ কবিষা শিষ্যাগণকে শুনাইলেন। পাঠকবর্গের অবগতিব নিমিত্ত উহা আমি অনুবাদ কবিষা দিলাম।

“৪ঠা জুলাইব প্রতি”

হেব বিগলিত নিবিড় কৃষ্ণ বাবিদ-পুঞ্জ গগনে,
সাবা নিন্দা ধবি ধবণী আববি ঘন ঘোব আববগে
ঐন্দ্রজালিক স্পর্শে তোমাব জাগিষা উঠিল ধবা,
বিহগ মৃখব বুঞ্জকানন বন্দনা-গীতি ভবা।
তাবকা নিন্দি শূদ্র-শিশিৰ-কিবীট পবিষা শিবে,
তব আবাহনে পলকে আবুল ফুলকুল কাঁপে ধীবে।
পূজাসম্ভাব প্রেমপুৰিত বন্ধে সাজাযে বাখি
সবসী মেলিল তোমাবে হেবিতে অযুত কমল আখি।
বিশ্ব তোমাবে ববিষা লইল সে দিন এসেছে আজ,
নব আবাহন কবগো গ্রহণ আলোবের অধিবাজ।
আজি হে অবদূণ কবুগায় তব মৃন্ধ জগৎবাসী,
মুক্তি ছড়াযে হাসিল তোমাব কান্ত কিবণ বাশি।
ভাবি দেখ তুমি, নিখিল বিশ্ব তোমাব দবশ ভবে,
ভবি যুগচয খুঁজিল তোমায, কত না প্রদেশ পবে।
ছাড়ি কতজন গৃহ পবিজন, ছিড়িয়া প্রণয-ডোব,
লভিতে তোমায লিখি সাগব, পশিল কাননে ঘোব।
—প্রতি পদে দিল শতেক বন্ধ পবাণ শঙ্কাহীন
তবে তো পূর্ণ করিষা চেষ্টা উদিল পুণ্যদিন।
সফল হইল সাধনা ও প্রেম—সার্থক বলিদান,
সকল বেদনা ধন্য করিয়া সিদ্ধি লভিল স্থান।
তাবপর তুমি, মঙ্গলালয জাগিষা উঠিলে ধীবে,
মুক্তি-কিবণ বরাষ হরষে বিশ্ব-মানব-শিষে।
চল অবিরাম বাধাহীন পথে—জগৎ করিতে তৃপ্ত,
—গগন কেন্দ্রে হে দেব ছড়াযে মুক্তি-কিরণ দীপ্ত।

প্রতি প্রদেশের প্রতি নবনারী উন্নত শির তুলি,
হেরুক আনন্দে বন্ধন পাশ নিঃশেষে গেছে খুলি।
প্রফুল্ল নবীন জীবন লভিয়া হউক সফল প্রাণ,
মুক্তির দিন! আজিকে সবাবে স্বাধীনতা কর দান।

এই কবিতাটি লিখিবাব ঠিক চাব বৎসব পব ১৯০২এব ৪ঠা জুলাই স্বামিজী স্ব স্বরূপ সম্বরণ করেন। ইহা কি তাহাবই ভবিষ্যাবাণী? অথবা আমেরিকাব স্বাধীনতাৰ কথা চিন্তা কবিতে গিয়া সমগ্র জগতেব পবপদর্দলিত জাতিসমূহেৰ পুনবুত্থানেব একটা গোববময় চিত্র তাঁহাৰ মানসপটে উদিত হইয়াছিল?

৬ই জুলাই মিসেস্ বুল ও মিস্ ম্যাকলিযড্ শ্রীনগব হইতে বিশেষ কাৰ্বে গুলমার্গ গমন কবিলেন। ১০ই তাবিখে তাঁহাবা অপ্রত্যাশিতভাবে ফিৰিয়া আসিয়া শুনিলেন যে, স্বামিজী কোথায় চলিয়া গিয়াছেন। অবশেষে অনেক অনুসন্ধানে তাঁহাবা অবগত হইলেন যে, তিনি সোনামাৰ্গেৰ বাস্তায় অমবনাথ যাত্রা কৰিয়াছেন। গ্রীষ্মাতিশয় বশতঃ বৰফ গলিয়া সোনামাৰ্গেৰ বাস্তা বন্ধ হওয়ায় স্বামিজী বিফল-মনোবথ হইয়া ১৫ই জুলাই পুনবায় শ্রীনগবে ফিৰিয়া আসিলেন।

১৮ই জুলাই তাঁহাবা ইস্লামাবাদে ফিৰিয়া আসিলেন এবং ইস্লামাবাদেৰ নিবটবতী কযেকটি প্রাচীন দেবমন্দিব ও অবান্তিপদেব ধংসাবশেষ পরিদর্শন কবিয়া আচ্ছাবল অভিমুখে অগ্রসব হইলেন। এই সময় প্রতাহ প্রভাতে স্বামিজী শিষ্যাগণ সহ কিলাম নদীতীবে ভ্রমণ কবিতে কবিতে হিন্দুধর্ম, খৃষ্টধর্ম ও মুসলমানধর্মেব নানাপ্রকাব ঐতিহাসিক তত্ত্বালোচনা কবিতেন কখনও বা তাঁহাদিগকে ত্যাগ ও বৈরাগ্যেৰ মহিমায অনুপ্রাণিত কবিয়া তুলিতেন। আচ্ছাবলে একদিন মধ্যাহ্নভোজনেব সময় স্বামিজী তাঁহাৰ অমবনাথ গমনেৰ সঙ্কল্প বাস্তব কৰিলেন এবং সিষ্টাৰ নিবেদিতাকে সঙ্গে যাইবাব জন্য অনুমতি প্রদান কবিলেন। তাঁহাব অন্যান্য শিষ্যাগণ, ষতদিন স্বামিজী ফিৰিয়া না আসেন, ততদিন পহেলগামে অপেক্ষা কবিলেন স্থিৰ হইল।

যাত্রাব অন্যান্য বন্দোবস্ত এবং বস্তাবাস ইত্যাদি ক্রয় কবিবাব জন্য স্বামিজী পুনবায় ইস্লামাবাদে ফিৰিয়া আসিলেন। তথা হইতে সিষ্টাব নিবেদিতাসহ যাত্রিগণেব সহিত মিলিত হইয়া পদব্রজে অমবনাথ অভিমুখে যাত্রা কবিলেন। সন্ধ্যাৰ প্রাক্কালে তীর্থযাত্রিগণ বজনী যাপন কবিবাব জন্য প্রান্তেৰ মধ্যে স্ব স্ব বস্তাবাস স্থাপন কৰিতে লাগিলেন। স্বামিজী ও নিবেদিতাকে তাঁহাদেৰ মধ্যেই বস্তাবাস স্থাপন কৰিতে দেখিয়া সম্ম্যাসিবন্দ ইংরেজ মহিলাৰ তাঁহাদেৰ সহিত একত্ৰ অবস্থান সম্বন্ধে

বিষম আপত্তি উত্থাপন করিলেন। স্বামিজী কিছুতেই পৃথকস্থানে বস্ত্রাবাস তুলিয়া লইয়া যাইতে স্বীকৃত হইলেন না। তিনি তাঁর ভৎসনা সহকায়ে সন্ন্যাসিবৃন্দের অজ্ঞতামূলক আপত্তির প্রতিবাদ করিতেছেন, এমন সময় জনৈক নাগাসন্ন্যাসী তাঁহার সম্মুখীন হইয়া বিনীতভাবে বলিলেন, “স্বামিজী! আপনাব শক্তি আছে সত্য— কিন্তু তাহা প্রকাশ কবা উচিত নহে।” স্বামিজী তৎক্ষণাৎ স্বীয় ভ্রম বৃদ্ধিতে পারিষা নিবস্ত হইলেন। আশ্চর্যের বিষয়, পৰ্বদিন সেই সন্ন্যাসিবৃন্দ স্বতঃপ্রণোদিত হইয়া স্বামিজী ও নিবেদিতার বস্ত্রাবাস সৰ্বাগ্রভাগে স্থাপন করিলেন। স্বামিজীব প্রভাব যেন সন্ন্যাসিবৃন্দের মধ্যে মন্ত্রশাস্ত্রের ন্যায় কার্য করিল। সন্ধ্যার পূর্বে প্রজ্জ্বলিত ধূনির পার্শ্বে শত শত সন্ন্যাসী তাঁহার সহিত ধর্মালোচনায যোগদান করিতে লাগিলেন। অভিজ্ঞ সন্ন্যাসিবৃন্দ তাঁহাকে ব্রহ্মজ্ঞ পদবিশিষ্ট বৃদ্ধিতে পারিষা শ্রদ্ধা করিতে লাগিলেন। সিন্ধাব নিবেদিতা ভিন্নদেশীয়া বর্ণণী বলিয়া তাঁহারা সৎবেচ প্রকাশ করা দূরে থাকুক, আনন্দের সহিত নানাপ্রকারে তাঁহাকে সাহায্য করিতে লাগিলেন।

বাওয়ানের পবিত্র নিরুপবীণীতে অবগাহন করিয়া একাদশী পালন করিবার জন্য স্বামিজী যাত্রীগণসহ এক দিবস পহেলগামে বিশ্রাম করিলেন। বলাবাহুল্য, তুষাবাহৃত দূর্গম ও দূর্বাবোহ পথক্রেম সত্ত্বেও স্বামিজী তীর্থযাত্রীর চিচাচিবিভ কতব্যগুণি অন্যান্য সাধুদের ন্যায়ই পালন করিতেন। ধ্যান, জপ, শাস্ত্রালোচনা ও একবার সামান্য আহাব ইহাই ছিল দৈনন্দিন কতব্য। সমতল হইতে ১৮ হাজার ফিট উর্ধ্ব, তুষাবমৌলী গির্গাঙ্গ অতিক্রম করিয়া পাঁচটি গির্গাবিনীর্গবের সঞ্জমস্থল পশ্চতরণীতে যাত্রীগণের বস্ত্রাবাস স্থাপিত হইল। এই পাঁচটি গির্গাবতিনীতে একটির পর অপবটিতে ভিজা কাপড়ে হাঁটিয়া গিয়া যাত্রীগণের স্নান কবা বিধি। স্বামিজী দীর্ঘ পথ ভ্রমণে ক্লান্ত ও শ্রান্ত হইয়া পড়িয়াছিলেন। নিবেদিতা ও তাঁহার সঙ্গীগণ নিষেধ করিতে পারেন এই আশঙ্কায় অপরের অলক্ষ্যে স্বামিজী এই কঠিন নিয়মটিও অক্ষরে অক্ষরে পালন করিয়াছিলেন।

২৮ আগষ্ট মঙ্গলবার যাত্রি দুই ঘণ্টিকার সময় চন্দ্রালোকিত হিমগির্গার অপূর্ণ সৌন্দর্য দেখিতে দেখিতে যাত্রা আবশ্য হইল, ক্রমে এক সঙ্কীর্ণ উপত্যকায় আসিবার পূর্বে, অতি কঠিন চড়াই সূর্য হইল, তখন সূর্য উঠিয়াছে। ক্রমে দূর্গম পথের শেষ হইল। অমরনাথের পবিত্র গুহা দৃষ্টপথে পতিত হইবামাত্র যাত্রিবৃন্দ মহাদেবের জয়ধ্বনি উচ্চারণ করিয়া বিগলিত তুষাব ধারায় অবগাহন করিতে লাগিলেন। স্বামিজী ক্লান্ত হইয়া পিছাইয়া পড়িয়াছিলেন, কিন্তু বিলম্বে তিনি আসিয়া পৌঁছিলেন। গম্ভীর প্রশান্তভাবে উৎকীর্ণ শিষ্যকে কিছু না বলিয়া শুধু “স্নান করিতে

স্বাইতেছি” বলিয়া “পছনে আসিতে বলিলেন। অবগাহনান্তে নাগাসন্ন্যাসীদের সহিত বিভূতিলোপিত কলেবরে কেবলমাত্র কোঁপীনধারী বিবেকানন্দ ভক্তকণ্ঠিকৃত দেহে বিশাল গদ্বা মধ্যে প্রবেশ করিলেন। এই বহুপ্রার্থিত বহুঈশ্বরিত শ্রীশ্রীঅম্বনাথ। সম্মুখে স্বেচ্ছা চিবতুষাবগঠিত ভগবান মহাদেবের অনাদি শিবলিঙ্গ বিরাজমান— যেন রক্তশুদ্ধকান্তি মহাদেব স্বীয় অটল মহিমা স্বপ্রতিষ্ঠ। সেই মহান প্রতীক-মূর্তিব সম্মুখে ভক্তিতে ভূমিতলে লুপ্তিত হইয়া স্বামিজী যেন প্রসারিত দুই হস্তে ভগবান্ শঙ্করের শ্রীপাদপদ্ম স্পর্শ করিলেন। তাবপব কয়েক মিনিট ধ্যানাসনে কাটাইয়া গদ্বা হইতে নিষ্কান্ত হইলেন। বলাবাহুল্য, ভগিনী নিবেদিতার গদ্বা-মধ্যে প্রবেশ করিয়া মহাদেবের আবাধনা করিতে কেহ আগন্তি কবেন নাই। স্বামিজী গদ্বা হইতে নির্গত হইয়া উজ্জীর্ণমান শ্বেত পাবাবতশ্রেণী দর্শন করিয়া নিজেকে সৌভাগ্য-বান ও সিন্ধুসংকল্প জ্ঞান করিলেন। অর্ধঘণ্টা পবে নদীতীরে শিলাসনে বসিয়া এক সহৃদয় নাগাসন্ন্যাসী ও নিবেদিতার সহিত জলযোগ করিতে করিতে বালকের ন্যায় আনন্দোচ্ছ্বাসে তিনি বলিতে লাগিলেন, “আমার আজ সাক্ষাৎ শিব দর্শন হইল। এখানে যাত্রীব বিস্ত্রহণ করিবাব জন্য প্রসাবিতহস্ত পাণ্ডা নাই, ধর্মের ব্যবসায় নাই, চিত্তবিক্ষেপকব কোন কিছুই নাই—এ এক নিরবচ্ছিন্ন পূজা আবাধনার ভাব। আর কোন তীর্থস্থানেই আমি এত আনন্দ পাই নাই।” পবে তিনি নিবেদিতাকে গভীর বিশ্বাসের সহিত বলিয়াছিলেন, “দেবাদিদেব অম্বনাথ আমাকে ইচ্ছামত্ব বব প্রদান করিয়াছেন।”

কিন্তু অম্বনাথের অপূর্ব অনুভূতি ও ক্রেশসাধ্য অনুষ্ঠানগদ্বাল তাঁহার দেহ ও স্নায়ুপুঞ্জকে এমনভাবে মদ্যমান করিয়াছিল যে, তিনি মৃচ্ছিত হইয়া পড়িলেন (পরে বলিয়াছিলেন) এই আশঙ্কায় ঐ সংঘত করিয়া রাখিয়াছিলেন। তাঁহার বান নমনে বস্ত্র জমায়া দাগ হইয়াছিল এব কয়েকদিন পর জনৈক চিকিৎসক তাঁহাকে পবীক্ষা করিয়া বলিয়াছিলেন যে, তাঁহার হৃৎপিণ্ডের গতিবোধ হইবাব সম্ভাবনা ছিল, কিন্তু তাহার পবিবর্তে উহা চিরদিনের মত বর্ধিতায়তন (dilated) হইয়া গিয়াছিল।

প্রত্যাবর্তনের পথে পূর্ব ব্যবস্থা অনুযায়ী স্বামিজী পহেলগামে আসিয়া তাঁহার পাশ্চাত্য শিষ্যদের সহিত মিলিত হইলেন। এইকালে তাঁহার প্রাণমন যেন শিবময় হইয়া গিয়াছিল। শিবমহিমা কীর্তন করিতে করিতে তাঁহারা ৮ই আগষ্ট শ্রীনগরে ফিবিয়া আসিলেন। ৮ই আগষ্ট হইতে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত তাঁহারা শ্রীনগরে ছিলেন। এই সময় স্বামিজী নিজর্জনতাপ্রথ হইয়া উঠিয়াছিলেন এবং প্রায়ই স্বীয় নৌকাখানি অন্যান্য তরণী হইতে দূরে লইয়া স্বাইতেন। তাঁহার চিত্ত যদিও অধিকাংশ

সময় অন্তর্মুখী হইয়া থাকিত, তথাপি মাঝে মাঝে তিনি ভাবতেন পুনরুত্থানের জন্য তাঁহার রত ও আদর্শের কথা আলোচনা করিতেন। এই আলোচনাকালে কেবল তাঁহার শিষ্যাবাহাই উপস্থিত থাকিতেন না, মাঝে মাঝে কাস্মীর দব্বাবের পদস্থ কর্মচারীবাও যোগ দিতেন। বর্তমান সামাজিক দুর্গতি মোচন করিবার জন্য, হিন্দুধর্মকে ছুঃস্বার্থপরজীত ও প্রচাৰশীল করিতে হইবে, তাহাব আদর্শ থাকিবে খ্রীষামকৃষ্ণের জীবন, এ বিষয়ে উৎসাহেব সহিত যুক্তি প্রদর্শন করিতে তিনি কখনো বিবত হইতেন না। জাতীয় দৌৰ্বল্য ও অপ্রতিকাবে অত্যাচার সহ্য করিষা হীন হইতে হীনতব জীবনযাপনেব প্লানি হইতে দুর্ভাগ্য জাতিকে মুক্ত করিবার জন্য তাঁহাব আগ্রহ কি গভীৰ ছিল, তাহা নিম্নেব কষেকটি কথা হইতেই বদ্বা যাইবে। এইকালে একজন আসিষা জিজ্ঞাসা করিলেন, ‘স্বামিজী যখন দেখি প্রবল দুর্বলের উপব অত্যাচার করিতেছে তখন আমবা কি করিব?’ স্বামিজী তৎক্ষণাৎ উত্তব দিলেন ‘কি করিবে?’ নিশ্চয়ই বাহুবল প্রয়োগ করিষা প্রবলকে নিবস্ত করিতে হইবে।’ অনুব্দপ প্রশ্নেব উত্তবে স্বামিজী অন্যত্র বলিষাছিলেন যেখানে দুর্বলতা ও জড়ত্ব সেখানে ক্ষমাব কোন মূল্য নাই, যদ্বদ্বই শ্রেষঃ। যখন তুমি বদ্বিবে সহজেই জয়লাভ কবা তোমাব কবায়ত্ত, তখনই ক্ষমা করিযো। জগৎ যদ্বদ্বক্ষেত্র, সংগ্রাম করিষা নিজেব পথ করিষা লও।’ আবাব প্রশ্ন সত্য অধিকাব বক্ষাব জন্য একজন প্রাণবিসর্জন করিবে না প্রতিবধান না করিতে শিক্ষা করিবে:” স্বামিজী ধীবে ধীবে উত্তব করিলেন, “সন্ন্যাসীৰ পক্ষে অপ্রতিবোধই ধর্ম কিন্তু গৃহস্থেব আত্মবক্ষা করা কর্তব্য।”

বৌদ্ধ ও জৈন অহিংসা ও অপ্রতিবোধেব আদর্শেব বিকৃতি, গাহস্থজীবনে মোক্ষমাগণী সন্ন্যাসীৰ নিম্নস্বভাব ব্যর্থ অনুকরণেব ফলেই হিন্দুজাতিব জীবনে তামসিক জড়ত্ব দেখা দিযাছে একথা ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থে তাবম্ববে ঘোষণা করিষা বিবেকানন্দ লিখিযাছেন,—‘অহিংসা ঠিক নির্বৈব বড় কথা, কথা তো বেশ, তবে শাস্ত্র বল্ছেন, তুমি গেবস্থ, তোমাব গালে এক চড যদি কেউ মাৰে, তাকে দশ চড যদি না ফিবিযে দাও, তবে তুমি পাপ কববে। ‘আততায়িনং উদ্যতং’ ইত্যাদি। হত্যা করতে এসেছে, এমন ব্রাহ্মণ বধেও পাপ নেই, মনু বলেছেন। এ সত্য কথা, এটি ভোল্‌বার কথা নয়। বীরভোগ্যা বসুধরা, বীর্যপ্রকাশ কব সাম, দান, ভৈদ, দণ্ডনীতি প্রকাশ কব, তবে তুমি ধার্মিক। আব ঝাটা লাথি খেয়ে চুপটি করে, ঘণিত জীবন যাপন করলে ইহকালেও নরক ভোগ পবকালেও তাই। এইটি শাস্ত্রের মত। সত্য, সত্য, পরম সত্য, স্বধর্ম কবহে বাপু। অন্যায় কবো না, অত্যাচার করো না, যথাসাধ্য পরোপকাব কর। কিন্তু অন্যায় সহ্য করা পাপ, গৃহস্থের পক্ষে;

তৎক্ষণাৎ প্রতিবন্ধন করতে চেষ্টা কবতে হবে। মহা উৎসাহে, অর্থোপার্জন করে, স্ত্রী-পরিবার দশজনকে প্রতিপালন, দশটা হিতকর কার্যানুষ্ঠান করতে হবে। এ না পাবলে তুমি কিসেব মানদুষ ?”

কাশ্মীরে একটি সংস্কৃত কলেজ ও মঠ স্থাপনের জন্য কাশ্মীরেব মহাবাজ, স্বামিজীকে আবশ্যিকমত ভূমি প্রদান কবিতে অঙ্গীকার করিয়াছিলেন। ঝিলামনদী তীরে স্বামিজী একটি স্থান মনঃপূত কবিলে মহাবাজ উহা তাঁহাকে দান কবিবাব ইচ্ছা প্রকাশ কবিলেন। স্বামিজীর শিষ্যাগণ তথায় বস্ত্রাবাস স্থাপন কবিয়া বাস করিতে লাগিলেন, কিন্তু সেপ্টেম্বর মাসেব মধ্যভাগে তাঁহাকে সবকারীভাবে জানাইয়া দেওয়া হইল যে, উক্ত ভূমি তিনি পাইবেন না। সম্প্রদায় ভঞ্জে স্বামিজী অত্যন্ত দুঃখিত হইলেন। তদানীন্তন বেসিডেন্ট মিঃ এডালবার্টেব (Adalbert) প্রতিকূলতায উক্ত প্রস্তাবটি কাউন্সিলে আলোচিত পর্যন্ত হইতে পাবে নাই। সাময়িক নৈবাস্যে বিমর্ষ হইলেও এই ঘটনায় স্বামিজী বদ্ধিতে পাবিলেন, দেশীয় রাজ্য অপেক্ষা ব্রিটিশ ভারতই তাঁহাব উপযুক্ত কার্যক্ষেত্র। ২০শে সেপ্টেম্বর স্বামিজী আর্মোরিকাব কনসাল জেনারেলের আতিথ্য গ্রহণ কবিয়া ডালহুসে গমন কবিলেন। তথায় দুই দিবস থাকিয়া পুনরায় শ্রীনগরে ফিরিয়া আসিলেন।

৩০শে সেপ্টেম্বর স্বামিজী সহসা ক্ষীর-ভবানী অভিমুখে প্রস্থান কবিলেন এবং কোন শিষ্যা যাহাতে তাঁহাব পশ্চাদনুগমন না কবেন, তাম্বস্বষে বিশেষভাবে সাবধান কবিয়া দিলেন।

ক্ষীর-ভবানীর পবিত্র প্রস্রবণ তটে উপনীত হইয়া স্বামিজী উগ্র তপস্যায় ব্রতী হইলেন। প্রত্যহ প্রভাতে একমণ দুগ্ধেব ক্ষীর আতপান ও বাদাম ইত্যাদি প্রচুব পরিমাণে জগজ্জননীর উদ্দেশ্যে উৎসর্গ কবিতে লাগিলেন। স্থানীয় জনৈক ব্রাহ্মণ পণ্ডিতেব কুমারী কন্যাকে প্রত্যহ শাস্ত্রবিধি অনুযায়ী পূজা কবিতেন। একদিন প্রজ্বলিত হোমাম্বিনের সম্মুখে যোগাসনে উপবিষ্ট বিবেকানন্দ মহামাযার ধ্যানে নিমগ্ন হইবেন এমন সময়ে সম্মুখস্থ ভগ্নমন্দির দর্শনে তাঁহার মনে হইল, যখন এ মন্দির মুসলমানগণ ভগ্ন কবিয়াছিল, তখন হিন্দুগণ কি বাহুবলে তাহাদিগের গতিরোধ কবিতে পাবে নাই? আমি যদি তখন উপস্থিত থাকিতাম, তাহা হইলে প্রাণপণ করিয়াও জননীর মন্দির রক্ষা করিতাম, কিছুতেই পবিত্র মন্দির ধ্বংস হইতে দিতাম না।

সহসা ঐকি দৈববাণী! বিস্ময়-বিমূঢ় বিবেকানন্দ উৎকর্ণ হইয়া শুনিলেন, জগজ্জননী সন্মুহে ভৎসনার সহিত বলিতেছেন, “যদিই বা মুসলমানগণ আমার মন্দির

ধ্বংস করিয়া প্রতিমা অপরিষ্কৃত করিয়া থাকে, তাহাতে তোব কি? তুই আমাকে রক্ষা করিস্, না আমি তোকে রক্ষা করি?”

একি অপ্রত্যাশিত ঘটনা! স্বামিজী সম্যক্ বুদ্ধিযা উঠিতে পারিলেন না। পরদিবস তিনি পুনবায় ভাবিতে লাগিলেন, যাহা হইবার হইয়া গিয়াছে। আমি শিক্ষা করিয়া অর্থসংগ্রহ করিব এবং জীর্ণমন্দির সংস্কার করিব, এ কার্যে অগ্রসর হইলে আমি কৃতকার্য হইব সন্দেহ নাই। সহসা পুনবায় দৈববাণী! জননী বলিতেছেন, “যদি আমার ইচ্ছা হয়, তাহা হইলে কি আমি সন্ততল স্বেৰ্ণমন্দির এই মন্দিরেই গঠন করিতে পারি না? আমার ইচ্ছাতেই এই মন্দির ভগ্ন অবস্থায় পতিত রহিয়াছে।”

কর্মযোগীর বিদ্যার অহংকার চূর্ণ হইল। রজোগুণেব অদ্রভেদী সমুদ্রত গবিমা সহসা অবনত হইয়া জগজ্জননীর পদতলে লুপ্ত হইল। শ্রীবামকৃষ্ণ যে বলিতেন, “নরেন্দ্রের হৃদয়ে এতটা অজ্ঞানের পাতলা আবরণ মা-ই রাখিয়া দিয়াছেন, উহা ব্রাবা অনেক কর্ম কবাইয়া লইবেন বলিয়া”, তাহা যেন ক্ষণকালের জন্য সবিয়া গেল। তিনি দিব্যদৃষ্টিতে দেখিলেন, মহামাষাৰ বিবাট ইচ্ছায় তিনি যন্ত্ৰের মত চালিত হইতেছেন। এ অভিনব অনুভূতি তাঁহাৰ মনোবাজ্যে বিচিত্র পরিবর্তন আনিয়া দিল। প্রাণে অপূৰ্ণ শান্তি, অদ্ভুত নিস্তব্ধতা লইয়া স্বামিজী শ্রীনগবে ফিৰিয়া আসিলেন।

স্বামিজীৰ ভাবান্তৰ লক্ষ্য করিয়া তাঁহাৰ শিষ্যাগণ বিস্মিত হইলেন। সেই অদ্ভুতকৰ্মী, উৎসাহান্দীপ্ত বিবেকানন্দ গম্ভীৰভাবে তাঁহাদিগকে লক্ষ্য করিয়া বলিলেন, “আমাৰ কৰ্মেৰ স্পৃহা স্বদেশপ্রেম সমস্ত অন্তৰ্হিত হইয়াছে। হবি ওঁ। আমি ভুল কৰিয়াছিলাম, আমি যন্ত্ৰ, তিনি যন্ত্ৰী। মা—মা—তিনিই সব, তিনিই কৰ্তা—আমি কে?—তাঁহাৰ অজ্ঞান সন্তান মাত্ৰ।” পুনবায় কয়েকদিন নিজৰ্গনে গভীর সাধনায় রত থাকিয়া মন্দির-মস্তক বিবেকানন্দ সামান্যবেশে তাঁহাদিগেৰ মধ্যে ফিৰিয়া আসিলেন। ক্ষীৰ-ভবানী যাত্ৰাৰ পূৰ্বে তিনি “Kali the Mother” শীৰ্ষক বৈ কবিতাটি লিখিয়াছিলেন, উহা আবৃত্তি কবিতে লাগিলেন। আমরা পাঠকগণের অবগতির জন্য কবি সত্যেন্দ্রনাথ দত্তের বঙ্গানুবাদ নিম্নে উদ্ধৃত কৰিলাম।

মৃত্যুরূপা মাতা

নিঃশেষে নিবেছে তারাদল, মেঘ এসে আবারিছে মেঘ,
স্পন্দিত, ধনিত অন্ধকার, গরজিছে ঘণ ঘণ বায়ুবেগ।

লক্ষ লক্ষ উন্মাদ পরাণ বহির্গত বন্দীশালা হতে,
মহাবৃক্ষ সমূলে উপাড়ি, ফুৎকারে উড়ায়ে চলে পথে।
সমুদ্র সংগ্রামে দিল হানা, উঠে ঢেউ গিবিচুড়া জিনি,
নভঃস্থল পরশিতে চায়। ঘোরবৃথা হাসিছে দামিনী।
প্রকাশিছে দিকে দিকে তার—মৃত্যুর কালিমামাথা গাষ,
লক্ষ লক্ষ ছাযার শরীর, দঃখবাশি জগতে ছড়াষ,—
নাচে তারা উন্মাদ তাণ্ডবে মৃত্যুর পা মা আমার আঘ।
করালি। কবাল নাম তোব মৃত্যু তোব নিঃস্বাসে প্রস্বাসে,
তোব ভীম চরণ নিক্ষেপ প্রতিপদে ব্রহ্মাণ্ড বিনাশে।
কালী তুই প্রলয়পিনী, আঘ মাগো আঘ মোব পাশে।
সাহসে যে দঃখ দৈন্য চাষ, মৃত্যুবে যে বাঁধে বাহুপাশে,—
কালনৃত্য করে উপভোগ—মাতৃরূপা তারি কাছে আসে।

জননীই এই ধ্বংস মূর্তির উপাসনা বিবেকানন্দ শিক্ষা কবিয়াছিলেন স্বীয় গদ্যবামকৃষ্ণ পবনহংসেব নিকট। দীর্ঘ জীবনব্যাপী সাধনা দ্বারা তিনি ধীবে ধীবে অনুভব কবিয়াছিলেন, দঃখ দৈন্য ব্যাধি মড়ক পবাজয় ব্যর্থতার সহিত বীবেব মত সংগ্রাম করাই, প্রযোজন হইলে নির্ভীক দৃঢ়তায় মৃত্যুকে বীবেব মত আর্লিঙ্গন কবাই বর্তমানযুগেব শক্তি-সাধনা। ‘বৃদ্ধমুখে সবাই ডবাষ, কেহ নাহি চাষ মৃত্যুরূপা এলোকেশী।’ সেইজন্যই আজ দ্রিশ কোটী মনুষ্য নিবীৰ্য ও অলস! তাই গদ্যবলে বলীয়ান সাধক নবযুগেব প্রাবল্ভে ভাবতবাসীকে ভীষণেব প্জাষ, মৃত্যুর উপাসনায় গভীর আবেবে আহ্বান কবিয়াছিলেন। এসো নবযুগেব শক্তি-সাধক, আশা আনন্দ উল্লাস ও অতীত-গৌরবেব কঙ্কাল-পবিল্লত এই ভারত মহাশ্মশানে, নৈবাশ্য উন্বেগ আশঙ্কাব এই যোব অমানিশাব শূভলগ্নে—অভীমুখে দীক্ষিত হইয়া শক্তি-সাধনায় অগ্রসর হও। ক্ষুধিভেব কাতব ক্লম্বন, ব্যাধি-পীড়িতের অসহাষ হাহাকাব, পদদলিতের অক্ষম কাতবতা দেখিয়া শিহরিয়া উঠিও না, এ ভীষণা তোমার উপাস্যা ইষ্টদেবী! যাও, যেখানে দর্ভিক্ষ, ব্যাধি, মড়ক, মৃত্যুকে অগ্রাহ্য কবিয়া যাও সেখানে, ছুটিয়া যাও। তাণ্ডব-নৃত্য-পবাষণা মৃত্যুরূপা মাতার চরণে হৃদয়েব উষ্ণশোণিত উৎসর্গ কব। প্রেতের অট্টহাসি, শিবর চীৎকার শূন্যায় রমণীর অঞ্চলতলে ভীবব মত আত্মগোপন কবা আব তোমার শোভা পাষ না। শিয়রে মহাসর্বনাশ নিম্পলক নেত্রে তীব্রদৃষ্টিতে তোমার দিকে চাহিয়া, প্রেমের স্পন্দ দেখিবার অবসর তোমার আছে কি? এসো, “দূর কর নারীমায়্যা”, ভোগ-

বিলাসেব কামনা হৃদয় হইতে নিৰ্মম হইয়া দূৰ কবিষা দাও। বৃদ্ধ গৃহস্থ্যাব মৃত্ত কবিষা এসো এই অলঙ্কারে বাহিব হইয়া পড়। ভয়? ভয় কী? কিসেব নৈবাশ্য? সিংহিনী যখন কবিকুম্ভ বিদারণপূৰ্বক বজ্জপান কবে, যখন ভীষণ গজনে বনানী প্রকম্পিত কবিষা তোলে, তখন পার্শ্ব দণ্ডায়মান সিংহশিশু কি ভীত হয়? সম্মুখে ঐ বৃদ্ধিবাণ-বসনা, কবালদণ্ডী সিংহী যতই ভীষণা হউক, সে যে তাহাব জননী! এসো যুগযুগান্তেব নিবাশ্য ও জড়ত্বপাশ জীর্ণবস্ত্ৰেব মত দূৰে নিক্ষেপ কবিষা, কেটীকণ্ঠে একবার এই ভীষণাকে “মা” “মা” বলিয়া ডাক দেখি—সেই দক্ষিণেশ্ববেব ভবতাবিণীব চৰণ তলে বসিয়া পাগল পূজাবী যে ভাবে যে নন্দন সৰলতা লইয়া ডাকিয়াছিলেন—ডাক দেখি একবার। মৃত্যুবৃদ্ধি মাতা প্রসন্না হইবেন সাধনায় সিদ্ধি মিলিবে, সঙ্গো সঙ্গো দেশেব ও দেশেব দৃশ্যও ঘূৰিবে।

কাশ্মীর ভ্রমণ পৰিসমাপ্ত হইল। প্রকৃতিব বয়্য লীলানিকেতন পশ্চাতে বাহিয়া স্বামিজী শিষ্যাগণ সহ ১৩ই অক্টোবৰ লাহোৰে অবতৰণ কবিলেন। শিষ্যাগণ ভাৰতবৰ্ষ কষেকটি বিখ্যাত নগৰী পৰিদৰ্শন কৰিবাব ইচ্ছা প্রকাশ কৰিলে স্বামিজী আলমোড়া হইতে আগত শিষ্য সদানন্দজীকে সঙ্গো লইয়া ১৮ই অক্টোবৰ বেলাডু ফিৰিয়া আসিলেন। অপ্রত্যাশিতভাবে স্বামিজীকে পাইয়া মঠেব সন্ন্যাসী ও ব্ৰহ্মচারিবৃন্দ উন্মেল আনন্দে উৎফুল্ল হইয়া উঠিলেন বটে, কিন্তু স্বল্পকাল মধ্যেই স্বামিজীব শাৰীৰিক ও মানসিক অবস্থা তাঁহাদিগকে চিন্তিত কবিষা তুলিল। তাঁহাব পাংশুৰ্ণ মৃৎখণ্ডল, বাম নয়নে জমাট রক্ত প্রকৃতি লক্ষণ দেখিয়া মঠেব সন্ন্যাসী ও ভক্তবৃন্দ অখিলম্বে চিকিৎসাৰ বান্দাবস্তেব জন্য চেষ্টিত হইলেন। প্রসিদ্ধ ডাক্তাব আৰ এল দত্ত ও দুই একজন কবিবাজ তাঁহাব দৈহিক অবস্থা বিশেষবূপে পর্যবেক্ষণ কবিষা সম্মতিক সতৰ্কতা অবলম্বন কৰিবাব উপদেশ দিলেন। মঠেব সন্ন্যাসিবৃন্দ তাঁহাব জন্য ব্যস্ত ও শঙ্কিত হইয়া উঠিষাছেন তিনি নিৰ্বিকাব ও উদাসীন কোন-প্রকার বাহ্য বিষয়ে যেন অনুরাগ নাই। কাৰ্য-বিশেষ সম্বন্ধে প্রশ্ন কবিলে গম্ভীৰ ঔদাস্য উত্তৰ দেন, “আমি কি জানি, মাৰ যাহা ইচ্ছা তাহাই হইবে” অনেকে কৌতুককৰ গল্প কৰিয়া তাঁহাব মনকে উচ্চ ভাবরাজ্য হইতে নামাইয়া আনিবাব চেষ্টা কৰেন বটে, কিন্তু আশ্চৰ্য্যন বিবেকানন্দ অসংলগ্ন উত্তৰ দিয়া লোকসঙ্গ পৰিত্যাগ কৰিয়া নিষ্ঠানে চলিয়া যান। ইতিমধ্যে একদিন শিষ্য শবৎবাব্দ গুরদৰ্শনে উপস্থিত হইলেন। কথাপ্রসঙ্গে স্বামিজী তাঁহাকে বলিলেন যে, অমবনাথ ও ক্ষীর-ভবানীতে কঠোর তপশ্চৰ্য্য তাঁহাব শরীর কিঞ্চিৎ অসুস্থ হইলেও উহা কিছুই নহে। ক্ৰমে শিষ্যেব সাগ্ৰহ অনুরোধে অমবনাথ ও ক্ষীর-ভবানীর অলৌকিক দৰ্শন

ও অনুভূতি সম্বন্ধে দুই চাৰি কথা বলিষা বলিলেন, “অমরনাথ থেকে ফেরবার সময় শিব আমার মাথায় ঢুকেছেন, কিছুতেই নাওছেন না।”

স্বামিজীকে চাঁকৎসাব জন্য মঠ হইতে কলিকাতা বাগবাজারে বলবাম বাবুৰ বাটীতে আনিয়া বাখা হইল। ধীবে ধীরে স্বামিজীর মন উচ্চতম ভাবরাজ্য হইতে প্রত্যাবৃত্ত হইতে লাগিল। পূর্বের ন্যায় উৎসাহ ও আগ্রহের সহিত না হইলেও, দর্শনাথী ভক্তবৃন্দেব সহিত কথোপকথন ও ধর্মোপদেশ প্রদান করিতে লাগিলেন। কলিকাতা হইতে মধ্যে মধ্যে মঠে উপস্থিত হইয়া কার্যপ্রণালী লক্ষ্য করিতেন। স্বামী তুরিয়ানন্দজী জ্বলন্ত উৎসাহ লইয়া আলমোড়া হইতে বেলুড মঠে ফিরিয়া আসিলেন। মঠে শাস্ত্রালোচনা ধ্যান, তপস্যা বিবামহীনভাবে চলিতে লাগিল। স্বামিজীও এক একদিন উপস্থিত থাকিয়া ধর্ম, দর্শন ইতিহাস, বিজ্ঞান ইত্যাদি বিভিন্ন বিষয়ের চর্চায় নবীন ব্রহ্মচারিগণকে উৎসাহ প্রদান করিতে লাগিলেন।

ইতোমধ্যে সিন্ধাৰ নিবেদিতা কলিকাতায় ফিরিয়া আসিলেন। শ্রীগদুব্ধ চরণে পূর্ণভাবে আত্মসমর্পণ করিয়া তিনি স্ত্রী-শিক্ষাবিস্তারকল্পে সমস্ত শক্তি নিয়োগ করিলেন। হিন্দুনাবীৰ দৈনন্দিন জীবন-যাত্রার সহিত প্রত্যক্ষভাবে পরিচিতা হইবার জন্য তিনি বাগবাজারেব শ্রীশ্রীমাতাঠাকুবাণীর আবাসভবনে বাস করিতে লাগিলেন। ঠাকুবেব অন্যান্য স্ত্রীভক্তগণ সাদরে বিশ্বহীন চিত্তে নিবেদিতাকে আপনাদেব মধ্যে স্থানদান করিলেন। স্বল্পকাল মধ্যেই বাগবাজারে এক বালিকা বিদ্যালয় স্থাপন করিবার বন্দোবস্ত স্থিৰ হইয়া গেল।

১২ই নভেম্বৰ শ্রীশ্রীমা কতিপয় স্ত্রীভক্ত সমাভিযাহাবে বেলুড মঠে শ্রুত পদার্পণ করিলেন। সেদিন শ্রীশ্রীশ্যামাপূজা। পূজা ও ভোগেব বিধিমত আয়োজন করিতে সম্ম্যাসিগণ হ্রাট কবেন নাই। শ্রীশ্রীমা স্বয়ং শ্রীশ্রীবামকৃষ্ণেব পূজা সমাপন করিয়া সম্ম্যাসিবৃন্দকে আশীৰ্বাদ করিলেন। তাঁহাব আশীৰ্বাদে মঠেব শ্রুত উদ্দেশ্য পূর্ণ হইবে ভাবিয়া সকলেই আনন্দিত ও কৃতার্থ হইলেন। অপবাহুে শ্রীশ্রীমা, স্বামী বিবেকানন্দ ব্রহ্মানন্দ ও সাবদানন্দজী সহ বাগবাজারে নিবেদিতা-প্রতিষ্ঠিত বালিকা বিদ্যালয়ে ফিরিয়া আসিলেন। স্বামিজীর প্রার্থনায় শ্রীশ্রীমা বিদ্যালয় প্রতিষ্ঠার বিশেষ পূজা সমাপন করিয়া জগজ্জননীৰ চৰণে প্রার্থনা করিলেন, যেন তাঁহার আশীৰ্বাদে বিদ্যালয় হইতে আদর্শ বালিকাগণ শিক্ষিতা হইয়া সমাজেব কল্যাণদায়িনী হয়। পবমাবাধ্যা শ্রীশ্রীমাব আশীৰ্বাদ লাভ করিয়া ভগিনী নিবেদিতা আনন্দে নিজেকে সিদ্ধসম্পূর্ণ বলিয়া অনুভব করিলেন।

৯ই ডিসেম্বৰ শ্রীবামকৃষ্ণ সঙ্ঘের ইতিহাসে এক স্মরণীয় দিবস। নীলাম্বৰ

বাবুর বাগানবাটীতে, ব্রাহ্ম মন্দিরতে, স্বামিজী গুরুভ্রাতা ও শিষ্যবৃন্দসহ ভাগীর্থী সলিলে অবগাহন করিয়া নব গৈরিক বাস পবিধান করিলেন। অদ্যকার বিশেষ অনুষ্ঠানের পৌর্বোহিত্যভার গ্রহণ করিয়াছেন বিবেকানন্দ স্বয়ং। ধ্যান উপাসনা পূজা ঐথাবিধি সমাধা করিয়া, শ্রীরামকৃষ্ণের দেহাবশেষ বান্ধিত পবিত্র তাম্রাধার স্বামিজী দক্ষিণস্কন্ধে স্থাপন করিয়া বেলুড় মঠের দিকে অগ্রসর হইলেন, তাঁহার পশ্চাতে শত্ৰুঘণ্টা কাঁসব ধ্বনিতে দিক মধুরিত করিয়া গুরুভ্রাতা ও শিষ্যবৃন্দ। সেই পূণ্য প্রভাতে ভাগীরথীতীরে মূর্ত্তিমেষে বিশ্বাসী ভক্তের কণ্ঠ সমুৎসাহিত শ্রীরামকৃষ্ণের জয়ধ্বনি এক অপূর্ব আনন্দলোক সৃষ্টি করিল। পথে চলিতে চলিতে স্বামিজী পার্শ্ববর্তী শিষ্যকে কহিলেন, “ঠাকুর একবার আমায় বলছিলেন, ‘তুই কাঁধে করে আমায় যেখানে খুসী নিয়ে যাবি, আমি সেখানেই থাকবো, তা’ সে কুঁড়ে ঘরই হোক, আর গাছতলাই হোক। পবন দয়ালেব সেই আশীর্বাদ ভবসা কবেই আমি তাঁকে আমাদের ভবিষ্যৎ মঠে নিয়ে চলেছি। বৎস, স্থিতি জেনো, যতদিন তাঁর নামে, তাঁর অনুগামীরা পবিত্রতা, আধ্যাত্মিকতা, সর্বমানবে সমপ্রীতির আদর্শ বক্ষা করিতে পারবে, ততদিন ঠাকুর এই মঠকে তাঁর দিব্য উপস্থিতি দ্বারা ধন্য কবে রাখবেন।’

মঠ প্রাঙ্গণে সযত্নবচিত বেদী উপর পবিত্র আধার স্থাপন করিয়া সন্ন্যাসী ও ব্রহ্মচারিবৃন্দ সহ স্বামিজী ভক্তিভাবে ভূম্যবলুপ্তিত হইয়া সর্বধর্ম সমন্বয়চার্য মহান্ গুরুদেব উদ্দেশ্যে পদনঃ পদনঃ প্রণাম নিবেদন করিলেন। তাবপব স্বামিজী যথাবর্তী পূজা সমাপনান্তে যজ্ঞাগ্নি প্রজ্বলিত করিলেন। যুগ-প্রবর্তক-আচার্যের কণ্ঠে বেদমন্ত্র বহুযুগ বিস্মৃত পুরাতন সুরে ঝঙ্কিত হইয়া উঠিল। কেবলমাত্র সন্ন্যাসীদের উপস্থিতিতে বিবজাহোম সমাপ্ত করিয়া স্বহস্তে পাষাণ বন্ধন করিয়া শ্রীশ্রীঠাকুরকে নিবেদন করিলেন। শ্রীরামকৃষ্ণ মঠ প্রতিষ্ঠার অনুষ্ঠান সম্পূর্ণ করিয়া আচার্যদেব শ্রীরামকৃষ্ণ সন্তানদিগকে ডাকিয়া কহিলেন, “ভ্রাতৃবৃন্দ আইস, আগবা কামনোপ্রাণে লোক-কল্যাণের জন্য অবতীর্ণ আমাদের প্রভু নিকট প্রার্থনা করি, তিনি যেন বহুকাল ধরিয়া এই পবিত্র স্থানে বাস করেন। তাঁহার আশীর্বাদ ও সঙ্কল্প আবির্ভাবে ইহা পূণ্যক্ষেত্রে পবিত্র হউক, এই কর্মক্ষেত্র হইতে বহুজন-হিতায় বহুজন সুখায়, সর্বসম্প্রদায়, সর্বধর্মের ভেদবিশেষ নিবসনের ভাবধারা প্রচারিত ও আচারিত হইবে।”

মঠেব ভবিষ্যৎ কার্যপ্রণালী আলোচনা প্রসঙ্গে তিনি একদিন শিষ্য শরৎ বাবুকে বলিলেন, “এইখানে সাধুদের থাকবার স্থান হ’বে। সাধন, ভজন, জ্ঞানচর্চায় এই মঠ প্রধান কেন্দ্র-স্থান হ’বে, ইহাই আমার অভিপ্রায়। এখান থেকে যে শক্তি

অভ্যুদয় হ'বে, তাতে জগৎ ছেয়ে ফেলবে, মানুষের জীবন-গতি ফিরিয়ে দেবে। জ্ঞান, ভক্তি, যোগ, কর্মের একত্র সমন্বয়ে এখান থেকে ideals (মানব-হিতকর-উচ্চাদর্শ সকল) বেরোবে, এই মঠভুক্ত পুরুষদিগের ইচ্ছাতে কালে দিগদিগন্তে প্রাণের সঞ্চার হ'বে, যথার্থ ধর্মানুসারীগণ সব এখানে কালে এসে জন্টবে—মনে ঐরূপ কত কল্পনার উদয় হচ্ছে।”

শ্রীশ্রীরামকৃষ্ণদেবের উপদেশ ও আদর্শ জনসাধারণের মধ্যে প্রচারকল্পে একখানি বাঙ্গলা পত্রিকা প্রকাশ করিবার প্রয়োজন স্বামিজী বহুদিন হইতেই অনুভব করিয়া আসিতেছিলেন। তদনুসারে পার্শ্বিক পত্র বাহির করিবার প্রস্তাব সকলে অনুমোদন করায় স্বামিজীব অভিমতে স্বামী ত্রিগুণাতীতজী উক্ত পত্রের পরিচালনভার গ্রহণ করিলেন। ১৩০৫ সালের ১লা মাঘ উক্ত পত্রিকার প্রথম সংখ্যা বাহির হইল। ইহা লইয়া অক্লান্তকর্মী স্বামী ত্রিগুণাতীতজী অসাধারণ পরিশ্রম করিতে লাগিলেন। স্বামিজী তাহা দেখিয়া আনন্দের সহিত আশীর্বাদ ও উৎসাহ প্রদান করিতে লাগিলেন। স্বামিজী উহার “উন্মোচন” নাম মনোনীত করেন এবং স্বয়ং উহার প্রস্তাবনা লিখিয়া ভিষাছিলেন। সম্বন্ধে পবিত্র রামকৃষ্ণ মিশনের সভ্যগণকে স্বামিজী এই পত্রে প্রবন্ধাদি লিখিতে এবং ঠাকুরের ধর্মমত জনসাধারণে প্রচার করিতে অনুরোধ করিয়াছিলেন।

মঠে প্রতিনিয়ত শাস্ত্রালোচনা এবং দর্শনাধীর্ ভক্তবৃন্দকে উপদেশাদি প্রদান হেতু কঠোর মানসিক পবিত্রমে স্বামিজীর শবীব দিন দিন অত্যধিকরূপে অসুস্থ হইয়া পড়িতে লাগিল। আগামী গ্রীষ্মকালে তাহাকে পাশ্চাত্যদেশে যাইতে হইবে, অভাব কিয়দ্দিনস বিগ্রাম করিবার একান্ত প্রয়োজন অনুভব করিলেন। কলিকাতা ও বেলুড় মঠে থাকিয়া বিগ্রাম লাভ করিবার আশা একান্ত অসম্ভব বলিয়া স্বামিজী ১৯শে ডিসেম্বর প্রিয়নাথ মদুখ্যোর অতিথিরূপে বৈদ্যনাথে প্রস্থান করিলেন। বৈদ্যনাথ স্বাস্থ্যকর স্থান হইলেও স্বামিজী হাঁপানি রোগে প্রথম প্রথম ভয়ানক কষ্ট পাইতে লাগিলেন। একদিন হাঁপানির বেগ এত বৃদ্ধি পাইল যে, সকলেই আশঙ্কা করিতে লাগিলেন, বোধ হয় তাহার দেহত্যাগ হইয়া যাইবে। সন্দের বিষয়, অত্যল্প কাল মধ্যে স্বামিজী সুস্থ হইয়া উঠিলেন। দেওঘরে কোতুলী ও জিজ্ঞাসু জনতার ভীড় ছিল না, প্রাতে ও অপরাহ্নে তিনি দীর্ঘকাল ভ্রমণ করিবার সুবিধা পাইতেন। দৈনিক ব্যায়াম ছাড়াও চিঠিপত্র লেখা ও গ্রন্থাদি পাঠে অবশিষ্ট সময় অতিবাহিত করিতেন। স্বামিজীর অনুপস্থিতিকালে ১৮৯৯এর ২রা জানুয়ারী নীলাম্বরবাবুর বাগানবাড়ি হইতে বেলুড়ের নব নির্মিত ভবনে মঠ স্থানান্তরিত হইল।

মঠের কার্যপ্রণালী ও নবীন সম্মাসী ও ব্রহ্মচারীদের শিক্ষার ব্যবস্থা সম্পর্কে কিভাবে কাজ হইতেছে, তাহা প্রায় প্রত্যহ স্বামিজীকে জানাইতে হইত। বৈদ্যনাথের নিঃসঙ্গ নির্জনতা তাঁহাকে বিশ্রাম দিতে পারিল না। আরম্ভ কৰ্মভার তাঁহাকে আকর্ষণ করিতে লাগিল। জ্বলন্ত চুল্লীর উপর স্থাপিত ফুটন্ত জলপাতকে স্তম্ভ হইবার আদেশ দেওযাব মতই, চিকিৎসকগণের গুরুতর মানসিক শ্রম অথবা গভীর চিন্তা হইতে বিরত হইবার উপদেশও ব্যর্থ হইল।

৩রা ফেব্রুয়ারী স্বামিজী বৈদ্যনাথ হইতে মঠে ফিরিয়া আসিলেন। মঠের কার্যপ্রণালী সূচ্যরূপে চলিতেছে দেখিয়া তিনি নিশ্চিন্ত হইলেন। প্রশ্নোত্তর সভা, প্রাচ্য ও প্রতীচ্য দর্শনশাস্ত্রের তুলনামূলক আলোচনা, সংস্কৃত ভাষা শিক্ষাদান ইত্যাদি স্বামী তুরিয়ানন্দজীব নেতৃত্বে সুন্দররূপে সম্পাদিত হইতেছিল। অপরাধিকে ধ্যান, ভূপস্যা ইত্যাদিরও বিবাম ছিল না। স্বামিজী মঠে আসিয়া সেইদিনই তাঁহার গুরুভ্রাতৃগণ সহ একটি ক্ষুদ্র সভা আহ্বান করিলেন। মহাসম্মেলনচারী শ্রীশ্রীরাম-কৃষ্ণের বাণী সমগ্র ভাবতে প্রচাব কবিবার জন্য তাঁহার গুরুভ্রাতা ও শিষ্যবৃন্দকে উপদেশ প্রদান করিলেন। স্বামী বিরজানন্দ ও স্বামী প্রকাশানন্দজী পূর্ববঙ্গে, ঢাকা অঞ্চলে প্রচাবকার্যে গমন করিবার জন্য আদিষ্ট হইলেন। বিরজানন্দজী বিনীতভাবে আপত্তি প্রকাশ করিয়া কহিলেন, ‘স্বামিজী! আমি কিছুই জানি না, লোককে বলিব কি?’ স্বামিজী তৎক্ষণাৎ গম্ভীরভাবে উত্তর করিলেন, ‘যাও, বল গিয়া যে, আমি কিছুই জানি না, উহাই এক মহত্তম বার্তা।’ বিরজানন্দজী প্রচার-কার্যের দায়িত্ব হইতে অব্যাহতি পাইবার জন্যই হউক, আর অন্তরের তীব্র বৈরাগ্যের বাণীর অনুসরণ করিবারই হউক, শ্রীগুরুচরণে নিবেদন করিলেন যে, অগ্রে সাধনবলে আত্মসাক্ষ্যকার না করিয়া তিনি কেমন করিয়া লোক-শিক্ষায় অগ্রসর হইবেন? অতএব, তাঁহাকে আরও কিছুদিন সাধন করিবার আদেশ প্রদান করা হউক।

মানবামিত্র বিবেকানন্দ শিষ্যের এই মৃদুজিলাভের আকাঙ্ক্ষাকে খিল্লাব দিয়া গর্জিয়া উঠিলেন —“স্বার্থপরের মত নিজের মৃদুত্তির জন্য চেষ্টা করিলে তুমি নরকে যাইবে। যদি তুমি সেই পূর্ণব্রহ্মকে উপলব্ধি করিতে চাও, তাহা হইলে অন্যের মৃদুত্তির জন্য সাহায্য কর, নিজের মৃদুজিলাভের আকাঙ্ক্ষাকে সম্মলে বিনাশ করাই সর্বশ্রেষ্ঠ সাধনা।” স্বামী বিবেকানন্দের শিষ্য ও অন্তরঙ্গ ভক্তগণ স্ব স্ব পারলৌকিক কল্যাণ-লাভের আশায় জগতের হিতচিন্তায় বিমুখ থাকিবে, এ চিন্তা পর্যন্ত তাঁহার নিকট কি মৰ্মান্তিক ক্লেদদায়ক ছিল! মৃদুজিলাভের চেষ্টায় সংসার, লোকালয় ত্যাগ করিয়া গভীর অরণ্য বা গিরিগুহাবাসী সম্মাসীর অভাব তো ভারতে কোনদিন হয় নাই।

পরকল্যাণ কামনায় স্বীয় সাধন, ভজন, মন্ত্রিত্ব চেষ্টা উৎসর্গ করিয়া কর্মের পথে দাঁড়াইবে, এইরূপ নির্ভীক কর্মযোগী সন্ন্যাসী গঠন করিবার জন্যই ত আদর্শ মঠ প্রতিষ্ঠা। আচার্যদেব মৌন শিষ্যকে সম্বোধন করিয়া স্নেহার্দ্ৰকণ্ঠে বলিলেন, “বৎস! ফলাকাঙ্ক্ষাশূন্য হইয়া জগন্মিত্য কৰ্মে অগ্রসর হও। যদি পরমকল্যাণ কামনায় কৰ্মে অগ্রসর হইয়া নবকেও যাইতে হয়, তাহাতেই বা কি আসে যায়?” অতঃপর তিনি শিষ্যস্বয় সমাভিযাহারে মঠেব ঠাকুবঘবে প্রবেশ করিয়া ধ্যানস্থ হইলেন। বহুক্ষণ গভীর ধ্যানান্তে তিনি চক্ষুব্দন্দ্বীলন করিয়া কহিলেন, “আমি, আমার শক্তি তোমাদেব মধ্যে সঞ্চারিত করিব। শ্রীভগবান্ সর্বদা তোমাদেব পশ্চাতে থাকিবেন, কোন চিন্তা নাই।”

সেদিন স্বামিজী শিষ্যস্বয়কে প্রচারকার্য সম্বন্ধে নানাপ্রকার উপদেশ প্রদান করিলেন এবং কেহ দীক্ষা প্রার্থনা করিলে কি মন্ত্ৰে, কেমনভাবে দীক্ষা প্রদান করিতে হইবে, তাহাও শিখাইয়া দিলেন। নবশক্তিবলে বলীমান শিষ্যস্বয় পরদিবসই শ্রীগুরু পবিত্র পদধূলি শিবে ধারণ করিয়া প্রচাবোদ্দেশ্যে ঢাকা যাত্রা করিলেন। স্বামিজী এই ফেরতযাবী স্বামী তুবিয়ানন্দ ও সদানন্দজীকেও প্রচাবকার্যে গুরুবাটে প্রেরণ করিলেন।

স্বামিজী বেলুড় মঠে অবস্থান করিতেছেন জানিতে পারিয়া প্রত্যহ বহু কলেজের ছাত্র এবং শিক্ষিত যুবক তাঁহার দর্শনাথী হইয়া আগমন করিতে লাগিলেন। স্বামিজী স্বীয় দৈহিক অসুস্থতাব প্রতি দৃকপাত না করিয়া উৎসাহের সহিত তাঁহাদিগকে লইয়া ধর্ম, দর্শন, সাহিত্য, ইতিহাস, বিজ্ঞান ইত্যাদির আলোচনায় প্রবৃত্ত হইতেন। যাহাতে এই যুবকগণ, দেশেব সেবায় আত্মনিয়োগ কবাই বর্তমানে জাতীয়-জীবনের শ্রেষ্ঠতম ব্রত, ইহা প্রাণে প্রাণে অনুভব করিয়া সেইভাবে জীবন গঠন করিয়া তোলে, তাহাব জন্য তিনি ওজস্বিনী ভাষায় সেবাস্বর্মে মহিমা শতমুখে কীর্তন করিতেন। দেশেব দুর্দশা আলোচনা করিতে গিয়া সময় সময় ভাবেব আতিশয্যে অশ্রুবিসর্জন করিতেন, কখনও বা গম্ভীরভাবে গভীর চিন্তায় নিমগ্ন থাকিতেন। অধিকাংশ যুবকেব শারীরিক দৌর্বল্য, নৈতিক চরিত্রহীনতা ও আধুনিক কুশিক্ষায় মস্তিস্ক-বিকৃতি লক্ষ্য করিয়া সময় সময় তিনি ক্ষুব্ধ হইয়া তাঁর মন্তব্য প্রকাশ করিতেন। “দুই সহস্র বীরহৃদয় বিশ্বাসী চরিত্রবান ও মেধাবী যুবক এবং ত্রিশকোটি টাকা হইলে আমি ভারতকে নিজের পাখের উপর দাঁড় করাইয়া দিতে পারি।” একথা তিনি প্রায়ই বলিতেন এবং উহাব অভাবে তাঁহার জীবনের উদ্দেশ্য বিফল হইয়া যাইতেছে, এমন একটা নিবাশাও সময় সময় তাঁহাকে আচ্ছন্ন ও ব্যাকুল করিয়া তুলিত। কিন্তু

পৰ্বতপ্রমাণ বাধা-বিষয় এবং নৈরাশ্যের ঘনান্ধকারের মধ্য দিবাও পথ প্রস্তুত করিতে হইবে, তাঁহার নিঃস্বার্থ আহবানে উদ্বেগ হইয়া যে কয়জন জগদ্ধিতায় আত্মসমর্পণ করিয়াছেন, সেই মন্দিরমেষ নরনারীকেই “অগ্রগামী নিরাশ সৈন্যদল” রূপে গঠন করিয়া তুলিতে হইবে, ইহাতে তাঁহার উৎসাহের অভাব ছিল না। অপরাহ্নে যখন আচার্যদেব ধীর পদবিক্ষেপে ভাগীবথীতীরে মঠপ্রাঙ্গণে পরিভ্রমণ করিতেন, তখন তাঁহার গভীর চিন্তার দুই একটি ক্ষুদ্র অংশ সময় সময় বিক্ষুব্ধ হৃদয়ের অন্তস্তল হইতে অজ্ঞাতসারে বাহির হইয়া আসিত। একদিন পবিত্রমণকালীন সম্মুখে কয়েকজন ব্রহ্মচারী ও সন্ন্যাসীকে দেখিয়া সহসা বলিয়া উঠিলেন, “শোনো বৎসগণ! শ্রীরামকৃষ্ণ এসেছিলেন, জগতের কল্যাণকামনায় দেহ বিসর্জন করে গেছেন। আমি তুমি—প্রত্যেককেই জগতের কল্যাণের জন্য দেহ বিসর্জন করিতে হবে। বিশ্বাস কর, আমাদের হৃদয়মোক্ষিত প্রত্যেক বক্তাবিন্দু হ’তে ভবিষ্যতে মহা মহা কর্মবীরগণ উদ্ভূত হ’বে জগৎ আলোড়িত হবে দেবে।” কম্পনাগ্রিম ভাবুক সন্ন্যাসী ইহা বিশ্বাস করিতেন এবং সেই কারণেই বক্তৃতা, কথাবার্তা প্রায়ই বলিতেন, “I want to preach a man-making religion—আমি এমন এক ধর্ম প্রচার করিতে চাই, যাহাতে মানব তৈরী হয়।” এই কাবণে স্বামিজী বক্তৃতা প্রদান পরিত্যাগ করিয়া অক্লান্ত চেষ্টায় মঠেব মন্দিরমেষ সন্ন্যাসী ও ব্রহ্মচারীদিগকে গড়িয়া তুলিবার জন্যই প্রণয়ন করিয়াছিলেন। একদিন জনৈক শিষ্য তাঁহাকে প্রশ্ন করিলেন, “স্বামিজী! আপনি অসাধারণ বাস্মিতাবলে ইউরোপ, আমেরিকা মাতাইয়া আসিয়া নিজ জন্মভূমিতে চূপ করিয়া আছেন, ইহার কাবণ কি?” উত্তরে আচার্যদেব বলিয়াছিলেন, “এদেশে আগে Ground (জমি) তৈরী করিতে হবে। পাশ্চাত্যের মাটি খুব উর্বরা। অস্বাভাবে ক্ষীণদেহ, ক্ষীণমন, রোগশোক পরিতাপের জন্মভূমি ভারতে লেকচার দিবে কি হ’বে? প্রথমতঃ কতকগুলি ত্যাগী পুণ্যবৃক্ষের প্রয়োজন—যা’রা নিজেদের সংসারের জন্য না ভেবে পরের জন্য জীবন উৎসর্গ করিতে প্রস্তুত হ’বে। আমি মঠ স্থাপন করে কতকগুলি বাল-সন্ন্যাসীকে ঐরূপে তৈরী করছি। শিক্ষা শেষ হ’লে এরা স্বাভাবে স্বাভাবে গিয়ে সকলকে তাঁদের বর্তমান শোচনীয় অবস্থার বিষয় বুঝিয়ে বলবে। ঐ অবস্থার উন্নতি কিরূপে হ’তে পারে, সে বিষয়ে উপদেশ দেবে, আর সঙ্গে সঙ্গে ধর্মের মহান সত্যগুলি সোজা কথায় জলের মত পরিষ্কার করে তাঁদের বুঝিয়ে দেবে। দেখছি না, পূর্বাশ্রমে অবদ্যোদয় হ’য়েছে, সূর্য উঠবার আর বিলম্ব নাই। তোরা এই সময় কোমর বেঁধে লেগে যা—সংসার ফংসার করে কি হ’বে? তোদের এখন কাজ হচ্ছে, দেশে দেশে, গাঁয়ে গাঁয়ে গিয়ে দেশের লোকদের বুঝিয়ে দেওয়া যে,

আর আলিস্যি কদে বসে থাকলে চলছে না, শিক্ষাহীন, ধর্মহীন বর্তমান অবনতিটার কথা তাদের বুদ্ধিতে দিয়ে বলগে—‘ভাইসব উঠ, জাগ, কতদিন আর ঘুমাবে? আর বেদান্তের মহান্ সত্যগুলি সরল করে তাদের বুদ্ধিতে দিগে। এতদিন এ দেশের ব্রাহ্মণেরা ধর্মটা একচেটে করে বসেছিল। কালের স্রোতে তা’ যখন আর টিকলো না, তখন সেই ধর্মটা দেশেব সকল লোক যা’তে পায়, তা’ব ব্যবস্থা কবগে। সকলকে বুদ্ধাগে, ব্রাহ্মণের ন্যায় তেজাদেবও ধর্ম সমান্যাদিকার। আচন্দালকে এই অগ্নিমন্ত্রে দীক্ষিত কব্। আব সোজা কথায় তাদের কৃষি, ব্যবসা বাণিজ্য প্রভৃতি গৃহস্থ জীবনের অত্যাৱশ্যক বিষয়গুলি উপদেশ দিগে। নতুৱা তোদের লেখাপড়াকে ধিক্—আর তোদের বেদ-বেদান্ত পড়াকে ধিক্! লেগে যা—কষদিনেব জন্য জীবন? জগতে যখন এসেছি, তখন একটা দাগ বেখে যা। নতুৱা গাছ-পাথব তো হচ্ছে, মব্ছে—ওবকম জন্মাতে মব্তে মানুষেব কখনও ইচ্ছা হয় কি? আমায় কাজে দেখা যে, তোর বেদান্ত পড়া সার্থক হযেছে। সকলকে এই কথা শোনাগে—‘তোমাদের মধ্যে অনন্ত শক্তি বযেছে। সেই শক্তি জাগিয়ে তোল।’ নিজের মদ্ব্তি নিয়ে কি হবে?—মদ্ব্তি কামনাও তো মহাস্বার্থপবতা। ফেলে দে ধ্যান—ফেলে দে মদ্ব্তি ফদ্ব্তি—আমি যে কাজে লেগেছি সেই কাজে লেগে যা। তোরা ঐব্বে আগে জমি তৈরী কর্গে আমার মত হাজাব হাজাব বিবেকানন্দ পবে বক্তৃতা কর্তে নবলোকে শরীর ধারণ কর্বে তার ভাবনা নেই। এই দেখ্না, যা’রা আগে ভাব্তো আমাদের কোন শক্তি নেই—তা’রাই এখন সেৱাগ্রম, অনাথাগ্রম, দর্ভিক্ষফন্ড কত কি খল্ছে। দেখ্ছি, না—নিবেদিতা ইংরেজেব মেয়ে হ’যেও তোদের সেৱা কর্তে শিখেছে? আর তোরা নিজের দেশের লোকেব জন্য তা’ কবতে পারবিনি? যেখানে মহামারী হ’যেছে, যেখানে জীবের দ্বঃখ হ’যেছে, যেখানে দর্ভিক্ষ হ’যেছে—চলে যা সেই দিকে। নয় মবেই যাবি। তোর আমার মত কীট হচ্ছে—মব্ছে, তা’তে জগতের কি আস্ছে যাচ্ছে? একটা মহান্ উদ্দেশ্য নিয়ে মরে যা। মরে তো যাবিই, তা’ ভাল উদ্দেশ্য নিয়ে মরা ভাল। এই ভাব ঘরে ঘরে প্রচার কব, নিজের ও দেশের মঙ্গল হ’বে। তোবাই দেশের আশা-ভরসা। তোদের কর্মহীন দেখলে আমার বড় কষ্ট হয়। লেগে যা—লেগে যা! দেৱী করিস্ নি—মৃত্তা তো দিন দিন নিকটে আস্ছে। আর পরে করবি বলে বসে থাকিস নি—তা’ হ’লে কিছ্ হবে না।”*

কালিকাতার তো কথাই নাই, নানা স্থান হইতে অনেকেই স্বামিজীর প্রীচরণ-দর্শনাভিলাষে বেলুড় মঠে উপস্থিত হইতেন। তিনি কাহাবও ধর্ম সম্বন্ধীয় সমস্যা

উজ্জন করিয়া দিতেন, কোন ভাগ্যবানকে শিষ্যপদে বৃত্ত করিয়া কৃতার্থ করিতেন। মানবের মধ্যে সর্বশক্তিমান আত্মার স্দুস্ত মহিমাকে জাগ্রত কবিষা তুলিবার আগ্রহে মহাপদব্রূষ যেন সর্বদাই প্রস্তুত। পাণ্ডাপান্ড বিচার নাই, ধনী দরিদ্র ভেদ নাই, পণ্ডিত মূর্খ সকলেই তাঁহার নিকট তুল্য আদর ও যত্ন প্রাপ্ত হইতেন। কখনও প্রশ্নকর্তার জটিল দার্শনিক সমস্যাব মীমাংসা করিতেছেন, কখনও বা ভাবতেব আর্থিক ও লৌকিক উন্নতি কি প্রকারে সম্ভব হইতে পারে, তাহা শ্রোতৃবৃন্দকে বুদ্ধাইয়া দিতেছেন। আবার কখনও বা ব্রহ্মচারিবৃন্দকে সংযম-সাধনায় উৎসাহিত কবিতেছেন, নিয়মেব সামান্য ঘন্টাটিকেও ক্ষমা না করিয়া তীব্র ভৎসনা কবিতেছেন, আবার পবমুহুর্তেই হয়ত সকলের সহিত আনন্দে মঠের জঙ্গল সাফ করিতে চলিয়াছেন। ধর্মোপদেশ প্রদান হইতে সম্মার্জনী হস্তে আবর্জনা পরিষ্কার পর্যন্ত প্রত্যেকটি কাজই তাঁহার দৃষ্টিতে সমান, সবই প্রভু বাক্য।

একদিন বিবেকানন্দ সন্ন-গদ্বদ বৃহস্পতিব ন্যায শিষ্যমণ্ডলী পবিবৃত্ত হইয়া শাস্ত্রব্যাখ্যায় নিযুক্ত আছেন, এমন সময় শূক্ককর্মী সাধু নাগমহাশয় তাঁহার দর্শনাথী হইয়া মঠে উপস্থিত হইলেন। শ্রীবামকৃষ্ণেব দ্বইটি শ্রেষ্ঠতম সৃষ্টিব বহুদিনেব পর আনন্দ-সম্মিলন। এক সন্ন্যাসেব চব্বাদর্শ, অপর মর্তিমান গাহস্থ্যধর্ম "স্বামিজী প্রণামান্তে জিজ্ঞাসা কবিলেন, "ভাল আছেন তো?" নাগমহাশয় বলিলেন, "আপনাকে দর্শন কব্তে আইলাম। জয় শঙ্কব! জয় শঙ্কব! সাক্ষাৎ শিবদর্শন হ'ল।"

স্বামিজী কুশল-প্রশ্ন কবিতেছেন, কিন্তু উত্তর দিবে কে? জোড়কবে দণ্ডায়মান ভাবমুগ্ধ মহাপদব্রূষ যে অতৃপ্ত নযনে সাক্ষাৎ শঙ্কবদর্শন কবিতেছেন। দেহজ্ঞান থাকিলে তো বলিবেন যে, ভাল আছি। "ছাই হাড়মাসেব কথা" কি তাঁব আর মনে আছে? তাঁহার মন যে তখন শ্রীবামকৃষ্ণ-লীলা-হৃদেব পূর্ণ প্রসফুটিত "সহস্র-দল-পদ্মের" অপূর্ব মাধুরী নযনয়য় হইয়া পান করিতেছে। উত্তর দিবার অবসর কোথায়?

আচার্যদেব, স্বামী প্রেমানন্দজীকে প্রসাদ আনিয়া নাগমহাশয়কে দিতে বলিলেন। নাগমহাশয় বলিয়া উঠিলেন, "প্রসাদ! প্রসাদ! (স্বামিজীর প্রতি কবঘোড়ে) আপনার দর্শনে আমাব ভবক্ষুধা দূর হয়ে গেছে। * * *

স্বামিজী। (সকলকে লক্ষ্য করিয়া) দেখ্ছিহ্। নাগমহাশয়কে দেখ্। ইনি গেবস্ত, কিন্তু জগৎ আছে কি নাই এ'র সে জ্ঞান নাই, সর্বদা তন্ময় হ'য়ে আছেন। (নাগমহাশয়কে লক্ষ্য কবিয়া) এই সব ব্রহ্মচারী ও আমাদিগকে ঠাকুরের কথা কিছ্ শোনান।

নাগমহাশয় ওকি বলেন! ওকি বলেন! আমি কি বলবো? আমি আপনাকে দেখতে এসেছি, ঠাকুরের লীলার সহায় মহাবীরকে দর্শন করতে এসেছি! ঠাকুরের কথা এখন লোকে বদ্বাবে! জয় বামকৃষ্ণ! জয় বামকৃষ্ণ॥

স্বামিজী। আপনিই যথার্থ বামকৃষ্ণদেবকে চিনেছেন। আমরা ঘুরে ঘুরে মরলুম।

নাগমঃ। ছিঃ, ও কথা কি বলছেন! আপনি ঠাকুরের ছায়া—এ পিঠ, আর ও পিঠ, যাব চোখ আছে, সে দেখুক।

স্বামিজী। এ সব যে মঠ ফট হচ্ছে, এ কি ঠিক হচ্ছে?

নাগমঃ। আমি ক্ষুদ্র, কি বুদ্ধি? আপনি যা করেন, নিশ্চয় জানি, তাতে জগতেব মঙ্গল হবে—মঙ্গল হবে।

স্বামিজী। আমি একবার আপনার দেশে যাব।

নাগমহাশয় আনন্দে উদ্ভূত হইয়া বলিলেন, ‘এমন দিন কি হবে? দেশ কাশী হ’বে যাবে। সে অদৃষ্ট আমার হবে কি?’

স্বামিজী। আমার তো হচ্ছে আছে। মা নিষে গেলে হয়।

নাগমঃ। আপনাকে কে বদ্বাবে, কে বদ্বাবে? দিব্যদৃষ্টি না খুললে চিনিবার যো নেই। একমাত্র ঠাকুরই চিনেছিলেন। আর সকলে তাঁর কথায় বিশ্বাস করে মাত্র, কেউ বদ্বাবে পাবে নি।

স্বামিজী। আমার এখন একমাত্র ইচ্ছা, দেশটাকে জাগিয়ে তুলি—মহাবীর যেন নিজের শক্তিমত্তায় অনাস্থাপর হয়ে ঘুমুচ্ছে—সাড়া নেই—শব্দ নেই! সনাতনধর্মভাবে একে কোনরূপে জাগাতে পাবলে বদ্বাবো, ঠাকুর ও আমাদের আসা সার্থক হ’ল। কেবল এ ইচ্ছেটা আছে—মুক্তি ফুক্তি সব তুচ্ছ বোধ হ’য়েছে। আপনি আশীর্বাদ করুন যেন কৃতকার্য হওয়া যায়।

নাগমঃ। ঠাকুরের আশীর্বাদ। আপনার ইচ্ছার গতি ফেরায় এমন কাহাকেও দেখি না, যা ইচ্ছে কব্বেন—তাই হবে।

স্বামিজী। কই কিছুই হয় না—তাঁর ইচ্ছা ভিন্ন কিছুই হয় না।

নাগমঃ। তাঁর ইচ্ছা আব আপনার ইচ্ছা এক হ’য়ে গেছে, আপনার যা ইচ্ছা, তা ঠাকুরের ইচ্ছা। জয় বামকৃষ্ণ! জয় বামকৃষ্ণ!

স্বামিজী। নাগমহাশয়। কি যে করছি, কি না করছি, কিছু বন্ধুতে পাচ্ছি নে। এক এক সময়ে এক এক দিকে মহা বৌক আসে, সেইমত কাজ করে যাচ্ছি, এতে ভাল হচ্ছে, কি মন্দ হচ্ছে, কিছু বন্ধুতে পারছি না।

নাগমঃ। ঠাকুর যে বলেছিলেন—“চাঁবি দেওয়া বইল।” তাই এখন বন্ধুতে দিচ্ছেন না। বন্ধুত্বগ্রহী লীলা ফুরায়ে যাবে।

নাগমহাশয়ের কথা শুনিয়া স্বামিজী চিন্তামগ্ন হইলেন। আমবাও এই অবসরে একটু চিন্তা কবিয়া দেখি, দেখি একবার কল্পনামগ্নে নির্নিমে মেলিয়া, বেলুড়ের পুণ্য মঠমন্দিরে পরস্পর সম্মুখীন দুইটি মহাপুরুষ মূর্তি। সম্মুখীন-শ্রেষ্ঠ দীনভাবে ততোধিক দীন গৃহস্থোত্তমের নিকট আশীর্বাদ ভিক্ষা করিতেছেন। যে বিবেকানন্দ জাতি, বর্ণ, নবনাবী নির্বিশেষে প্রত্যেককে সমভাবে সনাতনধর্ম-সাগর-মাখিত অম্বৈতামৃত পরিবেশন কবিয়াছেন ও কবিতেছেন, তিনি তাঁহার কর্ম ভাল কি মন্দ তত্ত্ববিষয়ে সন্দেহান হইয়া বলিতেছেন, ‘কিছু বন্ধুতে পাবিতেছি না’। এই বীর সম্মুখীকে অন্তর্নিহিত প্রবলতম আত্মশক্তির প্রেরণায় গর্বোদ্ভূত শিব তুলিয়া সিংহের মত সংযত শৌর্যে বক্রগ্রীব হইয়া দাঁড়াইতে আমবা বহুবার লক্ষ্য কবিয়াছি আব আজ, মহিমময় মনুষ্যত্বের সম্মুখে মহানম্রতায শির নত করিয়া কেমন কবিয়া হৃদয়ের অকৃত্রিম প্রস্ফা-নিবেদন করিতেছেন, তাহাও দেখিলাম। দেখিলাম, মহাশক্তি ও মহানম্রতা ঐ মহাপুরুষের বিশাল হৃদয়ে কি অপরূপ মাধুর্যে একত্র মিলিত হইয়াছে। আর নাগমহাশয়। তাঁহার কথা আর কি বলিব। যাহার সম্বন্ধে স্বামিজী বলিয়াছেন, “সমস্ত পৃথিবী ভ্রমণ কবিলাম, নাগমহাশয়ের মত সাধু আর একজনও দেখিলাম না।” পূর্ববঙ্গের হীরকখনির এই উজ্জ্বল কোহিনূর, পুরুষোত্তম নাগমহাশয়ের সহিত স্বামিজীর তুলনা করিতে গিয়া ভক্ত-চুড়ামণি নাট্য-সম্রাট গিরিশবাবু বলিয়াছেন, “মহামায়া দুর্জনের নিকট হার মেনেছেন। স্বামিজীকে মহামায়া যতই বাঁধিতে যান, স্বামিজী ততই এত বড় হন যে, মাযার দাঁড়িতে কলোষ না, আর নাগমহাশয় এত ছোট হইয়া যান যে, ফস্কে যায়।”

একদিন “হিতবাদী” সম্পাদক পশ্চিম সখারাম গণেশ দেউস্কর দুইজন বন্ধুসহ মঠে স্বামিজীর দর্শনে আসিলেন। ঐ দুইজনের একজন পাঞ্জাবী জ্ঞানিতে পারিয়া স্বামিজী তাঁহার সহিত পাঞ্জাবের সামাজিক ও অন্যান্য সমস্যাগুলি আলোচনা আরম্ভ কবিলেন। ক্রমে ভারতের লোকসাধারণের কথা উঠিল। দারিদ্র্য, অজ্ঞতা, আচার নিয়মের আনুষ্ঠানিক কঠোরতার শাসনে পঞ্জাব জীবনের গ্লানি কি ভাবে ভারতের জনজীবনকে আড়ষ্ট করিয়া রাখিয়াছে, তাহা জরুলন্ত ভাষায় বর্ণনা কবিয়া

স্বামিজী উচ্চবর্ণের ও শিক্ষিতদের হৃদয়হীন ব্যবহারের তীব্র নিন্দা করিলেন। প্রাচীন বর্ণগত শ্রেষ্ঠাভিমানের অভ্যাস অপেক্ষাও ইংরাজী শিক্ষিত অংশের স্বজাতির প্রতি ঘৃণা ও অবজ্ঞা অধিকতর প্রবল ও পীড়াদায়ক। সমাজের স্তবে স্তবে এই ভেদ ভাবতেব জাতীয়জীবনের প্রধান সমস্যা। স্বামিজী, পণ্ডিতজীকে বলিলেন, দেশেব সামাজিক ও বাজনৈতিক আন্দোলনগুণিল শিক্ষিত ভদ্রসমাজেব অভাব অভিযোগের মধ্যে যতদিন সীমাবদ্ধ থাকিবে ততদিন কাহারো কল্যাণ নাই। আমি তাই একদল প্রচাবক সন্ন্যাসী তৈয়াবী কবিতোছি যাহারা আধুনিক যুগের মদ্বিত্তি ও উন্নয়নের বাণী গ্রামে গ্রামে বহন করিয়া লইয়া যাইবে। অশ্বৈতবেদান্তবাদী সন্ন্যাসীর গভীর স্বদেশপ্রেম এবং অবজ্ঞাত জনসমষ্টিব প্রতি গভীর সহানুভূতি দেখিয়া পণ্ডিতজী চমৎকৃত হইলেন। বহুক্ষণ আলোচনা পব বিদায় লইবার সময় উপস্থিত হইল। এমন সময় পাঞ্জাবী ভদ্রলোকটি স্বামিজীকে বলিলেন,—“স্বামিজী আপনাব নিকট ধর্মের কথা, সাধন ভজনের কথা শুনিবাব জন্য আমরা অনেক আশা করিয়া আসিয়াছিলাম কিন্তু দুর্ভাগ্যক্রমে অতি সাধারণ বিষয় লইয়া আলোচনা হইল, আজিকাব দিনটা বৃথাই গেল।”

স্বামিজীব ক্রান্ত মন্থমণ্ডল ব্যাখিত করণায় গম্ভীর হইয়া উঠিল, তিনি ধীর-ভাবে বলিলেন, “মহাশয়, যতদিন আমার জন্মভূমিব একটি কুকুর পর্যন্ত অভুক্ত থাকিবে ততদিন তাহাকে আহাব প্রদানই ধর্ম। ইহা ছাড়া আর যা কিছু—অধর্ম।”

স্বামিজীর দেহত্যাগের কিছুকাল পব পণ্ডিত দেউস্কব তাঁহার সাক্ষাৎকাবের কথা স্মরণ করিয়া লিখিয়াছিলেন যে, স্বামিজীব ঐ গভীর সহবেদনাময় উক্তি তাঁহাব মর্মে চিরনুতন ভাবে জাগ্রত বিহাছে। সেইদিন হইতে তিনি বৃদ্ধিযাছেন যে প্রকৃত স্বদেশপ্রেম কাহাকে বলে। পণ্ডিতজীব পববর্তীকালে বিচিত্র স্বদেশীয়ুগের বিখ্যাত গ্রন্থ “দেশের কথা” (যাহা ইংবাজ সবকার বাজেযাপ্ত কবিয়াছিল) এই প্রেরণা হইতেই লিখিত হইয়াছিল, ইহা অনন্মান করা কঠিন নহে।

রামকৃষ্ণ-সঙ্ঘেব প্রচার ও গঠনমূলক কাজ স্বামিজীর উৎসাহে ক্রমে বিস্তার লাভ করিতে লাগিল। সাক্ষাৎ জ্ঞানমূর্তি স্বামী সারদানন্দ আমেরিকা হইতে ফিরিয়া আসিয়া সন্ন্যাসী প্রচাবকদেব শিক্ষাব ভার গ্রহণ কবিলেন। আমেরিকার যুক্তরাষ্ট্রে স্বামী অভেদানন্দের বেদান্ত প্রচারকার্য ডালই চলিতেছিল। মাদ্রাজ, কলিকাতা এবং আলমোড়ার মায়াবতী মঠ হইতে কর্ম-পবিত্র বেদান্তেব ও ধর্মের সার্বভৌমিক আদর্শের, নর-নারায়ণ সেবার বাণী প্রচারিত হইতে লাগিল। যে উৎসাহ ও বিশ্বাস লাভ করিলে শক্তিহীন দুর্বলও মহৎ কর্ম করিতে পারে, তাহার অক্ষয়

ভাণ্ডারস্বরূপ বিবেকানন্দ সতাই পণ্ডাকে গিরিলত্নেনেব সামর্থ্য দিতে পারিতেন। তিনি জানিতেন, এই প্রচারশীল হিন্দুধর্মের নব অভ্যুদয়কে, প্রাচীনপন্থী রক্ষণশীল সমাজের উগ্র প্রতিকূলতা হইতে রক্ষা করিতে হইলে, কুসংস্কার ও লোকাচারের সহিত সংগ্রামেব পথই বাছিয়া লইতে হইবে এবং তাহাব জন্য শক্তিমান আত্মবিশ্বাসী কর্মীর আবশ্যক। গুব্ধদ্রাভাগসহ তিনি নবীন সন্ন্যাসীদিগকে সংগ্রামকুশল সৈনিকরূপেই গঠন কবিতে লাগিলেন। তাঁহাব শিষ্যগণ যাহাতে দেশাচার লোকাচারে ভ্রক্ষেপ না করিয়া, অকপটে সত্য প্রচাব কবেন, সামাজিক কুরীতিগুণের সহিত আপোষ না করেন, সেদিকে তাঁহাব প্রথব দৃষ্টি ছিল। একদিন জন্মগত অধিকারবাদ সম্পর্কে আলোচনা প্রসঙ্গে স্বামিজী ঐ শ্রেণীর অযৌক্তিক মতবাদেব তীব্র নিন্দা করিয়া দেখাইলেন, কি ভাবে উহা দ্বাবা বর্তমান সমাজেব দুর্গতি হইয়াছে। বৈজ্ঞানিক কিম্বা দার্শনিক ব্যাখ্যা দ্বাবা বৈষম্য ও ভেদবাদের কদাচারগুণিল সমর্থনেব তিনি সম্পূর্ণ বিবুদ্ধতা কবিয়া কহিলেন,—“না, আপোষ নহে, চণকাম নহে, গলিত শবদেহকে ফুল দিয়া ঢাকিয়ো না। * * অতি নিন্দার কাপদ্বৃষতা হইতে আপোষ কবিবাব প্রবৃত্তি জন্মে। সাহস অবলম্বন কব। হে আমার প্রিয় সন্তানগণ, সর্বোপরি তোমরা সাহসী হও। কোন কারণেই আপোষ করিতে যাইয়ো না। চরম সত্য প্রচার কর। লোকসমাজেব প্রশ্ণালাভ করিবে না, অথবা অবাক্জনীয় কলহের কারণ ঘটিবে বলিয়া ভীত হইয়ো না। সত্য গোপন না করিয়া যদি তুমি সর্বান্তঃকরণে সত্যেব সেবা কর, তাহা হইলে তুমি এমন ঐশী শক্তি লাভ কবিবে, যে শক্তির সম্মুখে, তুমি যাহা সত্য বলিয়া বিশ্বাস কব না, এমন কথা বলিতে লোকে কম্পিত হইবে। চতুর্দশ বর্ষ কাষ-মন-প্রাণে সত্যেব সেবা কবিলে, লোকে তোমার কথা বিশ্বাস করিবে। কেবল এই উপায়েই তুমি জনসাধাবণেব কল্যাণ কবিতে পাব, তাহাদেব বন্ধন মোচন কবিতে পাব এবং সমগ্র জাতিকে উন্নত কবিতে পার।”

ইতোপূর্বে ১৬ই ডিসেম্বরই স্বামিজী ম্বিতীয়বার ইংলন্ড ও আমেরিকা গমনের অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন, তাহা আমরা যথাস্থানে উল্লেখ করিয়াছি। এক্ষণে গ্রীষ্মাগমে সমুদ্রযাত্রায় তাঁহার স্বাস্থ্য্যামতি হইবে আশা করিয়া বন্ধুবর্গ ও চিকিৎসকগণ একব্যক্যে তাঁহাকে যাত্রার জন্য অনুরোধ কবিতে লাগিলেন। অবশেষে ২০শে জুন স্বামিজীব ইংলন্ড যাত্রার দিন নির্ধারিত হইল। স্বামী তুরিযানন্দ, স্বামিজীর সাগ্রহ অনুরোধে তাঁহার সঙ্গী হইতে প্রস্তুত হইলেন। বালিকা-বিদ্যালয়ের আবশ্যক কার্বে সিন্ডার নিবেদিতাও ইংলন্ড গমনের সঙ্কল্প প্রকাশ করিলেন।

বাল্যকাল হইতে কঠোর ব্রহ্মচর্যব্রতাবলম্বী সংযতমনা যোগী স্বামী তুরিযানন্দ,

সাধারণে ধর্ম-প্রচারকরূপে বক্তৃতা প্রদান করিতে একান্ত অনিচ্ছুক ছিলেন, কিন্তু বিবেকানন্দের সর্বজয়ী প্রীতিব নিকট তাঁহার সমস্ত প্রকার আপত্তি ভাসিয়া গেল। স্বামী তুরিয়ানন্দজীর আমেরিকাগমনের কথা ঠিক হইয়া গেলে তিনি প্রচারকার্যের সুবিধা হইবে বিবেচনায বেদান্তদর্শন সম্বন্ধীয় কয়েকখানি সংস্কৃত পুঁথি সঙ্গে লইয়া যাইতে চাহিলেন। আচার্যদেব সন্মোহনহাস্যে কহিলেন, “শাস্ত্রজ্ঞান ও পুঁথি তারা অনেক দেখেছে। তা’বা ক্ষণিকশক্তি যথেষ্ট প্রত্যক্ষ কবেছে, আমি তা’দেব ষথার্থ ব্রাহ্মণ দেখাতে চাই।” অর্থাৎ তর্ক, যুক্তি, নির্ভীক বাদানুবাদ, বক্তৃতা ইত্যাদি বজঃশক্তি বিকাশ পাশ্চাত্যজগৎ স্বামিজীব মধ্যে বিশেষভাবে লক্ষ্য করিয়াছে। এক্ষণে তিনি সত্ত্বগুণাত্মক ধ্যান, তপস্যা, সাধনা ইত্যাদির সমবায়ে গঠিত প্রকৃত ব্রাহ্মণের পবিত্র জীবন তাঁহাদিগের সম্মুখে আদর্শরূপে স্থাপন করিতে চান।

১৯শে জুন স্বামিজী ও স্বামী তুরিয়ানন্দকে বিদায়-অভিনন্দন প্রদান করিবার জন্য বেলুড মঠে একটি ক্ষুদ্র সভাব অনুষ্ঠান হইল। স্বামিজী “সন্ন্যাসীর আদর্শ ও তাহার সাধন” সম্বন্ধে ইংবাজীতে একটি ক্ষুদ্র বক্তৃতা প্রদান করিলেন। অতিমাত্রায় উচ্চ আদর্শ জাতিকে হীন ও দুর্বল করিয়া ফেলে, বৌদ্ধ ও জৈন ধর্মসংস্কারকগণের অনুবর্তী প্রবল সন্ন্যাসী সম্প্রদায়সমূহের উত্থান ও পতনের ইতিহাস আলোচনা করিয়া স্বামিজী উক্ত সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন। তাই তিনি নবযুগের সন্ন্যাসিবৃন্দকে আদর্শ বুঝাইতে গিয়া বলিলেন,

(১) সাধারণ লোক বাঁচিতে ভালবাসে তোমাদিগকে মৃত্যুকে ভালবাসিতে হইবে। মৃত্যুকে ভালবাসা অর্থ, পবকল্যাণ কামনায সতত আত্মবিসর্জন করিতে প্রস্তুত থাকা।

(২) গৃহাঘ বসিয়া ধ্যান করিতে করিতে দেহত্যাগ কবা রূপ প্রাচীন আদর্শের বর্তমান কালে আর প্রযোজন নাই। শ্রেয়ঃপন্থায় দণ্ডায়মান হইয়া প্রত্যেক মানব-দ্রাতাকেই মুক্তির জন্য সাহায্য করিতে হইবে।

(৩) গভীর ভাবপরিবর্তন ও প্রবল কর্মশীলতার সমবায়ে জীবন গঠন করিতে হইবে। তোমরা সতত গভীর ধ্যানে নিমগ্ন হইবার জন্য প্রস্তুত থাকিবে, আবার পব মদহুতেই মঠসংলগ্ন ভূমি বর্ষণ করিতেও স্বেচ্ছাবোধ করিবে না। শাস্ত্রের কঠিন সমস্যাদ্বার মীমাংসাও করিবে, আবার মঠের জমিতে উৎপন্ন শস্য বাজারে বিক্রয় করিবার জন্যও প্রস্তুত থাকিবে।

(৪) তোমাদিগের প্রত্যেককেই স্মরণ রাখিতে হইবে, এই মঠের উদ্দেশ্য—মানুষ প্রস্তুত করা। রমণীসুলভ কোমলহৃদয়, অথচ শক্তিমান ও বলীয়ান,

স্বাধীনতাপ্রিয়, অথচ বিনীত আত্মাবহ—ইহাই মানুষ্যের লক্ষণ। পরের দৃষ্টিতে অশ্রদ্ধাবিসর্জন করিতে হইবে, অথচ দৃঢ়চিত্ত হইতে হইবে।

হৃদয়ের সঙ্কীর্ণতা ও উচ্ছৃঙ্খল অবাধ্যতাই ব্যক্তিবিশেষকে গান্ধিবন্দ্য সম্প্রদায় গঠনে উৎসাহ প্রদান করে। ইহা বদ্বিষা স্বামিজী নবপ্রতিষ্ঠিত সম্মানসিঁদ্বকে পুনঃ পুনঃ সাবধান করিয়া বলিয়াছেন, “এখানে অবাধ্যগণের স্থান নাই। যদি কেহ অবাধ্য হয়, তাহাকে মমতাবাহিত হইয়া দূর করিয়া দাও, বিশ্বাসঘাতক কেহ না থাকে। বায়দর ন্যায মদুস্ত ও অবাধ্যগতি হও, অথচ এই লতা ও কুঙ্কুমের ন্যায নম্র ও আত্মাবহ হও।”

সপ্তম অধ্যায়

মানবমিত্র বিবেকানন্দ

(১৮৯৯-১৯০২)

“যদি যথার্থ স্বদেশের বা মনুষ্যকুলের কল্যাণ হয়, শ্রীগুরুব পূজা ছাড়া কি কথা, কোনও উৎকট পাপ করিষা খৃষ্টানদের অনন্ত নরক ভোগ করিতেও প্রস্তুত আছি।”

১৮৯৯ সালের ২০শে জুন। প্রভাতে বেলুড় মঠ হইতে যাত্রা কবিষা স্বামিজী গুরুভাইদের সহিত বাগবাজীতে শ্রীশ্রীমাব আলয়ে আসিলেন। শ্রীরামকৃষ্ণভক্তজননী সন্ন্যাসী সন্তানদিগকে পবিত্র সহকায়ে স্বহস্তে ভোজন কবাইষা সন্ধ্যা হইলেন। অপরাহ্নে শ্রীশ্রীমাব পদধূলি ও আশীর্বাদ শিবে ধারণ করিষা, ভক্ত ও বন্ধুগণের নিকট বিদায় লইষা স্বামিজী ভাগবতীতীর্থে ‘প্রিন্সেস ঘাটে’ উপস্থিত হইলেন। বন্ধু শিষ্য ও জনমণ্ডলীবিদাযাভিনন্দন হাস্যমুখে গ্রহণ করিষা স্বামিজী ‘গোলকুন্ডা’ জাহাজে আরোহণ কবিলেন। তাঁহার সঙ্গে চলিষাছেন, সংস্কৃত সাহিত্য দর্শনে সুপণ্ডিত, মহাযোগী স্বামী তুরিয়ানন্দ এবং ভগিনী নিবেদিতা।

ষষ্ঠ বৎসর পূর্বে যে বলিষ্ঠদেহ বিবেকানন্দ অকুতোভয় দুঃসাহসে অপরিচিত পাশ্চাত্যভূমিতে যাত্রা কবিষাছিলেন, আজিকার বিবেকানন্দ তাহা হইতে কত পৃথক। দুই বৎসরের অতিরিক্ত শ্রম ও রোগে শরীর ভাঙিয়া পড়িষাছে, তিনি বৃদ্ধিতেছেন। দেহপাতের আব বলিষ্ঠ নাই। দেহ জীর্ণ, কিন্তু জীর্ণ কোষের মধ্যে, উজ্জ্বল প্রভাতময় নির্মল তবাবির মত আত্মা আপন স্বল্প মহিমায় তীক্ষ্ণ। মনুষ্য ও মাতৃভূমির সেবক যাত্রাব পূর্বে বলিলেন, “* * * জীবন-সংগ্রাম। রণক্ষেত্রেই আমার মৃত্যু হউক। দুই বৎসরের শারীরিক বোগযন্ত্রণা আমার বিশ বৎসর পরমায়ু হরণ কবিষাছে, কিন্তু আত্মা অপরিবর্তিত, অম্লান।”

দেহ দুর্বল, উৎসাহের অন্ত নাই। রামকৃষ্ণ মিশনের নবপ্রতিষ্ঠিত মঞ্চপত্র ‘উদ্বেখনের’ জন্য পরিব্রাজকের রোজনামচা লিখিতেছেন। ভ্রমণকাহিনীর সহিত

মানব-সভ্যতা বিবর্তনের ইতিহাস। ‘গোলকুন্ডা’ চোবাবালু এড়াইয়া সন্তর্পণে চলিষাছে, আর স্বদেশপ্রেমিক বাঙ্গালী সন্ন্যাসী গঙ্গাব দূই তীরে বাঙ্গলার রূপ দূই চক্ষু ভরিয়া পান করিতেছেন। ভাবে বিভোব হইয়া লিখিতেছেন,—“আপনার লোকেস একটি রূপ থাকে, তেমন আর কোথাও দেখা যায় না। নিজের খ্যাদা বোঁটা ভাই বোন ছেলেমেয়ের চেয়ে গম্বর্বলোকেও সুন্দর পাওয়া যাবে না সত্য। কিন্তু গম্বর্বলোক বোঁড়িষেও যদি আপনার লোককে স্বার্থ সুন্দর পাওয়া যায়, সে আহ্লাদ বাখবার কি আর জায়গা থাকে। এই অনন্তশষ্পশ্যামলা সহস্র স্রোতস্বতীমালাধাবণী বাঙ্গলাদেশে একটি রূপ আছে। সে রূপ কিছু আছে মালমালমে (মালাবাব), আর কিছু কাম্মীরে।

“জলে কি আর রূপ নেই? জলে জলময়, মৃষলধারে বৃষ্টি কচুর পাতার ওপর দিঘে গড়িয়ে যাচ্ছে, রাশি রাশি তাল নাবকেল খেজুরের মাথা একটু অবনত হয়ে সে ধারাসম্পাত বইছে, চাবিদিকে ভেকেব ঘর্ষর আওযাজ। এতে কি রূপ নেই? আব আমাদের গঙ্গাব কিনাব, বিদেশ থেকে না এলে, ডায়মন্ডহাববাবের মুখ দিঘে গঙ্গাব না প্রবেশ করলে, সে বোঝা যায় না। সে নীল নীল আকাশ, তার কোলে কালো মেঘ, তাব কোলে সাদাটে মেঘ সোনালী কিনারদাব, তার নীচে ঝোপ ঝোপ তাল নারকেল খেজুরের মাথা বাতাসে সেন লক্ষ লক্ষ চামরের মত হেল্চে, তাব নীচে ফিকে ঘন ঈষৎ পীতভ, একটু কালো মেশান, ইত্যাদি হরেক রকম সবুজের কাঁড়ি ঢালা আম লিচু জাম কাঁঠাল,—পাতাই পাতা—গাছ ডালপালা আর দেখা যাচ্ছে না।

“আশে পাশে ঝাড় ঝাড় বাঁশ হেল্চে দুল্চে, আর সকলের নীচে, যাব কাছে, ইয়ারকান্দী, ইরাণী তুর্কীস্থানী গালচে দুল্চে কোথায হার মেনে যাব,—সেই ঘাস, যতদূর চাও সেই শ্যাম শ্যাম ঘাস, কে যেন ছেঁটে ছেঁটে ঠিক কবে রেখেছে, জলের কিনারা পর্যন্ত সেই ঘাস। গঙ্গার মৃদুমন্দ হিজ্রোল যে অবধি জমিকে ঢেকেছে, যে অবধি অল্প অল্প লীলাময় ধাক্কা দিচ্ছে, সে অবধি ঘাসে আঁটা। আবার তার নীচে আমাদের গঙ্গাজল। আবার পায়ের নীচে থেকে দেখ, ক্রমে উপরে যাও, উপর উপর মাথার উপর পর্যন্ত, একটি রেখার মধ্যে এত রঙেব খেলা, একটি রঙে এত রকমারি আর কোথাও দেখেছ? বলি, বগের নেশা ধরেছে কখন কি? যে রঙের নেশাষ পতঙ্গ আগুনে পড়ে মরে, মৌমাছি ফুলের গারদে অনাহারে মরে?

‘হুঁ, বলি এইবার গঙ্গামার শোভা যা দেখবার দেখে নাও, আর বড় একটা কিছু থাকছে না। দৈত্য-দানবের হাতে পড়ে এ সব যাবে। ঐ ঘাসের জালগায উঠবেন ইটের পাজি, আর নাববেন ইটখোলার গর্তকুল। যেখানে গঙ্গার ছোট ছোট ঢেউগালি

খেলা কব্ছে, নেখানে দাঁড়বেন পাটবোঝাই ফ্ল্যাট, আর সেই গাধা বোট। আর ঐ তাল তমাল আম লিচুর বগা, নীল আকাশ, মেঘের বাহার, ওসব কি আব দেখতে পাবে? দেখবে, পাখুবে কয়লার ধোঁয়া আব তাব মাঝে মাঝে ভূতের মত অস্পষ্ট। দাঁড়িয়ে আছেন কলেব চিম্নি।।।”

জাহাজ ক্রমে বঙ্গোপসাগরে প্রবেশ করিল। “কি সুন্দর! সামনে যতদূর দৃষ্টি যায়, ঘন নীল জল তবঙ্গায়িত ফেনিল, বায়ুৰ সঙ্গে তালে তালে নাচছে। পিছনে আমাদের গঙ্গাজল, সেই বিভূতিভূষণা, সেই “গঙ্গাফেনসিতা জটা পশুপতেঃ।” * * এবাব খালি নীলাম্বর সামনে পেছনে আশে পাশে খালি নীল নীল নীল জল, খালি তবঙ্গভঙ্গ। নীলকেশ, নীলকান্ত অঙ্গাআভা, নীল পটুবাস পবিধান।”

২৪শে জুন জাহাজ মাদ্রাজ বন্দবে উপনীত হইল। স্বামিজীর কলিকাতা পরিভ্রমের সংবাদ যথাসময়ে মাদ্রাজের ভক্তগণকে তাবযোগে জানান হইয়াছিল। কলিকাতায় স্লেগের প্রকোপ তখন প্রশমিত হইলেও “plague regulation”-এর নিয়মানুযায়ী কলিকাতা হইতে আগত কোন ভারতীয় যাত্রীর মাদ্রাজে অবতরণ নিষিদ্ধই ছিল। ঐ আইনের বলে বাজকর্মচারিগণ স্বামিজীর মাদ্রাজে শুভপদার্পণে বিঘ্ন উৎপাদন করিবেন আশঙ্কায় মাদ্রাজ সহরের সম্ভ্রান্ত ব্যক্তিবৃন্দ মিলিত হইয়া মাননীয় পি আনন্দ চাকরুর নেতৃত্বে এক বিবট সভা আহ্বান করিলেন। সভার পক্ষ হইতে স্থানীয় গবর্ণমেন্টের নিকট অনুরোধপত্র প্রেরিত হইল। সকলেই আশা করিয়াছিলেন যে কয়েক ঘণ্টার জন্য স্বামিজীকে মাদ্রাজ সহরে প্রবেশ করিতে দিতে কর্তৃপক্ষ আপত্তি করিবেন না, কিন্তু ফলে দেখা গেল, বহু বিলম্বে স্বাস্থ্য-বিভাগের বড়কর্তা আদেশ দিলেন যে, স্বামিজীকে অবতরণ করিতে দেওয়া হইবে না। বিবেকানন্দের প্রতি ভাবতীয় শাসনকর্তার মোটেই সন্তুষ্টি ছিলেন না। কাম্মীবে মঠ নির্মাণে বাধা দিয়া তত্রত্য ইংবেজ রেসিডেন্ট মিঃ ট্যাভট্‌ যে মনোবৃত্তির পবিচয় দিয়াছিলেন, মাদ্রাজের কর্তৃপক্ষের মনোভাবও তাহার অনুরূপ। স্বামী বিবেকানন্দ তাহাদের নিকট পবাহীন ‘কাল আদম্মী’ ছাড়া বিশেষ কিছুই নহেন।

বিববার দিন প্রভাতে ‘গোলকুন্ডা’ আসিয়া মাদ্রাজ বন্দরে নোঙ্গর করিল। সহস্র সহস্র উৎসুক দর্শক জেটিতে সমবেত হইয়াছিলেন, কিন্তু যখন তাহার সন্নিশ্চিতরূপে বুঝিলেন যে, স্বামিজীকে কিছুতেই বন্দবে অবতরণ করিতে দেওয়া হইবে না, তখন অনেকেই বিবস্তি-বিকৃত-চিন্তে উক্ত স্থান পরিভ্রমণ করিলেন, কেহ কেহ প্রবল আগ্রহবশে নৌকা ভাড়া করিয়া জাহাজের সমীপস্থ হইয়া স্বামিজীর পূণ্যদর্শন লাভ করিলেন। স্বামিজী ডেকের উপর দাঁড়াইয়া হাস্যোজ্জ্বল বদনে

তোককেহ আশীর্বাদ করিতে লাগিলেন এবং কোন কোন ভক্তের প্রদত্ত নারিকেল ইত্যাদি ফল আনন্দের সহিত গ্রহণ করিলেন। মাদ্রাজে অবতরণ করিতে না পারিয়া স্বামিজীও অন্যান্যের মত দ্বঃখিত হইয়াছিলেন, সন্দেহ নাই।

এই ঘটনা লইয়া, বৃটিশ আমলের কৃষ্ণাঙ্গদের প্রতি ব্যবহার এবং ফেব্রুগ ভাবাপন্ন ভাবতবাসীদের বিকৃত রুচি সম্পর্কে স্বামিজী যে তীব্র বিদ্রূপের কশাঘাত করিয়াছিলেন, তাহা ‘পরিব্রাজক’ হইতে উদ্ধৃত করিলাম, “এবার আমবা যখন আসি, তখন জাহাজ কোম্পানী শ্লেগেব ভয়ে কালা আদমী নেওথা বন্ধ করে দিযেছিল এবং আমাদের সরকারেব একটা আইন আছে যে, কোন কালা আদমী এমিগ্রাণ্ট আপিসেব সাটিফিকেট ছাড়া বাইবে না যায়। অর্থাৎ আমি যে স্ব-ইচ্ছায় বিদেশে যাচ্ছি, কেউ আমায় ভুলিযে ভালিযে কোথাও বেচবাব জন্য বা কুলি করবাব জন্য নিয়ে যাচ্ছে না, এইটি তিনি লিখে দিলে তবে জাহাজে আমায় নিলে। এই আইন এতদিন ভদ্রলোকের বিদেশ যাওয়াব পক্ষে নীরব ছিল, এখন শ্লেগেব ভয়ে জেগে উঠেছে, অর্থাৎ যে কেউ ‘নেটিভ’ বাইরে যাচ্ছে, তা যেন সরকার টেব পান। তবে আমাদের দেশে শূদ্র, আমাদের ভেতর অম্মুক ভদ্র জাত, অম্মুক ছোট জাত। সবকারেব কাছে সব নেটিভ। মহারাজা বাজা ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র সব একজাত—‘নেটিভ’। কুলিব যে আইন, কুলিব যে পবীক্ষা, তা সকল ‘নেটিভেব’ জন্য—ধন্য ইংবাজ সরকার। এক ক্ষণেব জন্যও তোমাব কৃপায় সব ‘নেটিভেব’ সগো সমস্ত বোধ কবলাম।

“* * * সব ‘নেটিভ’, সরকার বলছেন। ও কালোব মধ্যে আবাব এক পোঁছ কম বেশী বোঝা যায় না, সরকার বলছেন, ওসব নেটিভ। সেজেগুজে বসে থাকলে কি হবে বল? ও টুপি-টাগা মাথায় দিয়ে আব কি হবে বল? যত দোষ হিন্দুব ঘাড়ে ফেলে সাহেবের গা ঘেঁসে দাঁড়াতে গেলে, লাথি ঝাঁটার চোটটা বেশী বই কম পড়বে না। ধন্য ইংবাজ বাজ। তোমাব ধনে-পুত্রে লক্ষ্মীলাভ তো হয়েছেই, আবে হোক, আবে হোক। কপ্পনি, বৃতিব টুকবো পবে বাঁচি। তোমাব কৃপায়, শূদ্র পাষে, শূদ্র মাথায় হিল্লি দিল্লী যাই তোমাব দবাষ হাতচূবড়ে সপাসপ ডালভাত খাই। দিশী সাহেবিস্ত লুভিযেছিল আব কি, ভোগা দিযেছিল আব কি। দিশি কাগড় ছাড়লেই, দিশি ধর্ম ছাড়লেই, দিশি চালচলন ছাড়লেই, ইংবাজ বাজা মাথায় কোরে নাকি নাচবে শূনেছিলুম, কতেই যাই আর কি, এমন সময় গোরা-পাষেব সবট ল্যাথর হুড়োহুড়ি, চাবুকেব সপাসপ,—পালা পালা, সাহেবীতে কাম নেই, নেটিভ কবলা। সাধ করে শিখেছিল, সাহেবানি কত, গোরার বড়ের তলে



সব হৈল হত।' ধন্য ইংবাজ সরকার, তোমার 'তকৎ তাজ্ অটল বাজধানী হউক'।"

"ব্রহ্মবাদিন্" পত্রিকা পরিচালনা সম্বন্ধে স্বামিজীব সহিত পরামর্শ কবিবার, জন্য এবং শ্রীগুরুদ্বর পুণ্যসংগে কয়েকদিন অতিবাহিত করিবার আগ্রহে কর্মযোগী আলামিগা পেরুমল মাদ্রাজ হইতে কলম্বো যাত্রার জন্য ষ্টিমারে আরোহণ কবিলেন। ষ্টিমার মাদ্রাজ বন্দব পবিত্যাগ কবিষা চার দিবস পবে কলম্বোতে উপনীত হইল।

জয়ধ্বনি-মুখবিত সমুদ্রতীরে অবতরণ কবিবামাত্র স্বামিজী সহস্র সহস্র উৎসুক নবনারী কর্তৃক সাদবে অভ্যর্থিত হইলেন। সুরের কথা, কলম্বোর কর্তারা আর স্লেগ আইনের জববদস্তী দেখাইয়া নীচ মনের পবিচয় দেন নাই। স্যব কুমাৰ-স্বামী ও মিঃ অবুগাচলমকে জনতার মধ্যে উপস্থিত দেখিয়া স্বামিজী সমধিক হৃষ্ট হইলেন। পূর্বাতন বন্ধু ও ভক্তমণ্ডলীব সহিত সমযোচিত আলাপ ও সাদব-সম্ভাষণান্তে স্বামিজী স্থানীয় মিসেস্ হিগিন্স প্রতিষ্ঠিত বৌদ্ধ-বালিকা-বিদ্যালয়েব বোর্ডিং ও তাঁহার পূর্ব পবিচিত কাউন্টেন্স্ ক্যানোভারার প্রতিষ্ঠিত বিদ্যালয় ও মঠ পবিদর্শন করিলেন।

২৮শে জুন প্রভাতে জাহাজ কলম্বো পবিত্যাগ কবিষা এডেন, অভিমুখে যাত্রা কবিল। শ্রীগুরুদ্বর সহিত দীর্ঘ ছয় সপ্তাহকালব্যাপী সমুদ্রযাত্রাটি ভগিনী নিবেদিতা পবম শিক্ষার দিক হইতে আনন্দে বরণ কবিষা লইলেন। ভাবতীয় বীতি তি ধর্ম দর্শন সাহিত্য ইত্যাদি আলোচনাব মধ্য দিষা তাঁহার জগদেকারাধা গুরুদেবের জীবনোদ্দেশ্য ও তৎপ্রচারিত সত্যসমূহকে সর্বদাই শ্রদ্ধা-মুগ্ধহৃদয় লইষা উপলব্ধি করিতে চেষ্টা কবিতেন। এইকালের কতকগুলি অমূল্য কথোপকথন তিনি তাঁহাব "My Master As I Saw Him" নামক সুপ্রসিদ্ধ পুস্তকে লিপিবদ্ধ করিষাছেন। তাঁহাব গুরুদেবের সহিত "অর্থ পৃথিবী অতিক্রমেব" গোববময় অধিকাবলাভকে তিনি তাঁহাব জীবনের সর্বশ্রেষ্ঠ ঘটনা বলিষা বর্ণনা কবিষাছেন। যদিও এইকালে গম্ভীব ও উদাসীন বিবেকানন্দ বাহাজগতের ঘটনা-বোচন্য তে একব্দ অবসব গ্রহণ করিষা আত্মস্থ যোগীর ন্যায় ভাবানন্দে মগ্ন হইষা থাকিতেই অধিকতব আগ্রহ প্রকাশ রতেন, তথাপি তাঁহার সহিত মিশিবার ক্ষুদ্রতম সুযোগটি কোনদিন নিবেদি উপেক্ষা কবেন নাই। তিনি লিখিষাছেন, "এই সমুদ্রযাত্রার প্রথম হইতে শেষ পর্যন্ত নানাবিধ ভাব ও গল্পের অবিরাম স্রোত চলিষাছিল। কেহই জানিত না, কোন মূহুর্তে সহসা স্বামিজীর উপলব্ধির স্কার উদ্ভূত হইবে এবং জ্বলন্ত ভাষা নতুন নতুন সত্যের বার্তা আমরা

শুনতে পাইব। সমুদ্রযাত্রার প্রারম্ভে প্রথমদিন অপরাহ্নে আমবা ভাগীরথী-বক্ষে জাহাজে বসিয়া গল্প করিতেছি, এমন সময় স্বামিজী সহসা বলিয়া উঠিলেন, ‘দেখ, যতই দিন যাইতেছে, ততই আমি স্পষ্ট উপলব্ধি করিতেছি, মনুষ্যত্বলাভই (manliness) জীবনের সর্বশ্রেষ্ঠ সাধনা। এই অভিনব বার্তাই আমি জগতে প্রচার করিতেছি। যদি অন্যায়কর্ম করিতে হয়, তবে তাহাও মানুষ্যের মত কর। যদি দুষ্টই হইতে হয়, তবে একটা বড় বকমের দুষ্ট হইবে।’

আচার্যদেব যদিও অধিকাংশ সময় মৌনভাবে গভীর চিন্তায় নিমগ্ন থাকিতেন, তথাপি সময় সময় একব্দে অজ্ঞাতসাবেই স্বীয় শ্রেষ্ঠতম চিন্তা ও অনুভূতিগুলি ব্যক্ত করিয়া ফেলিতেন, এমন দ্বি একটি কথাও বলিয়া ফেলিতেন, যাহার লৌকিক যুক্তিপূর্ণ কোন হেতু খুঁজিয়া বাহির করা অতীব দুর্ব্বহ ব্যাপার।

একদিন স্বামিজী ডেকেব উপর দাঁড়াইয়া সূর্যাস্ত দেখিতেছেন। পার্শ্বের নিবেদিতা। তখনও সূর্যদেব অস্তমিত হন নাই, পীতাভ-বস্ত্রম-বশ্মমালা লঘু-মেঘখণ্ডগুলির উপর সোনালী স্বপনের মত ছড়াইয়া পড়িয়াছে। নিম্নে বিশাল জলাধর বক্ষে তাহার মনোহর প্রতিচ্ছবিখানি মৃদুতবঙ্গে দুলিয়া দুলিয়া কাঁপিতেছে। অদূরে এটুনা আগ্নেয়গিরি শিখর হইতে অল্প অল্প ধূম নির্গত হইতেছে। ক্রমে জাহাজ মৌসিনা প্রণালীতে প্রবেশ করিবার সঙ্গে সঙ্গে চন্দ্রোদয় হইল। স্বামিজী ডেকেব উপর পাদচারণা করিতে করিতে সিঁটাবকে সৌন্দর্যের দার্শনিক ব্যাখ্যা শুনাইতে লাগিলেন। বহির্জগতে সৌন্দর্যের যে বিকাশ দেখিয়া আমবা মূগ্ধ হই, তাহা যে আমাদের মনের মধ্যেই বর্তমান বাহিরে উহার কোন অস্তিত্ব নাই, ইহা বদ্বাইতে বদ্বাইতে আশ্চর্য আচার্যদেব নীবন হইলেন। ইতালীর উপকূলের ধূসবর্ণ পাহাড়গুলি উপেক্ষাবিশিষ্ট শ্রুতীভঙ্গে গর্বোন্নত শিব তুলিয়া দণ্ডায়মান। অপর পার্শ্বের স্নিগ্ধ চন্দ্রালোকস্নাতা হাস্যময়ী সিসিলি স্বীপ, এ অপূর্ব প্রাকৃতিক সৌন্দর্য দেখিতে দেখিতে স্বামিজী সহসা বলিয়া উঠিলেন, “মৌসিনা আমাকে ধন্যবাদ দিবে, কারণ আমিই তাহাকে এই অতুল সৌন্দর্য প্রদান করিয়াছি।” পরক্ষণেই স্বামিজী তাঁহার বাল্যজীবনের ভগবান্নভের জন্য তীব্র ব্যাকুলতা ও কঠোর সাধনার কথা বর্ণনা করিতে লাগিলেন। কিছুকাল পূর্বেই উচ্চতম-অনুভূতি-প্রভাবে অনুপ্রাণিত হইয়া অজ্ঞাতসাবে তিনি যে কথাটি সহসা বলিয়া ফেলিয়াছিলেন, যেন তাহা শিষ্যকে ভুলাইয়া দিবার জন্যই জ্ঞাতসারে চেষ্টা করিতে লাগিলেন। অনেক সময় তাঁহার শ্রীমুখ হইতে ভাবমুখে এইরূপ অনেক কথা বাহির হইয়া পড়িত, যাহার জন্য পরমুহুর্তেই তিনি অপ্রস্তুত হইয়া সৈন্য পরিচালনা করিতেন।

আর একদিন প্রভাতে জাহাজ যখন জিহলালটার প্রণালীর মধ্য দিয়া চলিতেছিল, স্বামিজী ডেকেব উপর আশ্রয়স্থান হইয়া মূর্তির মত দাঁড়াইয়া আছেন, এমন সময়ে নিবেদিতা তাঁহার নিকট আসিয়া দাঁড়াইলেন। তাঁহাকে দেখিবামাত্র আচার্যদেব তীরভূমি নির্দেশ করিয়া বলিয়া উঠিলেন, “তুমি কি তাহাদের দেখে নাই? তুমি কি তাহাদের দেখে নাই, তাঁবে অবতরণ করিয়া তাহারা ‘দিন দিন’ (বিশ্বাস, বিশ্বাস) ধ্বনিতে দিক্ মূর্খারিত করিতেছে।” এই কথা বলিয়া স্বামিজী ভাবাবেগে অর্ধঘণ্টা কাল ধবিয়া ইসলাম পতাকাবাহী আবব বীরগণের স্পেন-বিজয় কাহিনী বর্ণনা করিলেন।

নিবেদিতা যত্নসহকারে আচার্যদেবের অমূল্য উপদেশগুলি লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। সেগুলি অভিনিবেশ সহকারে পাঠ করিলে আমরা দেখিতে পাই, সেই ক্ষীণ-ভবানী মন্দিরবেব দৈববাণী, জগন্মাতার স্নেহকরুণ মৃদু ভৎসনা তাঁহার চারিদে বিচিত্র পরিবর্তন আনিয়া দিলেও, সর্বত্যাগী সন্ন্যাসী ভারতের কল্যাণচিন্তা হইতে ক্ষণকালের জন্যও বিবত হন নাই। ভারতের পৌরাণিক ও ঐতিহাসিক কাহিনীগুলির আলোচনা আবস্ত হইলেই তাঁহার ভাবমুগ্ধ হৃদয় বর্তমান শোচনীয় অধঃপতনের নৈবাশ্যব্যঞ্জক দৃশ্যগুলি যেন সম্পূর্ণরূপে বিস্মৃত হইত। গভীর শ্রদ্ধা সহিত তিনি একটা মহিমামন্ডজ্বল ভবিষ্যৎকে জীবন্ত বাস্তবরূপে চিত্রিত করিয়া তুলিতেন, আর এইখানেই আমরা তাঁহার প্রতিভাদীপ্ত ব্যক্তিত্বের প্রভাব অধিকতর সুস্পষ্টরূপে অনুভব করিয়া থাকি। ভারতের উত্থান-পতনের ইতিহাস ও জগন্মিত্য আবির্ভূত মহাপুরুষগণের জীবন ও বাণীব মধ্যে তিনি জাতীয়-জীবনের মূল উদ্দেশ্যের একটা ঘাত-ঃ বিকাশ সর্বদাই উপলব্ধি করিতেন, ইদানীং “বাহ্য জাতির সঙ্ঘর্ষে ভারত ক্রমে বিনষ্ট হইতেছে। এই স্বল্প জাগরুকের ফলস্বরূপ স্বাধীন-চিন্তার কিঞ্চিৎ উন্মেষ। একদিকে প্রত্যক্ষ শক্তি-সংগ্রহরূপ প্রমাণবাহন শতসূর্য্যজ্যোতিঃ আধুনিক পাশ্চাত্য বিজ্ঞানের দৃষ্টি-প্রতিঘাতী প্রভা, অপরদিকে স্বদেশী বিদেশী বহু মনোবী উল্ঘাটিত যুগযুগান্তরের সহানুভূতি-যোগে সর্বশবীবে ক্ষিপ্ৰসম্ভাবী, বলপ্রদ, আশাপ্রদ, পূর্বপুরুষদিগের অপূর্ব বীৰ্য, অমানব প্রতিভা ও দেবদর্শন অধ্যাত্ম-কাহিনী। একদিকে জড়বিজ্ঞান, প্রচুর ধনধান্য, প্রভূত বলসম্পদ, তীব্র ইন্দ্রিয়সুখ, বিজাতীয় ভাষায় মহাকোলাহল উত্থাপিত করিতেছে, অপরদিকে এই মহাকোলাহল ভেদ করিয়া, ক্ষীণ অথচ মর্মভেদী স্বরে পূর্বদেবদিগের আত্মনাদ কর্ণে প্রবেশ করিতেছে। সম্মুখে বিচিত্র যান, বিচিত্র পান, সুসজ্জিত ভোজন, বিচিত্র পরিচ্ছদে লজ্জাহীন বিদুষী নারীকুলের নৃতন ভাব, নৃতন ভঙ্গী,

অপূর্ব বাসনার উদয় করিতেছে। আবার মধ্যে মধ্যে সে দৃশ্য অন্তর্হিত হইয়া, ব্রত, উপবাস, সীতা, সাবিত্রী, তপোবন, জটা-বল্কল, কষাঘ-কোপীন, সমাধি, আশ্বান-সম্মান উপস্থিত হইতেছে।”

“একদিকে মিশনারী, অন্যদিকে ব্রাহ্ম কোলাহল,” “একদিকে গতানুগতিক জড়পশুভবং সমাজ, অন্যদিকে অস্থির, ধৈর্যহীন, অগ্নিবর্ষণকারী সংস্কারক,” এই ভাববিস্ময়সমৃদ্ধ অ-ভাবের মধ্যে কেবল পশ্চিমের দিকে অহোরাত্র হাত পাতিয়া থাকিবার জন্য কি পৃথিবীর পূর্বদিকে আমাদের জন্য স্থান নির্দিষ্ট হইয়াছিল? এই সমস্যা ম্বারাই বিবেকানন্দের জীবন অন্তবে ও বাহিবে প্রবল ঝড়ে প্রকাশ্য বট-বৃক্ষের ন্যায় আলোড়িত হইয়াছে। তাঁহার জীবনের ঝড় পূর্ব ও পশ্চিম উভয় সমুদ্রেই তরঙ্গ তুলিয়াছে। তথাপি কটিদেশ কোপীনে আবৃত কবিয়া এই চক্ষুস্মান্ সম্রাসী সূর্যোদয়ের প্রতীক্ষায় তাঁহার দেশের মাটীর উপবই পূর্বাসা হইয়া দণ্ডায়মান হইয়াছিলেন। জাতীয় সংস্কৃতি ও সভ্যতার প্রতি বিদ্রোহ করিয়া পবেব নবল কবিয়া যে একটা জাতির অভ্যুদয় হইতে পাবে না, ইহা বিবেকানন্দই অতি দঃসাহসের সহিত প্রথম আমাদেরকে শুনাইয়াছিলেন। জাতির স্বভাবধর্ম হইতে, স্বাভাবিক বিকাশ হইতে বিচ্ছিন্ন হইয়া ফেবৎগ শিক্ষা-দীক্ষার অসংযত আক্ষফালন, ইহা কি অভিব্যক্তি? ইহা অনুকবণ, ইহা আত্মবিস্মরণ, ইহা জাতীয় প্রকৃতির বিবৃদ্ধ অতি জঘন্য ব্যাভিচার। আব এই ব্যাভিচারের প্রতিকার নির্দেশ কবিতে গিয়া আচার্যদের সময় সময় তাঁহার জীবনের মহান্ উদ্দেশ্যের বিষয় উৎসাহোদ্দীপ্ত কণ্ঠে ব্যক্ত করিতেন। সিন্ধুর নিবেদিতা তন্ময় হইয়া সেই সূর্যোগে স্মরীয় গুবুদর ধারণা, আশা ও আকাঙ্ক্ষাগুলি প্রবণ করিতেন। তাঁহার বিশ্বাস ছিল, অদূর ভবিষ্যতে যে অসংখ্য মহাপ্রাণ জ্ঞানী ও কর্মী জন্মগ্রহণ করিয়া বিবেকানন্দের স্বপ্নগুলি কার্যে পবিণত করিবার চেষ্টায় জীবন উৎসর্গ কবিবে, তাহাদিগের ও স্বামিজীর মধ্যে তিনি “বার্তাবাহী (Transmitter) বা সেতু” রূপে নিত্যকাল বিরাজমান থাকিবার গৌরবময় অধিকার লাভ করিয়া ধন্য হইয়াছেন। এই দূর্বপ্রসারী দাষিত্ববোধের প্রেরণায় একদিন নিবেদিতা স্বামিজীকে প্রশ্ন কবিয়াছিলেন যে, ভাবভেব কল্যাণকল্পে তিনি যে সকল উপায় নির্ধারণ করেন, তাহার সহিত অপবাপর ভারতাহঁতৈষিগণের প্রচারিত আদর্শের প্রত্যক্ষভাবে কোন কোন বিষয়ে পার্থক্য পবিলক্ষিত হয়। নিবেদিতা জানিতেন যে, এইপ্রকার সোজাসৃজি প্রশ্ন কবিয়া বিবেকানন্দের মনের কথা টানিয়া বাহিব কবা অতীব দূরূহ ব্যাপার, কিন্তু তাঁহার প্রশ্নের উত্তরে স্বামিজী যখন ভিন্নমতাবলম্বী নেতাগণের কার্যপ্রণালীর প্রতিকূল সমালোচনা করা দূরে থাক্, বরং

তাহাদের চরিত্র ও উদ্যমের মনুষ্যকণ্ঠে প্রশংসাই করিতে লাগিলেন, তখন বিস্মিতা নিবেদিতা আব ঐ বিষয়ে স্বামিজীব মতামত জ্ঞানিবাব জন্য তাহাকে বিরক্ত করা সঙ্গত মনে করিলেন না। সহসা সম্মুখ সম্মুখ স্বামিজী ঐ প্রসঙ্গ পুনরুত্থাপন করিয়া বলিতে লাগিলেন, “যাহারা তাহাদের ব্যক্তিগত কুসংস্কারগুলি আমার স্বদেশ-বাসীর মধ্যে ঢালাইয়া দিতে চাহে, আমি সর্বান্তঃকরণে তাহাদিগের তীব্র প্রতিবাদ করিব। মিশরদেশের পদবাত্তালোচনাকারিগণের মিশরদেশের প্রতি অনুবাগেব ন্যায্য, কাহারও কাহারও ভারতের প্রতি একটা স্বার্থজড়িত অনুবাগ থাকা বিচিত্র নহে। প্রত্যেকেই স্ব স্ব শিক্ষা, কল্পনা ও পুস্তক-নিবন্ধ-ধারণাব অনুকূলভাবে ভাবতক্ষে প্রত্যক্ষ করিতে চাহে। আমার ইচ্ছা প্রাচীন ভারতে যাহা কিছু গোঁবময়, তাহাব সহিত বর্তমানযুগের ভাল জিনিষগুলি স্বাভাবিকভাবে একত্রীভূত হইয়া নবীন ভাবত গড়িয়া উঠুক। আর এই উন্নতিমূলক গঠনব্যাপারটি সম্পূর্ণরূপে সর্বপ্রকার বাহিঃশক্তিকে উপেক্ষা করিয়া হওয়াই বাঞ্ছনীয়।”

প্রাচীন ও আধুনিকের এইরূপ সম্মিলন যে একটা অসম্ভব কাল্পনিক ব্যাপার নহে, তাহা নির্দেশ করিতে গিয়া তিনি শ্রীবামকৃষ্ণের জীবনের প্রতি বিশেষ ভাবে লক্ষ্য করিয়া বলিলেন, “তিনিই উহাব পশ্চাত্তরূপ—অন্ততঃ অহংজ্ঞানবাহিত পশ্চাত্তরূপ।” বলিতে বলিতে স্বামিজী দৃঢ়স্ববে বলিয়া উঠিলেন, “তিনিই সেই অসাধারণ জীবন-যাপন করিয়া গিয়াছেন, আমি তাহাব ব্যাখ্যাকার মাত্র।”

৩১শে জুলাই আচার্যদেব লন্ডনে পৌঁছিলেন। টেলিবেরী ডকে অবতরণ করিয়া তিনি ইংবেজ শিষ্য ও শিষ্যাগণের মধ্যে দুইজন আমেরিকান শিষ্যকে তাহার অভ্যর্থনার্থ দণ্ডায়মান দেখিয়া বিস্মিত ও আনন্দিত হইলেন। ইহাবা সংবাদপত্রে স্বামিজীর ইংলন্ড আগমনের সংবাদ অবগত হইয়া গুরুদর্শনের তীব্র আকাঙ্ক্ষায় ডিট্রয়েট হইতে লন্ডনে আগমন করিয়াছিলেন। স্বামিজী লন্ডন হইতে কিয়দ্দূরে উইম্বল্ডন নামক স্থানে বাস করিতে লাগিলেন। এবাব স্বামিজী দর্শনার্থী জিজ্ঞাসুগণের সহিত ধর্মালোচনা করা ব্যতীত প্রকাশ্যভাবে কোন বক্তৃতা প্রদান করিলেন না। অবশেষে আমেরিকা হইতে পুনঃ পুনঃ আহত হইয়া ১৬ই আগষ্ট গুরুদ্রাতা তুবিয়ানন্দ ও আমেরিকান শিষ্যস্বয় সমভিব্যাহারে নিউইয়র্ক যাত্রা করিলেন। এই সমুদ্র-যাত্রা প্রসঙ্গে স্বামিজীব শিষ্যা মিসেস ফার্মাক লিখিয়াছেন, “সমুদ্রযাত্রা এই দশটি দিনের স্মৃতি কখনও ভুলিবার নহে। প্রত্যহ প্রভাতে গীতাপাঠ ও ব্যাখ্যা হইত এবং কখনও সংস্কৃত কবিতা ও কাহিনীর আবৃত্তি ও অনুবাদ প্রবণ করিতাম, কখনও বা প্রাচীন বৈদিক প্রার্থনামন্ত্রসমূহ পাঠ হইত। নিস্তরঙ্গ সমুদ্র,

মনোহর চন্দ্রকরোজ্জ্বল রাতি। একদিন গুরুদেব ডেকের উপর পাদচারণা করিতে করিতে প্রাকৃতিক সৌন্দর্যের বিষয় আত্মাদিগকে বদ্বাইতেছেন। শূদ্রজ্যোৎস্নাবিধৌত তাঁহাব দীর্ঘ বববপুস্থানি অতি মনোহর দেখাইতেছিল। এমন সময় সহসা দণ্ডায়মান হইয়া তিনি বলিয়া উঠিলেন, “মাযাব বাজ্যেব দৃশ্যাবলীই যদি এত সুন্দর হয়, তাহা হইলে ভাবিয়া দেখ, ইহার পশ্চাতে অবস্থিত সেই সত্যস্বরূপ কত সুন্দর।”

“আব একদিন জ্যোৎস্নালোকিত সম্মায তিনি নীরবে দাঁড়াইয়াছিলেন। অপূর্ব সৌন্দর্যময়ী বজ্রনীল উজ্জ্বল রূপবাশি, উর্ধ্ব স্বর্ণবর্ণ পূর্ণচন্দ্র হাসিতেছিল, তন্ময় হইয়া এই দৃশ্য দেখিতে দেখিতে তিনি হস্ত উত্তোলন করিয়া বলিলেন, ‘কবিতার সাব সম্মুখে বিস্মৃত রহিয়াছে—কবিতা আবৃত্তি কবিবার প্রয়োজন কি?’”

নিউইয়র্কে আচার্যদেব লিগেট-দম্পতির আতিথি হইলেন। তাঁহাদেব ভবনে কয়েককাল যাপন কবিয়া সেইদিন অপবাঙ্কেই লিগেট-দম্পতিব অনুরোধে গুরুদ্রাতা তুরিয়ানন্দ সমভিব্যাহাবে নিউইয়র্ক হইতে ১৫০ মাইল দূরবর্তী তাঁহাদিগেব পল্লী-ভবন “বিজ্জলম্যানব’ নামক স্থানে প্রস্থান করিলেন। স্বামিজীব দৈহিক অবস্থা দর্শনে সহৃদয় লিগেট-দম্পতি সহসা তাঁহাকে প্রচার-কার্য আবম্ভ কবিতে দিলেন না। ভগ্নদেহ কঠোর পবিগ্রমেব ভার সহ্য করিতে পাবিবে না আশঙ্কা কবিয়া তাঁহাবা স্বামিজীব সূচিকংসার বন্দোবস্ত কবিয়া দিলেন। একমাস পব নিবেদিতা ইংলণ্ড হইতে আসিলেন। এদিকে স্বামী অভেদানন্দজী প্রচার-কার্যেব জন্য অন্যত্র ছিলেন, কাজেই নিউইয়র্কে স্বামিজীব সহিত যথাসময়ে দেখা কবিতে পারেন নাই, কয়েকদিন পর তিনিও তথায় আগমন কবিলেন। স্বামিজী তাঁহার নিকট বেদান্ত-প্রচার-কার্যেব সাফল্যেব সংবাদ ও নিউইয়র্কে “বেদান্ত-সমিতির” একটি স্থায়ী বাটীব বন্দোবস্ত হইতে চলিয়াছে শুনিয়া আনন্দিত হইলেন এবং গুরুদ্রাতাব নিঃস্বার্থ উদ্যমেব জন্য ভূয়সী প্রশংসা করিলেন। অভেদানন্দজী একদিবস পবেই বেদান্ত-সমিতি-সংক্রান্ত কাজে নিউইয়র্কে ফিরিয়া আসিলেন। তিনি ১৫ই অক্টোবর বেদান্ত-সমিতিব নতুন গৃহপ্রতিষ্ঠা সূচসম্পন্ন করিয়া ২২শে তারিখ হইতে বক্তৃতা প্রদান ও প্রশ্নোত্তর-ক্লাসেব কাজ চালাইতে লাগিলেন। বলা বাহুল্য, ভাবতে অবস্থানকালীন স্বামী অভেদানন্দ অক্লান্ত পবিগ্রম ও দক্ষতার সহিত প্রচার-কার্য অক্ষুণ্ণ রাখিয়াছিলেন। এদিকে স্বাস্থ্যোন্নতিব সঙ্গে সঙ্গে বিবেকানন্দ নিউইয়র্কে আসিবার জন্য অধীর হইয়া উঠিলেন। অবশেষে ৫ই নভেম্বর আতিথি-বৎসল লিগেট-দম্পতিব নিকট বিদায় গ্রহণ করিয়া নিবেদিতা ও স্বামী তুরিয়ানন্দজী সহ নিউইয়র্কে উপনীত হইলেন।

৮ই নভেম্বর বেদান্ত-সমিতি গৃহে আহৃত প্রমোদন-সভায় স্বামী বিবেকানন্দ সাধাবণেব সম্মুখে উপস্থিত হইলেন। স্বামী অভেদানন্দজী বেদান্ত-সমিতির নতুন সভাপণেব সহিত তাঁহাব পরিচয় কবাইয়া দিলেন। শত শত উৎসুক নরনারীব, আগ্রহপূর্ণ আবেদনে স্বামিজী স্বয়ং জিজ্ঞাসু ব্যক্তিগণের প্রশ্নেব উত্তর দিয়া তাঁহাদিগকে কৃতার্থ করিলেন। ১০ই নভেম্বর স্থানীয় জনসাধারণেব পক্ষ হইতে তাঁহাকে অভিনন্দন প্রদান কবা হইল। আচার্যদেব পুরাতন বন্ধুবান্ধব ও শিষ্য-মণ্ডলীর সহিত মিলিত হইয়া আনন্দের সহিত উক্ত অভিনন্দন পত্রের সম্বোধিত উত্তর প্রদান কবিলেন।

স্বামী তুরিয়ানন্দজী, অভেদানন্দজীর সহিত মিলিত হইয়া বেদান্ত-সমিতির কার্যভাব গ্রহণ কবিলেন। স্বল্পকাল মধ্যে তাঁহাব উদার ও সম্মত চরিত্রেব প্রভাব জনসাধারণেব হৃদয় আকর্ষণ কবিল। কয়েক সপ্তাহ পবেই তিনি আহৃত হইয়া নিউইয়র্কের নিকটবর্তী মণ্ট ক্লেয়ার নামক স্থানে গমন করিলেন। ডিসেম্বর মাসে কেম্ব্রিজে বেদান্ত-প্রচার-কার্যে তিনি সমধিক খ্যাতি ও প্রতিপত্তি লাভ কবিলেন। ১০ই ডিসেম্বর কেম্ব্রিজ কনফারেন্সেব বন্দোবস্তানুযায়ী তিনি “শঙ্কবাচার্য” সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকবৃন্দ ও অন্যান্য বহু দার্শনিক ও ধর্মযাজক মনোযোগের সহিত নবাগত স্বামীর প্রবন্ধ শ্রবণ করিয়া শতমুখে প্রশংসা করিতে লাগিলেন। এইরূপে স্বামী তুরিয়ানন্দ ও হিন্দুধর্ম ও দর্শনেব প্রতি প্রত্যাশাম্পন্ন আমেরিকান নবনাবীগণ কর্তৃক অন্যতম আচার্যরূপে পরিগৃহীত হইলেন।

বহু শিক্ষিত নবনারী, যাঁহাবা বিবেকানন্দেব পুস্তক ও বক্তৃতাবলী পাঠ করিয়া তাঁহার প্রতি প্রত্যাশাম্পন্ন হইয়াছিলেন, তিনি আমেরিকাষ আগমন কবিয়াছেন সংবাদ পাইয়া দর্শনার্থী হইয়া তাঁহারা দলে দলে নিউইয়র্কে আগমন করিতে লাগিলেন। স্বামিজীও নির্বিচারে ব্যক্তিমাটকেই সাদরে গ্রহণ কবিয়া তাহাদের উপদেশ দিতে কখনও বিবক্তি প্রকাশ কবিতেন না। পুরাতন বন্ধুবান্ধব ও শিষ্য-শিষ্যাগণের সাগ্রহ আহ্বানে তিনি নিউইয়র্কের কাছাকাছি বোস্টন, ডিট্রয়েট, ব্রুকলীন প্রভৃতি সহর ঘুরিয়া আসিলেন। অস্তবঙ্গ ভক্ত ও বন্ধুমণ্ডলীব সহিত দুই সপ্তাহকাল আনন্দের সহিত যাপন করিয়া স্বামিজী কালিফোর্নিয়া অভিমুখে যাত্রা কবিলেন।

প্রচাবকার্যেব দায়িত্ব তিনি পূর্ব হইতেই সূযোগ্য গুরুভ্রাতাদিগের স্কন্ধে নিক্ষেপ করিয়াছিলেন। এইকালে সম্রাসীর সর্বতোমুখী স্বাধীনতা তাঁহার আচারব্যবহারের মধ্যে এমন সুস্পষ্টভাবে ফুটিয়া উঠিত যে, তাঁহাকে দেখিলে মনে হইত, যেন তিনি

বাহ্যজগতের দাষিত্ব ও কর্তব্যের বন্ধন ছিন্ন করিতে উদ্যত হইয়াছেন। কালিফোর্নিয়ার পথে স্বামিজীকে বাধ্য হইয়া শিকাগোয় অবতরণ করিতে হইল। বন্ধু ও ভক্তমণ্ডলীর প্রত্যাশা পূর্ণ আকিঞ্চন তিনি উপেক্ষা করিতে পারিলেন না। স্বামিজীব অভ্যর্থনার আয়োজনের কোন চেষ্টা হয় নাই। স্বামিজী কয়েকদিন শিকাগোয় অবস্থান করিয়া নতুন ও পুরাতন ভক্তমণ্ডলীর মনোবাসনা পূর্ণ করিলেন। অবশেষে তাঁহাদের নিকট বিদায় গ্রহণ করিয়া ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে কালিফোর্নিয়ায় উপনীত হইলেন। ১৯০০ সালের জুন মাস হইতে ক্রমাগত সাতমাস কাল তিনি উক্ত প্রদেশে অবস্থান করিয়াছিলেন।

স্বামিজী কালিফোর্নিয়ার প্রধান নগরী লস্ এঞ্জেল্‌সে পদার্পণ করিবামাত্র মিসেস্ বোল্ডগেট তাঁহাকে স্নানার্থে আতিথ্য গ্রহণ করিবাব জন্য আহ্বান করিলেন। তাঁহার বন্ধু মিস্ ম্যাকলিষডও তথায় পূর্ব হইতে অবস্থান করিতেছিলেন। স্বামিজীব আগমনের কয়েকদিন পরেই প্রত্যহ দলে দলে নবনাবী তাঁহার দর্শনার্থী হইয়া আগমন করিতে লাগিলেন। অনেকেই তাঁহার পুস্তকাবলী পাঠ করিয়া এমন মন্থ হইয়াছিলেন যে, বিবেকানন্দ লস্ এঞ্জেল্‌সে অবস্থান করিতেছেন জানিতে পারিয়া দূর দূরান্তর হইতে তাঁহার নিকট সমাগত হইতে লাগিলেন। কালিফোর্নিয়ার অন্যান্য নগরসমূহ হইতে প্রত্যহ সাগ্রহ আহ্বান আসিতে লাগিল। প্রত্যহ প্রভাতে ও অপরাহ্নে প্রস্নোত্তর-সভার অনুষ্ঠান বিরামহীনভাবে চলিতে লাগিল। অবশেষে সর্বসাধারণের একান্ত অনুরোধে তিনি পুনরায় বক্তৃতা প্রদান করিতে স্বীকৃত হইলেন। ৮ই ডিসেম্বর “ব্রাঙ্কার্ডবুক” নামক সুপ্রশস্ত ভবনে সহস্রাধিক শ্রোতার সম্মুখে “বেদান্তদর্শন” সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করিলেন। এইরূপে ফেব্রুয়ারী মাসের মধ্যভাগ পর্যন্ত লস্ এঞ্জেল্‌সের বিভিন্নস্থানে তিনি ক্রমাগত কতকগুলি বক্তৃতা প্রদান করিলেন। এককথায় বলিতে গেলে প্রতিদিনই তাঁহাকে বক্তৃতা করিতে হইত। সৌভাগ্যক্রমে স্থানীয় জলবায়ু স্বামিজীর স্বাস্থ্যের পক্ষে অনুকূলই ছিল। অত্যধিক কঠোর পরিশ্রম সত্ত্বেও তিনি পূর্বের ন্যায় শ্রান্ত হইয়া পড়িতেন না। বক্তৃতা ও কথোপকথন ব্যতীত প্রত্যহ প্রভাতে ও সন্ধ্যায় কতিপয় অনুবাগী শিষ্য ও ছাত্রকে রাজ্যযোগ শিক্ষা দিতে লাগিলেন। স্থানীয় “হোম অফ্ ট্রুথের” মেন্সরগণ স্বামিজীর প্রতি এত অধিক আকৃষ্ট হইয়া পড়িলেন যে, তাঁহারা স্বামিজীকে তাঁহাদের ভবনে লইয়া গেলেন এবং তাঁহার দৈনিক অভাব ইত্যাদি পরেণে ভার গ্রহণ করিলেন। উক্ত সমিতির সভ্যবৃন্দের উৎসাহ ও আগ্রহ দেখিয়া স্বামিজী আনন্দের সহিত তাঁহাদিগের মধ্যে অবস্থান করিতে লাগিলেন। স্বামিজী দুইমাসের মধ্যেই

কালিফোর্ণিয়ার প্রচার-কার্যে যথেষ্ট সাফল্যলাভ করিলেন। স্থানীয় সংবাদ-পত্রসমূহে তাঁহার পবিত্র চরিত্র ও নিঃস্বার্থ প্রচার-কার্যের বার্তা প্রকাশিত হইতে লাগিল।

ফেব্রুয়ারী মাসে স্বামিজী ওক্ল্যান্ডেব সর্বপ্রধান ইউনিটেরিয়ান চার্চের ধর্ম-যাজক বেভারেন্ড ডাক্তার বেঞ্জামিন কে মিলসেব আহবানে তথায় গমন করিলেন। উক্ত চার্চে স্বামিজী ক্রমাগত আটটি বক্তৃতা প্রদান করিলেন। প্রত্যহ প্রায় দুই সহস্র শ্রোতা আগ্রহের সহিত তাঁহার উদার ধর্মমত শ্রবণ করিবার জন্য সমবেত হইতেন। স্থানীয় সংবাদপত্রসমূহে তাঁহার বক্তৃতাব সাবাংশ ও উদ্দেশ্য ইত্যাদির বিষয় প্রত্যহ আলোচিত হইতে লাগিল। এই সময় ডাক্তার মিলস্ কর্তৃক একটি ধর্মসভা (Congress of religions) আহুত হইয়াছিল। কালিফোর্ণিয়ার বিভিন্ন স্থান হইতে সমবেত শত শত মিশনারী ও ধর্মযাজক উক্ত সভায় যোগদান করিয়াছিলেন। সকলেই আচার্যদেবেব উদার ধর্মমত ও ধর্মসম্মত্বেব অপূর্ব বার্তা আগ্রহেব সহিত শ্রবণ করিয়া শতমুখে প্রশংসা করিতে লাগিলেন। ডাক্তার বেঞ্জামিন স্বামিজীর উন্নত পবিত্র চরিত্রের মাধুর্যে ও অসীম আধ্যাত্মিক অন্তর্দৃষ্টির সহিত ঘনিষ্ঠভাবে পরিচিত হইয়া এমন মন্থ হইয়াছিলেন যে, একদিন শ্রোতৃবৃন্দের সম্মুখে স্বামিজীব পরিচয় প্রদান করিতে গিয়া বলিয়াছিলেন:—

“A man of gigantic intellect indeed, one to whom our greatest university Professors were as mere children ”

মিসেস্ আনি বেষালন্তের ভাষায় “এই অপ্রতিম্বন্দ্বী প্রাচ্য-প্রচারকের অতুলনীয় আধ্যাত্মিক বার্তার মহিমার” কথা কালিফোর্ণিয়া প্রদেশের প্রতি নগরে নগরে গ্রামে গ্রামে আলোচিত হইতে লাগিল। ওক্ল্যান্ড হইতে স্বামিজী ফেব্রুয়ারী মাসের শেষভাগে সানফ্রান্সিস্কোয় পদার্পণ করিলেন। স্থানীয় সম্ভ্রান্ত ও শিক্ষিত ব্যক্তিবর্গ সমাগত দর্শনার্থিগণের সন্নিবিধার জন্য টাকার স্ট্রীটে একটি সুবৃহৎ অট্টালিকা তাঁহার আবাসস্থলরূপে নির্দিষ্ট করিয়া দিলেন। কয়েকদিন পবেই স্বামিজী স্থানীয় “গোল্ডেন গেট্ হলে” সহস্র সহস্র শ্রোতার সম্মুখে তাঁহার প্রথম ও সূপ্রসিদ্ধ “সর্বজনীন ধর্মের আদর্শ” নামক বক্তৃতা প্রদান করিলেন। মন্ত্রমুগ্ধ জনতা একাগ্র আগ্রহে প্রায় দুই ঘণ্টাকাল সমস্ত্রমে দণ্ডায়মান হইয়া তাঁহার শ্রীমুখাবগলিত অমৃত-মধুর সত্যের বাণী শ্রবণ করিল। বক্তৃতান্তে স্বামিজী আসন পরিগ্রহ করিলে সান্মিলিত জনতা উচ্চকণ্ঠে তাঁহাকে সাধুবাদ প্রদান করিতে লাগিল। সেই মন্থর্তে সকলেই যেন প্রাণে প্রাণে অনুভব করিয়াছিলেন, এই জগৎকল্যাণেকসর্বস্ব মহাপুরুষ

সত্য সত্যই ঈশ্বরের দূতরূপে মন্দির অভিনব বার্তা বহন করিবার জন্যই ধরাতলে অবতীর্ণ হইয়াছেন।

মার্চ মাসে স্বামিজী কৃষ্ণ, বদ্বন্দ্য, খৃষ্ট, মহম্মদ প্রভৃতি মহাপুরুষগণ সম্বন্ধে কতকগুলি ধারাবাহিক বক্তৃতা প্রদান করিলেন। এতম্ব্যাতীত সাধারণের আগ্রহে তাঁহাকে প্রায়ই “রাজযোগ” সম্বন্ধে বক্তৃতা প্রদান করিতে হইত। স্বামিজীব এইকালে প্রদত্ত অমূল্য বক্তৃতাবলীর অধিকাংশই লিখিত হয় নাই। যদি গদ্যভূক্ত মিঃ গড্‌উইন জীবিত থাকিতেন, তাহা হইলে স্বামিজীব গ্রীষ্মকোষ্ঠারিত সামান্য কথ্যাটও ষথায়থভাবে লিপিবদ্ধ থাকিত।

প্রভাতে যোগশিক্ষার্থী ছাত্রবৃন্দকে শিক্ষাপ্রদান, অপরাহ্নে বক্তৃতা, স্বামিজীব বিশ্রামের অবকাশ অল্পই ছিল। কিন্তু কর্মের এই উচ্ছল কোলাহলের মধ্যেও সময় সময় তাঁহার অনাসক্ত মন এক “অজ্ঞাত” “অব্যক্ত” ভাবরাজ্যে ডুবিয়া যাইত। এইরূপ উচ্চভাবে অভিভূত হইয়া স্বামিজী তাঁহার বন্ধু মিস্‌ ম্যাকলিষডকে ১৯০০ সালের ১৮ই এপ্রিল লিখিয়াছিলেনঃ—“কর্ম কবা সব সময়েই কঠিন। আমার জন্য প্রার্থনা কর, যেন চির্বদিনের তরে আমার কাজ করা বন্দ্য হ’য়ে যায়, আব আমার সমুদয় মনপ্রাণ যেন মায়েব সন্তাষ মিলে একেবাবে তন্ময় হ’য়ে যায়। তাঁর কাজ তিনিই জানেন।

“আমি ভাল আছি, মানসিক খুব ভাল আছি। শরীবের চেয়ে মনের শান্তি-স্বচ্ছন্দতাই খুব বেশী অনুভব করছি। লড়াইয়ে হার-জিত দুই-ই হ’ল, পুটলী-পাটলা বোঁধ সেই মহান মন্দিরদাতার অপেক্ষায় বসে আছি। ‘অব শিব পাব কর মেবে নাইয়া’—হে শিব, হে শিব! আমার তবী পাবে নিষে যাও প্রভু।

“যতই যা’ হোক, জো, আমি এখন পূর্বের সেই বালক বই আব কেউ নই, যে দক্ষিণেশ্বরের পঞ্চবটীতলায় বামকৃষ্ণের অপূর্ব বাণী অবাক্ হ’য়ে শুনতো আর বিভোর হ’য়ে যেতো। ঐ বালক ভাবটাই হচ্ছে আমার আসল প্রকৃতি, আর কাজকর্ম, পবোপকার ইত্যাদি যা’ কিছু কবা গেছে, তা’ ঐ প্রকৃতির উপরে কিছুকালের জন্য আরোপিত একটা উপাধি মাত্র। আহা আবাব তাঁর সেই মধুর বাণী শুনতে পাচ্ছি, সেই চিরপরিচিত কণ্ঠস্বর। যা’তে আমার প্রাণের ভিতরটাকে পর্যন্ত কণ্টকিত করে তুলছে। বন্ধন সব খসে যাচ্ছে, মানুষ্যের মায়া উড়ে যাচ্ছে, কাজকর্ম বিম্বাদ বোধ হচ্ছে। জীবনের প্রতি আকর্ষণও প্রাণ থেকে কোথায় সরে দাঁড়িয়েছে। রয়েছে কেবল তাঁর স্থলে প্রভুব সেই মধুর গম্ভীর আহবান। যাই প্রভু যাই। ঐ তিনি বলছেন, ‘মৃতের সংকার মৃতেরা কবুক্‌গে, তুই ও সব ছুড়ে ফেলে দিয়ে আমার পিছ পিছ চলে আর।’ যাই প্রভু যাই।

“হ্যাঁ, এইবার আমি ঠিক যাচ্ছি। আমার সামনে অপার নির্বাণসমুদ্র দেখতে পাচ্ছি। সময় সময় স্পষ্ট প্রত্যক্ষ করি, সেই অসীম অনন্ত শান্তিসমুদ্র। মাঝার এতটুকু বাতাস বা ঢেউ পর্যন্ত যার শান্তিভঙ্গ করছে না।

‘আমি যে জন্মেছিলুম, তা’তে আমি খুসী আছি, এত যে দুঃখ ভুগেছি, তা’তেও খুসী, জীবনে কখনও কখনও বড় বড় ভুল করেছি, তাতেও খুসী। আবার এখন যে নির্বাণের শান্তি-সমুদ্রে ডুব দিতে যাচ্ছি, তাতেও খুসী। আমার জন্য সংসারে ফিরতে হ’বে, এমন বন্ধনে আমি কাউকে ফেলে যাচ্ছি না, অথবা এমন বন্ধন আমিও কারও কাছ থেকে নিয়েও যাচ্ছি না। দেহটা গিয়েই আমাকে মুক্তি দিক্, অথবা দেহ থাকতে থাকতেই মুক্ত হই, সেই পুরাণো বিবেকানন্দ কিন্তু চলে গেছে, চিরদিনের জন্য চলে গেছে, আর ফিরছে না। শিক্ষাদাতা, গুরু, নেতা, আচার্য চলে গেছে, পড়ে আছে কেবল পূর্বের সেই বালক, প্রভু চিরশিষ্য, চিবপদাঙ্কিত দাস।

অনেক দিন হ’ল নেতৃত্ব আমি ছেড়ে দিয়েছি। কোন বিষয়েই “এইটে আমার ইচ্ছা” বলবাব আব অধিকার নেই। তাঁব ইচ্ছাপ্রোতে যখন আমি সম্পূর্ণরূপে গা ঢেলে দিয়ে থাকতুম, সেই সময়টাই জীবনের মধ্যে আমার পরম মধুময় মনোহর বলে মনে হয়। এখন আবাব তাতেই গা ভাসান দিয়েছি। উপবে দিবাকর নির্মল কিরণ বিস্তার করছেন, পৃথিবী চারদিকে শস্যসম্পদশালিনী হ’য়ে শোভা পাচ্ছেন, দিবসের উত্তাপে সকল প্রাণী ও পদার্থই এখন নিস্তত্ব, স্থির শান্ত। আর আমিও সেই সঙ্গে এখন ধীর স্থির ভাবে নিজের ইচ্ছা বিন্দুমাত্রও না বেখে, প্রভুর ইচ্ছারূপ প্রবাহিনীর স্নানশীতল বক্ষে ভেসে ভেসে চলছি। এতটুকু হাত-পা নেড়ে এ প্রবাহের গতি ভাঙতে আমার প্রবৃত্তি ও সাহস হচ্ছে না, পাছে প্রাণেব এ অদ্ভুত নিস্তত্বতা ও শান্তি আবার ভেঙে যায়। প্রাণেব এই শান্ত নিস্তত্বতাটাই জগৎটাকে মায়ী বলে স্পষ্ট বুদ্ধিবে দেখ। পূর্বে আমার কর্মেব ভিতর মান-বশের ভাবও উঠত, আমার ভালবাসার মধ্যে ব্যক্তিবিচার আসত, আমার পবিত্রতার পশ্চাতে ফলভোগের আকাঙ্ক্ষা থাকত, আমার নেতৃত্বের ভিতর প্রভুত্বের স্পৃহা আসত। এখন সে সব উড়ে যাচ্ছে, আর আমি সকল বিষয়ে উদাসীন হ’য়ে তাঁব ইচ্ছায় ঠিক ঠিক গা ভাসান দিয়ে চলছি। যাই মা, যাই মা, যাই। তোমার স্নেহময় বক্ষে ধাবণ করে, যেখানে তুমি নিয়ে যেতে চাচ্ছ, সেই “অশব্দ অস্পর্শ” অজ্ঞাত অদ্ভুত বাজ্যে, অভিভূততার ভাব সম্পূর্ণরূপে বিসর্জন দিয়ে কেবলমাত্র দ্রষ্টা বা সাক্ষীর মত ডুবে যেতে আমার ম্বিধা নেই।”

পত্রখানি পাঠ করিলে পাণ্ডজনা-নিষোধে কর্মযোগ প্রচারকারী বিবেকানন্দের পরিবর্তে ষোড়শ বৎসর পূর্বের শ্রীরামকৃষ্ণের পদপ্রান্তে উপবিষ্ট বালক নরেন্দ্রনাথের কথাই আমাদের স্মৃতিপটে প্রোজ্জ্বল হইয়া উঠে। মনে পড়ে সেই আকুল সমাধিতৃষ্ণা, সেই তাঁর বৈরাগ্যের প্রেরণায় “জগন্মিতাষ” কর্মে অগ্রসব হইতে অনিচ্ছা, শ্রীরামকৃষ্ণের স্নেহপূর্ণ ভৎসনা, মৌন-মিনতি, অসীম অনুকম্পা। এই মহাপুরুষের পবিত্র জীবন-কাহিনী আলোচনা করিতে গিয়া আমরা বহুবাব আচার্য, শিক্ষাদাতা গুরু, নেতা বিবেকানন্দের অভ্যন্তরে এক মূক্তিকাম্যী সন্ন্যাসীকে বারম্বার দেখিয়াছি। আমরা দেখিয়াছি, কর্মের উদ্দাম প্রেবণা, জগন্ম্যাপী খ্যাতি সম্মান প্রতিপত্তির মধ্যেও তাঁহার অনাসক্ত অন্তঃপুরুষ এক নিরুদ্বেগ প্রশান্তিব মধ্যে আত্মস্থ হইয়া আছেন। কিন্তু এই পদেব ভাষা স্বতন্ত্র—ইহা কর্মময় জীবনের পরম পরিণতির পূর্বাভাস।

এপ্রিল মাসেব মধ্যভাগে স্বামিজীর উৎসাহশীল শিষ্যাগণ কালিফোর্নিয়ায় স্থানে স্থানে “বেদান্ত-সমিতি” ও প্রচাব-কেন্দ্র স্থাপন করিয়া বেদান্ত প্রচাব করিতে লাগিলেন। লস্ এঞ্জেলস্ হইতে আহবান আসিল, কিন্তু সানফ্রান্সিস্কো ও তৎসান্নধ্যবর্তী স্থানসমূহের আবত্ধকার্য সহসা পরিত্যাগ করিয়া চলিয়া যাওয়া স্বামিজীর মনঃপুত হইল না। অন্যতমা শিষ্যা মিসেস্ হেইনস্‌বোবা দৃঢ় উদ্যমেব সাহিত লস্ এঞ্জেলস্‌ নিয়মিতবূপে বেদান্ত-ক্লাসগদলি চালাইতে লাগিলেন। এদিকে সানফ্রান্সিস্কোর নবপ্রতিষ্ঠিত বেদান্ত-সমিতির প্রেসিডেন্ট ডাক্তার এম এইচ লোগান ও স্বামিজীব অন্যান্য কতিপয় শিষ্য-শিষ্যা বৃদ্ধিতে পারিলেন যে, শীঘ্রই তিনি অন্যত্র চলিয়া যাইবেন, অতএব এই সমিতি সুপ্রতিষ্ঠিত রাখিতে হইলে একজন ভারতীয় সন্ন্যাসী আচার্যেব প্রয়োজন। তদনুসারে তাঁহারা স্বামিজীকে অনুরোধ করায় তিনি স্বীকৃত হইয়া তৎক্ষণাৎ স্বামী তুবিয়ানন্দকে কালিফোর্নিয়ায় আসিবার জন্য পত্র লিখিলেন। নিউইয়র্ক বেদান্ত-সমিতির ভার তুবিয়ানন্দজীব হস্তে সমর্পণ করিয়া স্বামী অভেদানন্দজী যুক্তরাষ্ট্রের স্থানে স্থানে বহুতা প্রদান করিতেছিলেন, কাজেই তিনি ফিরিয়া না আসা পর্যন্ত তুবিয়ানন্দজী সানফ্রান্সিস্কো আসিতে পারিলেন না।

স্বামিজীর কালিফোর্নিয়া ত্যাগের কিস্তিবস পূর্বে মিস্ মিন্সি সি বুক (Miss Minnie C Book) নাম্নী তাঁহার জনৈকা ভক্তিমতী শিষ্যা একটি স্থায়ী মঠ স্থাপনের উদ্দেশ্যে তাঁহাকে ১৬০ একর পরিমিত এক সুবৃহৎ ভূমিখণ্ড প্রদান করিলেন। স্বামিজী আনন্দের সহিত এ দান গ্রহণ করিয়াছিলেন, পরে স্বামী তুবিয়ানন্দ গিয়া তথায় আশ্রম প্রতিষ্ঠা করেন। যদিও স্বামিজীর জীবনকালেই

এই “শান্তি আশ্রম” প্রতিষ্ঠা হইয়াছিল, কিন্তু উহা তিনি পরিদর্শন করিতে পাবেন নাই।

বসন্ত ঋতুর প্রারম্ভে স্বামিজী প্রচারকার্য হইতে অবসর গ্রহণ করিয়া “ক্যাম্প টেইলর” নামক পল্লীতে বিশ্রামের জন্য গমন করিলেন। তিন সপ্তাহ পরে যদিও তিনি সানফ্রানসিস্কোতে ফিবিয়া আসিলেন, কিন্তু তাহার শারীরিক অবস্থা দেখিয়া শিষ্যগণ তাহাকে বক্তৃতা প্রদান করিতে অনুরোধ করিলেন না। স্বামিজীব প্রতি প্রগাঢ় শ্রমাসম্পন্ন চিকিৎসক ডাক্তার উইলিয়ম ফস্টার সর্বদা তাহার তত্ত্বাবধান করিতে লাগিলেন। অত্যধিক শারীরিক অসুস্থতা সত্ত্বেও মে মাসের শেষভাগে স্বামিজী শ্রীমদ্ভগবৎগীতা সম্বন্ধে ক্রমাগত চারিটি হৃদয়গ্রাহিনী বক্তৃতা প্রদান করিলেন। নিয়মিত বক্তৃতাপ্রদান পবিত্র্যাগ করিলেও প্রত্যহ লোকসমাগমের বিরাম ছিল না। বালকেব মত পবিত্রাসপ্রিয় চপল চটুলবাক্য-বিন্যাস-পটু বিবেকানন্দেব মধুব চরিত্রে আকৃষ্ট না হইয়া থাকা সত্যই অসম্ভব ব্যাপার ছিল। বন্ধুবৎসল, সবল, উদার, মহাজ্ঞানী বিবেকানন্দের চরিত্র-সমালোচনা প্রত্যহই স্থানীয় সংবাদপত্রসমূহে অবিশ্রান্ত প্রকাশিত হইত। সেগুলি একত্র করিলে একখানি সুবৃহৎ পুস্তক হইয়া পড়ে। এস্থলে কেবলমাত্র “প্যাসিফিক বেদান্তিন” স্বামিজী সম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছিলেন, আমি তাহার কয়েক ছত্র উদ্ধৃত করিয়াই ক্ষান্ত হইব,—

“স্বামিজী সুগভীর ভাবম্বারা সমগ্র পৃথিবীকে স্পন্দিত করিয়াছেন, তাহার এই ভাবরাশি প্রলয়ান্তকাল পর্যন্ত সত্যতাই প্রতিধ্বনিত হইবে। তাহার সঙ্গে কি শিশু, কি ভিক্ষুক, বাজা কিম্বা ক্রীতদাস অথবা বেশ্য সকলেই সমান অধিকারের সহিত আলাপ করিতে পারে। তিনি বলেন, ইহারা সকলেই এক পরিবারেব অন্তর্গত। আমি তাহাদের সকলের মধ্যে আমার আমিষ দেখিতে পাই এবং আমার মধ্যেও আমি তাহাদের স্বরূপ অনুভব করি। এই পৃথিবী এক পরিবার সদৃশ, যুগান্তপূর্ব ব্যাপিয়া সত্যস্বরূপ অনন্ত ব্রহ্ম-সমুদ্রই বিরাজমান।”

মে মাসের শেষভাগে স্বামিজী লন্ডন হইতে লিগেট্-দম্পতির পত্র পাইলেন। তাহার জুলাই মাসে প্যাবিসে যাইবেন, স্বামিজীও যেন তথায় গিয়া তাহাদিগের সহিত মিলিত হন। এদিকে প্যাবী-প্রদর্শনীর ধর্মোতিহাস-সভার বৈদেশিক প্রতিনিধিগণের জন্য গঠিত অভ্যর্থনা সমিতির পক্ষ হইতে স্বামিজী বক্তৃতা-প্রদান করিবার জন্য নিমন্ত্রণপত্র পাইলেন। এই দুই কারণে তিনি কালিফোর্নিয়ার শিষ্য ও ভক্তমণ্ডলীর নিকট বিদায় গ্রহণ করিয়া নিউইয়র্কে উপনীত হইলেন। পথিমধ্যে

অবশ্য তাঁহাকে পুরাতন বন্ধুবান্ধব ও শিষ্যগণের সহিত সাক্ষাৎ করিবার জন্য শিকাগো ও ডিট্রয়েটে অবতরণ করিতে হইয়াছিল।

নিউইয়র্কে আসিয়া তিনি “বেদান্ত-সমিতির” স্থায়ী ভবনে বাস করিতে লাগিলেন। বক্তৃতাপ্রদান ও লোকশিক্ষা ইত্যাদি কার্যে তাঁহার আগ্রহ দেখা গেল না। তিনি সর্বদাই ব্যগ্রভাবে প্রাচীন বন্ধু, শিষ্য ও ভক্তমণ্ডলীর সহিত দেখাসাক্ষাৎ করিবার জন্য আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন। বেদান্ত-সমিতির কার্য উত্তমরূপে চলিতেছিল। বেদান্ত-সমিতির সর্বপ্রথম সভাপতি মিঃ লিগেট্ নানা কারণে পদত্যাগ করায় তাঁহার স্থানে সর্বসম্মতিক্রমে কলম্বিয়া কলেজের ডাক্তার হার্শেল পারকার নির্বাচিত হইলেন। স্বামী তুরিয়ানন্দ এপ্রিল মাস হইতে নিয়মিতরূপে বক্তৃতা প্রদান ও যোগশিক্ষা দান করিতেছিলেন। স্বামিজীও প্রত্যেক বিববার গীতা সম্বন্ধে বক্তৃতা দিতে লাগিলেন এবং স্বামী তুরিয়ানন্দজীকে সম্বন্ধে কালিফোর্নিয়া যাইবার জন্য অনুরোধ করিলেন।

ইতোমধ্যে নিবেদিতা নিউইয়র্কে উপনীত হইলেন। বেদান্ত-সমিতির সভ্যগণের আগ্রহে তিনি শনিবার ও বিববার অপরাহ্নে নিয়মিতরূপে ভারতবর্ষ সম্বন্ধে কয়েকটি বক্তৃতা প্রদান করিলেন। ১৭ই জুন তিনি “হিন্দুধর্মগণী জীবনাদর্শ” সম্বন্ধে একটি বিবিধ তথ্যপূর্ণ বক্তৃতা প্রদান করেন। সেদিন সমিতির বক্তৃতা-কক্ষ নিউইয়র্কের শিক্ষিতা নাবীবৃন্দে পূর্ণ হইয়াছিল। সকলেই আগ্রহেব সহিত ভারত-বর্মণীগণের দৈনন্দিন জীবন-যাপন-প্রণালী শ্রবণ করিয়া আনন্দিত হইয়াছিলেন। বক্তৃতান্তে সকলে কৌতুহলী হইয়া বহুক্ষণ যাবৎ সিষ্টারকে নানাবিধ প্রশ্ন করিয়াছিলেন। পববতী রবিবার সিষ্টার “প্রাচীন ভাবতের শিল্পকলা” সম্বন্ধে একটি সুদীর্ঘ বক্তৃতা করিলেন।

৩রা জুলাই স্বামিজী নিউইয়র্ক হইতে ডিট্রয়েটে গমন করিলেন। স্বামী তুরিয়ানন্দজীও তাঁহার ইচ্ছা ও সম্মতিক্রমে কালিফোর্নিয়া যাত্রা করিলেন। স্বামিজী গুরুভ্রাতাকে আশ্রম প্রতিষ্ঠা সংক্রান্ত উপদেশাদি প্রদান করিয়া বিদায়কালে গভীরস্বরে বলিলেন, “শাও বীর! কালিফোর্নিয়ায় আশ্রম প্রতিষ্ঠা কর, বেদান্তের পতাকা উড্ডীন কর! অদ্য হইতে ভারতের চিন্তা স্মৃতি হইতে মৃচ্ছিয়া ফেলিয়া দাও। আদর্শ জীবন যাপন কর, জগজ্জননীর কুপায় কৃতকার্য হইবে।”

প্রায় সপ্তাহকাল অন্তরঙ্গ ভক্ত ও বন্ধুমণ্ডলীর মধ্যে যাপন করিয়া স্বামিজী ১০ই জুলাই নিউইয়র্কে ফিরিয়া আসিলেন। অবশেষে কয়েকদিন বিশ্রাম করিয়া ২০শে জুলাই তিনি বিদায় গ্রহণ করিলেন।

প্যারীতে স্বামিজী লিগেট-দম্পতির আতিথ্য গ্রহণ করিলেন। এই সময় মিসেস্ ওলি ব্দুল, বুটানি প্রদেশের লানিঙ নামক স্থানে বাস করিতেছিলেন, তাঁহার সাগ্রহ আহ্বানে স্বামিজী অল্প কয়দিনের জন্য তথায় আগমন করিলেন। মিসেস্ ব্দুলের আলয়ে, ফ্রান্সের প্রসিদ্ধ দার্শনিক ও লেখক মঁসিয়ে জুদ বোওয়ার সহিত পরিচয় হইল। ইহার সহিত দর্শন, সাহিত্য ও ইতিহাস আলোচনা কবিয়া স্বামিজী হৃষ্ট হইয়াছিলেন।

লিগেট-দম্পতি তাঁহাদের পুত্রপ্রতিম স্নেহভাজন অতিথিব সর্ববিধ স্বাচ্ছন্দ্যের প্রতি লক্ষ্য রাখিয়া মনোহর অর্থব্যয় করিতে লাগিলেন। প্রত্যহ খ্যাতনামা দার্শনিক, চিত্রকর, ভাস্কর, ধর্মযাজক, বৈজ্ঞানিকগণ তাঁহাদের আলয়ে নিমন্ত্রিত হইলেন। প্যারীতে বিবর্তন প্রদর্শনী ও ধর্মোত্তীর্ণতা-সভা উপলক্ষে বহু পণ্ডিত, জগতের এই সর্বশ্রেষ্ঠ নগরীতে সমবেত হইয়াছিলেন।

স্বামিজী লিখিয়াছেন, “কবি, দার্শনিক, বৈজ্ঞানিক, রাজনৈতিক, সামাজিক, গায়ক, গায়িকা, শিক্ষক, শিক্ষয়িত্রী, চিত্রকর, শিল্পী, ভাস্কর, বাদক প্রভৃতি নানা জাতির গুণিগণ সমাবেশ, মিষ্টার লিগেটের আতিথ্য-সমাদর-আকর্ষণে তাঁর গৃহে। সে পর্বত-নির্ববৎ কথাছটা, অগ্নিস্ফুলিঙ্গবৎ চতুর্দিক-সমুখিত-ভাববিকাশ, মোহিনী-সঙ্গীত, মনীষী-মনঃ-সম্বন্ধ-সমুখিত-চিন্তা-মন্ড-প্রবাহ, সকলকে দেশ কাল ভুলিয়ে মগ্ন কবে বাখ্তো!” (পবিত্রাজক)

উদার, পবিত্রসাহিত্য, বন্দুবৎসল বিবেকানন্দ সকলের সহিতই সমভাবে মিশিতেন এবং পরস্পরের সহিত ভাব ও চিন্তাবাণি বিনিময় করিবাব সঙ্গ সঙ্গ জগতের নিকট যে বার্তা বহন করিবাব জন্য তিনি শ্রীগুরু কর্তৃক নিযোজিত তাহা অসঙ্কোচে প্রচার করিতেন। জগতের বিভিন্ন স্থান হইতে সমাগত প্রাচ্যবিদ্যাবিশারদ, দার্শনিক, কবি ও সাহিত্যিকগণকে অল্পবিস্তর বেদান্তের প্রভাবে প্রভাবান্বিত দেখিয়া স্বামিজী আনন্দিত হইলেন। বিগত কয়েক বৎসর ধরিয়া অসমসাহসিক উদ্যমেব সহিত তিনি বেদান্তপ্রচারে যে বিস্ময়বহু পরিশ্রম করিয়াছেন, ইতোমধ্যেই তাহা ধীবে ধীবে প্রতিভাশালী মস্তিষ্কগুলিকে অভিভূত করিয়াছে ও কবিতোছে। বিবেকানন্দ দেখিলেন, দুই একজন স্বাধীন মৌলিক বজায় রাখিবার জন্য বেদান্তের প্রভাব অস্বীকার করিলেও, অধিকাংশ পণ্ডিতমণ্ডলীই পাশ্চাত্যজগতের আধুনিক সাহিত্য ও দর্শন যে ক্রমে ক্রমে বেদা ভাবে অনুপ্রাণিত হইয়া হ, ইহা স্পষ্টভাবে স্বীকার করেন।

শিকাগো মহামেলার অনুকরণে প্যারী প্রদর্শনী উপলক্ষে একটি ধর্মমহাসভার

অধিবেশন হইবার কথা ছিল, কিন্তু রোমান ক্যাথলিক খৃষ্টান সম্প্রদায়ের প্রবলতম আপত্তিতে উহা হইতে পাবে নাই। শিকাগো মহামণ্ডলীতে ক্যাথলিক সম্প্রদায় অত্যন্ত উৎসাহের সহিত যোগদান করিয়াছিলেন। তাঁহাদের বিশ্বাস ও ধারণা ছিল যে, খৃষ্টানধর্ম জগতের নিকট শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করিতে সমর্থ হইবে। এই বিশ্বাসে তাঁহারা ক্যাথলিকধর্মের মহিমা উচ্চকণ্ঠে জগতে ঘোষণা করিবার জন্য ধর্মমহাসভা আহ্বান করিয়াছিলেন, কিন্তু ফল অন্যরূপ হওয়ায় তাঁহারা সর্বজনীন ধর্মসভা আহ্বান বিষয়ে একান্ত উৎসাহহীন ও প্রতিবাদী হইয়া দাঁড়াইয়াছেন। গোঁড়া খৃষ্টান-জগতে বিবেকানন্দ ও বেদান্তভীতি এত প্রবল হইয়া দাঁড়াইয়াছিল যে ধর্মসভার প্রস্তাবে সকলে সম্মুখে প্রতিবাদ করিতে লাগিলেন। ফ্রান্সের অধিকাংশ অধিবাসীই ক্যাথলিক সম্প্রদায়ভুক্ত এবং জনসাধারণের উপর পাদ্রীগণের প্রভাব নিতান্ত কম নহে। ইংহাদিগকে উপেক্ষা করিয়া ধর্মসভা আহ্বান করিতে প্রদর্শনীর কর্তৃপক্ষ সাহসী হইলেন না। অবশেষে ধর্মোতিহাসসভা আহ্বান কবাই স্থির হইল। “উক্ত সভায় অধ্যাপকবিষয়ক এবং মতামত সম্বন্ধীয় কোন চর্চার স্থান ছিল না, কেবলমাত্র বিভিন্ন ধর্মের ইতিহাস অর্থাৎ তদঙ্গসকলের তথ্যানুসন্ধানই উদ্দেশ্য ছিল। এই কারণে, এই সভায় বিভিন্ন ধর্মপ্রচাবক সম্প্রদায়ের প্রতিনিধি একান্ত অভাব। এ সভায় জনকয়েক পণ্ডিত, যাঁহারা বিভিন্ন ধর্মের উৎপত্তি বিষয়ক চর্চা করেন, তাঁহাবাই উপস্থিত ছিলেন।” (ভাববাক্য)

স্বামিজী উক্ত সভায় যথোচিত সম্মান সহকারে পরিগৃহীত হইয়াছিলেন। এতদুপলক্ষে তিনি যে বক্তৃতা দান ও সমালোচনা করিয়াছিলেন, তাহাব একটি সংক্ষিপ্ত বিবরণ স্বয়ং লিখিয়া ‘উদ্বেোধনে’ প্রকাশার্থ প্রেরণ করেন। আমবা উহা নিম্নে উদ্ধৃত করিলাম।

“বৈদিকধর্ম—অগ্নি, সূর্য্যাদি প্রাকৃতিক বিস্ময়াবহ জড়বস্তুর আরাধনাসমুদ্রুত, এইটি অনেক পাশ্চাত্য সংস্কৃতজ্ঞের মত।

“স্বামী বিবেকানন্দ, উক্ত মত খণ্ডন করিবার জন্য, প্যারী ধর্মোতিহাস-সভা-কর্তৃক আহ্বৃত হইয়াছিলেন এবং তিনি এক প্রবন্ধ পাঠ করিবেন বলিয়া প্রতিশ্রুত ছিলেন, কিন্তু শারীরিক অসুস্থতায় তাঁহার প্রবন্ধ লেখা ঘটিয়া উঠে নাই, কোনমতে সভায় উপস্থিত হইতে পারিয়াছিলেন মাত্র। উপস্থিত হইলে ইউরোপ অঞ্চলের সকল সংস্কৃতজ্ঞ পণ্ডিতই তাঁহাকে সাদবে অভ্যর্থনা করিয়াছিলেন, উঁহারা ইতোপূর্বেই স্বামিজীব বচিত পুস্তকাদি পাঠ করিয়াছিলেন।

“সে সময় উক্ত সভায় ওপট নামক একজন জার্মান পণ্ডিত শালগ্রাম শিলার

উৎপত্তি সম্বন্ধে এক প্রবন্ধ পাঠ করেন। তাহাতে তিনি শালগ্রামের উৎপত্তি “যোনি চিহ্ন” বলিয়া নির্ধারিত করেন। তাহাব মতে শিবলিঙ্গ পুংলিঙ্গের চিহ্ন এবং তন্মত শালগ্রাম শিলা স্ত্রীলিঙ্গের চিহ্ন। শিবলিঙ্গ ও শালগ্রাম উভয়ই লিঙ্গ-যোনি-পূজার অঙ্গ।

স্বামী বিবেকানন্দ উক্ত মতম্বয়েব খুন্ডন কবিষা বলেন যে, শিবলিঙ্গের নরলিঙ্গতা-সম্বন্ধে অবিবেক মত প্রসিদ্ধ আছে, কিন্তু শালগ্রাম-সম্বন্ধে এ নবীন মত অতি আকর্ষক। স্বামিজী বলেন যে, শিবলিঙ্গ-পূজার উৎপত্তি অথর্ববেদসংহিতার য়ুপ-স্তম্ভের প্রসিদ্ধ স্তোত্র হইতে। উক্ত স্তোত্রে অনন্ত স্তম্ভের অথবা স্তম্ভের বর্ণনা আছে এবং উক্ত স্তম্ভই যে ব্রহ্ম তাহাই প্রতিপাদিত হইয়াছে। যে প্রকাব যজ্ঞেব অগ্নি, শিখা, ধূম, ভস্ম, সোমলতা ও যজ্ঞকাষ্ঠের বাহক বৃষ, মহাদেবের পিঙ্গলজটা, নীলকণ্ঠ, অঙ্গকান্তি ও বাহনাদিতে পবিণত হইয়াছে, সেই প্রকাব য়ুপস্তম্ভও শ্রীশঙ্করে লীন হইয়া মহিমাম্বিত হইয়াছে। অথর্ববেদসংহিতায় তন্মত যজ্ঞোচ্ছিষ্টেবও ব্রহ্মস্বমহিমা প্রতিপাদিত হইয়াছে।

লিঙ্গাদি পূরণে উক্ত স্তবকেই কথাছলে বর্ণনা কবিষা মহাস্তম্ভের মহিমা ও মহাদেবের প্রাধান্য ব্যাখ্যাত হইয়াছে।

বৌদ্ধস্তম্ভের অপর নাম ধাতুগর্ভ। স্তম্ভপদ্যস্থ শিলাকরণ্ধমধ্যে প্রসিদ্ধ বৌদ্ধ-ভিক্ষুগণেব ভস্মাদি বস্কিত হইত। তৎসঙ্গে স্বর্ণাদি ধাতুও প্রোথিত হইত। শালগ্রাম শিলা উক্ত অস্থিভস্মাদি বস্কণশিলাব প্রাকৃতিক প্রতিস্বরূপ। অতএব প্রথমে বৌদ্ধ-পূজিত হইয়া বৌদ্ধমতের অন্যান্য অঙ্গের ন্যায় বৈষ্ণব সম্প্রদায়ে প্রবেশলাভ করিয়াছে। অপিচ নর্মদাকূলে ও নেপালে বৌদ্ধপ্রাবল্য দীর্ঘস্থায়ী ছিল। প্রাকৃতিক নর্মদেশ্বর শিবলিঙ্গ ও নেপাল প্রসূত শালগ্রামই যে বিশেষ সমাদৃত, ইহাও বিবেচ্য।

শালগ্রাম সম্বন্ধে যৌন ব্যাখ্যা অতি অশ্রুতপূর্ব এবং প্রথম হইতেই অপ্ৰাসঙ্গিক, শিবলিঙ্গ সম্বন্ধে যৌন ব্যাখ্যা ভারতবর্ষে অতি অর্বাচীন এবং উহা বৌদ্ধসম্প্রদায়ের ঘোর অবনতির সময়ে সংঘটিত হয়। ঐ সময়ের ঘোর বৌদ্ধতন্ত্রসকল এখনও নেপালে ও তিব্বতে খুব প্রচলিত।”

দ্বিতীয় বক্তৃতায় স্বামিজী ভারতীয় ধর্মমতের বিস্তার বিষয়ে হিন্দু ও বৌদ্ধ-ধর্মের প্রাচীন ঐতিহাসিক তত্ত্বসমূহের আলোচনা করেন। বিশেষভাবে ভারতীয় সভ্যতা সাহিত্য দর্শন জ্যোতিষ ইত্যাদিতে গ্রীক-প্রভাবের প্রতিবাদ করেন। কয়েকজন

পাণ্ডিত ভারতীয় সভ্যতার উপর গ্রীক প্রভাবের কথা ব্যক্ত করিয়াছিলেন, স্বামিজী তাঁহাদিগকে লক্ষ্য করিয়া উপসংহারে বলিলেন যে, তাঁহারা যেন ধীরভাবে সংস্কৃত প্রাচীন সাহিত্য অধ্যয়ন করেন, তাহা হইলে বুদ্ধিতে পারিবেন যে, উহাতে আদৌ গ্রীক প্রভাবের ছায়া নাই, বরং ইহা অনেকাংশে সত্য যে গ্রীকগণই হিন্দুগণের নিকট অনেক বিষয় শিক্ষা করিয়াছিলেন।

প্যারী-প্রদর্শনী উপলক্ষে সমাগত বহু প্রতিভাশালী ব্যক্তির সহিত স্বামিজী পরিচিত হইয়াছিলেন, ইহা আমরা ইতিপূর্বে উল্লেখ করিয়াছি। ইহাদের মধ্যে ষাঁহারা স্বামিজীর বিশেষ বন্ধুরূপে পরিগণিত হইয়াছিলেন, তাঁহাদের মধ্যে মঁসিয়ে জুদুল্ বোওয়া, এডিনবরা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর প্যাট্রিক গেডিস্, বিখ্যাত ক্যাথলিক পাদ্রী পের্নর্ ইয়াস্যাং, বিখ্যাত কামান-নির্মাতা মিঃ হিরন্ ম্যাক্সিসম, ইউবোপের সর্বশ্রেষ্ঠ গায়িকা ম্যাডাম ক্যালভে, সুপ্রসিদ্ধা অভিনেত্রী-কুল-সম্রাজ্ঞী সাবা বার্ণহার্ড, প্রিন্সেস ডেমিডফ্ ও তাঁহার স্বদেশবাসী বৈজ্ঞানিক ডাক্তার জগদীশচন্দ্র বসু মহাশয়ের নাম সম্বন্ধে উল্লেখযোগ্য। ডাক্তার বসুর সম্বন্ধে স্বামিজী গর্বের সহিত তাঁহার ‘পরিব্রাজক’ নামক পুস্তকে লিখিয়াছেন,—“আজ ২৩শে অক্টোবর ও কাল সম্মার সময় প্যারী হ’তে বিদায়। এ বৎসর এ প্যারী সভ্যজগতের এক কেন্দ্র, এ বৎসর মহাপ্রদর্শনী। নানা দিক্‌দেশ-সমাগত সম্মান সঙ্গম। দেশ-দেশান্তরের মনীষীগণ নিজ নিজ প্রতিভা প্রকাশে স্বদেশের মহিমা বিস্তার করেছেন, আজ এ প্যারীতে। অহা কেন্দ্রের ভেরীধ্বনি আজ যার নাম উচ্চারণ করবে, সে নাদ-তরঙ্গ সগে সগে তাঁর স্বদেশকে সর্বজনসমক্ষে গৌরবান্বিত করবে। আর আমার জন্মভূমি—এ জার্মান, ফরাসী, ইংরাজ, ইতালী প্রভৃতি বৃহৎ-ডলী-মণ্ডিত মহারাজধানীতে ভূমি কোথায় বঙ্গভূমি? কে তোমার নাম নেয়? কে তোমার অস্তিত্ব ঘোষণা করে? সে বহু গৌরবর্ণ প্রতিভামণ্ডলীর মধ্য হ’তে এক যুবা বশস্বী বীর, বঙ্গভূমির, আমাদের মাতৃভূমির, নাম ঘোষণা করিলেন,—সে বীর জগৎপ্রসিদ্ধ বৈজ্ঞানিক ডাক্তার জে, সি, বোস! এক যুবা বাঙ্গালী বৈদ্যুতিক, আজ বিদ্যুৎবেগে পাশ্চাত্যমণ্ডলীকে নিজের প্রতিভা মহিমার মদ্য করিলেন—সে বিদ্যুৎসঞ্চার মাতৃভূমির মতপ্রায় শরীরে নব-জীবনতরঙ্গ সঞ্চার করলে! সমগ্র বৈদ্যুতিকমণ্ডলীর শীর্ষস্থানীয় আজ—জগদীশ বসু—ভারতবাসী, বঙ্গবাসী। ধন্য বীর! বসুজ ও তাঁহার সতী সাধনী, সর্বগুণ-সম্পন্ন গৌরী যে দেশে বসে, সেখাই ভারতের মদ্য উজ্জ্বল করেন—বাঙ্গালীর গৌরব বর্ধন করেন। ধন্য সম্পতি!”

তিন মাস প্যারীতে বাপন করিয়া স্বামিজী সপ্তাহগণ সহ ২৪শে অক্টোবর পূর্ব-

ইউরোপ ভ্রমণে যাত্রা করিলেন। আধুনিক সভ্যতা সংস্কৃতি জ্ঞান-বিজ্ঞানের কেন্দ্র প্যারী, গণতান্ত্রিক স্বাধীনতার দীক্ষাগুরু, ফরাসী জাতির রাজধানী। এই নগরীর মনীষীদের চিন্তাধারায় সমগ্র ইউরোপে নবজীবনের সঞ্চার। এই মহাকেন্দ্রে স্বামিজী দেখিলেন, ঐশ্বর্যবিলাস, শিল্পকলা ও জ্ঞানের সাধনায দ্রুত-অগ্রসর পাশ্চাত্যের আসল রূপ, সাম্রাজ্যবাদী হিংস্র লোভ। ব্যক্তিস্বাধীনতা ও গণতন্ত্রের আবরণে পাশ্চাত্য জাতি ও রাষ্ট্রগুলি, পৃথিবীতে অধিকার বিস্তারের প্রতিযোগিতায় পরস্পরকে পরাহত করিবার জন্য কি নিষ্ঠুর বিম্বেষে উন্মত্ত! ইহাদের সামাজিক শৃঙ্খলা, সংঘবদ্ধ জীবন শক্তির উৎস, কিন্তু “রক্তপিপাসু নেকড়ে বাঘের ঐক্যে মध्ये সৌন্দর্য কোথায়!”

ফ্রান্স ও জার্মানী পরস্পরের প্রতিদ্বন্দ্বী। ফ্রান্স-জার্মান যুদ্ধের পরাজয়ের প্রতিশোধ লইবার জন্য প্রতিহিংসায় ফ্রান্স অধীর, অন্যদিকে ফ্রান্স ও গ্রেটব্রিটেনেব সাম্রাজ্য ও বাণিজ্য বিস্তারের আধিপত্য খর্ব করিবার জন্য কেন্দ্রীভূত নূতন মহাবল জার্মানীর সামরিক শক্তির বিস্ময়কর বিকাশ। সমগ্র ইউরোপ সশস্ত্র হইয়া মহা-সংঘর্ষের প্রতীক্ষা করিতেছে। বাস্তব ও সমাজজীবনের এই বিরোধিতায় পাশ্চাত্যের জীবনযাত্রা ‘নরকে’ পরিণত হইয়াছে। বাহ্য সম্পদের চাকচিক্য দেখিষা স্বামিজী প্রতারণিত হইলেন না। তাঁহার সম্যক্ দৃষ্টির সম্মুখে, পাশ্চাত্যের শক্তির নিদারুণ অপচয়ের বিরোগাতক দৃশ্য উদ্ঘাটিত হইল। তিনি একদিন নির্বেদিতাকে বলিলেন, “পাশ্চাত্যের সামাজিক জীবন বাহিরে মথুর হাসোর মত মনোহর, কিন্তু তলদেশ হাহাকারে ভরা, যাহা রুদ্ধনে ভাপিয়া পড়ে। কৌতুক ও লঘু চাপলোর অন্তরালে কি গভীর বেদনার অনুভূতি।” পাশ্চাত্য জগতের বহু মনীষী যখন উচ্চরবে শৃঙ্খলাবদ্ধ ক্রমোন্নতির বার্তা প্রচার করিতেন, ঠিক সেই সময় বিবেকানন্দ তাঁহার পরমাশ্চর্য দূরদৃষ্টবলে, আগামী ১৫ বৎসরের মধ্যে যুদ্ধ ও বিপ্লবের আভাস পাইয়াছিলেন। এবং ভবিষ্যৎবাণী করিয়াছিলেন, পাশ্চাত্যের আধুনিক বিজ্ঞানের সহিত প্রাচ্যের প্রাচীন অধ্যাত্মবিদ্যার আদানপ্রদান বাতীত এক আসন্ন ধ্বংস হইতে ইউরোপের পরিচাণের অন্য পথ নাই।

প্যারী হইতে যাত্রার প্রাক্কালে স্বামিজী লিখিতেছেন, “সংগের সঙ্গী তিনজন; দু’জন ফরাসী একজন আমেরিক। আমেরিক তোমাদের পরিচিতা মিস্ ম্যাক্‌লাউড্। ফরাসী পুরুষবন্ধু মঁসিয়ে জর্জ বোওরা, ফ্রান্সের একজন সুপ্রতিষ্ঠিত দার্শনিক ও সাহিত্য লেখক। আর ফরাসিনী বন্ধু, জগন্মিথ্যাত গায়িকা মাদ্‌মোয়েল্‌ ক্যালভে। ইনি আধুনিককালের সর্বশ্রেষ্ঠ গায়িকা, অপেরা গায়িকা। এ’র গীতের

এত সমাদর যে, এ'র তিন চার লক্ষ টাকা বাৎসরিক আয়, খালি গান গেয়ে। এ'র সহিত আমার পরিচয় পূর্ব হ'তে। * * আমি যাচ্ছি এব অতিথি হবে। ক্যালভে যে শব্দ সঙ্গীতচর্চা কবেন তা' নয়, বিদ্যা যথেষ্ট, দর্শনশাস্ত্র ও ধর্মশাস্ত্রের বিশেষ সমাদর কবেন। অতি দরিদ্র অবস্থায় জন্ম হয়। ক্রমে নিজ প্রতিভাবলে, বহু পৰিশ্রমে, বহু কষ্ট সবে, এখন প্রভূত ধন! রাজা বাদশাহ সম্মানের ঈশ্বরী।

'ফ্রান্সে আবও বিখ্যাত গায়ক আছেন, যাঁরা সকলেই দু'তিন লাখ টাকা বাৎসরিক উপার্জন কবেন। কিন্তু ক্যালভেব বিদ্যাব সঙ্গে সঙ্গে এক অভিনব প্রতিভা। অসাধারণ রূপ যৌবন প্রতিভা, আর দৈবী কণ্ঠ, এ সব একত্র সংযোগে ক্যালভেকে গায়িকামণ্ডলী'র শীর্ষস্থানীয়া কবেছে। কিন্তু দুঃখ দাবিদ্র্য অপেক্ষা শিক্ষক আর নেই। শৈশবেব অতি কঠিন দাবিদ্র্য দুঃখ বণ্ট, যাব সঙ্গে দিনবাত যুদ্ধ কোলে ক্যালভেব এই বিজয়লাভ, সে সংগ্রাম তাঁ'র জীবনে এক অপূর্ব সহানুভূতি, এক গভীর ভাব এনে দিয়েছে।"

সম্মায প্যাবী হইতে ট্রেন ছাড়িল। সাবাদিন জার্মানীর মধ্য দিয়া চলিয়া ২৫শে অক্টোবর সম্মায ট্রেন অস্ত্রযাব রাজধানী ভিয়েনাতে পৌঁছিল। কিন্তু প্যাবী ছাড়িবার পূর্ব-ইউরোপেব কোন নগরেই স্বামিজী কোন বৈশিষ্ট্য দেখিলেন না। 'ভিয়েনা সহব, প্যাবীর নকলে ছোট সহব।' পূর্বগৌবব্রষ্ট অস্ত্রিয়া দেখিয়া স্বামিজী লিখিয়াছেন, 'সে মান সে গৌববেব ইচ্ছা সম্পূর্ণ অস্ত্রিয়ার বয়েছে, নাই শক্তি। তুর্ককে ইউরোপে 'আতুর বৃদ্ধপদব বলে, অস্ত্রিয়াকে 'আতুর বৃদ্ধা স্রষ্ট বলা উচিত।'

২৮শে অক্টোবর ভিয়েনা হইতে যাত্রা কবিয়া হাঙ্গেরী, সার্বিয়া এবং বুলগেরিয়ার মধ্য দিয়া স্বামিজী ৩০শে অক্টোবর তুর্কীর রাজধানী স্তাম্বুল বা ইতিহাসপ্রসিদ্ধ কন্সটান্টিনোপলে আসিয়া পৌঁছিলেন। পূর্ব-ইউরোপেব তুর্কী সাম্রাজ্যেব কবলমুত্ত ছোট ছোট নবীন বাষ্ট্রগুলির দর্শনা অবর্ণনীয়। ছিন্ন মালিনবসন কুটিবাসী অশিক্ষিত কৃষক একদিকে, অন্যদিকে তাহাদের বৃদ্ধি'র শোষণ করিয়া ফরাসী ও ইংরেজের নকলে সামরিকবল গঠন। অশিক্ষা, কুসংস্কার, বর্বরতা সত্ত্বেও ইহারা রাজনৈতিক স্বাধীনতা লাভ কবিয়াছে, ইহাতেই স্বামিজী আনন্দিত হইয়া লিখিয়াছেন "তবু স্বাধীনতা এক জিনিষ, গোলামী আব এক, পবে যদি জোর করে করাষ তো অতি ভাল কাজও করতে ইচ্ছা যায না। নিজের দায়িত্ব না থাকলে কেউ কোন বড় কাজ কর্তে পারে না। স্বর্ণশৃঙ্খলযুক্ত গোলামীর চেয়ে এক পেটা ছেঁড়া ন্যাকড়া পরা স্বাধীনতা লক্ষ্যগুণে শ্রেয়ঃ। গোলামের ইহলোকেও নবক, পরলোকেও তাই।

ইউরোপের লোকের ঐ সার্বিধা বদলগার প্রভৃতিদের ঠাট্টা বিদ্রূপ করে, তাদের ভুল অপারগতা নিয়ে ঠাট্টা করে। কিন্তু এতকাল দাসত্ব করার পৰ কি একদিনে কাজ শিখতে পাবে? ভুল কববে বৈকি! দৃশ্যবাব কববে, করে শিখবে, শিখে ঠিক কববে। দাযিষ হাতে পড়লে অতি দুৰ্বল সবল হয়—অজ্ঞান বিচক্ষণ হয়।”

কামান-নিৰ্মাতা ম্যাক্সিম সাহেবেব প্রদত্ত পরিচয়-পত্র সহায়ে স্বামিজী স্থানীয় অনেক প্রভাবশালী ব্যক্তিব সহিত পরিচিত হইলেন। স্বামিজীর সঙ্গী অন্যতম প্রসিদ্ধ বক্তা পাদ্রী লয়সন বক্তৃতা কবিবার অধিকার পাইলেন না, স্বামিজীও কন্স্টান্টিনোপলে প্রকাশ্যভাবে বক্তৃতা করিবার অধিকার পান নাই। কয়েকজন উচ্চাশিক্ষিত সম্প্রদায় ব্যক্তি তাহাদের বৈঠকখানায় স্বামিজীর জন্য প্রশ্নোত্তর সভার আয়োজন করিয়াছিলেন এবং আগ্রহের সহিত বেদান্তালোচনায় যোগদান করিয়াছিলেন। এগারদিন আনন্দেব সহিত অতিবাহিত কবিয়া স্বামিজী প্রাচীন গ্রীক-সভ্যতার সমাধিভূমি এথেন্সে উপনীত হইলেন। এথেন্স নগরী পরিদর্শন কবিয়া তিনি সঙ্গী ও সঙ্গিনিগণ সমাভিযাহারে মিশর দেশ অভিমুখে যাত্রা করিলেন। কাষরো নগরীতে উপস্থিত হইয়া স্বামিজী মিউজিয়মে বস্কিত প্রাচীন দ্রব্যসামগ্রী দর্শনে অধিক আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন এবং সঙ্গিগণকে মিশরের অতীত

হইতে অশ্রুতকর্মী ফারাও রাজবংশের বিবরণ শুনাইতে লাগিলেন। ‘পিৰামিড’, ‘স্পিন্স্জ’ প্রভৃতি দৃষ্টিপথে পতিত হইবামাত্র স্বামিজী এগুদিলর সম্বন্ধে জ্ঞাতব্য যাহা কিছু, তৎসমুদয় সঙ্গিগণের নিকট অনর্গল বলিয়া যাইতে লাগিলেন। তাহারা দেখিয়া বিস্মিত হইলেন যে, স্বামিজী প্রাচীন মিশর সম্বন্ধে এত অধিক অবগত আছেন যে, তিনি যেন সাবাজীবন ধরিয়া মিশরেব প্রত্নতত্ত্বই আলোচনা করিয়াছেন।

প্যাৰী, ভিয়েনা, কন্স্টান্টিনোপল, এথেন্স, কাষরো প্রভৃতি নগরের ঐশ্বর্য, সৌন্দর্য, বিলাস প্রভৃতি প্রত্যক্ষ করিয়া স্বামিজী যেন অন্তরে অন্তরে বিরজিত হইয়া উঠিয়াছিলেন। পাৰ্থিব সম্পদগৰ্বিত পাশ্চাত্যের উন্মত্ত অহংকার নিবন্তর তাহাব চিত্তকে পীড়া দিত। ইন্দ্রিয়সুখকলক্ষ্য বহির্মুখ জাতির প্রতিনিয়ত নব নব ভোগ্যবস্তু আবিষ্কাবের উন্মত্ত চেষ্টা, লোভের তাড়নায় প্রতিপদক্ষেপে ন্যায্য, নীতি, ধর্মের মন্তকে ভ্রক্ষেপহীন পদাঘাত, ইহা ইউরোপের নিত্য-নৈমিত্তিক ঘটনা। নিলিপ্ত সম্যাসী দ্রুষ্টা বা সাক্ষীর ন্যায্য সর্বত্র বিচরণ কবিতেন। মিশরে পদার্পণ করিবার পর হইতেই ভারতে প্রত্যাবর্তন করিবার জন্য তাহার মন নিরতিশয় ব্যাকুল হইয়া উঠিল। হঠাৎ সংবাদ আসিল, মাল্লাবতী মঠের সংস্থাপক মিঃ সোভিয়ার ইহলোক

তাগ করিয়াছেন। এই নিদারুণ সংবাদ পাইবামাত্র স্বামিজী ভারতে প্রত্যাবর্তন সম্বন্ধে দৃঢ়সংকল্প হইলেন।

বঁসিয়ে বোওয়া, ম্যাডাম্ ক্যালভে, মিস্ ম্যাক্‌লাউড একান্ত দৃষ্টিভিত্তিকরূপে স্বামিজীকে বিদায় দিতে বাধ্য হইলেন। জাহাজ হইতে ভাবতের উপকূল দৃষ্ট হইবামাত্র স্বামিজীর আনন্দের পরিসীমা রহিল না। তিনি বোম্বাই বন্দরে অবতরণ করিয়া কলিকাতা অভিমুখে যাত্রা করিলেন। অভিনন্দন, বক্তৃতা, লোকশিক্ষা, প্রচারকার্য ইত্যাদিতে তাঁহার বিন্দুমাত্র ইচ্ছা ছিল না বলিয়াই একান্ত গদুস্তভাবে এবং সাবধানতার সহিত ট্রেণে আরোহণ করিলেন।

স্বামিজীর পূর্ব-ইউরোপ ভ্রমণের অন্যতম সঙ্গিনী, ইউরোপের বিম্বলব্রুত গায়িকা ম্যাডাম্ ক্যালভে পরলোকগমন করিয়াছেন। তাঁহার আত্মজীবনচরিত নিউইয়র্কের “স্যাটারডে ইভিনিং পোস্ট” নামক সুপ্রসিদ্ধ পত্রিকা ধারাবাহিকরূপে প্রকাশিত হইয়া অবশেষে পুস্তকাকারে মুদ্রিত হইয়াছে। তাহা হইতে স্বামী বিবেকানন্দ সম্বন্ধীয় অংশটি নিম্নে অনুবাদ করিয়া দিলাম :

“ইহা আমার অত্যন্ত আনন্দ ও সোভাগ্যের বিষয় যে, আমি একজন ঈশ্বরজানিত ব্যক্তির সহিত পরিচিত হইবার গৌরবলাভ করিয়াছিলাম। তিনি উন্নত ও উদারচেতা, সাধুপুত্র, দার্শনিক এবং একজন বিশ্বস্ত বন্ধু। আমার ধর্ম-জীবনের উপর তাঁহার প্রভাব অতি সুগভীর। তিনি আমাকে এক নূতন ভাবরাজ্যের সম্বন্ধ দিয়াছেন, আমার জীবনের ধর্ম-সম্বন্ধীয় ধারণা ও আদর্শকে নবপ্রেরণায় সজীবিত করিয়াছেন এবং সত্য উপলব্ধি করিবার এক মননীয় উপায়ের সম্বন্ধ দিয়াছেন। আমার আত্মা চিরদিন তাঁহার নিকট অনন্ত কৃতজ্ঞতাপাশে আবদ্ধ। এই অসাধারণ পুত্র একজন বেদান্তবাদী সন্ন্যাসী। সাধারণতঃ তিনি স্বামী বিবেকানন্দ এই নামে সুপরিচিত। ধর্মপ্রচাবকরূপে আমেরিকাতে সর্বত্র তাঁহার বশ সুপ্রতিষ্ঠিত। যে বৎসর তিনি শিকাগোতে বক্তৃতা করিতেছিলেন, তখন আমি তথায় ছিলাম এবং নানাকারণে আমি মানসিক অবসাদগ্রস্ত ও দুর্বল হইয়া পড়িয়াছিলাম। আমি স্বামিজীর সহিত সাক্ষাৎ করিবার সংকল্প স্থির করিলাম। কোত্‌হল হইল, একবার দোঁখিয়া আসি, কি শক্তিতে তিনি আমার কবেকজন বন্ধুর হৃদয়ে শান্তিদান করিয়াছেন।

“পূর্ব হইতে দেখা করিবার সময় স্থির করা হইল। নির্দিষ্ট সময়ে তাঁহার আবাসস্থলে আমি উপনীত হইলাম। তখন আমাকে তাঁহার পরিবার ঘরে লইয়া যাওয়া হইল। যাইবার পূর্বে আমাকে বলা হইল, স্বামিজী কর্তৃক জিজ্ঞাসিত না হইলে আমি যেন কোন কথা না বলি। অতএব আমি নীরবে কক্ষ মধ্যে আসিয়া দাঁড়াইলাম। তিনি মেজের উপর ভারতীয় প্রখ্যাত বসিরাছিলেন, তাঁহার উজ্জ্বল গৈরিক বসন মাটিতে লুটাইতেছিল। মস্তকের গৈরিক উকীলটি সম্মুখের দিকে ঈষৎ অবনত হইয়া পড়িয়াছিল, তিনি নত

দৃষ্টিতে স্থির হইয়া বসিয়া ছিলেন। কণকাল পরে, তিনি আমার দিকে দৃষ্টিপাত না করিয়াই বলিয়া উঠিলেন, ‘বৎসে! তোমার মন অত্যন্ত উৎকণ্ঠিত ও চঞ্চল! শান্ত হও! মানসিক প্রশান্তিই সর্বপ্রথমে প্রয়োজন।’

“তাহার পব শান্ত গম্ভীর স্বরে, উদাসভাবে তিনি (আমার নাম পৰ্ব্বন্ত যিনি জানেন না) আমাব জীবনের সমস্ত গুরুত অভ্যপ্রায় এবং আমার অশান্তির কারণ সহজভাবে বলিয়া যাইতে লাগিলেন, যাহার বিন্দুবিসর্গ আমার অতি অন্তরঙ্গ বন্ধুরাও অবগত নহেন। ইহা আমাব নিকট রহস্যময় অনৈসর্গিক ব্যাপার বলিয়া অনুমিত হইল। আমি বলিয়া উঠিলাম, আপনি এ সব কেমন কবিয়া জানিলেন? আপনাকে আমার বিষয় কে বলিয়াছে?

“তিনি সক্রোধহাস্যে আমার প্রতি স্নেহ-দৃষ্টিপাত করিলেন, যেন আমি সরল অজ্ঞ শিশুর মত প্রশ্ন করিতেছি। পরে ধীরভাবে বলিলেন, তোমার বিষয় কেহ আমাকে বলে নাই। কাহারও নিকট শুনিতেই হইবে, এমন কি কথা আছে? আমি তোমার হৃদয় পুস্তকেব ন্যায় পাঠ কবিলাম।

“বিদায় লইবার সময় তিনি গায়ত্রোচ্চারণ করিতে করিতে বলিলেন, ‘তুমি গত বিষয় ভুলিতে চেষ্টা কর। বর্ষভাব দূর করিয়া চিন্তকে সর্বদা উৎকর্ষ লাভিও। সর্বপ্রথমে স্বাস্থ্যবক্ষা কব। নীরবে তোমার দুঃখের কারণগুলি বন্ধে বহন করিও না। তোমার অবরুদ্ধ ভাবাবেগ অন্যথায় বাহিরে প্রকাশ করিয়া ফেল। ধর্মজীবনের স্বাভাবিক স্বচ্ছন্দতার জন্য ইহাই সর্বপ্রথমে আবশ্যিক। তুমি সঙ্গীত-কলা-কুশলা, সঙ্গীতের জন্যও ইহা প্রয়োজন।’

“আমি তাহার বাক্য ও প্রথর ব্যক্তির অসামান্য প্রভাবে অভিভূত হইয়া প্রত্যাবর্তন করিলাম। আমি অনুভব করিলাম, যে জটিল সমস্যাগুলি অস্বাভাবিক উত্তেজনার আমার মস্তিষ্কে ক্রান্ত ও পীড়িত করিতেছিল, তাহার পরিবর্তে, তাহার সরল, শান্ত ভাবরাশি তথায় বিদ্যমান।

“আমি পুনরায় নবভাবে সজীবিত ও হর্ষোৎকর্ষ হইয়া উঠিলাম। ইহা তাহারই অসীম ইচ্ছাশক্তির ফল। তিনি তথাকথিত সন্মোহনবিদ্যা বা তদনুরূপ কোন প্রক্রিয়া আমার উপর প্রয়োগ করেন নাই। ইহা তাহার সুদৃঢ় চরিত্রবল, তাহার পবিত্র ও অদম্য সদৃশকরণ—যাহা আমার হৃদয়ে বিশ্বাস ও প্রস্থার সঞ্চার করিয়াছিল। পরে তাহার সহিত ঘনিষ্ঠ পরিচয়ের পর দেখিয়াছি, তিনি সহজেই উত্তেজিত ও চিন্তাকুল ভাব দূর করিয়া প্রোত্যকে শান্ত করিতেন, যাহাতে তাহার কথাগুলি সে একান্তচিন্তে শ্রবণ ও ধারণ করিতে পারে।

“স্বামিজী আমাদের প্রশ্নের উত্তরে ছোট গল্প, কবিতা ইত্যাদির সাহায্যে তাহার বক্তব্য বিষয়কে সহজবোধ্য ও মর্মস্পর্শী করিয়া তুলিতেন। আমরা একদিন মৃত্তি ও ব্যক্তিস্বাভ্যন্তর্য্যের কথা আলোচনা করিতেছিলাম। তিনি তাহার ধর্মমতের একটি বিশেষ মত,—পূনর্জন্মবাদ ব্যাখ্যা করিয়া বুঝাইতেছিলেন। এমন সময় আমি সহসা বলিলাম, না, এ আমি চিন্তা করিতে পারি না। আমার ‘আমি’ আমি চাই। এক অনন্তের মধ্যে

চিবিলয় লাভ আমি প্রার্থনা করি না। ঐ চিন্তা পৰ্বন্ত আমাকে আত্মকে অভিজ্ঞত করিয়া ফেলে।

“স্বামিজী উত্তর করিলেন, একদিন এক ফোঁটা জল, সমুদ্রের মধ্যে পড়িয়া তোমার মতই কঁদিতে লাগিল এবং ঠিক তোমার মতই নিজের স্বাতন্ত্র্য রক্ষার জন্য ডাবিয়া আবুল হইল। মহাসমুদ্র তাহাব পানে চাহিয়া হাসিয়া বলিল, তুমি কাদিতেছ কেন? আমি তো কারণ খুঁজিয়া পাই না। আমার সহিত মিলিত হইয়া তুমি তোমার ভাইবোনদেব সংগে মিলিত হইয়াছ—ইহাদের সমষ্টিই তো আমি। তুমি তো এখন নিজেই সমুদ্র। যদি তুমি আমা হইতে স্বতন্ত্র হইতে চাও, তাহা হইলে তোমাকে স্বেচ্ছায় সহারে উদ্দেশ্যে উঠিয়া মেঘেব আশ্রয় লইতে হইবে। সেখান হইতে তুমি কল্যাণাশিসবপে পৃথিবীর তৃষ্ণিত বন্ধ নামিয়া আসিতে পার।

“স্বামিজীব কয়েকজন শিষ্য ও বন্ধু সহকারে তাঁহাকে লইয়া আমরা তুরস্ক গ্রীস ও মিশর দেশে ভ্রমণ করিতে গিয়াছিলাম। আমাদের দলে ফাদাব ইয়াসার লয়সন এবং তাহার স্ত্রী, স্বামিজীর অনুব্রাজ্যগণী ও শিষ্যা শিকাগোর মিস্ ম্যাকলাউড—ইনি অত্যন্ত মনো-স্বভাবা, সদা উৎসাহী ছিলেন, আর আমি ছিলাম এই দলের গাফিকা পক্ষিনী। কি সুন্দর এই তীর্থযাত্রা! বিজ্ঞান, দর্শন, ইতিহাসের মধ্যে যেন স্বামিজীর অজ্ঞাত কিছুই নাই। আমি সর্বদা শ্রবণময় হইয়া তাহার জ্ঞানগর্ভ বচনাবলী শ্রবণ করিতাম, কিন্তু তাহাদেব তর্কে যোগ দিতাম না। কেবল গান গাহিবার সময় আমি সর্বদা হাজির থাকিতাম। স্বামিজী, ধার্মিক ও পণ্ডিত ফাদার লয়সনেব সহিত নানাবিষয়ে আলোচনা করিতেন। খৃষ্টধর্মের ইতিহাস লইয়া তর্কেব সময় স্বামিজী একখানি প্রাচীন দলিল অবিকল মধুমধ বলিলেন এবং একটি চার্চ কাউন্সিলের তারিখ বলিলেন, যাহার কথা ফাদাব লয়সনও নির্দিষ্টরূপে বলিতে পারিলেন না।

“আমরা গ্রীসে ইউলিসিস্ দর্শন করিলাম। স্বামিজী ইহাব রহস্য ব্যাখ্যা করিলেন, আমাদেরগকে বেদী ও মন্দিরগদল দেখাইলেন, কোনখানে কি হইত বুঝাইয়া দিলেন, পুরোহিতগণের উপাসনা ও পূজার বিশেষ প্রণালী ব্যাখ্যা করিলেন এবং প্রাচীন মন্ত ও গাথা আবৃত্তি করিয়া শুনাইলেন।

“আবার একদিন মিশর দেশে—এক চিরস্মরণীয় রজনীতে তিনি আমাদেরগকে সুন্দর অতীতে লইয়া গেলেন, স্পিন্স্কেব ছায়ায় বসিয়া বহুসময় ভাষ্য কত ইতিবৃত্ত বলিতে লাগিলেন।

“স্বামিজী সর্বদাই আমাদের কৌতূহল উদ্দীপিত করিয়া রাখিতেন, এমনকি তিনি যখন সহজ কথাবার্তা বলিতেন, তখনও তাহাকে ভাল লাগিত। তাহার কণ্ঠস্বরে মোহনীয়-শক্তি ছিল, যাহা শ্রোতাকে মন্তমুগ্ধ করিত। স্টেশনের বিশ্রাম গৃহে আমরা স্বামিজীকে ঘেরিয়া বসিয়া অপূর্ব উপদেশসমূহ শ্রবণ করিতে করিতে কতবার যে টোণ ফেল করিয়াছি,

তাহার ইয়ত্তা নাই, এমনকি, দলের মধ্যে সর্বাপেক্ষা ধীর স্থির মিস্ ম্যাক্‌লাউড পর্বন্ত আত্মহারা হইয়া যাইতেন। নির্দিষ্ট সময়ে তিনিই আমাদের সতর্ক কবিতা দিবেন কথা থাকিত, কিন্তু তাঁহাও মধ্যে মধ্যে ভুল হইত, ফলে আমরা অসময়ে অস্থানে পড়িয়া নানা অসুবিধা ভোগ করিতাম।

“একদিন আমবা কারোতে রাস্তা হারাইয়া ফেলিলাম। বোধ হয় সেদিন আমরা অতি আত্মমগ্ন হইয়া আলাপ করিতেছিলাম। একটি অপরিচ্ছন্ন দুর্গন্ধময় গলিতে প্রবেশ কবিতা দেখিলাম, কতকগুলি অর্ধনগ্না নারী জানালায় ঝুঁকিয়া আছে, কেহ কেহ বা দরজার সম্মুখে জটলা করিতেছে। স্বামিজী প্রথমে কিছুই লক্ষ্য করেন নাই। একটি ভগ্ন অট্টালিকার সম্মুখে বেগের উপর উপবিষ্টা কয়েকটি নারী উচ্চহাস্যে তাঁহাকে আহ্বান করার সঙ্গে সঙ্গে তাহাদের উপর স্বামিজীর দৃষ্টি পতিত হইল। আমাদের দলেব একজন মহিলা সত্ব সে স্থান ত্যাগ করিবার জন্য উদ্ভ্রম্ভ হইলেন, স্বামিজী সহসা আমাদের মধ্য হইতে বিচ্ছিন্ন হইয়া সেই নারীগণের সম্মুখীন হইলেন।

“স্বামিজী বলিলেন, হাস হতভাগ্য সন্তানগণ। বেচারীরা তাহাদের রূপের উপাসনায় ভগবানকে ভুলিয়া গিয়াছে। আহা, ইহাদের দিকে চাহিয়া দেখ। পতিতা নারীর সম্মুখে দণ্ডায়মান শীশুদ্বয়টির মতই স্বামিজীব চক্ষু বাহিয়া অশ্রু ঝরিতে লাগিল, তাহারা নির্বাক ও লম্ভিত হইয়া পবনপরেব দিকে চাহিল। একজন নারী অগ্রসর হইয়া তাহার পরিচ্ছদপ্রাপ্ত চূষন করিয়া গদগদ কণ্ঠে স্পেনীয় ভাষায় বলিতে লাগিল—“Hombre de Dios—Hombre de Dios—(ঈশ্বরজানিত লোক)। অপর একটি নারী সহসা বিস্মিত সন্ত্রমে উভয় হস্তে মুখ ঢাকিল, যেন তাহার সংকুচিত আত্মা স্বামিজীর পবিত্র দৃষ্টি সহিতে পারিতেছিল না।

“এই অপূর্ব ভ্রমণই স্বামিজীর সহিত আমার শেষ দেখা। কয়েকদিন পরেই তিনি স্বদেশে ফিরিবার অভিপ্রায় জ্ঞাপন করিলেন। তিনি মহাপ্রস্থানের সময় নিকটবর্তী জানিয়া স্বীয় স্বদেশী শিষ্য ও গুরুভ্রাতাদিগের সহিত মিলিত হইতে চাহিলেন।

“এক বৎসর পর আমরা শুনিলাম, তিনি এক অপূর্ব জীবন-কাহিনী রচনা করিয়া তাহার পথে পথে ছত্রে ছত্রে অমর কাহিনী লিপিবদ্ধ করিয়া ইহলোক হইতে বিদায় লইয়াছেন। তিনি হিন্দু যোগশাস্ত্রোক্ত সমাধিযোগে দেহত্যাগ করিয়াছেন এবং দেহত্যাগের পূর্বেই নির্দিষ্ট দিনের কথা বলিয়াছিলেন।

“কয়েক বৎসর পবে আমি যখন ভারতবর্ষে গিয়াছিলাম, আমার ইচ্ছা হইল, স্বামিজী যে মঠে তাঁহার শেষের দিন কয়েকটি যাপন করিয়াছেন, তাহা একবার দেখিবার আসি। আমি স্বামিজীর জননীর সহিত তথায় গিয়াছিলাম। স্বামিজীর আমেরিকান বন্ধু (স্বামিজীকে যিনি সন্তানবৎ স্নেহ করিতেন এবং স্বামিজী তাঁহাকে ‘জননী’ সম্বোধন করিতেন) মিসেস লিগেট তাঁহার চিতাশয্যার উপর যে মর্ম্মর সমাধি নির্মাণ করিয়া দিয়াছেন, তাহা দর্শন

করলাম। আমি দেখিলাম যে, সমাধির উপর স্বামিজীর কোন নাম খোদিত নাই। স্বামিজীর জনৈক সন্ন্যাসী ভ্রাতাকে তাহার কারণ জিজ্ঞাসা করিলাম। তিনি বিন্মিত হইয়া আমার দিকে চাহিলেন এবং সম্ভ্রম উদ্দীপক মনোহর ভঙ্গী সহকারে বলিলেন, (যাহা আজ পর্যন্ত স্মৃতিতে জাগ্রত রহিয়াছে)—তিনি ইহলোক ত্যাগ করিয়াছেন। (স্বামিজী এখন নামরূপের অতীত)—ইহাই বোধ হয় সন্ন্যাসীর বক্তব্য ছিল।

“বেদান্তেব মধোই হিন্দুধর্মের সমস্ত সার মৌলিক আকাবে বিদ্যমান। বৈদান্তিকগণের কোন বিশেষ মন্দির নাই। তাঁহারা সাধারণ গৃহেই উপাসনা করিতে পাবেন, সেখানে ধর্মভাব উদ্দীপক কোন চিত্র বা অন্য কিছুবও আবশ্যক করে না। তাঁহারা কেবল সেই অব্যক্ত, অনির্বচনীয় পরব্রহ্মের উপাসনা করিয়া থাকেন।

“স্বামিজী আমাকে প্রাণাশ্রম করিতে শিক্ষা দিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন যে, ঐশ্বরিক শক্তি সমস্ত বিশ্বে ওতপ্রোতভাবে বিদ্যমান রহিয়াছে, তাহা হইতে তেজ, বীৰ্য আহার্য করিতে হইবে।

“বেলুড় মঠের সন্ন্যাসীরা অনাড়ম্বরে এবং সরলভাবে আমাদের আতিথ্যে পরিতুষ্ট করিয়াছিলেন। তাঁহারা বৃক্ষতলে টেবিলের উপর কাপড় বিছাইয়া আমাদের ফলমূল খাইতে দিয়াছিলেন এবং পুষ্পগুচ্ছ উপহার দিয়াছিলেন। আমাদের সম্মুখে নিম্নে ভাগীরথী বহিয়া যাইতেছিল। সন্ন্যাসীরা আমার অপরিচিত বস্ত্রে অভিনব সুরে সঙ্গীত গাইতেছিলেন, যদিও আমি তাহা বুদ্ধিতে পারিলাম না, তথাপি উহা আমার হৃদয় স্পর্শ করিয়াছিল। একটি তরুণ কবি কবুদ সুরে স্বামিজীর পরলোকগমন উপলক্ষে রচিত একটি কবিতা আবৃত্তি করিলেন। সে দিনের অপরাহ্ন আমি শান্ত-গম্ভীরভাবে এক অপূর্ব প্রশান্তির মধ্যে কাটায়াছিলাম।

“সেই সমস্ত শান্ত-ধীর-প্রকৃতি সন্ন্যাসিগণের সহিত যে কয়ঘণ্টা কাটাইয়াছিলাম, এই দীর্ঘকালের ব্যবধানেও তাহা আমি ভুলিতে পারি নাই। ঐ মানুষগুলি যেন এ জগতের নহেন, যেন তাঁহারা এক উচ্চতর জ্ঞানের রাজ্যে বাস করিতেছেন।”

১৯০০ সালের ৯ই ডিসেম্বর রাত্রিতে তিনি অপ্রত্যাশিতভাবে বেলুড় মঠে উপস্থিত হইলেন। তখন রাত্রি হইয়াছে, মঠের সন্ন্যাসী ও ব্রহ্মচারিবৃন্দ আহারে বসিয়াছেন, এমন সময় বাগানের মালী দ্রুতপদে আসিয়া সংবাদ দিল, একজন সাহেব আসিয়াছেন, গেট খুলিবার জন্য চাবীর প্রয়োজন। গেট খোলা হইলে দেখা গেল যে, গাড়ি খালি, সাহেব তন্দ্রাযুক্ত নাই। এদিকে সাহেব মাথার টুপিটা একটু টানিয়া দিয়া ভোজনগৃহের সম্মুখে আসিয়া দাঁড়াইয়াছেন। স্বামী প্রেমানন্দজী দীপহস্তে দেখিলেন, সাহেব আর কেহ নহেন, তাঁহাদেরই প্রিয়তম শ্রীবিবেকানন্দ। স্বামিজী বালকের মত উচ্চহাস্য করিয়া বলিলেন, “বাইরে থেকে খাবার ঘণ্টা শব্দে ভাবলুম যে,

যদি তাড়াতাড়ি না যাই, তাহলে রায়ে আর খেতে পাব না। তাই পাঁচিল টপ্কে এসে পড়লুম। বড় খিদে পেয়েছে, আমাষ খেতে দাও।” স্বামিজীর কথা শুনিয়া এবং তাঁহাকে পাইয়া রামকৃষ্ণ-শিষ্যগণের মধ্যে একটা প্রীতি-উচ্ছল আনন্দের স্রোত বহিয়া গেল। স্বামিজী আগ্রহ ও আনন্দের সহিত বহুদিন পর খিচুড়ি খাইতে খাইতে নানাবিধ গল্প করিতে লাগিলেন। সেদিন রায়ে মঠে যে আনন্দ, যে উৎসাহে সকলের চিত্ত নৃত্য করিতে লাগিল, তাহা সহজেই অনুমেয়।

বেলুড় মঠে পৌঁছিয়াই স্বামিজী মায়াবতী ষাট্টার জন্য প্রস্তুত হইতে লাগিলেন। মায়াবতী মঠের প্রেসিডেন্ট মিঃ সোভিয়ারের অভাবে আশ্রমের কার্য কিরূপ চলিতেছে, তাহা প্রত্যক্ষ কবা এবং মিসেস্ সোভিয়ারকে সাম্ভনা প্রদান করাই স্বামিজীর উদ্দেশ্য ছিল। তিনি ২৭শে ডিসেম্বর কলিকাতা হইতে মায়াবতী ষাট্টা কবিলেন। কাঠগুদাম হইতে মায়াবতীর পথে প্রবল শিলাবৃষ্টি ও তুষারপাত হওয়ায় স্বামিজীর খুব কষ্ট হইয়াছিল। একে অসুস্থ দেহ, তাহার উপর শ্রম-ক্রান্তি, শিষ্যগণ অতীব যত্নের সহিত স্বামিজীর সেবা করিতে লাগিলেন। ১৯০১ সালের ৩রা জানুয়ারী তিনি মায়াবতী মঠে আসিয়া মিসেস্ সোভিয়ারের সহিত সাক্ষাৎ করিয়া নিশ্চিন্ত হইলেন। স্বামিজী একদিন কথা-প্রসঙ্গে মিসেস্ সোভিয়ারকে বলিলেন, “সত্যই আমার দেহ ভাঙ্গিয়া পড়িয়াছে, কিন্তু আমার মস্তিষ্ক এখনও পূর্বের ন্যায় সবল ও কার্যক্ষম।”

শিষ্য স্বামী স্বরূপানন্দজীব সহিত স্বামিজী আশ্রম, প্রচার-কার্য এবং “প্রবুদ্ধ-ভারত” পত্রিকা পরিচালন বিষয়ে বিশদ আলোচনা করিলেন। স্বামী স্বরূপানন্দ শ্রীগুরুর আশীর্বাদে ইতোমধ্যেই আশাতীত সাফল্যলাভ করিয়াছিলেন। গুরুর অভিপ্রায় বুঝিয়া স্বরূপানন্দজীব পরহিতায় কর্মকেই সর্বশ্রেষ্ঠ সাধনারূপে একান্ত-ভাবে গ্রহণ করিয়াছিলেন। ভগ্নস্বাস্থ্য লইয়া প্রচার-কার্যে ইতস্তত পরিত্রাণ করা আর স্বামিজীর পক্ষে সম্ভবপর হইয়া উঠিবে না, ইহা বুঝিতে পারিয়া তিনি প্রত্যেক শিষ্যকেই মহা উৎসাহে “সেবারত” ও কর্মযোগ প্রচারের জন্য উপদেশ প্রদান করিতে লাগিলেন। হিমালয় বন্ধের স্তম্ভ জনবিরল মঠের উদ্বেগহীন জীবন স্বামিজীর বড় শান্তিপূর্ণ বোধ হইতে লাগিল। একদিন শিষ্যগণের সহিত ভ্রমণ করিতে করিতে তিনি বলিলেন, “সমস্তপ্রকার কর্ম ত্যাগ করিয়া আমার জীবনের অবশিষ্টাংশ এই মঠে যাপন করিব। নিশ্চিন্তে অধ্যয়ন ও পুস্তককাঁদ লিখিব। বালকের মত মৃত্ত হইয়া মনেব আনন্দে হৃদতীবে পরিত্রাণ করিব।” কিন্তু কার্যতঃ তিনি বহু কষ্টে পনের দিনের বেশীকাল মায়াবতী মঠে থাকিতে পারিলেন না। দূরন্ত হাঁপানি রোগের শ্বাসকষ্ট তাঁহাকে এত দুর্বল করিয়া ফেলিল যে, সামান্য শারীরিক

শ্রমও তাঁহাকে ক্রান্তিতে অবসন্ন করিয়া ফেলিত। ১৩ই জানুয়ারী তাঁহার শিষ্যগণ স্বামিজীব অষ্টাট্রিংশ জন্মদিনের অনুষ্ঠান করিলেন। স্বামিজী হাসিয়া বলিলেন, ‘আমার দেহেব প্রযোজন ফুরাইয়াছে।’

আশ্রমেব কয়েকজন সম্যাসী মিলিয়া একটি কক্ষে শ্রীরামকৃষ্ণের প্রতিমূর্তি প্রতিষ্ঠা করিয়াছিলেন, তথায নিত্য পূজা ও ভোগবাগাদি হইত। দৈবাৎ একদিন উহা স্বামিজীর চোখে পড়িল, তিনি এই বাহ্যপূজাব ব্যাপাব দেখিয়া ভালমন্দ কোন কথাই বলিলেন না, কিন্তু সন্ধ্যাবেলা যখন অগ্নিকুণ্ডেব সম্মুখে সকলে একত্র হইলেন, তখন তিনি জ্বলন্তভাষায় বাহ্যপূজার অসাবতা প্রতিপন্ন করিতে লাগিলেন। “অশ্বেত-আশ্রমে” কোনপ্রকার বাহ্যপূজার অনুষ্ঠান না থাকে, এ অভিপ্রায় তিনি বহুদিন পূর্বেই ব্যক্ত করিয়াছিলেন, কিন্তু অদ্য তাহাব বিপবীত ভাব দেখিয়া স্বামিজী ব্যথিত হইলেন। তিনি অশ্বেত-আশ্রমে বাহ্যপূজাব অনাবশ্যকতা সম্বন্ধে তীব্রভাষায় অনেক কথা বলিলেন বটে, কিন্তু সহসা ঠাকুরঘবটি উঠাইয়া দিবাব জন্য আদেশ দিলেন না। ক্ষমতার ব্যবহাব, অথবা কাহাবও প্রাণে আঘাত দেওয়া তিনি সমীচীন মনে করিলেন না। যাঁহাবা ঠাকুর প্রতিষ্ঠা করিয়াছেন, তাঁহাবা নিজেদেব ভুল বুদ্ধিতে পাবিয়া সংশোধন করিয়া লইবেন, ইহাই স্বামিজীব মনোগত অভিপ্রায় ছিল। স্বামী স্বরূপানন্দ ও মিসেস্ সেভিয়ার স্বামিজীর উদ্দেশ্য সমাক্বেপে হৃদয়গম করিয়া, অশ্বেত-আশ্রমেব নিয়মানুযায়ী ঠাকুরপূজা বন্ধ করিয়া দিলেন। যাঁহারা শ্বেতভাবে সাকার উপাসনা করিতে ইচ্ছুক, তাঁহাদের পক্ষে “অশ্বেত-আশ্রম উপযুক্ত স্থান নহে, এই সত্যটি প্রত্যেকেই উপলব্ধি করিয়া কোনপ্রকার আপত্তি প্রকাশ করিলেন না, কিন্তু একজনের তবু কিছু সন্দেহ রহিয়া গেল। তিনি সূযোগমত পরমারাখ্যা শ্রীশ্রীমাতাঠাকুরাণীর নিকট এই ঘটনা বিবৃত করিয়া তাঁহাব অভিপ্রায় জানিতে চাহিলেন। শ্রীশ্রীমা উত্তর করিলেন, “শ্রীগুরুদেব অশ্বেতবাদী ছিলেন এবং অশ্বেত-সাধনা প্রচার করিয়াছেন। তাঁহাব শিষ্যগণ প্রত্যেকেই অশ্বেতবাদী।” শ্রীশ্রীমাব মীমাংসা শুনিয়া তাঁহার সকল সন্দেহ দূর হইল। স্বামিজী বেলুড় মঠে ফিবিয়া আসিয়া এই ঘটনা-প্রসঙ্গে বলিয়াছিলেন, “আমাব ইচ্ছা ছিল যে, অন্ততঃ আমাদের একটি মঠও থাকিবে, যেখানে কোনপ্রকার বাহ্যপূজা এবং শ্রীরামকৃষ্ণের মূর্তি ইত্যাদি থাকিবে না, কিন্তু মাযাবতী গিয়া দেখি, সেই বৃন্দ সেখানেও আসন গাড়িয়া বসিয়াছেন, ভাল—ভাল।”

মানুষের প্রকৃত মহত্ত্ব বিচার করিতে হইলে বড় বড় কাজগুলি না দেখিয়া তাঁহাব অনুষ্ঠিত ক্ষুদ্র ক্ষুদ্র কার্যগুলি পর্যবেক্ষণ করিতে হয়। স্বামিজীর মাযাবতী

অবস্থানকালে প্রত্যহই এমন সব ঘটনা ঘটিত, যাহাতে তাঁহার হৃদয়ের নন্দনসরলতা গভীর মানব-প্রীতি ও অসীম শিষ্য-স্নেহের পবিচয় পাওয়া যাইত। একদিন মধ্যাহ্ন-ভোজনের বিলম্ব দেখিয়া স্বামিজী বিরক্ত হইয়া উঠিলেন এবং অসহিষ্ণুভাবে প্রত্যেককেই ভৎসনা করিতে লাগিলেন। অবশেষে স্বামী বিরজানন্দকে শাসন করিবার জন্য স্বয়ং রান্নাঘরে চলিলেন। এদিকে স্বামী বিরজানন্দ প্রাণপণে চেষ্টা করিতেছেন, ভিজে কাঠ ভাল জ্বলিতেছে না, সমস্ত রান্নাঘর ধোঁয়ায় অন্ধকার। স্বামিজী বিরজানন্দের অবস্থা প্রত্যক্ষ করিয়া আব কিছু বলিলেন না, নীরবে স্বীয় বক্ষে ফিবিয়া আসিলেন। বহুক্ষণ পব যখন তাঁহার সমীপে আহাৰ্য আনীত হইল, তখন তিনি বালকের ন্যায় অভিমানভাবে বলিলেন “এসব এখান থেকে নিষে যাও, আমি খাব না।” গুরুব প্রকৃতি সম্বন্ধে শিষ্যের অভিজ্ঞতা ছিল। তিনি স্বামিজীর সম্মুখে আহাৰ্য পাঠ স্থাপন করিয়া নীরবে অপেক্ষা করিতে লাগিলেন। কিছুক্ষণ পাব স্বামিজী অভিমানী বালকের মত ভাবভঙ্গী-সহকাৰে ধীরে ধীরে উপবেশন করিয়া আহাৰে প্রবৃত্ত হইলেন। খাদ্যদ্রব্য মূখে দিবামাত্র তাঁহার মৃদুমন্ডল হইতে অভিমানের গাম্ভীৰ্য অন্তৰ্হিত হইল। কিছুক্ষণ পব তিনি শিষ্যকে লক্ষ্য করিয়া প্রফুল্লহাস্যে বলিলেন, ‘আমি কেন চটেছিলুম জানিস্? খুব খিদে পেয়েছিল কি না, তাই।’

মায়াবতী মঠে স্বামিজী অলসভাবে কালযাপন করিতেন না। প্রত্যহ তাঁহাকে ভূমি ভূমি পত্রোত্তর প্রদান করিতে হইত। ইহার উপর শাস্ত্রালোচনা তো প্রায় সৰ্বক্ষণ লাগিয়াই থাকিত। ইহার মধ্যেও তিনি প্রবৃদ্ধ ভারত পত্রিকাৰ জন্য, “আৰ্য ও তামিল,” ‘সামাজিক সভায় মিঃ রাণাডের অভিভাষণের সমালোচনা” ও ‘খিষসফি সম্বন্ধে মন্তব্য” এই তিনটি সুচিন্তিত প্রবন্ধও লিখিয়াছিলেন।

১৯০০ সালের লাহোৰ কন্ফারেন্সে সভাপতিবূপে জৰ্জিট্ মিঃ রাণাডে যে অভিভাষণ পাঠ করেন, উহা স্বামিজীর আপত্তিজনক মনে হওয়ায় তিনি উহার নিৰ্ভীক প্রতিবাদ ও সমালোচনা করিয়াছিলেন। বাঙ্গলার ব্রাহ্মসংস্কারকগণের মতই মিঃ বাণাডে সমাস্যাপ্রমের বিরোধী ছিলেন এবং সময়, সন্ধ্যোগ ও সন্নিধ্য পাইলেই সমাস্যাপ্রমের উপর কটাক্ষপাত করিতেন। বক্তৃতাটিব প্রথমেই মিঃ বাণাডে বলিয়াছিলেন যে, বৈদিকযুগে জাতিভেদ-প্রথা ছিল না। বিবাহিত ঋষিগণ সমাজের নেতা ও ধৰ্মাচাৰ্য ছিলেন, সমাস্যাসী-সম্প্রদায় ছিল না, নরনারী সকলেই সমভাবে সৰ্বতোমুখী স্বাধীনতা (?) উপভোগ করিত এবং “Asceticism had not overshadowed the land, and life and life and its sweets were enjoyed

in a spirit of joyous satisfaction * অর্থাৎ কঠোর সংযমের ভাব (যাহা যোগগণ ধর্মসাধনার অঙ্গ বলিয়া মনে করেন) ছিল না, অতএব মানবজীবনের মাধুর্য সকলেই পরিপূর্ণ ভূক্তির সহিত উপভোগ করিতে পারিত। রাগাডের মতে—

(১) প্রাচীন যুগে জাতিভেদ ছিল না এবং ঋষিগণ বিবাহিত ছিলেন। তাহার প্রামাণ্যরূপ তিনি ক্ষত্রিয়রাজ-নন্দিনীগণের সহিত ঋষিগণের বিবাহ অর্থাৎ অসবর্ণ বিবাহের একটি সুদীর্ঘ তালিকা দিয়াছেন।

(২) শিষ্যধর্মের প্রবর্তক গুরুগণও বিবাহিত ছিলেন। অতএব আমাদের একদল বিবাহিত আচার্য গঠন কবিতে হইবে। অসম্পূর্ণজীবন সন্ন্যাসী আচার্য বৈদিকযুগে ছিল না, এখনও থাকা উচিত নহে।*

* A movement which has been recently started in the Punjab may be accepted as a sign that you have begun to realize the full significance of the need of creating a class of teachers who may be well trusted to take the place of the Gurus of the old "

আর্যসমাজের প্রতিষ্ঠাতা স্বামী দয়ানন্দ সন্ন্যাসী ছিলেন, সেইজন্যই রাগাডে মহোদয় প্রকারান্তরে উক্ত সমাজকে সন্ন্যাসী আচার্য অপেক্ষা গৃহস্থ আচার্য গঠনের জন্য অনুরোধ করিয়াছেন, কারণ তাহার মতে—

—“Our teachers must enable their pupils to realize the dignity of man as man, and to apply the necessary correctives to tendencies towards exclusiveness, which have grown in us with the growth of ages * * * We must at the same time be careful that this class of teachers does not form a new order of monks Much good, I am free to admit, has been done in the past and is being done in these days, in this as well as other countries by those who take the vow of life-long celibacy and who consecrate their lives to the service of man and the greatest glory of our Maker But it may be doubted how far such men are able to realize life, all its fulness and all its varied relations, and I think our best examples in this respect are furnished by Agastya with his wife Lopamudra, Atri with his wife Anusna, and Vasistha with his wife Arundhati among the ancient Rishis, and in our own times by men like Dr Bhandarker on our side, Diwan Bahadur Raghunath Row in Madras, Maharshi Debendra Nath Tagore, the late Keshab Chandra Sen, Babu Pratap Chandra Mazumder, Pandit Shibnath Shastri in Bengal and Lala Hansa Raj and Lala Munshi Ram in your own province A race that can ensure a continuance of such

স্বামিজী মিঃ রাণাডের প্রতিবাদস্বরূপ লিখিয়াছেন —

(১) সম্যাসিগুরু ও গৃহস্থগুরু, কুমার ব্রহ্মচারী ও বিবাহিত ধর্ম্যাচার্য উভয় প্রকার আচার্য, বেদ যত প্রাচীন, তত প্রাচীন। অতএব তথাকথিত পাশ্চাত্য সংস্কৃতজ্ঞ পণ্ডিতগণের সঙ্কল্প কল্পনার সাহায্য না লইয়া স্বাধীনভাবে এই সমস্যার মীমাংসা করার প্রয়োজন। সম্যাসী আচার্যগণ, গৃহস্থগণ হইতে সম্পূর্ণ পৃথক পৃথক ব্রহ্মচার্যরূপ ভিত্তির উপর দণ্ডায়মান হইয়াছিলেন বলিয়াই তাঁহারা উপনিষৎজ্ঞা, ব্রহ্মজ্ঞানের অধিকারী।

(ক) “একদিকে বিবাহিত গৃহস্থ ঋষি—কতকগুলি অর্থহীন কিম্বদন্তীকমাকার—শুদ্ধ তাই নয়, ভয়ানক অনদ্ভূতান নিষে রষেছেন—খুব কম করে বললেও বলতে হয়, তাঁদের নীতিজ্ঞানটাও একটু ঘোলাটে ধরণের, আর অন্যদিকে বিবাহিত ব্রহ্মচার্য-পরামণ-সম্যাসি-ঋষিগণ, যাঁরা মানবোচিত অভিজ্ঞতার অভাব সত্ত্বেও এমন উচ্চ ধর্মনীতি ও আধ্যাত্মিকতার প্রদর্শন খুলে দিবে গেছেন, যাঁর অমৃতবারি সম্যাসের বিশেষ পক্ষপাতী জৈন ও বৌদ্ধেরা এবং পরে শঙ্কর, রামানন্দ, কবীর, চৈতন্য পর্যন্ত প্রাণভরে পান করে তাঁদের অশ্লুত আধ্যাত্মিক ও সামাজিক সংস্কার-সমূহ চালাবাব শক্তিশাল্য করেছিলেন এবং যাঁ পাশ্চাত্যদেশে গিবে তিনচার হাত ঘুরে এসে আমাদের সমাজ-সংস্কারকগণকে সম্যাসীদের সমালোচনা করবার শক্তি পর্যন্ত দান করছে।”

(খ) “হিন্দুজাতি অনাদি কাল হইতে জড়ের পরিবর্তে চৈতন্য, ভোগের পরিবর্তে ত্যাগকেই শান্তিপ্রদ ও মনুষ্যপ্রদ বলিয়া স্বীকার করিয়া লইয়াছে। অতএব “যতদিন সমগ্র হিন্দুজাতির মনের ভাব এরূপ চলবে—আর আমরা ভগবৎসমীপে প্রার্থনা করি, চিরকালের জন্য এই ভাব চলুক—ততদিন আমাদের পাশ্চাত্যভাবাপন্ন স্বদেশ-বাসিবৃন্দ ভারতীয় নরনারীর ‘আত্মনঃ মোক্ষার্থং জগন্মিত্যয় চ’ সর্বত্যাগ করবার প্রবৃত্তিকে বাধা দেবার কি আশা করতে পারেন?”

(গ) “আর সম্যাসীর বিরুদ্ধে সেই মাম্বাতার আমলের পচা মড়ার মত আপত্তিটা ইউরোপে প্রোটেষ্ট্যান্ট-সম্প্রদায় কর্তৃক প্রথম ব্যবহৃত, পরে বাঙ্গালী সংস্কারকগণ তাঁদের থেকে এটী ধার করে নিয়েছেন, আর এখন আবার আমাদের বোম্বাইবাসী

teachers can in my opinion never fail, and with the teachings of such men to guide and instruct and inspire us I, for one am confident that the time will be hastened when we may be vouchsafed sight of the Promised Land ”

দ্রাভগণ উহা আঁকড়ে ধরেছেন, সন্ন্যাসীরা অবিবাহিত থাকার দৰ্শন জীবনটাকে পূর্ণভাবে এবং উহাব নানারকমের সমৃদ্ধ অভিজ্ঞতার সহিত সম্ভোগ করিতে বঞ্চিত। * * তারপর অবশ্য সন্ন্যাস-আশ্রমের বিবুদ্ধবাদীদের মধ্যে এ কথা তো লেগেই আছে যে, ঈশ্বর আমাদের প্রত্যেক বৃত্তি দিচ্ছেন, কোন না কোন ব্যবহারের জন্য, সুতরাং সন্ন্যাসী যখন বংশবৃদ্ধি করছেন না, তিনি অন্যায় কাজ করছেন তিনি পাপী। বেশ, তা' হলে তো কাম, ক্রোধ, চুব, ডাকাতি প্রবণতা প্রভৃতি সকল বৃত্তিই ঈশ্বর আমাদের দিচ্ছেন, আর ইহাদের মধ্যে প্রত্যেকটিই সংস্কৃত বা অসংস্কৃত সামাজিক জীবন বন্ধাব জন্য আবশ্যিক। এগুলির বিষয়ে বিরুদ্ধবাদীদের কি বক্তব্য? জীবনে সব অভিজ্ঞতা সঞ্চয় করা চাই এই মত অবলম্বন হবে কি? ঐগুলিও পদ্ধতিতে চালাতে হবে না কি? অবশ্য সমাজ-সংস্কারকদের সঙ্গে যখন সর্বশক্তিমান পরমেশ্বরের বিশেষ ঘনিষ্ঠতা এবং তাঁ'র যখন তাঁ'র কি কি ইচ্ছা তা'ও ভালবাক্ষ অবগত আছেন তখন তাঁ'দের এ প্রশ্নের হ্যাঁ জবাব দিতেই হবে।

(২) স্মরণাতীত কাল হইতে জগতের প্রত্যেক ধর্মসম্প্রদায়ে সর্বাত্মগী সন্ন্যাসিগণ সমাজের শীর্ষে অবস্থান করিয়া জাতিকে উন্নতির পথে চালিত করিয়াছেন। সন্ন্যাসীর সঙ্কটের সংযত জীবন, ভোগবিবৃদ্ধি, যুগে যুগে কত মানবকে উজ্জ্বল লালসা সংযত করিতে শিখাইয়াছে। এই ভাবে যাহা কিছু উদারভাব, প্রাণপ্রদ, বীর্যপ্রদ উচ্চাচিন্ত। তাহা অধিকাংশই সন্ন্যাসীর রহস্যচর্চা-পদ্ধতি-মস্তিষ্ক হইতে উদ্ভূত। সমাজ-তবণীর কর্ণধারের আসনে ভাবত প্রাচীনকাল হইতেই সসম্প্রদেয় সন্ন্যাসীকে স্থাপন করিয়াছে আর সন্ন্যাসিগণ আজও জাতির জীবন-তবণীর হাল ধরিয়া বসিয়া আছেন বলিয়াই সহস্র ঋণবর্তী ইহাকে ধ্বংস করিতে পারে নাই। ভারতের প্রাচীন ও আধুনিক ইতিহাসের পৃষ্ঠায় পৃষ্ঠায় সন্ন্যাসীর এই নিঃস্বার্থ চেষ্টার মহিমাময় কাহিনী স্বর্ণাঙ্কুরে খোদিত। সমাজের উপর জাতির উপর তাহার অমোঘ প্রভাব যিঃ রাগাডে অস্বীকার করিতে পারেন নাই, অথচ তথ্যটি তিনি বলিয়াছেন, “আমাদের আচার্যগণ যেন নতুন কোন সন্ন্যাসী-সম্প্রদায় প্রতিষ্ঠা না করেন। কারণ তাহারা জীবনের নানাবিধ অভিজ্ঞতার রসাস্বাদ করিতে অক্ষম।” ভবিষ্যৎ ভারত গঠনকল্পে তিনি সন্ন্যাসীর প্রয়োজন একেবারে অস্বীকার করিয়াছেন এবং তিনি আশা করিয়াছেন যে, ভারত যখন আচার্যরূপে—প্রাচীন কালের অগস্ত্য অত্রি, বিশ্ণু প্রভৃতি ঋষিগণের ন্যায়—বর্তমানকালেও “ডঃ ভান্ডারকর, দেওয়ান বাহাদুর রঘুনাথ রাও, মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, কেশবচন্দ্র সেন, প্রতাপচন্দ্র বসু, মদার এবং পণ্ডিত শিবনাথ শাস্ত্রী লাল হংসরাজ, লাল মন্সীরাম প্রভৃতি ঋষিগণকে লাভ

করিয়াছে, তখন ইহাদের উপদেশ ও আদর্শজীবন অনুকরণ করিয়া চলিলে ভারতের উন্নতি অবশ্যম্ভাবী।”

(ক) অন্যদিকে স্বামিজী কিন্তু এই সমস্ত আধুনিক পাশ্চাত্যভাব-রস-পদ্য-ঋষিগণের দ্বারা ভারতের কোন স্থায়ী উন্নতি হইয়াছে বা হইবে, ইহা আদৌ বিশ্বাস করিতেন না। সেইজন্য তিনি অন্ততঃ একসহস্র শক্তিমান, চরিত্রবান্ ও বুদ্ধিমান সম্যাসী-প্রচারক গঠন করিবার সংকল্প করিয়াছিলেন, এইরূপ আচার্যগণ সমগ্র ভারত ভ্রমণ করিয়া মদ্রি, সেবা, সামাজিক জীবনের উন্নততর আদর্শ ও সাম্যের বার্তা দ্বারা প্রচার করিবেন, লৌকিক ও অর্থকরী বিদ্যা শিক্ষাদান করিবেন। তাঁহারা মতে সম্যাসী আচার্যকুলের অবনতির সহিত ভারতের দর্দশার ইতিহাস অগাধভাবে জড়িত, অতএব ভবিষ্যৎ ভারতের উন্মোচনকল্পে প্রথমেই সমাজের নিয়ন্ত্রতা, জাতির চালকরূপে একদল শক্তিমান আচার্যের প্রয়োজন, এবং ইহারা প্রত্যেকেই সর্বভাগ্যী সম্যাসী হইবেন।

(৩) সম্যাসের উচ্চতম আদর্শকে ধারণা করিতে অক্ষম হইয়া কেহ কেহ ত্যাগ-পদ গৈরিক কলুষিত করিয়াছেন, এরূপ দৃষ্টান্ত বিরল নহে, কিন্তু দুঃখের বিষয়, দুর্বল ও অসংপ্রকৃতি সম্যাসিগণের দৃষ্টান্ত দেখাইয়া সংস্কারকগণ সমস্ত সম্যাসী ও এমন কি, সম্যাসাপ্রমকেও অথবা আক্ৰমণ করিতে কুণ্ঠিত হন না। সম্যাসের ক্ষুরধার দর্শন পথে চলিতে গিয়া যদি কাহারও পদস্থলন হয়, তবুও সে একজন সাধারণ গৃহস্থ অপেক্ষা শতগুণে উচ্চ ও শ্রেষ্ঠ। কারণ, চলতি কথাই আছে যে, ‘ভালবেসে না পাওয়া ভাল-না-বাসা অপেক্ষা ভাল।’ যে কখনও উন্নত জীবন লাভের চেষ্টাই করে নাই, সে কাপদ্রুতের সঙ্গে তুলনায় সে তো বীর!

“আমাদের সংস্কারকদের ভিতরের ব্যাপারের যদি ভাল করে খবর নেওয়া যায়, তবে সম্যাসী ও গৃহস্থের ভিতর প্রচেষ্টার সংখ্যা শতকরা কত, তা’ দেবতাদের ভাল করে গুণতে হয়, আর আমাদের সমৃদ্ধ কাজ-কর্মের এ রকম সম্পূর্ণ পুণ্ডান্দপুণ্ড হিসাব যে দেবতা রাখছেন, তিনি তো আমাদের নিজেদের হৃদয় মধ্যেই। কিন্তু এদিকে দেখ, এ এক অদ্ভুত অভিজ্ঞতা। একলা দাঁড়িয়ে রয়েছে, কারো কিছু সাহায্য চাচ্ছে না, জীবনে শত ঝড়ঝাপটা আসছে, বৃক পেতে সব নিচ্ছে, কাজ কচ্ছে, কোন পুরস্কারের আশা নেই, এমনকি, কতব্য বলে লম্বা নামে সাধারণ পরিচিত সেই পচা বিটকেল ভাবটাও নেই। সারাজীবন কাজ চলছে, আনন্দের সহিত স্বাধীনভাবে কাজ চলছে। কারণ, ক্রীতদাসের মত জুড়োর ঠোঙের মেরে কাজ করতো হচ্ছে না, অথবা মিছে মানবীয় প্রেম বা উচ্চ আকাঙ্ক্ষাও সে কার্যের মূলে নেই।”

“এ কেবল সন্ন্যাসীতেই হ’তে পারে। ধর্মের কথা কি বলব? উহা থাকা উচিত, না একেবারে অস্তিত্ব হ’বে? ধর্ম যদি থাকে, তবে ধর্মসাধনে বিশেষাভিজ্ঞ একদল লোকের আবশ্যক, ধর্মবৃদ্ধের জন্য যোদ্ধার প্রয়োজন। সন্ন্যাসীই ধর্মের বিশেষাভিজ্ঞ ব্যক্তি, কারণ তিনি ধর্মকেই তাঁর জীবনের মূল লক্ষ্য করেছেন। তিনিই ঈশ্বরের সৈনিকস্বরূপ। যতদিন একদল সন্ন্যাসী সম্প্রদায় থাকে, ততদিন কোন ধর্মের বিনাশাশঙ্কা?”

“প্রোটেষ্ট্যান্ট ইংল্যান্ড ও আমেরিকা, ক্যাথলিক সন্ন্যাসিগণের প্রবল শ্লাবনে কম্পিত হচ্ছেন কেন?”

“বেঁচে থাকুন রাগাডে ও সমাজসংস্কারক দল! কিন্তু হে ভারত, হে পাশ্চাত্য-ভাষে অনুপ্রাণিত ভারত! ভুলো না বৎস, এই সমাজে এমন সব সমস্যা রয়েছে, এখনও তুমি বা তোমার পাশ্চাত্য গুরু, যার মানেই বৃদ্ধিতে পারছো না, মীমাংসা করা তো দূরেব কথা।”

প্রবল তুষারপাত আরম্ভ হইল, স্বামিজী ঘর ছাড়িয়া বাহিবে আসিতে পারিতেন না। হিমালয়ের প্রখর শীত তাঁহার অসহ্য বোধ হইতে লাগিল। অবশেষে ১৯০১ সালের ২৪শে জানুয়ারী তিনি বেলেড়ু মঠে ফিরিয়া আসিলেন। মঠেব কার্য-প্রণালী যথানিয়মে চলিতেছিল। প্রতাহ ব্রহ্মচাৰিগণ ব্যায়াম, বিবিধ শাস্ত্রালোচনা, ধ্যান, সাধনাদি নিয়মিতরূপে করিতেছিলেন। স্বামিজীর আগমনে তাঁহাদের কর্মোৎসাহ যেন শতগুণ বাড়িয়া গেল। তিনি নবীন সন্ন্যাসী সম্প্রদায়ের ত্যাগ, বিবেক, বৈরাগ্য, উৎসাহ ইত্যাদি লক্ষ্য করিয়া পরম পরিতুষ্ট হইলেন। কখনও কখনও অবসব মত আলোচনা-সভায় স্বয়ং উপস্থিত থাকিয়া শিক্ষাদানের সঙ্গে সঙ্গে ভবিষ্যৎ সম্বন্ধে অনেক অভিমত ব্যক্ত করিতেন। ইতিমধ্যে ঢাকা হইতে স্বামিজীব নিকট প্রত্যাহ আহবানসূচক পত্র আসিতে লাগিল। স্বামিজীর মাতা-ঠাকুরাণী পূর্ব হইতেই পূর্ববঙ্গ ও আসামের তীর্থগঙ্গুলি দর্শন করিবার জন্য আগ্রহ প্রকাশ করিয়াছিলেন। উহা স্মরণ করিয়া জননী ও তাঁহার সঙ্গিনিগণসহ স্বামিজী ঢাকা গমন করিবার জন্য প্রস্তুত হইলেন। স্বামিজীর দৈহিক অবস্থা দিন দিন খারাপ হইতেছিল, কিন্তু সৌদিকে ভ্রক্ষেপ না করিয়াই ১৮ই মার্চ কতিপয় সন্ন্যাসী-শিষ্য সঙ্গে লইয়া তিনি ঢাকা যাত্রা করিলেন। ষ্টীমার গোষালন্দ হইতে নারায়ণগঞ্জে পৌঁছিবামাত্র, ঢাকা অভ্যর্থনা-সমিতির কয়েকজন ভদ্রলোক তাঁহাকে অভ্যর্থনা করিলেন। অবশেষে অপরাহ্নে যখন ট্রেন স্টেশনে প্রবেশ করিল, তখন স্থানীয় বিখ্যাত উকীল ঈশ্বরচন্দ্র ঘোষ ও গগনচন্দ্র ঘোষ জনসাধারণের পক্ষ হইতে স্বামিজীকে অভ্যর্থনা করিলেন।

সহস্র সহস্র ব্যক্তি বিবেকানন্দের দর্শন-কামনীয় স্টেশনে সমবেত হইয়াছিলেন, তাঁহারা স্বামিজী দৃষ্টিপথে পতিত হইবামাত্র “জয় রামকৃষ্ণ” ধ্বনিতে স্টেশন মধুরিত করিয়া তুলিলেন। অশ্ব-শকটে আরোহণ করাইয়া, বিরাট শোভাযাত্রা সহকারে স্বামিজীকে স্থানীয় প্রসিদ্ধ জমিদার মোহিনীমোহন দাস মহাশয়ের ভবনে লইয়া যাওয়া হইল।

কয়েকদিন পর বৃধাশ্রমী উপলক্ষে ব্রহ্মপুত্র স্নানের জন্য স্বামিজী ঢাকা হইতে নৌকাযোগে লাঙ্গলবন্দ অভিমুখে যাত্রা করিলেন। ২৫শে মার্চ জননী ও অন্যান্য মহিলাবৃন্দ নারাষণগঞ্জে আসিয়া স্বামিজীর সহিত যোগদান করিলেন। সদলবলে লাঙ্গলবন্দে উপনীত হইয়া ব্রহ্মপুত্রের পবিত্র সলিলে অবগাহন করিয়া স্বামিজী আনন্দিত হইলেন। রাত্রিতে স্বামিজীর একটু জ্বর হইল। বাহা হউক, তিনি নির্বিঘ্নে ঢাকায ফিরিয়া আসিলেন।

ঢাকায় অবস্থানকালে প্রত্যহ বহু ব্যক্তি তাঁহার নিকট আশীর্বাদ ও উপদেশপ্রার্থী হইয়া আগমন করিতেন। স্বামিজী প্রায় সর্বদাই তাঁহাদিগকে সাদরে গ্রহণ করিয়া শিশ্টালাপে পরিতুষ্ট করিতেন। অপরাহ্নে প্রায় দুই তিন ঘণ্টাকাল ভ্যাগ, বৈরাগ্য, কর্মযোগ, ভক্তি, জ্ঞান ইত্যাদি বিবিধ বিষয় আলোচনা করিতেন। স্বামিজীর মধুর ব্যবহাব, বিনম্র বচনে সকলেই মূগ্ধ হইতেন।

স্থানীয় শিক্ষিত সম্প্রদায়ের আগ্রহে ও অনুরোধে স্বামিজী ঢাকায় দুইটি বক্তৃতা প্রদান করেন। ৩০শে মার্চ স্থানীয় উকীল রমাকান্ত নন্দীর সভাপতিত্বে জগন্নাথ কলেজে একটি সভা আহূত হয়। স্বামিজী প্রায় দুই সহস্র শ্রোতার সম্মুখে ইংরেজী ভাষায় “আমি কি শিক্ষার্থী?” এই বিষয়ে একঘণ্টা কাল বক্তৃতা করিলেন। তৎপর দিবস পোগজ স্কুলের সুবিস্থিত প্রাঙ্গণে প্রায় তিন সহস্র শ্রোতার সম্মুখে “আমার জন্মপ্রাপ্ত ধর্ম” সম্বন্ধে দুই ঘণ্টাকাল একটি বক্তৃতা প্রদান করেন। শ্রোতৃগণ স্বামিজীর বক্তৃতার সম্মোহিনী শক্তিতে যেন আবিষ্ট হইয়া মন্ত্রমুগ্ধবৎ নিস্তব্ধ ছিলেন। উভয় বক্তৃতাতেই স্বামিজী ব্রাহ্মসংস্কারকগণের অবলম্বিত কার্যপ্রণালীর তীব্র প্রতিবাদ করেন। এই সংস্কারক-সম্প্রদায় যে আমাদের ধর্মের মধ্যে খৃষ্টানী ভাব চালাইবার বিশেষ পক্ষপাতী এবং মূর্তিপূজাকে একান্ত দোষাবহ বলিয়া মনে করেন, তাহার কারণ উঁহারা মূর্তিপূজার ভালমন্দ কোনদিকই উন্মূখরূপে অনুসন্ধান না করিয়া একেবারে হিন্দুধর্মকেই একটা ভ্রম-প্রমাদের সমষ্টি বলিয়া স্থির করিয়া লইয়াছেন। মূর্তিপূজা সমর্থনকল্পে স্বামিজী তাঁহার বহু বক্তৃতায় দার্শনিক সূক্ষ্ম-যুক্তি দেখাইতে চেষ্টা করেন নাই, ধর্মজীবনের অবস্থা বিশেষে উঁহার প্রয়োজনীয়তার পক্ষে তিনি যুক্তিভাল বিস্তার করিয়াছেন, কিন্তু শেষোক্ত বক্তৃতাটির উপসংহারে

তিনি মমস্পর্শী ভাষায় যাহা বলিয়াছিলেন, তাহা হিন্দু ও ব্রাহ্ম সকলেরই বিশেষভাবে প্রাণধান করিবার বিষয়। স্বামিজী বলিয়াছেন, “এই মূর্তি-পূজার ভিতরে নানাবিধ কুৎসিতভাব প্রবেশ করিয়া থাকিলেও আমি উহার নিন্দা করি না। যদি সেই মূর্তি-পূজক ব্রাহ্মণের পদধূলি আমি না পাইতাম, তবে আমি কোথায় থাকিতাম। যে সকল সংস্কারক মূর্তি-পূজার নিন্দা করিয়া থাকেন, তাহাদিগকে আমি বলি, “ভাই, তুমি যদি নিরাকার-উপাসনার যোগ্য হইয়া থাক, তাহা কব, কিন্তু অপরকে গালি দাও কেন? সংস্কার কেবল পুরাতন বাটীর জীর্ণসংস্কার মাত্র। জীর্ণসংস্কার হইয়া গেলে আর উহার প্রয়োজন কি? সংস্কারকদল এক স্বতন্ত্র সম্প্রদায় গঠন করিতে চান। তাহারা মহৎ কার্য করিয়াছেন। তাহাদের মস্তকে ভগবানের আশীর্বাদ বর্ষিত হউক, কিন্তু তোমরা আপনাদিগকে পৃথক করিতে চাও কেন? হিন্দু নাম লইতে লজ্জিত হও কেন?”

বাংলায় সংস্কারকগণের স্বজাতি ও স্বধর্ম বিবেক দেখিয়া বিশ্বপ্রেমিক সন্ন্যাসী কতবারই না ক্ষুব্ধ হৃদয়ে বলিয়াছেন, “আমরা তো উহাদিগকে ক্রোড়ে লইবার জন্য বাহ্যে বিস্তার করিয়া আছি, উহারাই যে আসিবে না, তাহার আমরা কি করিব?” কিন্তু পরিতাপের বিষয় যে, আসা দূরে থাক, বরং কোন কোন ব্রাহ্মনেতা তাহার প্রভাব ও প্রতিপত্তিতে প্রতিহত হইয়া ঈর্ষাবির্ষ্যভিত্তিতে শত্রুকর্মী সন্ন্যাসীর অমল ধবল চরিত্রে কলঙ্কারোপ করিতেও বিন্দুমাত্র লজ্জিত হন নাই। যাঁহারা নিজেদের মধ্যে পরস্পর বিবাদ করিয়া এক অতি জঘন্য লজ্জাকর সাহিত্য সৃষ্টি করিয়াছেন, স্বামী বিবেকানন্দের প্রতি যে তাঁহারা অসূয়া-পরবশ হইবেন, ইহা তো স্বাভাবিক, কিন্তু যাহা স্বাভাবিক, তাহাই সঙ্গত নয়, অতীত ঈর্ষা প্রকাশ ভিন্ন অন্ধম আর কি-ই বা অধিক করিতে পারে?

অপরদিকে স্বামিজী, যে সমস্ত ব্যক্তি আমাদের প্রত্যেকটি কুসংস্কার ও গ্রাম্য আচার ইত্যাদির বৈজ্ঞানিক ব্যাখ্যা করিয়া ঐগর্ভিল সমর্থন করিতে চেষ্টিত হন, তাহাদিগের সহিতও একমত হইতে পারেন নাই। স্বামিজী বলেন, “ইহাদের অতিরিক্ত দল প্রাচীন সম্প্রদায়, যাঁহারা বলেন, আমি তোমার অত শত বন্ধি না, বন্ধিতে চাইও না, আমি চাই ঈশ্বরকে, আমি চাই আত্মাকে, চাই জগৎকে ছাড়িয়া সুখ-দুঃখকে ছাড়িয়া উহার অতীত প্রদেশে যাইতে। যাঁহারা বলেন, বিশ্বাস সহকারে গঙ্গাস্নানে মূর্তি হয়, যাঁহারা বলেন, শিব, রাম প্রভৃতি যাঁহার প্রতিই হউক না কেন, ঈশ্বরবন্দী করিয়া উপাসনা করিলে মূর্তি হইয়া থাকে, আমি সেই প্রাচীন সম্প্রদায়ভূক্ত।”

তাহার ঢাকায় অবস্থানকালীন একদিন জনৈকা বারবানতা, বিবিধ অলঙ্কারে সুসজ্জিতা হইয়া তাহার মাতার সহিত স্বামিজীর দর্শনাকাঙ্ক্ষণী হইয়া আগমন করিয়াছিল। তাহারা অশ্ব-শকট হইতে অবতরণ করিয়া দর্শন কামনা করিলে উপস্থিত ভক্তবৃন্দ অনেকেই ইতস্ততঃ করিতে লাগিলেন। স্বামিজী এই সংবাদ পাইয়া তৎক্ষণাৎ তাহাদিগকে তাহার নিকট আসিবাব আদেশ দিলেন। তাহারা স্বামিজীকে প্রণামান্তে দণ্ডায়মানা হইলে স্বামিজী স্নেহপূর্ণস্বরে তাহাদিগকে আসন গ্রহণ করিতে অনুরোধ করিলেন। দু'একটি কথার পর নর্তকীর জননী, তাহার কন্যা হাঁপানি রোগগ্রস্তা বলিয়া স্বামিজীর নিকট কিছু ঔষধ ও আশীর্বাদ ভিক্ষা করিল। স্বামিজী সহানুভূতি মিশ্রিত ব্যথিত-করুণাদ্রব্ধে বলিলেন, “মা, দেখ আমি নিজেই হাঁপানি রোগে ভুগিতেছি, নিজেব ব্যাধিই আরোগ্য কবিতে পারি না। আমার ইচ্ছা হয়, তোমার ব্যাধি আরোগ্য হউক, যদি ক্ষমতা থাকিত, তাহা হইলে করিতাম।” স্বামিজীর বালকের ন্যায় সরল স্নেহপূর্ণ বচনে রমণীস্বয় ও উপস্থিত দর্শকবৃন্দ মোহিত হইলেন। তাহারা অবশেষে স্বামিজীর আশীর্বাদ গ্রহণে ধন্য হইয়া বিদায় গ্রহণ করিল।

স্বামিজী ছুঃমার্গের বিরোধী ছিলেন এবং সকলের হস্ত হইতে খাদ্যদ্রব্য গ্রহণ করিতেন বলিয়া ঢাকার অনেক গোঁড়া হিন্দু আপত্তি প্রকাশ করিতেন। স্বামিজী একদিন একজনকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন, “বাবু! আমি ফকীর সন্ন্যাসী, আমার আবার জাতিবিচার ও আচার-নিষম কি? শাস্ত্র বলিতেছেন, সন্ন্যাসী মাধুকরী ভিক্ষা করিয়া জীবনধারণ করবে, এমনকি, ভিন্নধর্মাবলম্বী গৃহ হইতে খাদ্যদ্রব্য ভিক্ষা করিতে সন্ন্যাসীর পক্ষে নিষেধ নাই।”

ঢাকা হইতে স্বামিজী সাধু নাগমহাশয়ের জন্মভূমি দেওভোগ দর্শনার্থে গমন করেন। নাগমহাশয় ১৮৯৯ সালের ডিসেম্বর মাসেই দেহবন্ধা করিয়াছিলেন। ইতিপূর্বে স্বামিজী দেওভোগে আগমন করিবেন বলিয়া প্রতীক্ষিত ছিলেন, এতদিনে তাহার সে সঙ্কল্প পূর্ণ হইল, কিন্তু আজ আর নাগমহাশয় নাই। যদি তিনি জীবিত থাকিতেন, তাহা হইলে আজ তাহার কত আনন্দ হইত। দেওভোগে উপস্থিত হইয়া স্বামিজীর সেই তপস্বী জনকতুল্য সাধুর কত পুণ্যস্মৃতিই না মনে পড়িল! পুণ্যচারিত ঋষির সাধনকুটীরে উপনীত হইয়া বিবেকানন্দের হৃদয় প্রমথাসম্ভ্রমে ভরিয়া উঠিল। আর সতী সাধবী নাগমহাশয়ের সহধর্মিণী, আজ তাহার আনন্দের পরিসীমা নাই। তাহার ইষ্টদেবের দ্বিতীয়-বিগ্রহ-স্বরূপ স্বামিজী তাহার কুটীরে অতিথি। কেমন করিয়া তাহার অভ্যর্থনা করিবেন, কি দিয়া তাহাকে পরিতুষ্ট

করিয়েন যেন বৃষ্টিয়া উঠিতে পারিতেছেন না। শ্রীশ্রীঠাকুরের প্রিয়তম পার্শ্বদেবের সেবার জন্য ভক্তি ও উল্লাসে গদগদ হইয়া বিবিধ প্রকার অন্ন-বাজন প্রস্তুত করিতে প্রবৃত্ত হইলেন। ইত্যবসরে স্বামিজী সদলবলে পুষ্করিণীতে স্নান করিতে চলিলেন, বালকের ন্যায় ঝুপ প্রদান করিয়া সাঁতার দিতে লাগিলেন, জল ছিটাইয়া ক্রীড়া-কৌতুক করিতে লাগিলেন। এ দৃশ্য দেখিয়া কে মনে করিবে যে, ইনি সেই বেদান্তদৃষ্টদৃষ্টভিনাদে জগৎকম্পনকারী কীর্তিমান সম্মাসী বিবেকানন্দ, এ যে সেই শ্রীরামকৃষ্ণের বড় আদরের কিশোরবয়স্ক চপল বালক। স্নানান্তে স্বামিজী নিদ্রিত হইলেন। নিদ্রা—গভীর নিদ্রা, বহুদিন পর পল্লীর নিভৃত কোলে আসিয়া আজ বিবেকানন্দ সুস্বপ্নিতলাভ করিলেন। অনেকদিন তাঁহার সুনিদ্রা হয় নাই। কেমন করিয়া হইবে? দিবসের কর্ম-কোলাহলের অবসানে যখন তিনি শয্যায় যাইতেন, তখনই কত চিন্তা হৃদয়ে জাগিয়া উঠিত। সমগ্র ভারতের দুঃখ, দৈন্য, অধঃপতনের শোচনীয় চিত্রগুলি একে একে তাঁহার মানসপটে উদ্ভূত হইত। বিশ্বজোড়া বিশ্রামের সেই শান্তস্তব্ধক্ষেণে তাঁহার বাধিত চিন্তে কি বেদনাবহ আলোড়ন। বিনীত নয়নে বিবেকানন্দ ভাবিতেন, “তোমার দুঃখ মোচনাব জন্য কি করিব মা। হায়, ভারত-সন্তান আত্মবিস্মৃত, এত ডাকিয়াও যে সাড়া পাই না মা। পাজাব, বাঙ্গলা, বোম্বাই, মাদ্রাজ, যোঁদকে তাকাই, সেইদিকেই যে জরাজীর্ণ স্বর্গের অবস্থা। জাতিব এই জড়ত্ব ভাগিণী, এই চেষ্টায় প্রাণ দিব, সকলকে উত্তীর্ণত জাগ্রত অভয়বাণী শুনাইব, নৈরাশ্যের ঘনাম্বকারের মধ্যেও আশার আলোক আনিতে চেষ্টা করিব, চেষ্টা উদ্যম ব্যর্থ হউক, শতবার বিফল হউক, উদ্দেশ্য ছাড়িব না।” এ চিন্তাভার যাহার মস্তিস্কে তাঁহার কেমন করিয়া সুনিদ্রা হইবে?

বেলা আড়াইটার সময় সুস্থিতাখিত বিবেকানন্দ জাগ্রত হইয়াই আহারের অভ্যপ্রায় জ্ঞাপন করিলেন। সমস্তই প্রস্তুত, কেবল তাঁহার বিশ্রামে ব্যাঘাত না হয়, সেইজন্যই সকলে অপেক্ষা করিতেছিলেন। বহুদিন পর তাঁহার সুনিদ্রালাভ হইয়াছে বলিয়া আনন্দপ্রকাশ করিতে করিতে বিবেকানন্দ আহারে বসিলেন। ক্ষুধিত বালকের ন্যায় আগ্রহসহকারে ভোজন করিয়া তিনি পরম তৃপ্তি লাভ করিলেন। অতঃপর নাগ-মহাশয়ের সহধর্মিণী কর্তৃক প্রদত্ত বস্ত্রখানি বহু মান-সহকারে মস্তকে জড়াইয়া আনন্দ করিতে করিতে ঢাকার ফিরিয়া আসিলেন। বেলুড় মঠে ফিরিয়া আসিয়া স্বামিজী বহুবার সম্মাসী ও ব্রহ্মচারীগণকে দেওভোগের গল্প শুনাইয়া আনন্দানন্দভব করিতেন।

একদিন ধর্মোন্মত্ততা সম্বন্ধে আলোচনাপ্রসঙ্গে স্বামিজী বলিয়াছিলেন, “ঢাকার

মোহিনীবাবুর বাড়িতে ংকদিন ংকটি ছেলে ংকখানা কার ফটো ংনে ংমার দেখালে ং বললে, ‘মহাশয়, বলুন ংনি কে? অবতার কি না?’ ংমি তা’কে ংনেক বদ্বিষে বললুম, ‘তা’ বাবা ংমি কি ংনি।’ তিন চারবার বললে ং সে ছেলোট্ট দেখলুম কিছুরেই তার জেদ ছাড়ে না। অবশেষে ংমাকে বাধ্য হ’য়ে বলতে হ’ল, ‘বাবা ংখন থেকে ভাল করে খেও দেও, তা’হলে মস্তিস্কের বিকাশ হ’বে, পদ্বিষ্টকর খাদ্যাভাবে তোমার মাথা যে শব্দকিরে গেছে।’ ংকথা শব্দে বোধ হয় ছেলোট্টর ংসন্তোষ হ’য়ে থাকবে। তা’ কি করব বাবা, ছেলেদের ংরূপ না বললে তারা যে ক্রমে পাগল হ’য়ে দাঁড়াবে। গুরুকে লোকে অবতার বলতে পারে, যা’ ইচ্ছে তাই বলে ধারণা কববার চেষ্টা করতে পারে, কিন্তু ভগবানের অবতার বখন তখন যেখানে সেখানে হয় না। ংক ঢাকাতেই শব্দলাম, তিন চারটি অবতার দাঁড়িয়েছে।”

ঢাকা হইতে স্বামিজী কামাখ্যা পীঠ ং চন্দ্রনাথ দর্শনে যাত্রা করিলেন। পশ্চিমখে গোয়ালপাড়া ং গোহাটীতে কষেকদিন বিশ্রাম করিতে হইল। গোহাটীতে স্বামিজী তিনটি বক্তৃতা প্রদান করেন, কিন্তু দঃখের বিষয় যোগ্য ব্যক্তির ংভাবে ংহার কোন ংনুর্লিপি লওয়া হয় নাই।

ঢাকাতে ং স্বামিজীব শরীর ভাল ছিল না। রোগ ংত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। চন্দ্রনাথ হইতে স্বামিজী যখন গোহাটীতে ফিরিয়া ংসিলেন, তখন তাঁহার ংবস্থা ংত মন্দ যে, সঙ্গীয় ভক্ত ং শিষ্যমণ্ডলী সমধিক চিন্তিত হইয়া পড়িলেন। শিলংয়ের ংবহাওয়া স্বামিজীর স্বাস্থ্যের পক্ষে ংনুকূল হইবে বিবেচনা করিয়া সকলেই তাঁহাকে শিলং যাইবার জন্য ংনুরোধ করিলেন। স্বামিজী স্বীকৃত হইয়া সদলবলে গোহাটী হইতে শিলং ংন্তিমুখে যাত্রা করিলেন।

ংসামের তদানীন্তন চীফ কমিশনার ভারতহিতৈষী স্যার হেনরী কটন, স্বামিজীর ংগমন সংবাদে তাঁহার দর্শন কামনায় ব্যগ্র হইয়া ংঠিলেন। কটন সাহেবের ংনুরোধে স্বামিজী ংকদিন ংকটি বক্তৃতা প্রদান করিলেন। স্থানীয় ইউরোপীয়গণ সকলেই সভার সমবেত হইয়াছিলেন ং দেশীয় শিক্ষিত সমাজের প্রত্যেকেই ংগ্রহসহকারে সভার যোগদান করিয়াছিলেন। বক্তৃতান্তে কটন সাহেব স্বামিজীকে কৃতজ্ঞতার সহিত ধন্যবাদ প্রদান করিলেন। সাহেবগণ ংকবাক্যে বলিতে লাগিলেন, ভারতীয় শিক্ষা ং সভ্যতার ংমন সন্দর্ভ ং যদ্বিষ্টপূর্ণ ব্যাখ্যা তাঁহার কুপ্রাপি প্রবণ করেন নাই।

স্যার হেনরী কটন পূর্ব হইতেই স্বামিজীর সম্বন্ধে ংনেক সংবাদ ংনিতেন ং ংবং স্বদেশপ্রেমিক সম্মাসীর বক্তৃতাটি পাঠ করিয়া যথেষ্ট প্রশ্াসসম্পন্ন হইয়াছিলেন।

একদিন তিনি স্বামিজীর আবাসস্থলে তাঁহার সহিত দেখা করিতে আসিলে কথা-প্রসঙ্গে কটন সাহেব বলিলেন, “স্বামিজী! ইউরোপ-আমেরিকার প্রসিদ্ধ স্থানসমূহ পরিদর্শন করিয়া অবশেষে আপনি এই জগলে কি দেখিতে আসিয়াছেন?” স্বামিজী উচ্ছ্বাস সহকারে তাঁহাকে বাহুপাশে জড়াইয়া ধরিয়া বলিলেন, “আপনার মত ঋষি যেখানে বাস কবে, তাহা তীর্থস্থান, আমি তীর্থদর্শনে আসিয়াছি।” স্বামিজী ও কটন সাহেবের হাস্য-পরিহাস সহকারে সরলভাবে কথোপকথন শ্রবণ করিয়া উপস্থিত সকলেই মনে করিতে লাগিলেন যে, উভয়ের সহিত কতকালের পরিচয়, সঙ্কোচ বা সম্ভ্রমের কোন ভাব নাই, যেন দুইটি বাল্যবন্ধু বহুকাল পর একত্র হইয়াছেন। স্বামিজীর দৈহিক অবস্থা দেখিয়া কটন সাহেব স্থানীয় সিভিল সার্জন সাহেবকে তাঁহার চিকিৎসার্থ নিযুক্ত করিলেন। তিনি প্রত্যহ দুইবেলা স্বামিজীর তত্ত্বাবধান করিতে লাগিলেন।

শিলং স্বাস্থ্যকর স্থান হইলেও স্বামিজীর স্বাস্থ্যাম্রিতর কোন লক্ষণ দেখা গেল না, বরং উত্তরোত্তর অবস্থা খাপ খাইতে লাগিল। একদিন রাত্রিতে এত বেশী শ্বাসকষ্ট উপস্থিত হইল যে, তাঁহাব শিষ্যবৃন্দ ভ্রমহৃদয়ে প্রতিমুহূর্তে দেহত্যাগের আশঙ্কা করিতে লাগিলেন। স্বামিজীও যেন জীবনের আশা ত্যাগ করিয়া অতিকষ্টে বালিসের উপর ভর দিয়া শেষ শ্বাস পতনের জন্য অপেক্ষা করিতে লাগিলেন। কিছুক্ষণ পর আপন মনেই বলিয়া উঠিলেন, “যদি দেহত্যাগই হয়, তাহাতেই বা কি? আমি জগৎকে বহুবর্ষ চিন্তা কবিবার মত উপকরণ দিয়াছি।”

ক্রমে বাহি—গভীর বাহি যন্ত্রণাব কিছুমাত্র উপশম হইল না। জনৈক বালব্রহ্মচারী উভয়হস্তে তাঁহাব মস্তক সন্ন্যাসভাবে ধরিয়া দাঁড়াইয়া আছেন। মহাপুরুষের এই রোগযন্ত্রণা প্রত্যক্ষ করিয়া তাঁহার হৃদয় শতধা বিদীর্ণ হইতে লাগিল, কি করিলে এ যন্ত্রণাব উপশম হয়। সরল, ভক্তিময় বালক কাতবভাবে শ্রীভগবচ্চরণে প্রার্থনা কবিতে লাগিলেন যে, “হে ভগবান, দয়া করিয়া এই রোগভার আমাকে অপর্ণ কর, স্বামিজী সুস্থ হইয়া উঠুন।” সহসা স্বামিজীর পশ্চপলাশ-লোচনম্বল উন্মীলিত হইল। করুণার্দ্ৰ দৃষ্টিতে বালকের দিকে চাহিয়া বলিলেন, “বৎস! আমি যে দুঃখকষ্ট ভোগ কবিবার জন্যই দেহধারণ করিয়াছি, অধীর হইও না।” প্রভাতের সঙ্গে সঙ্গে স্বামিজী আপেক্ষাকৃত সুস্থ হইলেন, শ্বাসকষ্ট অন্তর্হিত হইল। উৎকর্ষিত শিষ্যগণ সমূহ বিপদ হইতে উদ্ধার পাইয়া কথঞ্চিৎ নিশ্চিন্ত হইলেন।

পূর্ববর্ণণ ও আসাম ভ্রমণ সমাপ্ত করিয়া স্বামিজী বেলুড মঠে ফিবিয়া আসিলেন।

বহুদুরোগে স্বামিজী পূর্ব হইতে ভুগিতেছিলেন, এক্ষণে তাহার ফলস্বরূপ শোথ দেখা দিল। শিক্ষিত গুরুভ্রাতাগণ স্বয়ং সূচিকংসার বন্দোবস্ত করিলেন এবং সর্বপ্রকার কার্য হইতে তাঁহাকে অবসর গ্রহণ করিবার জন্য অনুরোধ করিতে লাগিলেন। তাঁহাদের আগ্রহাতিশয্যে স্বামিজী প্রচারকার্য পরিত্যাগ করিয়া মঠে অবস্থান করিতে লাগিলেন, কবিরাজী চিকিৎসা চলিতে লাগিল। কবিরাজী ঔষধ-সেবনে কিছু কিছু উপকার হইতে লাগিল বটে, কিন্তু সামান্য জড়দেহের জন্য চিকিৎসকের আজ্ঞানুবর্তী হইয়া কঠোর নিয়ম প্রতিপালন করা তাঁহার পক্ষে অতীব কষ্টকর ব্যাপার হইয়া দাঁড়াইল। কেহ তাঁহাকে ঔষধে রোগের উপশম হইতেছে কিনা প্রশ্ন করিলে, উত্তর করিতেন, “উপকার অপকার জানি না। গুরুভাইদের আজ্ঞা পালন করে যাচ্ছি।” তাঁহার শারীরিক অসুস্থতার জন্য সকলেই বিমর্ষ, এ দৃশ্য দেখিয়া স্বামিজী সময় সময় বিচলিত হইতেন। হাস্য-কৌতুককালে সর্বদাই প্রমাণ করিতে চেষ্টা করিতেন যে, তাঁহার ব্যাধি সকলে যে রূপ ভাবিতেছেন, সে রূপ সাংঘাতিক নহে। তাঁহার জন্য অপরে কষ্টানুভব করিবে, ইহা তাঁহার একান্ত অনাভিপ্রেত ছিল।

এই সময় বহুব্যক্তি তাঁহার দর্শনাধী ও আশীর্বাদাকাঙ্ক্ষী হইয়া মঠে আগমন করিতেন। স্বামিজী প্রত্যেকের সহিত আলাপ করিয়া ধর্মোপদেশ প্রদান করিতেন, দেশের কল্যাণ কামনায সেবারত গ্রহণ করিবার জন্য যুবকবৃন্দকে উৎসাহিত করিতেন। বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ আসিলে তো কথাই নাই, স্বামিজী প্রবল আগ্রহের সহিত তাঁহাদিগের সম্মুখে ওজস্বিনী ভাষায় শক্তিসাধনার মহিমা কীর্তন করিতেন, সবল, শক্তিমান, জিতেন্দ্রিয় হইবার জন্য প্রত্যেককে ব্যক্তিগতভাবে উপদেশ প্রদান করিতেন। কখনও কখনও ঘণ্টার পর ঘণ্টা ধরিয়া তিনি দেশের দুর্দশা ও তাহার প্রতীকারোপায় সম্বন্ধে শিক্ষিত যুবকবৃন্দের সহিত আলোচনা করিতেন। এইরূপ আলোচনা স্বাস্থ্যের পক্ষে অনিষ্টকর জানিয়া অনেক সময়ে তাঁহার গুরু-ভ্রাতাগণ উহা হইতে তাঁহাকে নিবৃত্ত করিবার চেষ্টা পাইতেন, কোনদিন স্বামিজী তাঁহাদের অনুরোধে নিরস্ত হইতেন, আবার কখনও বা বিরক্তির সহিত বলিতেন, “বেখে দে তোর নিয়ম ফিয়ম! এদেব মধ্যে যদি একজনও ঠিক ঠিক আদর্শ জীবন যাপন কববার জন্য প্রস্তুত হয়, তাহলে আমার সমস্ত শ্রম সার্থক। পরকল্যাণে হ লই বা দেহপাত, তাতে কি আসে যায়। চূপ করে ঘরের দোর বন্ধ করে বেঁচে থেকেই বা ফল কি? এরা কত দূর থেকে কত কষ্ট করে আমার দৃষ্টো কথা শুনবার জন্য এসেছে, আর অমনি অমনি ফিরে যাবে? তোরা যা পারিস্ কর, আমি জড়ের

মত চূপ করে বসে থাকতে পারবো না।”^৬ এখনও এই সমস্ত সৌভাগ্যবান যুবকগণের অনেকেই স্বামিজীর অপার দয়া, স্নেহ ব্যবহারের কথা কৃতজ্ঞচিত্তে ব্যস্ত করিয়া থাকেন। পতিত, অথম, দুর্বল বলিয়া স্বামিজী কাহাকেও উপহাস বা অবজ্ঞা করিতেন না। তাঁহার দৃষ্টিতে কেহই অর্নাধিকারী বলিয়া বিবেচিত হইত না। কেহ কেহ অতীতের অনাচার ব্যস্ত করিয়া অনুতাপ করিলে স্বামিজী ভৎসনা করিয়া বলিতেন, “ছিঃ, তুমি আপনাকে দুর্বল বা দোষযুক্ত মনে করিতেছ কেন? বাহ্য করিয়াছ ভালই কবিয়াছ, এক্ষণে আরও ভাল হও।” যাহারা জীবনে অন্ততঃ একবারও এই মহাপুরুষকে দর্শন করিয়াছেন, ক্ষণকালের জন্যও তাঁহার শ্রীমুখ-বিগলিত আশা ও ভরসার বাণী শ্রবণ কবিয়াছেন, তাঁহাদের অনেককেই আমরা বহুবার বলিতে শুনিয়াছি, “কত বড় বড় পণ্ডিত, বক্তা, সাধু-সন্ন্যাসী দেখিলাম, কিন্তু বিবেকানন্দের ন্যায় সহৃদয় ব্যাখ্যার ব্যাখী দ্বিধ পতিত কাণ্ডালের বন্ধু আব একজনও এ পর্যন্ত চোখে পড়িল না।”

বিবেকানন্দের মত ব্যক্তিকে সর্বপ্রকার পরিশ্রম হইতে বিরত রাখা বাস্তবিকই অসাধ্য ব্যাপার ছিল। অন্য কোন কথা দূরে থাক, এইকালে তিনি একমাত্র পুস্তক অধ্যয়ন-কম্পে যে কি কঠোর পরিশ্রম করিতেন, তাহা ভাবিতে গেলেও অবাক হইতে হয়। ‘স্বামি-শিষ্য-সংবাদ’ সঙ্কলয়িতা শরৎচন্দ্র চক্রবর্তী উক্ত পুস্তকে লিখিয়াছেন “কবিরাজী ঔষধের কঠোর নিয়ম পালন করিতে গিয়া, স্বামিজীর এখন আহার-নিদ্রা নাই এবং নিদ্রাদেবী তাঁহাকে বহুকাল হইল একরূপ ত্যাগ করিয়াছেন, কিন্তু এই অনাহার অনিদ্রাতেও স্বামিজীর শ্রমের বিবাম নাই। কয়েকদিন হইল মঠে নূতন Encyclopædia Britannica কেনা হইয়াছে। নূতন ঝক্‌ঝকে বইগুলি দেখিয়া শিষ্য স্বামিজীকে বলিল, ‘এত বই এক জীবনে পড়া দুষ্ট।’ শিষ্য তখনও জানে না যে, স্বামিজী ঐ বইগুলির দশখণ্ড ইতিমধ্যে পড়িয়া শেষ করিয়া একাদশখণ্ডখানি পড়িতে আরম্ভ করিয়াছেন।

স্বামিজী। কি বল্‌ছি? এই দশখানি বই থেকে আমায় যা ইচ্ছা জিজ্ঞাসা কর, সব বলে দেব।

শিষ্য অবাক হইয়া জিজ্ঞাসা করিল, আপনি কি এই বইগুলি সব পড়িয়াছেন?

স্বামিজী। না পড়লে কি আর বল্‌ছি?

অনন্তর স্বামিজীর আদেশ পাইয়া শিষ্য ঐ সকল পুস্তক হইতে বাছিয়া বাছিয়া কঠিন কঠিন বিষয় সকল জিজ্ঞাসা করিতে লাগিল। আশ্চর্যের বিষয়, স্বামিজী ঐ বিষয়গুলির পুস্তকনিবন্ধ মর্ম তো বলিলেনই, তাহার উপর স্থানে স্থানে ঐ

পদন্তকের ভাষা পৰ্যন্ত উদ্ভূত করিয়া বলিতে লাগিলেন। শিষ্য ঐ বৃহৎ দশখণ্ড পদন্তকের প্রত্যেকখানি হইতেই দুই একটি বিষয় জিজ্ঞাসা করিল এবং স্বামিজীর অসাধারণ ধী ও স্মৃতিশক্তি দেখিয়া অবাক হইয়া বইগুলি তুলিয়া রাখিয়া বলিল, 'ইহা মানুষ্যের শক্তি নহে।'

স্বামিজী। দেখিলি, একমাত্র ব্রহ্মচর্য পালন ঠিক ঠিক করিতে পারলে, সমস্ত বিদ্যা মনুহৃদে আবশ্য হইবে যাহা—স্মৃতিধর, স্মৃতিধর হয়। এই ব্রহ্মচর্যের অভাবেই আমাদের দেশ ধ্বংস হইয়া গেল।

ক্রমে জুলাই ও আগস্ট মাস অতিবাহিত হইল। স্বামিজীর স্বাস্থ্য এই কালে পূর্বাপেক্ষা কিছুটা উন্নত হইয়াছিল। তিনি প্রত্যহ প্রভাতে ও সন্ধ্যায় মঠ হইতে বড়রাস্তায় ভ্রমণে বহির্গত হইতেন। এইরূপ ভ্রমণকালে কখনও কখনও তাঁহার গুরুভ্রাতা বা শিষ্যগণ সঙ্গী হইতেন, স্বামিজী তাঁহাদের সহিত নানাপ্রকার আলোচনা করিতেন, কখনও বা গভীর চিন্তায় মগ্ন হইয়া সঙ্গীদিগের সহিত উদাসীনবৎ ব্যবহার করিতেন। মঠের সন্ন্যাসী ও ব্রহ্মচারিগণের পক্ষে স্বামিজীর নিরন্তর উপস্থিতিই একাধারে প্রচুর শিক্ষালাভ ও নিরবচ্ছিন্ন আনন্দের বিষয় ছিল। তিনি কখনও বা মঠের গৃহস্থালী সম্বন্ধীয় কোন কোন কর্ম স্বহস্তে সম্পাদন করিতেন, ঘর ঝাঁট দিতেন, জমি কোপাইয়া ফলফুলের বীজ রোপণ করিতেন, আবার অনেক সময় উৎসাহের সহিত রন্ধন করিয়া সন্ন্যাসিবৃন্দকে ভোজন করাইয়া আনন্দানুভব করিতেন। মঠে স্বামিজীর আড়ম্বরহীন জীবনযাপন প্রণালী ও এই সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র কার্যানুষ্ঠান, তরুণ সন্ন্যাসিগণ পরমশিক্ষার দিক দিয়াই গ্রহণ করিয়াছিলেন।

বেলুড় মঠ প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে হিন্দুসমাজের দৃষ্টিও এই প্রতিষ্ঠানটির উপর পতিত হইল। সন্ন্যাসিগণের উদারভাব, দেশাচার ও লোকাচার-সম্মত কতকগুলি আচার-নিয়মের প্রতি উদাসিনী, বিশেষতঃ আহার সম্বন্ধে জন্মগত ও জাতিগত ভেদবিশিষ্ট এককালে পরিবর্তন, এই সমস্ত বিষয় লইয়া নানাস্থানে আলোচনা চলিতে লাগিল। বিলাত-প্রভাগ্যাত বিবেকানন্দ ও তৎসঙ্গিগণের কার্যকলাপ সম্বন্ধে নানা-প্রকার অলীক কাহিনীসকল রচিত হইয়া সাধারণের মধ্যে প্রচারিত হইতে লাগিল। ঐ সমস্ত কুৎসার বিশ্বাস করিয়া শাস্ত্রানিভজ্ঞ, আচাৰ্যসর্বস্ব অনেকে স্বামিজীর মহান্ উদ্দেশ্য হৃদয়ঙ্গম করিতে অসমর্থ হইয়া অথবা নিন্দাবাদ করিত। “চল্গতি নৌকোর আরোহিণী বেলুড় মঠ দেখিয়াই নানারূপ ঠাট্টাতামাসা করিত, এমনকি, সময় সময় অলীক অশ্লীল কুৎসার অবতারণা করিয়া নিষ্কলঙ্ক স্বামিজীর অমল-ধবল চরিত্র আলোচনাতেও কুণ্ঠিত হইত না।” ভক্তগণ অনেকেই মঠে আগমনকালে

এই সমস্ত সমালোচনা শ্রবণ করিতেন। কেহ কেহ ব্যাখ্যাত হৃদয়ে উহা স্বামিজীর নিকট ব্যক্ত করিতেন। স্বামিজী উপেক্ষাব সহিত উত্তর করিতেন, “হাতী চলে, বাজাবম্, কুস্তা ছুঁকে হাজাব। সাধুগুণকো দর্ভাব নহী, যব্ নিন্দে সংসার।’ কখনও বলিতেন, “দেশে কোন নতুন ভাব প্রচার হওয়াব কালে তাহার বিবদ্ষে প্রাচীন পন্থাবলম্বিগণের অভ্যুত্থান প্রকৃতির নিয়ম। জগতেব ধর্মসংস্থাপক মাত্রকেই এই পরীক্ষা উত্তীর্ণ হইতে হইয়াছে। Persecution (অন্যায় অত্যাচার) না হইলে জগতেব হিতকর ভাবগুণি সমাজের অন্তস্তলে সহজে প্রবেশ করিতে পাবে না।’ সুতবাং ইতরসাধারণের তীব্র সমালোচনা ও কুৎসা রটনায় স্বামিজী বিন্দুমাত্র বিচলিত হইলেন না এবং ঐগুণিকে তিনি তাঁহাব নবভাব প্রচাৰের সহায়ক বলিয়া উহাব বিরুদ্ধে কোনপ্রকার প্রতিবাদ পর্যন্ত করিতেন না, এমনকি, তাঁহার পদাশ্রিত সন্ন্যাসী ও গৃহিণীগণকে পর্যন্ত কোনপ্রকার প্রতিবাদ কবিতে নিষেধ কবিতেন। তিনি কেবল বলিতেন, “ফলাভিসম্বহীন হ’ষে কাজ করে যা, একদিন উহাব ফল নিশ্চয়ই ফলবে। নহি কল্যাণকুণ্ণ কশিচৎ দৃগতিং তাত গচ্ছতি।”

স্বামিজীর দেহাবসানেব পূর্বেই গোঁড়া হিন্দুদেব এই ভ্রম অনেকাংশে অন্তর্হিত হয় এবং এই বৎসর স্বামিজী মঠে শাস্ত্রমতে শ্রীশ্রীদৃগ্‌পূজাব অনুষ্ঠান করায় অনেক অজ্ঞ ব্যক্তি স্ব স্ব ভ্রম বর্জিতে পারিয়া অনুতপ্ত হইয়াছিলেন।

স্বামিজী বর্তমান সমাজের সঙ্কীর্ণতাপ্রসূত শাস্ত্রবিবদ্ষ কতকগুলি আচার-নিষমের তীব্র সমালোচনা করিতেন এবং ঐ সমস্ত আচার-নিষমের গন্ডী ভাঙ্গিয়া উদার ও প্রশস্ততর ভিত্তির উপর সামাজিক জীবনকে প্রতিষ্ঠা করিবার জন্য শিষ্যগণকে উপদেশ প্রদান করিতেন। অর্থহীন “ছুৎমাগেব’ উপর তাঁহার কিছুমাত্র আস্থা ছিল না। সামাজিক আচার-ব্যবহার সম্বন্ধে তিনি উদার-মতাবলম্বী হইলেন, ধর্মসম্বন্ধীয় অনুষ্ঠানগুলি শাস্ত্রনির্দেশানুযায়ী বাহাতে অনুষ্ঠিত হয়, তৎপ্রতি বিশেষ লক্ষ্য রাখিতেন। ১৯০১ সালে স্বামিজীর অভিপ্রায়ে মঠে দৃগোৎসব হইতে আরম্ভ কবিয়া প্রায় অধিকাংশ পূজাগুণিই অনুষ্ঠিত হয়।

স্বামিজীব সঙ্কল্পের বিষয় অবগত হইয়া স্বামী ব্রহ্মানন্দ প্রমুখ তাঁহাব গুরুভ্রাতা এবং শিষ্যবৃন্দ মহোৎসাহে পূজোপকরণ সংগ্রহে প্রবৃত্ত হইলেন। সন্ন্যাসীর কোনপ্রকার পূজা বা ক্রিয়া “সঙ্কল্প” করিয়া করিবার অধিকার নাই, অতএব স্বামিজী শ্রীশ্রীমার অনুমতি প্রার্থনা করিলেন। তিনি তাঁহার নামেই সঙ্কল্প হইবে বলিয়া অনুমতি প্রদান করিলে পর স্বামিজীর আনন্দের সীমা রহিল না। ষথাসময়ে কুমারটলী হইতে প্রতিমা মঠে আনীত হইল। পূজার পূর্বদিন শ্রীশ্রীমা

তাহার বাগবাজারের আবাসবাটী হইতে মঠে আগমন করিলেন। তাহার অনুমতি লইয়া ব্রহ্মচারী কৃষ্ণলাল মহারাজ সপ্তমীর দিনে পূজকের আসনে উপবেশন করিলেন। কোলাগ্রণী তন্ত্রমন্ত্রকোবিদ ইশ্বরচন্দ্র ভট্টাচার্য মহাশয়ও শ্রীশ্রীমার আদেশে সদরগদরু বহুস্পতির ন্যায় তন্ত্রধারকের আসন গ্রহণ করিলেন। যথাসাম্য মাসের পূজা নির্বাহিত হইল, কেবল শ্রীশ্রীমার অনভিমত বলিয়া মঠে পশু বলিদান হইল না। বলির অনুকল্পে চিনির নৈবেদ্য ও স্তূপীকৃত মিষ্টান্নের রাশি প্রতিমার উভয় পার্শ্বে শোভা পাইতে লাগিল।

“গরীব, দুষ্ট, কাপালগণকে দেহধারী ইশ্বর-জ্ঞানে পরিতোষ করিয়া ভোজন করান এই পূজার প্রধান অঙ্গরূপে পরিগণিত হইয়াছিল। এতদ্ব্যতীত বেলড় বালী ও উত্তরপাড়ার পরিচিত অপরিচিত অনেক ব্রাহ্মণপণ্ডিতগণকেও নিমন্ত্রণ করা হইয়াছিল এবং তাহারাও সকলে আনন্দে যোগদান করিয়াছিলেন। তদবধি মঠের প্রতি তাহাদের পূর্ব বিশ্বেষ বিদূরিত হইয়া ধারণা জন্মে যে, মঠের সম্মাসীরা যথার্থ হিন্দু-সম্মাসী।”*

দুর্গোৎসবের পর স্বামিজীর অভিপ্রায়ানুযায়ী মঠে প্রতিমা সহযোগে লক্ষ্মী-পূজা ও শ্যামাপূজাও যথাসাম্য অনুষ্ঠিত হইল। শ্যামাপূজার পর, স্বামিজী স্বীয় জননীর সহিত কালীঘাটে গমন করেন। বাল্যকালে স্বামিজীর একবার কঠিন পীড়া হয়, তখন তাহার জননী “মানত” করেন যে, পুত্র আরোগ্য হইলে কালীঘাটে বিশেষ পূজা দিবেন ও শ্রীমন্দিরে তাহাকে গড়াগড়ি দেওয়াইয়া আনিবেন; পরে ঐ কথা আর তাহাব স্মরণ ছিল না, ইদানীং স্বামিজীর অসুস্থতার কথা শ্রবণ করিয়া তিনি ঐ কথা জানাইয়া পুত্রকে সংবাদ দিলেন। জননীর আদেশানুযায়ী স্বামিজী কালীঘাটের আদি গঙ্গায় অবগাহন করিয়া আদর্শবস্ত্রে মন্দির মধ্যে প্রবেশ করিলেন এবং ভক্তিভাবে শ্রীশ্রীকালীমাতার পাদপদ্মের সম্মুখে তিনবার গড়াগড়ি দিলেন। অতঃপর সাতবার মন্দির প্রদক্ষিণ সমাপ্ত করিয়া তিনি নাট্য-মন্দিরের পশ্চিম পার্শ্বে অনাবৃত চত্রে উপবিষ্ট হইয়া হোম আরম্ভ করিলেন। যজ্ঞের পবিত্র অগ্নি প্রজ্জ্বলিত হইল। হোম-কুণ্ডে ষ্ঠতাহুতি প্রদানেরত কন্দর্পকান্তি সম্মাসী যেন স্বিতীয় ব্রহ্মাবৎ প্রতীকমান হইতে লাগিলেন। বহু লোক স্বামিজীকে ঘিরিয়া তাহার বক্তব্যসম্পাদন দর্শন করিতে লাগিলেন। স্বামিজী মঠে ফিরিয়া আসিয়া আনন্দের সহিত বলিলেন, “কালীঘাটে এখনও কেমন উদার ভাব দেখ্‌লুম। আমাকে বিলাত-প্রভাগত ‘বিবেকানন্দ’ বলে জেনেও পূজারীরা মন্দিরে প্রবেশ করতে কোন বাধাই

* স্বামি-শিষ্য-সংবাদ

দেন নাই, বরং পরম সমাদরে মন্দির মধ্যে নিয়ে গিয়ে যথেষ্ট পূজা করতে সাহায্য করেছিলেন।”

অশ্বৈতবাদী সম্ম্যাসী হইয়াও স্বামিজী এইবূপে শাস্ত্রনির্দিষ্ট পশ্চান্দ্বায়ী মূর্তিপূজা ও দেবদেবীর আরাধনা করিয়া দেখাইয়াছেন যে, উহার মধ্যেও গভীর সত্য নিহিত আছে। হিন্দুশাস্ত্র ও ধর্মকে কাটিয়া ছাটিয়া জোড়াতালি দিয়া মনোমত করিয়া গড়িবার চেষ্টা তিনি কখনও করেন নাই, বরং তিনি দৃঢ়তার সহিত বলিতেন, “আমি শাস্ত্রমর্যাদা নষ্ট করিতে আসি নাই, পূর্ণ করিতেই আসিযাছি”— “I have come to fulfil, not to destroy ”

অক্টোবর মাসে পদ্মনরায় ব্যাধির প্রকোপ বৃদ্ধি পাইল, স্বামিজী শয্যাগ্রহণ করিতে বাধ্য হইলেন। কলিকাতার তদানীন্তন প্রসিদ্ধ ডাক্তার মিঃ স্যান্ডার্স চিকিৎসা করিতে লাগিলেন। সর্বপ্রকার মানসিক ও দৈহিক পরিশ্রম নিষিদ্ধ হইল। ষায়াতে স্বামিজী কোন গভীর ও জটিল ভবুর আলোচনা না করিতে পারেন, তন্ম্বশেষে মঠের সন্ন্যাসিগণ সাবধান হইলেন। কিছুদিন পরে অপেক্ষাকৃত সুস্থ হইলেও স্বামিজী, পদে পদে গুরুদ্রোহাগণের বাধায ইচ্ছামত কাজ করিতে পারিতেন না। তাঁহারা আগন্তুক ভদ্রলোকগণের সহিত স্বামিজীকে অধিকক্ষণ বাক্যালাপ ইত্যাদি করিতে দিতেন না। স্বামিজীর দেহ থাকিলে উত্তরকালে জগতের প্রভূত কল্যাণ হইবে, এই বিশ্বাসেই তাঁহারা যথেষ্ট সাবধানতা অবলম্বন করিয়াছিলেন, কিন্তু বিবেকানন্দ নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিবাব লোক নহেন, অবসর ও সুবিধা পাইলেই মঠের গৃহস্থালির ছোট ছোট কাজগুলি স্বহস্তে সম্পাদন করিয়া আনন্দ বোধ করিতেন। কখনও বা মধুরকণ্ঠে আধ্যাত্মিক সংগীত গাইয়া শ্রোতৃবৃন্দের হৃদয়ে ভগবৎপ্রেম উদ্দীপিত করিতেন। প্রভাতে ও সন্ধ্যায় গম্ভীরস্বরে অতীত-যুগের ঋষিগণের ন্যায় পবিত্র বেদমন্ত্র সকল আবৃত্তি করিতেন, কখনও বা বালকের ন্যায় চপলতার সহিত হাস্যকৌতুকে রত হইতেন, আবার কখনও বা বহুক্ষণ যাবৎ পশ্চাসনে উপবেশন করিয়া ধ্যানমগ্ন হইয়া থাকিতেন।

শারীরিক অসুস্থতার পূর্ণ উদ্যমে নবযুগের বার্তা প্রচার করিতে পারিতেন না বলিয়া তিনি সময় সময় গভীর স্কোভের সহিত বিমনাযমান হইয়া বসিয়া থাকিতেন। তিনি চাহিতেন—A band of young Bengal, (একদল জোয়ান বাঙালীর ছেলে) তিনি বিশ্বাস করিতেন, কয়েকটি চরিত্রবান, বুদ্ধিমান, পরার্থে সর্বভাগী ও আত্মানুভবী যুবক পাইলে তিনি দেশের চিন্তা ও চেষ্টাকে নতুন পথে চালনা করিয়া দিতে পারেন। মনুষ্যভাব ভ্রমোপদ্রব, হৃদয় উদ্যমশূন্য, শরীর অপটু, যুবকদের

অবস্থা দেখিয়া তিনি আক্ষেপের সহিত কত কথাই না বলিতেন। বিশেষ বর্তমান শিক্ষাপ্রণালীতে যুবকগণের উর্বর মস্তিষ্কগুলি এমনভাবে গঠিত হইয়া ওঠে যে, উচ্চ উচ্চ ভাব ধারণের পক্ষে সেগুলি একান্ত অনুপযুক্ত হইয়া পড়ে। কেহ কেহ উচ্চভাবসকল ধারণা করিতে সক্ষম হইলেও মস্তজাগত দুর্বলতার জন্য কার্যক্ষেত্রে উহার বিকাশ করিতে পারেন না। “বীরশ্রেষ্ঠ কঠোর মহাপ্রাণতার আদর্শ” দেশের যুবকবৃন্দের সম্মুখে ধরিয়া তাহাদিগকে নবীনভাবে গড়িয়া তুলিতে হইবে, অত্যধিক কম্পনাশ্রয়, বিলাসলোলুপ, বিকৃতবাস্তব-সম্পন্ন, দুর্বল মস্তিষ্কগুলিকে সতেজ স বল করিয়া তুলিতে হইবে। ব্যায়ামাদি শারীরিক পরিশ্রম সহ্যে দেহকে স বল, সুস্থ, লৌহদৃঢ়পেশীবিশিষ্ট করিতে হইবে। পুরুষ পুরুষের মতই হইবে, চেষ্টা করিয়া স্ত্রীলোক হইবে কেন? মর্যাদাসিক দৃষ্টেব সহিত বিবেকানন্দ ইহাই ভাবিতেন। বীরভাব প্রতিষ্ঠার জন্য তিনি বাংলাদেশে মহাবীর হনুমানের পূজা চালাইতে চাহিয়াছিলেন। স্বামিজী বলিতেন, “মহাবীরের চরিত্রকেই তোদের এখন আদর্শ কর্তে হবে। দেখুন! রামের আশ্রয় সাগর ডিগ্গন্তে চলে গেল। জীবনে- মরণে দৃষ্টিপাত নাই, মহা জিতেন্দ্রিয়, মহা বুদ্ধিমান। দাস্যভাবের ঐ মহা আদর্শে তোদের জীবন গঠিত কর্তে হবে। ঐরূপ হ'লেই অন্যান্য ভাবের ক্ষুদ্রণ কালে আপনা আপনি হ'য়ে যাবে, বিশ্বাসান্য হ'য়ে গুরুর আশ্রয় পালন, আর ব্রহ্মচর্য রক্ষা, এই হচ্ছে Secret of success (কৃতী হ'বার একমাত্র গুড়োপায়), নানাঃ পন্থা বিদ্যাতত্ত্বনায় (অবলম্বন করবার শ্বিতীয় পথ নাই)। হনুমানের একদিকে যেমন সেবাভাব, অন্যদিকে তেমন হিলোক-সন্ত্যাসী সিংহবিজয়। রামের হিতার্থে জীবনপাত করতে কিছুমাত্র শ্বিতা রাখে না। রামসেবা ভিন্ন অন্য সকল বিষয় উপেক্ষা। শূদ্র রঘুনাত্তের আদেশ পালনই জীবনের একমাত্র ব্রত। ঐরূপ একাগ্রনিষ্ঠ হওয়া চাই। খোল করতাল বাজিয়ে লক্ষ লক্ষ করে দেশটা উজ্জ্বল হ'য়ে গেল। একে তো এই dyspeptic (পেটরোগী) রোগীর দল, তাতে অত লাফালে ঝাঁপালে সইবে কেন? কামগন্ধহীন উচ্চসাধনার অনুকরণ কর্তে গিয়ে দেশটা ঘোর তমসাজ্জ্বল হ'য়ে পড়েছে। দেশে দেশে গিয়ে গায়ে যেখানে যাবি, দেখবি খোল করতালই বাজছে। ঢাক ঢোল কি দেশে তৈরী হয় না? তুরী ভেরী কি ভারতে মেলে না? ঐ সব গুরুগম্ভীর আওরাজ্জ ছেলেদের শোনা। ছেলেবেলা থেকে মেয়েমানুষী বাজনা শুন শুন দেশটা যে মেয়েদের দেশ হ'য়ে গেল। এব চেরে আর কি অধঃপাতে যাবে? কবিকল্পনাও এ ছবি আঁকতে হার মেনে যায়। ডমরু, শিঙা বাজাতে হ'বে, ঢাকে ব্রহ্মরুদ্রতালে দুন্দুভিনাদ তুলতে হবে, মহাবীর, মহাবীর' ধনিত্তে এবং 'হর হর বোম্ বোম্'

শব্দে দিশ্বেশ কম্পিত কর্তে হ'বে।^১ যে সব music-এ (গীতবাদ্য) মানুষের soft feelings (হৃদয়ের কোমল ভাবসমূহ) উদ্দীপিত করে, সে সকল কিছুদিনের জন্য এখন বন্ধ রাখতে হ'বে। খেয়াল টম্পা বন্ধ করে ধ্রুপদ গান শুনতে লোককে অভ্যাস করাতে হ'বে। বৈদিক ছন্দের মেঘমন্দ্র দেশটার প্রাণ সঞ্চার কর্তে হ'বে। সকল বিষয়ে বীরব্রতের কঠোর মহাপ্রাণতা আনতে হবে।”

১৯০১ সালের ডিসেম্বর মাসের শেষভাগে কলিকাতায় জাতীয়-মহাসমিতির অধিবেশন হয়। তদুপলক্ষে ভারতের বিভিন্ন স্থান হইতে প্রতিনিধিবর্গ তথায় আগমন করিয়াছিলেন। স্বামিজী বেলুড় মঠে অবস্থান করিতেছেন জানিতে পারিয়া প্রত্যহ তাঁহারা দলে দলে মঠে আগমন করিতে লাগিলেন। কংগ্রেসের বিশিষ্ট প্রতিনিধিবর্গের অনেকেই তাঁহাকে নব্যভারতের অন্যতম নেতা বলিয়া শ্রদ্ধা করিতেন।* এই সমস্ত নেতৃগণের সহিত স্বামিজী ইংরাজীর পরিবর্তে হিন্দীভাষায় কথোপকথন করিয়াছিলেন। দেশের বর্তমান দুরবস্থা ও অভাবের প্রতীকারোপায় সম্বন্ধে স্বামিজীর সিদ্ধান্তগুণি অনেকেরই হৃদয় স্পর্শ করিয়াছিল। সকলেই জানেন, তৎকালীন আবেদন-নিবেদনমূলক রাজনৈতিক আন্দোলনে শক্তির অপচয় ব্যতীত বিশেষ কিছু লাভ হইবে না, ইহা স্বামিজী মন্তব্যকণ্ঠে বলিতেন। বলিতেন, ব্রিটিশ-শাসনতন্ত্র একটা যন্ত্র, যন্ত্রের হৃদয় নাই। ইহাব নিকট সর্বাধার প্রার্থনা করা বিড়ম্বনা মাত্র। এই সময়ে একজন জিজ্ঞাসা করিয়াছিলেন, “স্বামিজী! কংগ্রেস সম্বন্ধে আপনার মত কি?” তিনি উত্তর করিলেন, “হ্যাঁ, যাহাতে সমগ্র ভারতে একতা প্রতিষ্ঠিত হয়, এরূপ একটি প্রতিষ্ঠান মন্দ নহে।”

স্বামিজী দেহরক্ষা করার পব এই সম্বন্ধে কথা আলোচনা করিয়া লক্ষ্যকার “অ্যাডভোকেট” পত্রিকার সম্পাদক মহাশয় লিখিয়াছিলেন,—

“গত কংগ্রেসের সমস্ত সর্বশেষাব্যবস্থা তাঁহাকে কলিকাতায় দেখিয়াছিলাম। বিশুদ্ধ ও সাধু হিন্দীভাষায় তিনি অনঙ্গল আলাপ করিয়াছিলেন। তাঁহার কথিত হিন্দীভাষা যে-কোন উত্তর-পশ্চিমাঞ্চলবাসীকে গৌরবান্বিত করিতে পারিত। তিনি যখন ভারতের পুনরুদ্ধার-কল্পে তাঁহার সঙ্কল্পগুণির কথা বলিতেছিলেন, তখন তাঁহার মুখমণ্ডল উৎসাহে উদ্দীপ্ত হইয়াছিল।”

* এই সময় একদিন দক্ষিণ আফ্রিকা হইতে আগত মহাত্মা গান্ধী স্বামিজীর সহিত দেখা করিবার জন্য বেলুড় মঠে গিয়াছিলেন। সেদিন অপরাহ্নে স্বামিজী বাগবাজারে ছিলেন বলিয়া সাক্ষাৎ হয় নাই। এই কথাটি গান্ধীজী স্বয়ং আমাকে বলিয়াছিলেন।—গ্রন্থকার

স্বামিজী কংগ্রেসের প্রতিনিধিগণের সহিত একটি বেদবিদ্যালয় প্রতিষ্ঠা করিবার বিষয় আলোচনা করিয়াছিলেন। এই বিদ্যালয়ে প্রাচীন আৰ্যগণের আদর্শানুযায়ী ও প্রচারক সম্ম্যাসী গঠন করিয়া তোলা হইবে, সংস্কৃত সাহিত্য, দর্শন, বেদ, উপনিষদ ইত্যাদি শিক্ষাপ্রদান করা হইবে। স্বামিজীর প্রস্তাবিত বেদবিদ্যালয় প্রতিষ্ঠার সহিত অনেকেই সহানুভূতি প্রকাশ করিয়াছিলেন এবং সাধ্যমত সাহায্য করিবেন বলিয়াও প্রতিশ্রুত হইয়াছিলেন। এই বিষয়ের উল্লেখ করিয়া আর একজন কংগ্রেসের প্রতিনিধি লিখিয়াছেন —

“কলিকাতায় একটি বেদবিদ্যালয় প্রতিষ্ঠা করিবার তাঁহার (স্বামিজীর) শেষ আশাটি অসম্পূর্ণ রহিয়া গিয়াছে। তাঁহার দেহাবসানের কয়েকমাস পূর্বে ষ্ট্রামাসপর্দীনে কলিকাতায় জাতীয়-মহাসমিতির অধিবেশন হইয়াছিল। তদুপলক্ষে প্রতিনিধিগণ, সংস্কারকগণ, অধ্যাপকবৃন্দ ও বিভিন্ন বিভাগের মহাম্মতিগণ ভারতের বিভিন্ন প্রদেশ হইতে সমাগত হইয়াছিলেন। অনেকেই কলিকাতায় অবস্থানকালীন, স্বামিজীর প্রতি শ্রদ্ধাপ্রদর্শন-রূপে প্রত্যহ অপবাহু বেলুড় মঠে গমন করিতেন। স্বামিজী সমাজনীতি, রাজনীতি প্রভৃতি বিভিন্ন বিষয়ে তাঁহাদিগকে প্রচুর শিক্ষাদান করিতেন। প্রকৃত প্রস্তাবে ঐ সভাগুলি একটি কংগ্রেসের আকারই ধারণ করিত, এমনকি, আদর্শের দিক দিয়া তপসেক্ষেত্র ও উন্নত এবং হিতকর হইত। কলিকাতায় বেদবিদ্যালয় স্থাপন করিবার প্রস্তাবে, উপস্থিত প্রত্যেকেই ষাধাশক্তি সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন, কিন্তু সংকল্প কার্যে পরিণত হইবার পূর্বেই তিনি ইহখ্যম ত্যাগ করিয়াছেন।”

একটি বেদবিদ্যালয় স্থাপন করিবার সংকল্প তাঁহার বহুদিন হইতেই ছিল। প্রচুর অর্থ এবং কয়েকজন চরিত্রবান, ধার্মিক ও বেদজ্ঞ অধ্যাপকের প্রয়োজন, ইহা বলাইবা স্বামিজী সহসা এই কলেজ প্রতিষ্ঠার অগ্রসর হন নাই, কিন্তু জীবনের শেষভাগে এই বিষয়ে তাঁহার আগ্রহ অতীব বর্ধিত হইয়াছিল। তিনি গুরুভ্রাতাগণের সহিত যদ্বি ক্রিয়া কিছু টাকা সংগ্রহ করিয়া মঠেই ক্ষুদ্রভাবে একজন উপযুক্ত উপাধ্যায়ের তত্ত্বাবধানে একটি শিক্ষালয় স্থাপন করিতে কৃতসংকল্প হইলেন, এমনকি, স্বামী শ্রিগঙ্গাভীতকে “উন্মোচন প্রেস” বিক্রয় করিবার উপদেশ দিলেন। প্রেস বিক্রয় করিয়া যে টাকা পাওয়া গিয়াছিল, তাহা উক্ত বিদ্যালয় স্থাপনকল্পে জমা রাখা হইল। দেহ অপেক্ষাকৃত সুস্থ হইলেই এই সংকল্প লইয়া তিনি সাধারণের সমক্ষে উপস্থিত হইবেন বলিয়া স্থির করিলেন, কিন্তু কয়েকমাস পরেই তাঁহার দেহত্যাগ হওয়ায় সমস্ত ব্যবস্থা ওলটপালট হইয়া গেল। যাহা হউক, কয়েক বৎসর হইল

(১৯১৫-১৬) বেলুড় মঠের ভূতপূর্ব সহকারী অধ্যক্ষ শ্রীমৎ স্বামী প্রেমানন্দজীর চেষ্টা ও বন্ধে একজন সংস্কৃতজ্ঞ পণ্ডিতকে মঠবাটীতে রাখা হইয়াছে। উঁহার নিকট গ্রন্থচাৰিগণ নিয়মিতরূপে সংস্কৃত ভাষা ও শাস্ত্রাদি অধ্যয়ন করিয়া থাকেন। স্বামিজীর সঙ্কল্পের সহিত তুলনায় এ অনুষ্ঠানটি ক্ষুদ্র হইলেও তুচ্ছ নহে।

এই বৎসরের শেষভাগে জাপান হইতে দুইজন সুবিখ্যাত পণ্ডিত বেলুড় মঠে আগমন করেন। জাপানে একটি ধর্মমহাসভা আহ্বান করিবার সঙ্কল্প লইয়া ইঁহারা বিশেষভাবে স্বামিজীর সহিত সাক্ষাৎ করিবার জন্যই আগমন করিয়াছিলেন। জাপানের একটি বৌদ্ধ মঠের অন্যতম নাথক রেভাঃ ওডা, স্বামিজীকে বলিলেন, “আপনার মত খ্যাতনামা ব্যক্তি যদি সহায় হন, তাহা হইলে আমাদের উদ্দেশ্য নিশ্চয়ই সফল হইবে। জাপানে ধর্মসংস্কার বর্তমান সময়ে অত্যাবশ্যক হইয়া উঠিয়াছে। আপনার মত শক্তিমান আচার্য্য ব্যতীত উহা আর কাহার স্বাধা সুসম্পন্ন হইবে?” রেভাঃ ওডার আহ্বানের মধ্যে তিনি যেন প্রাচ্যের পুনরুত্থানের বার্তা শ্রবণ করিলেন। তাঁহার সঙ্গী ডাঃ ওকাকুরার পাণ্ডিত্য ও জাপানের সহিত ভারতের ভারবিনিময়ের আগ্রহ দর্শনে স্বামিজী আনন্দে অধীর হইলেন। একই ভাবের ভাবুক, দুইজন আত্মার আত্মীয়। তিনি প্রথমবার আমেরিকা যাত্রার পথে, জাপানের উন্নতি ও আধুনিক বিজ্ঞান সহায়ে বলবীৰলাভ দেখিয়া মোহিত হইয়াছিলেন, ভারতীয় যুবকদের সম্মুখে জাপানকে আদর্শরূপে স্থাপন করিয়াছিলেন। ডাঃ ওকাকুরা স্বামিজীকে যন্ত্রবিজ্ঞানের দিক দিয়া সমুদ্রত জাপানে আধ্যাত্মিকতার অভাব কিরূপ তাহা বর্ণনা করিয়া, উভয় দেশের মধ্যে সাংস্কৃতিক আদান-প্রদানের সম্পর্ক স্থাপনের প্রস্তাব করিলেন। স্বামিজী অপ্রত্যাশিতভাবে ডাঃ ওকাকুরাকে পাইয়া মিস্ ম্যাক্‌লাউডকে বলিলেন, “পৃথিবীর দুই প্রান্ত হইতে আমরা দুইটি ব্রাতা যেন পুনরায় মিলিত হইয়াছি।”

স্বামিজীর পাণ্ডিত্য ও উদাবতাৰ মন্থ হইয়া ইঁহারা মঠেই অবস্থান করিতে লাগিলেন। স্বামিজী প্রত্যহ ভগবান বুদ্ধদেব ও বৌদ্ধধর্ম সম্বন্ধে ইঁহাদের সহিত আলোচনা করিতেন। পাশ্চাত্য-পণ্ডিতগণ বৌদ্ধদর্শনকে হিন্দুদর্শনের সম্পূর্ণ বিপরীত বলিয়া যে মন্তব্যগুণি প্রকাশ করিয়াছেন, স্বামিজী সেগুণি খণ্ডন করিয়া দেখাইতেন যে, বৌদ্ধধর্ম হিন্দুধর্মের বিদ্রোহী সন্তান হইলেও বুদ্ধদেবের উপদেশ-গুণির অধিকাংশের সহিতই উপনিষদের যথেষ্ট সৌসাদৃশ্য বিদ্যমান। ফলতঃ উপনিষদের জ্ঞানকান্ডের উপরই বৌদ্ধদর্শনের ভিত্তি। জাপানী পণ্ডিতগণ স্বামিজীর বৌদ্ধধর্ম সম্বন্ধীয় সিদ্ধান্তগুণি শ্রবণ করিয়া বিস্মিত হইলেন। তাঁহারা দেখিলেন,

এই সর্বতোমুখী প্রতিভাশালী সন্ন্যাসী বৌদ্ধধর্ম সম্বন্ধীয় অধিকাংশ গ্রন্থই যত্নসহকারে অধ্যয়ন করিয়াছেন। তাঁহারা স্বামিজীকে বৌদ্ধপ্রমণ বলিবেন, না হিন্দু-সন্ন্যাসী বলিবেন, সময় সময় বুদ্ধিয়া উঠিতে পারিতেন না।

কিছুদিন পর ১৯০২এর জানুয়ারী মাসে স্বামিজী ডাঃ ওকাকুরার নিমন্ত্রণ গ্রহণ করিয়া তাঁহার সহিত বুদ্ধগয়া যাইবার জন্য প্রস্তুত হইলেন। তথা হইতে কাশীধামে গিয়া উভয়ে কিছুদিন বিশ্রাম করিবেন, ইহাও স্থির হইল। স্বামিজীর পরিব্রাজক জীবনের ইহাই সর্বশেষ ভ্রমণ।

বহুদিন পর তাঁহার ৩৯তম জন্মদিবসে বিবেকানন্দ আজ আবার সেই পবিত্র বোধিদ্রুমমূলে পশ্চাসনে ধ্যানস্থ! তীব্র বৈরাগ্যের তাড়নায় বালক শ্রীনরেন্দ্রনাথ একদিন এই বোধিদ্রুমমূলে সত্যলাভের কামনায ধ্যানস্থ হইয়াছিলেন। তাঁহার সে সাধনা সিদ্ধ হইয়াছিল। তিনি বুদ্ধিয়াছিলেন, উদ্ভাসদেব ন্যায় ছুটাছুটি করিলে কিছু হইবে না। যে মহাপুরুষের সঙ্গ পরিত্যাগ করিয়া তিনি এতদূরে ছুটিয়া আসিয়াছেন, সেই শ্রীগুরু পদপ্রান্তে আবার ফিরিয়া যাইতে হইবে। তাঁহার বিশ্বশেষী পিপাসার অমৃতবারি একমাত্র সেইখানেই আছে। সে একদিন, যেদিন তাঁহার জীবনের প্রথম উষার উদ্ভিন্ন আলোকে যে সত্য উপলব্ধি করিয়াছিলেন, আজ এই শান্ত স্তম্ভ মহিমময় জীবন-সন্ধ্যায় তাহা কি তাঁহার মনে পড়ে নাই? তাঁহার জীবনের যে উদ্দেশ্য ছিল, তাহাতে প্রাপণে পূর্ণ করিবাব চেষ্টা করিয়াছেন, তবু আজও তিনি সম্পূর্ণ উদাসীন হইতে পারেন নাই কেন? পাঠক, একবার কম্পনানন্দে ভগবান্ বুদ্ধদেবের পবিত্র সাধন-পীঠে উপবিষ্ট সন্ন্যাসীর করুণা-কাতর মৃদুশব্দলের দিকে দৃষ্টিপাত কর। বুদ্ধিতে পারিবে, এ ধ্যান, এ সাধন নিজের মৃদ্ধি-কামনায নহে। একটা উৎপীড়িত, উপেক্ষিত, দরিদ্র, পতিত জাতির প্রতিনিধিরূপে চিশকোটি মানবের কাতর আত্মনাদের অসীম প্রতিধ্বনি বক্ষে ধারণ করিয়া তিনি বোধিদ্রুমমূলে ধ্যানাসীন। এই সিদ্ধাসনে বহুদিন পূর্বে আর এক মহাপুরুষ নিখিলের দুঃখ-দুরীকরণ মানসে ধ্যানস্থ হইয়াছিলেন, ভারতের অতীত ইতিহাসে সে এক স্মরণীয় দিন। আর একদিন আসিবে, যেদিন ভবিষ্যৎ বংশধরগণ তাঁহাদের মহিমাসমুদ্র অতীত ইতিহাসে এই দিনটিকেও স্বর্ণাকরে লিখিয়া রাখিবেন।

বুদ্ধগয়া মঠের মোহান্ত মহারাজ স্বামিজীর খ্যাতির কথা বহুদিন হইতে শ্রবণ করিয়া আসিতেছিলেন। তাঁহাকে অপ্রত্যাশিতভাবে অতিথিরূপে লাভ করিয়া মোহান্তজীর আনন্দের পরিসীমা রহিল না। বাহাতে স্বামিজীর কোন অসুবিধা না হয়, তদ্বিষয়ে স্বতঃপ্রণোদিত হইয়া সমস্ত বন্দোবস্ত করিয়া দিলেন। স্বামিজী

কয়েকদিন ধ্যানানন্দে অতিবাহিত করিয়া জাপানী বন্ধুদ্বয়ের সহিত বারাণসী অভিমুখে যাত্রা করিলেন।

স্বামিজীর জ্বলন্ত উপদেশ ও শিক্ষা, উৎসাহে উদ্বুদ্ধ হইয়া কয়েকজন বাঙ্গালী যুবক একত্র হইয়া অনাথ, রোগগ্রস্ত, সম্বলহীন তীর্থযাত্রীগণের সেবায় অগ্রসর হইয়াছিলেন। একটি ছোটবাড়ি ভাড়া লইয়া তাঁহারা রাজপথ ও গঙ্গার ঘাট হইতে শ্রবণ, রত্ন নরনারীগণকে বহন করিয়া তথায় লইয়া যাইতেন এবং সাধ্যমত ঔষধ, পথ্য, সেবা-শুদ্ধি করিয়া তাহাদের কষ্ট লাঘব করিবার চেষ্টা করিতেন। শ্রম ও নিষ্ঠার সহিত নাবাষণজ্ঞানে দরিদ্রের সেবায় আত্মোৎসর্গকারী যুবকবৃন্দের অবিচলিত দৃঢ়তা দেখিয়া স্বামিজী আনন্দিত হইলেন। বেলুড় মঠে বসিয়া তাঁহাব আদর্শ কার্যে পরিণত করিতে এ পর্যন্ত কেহ আসিতেছে না বলিয়া সময়ে সময়ে যে দৃষ্ট প্রকাশ করিতেন, আজ এই মৃষ্টিমেয় যুবকের সেবা দেখিয়া তাঁহাব সে দৃষ্ট অনেকাংশে দূর হইল। তিনি গর্ব ও আনন্দের সহিত তাঁহার মানসপুঙ্গবে নর-নারায়ণ-সেবা পর্যবেক্ষণ করিতে লাগিলেন। উৎসাহ দিয়া বলিলেন, “বৎসগণ! তোমরা প্রকৃত পন্থা বুঝিয়াছ। আমার ভালবাসা ও আশীর্বাদ সর্বদা তোমাদের কল্যাণ করুক। সাহসেব সহিত অগ্রসর হও। তোমরা দরিদ্র বলিয়া হতাশ হইও না, অর্থ আসিবে। তোমাদের এই ক্ষুদ্র অনুষ্ঠানের ভিত্তি উপর ভবিষ্যতে যাহা হইবে, তাহা তোমাদের বর্তমান প্রযত্ন কল্পনাগুলিকেও ছাড়াইয়া যাইবে।” স্বামিজী এই অভিনব “রামকৃষ্ণসেবাশ্রমের” প্রথম রিপোর্টসহ সাধারণেব নিকট অর্থসাহায্য প্রার্থনা করিয়া এক আবেদনপত্র লিখিয়া দিলেন। স্বামিজীর নিকট উৎসাহ ও আশীর্বাদ লাভ করিয়া যুবকগণেব উৎসাহ-শতগুণে বর্ধিত হইল। কাশীধামে, সেবাশ্রমের স্বর্ণসৌধের ভিত্তি চিরদিনের মত প্রতিষ্ঠা হইয়া গেল। তারপর কত বাধা-বিপত্তি অসুবিধাব সহিত যুদ্ধ করিয়া সেবাশ্রম বর্তমান অবস্থায় উপনীত হইয়াছে, বহু সেবাত্রীর আত্মোৎসর্গের সে স্মৃতি-ইতিহাস লিপিবদ্ধ করিবার ইহা উপযুক্ত ক্ষেত্র নহে। স্বামিজীর ভবিষ্যৎবাণী আজ সফল হইয়াছে। তারপর ভারতের নানাস্থানে “সেবাশ্রম” প্রতিষ্ঠিত হইয়াছে। ত্যাগী, ব্রহ্মচাৰী ও সন্ন্যাসিগণ নীরবে নারায়ণজ্ঞানে রোগীবা সেবা করিয়া নিজে ধন্য হইতেছেন, দেশকে ধন্য করিতেছেন। কাশী রামকৃষ্ণ-সেবাশ্রমের প্রতিষ্ঠাতাগণের অন্যতম চারুচন্দ্র দাস, যিনি আজীবন সমান উৎসাহে এই প্রতিষ্ঠানটির সেবা করিয়া পরলোকগত হইয়াছেন, সেই বিবেকানন্দগত-প্রাণ, খ্যাতিলাভহীন স্বদেশ-সেবক নীরব-কর্মী, বাঙ্গালী বলিয়া আমরা কি আজ গর্ব অনুভব করিব না?

নবপ্রতিষ্ঠিত রামকৃষ্ণ মঠের যে সমস্ত সম্মাসী, সেবারতকে মৃত্তির অন্যতম পন্থা জানিয়া “নারায়ণ” সেবার প্রথম অগ্রসব হইয়াছিলেন, কেবলমাত্র স্বামিজীর ওজস্বী পদদেশ হইতেই তাঁহারা জাতির কল্যাণকল্পে আত্মোৎসর্গ করিবার দিব্যপ্রেরণা লাভ করেন নাই। তাঁহারা আদর্শরূপে পাইয়াছিলেন বিবেকানন্দের জীবন, বাঁহার দৈনন্দিন ক্ষুদ্র ক্ষুদ্র কর্মগুলির মধ্যেও এই সেবার ভাব ওতপ্রোতভাবে জড়িত থাকিত! কেমন করিয়া দরিদ্র, পতিত, কাঙ্গালের হৃদয়ে হৃদয় মিশাইয়া দিয়া তাহাদের দুঃখ-দৈন্য-বাথা অনুভব করিতে হয়, তারপরে কৃতজ্ঞচিত্তে অসীম নিষ্ঠার সহিত তাহার প্রতিকারোপায় অবলম্বন করিতে হয়, তাহা তাঁহারা বহুবার স্বামিজীর জীবনে প্রত্যক্ষ করিয়াছিলেন।

১৯০১ সালের শেষভাগে, স্বামিজীর বৃন্দগয়া যাত্রার কিছুদিন পূর্বে বেলুড় মঠে একটি মমস্পর্শী ঘটনায় দীন-দরিদ্রের প্রতি তাঁহার অপার করুণার স্মৃতি সেবারতী কর্মীদের হৃদয়ে চিরজাগ্রত থাকিবে।

মঠের জমি সাফ করিতে প্রতিবর্ষেই কতকগুলি স্ত্রী-পুরুষ সাঁওতাল আসিত। স্বামিজী তাহাদের লইয়া কত রং কবিতেন এবং তাহাদের সুখ-দুঃখের কথা শুনিতেন কত ভালবাসিতেন! একদিন কলিকাতা হইতে কয়েকজন বিশিষ্ট ভদ্রলোক মঠে স্বামিজীর সঙ্গে দেখা করিতে আসিলেন। স্বামিজী তামাক খাইতে খাইতে সেদিন সাঁওতালদেব সঙ্গে এমন গল্প জড়িয়াছেন যে স্বামী সুবোধানন্দ আসিয়া তাঁহাকে ঐ সকল ব্যক্তির আগমন সংবাদ দিলে বলিলেন ‘আমি এখন দেখা করিতে পারিব না, এদের নিয়ে বেশ আছি’। বাস্তবিকই সেদিন স্বামিজী ঐ সকল দীন-দুঃখী সাঁওতালদের ছাড়িয়া আগন্তুক ভদ্রলোকদের সঙ্গে দেখা করিতে গেলেন না। সাঁওতালদের মধ্যে একজনের নাম ছিল কৈশ্টা। স্বামিজী কেঁটাকে বড়ই ভালবাসিতেন। কথা কহিতে আসিলে কেঁটা কখনও কখনও স্বামিজীকে বলিত, ‘ওরে স্বামী বাপ্, তুই আমাদের কাজের বেলায় এখানকে আসিস না, তোর সঙ্গে কথা বললে আমাদের কাজ বন্ধ হ’বে যায, আর বড়ো বাবা এসে বকে।’ কথা শুনিয়া স্বামিজীর চোখ হল ছল করিত এবং বলিতেন, ‘না—না বড়ো বাবা (স্বামী অশ্বত্থানন্দ) বকবে না, তুই তোদের দেশের দুটো কথা বল’—বলিয়া তাহাদের সাংসারিক সুখ-দুঃখের কথা পাড়িতেন।

একদিন স্বামিজী কেঁটাকে বলিলেন, “ওরে তোরা আমাদের এখানে থাকি?” কেঁটা বলিল, “আমরা যে তোদের ছোঁয়া এখন খাই না, এখন যে বিয়ে হ’য়েছে, তোদের ছোঁয়া নদু খেলে যে জাত বাবে রে বাপ্।” স্বামিজী বলিলেন, “নদু কেন থাকি? নদু না দিজে তরকারী রেখে দেবে, তা’ হলে তো থাকি?” কেঁটা ঐ কথার

স্বীকৃত হইল। অনন্তর স্বামিজীর আদেশে মঠে সেই সকল সাঁওতালদের জন্য লুচি, তরকারী, মিঠাই, মসুড়া, দধি ইত্যাদির জোগাড় করা হইল এবং তিনি তাহাদিগকে ক্রমাগত খাওয়াইতে লাগিলেন। খাইতে খাইতে কেঁটা বলিল, “হাঁরে স্বামী বাপ—তোরা এমন জিনিষটা কোথাষ পেলি, হামরা এমনটা কখনো খাইনি।” স্বামিজী তাদের পরিতোষ করিয়া খাওয়াইয়া বলিলেন, “তোবা যে নারাষণ, আজ আমার নারাষণের ভোগ দেওবা হ’ল।” স্বামিজী যে নারাষণ-সেবার কথা বলিতেন, তাহা তিনি নিজে এইরূপে অনুষ্ঠান করিয়া দেখাইয়া গিয়াছেন।

আহারান্তে সাঁওতালেরা বিশ্রাম করিতে গেলে স্বামিজী শিষ্যকে বলিলেন, “এদের দেখলুম, যেন সাক্ষাৎ নারাষণ—এমন সবলচিত্ত—এমন অকপট, অকৃত্রিম ভালবাসা, এমন আর দেখিনি।” অনন্তর মঠের সম্মানসির্বগকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন, “দেখ্ এরা কেমন সরল! এদের কিছ্ দঃখ দূর কর্তে পারবি? নতুবা গেব্‌য়া পরে আর কি হ’ল? পরহিতায় সর্বস্ব সমর্পণ, এরই নাম যথার্থ সম্ম্যাস। এদের ভাল জিনিষ কখনও কিছ্ ভোগ হয়নি। ইচ্ছে হয়, ষঠ-ফঠ সব বিক্রী করে, দেই এই সব গরীব দঃখী, দরিদ্রনারাষণদের মধ্যে বিলিষে। আমরা তো গাছতলা সার করছি। আহা, দেশের লোক খেতে পর্তে পাচ্ছে না—আমরা কোন্‌ প্রাণে মদুখ অন্ন তুলছি? * * * দেশের লোক দু’বেলা দু’মুঠো খেতে পাষ না দেখে, এক এক সময মনে হয়, ফেলে দেই তোর শাঁখ বাজান, ঘণ্টা নাড়া, ফেলে দেই তোব লেখাপড়া ও নিজে মদুস্ত হ’বার চেষ্টা, সকলে মিলে গাষে গাষে ঘুরে চরিত্র ও সাধনাবলে বড়-লোকদের বদ্বিষয়ে, কড়ি পাতি যোগাড় কবে নিষে আসি ও দরিদ্রনারাষণদের সেবা করে জীবনটা কাটিষে দিই।

“আহা, দেশের গরীব দঃখীর জন্য কেউ ভাবে না রে। যা’রা জাতিত মেরদুদ—যাদের পরিগ্রমে অন্ন জন্মাচ্ছে—যে মেথর, মদুদফরাস, একদিন কাজ বন্ধ করলে সহরে হাহাকার উঠে যায়, তা’দের সহানুভূতি কবে, তাদের সন্নে দঃখে সাম্বনা দেয়, দেশে এমন কেউ নাই রে! এই দেখ্ না হিন্দুদের সহানুভূতি না পেয়ে মাত্রাজ অণ্ডলে হাজার হাজার পারিয়া কৃশ্চিয়ান হ’ষে যাচ্ছে। মনে করিস্‌নি, কেবল পেটের দাষে কৃশ্চিয়ান হয়, আমাদের সহানুভূতি পায না বলে। আমরা দিনরাত কেবল তা’দের বলাছি, ‘ছুস্‌নে’, ‘ছুস্‌নে’। দেশে কি আর দযাধর্ম আছে রে বাপ? কেবল ছুঃমাগাঁরি দল! এমন আচারের মদুখে মার বেটা—মার লাথি। ইচ্ছা হয়, তোর ছুঃমার্গের গন্ডী ভেঙ্গে ফেলে এখনি যাই—কে কোথাষ পতিত, কাণ্গাল দীন-দরিদ্র আছিচ্‌ বলে, তা’দের সকলকে ঠাকুরের নামে ডেকে নিষে আসি। এরা না উঠলে

মা জাগ্‌বেন না। আমরা এদের অন্নবস্ত্রের সন্নিবিষ্ট করিতে পারলাম না, তবে আর কি রইল? হাব! এরা দুনিয়াদারীর কিছু জানে না, তাই দিনরাত খেটেও অশন-সনের সংস্থান করতে পারছে না। দে, সকলে মিলে এদের চোখ খুলে দে, আমি দিব্যচক্ষে দেখছি, এদের ও আমার ভিতর একই রহস্য—একই শক্তি রয়েছে, কেবল বিকাশের তারতম্য মাত্র। সর্বাপেক্ষে রক্তসঞ্চার না হ'লে, কোনও দেশ কোনকালে কোথাও উঠেছে দেখেছি? একটা অঙ্গ পড়ে গেলে, অন্য অঙ্গ সবল থাকলেও ঐ দেহ দিবে কোন বড় কাজ আর হ'বে না, ইহা নিশ্চিত জান্‌বি।”

স্বামিজী স্বীয় কর্ম-জীবনে এই ক্রান্তিহীন সেবারতকে প্রকটিত করিয়া তুলিতে পারিয়াছিলেন বলিয়াই না আজ তাঁহার আবেগাকুল আহবানে জাতি উদ্‌বুদ্ধ হইয়াছে? তাই না “ভীরু বাঙ্গালী” তাহার শতাব্দীর দৌর্বল্য ঝাড়িয়া ফেলিয়া দুর্ভিক্ষ, বন্যা, স্লেগ, মহামারীর সহিত সংগ্রাম করিতেছে, আর আগামী ভবিষ্যৎ যুগের বক্ষে যে দিন এই মহাপুরুষের ঈশ্বর সেবারতী শ্রবণীগণ আবির্ভূত হইয়া স্বদেশের মদুখোজ্জ্বল করিবেন, সেদিনও অদূরবর্তী বলিয়া বোধ হইতেছে। কবির ভবিষ্যম্বাণী—

“বীর সম্রাসী বিবেকের বাণী ছুটেছে জগৎময়,
বাঙ্গালীর ছেলে, বাঘে ও বলদে ঘটবে সম্মিশ্র।”

নিশ্চয় সার্থক হইবে, তন্নিষে অশঙ্ক্য ও সন্দেহ নাই।

শ্রীরামকৃষ্ণের জন্মোৎসব নিকটবর্তী বলিয়া স্বামিজী কাশী হইতে বেলুড় মঠে ফিরিয়া আসিলেন। কাশীর জলবায়ুর গুণে স্বামিজী কথঞ্চিৎ সুস্থ হইয়াছিলেন, কিন্তু মঠে আসিয়া রোগ এত বৃদ্ধি পাইল যে, তিনি শয্যাগ্রহণ করিতে বাধ্য হইলেন। শ্রীশ্রীরামকৃষ্ণোৎসবের দিন সমস্ত আনন্দ-কোলাহলের উপর একটা বিষাদের ছায়া পরিলক্ষিত হইতে লাগিল। অনেকেই স্বামিজীর দর্শন-কামনায আগমন করিয়াছিলেন, সঙ্কল্প সিদ্ধির কোন উপায় না দেখিয়া তাঁহারা হতাশ হইলেন। স্বামিজী সর্ব-সামারণের মধ্যে বহির্গত হইবেন বলিয়া সঙ্কল্প করিয়াছিলেন, কিন্তু প্রভাতে দুই চারজন আগন্তুকের সহিত বাক্যলাপ করিয়া এত ক্রান্তিবোধ করিলেন যে, তাঁহাকে আর বাহিরে আসিতে দেওয়া হইল না।

মঠের বিশাল প্রাঙ্গণ জনপূর্ণ। কোথাও বা কীর্তন হইতেছে, কোথাও বা প্রসাদ বিতরণ হইতেছে। এ আনন্দোৎসবে স্বামিজী যোগদান করিতে পারিলেন না ভাবিয়া অনেকেই বিষম হইয়াছেন। শরৎচন্দ্র চক্রবর্তী সেদিন স্বামিজীর নিকট বসিয়াছিলেন। স্বামিজীর ক্রমবর্ধমান রোগযন্ত্রণা ও দেহের অবস্থা দেখিয়া তাঁহার মূখ স্তব্ধ হইল,

বৃক ফাটিয়া কাম্বা আসিতে লাগিল। স্বামিজী শিষ্যের মনোভাব বুঝিতে পারিয়া বলিলেন,—“কি ভাবছি?” শরীরটা জন্মেছে, আবার মবে যাবে। তোদের ভিতর ভাবগুলি কি কিছু কিছুও যদি ঢুকতে (প্রবিষ্ট করাইতে) পেরে থাকি, তা’ হ’লেই জন্ম, দেহটা ধরা সার্থক হ’য়েছে।”

কিছুক্ষণ পরে ভগিনী নিবেদিতা কয়েকজন ইংবাজ-মহিলাসহ আসিয়া গুরুদর্শনান্তে স্বল্পকাল মধ্যেই বিদায় লইলেন। স্বামিজীর কষ্ট হইবে মনে করিয়া তিনি তাঁহার নিকট বেশীক্ষণ থাকিলেন না। বেলা আড়াইটার পর শরৎবাৰু একবার উৎসব-প্রাঙ্গণ পরিদর্শন করিয়া আসিয়া স্বামিজীকে উৎসবের কথা বলিতে লাগিলেন। শিষ্যের মধ্যে পঞ্চাশ হাজার লোক সমবেত হইয়াছে শুনিয়া তিনি দীর্ঘনিশ্বাসে বহু কষ্টে জানালায় শিক ধরিয়া দাঁড়াইয়া সেই জনসংঘের প্রতি দৃষ্টিপাত করিলেন, বলিলেন, “বড় জোর ষাট হাজার।” অধিকক্ষণ দাঁড়াইয়া থাকা তাঁহার পক্ষে অসম্ভব, কিয়ৎকাল পরেই তিনি পুনরায় শয্যা গ্রহণ করিলেন।

ঠাকুরের জন্মোৎসব লইয়া আলোচনা করিতে গিয়া তিনি বলিলেন যে, বর্তমানে যে প্রণালীতে উৎসব চলিতেছে, ইহা না করিয়া চার পাঁচ দিনব্যাপী উৎসবের অনুষ্ঠান করিলে বেশ হয়। প্রথম দিন শাস্ত্রপাঠ ও ব্যাখ্যা, দ্বিতীয় দিন বেদ বেদান্তের বিচার ও মীমাংসা, তৃতীয় দিন প্রশ্নোত্তর সভা, চতুর্থ দিন শ্রীবাসকৃষ্ণের জীবনী ও তৎপ্রদর্শিত আদর্শ ও পন্থা সম্বন্ধে বক্তৃতা ও আলোচনা ও সর্বশেষ দিনে প্রসাদ বিতরণ ও দরিদ্র-নারায়ণেব সেবা। উৎসব উপলক্ষে সাহায্যে ঠাকুরের জীবন-গঠনোপযোগী ভাব সকল সাধারণ লোকের হৃদয়ে প্রবিষ্ট হয়, তাহার ব্যবস্থা করিতে হইবে। মহোৎসবের অনুষ্ঠান যদি তাঁহার ভাবপ্রচারের কেন্দ্ররূপে পরিবর্তিত না হয়, তাহা হইলে কতকগুলি লোক মিলিয়া হৈ চৈ করিলেই ঠাকুরের ভাব প্রচার হইল, ইহা মনে করা বিড়ম্বনা মাত্র। সাময়িক ধর্মভাবের উত্তেজনায কীর্তন নৃত্যাদি দ্বারা বিশেষ কিছুই হইবে না।

ক্ৰমাগত ষষ্ঠ সপ্তাহ এবং নিয়ম-কানূনের মধ্যে থাকিয়া স্বামিজী বিরক্ত হইয়া উঠিলেন। তিনি শুনিলেন যে, গভীর দার্শনিক তত্ত্বাদি আলোচনা হইবে আশঙ্কায় তাঁহার গুরুভ্রাতাগণ বহু জিজ্ঞাস্য ব্যক্তিকে তাঁহার সহিত সাক্ষাৎ করিবার অনুমতি প্রদান করেন না, অনেকেই প্রত্যহ ব্যর্থকাম হইয়া বিষন্ন মনে মঠ হইতে ফিরিয়া যান। একদিন তিনি গুরুভ্রাতাগণকে ডাকিয়া বলিলেন, “দেখ, এ দেহ রাখিয়া আর কি হইবে, পরকল্যাণ-সাধনে পাত হইয়া যাউক। ঠাকুর অসহ্য রোগ-যন্ত্রণা ভোগ করিয়াও জীবনের শেষদিন পর্যন্ত পরহিতায় উপদেশ প্রদান করিয়াছেন,

আমারও কি তাহা করা উচিত নয়? তুণ সম অকিঞ্চৎকর এ দেহ থাক্ আর থাক্, আমি গ্রাহ্য করি না। সত্যান্বেষী ব্যক্তিগণের সহিত আলোচনা করিতে যে আমার মত আনন্দ হয়, তাহা তোমরা কল্পনায়ও আনিতে পারিবে না। আমার স্বদেশীয় দ্রাঘুগণের আত্মার শক্তি জাগ্রত করিতে সাহায্য করিবার জন্য পুনঃ পুনঃ জন্মগ্রহণ করিতেও কুণ্ঠিত নহি।”

স্বামিজী যখনই একটু ভালবোধ করিতেন, তখনই কোন না কোন কাজ করিতেন। অলসভাবে বসিয়া থাকা তাঁহার পক্ষে একান্ত অসম্ভব ছিল। মার্চ মাসের প্রথম হইতে জীবনের শেষ দিন পর্যন্ত, এই চারিমাস কাল দৈনিক অসুস্থতার প্রতি দৃক্পাত না করিয়া তিনি নানাভাবে যে অসাধারণ পরিশ্রম করিয়াছিলেন, তাহা বাস্তবিকই বিস্ময়াবহ। যখন তিনি একান্ত মনে কোন কার্যে নিযুক্ত হইতেন, তখন তিনি যে রূপ, এ কথা যেন সম্পূর্ণরূপে বিস্মৃত হইতেন। এই সময়ে তিনি কয়েকখানি পুস্তক লিখিবার সঙ্কল্প করেন, কিন্তু দুঃখেব বিষয়, আরম্ভ করিয়া-ছিলেন মাত্র, একখানিও সম্পূর্ণ করিয়া হাইতে পারেন নাই।

স্বামিজী আড়ম্বরপূর্ণ ক্রিয়া-কলাপের একান্ত বিরোধী ছিলেন। মঠের নিত্য-নৈমিত্তিক ঠাকুরপূজা যথাসম্ভব সাদাসিধা ভাবে অনুষ্ঠান করিয়া তিনি ব্রহ্মচারী ও সন্ন্যাসীগণকে অধিকাংশ সময় সাধনা, শাস্ত্রালাপ, বেদাদি পাঠ ইত্যাদিতে ক্লেপণ করিতে বলিতেন। মঠের দৈনন্দিন শৃঙ্খলা রক্ষার্থ তিনি প্রত্যেক কার্যের জন্য সময় নির্দিষ্ট করিয়া দিয়াছিলেন। মঠের প্রত্যেকের প্রতি তিনি তীক্ষ্ণদৃষ্টি রাখিতেন, কেহ ইচ্ছা করিয়া কোন নিয়ম লঙ্ঘন করিলে মহাবিবক্ত হইতেন এবং কঠোর ভাষায় তাহাকে ভৎসনা করিতেন।

বারি তিনটার সময় গাত্রোত্থান করিয়া স্বামিজী ধ্যানমগ্ন হইতেন। ধ্যানের কক্ষে তাঁহার জন্য একটি স্বতন্ত্র আসন নির্দিষ্ট ছিল। অন্যান্য সন্ন্যাসী ও বালব্রহ্মচারীগণ তাহাকে ঘিরিয়া বসিতেন। স্বামিজী যতক্ষণ না গাত্রোত্থান করেন, ততক্ষণ কাহারও উঠিবার অধিকার ছিল না, আর প্রয়োজনও হইত না। মহাপদ্রুপগণের পবিত্র চিন্তা-প্রবাহের প্রভাবে প্রত্যেকেরই মন বাহ্য বিষয় হইতে প্রতিনিবৃত্ত হইয়া অন্তর্মুখী হইত। এক অভূতপূর্ব আনন্দের অনুভূতিতে চিন্তা ভরিয়া উঠিত। স্বামী ব্রহ্মানন্দজী একদিন বলিয়াছিলেন, “নরেনের সঙ্গে ধ্যান করিতে বসলে যেমন জমে, আমি যখন একা একা বসি, তখন তেমন হয় না।” কখনও স্বামিজী দুই ঘণ্টারও অধিক ধ্যানাসনে উপবিষ্ট থাকিতেন। তারপর “শিব” “শিব” বলিতে বলিতে আসন হইতে উত্থিত হইয়া ঠাকুর-প্রণাম করিয়া শ্যামা-সঙ্গীত বা শিব-সঙ্গীত বিশেষ গাহিতে

গাহিতে নীচে নামিয়া আসিতেন এবং প্রাঙ্গণোপরি পাদচারণা করিতেন। বদনে ধ্যান-সম্ভূত অপূর্ব প্রশান্তি, বিশাল আয়ত লোচনস্বয় ভাবাবেগে ঈষল্লোহিত, অর্ধ-বাহ্যদশায় দ্রুক্ষেপহীন গমনভঙ্গী প্রভৃতি দর্শন করিয়া মনে হইত, যেন সত্যই ইনি এ পৃথিবীর লোক নহেন।

অতঃপর শাস্ত্রপাঠ আরম্ভ হইত, স্বামিজী স্বয়ং উপস্থিত থাকিয়া শিষ্যগণের বিচার প্রবণ করিতেন এবং জটিল স্থানগুলি স্বয়ং মীমাংসা করিয়া দিতেন। প্রভাতে উপনিষদ, ব্রহ্মসূত্র ইত্যাদি বেদান্তশাস্ত্র অধ্যয়ন অধ্যাপনা চলিত। স্বামিজী স্বয়ং শিষ্যবৃন্দকে কিছুদিন হইতে পাণিনি ও লঘুকৌমুদী পড়াইতে আরম্ভ করিয়াছিলেন। মধ্যাহ্নে ভোজনান্তে পদ্মরায় পাঠ চলিত। অপরাহ্নে ব্রহ্মচারী ও সন্ন্যাসিগণ ক্রিয়াকাল বিশ্রামান্তে কেহ বা ভ্রমণে বহির্গত হইতেন, কেহ বা গৃহস্থালির কার্যে ব্যাপ্ত হইতেন। সন্ধ্যারতির কাসর-ঘণ্টা বাজিয়া উঠিলেই সকলে ধ্যানঘবে একত্র হইতেন। কেহ ধ্যানের সময় অন্তর্পস্থিত থাকিলে স্বামিজী তাহাকে ভৎসনা করিতেন। কোন ব্রহ্মচারী শারীরিক অসুস্থতা ব্যতীত অন্য কোন কারণে মঠের দৈনন্দিন নিয়মাবলী লঙ্ঘন করিলে সৌদনের মত মঠে আহাব পাইতেন না। পার্শ্ববর্তী গ্রামে ভিক্ষা করিয়া সৌদনের মত উদবপূর্তি করিতে হইত। স্বামিজী একদিকে যেমন উদার দয়ালু ও স্নেহপরাষণ ছিলেন, অপবদিকে তেমনি কঠোর ন্যায়পরায়ণ ও নিমম্ন ছিলেন। ব্যক্তিবিশেষের, তা' সে যতই প্রিয়পাত্র হউক না কেন, ক্ষুদ্রতম ত্রুটিটিকেও তিনি ক্ষমা করিতেন না। তিনি জানিতেন, উদারতা ও ক্ষমাব বাড়াবাড়ি হইলে মঠের আদর্শ ভবিষ্যতে রক্ষা করা অসম্ভব হইবে। এইকালে বহিজ্জগতের যশঃ-সম্মান, প্রতিপত্তি ইত্যাদির বিষয় সম্পূর্ণরূপে বিস্মৃত হইয়া তাঁহার সমস্ত শক্তি “মানুষ গঠনকল্পে” নিয়োজিত করিয়াছিলেন। এইরূপে এপ্রিল ও মে মাস অতীত হইল। ভারতে ও ভারতেতর প্রদেশে রামকৃষ্ণ মিশনের প্রচারক সন্ন্যাসিগণ উৎসাহের সহিত প্রচারকার্যে নিযুক্ত ছিলেন। স্বামিজীর নবীন কর্মোৎসাহ ও ভাব-ভঙ্গী প্রভৃতি দর্শন করিয়া কেহ বুদ্ধিতে পারেন নাই যে, তিনি মহাযাত্রার আয়োজনে ব্যাপ্ত হইয়াছেন।

জুন মাসের প্রথম হইতেই স্বামিজী মঠ বা রামকৃষ্ণ মিশনের ব্যাপারে সম্পূর্ণ উদাসীনতা প্রকাশ করিতে লাগিলেন, কোন বিষয়ে স্বীয় মতামত প্রকাশ করিতেন না। দৈবাৎ কেহ কোন পরামর্শ জিজ্ঞাসা করিলে তিনি বিরক্তির সহিত তাঁহাদিগকে স্বয়ং মীমাংসা করিয়া লইবার জন্য আদেশ দিতেন। আচার্য নেতা, গুরু, শিক্ষাদাতা প্রভৃতি উপাধিগুলি ধীরে ধীরে ত্যাগ করিয়া এইকালে তিনি প্রায় অধিকাংশ সময়েই

গ্যানানন্দে মগ্ন হইয়া থাকিতেন। উত্তরোত্তর বর্ধিত ধ্যানাকাঙ্ক্ষা দেখিয়া তাহার গুরুদ্রোহাভাগ চিন্তিত হইলেন। শ্রীরামকৃষ্ণ বলিতেন, “ও যেদিন নিজকে চিন্তে পারবে, সেদিন আর দেহ থাকবে না।” সেই কথাই বারে বারে সকলের মনে হইতে লাগিল। নিবেদিতা লিখিয়াছেন, “এই সময় একদিন স্বামিজী জনৈক গুরুদ্রোহতার সহিত অতীতের কথা আলোচনা করিতেছেন, এমন সময় তিনি জিজ্ঞাসা করিলেন, ‘আচ্ছা স্বামিজী! আপনি কে, তা’ কি বুদ্ধিতে পেরেছেন?’ সহসা স্বামিজী উত্তর করিলেন, ‘হ্যাঁ, এখন আমি বুঝিছি।’ স্বামিজীর গম্ভীর ভাব দেখিয়া কেহ আর প্রশ্ন করিতে সাহসী হইলেন না বটে, কিন্তু সকলেই বুঝিলেন যে, এখন যে-কোন মূহুর্তে তিনি দেহত্যাগ করিতে পারেন, কিন্তু এইকালে তাহার দেহ হইতে রোগের সমুদয় লক্ষণগুলি তিরোহিত হইয়াছিল। চিন্তিত ও বিষম গুরুদ্রোহাভাগের সহিত হাস্য-পরিহাস, ঝাঁড়া-কোতুকে তিনি সর্বদাই ছলনা করিতেন। তিনি যে সত্যই দেহত্যাগ করিবেন, কেহ বুঝিয়াও বুঝিতে পারিতেন না।”

দেহত্যাগের এক সপ্তাহ পূর্বে আচার্যদেব, স্বামী শঙ্করানন্দজীকে একখানি পঞ্জিকা আনিবার আদেশ দিলেন। তিনি স্বয়ং দেখিয়া শুনিয়া পঞ্জিকাখানি স্বীয় কক্ষে রাখিয়া দিলেন। মাঝে মাঝে তিনি উহা গভীর মনোযোগের সহিত পাঠ করিতেন, তখন তাহার মুখভাব দেখিয়া মনে হইত, যেন তিনি কোন বিশেষ কাজের জন্য একটি দিন নির্বাচন করিতে চাহেন, অথচ কোন সিদ্ধান্তে উপনীত হইতে পারিতেছেন না। স্বামিজীর দেহান্ত হইবার পর তাহার গুরুদ্রোহাভাগ বুঝিতে পারিলেন যে, স্বামিজীর পঞ্জিকা দেখিবার কি প্রয়োজন ছিল। ভগবান শ্রীরামকৃষ্ণ, দেহত্যাগের কয়েকদিন পূর্বে একজন শিষ্যকে পঞ্জিকা পাঠ করিবার জন্য আহ্বান করিয়াছিলেন। তারপর কতকগুলি দিন পাঠ করিবার পর ঠাকুর বলিয়াছিলেন, “থাক, আর দরকার নাই।” স্বামিজীও শ্রীগুরুর পন্থা অনুসরণ করিয়া মহাষাঘ্রাট দিন নির্ধারিত করিয়া লইয়াছেন, কিন্তু আশ্চর্যের বিষয় যে, স্বামিজীকে পঞ্জিকা আলোচনা করিতে দেখিয়া কাহারও একথা ক্ষণকালের জন্যও মনে উদয় হইল না।

দেহত্যাগের তিনদিন পূর্বে স্বামিজী বিস্তৃত মাঠে বেড়াইতে বেড়াইতে, যেখানে এখন তাহার সমাধি মন্দিরটি নির্মিত হইয়াছে, উক্ত স্থানটি অপূর্ণ নির্দেশে দেখাইয়া সহসা বলিয়া উঠিলেন, “আমাব দেহান্ত হইলে এখানে অগ্নিসংকার করিও।” সঙ্গো বাঁহারা ছিলেন তাঁহার নীরবে শুনিলেন, কোন প্রশ্ন করিবার কথা কাহারও মনে উদয় হইল না।

বুধবার দিবস একাদশী। স্বামিজী উপবাস করিয়াছেন। প্রাতঃভোজনের সময় শিষ্যগণকে স্বয়ং পরিবেশন করিয়া আহার কবাইবার ইচ্ছা প্রকাশ করিলেন। কাঁঠালের বিচিসিষ্য, আলুসিষ্য, ভাত ও দুগ্ধ—ইহাই আহাৰেব উপাদান। আহাৰকালে স্বামিজী কোঁতুকালাপে সকলকে হাসাইতে লাগিলেন। স্বামিজীর প্রফুল্ল ভাব দেখিয়া শিষ্যগণ বড়ই আনন্দিত হইলেন। স্বামিজী যখন বালকের মত ক্রীড়াকৌতুকে রত হইতেন, উচ্চহাস্যে মধুর ব্যবহারে সকলের সহিত সবলভাবে মিশিতেন, তখন তাঁহার সম্মুখে কোন লজ্জা বা সঙ্কোচ হইত না, কিন্তু যখন গম্ভীরভাবে বসিয়া থাকিতেন, তখন তাঁহার নিকট দিয়া হাঁটিয়া যাইতে পৰ্যন্ত ভয়ে বৃক দুব্দ দুব্দ করিয়া কাঁপিয়া উঠিত। আহাবান্তে সকলে গাত্ৰোত্থান করিলে স্বামিজী স্বয়ং ভূঙ্গার হইতে তাঁহাদের হস্ত ও মৃদু প্রক্ষালনার্থ জল ঢালিয়া দিতে লাগিলেন এবং আচমনান্তে তোষালে দিয়া তাঁহাদের হাতমুখ মূৰ্ছিয়া দিতে লাগিলেন।

“এ কি করিতেছেন স্বামিজী? এসব কাজ আমার করা উচিত।। আমি আপনাব সেবক, আপনার সেবা গ্রহণ করিতে পারি না’, আপত্তি শুনিয়া মহাপুরুষ গম্ভীর-স্বরে স্বপ্নের মধুর ঢালিয়া দিয়া বলিলেন, “যীশুখৃষ্ট কি তাঁহাব শিষ্যগণেব পদ ধৌত করিয়া দেন নাই?”

“কিন্তু সে যে শেষ দিন”, উত্তর মনে আসিল, কিন্তু বাম্পবৃদ্ধ কণ্ঠ উচ্চারণ করিতে অক্ষম হইল, ওষ্ঠস্বয় কাঁপিল মাত্র।

১৯০২ সালেব ৪ঠা জুলাই। প্রত্যুষে গাত্ৰোত্থান করিয়া স্বামিজী আজ সকলেব সহিত একত্রে ধ্যান করিতে গেলেন না, অতীতেব কথা তুলিয়া নানাবিধ গল্প করিতে লাগিলেন। পরদিবস অমাবস্যা ও শনিবার। দীলিয়া মঠে শ্রীশ্রীকালীপূজা করিবাব ইচ্ছা প্রকাশ করিলেন। পূজাব আযোজন সম্বন্ধে কথাবার্তা চলিতেছে, এমন সময় স্বামী রামকৃষ্ণানন্দের পিতা শক্তিসাধক ও তন্ত্রশাস্ত্রে সুপণ্ডিত ঈশ্বরচন্দ্র ভট্টাচার্য মহাশয় মঠে আগমন করিলেন। তাঁহাকে দেখিয়া স্বামিজী আনন্দিত হইলেন। ভট্টাচার্য মহাশয়ের সহিত পবামর্শ করিয়া স্বামিজী তখনই স্বামী শ্রদ্ধানন্দ ও বোধানন্দজীকে পূজার আবশ্যক বন্দোবস্ত করিবার আদেশ প্রদান করিলেন। অতঃপর কাঁপুং চা পান করিয়া মঠেব ঠাকুরঘরে প্রবেশ করিলেন। কিস্তিকাল পরেই দেখা গেল, ঠাকুরঘরের সমস্ত দবজা-জানালা বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

এরূপভাবে তিনি তো কোনদিনই দরজা-জানালা রুদ্ধ করিয়া দেন না, ইহার কারণ কি? কে বলিবে। সদীর্ঘ তিনঘণ্টা কাল অতিবাহিত হইলে, একটি শ্যামা-

সঙ্গীত গাহিবার পর, ভাবানন্দে মগ্ন মহাপুরুষ ধীরে ধীরে সোপান বাহিয়া অবতরণ করিলেন। “মন, চল নিজ নিকেতনে” গানটি গুণ গুণ করিয়া গাহিতে গাহিতে মঠের প্রাঙ্গণে পাদচারণা করিতে লাগিলেন। আজ মনে হয় সেই দিনের কথা, যেদিন প্রথম গুরু-শিষ্য সাক্ষাৎ। সেদিন বালক নরেন্দ্রনাথ ভাবানন্দে গদগদ হইয়া দক্ষিণেশ্বরের পবিত্র দেবালয়ে এই গানটি গাহিয়াছিলেন আর সম্মুখে অর্ধ-বাহ্যদশা উপবিষ্ট শ্রীরামকৃষ্ণ সাত্ৰনয়নে তাঁহার কৈশোর-লাবণ্যোজ্জ্বল স্নিগ্ধ-মুখচ্ছবির প্রতি নির্নিমেধে চাহিয়াছিলেন। সেদিন বালকের নয়নে ছিল সুরুণ মৌনমিতি। সংসারের শাঠ্য, প্রবণ্ডনা, অন্যায, অবিচারের শত শত শোচনীয় চিত্র দর্শনে ব্যথিত-হৃদয় বালক সেদিন চাহিয়াছিল—মুক্তি, নির্বাণ, ভগবদ্দর্শন। আজ সেই নয়নে গভীর সহবেদনাকাতর কল্যাণবর্ষী শূদ্রদৃষ্টি, বদনে ব্রহ্মবিদেব উল্লাসিত জ্যোতিঃ, জগৎকল্যাণরূপে পূর্ণ আত্মদানেব অনিন্দিত মহিমা, সিস্কসঙ্কল্প মহা-যোগীর অসীম প্রশান্তি। সে একদিন, আর আজ আব একদিন। আর এতদূরত্বের মধ্যভাগে কি বিপুল চেষ্টা, কি সুমহান প্রয়াস! পাদচারণা করিতে করিতে আত্মস্থ মহাযোগী কি তাহাই ভাবিতেছেন? আপনা আপনি একান্তে তিনি ঈষৎ অনুরুত্বের ঘেন কি বলিতেছেন। স্বামী প্রেমানন্দজী অদূরে দাঁড়াইয়াছিলেন, তিনি শূন্যে পাইলেন, স্বামিজী আপন মনে বলিতেছেন, “যদি এখন আর একজন বিবেকানন্দ থাকিত, তাহা হইলে সে বুঝিতে পারিত, বিবেকানন্দ কি করিয়াছে।” কিন্তু কালে অবশ্য অনেক বিবেকানন্দ জন্মগ্রহণ করিবে।”—স্বামী প্রেমানন্দজী চমকিত হইলেন, কারণ তিনি জানিতেন, স্বামিজীর মন উচ্চতম ভাবভূমিতে আরুঢ় না হইলে এসব কথা তিনি কখনও তো বলেন না। মহামায়া খেলা কে বুঝিবে? সূক্ষ্ম-অন্তর্দৃষ্টি-সম্পন্ন মহাপুরুষ স্বামী প্রেমানন্দও দেখিয়াও দেখিতে পাইলেন না, বুঝিয়াও বুঝিতে পারিলেন না যে, তাঁহাদের বড় আদরের গুরুদ্বাতা বিবেকানন্দ আজ দেহত্যাগেব সঙ্কল্প লইয়া যোগ্যরুঢ় হইয়াছেন।

নিযমিত সময়ে আহারের ঘণ্টাধ্বনি হইবামাত্র স্বামিজী ইন্দ্রিয়তলের ব্যাংগ্য সকলের সহিত একত্র মিলিত হইয়া আহারে উপবেশন করিলেন। স্বামিজী অসুখেব পর হইতে সাধারণতঃ সকলের সহিত একত্র আহার করিতেন না। আজ সহসা সে নিষমের ব্যতিক্রম দেখিয়াও কাহারও হৃদয়ে কোন সন্দেহের উদয় হইল না, বরং অপ্রত্যাশিতভাবে স্বামিজীর সহিত একত্র আহার করিবার সৌভাগ্য লাভ করিয়া সকলেই অনিন্দিত হইলেন। স্বামিজী স্বাভাবিক আগ্রহের সহিত আহার করিতে লাগিলেন এবং গুরুদ্বাতাগণের সহিত কৌতুকালোপে রত হইলেন। কথা-

প্রসঙ্গে বলিলেন, অন্যান্য দিনের চেয়ে আজ তাঁহার শরীর যথেষ্ট ভাল বোধ হইতেছে।

ভোজনান্তে কিসংকাল বিশ্রাম করিয়াই স্বামিজী ব্রহ্মচারিবৃন্দকে সংস্কৃত ক্লাসে আহ্বান করিলেন। অন্যান্য দিন আড়াইটা তিনটার সময় পাঠ আরম্ভ হইত, আজ একটা বাজিতে পনের মিনিট গত না হইতেই পাঠ আরম্ভ হইল। লঘুকৌমুদী ব্যাকরণ পাঠ চলিতে লাগিল, বিষয়টি নীবস হইলেও স্দীর্ঘ তিনঘণ্টাকালের মধ্যে কেহ কোনপ্রকার বিরক্তি বোধ করেন নাই। কখনও হাস্যোদ্দীপক ক্ষুদ্র ক্ষুদ্র গল্প দিয়া কখনও বা স্দ্রুগদ্রলিখ বিভিন্ন প্রকার কৌতুকবহ ব্যাখ্যা করিয়া, কঠিন কঠিন স্থলগদ্যলিখ স্বামিজী সহজবোধ্য ও হৃদয়গ্রাহী করিয়া তুলিতে লাগিলেন। প্রসঙ্গক্রমে স্বামিজী বলিলেন, এইব্দ গল্প, উপমা ও কৌতুকের সহিত তিনি একদিন তাঁহার সহাধ্যায়ী বন্ধু 'দাশরাথ সাম্যাল (হাইকোর্টের উকীল) মহাশয়কে একরাত্রের মধ্যে ইংলন্ডের ইতিহাস শিক্ষা দিয়াছিলেন। ব্যাকরণ অধ্যাপনা সমাপ্ত হইলে স্বামিজীকে কিঞ্চিৎ পরিশ্রান্ত বোধ হইল।

অপবাহে স্বামিজী, স্বামী প্রেমানন্দজীকে সঙ্গে লইয়া মঠের বাহিরে ভ্রমণে বহির্গত হইলেন। সেদিন উভয়ে গল্প করিতে করিতে বেলুড় বাজার পর্যন্ত গিয়াছিলেন। নানাকথার সহিত বেদ বিদ্যালয়ের কথাও উঠিল। স্বামী প্রেমানন্দ প্রশ্ন করিলেন, “স্বামিজী! বেদপাঠে কি উপকার সাধিত হইবে?” স্বামিজী তৎক্ষণাৎ গভীর ভাবপূর্ণ অথচ স্বল্পকথায় উত্তর দিলেন, “অন্ততঃ ইহা অনেক কুসংস্কার বিনষ্ট করিবে।”

ভ্রমণান্তে স্বামিজী ফিরিয়া আসিয়া মঠের বারান্দায় উপবেশন করিলেন এবং সম্যাসী ও ব্রহ্মচারিগণের সহিত বিশ্রম্ভালাপে রত হইলেন এবং কনিষ্ঠগণকে সন্মুখে কুশলপ্রশ্ন করিয়া সমযোচিত উপদেশাদি দিচ্ছে লাগিলেন। সম্ভার্যাতর সময় আগত দেখিয়া ব্রহ্মচারিবৃন্দ একে একে স্বামিজীকে প্রণাম করিয়া ঠাকুরঘরে প্রস্থান করিলেন। আচার্যদেব ধীরে ধীরে শ্বিতলে শ্বীয় শয়নকক্ষে উপস্থিত হইলেন।

একজন ব্রহ্মচারী সর্বদাই স্বামিজীর সঙ্গে সঙ্গে থাকিতেন। তাঁহাকে স্বামিজী সমস্ত দরজা-জানালাগদ্যলিখ খুলিয়া দিবার আদেশ দিলেন। বাহিরে জমাট অন্ধকার, ভাগীরথীবক্ষে বিচূর্ণিত আলোকপ্রতিবিন্দব মৃদু-তরঙ্গে দ্রলিখা কাঁপিতেছে। উর্ধ্ব, অগণিত নক্ষত্রপুঞ্জ বক্ষে ধারণ করিয়া আকাশ নিস্ততঃ, আশ্রয়মণ্ডন বিবেকানন্দ ধীরে ধীরে পূর্বদিকের বাতায়নে দাঁড়াইয়া দক্ষিণেশ্বরের দিকে দৃষ্টিপাত করিলেন! সেই অন্ধকার ভেদ করিয়া তাঁহার দিব্যদৃষ্টি কি দেখিতেছিল—কে বলিবে? বহুদিন

পূর্বে কাশীপুরের বাগানবাটীতে শ্রীরামকৃষ্ণ যে অনুভূতির দ্বারা রুদ্ধ করিয়াছিলেন, আজ কি কর্মপ্রাপ্ত সম্যাসীর নির্নিমেষ দৃষ্টির সম্মুখে তাহা ধীরে ধীরে উন্মুক্ত হইতেছে? বিবেকানন্দের জ্ঞানদৃষ্টির সম্মুখে শ্রীরামকৃষ্ণ-কথিত “কাগজের মতো পাতলা” যে আবরণ ছিল, সেই রহস্য-ঘবনিকাখানি ধীরে ধীরে উন্মোচিত হইয়া কি চরম আত্মোপলব্ধির আনন্দ-নিকেতন উন্মোচিত হইয়া উঠিল। বহুক্ষণ পর যেন সশব্দত পাইয়া বিবেকানন্দ ফিরিয়া দাঁড়াইলেন। ব্রহ্মচারীজীকে বাহিরে বসিয়া জপ করিতে আদেশ দিয়া স্বয়ং জপমালা হস্তে পদ্মাসনে উপবেশন করিলেন। একঘণ্টা পর আসন হইতে উত্থিত হইয়া স্বামিজী কক্ষ-কুটিমে শায়িত হইলেন এবং ব্রহ্মচারীকে আহ্বান করিয়া বাতাস করিতে বলিলেন।

জপমালাহস্তে শায়িত মহাপুরুষের দেহ নিম্পন্দ ও স্থির। রাতি তখন ৯টা বাজিয়াছে এমন সময় তাঁহার হস্ত কম্পিত হইল এবং সগো সগো নিদ্রিত শিশুর মত অক্ষুটস্বর একটু ক্রন্দন করিয়া উঠিলেন। দুইটি গভীর দীর্ঘশ্বাস পতনের সগো সগো তাঁহার মস্তক উপাধান হইতে হেলিষে পড়িল। স্বামিজীকে তদবস্থায় দেখিয়া বিকংকর্তব্যান্বিত ব্রহ্মচারী নিম্নতলে গিয়া বস্ক সম্যাসিগণকে সংবাদ প্রদান করিলেন। তাঁহারা আসিয়া পরীক্ষা করিয়া দেখিলেন, যোগবর অনন্তনিদ্রায় শায়িত। অমানিশার মধ্য তিমিরাবগদুষ্ঠনের অন্তবাল হইতে জগন্মাতা তাঁহার রণশ্রান্ত বীরপুরুষকে স্তবাহু প্রসারিত করিয়া ক্রোড়ে তুলিয়া লইলেন।

যাহা চক্ষু সম্মুখে ছিল তাহা চক্ষুর বাহিরে চলিয়া গেল। কি উদ্দেশ্যে সংসার-রঙ্গমঞ্চে ক এই অভিনয় করিল, কে বিবেকানন্দ—কে রামকৃষ্ণ পরমহংস? মৃত্যুর ঘবনিকায় নেপথ্যাভূমি আবৃত। কালস্রোতের কতদূর পর্যন্ত গিয়া এই অভিনয়ের পরিসর্যন্ত? মানবের ক্ষুদ্রজ্ঞান কি অতীত, কি ভবিষ্যৎ—কোনদিকেই শেষ পর্যন্ত পৌঁছিতে পারে না। বর্তমানকে ধরিয়া রাখিবার জন্য তাই এত প্রাণপণ, কিন্তু অহা যাহা আছে, কাল তাহা থাকে না, শূন্য বহিষা চলে অনন্ত কালস্রোত, শূন্য মধ্য মাঝে গর্জিয়া উঠে উদ্ভাল তবঙ্গমালা।

বাঙ্গালীর জীবনস্রোতে রাজা রামমোহন হইতে অনেকগুণি তরঙ্গের উত্থান ও পতন আমরা নিরীক্ষণ করিতেছি। শতাব্দীর শেষ ও প্রথমভাগে আবার এই এক তরঙ্গাভিঘাত। কলেশ্বরবাহিনী পূর্বতীরে একদিন ইহার উৎপত্তি, বেলুড়-

বাহিনীর পশ্চিমতীরে আর একদিন ইহার বিলয়। ইহার দুর্নিবার বেগে আটলান্টিকের দূরতর লবণাম্বরশির উভয়তীর প্রকম্পিত, প্রতিধ্বনিত। বদমা গেল গুপ্তাঘ্র শ্লোভ আছে, আর বাঙালী মরে নাই। কিন্তু বাহা চক্ষের সম্মুখে ভাসিয়া উঠে, আবার দেখিতে দেখিতে ডুবিয়া যায়, তাহা শূন্য বর্তমানেই আবদ্ধ নহে অথচ ইহার অতীত ও ভবিষ্যৎ আমরা সম্পূর্ণ জানিতে পারি না। কে বলিবে, স্বামী বিবেকানন্দ কোথা হইতে আসিয়াছিলেন, কে তাঁহাকে আনিয়াছিল? আর কে-ই বা বলিতে পারে, এই অভ্যুদয়ের পরিসমাপ্তি কবে—কতদূরে—কেথায়?

ও শান্তিঃ! শান্তিঃ!! শান্তিঃ!!!

পবিশিষ্ট

স্বামী বিবেকানন্দের প্রথম বক্তৃতা

ধর্ম মহাসম্মেলনের প্রতি সম্ভাষণ

(১১ই সেপ্টেম্বর, ১৮৯০)

আমেরিকাবাসী ভগ্নী ও ভ্রাতৃমণ্ডলী,

আপনারা আমাদিগকে যে সাদর অভ্যর্থনা জ্ঞাপন করিলেন, তাহার প্রত্যুত্তর দিতে উঠিয়া আমার হৃদয় এক অনির্বচনীয় আনন্দে উদ্বেলিত হইয়া উঠিতেছে। পৃথিবীর প্রাচীনতম সন্ন্যাসীসঙ্ঘের পক্ষ হইতে আমি আপনাদিগকে সাধুবাদ প্রদান করিতেছি। সর্ববিধ ধর্মের জননীস্বরূপা সনাতন ধর্মের প্রতিনিধিরূপে এবং সকল শ্রেণীর সকল মতের কোটি কোটি হিন্দুর পক্ষ হইতে আপনারা আমার ধন্যবাদ গ্রহণ করুন।

এই সভামণ্ডে কতিপয় বক্তা প্রাচ্যদেশীয় প্রতিনিধিদের প্রসঙ্গ উত্থাপন করিয়া বলিয়াছেন যে, এই সকল দূরদেশাগত ব্যক্তিরও পরমতসহিষ্ণুতার আদর্শ বিভিন্ন দেশে বহন করিয়া লইয়া যাইবার গোষ্ঠীবুর অধিকারী হইবেন। ইহাদিগকেও আমি ধন্যবাদ দিতেছি। যে ধর্ম সমগ্র জগৎকে পরমতসহিষ্ণুতা এবং সকল মতের সর্বজনীন স্বীকৃতি শিক্ষা দিয়াছে, আমি সেই ধর্মভূক্ত বলিয়া গৌরব বোধ করিয়া থাকি। আমরা কেবল সর্বজনীন পরমতসহিষ্ণুতায় বিশ্বাসী নহি, আমরা সকল ধর্মই সত্য বলিয়া বিশ্বাস করি। যে জাতি পৃথিবীর সর্বদেশের উৎপাদিত ও আশ্রয়প্রার্থী জনগণকে জাতিধর্মনির্বিশেষে আশ্রয় দিয়াছে, আমি সেই জাতির অন্যতম বলিয়া গর্বিত। আমি আপনাদিগকে গর্বের সহিত বলিব, যে বৎসর রোমকগণ যাহুদীদের পবিত্র দেবালয় ধ্বংস করিয়া ফেলে, সেই বৎসর ইতাবশিষ্ট ইজ্রাইলবংশীয়দের দক্ষিণ ভারতে আমরাই সাদরে বক্ষে স্থান দিয়াছিলাম। যে ধর্ম জোঁরাবাস্তরপন্থী মহান পারস্যীক জাতির অবশিষ্টাংশকে আশ্রয় দিয়াছিল এবং অদ্যাবধি লালনপালন করিতেছে, আমি সেই ধর্মভূক্ত বলিয়া গর্বিত।

যে স্তোত্রটি প্রতিদিন কোটি কোটি নরনারী পাঠ করেন, যাহা আমি বাল্যকাল হইতেই আবৃত্তি করিতে অভ্যস্ত, তাহার একটি শ্লোক আপনাদিগকে বলিতেছি—

“রুচীনাম বৈচিত্র্যাদ্জঙ্ঘুকুটিলনানাপথজ্জ্বাং ।

নৃণামেকো গম্যস্কমসি পয়সামর্গব ইব ॥”

“নদনদীসকল যেমন বিভিন্ন পথ দিয়া সমুদ্রাভিমুখে বহিষা যায়, তেমনি রুচির বৈচিত্র্যেতু সরল কুটিল নানাপথগামী মানুষেব, হে প্রভো, তুমিই একমাত্র গন্তব্যস্থল।”

এই সর্বধর্ম সম্মেলন, যাহা ইতোপূর্বে আব কখনও আহত হয় নাই, তাহা একাধারে গীতা-প্রচারিত মহান সত্যের পোষকতা করিয়া সমগ্র জগতের সম্মুখে ঘোষণা করিতেছে,—“যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্ । মম বন্ধান্দবর্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ ॥—যে আমাকে যে ভাবে উপাসনা করে, আমি তাহার নিকট সেইভাবেই প্রকাশিত হই। হে পার্থ, মনুষ্যগণ সর্বতোভাবে আমার নির্দিষ্ট পথেই চলিয়া থাকে।”

সাম্প্রদায়িকতা, গোঁড়ামি এবং তাহার ফলস্বরূপ উন্মত্ত ধর্মান্ধতা বহুকাল এই সুন্দর ধরণীর উপর আধিপত্য করিয়াছে। এইগুণিল জগতে হিংস্র উপদ্রব করিয়াছে, বারম্বার ইহাকে নবশোণিতে প্লাবিত করিয়াছে, মানব-সভ্যতা উৎসন্ন দিয়াছে এবং এক একটা জাতিকে নৈরাশ্যে অভিভূত করিয়াছে। এই ভয়ঙ্কর দানব যদি না থাকিত, তাহা হইলে মানবসমাজ বর্তমান অপেক্ষা অনেক উন্নত হইত। কিন্তু ঐগুণিলর মৃত্যুকাল আসন্ন এবং আমি সর্বান্তঃকরণে স্তরসা করি, এই মহাসমিতির উন্মোচনে আজ প্রভাতে যে খণ্টাধ্বনি হইল, তাহা ধর্মোন্মত্ততার মৃত্যুবর্তী জগতে ঘোষণা করুক, একই চরম লক্ষ্যে অগ্রসর মানুষের মধ্যে পারস্পরিক সন্দেহ ও অবিশ্বাস, তরবারি বা লেখনী দ্বারা পবপীড়নের দর্মহিতর অবসান হউক।

